ন্যায়দশ্ন

(গোডম সূত্র) ও বাৎস্যায়ন ভাষ্য (বিশ্বৃত অনুবাদ, বিবৃতি, টিশ্পনী প্রভৃতি সহিও)

তৃতীয় খণ্ড

মহামহোপাধ্যায়

পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ কর্তৃক

অনুদিত, ন্যাখ্যাত ও সম্পাদিত



NYAYADARSHAN

Mahamohopadhyaya Phonibhusan Tarkabagecsh

প্ৰকাশক:

শ্রীসূর্যকুমার ব্যানার্জী ব্যানার্জী পাবলিশার্স ৫/১এ কলেজ রো কলিকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ: আগস্ট, ১৯৬১

লেজার টাইপিং ইউনিক লেজার সন্টলেক এ. ডি. ২১৬ কলিকাতা-৬৪

Printed by: Hindusthan Art Engraving Co (P) Ltd. 24 Dr. Kirtic Bose Street Calcutta-9

अबंच म**्क**यहर्चन

ভূমিকা

ন্যায়দ্শন-এর ভূতীয় খণ্ড প্রবাশিত হল। পর্ষদ সংস্করণে বজীয় সাহিত্য পরিষদ মন্দির কর্তৃক ১৩৩২ বজাহেদ প্রবাশিত ন্যায়দ্শন তৃতীয় খণ্ডের পাঠ ভন্নুস্ত হয়েছে। গ্রন্থানির প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ক্বান্তনা জ্ঞাপন করছি।

দিব্যেন্দু হোতা

মুখ্য প্রশাসন অধিকারিক

পুত্র ও ভাষ্যোক্ত বিষয়ের সুচী।

বিতীয় অধ্যায়ে প্রমাণ পরীক্ষ। সমাপ্ত করিয়া, তৃতীয় অধ্যান্তয় প্রমেয়-পরীক্ষারন্তে প্রথম र्थटगग्र জীবান্ধার পরীক্ষার জন্য ভাচ্চো প্রথমে আত্মা কি পেহ, ইন্সিয় ও মন: প্রভৃতির সংঘাতমাত্র, উহা হইতে ভিন্ন পদার্থ ? এইস্বপ সংশধ্যের প্রকাশ ও ঐ সংশয়ের কারণ ব্যাখ্যাপূ**ৰ্ব্ব**ক আত্ম। সংঘাত হইতে ভিন্ন পদার্থ, এই সিদ্ধান্ত সমর্থনের জন্য প্রথম সত্তের অবতারণ৷ ... ১—১৪ প্রথম স্ত্রে—আছা ইন্সিয় হইতে ভিন্ন পদার্থ, স্থতরাং দেহাদি সংঘাত্রমাত্রে নহে, এই সিদ্ধান্তের সংস্থাপন। ভাষ্যে—স্বত্রাক্ত যুক্তির বিশদ ব্যাখ্যা ... ১৪ বিতীয় সূত্রে—উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধ প্রব্পক্ষের সমর্থন, ভাষ্যে— উক্ত পূৰ্ব্ব পক্ষের ব্যাখ্যার পরে স্বতন্ত্রভাবে উহার **ধ**ণ্ডন

তৃতীয় সত্তে — উক্ত পৰ্ব পঢ়ক্ষর উত্তর। ভাষো--এ উত্তরের 22-20 বিশদ ব্যাখ্যা চতুর্থ সূত্রে—আছ। শরীর হইতেও ভিন্ন পদার্থ, স্থতরাং দেহাদি সংঘাতমাত্র নহে, এই সিদ্ধান্তের ভাষ্যে—সুত্রোক্ত যুক্তির ব্যাখ্যা এবং আছার

উৎপত্তি ও বিনাশপ্রযুক্ত ভেদ হইলে কৃতহানি প্রভৃতি দোর্ঘর পঞ্ম স্ত্রে—উক্ত সিদ্ধান্তে পূর্ব্বপক সমর্থন ঘঠ সূত্রে—উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডন। ভাষ্যে—সূত্রার্থ ব্যাধ্যার হার। সিদ্ধান্ত সমর্থন .. **೨೨--**೨8 সপ্তম সূত্রে—প্রত্যক্ষ প্রমারেশর স্থার। আ**দা ই**ন্তিয় হইতে পদার্থ, স্থতরাং দেহাদি সংঘাত-এই সিদ্ধান্তের নহে, সমর্থন অটম স্ত্রে —পূর্ব্ব পক্ষবাদীর মতানু-সারে চক্ষুরিক্রিয়ের বাস্তবহিত অস্বীকার করিয়া পূর্বেস্ট্রোক্ত প্রমারণের খণ্ডন নবম সূত্র হইতে তিন সূত্রে—বিচার-প্ৰব্ৰু চক্ষুরিলিয়ের বাস্তব-দ্বিত সমর্থনের হার। প্রেকাজ প্রমাণের সমর্থন 83-80 ছাদশ সূত্রে—'অনুমান প্রমাণের ছার। আৰু। ইন্দ্রিয় হইতে পদার্থ, স্থতরাং দেহাদি সংঘাত-মাত্ৰ নহে, এই সি**দ্ধান্তের** সমর্থন गृत्व - পূर्व नक्षानीइ

ৰতানুগালে পূৰ্বসূত্ৰোক্ত যুক্তির

ত্ৰয়োদশ

ৰণ্ডন

চতুদশ সূত্রে — প্রকৃত সিদ্ধান্তের সমর্থন। ভাষ্যে -- সূত্রার্থ ব্যাখ্যার পরে পূর্বস্তোক্ত প্রতিবাদের মূল খণ্ডন এবং ক্ষণিক সংস্কার-প্রবাহ মাত্রই আছা, এই মতে সমরণের অনুপপত্তি সমর্থনপৃহ্বক পৃহ্বা-পরকাল স্থায়ী এক আত্মার অন্তিত্ব সমর্থন .. ৫৩—৫৬ পঞ্চশ সূত্রে—মনই আত্বা, এই পর্ব-পক্ষের সমর্থন ... যোড়ণ ও সপ্তদশ সূত্রে—উক্ত পর্ব্ব-পক্ষের খণ্ডনপূর্বক মনও আত্ত। নছে, স্থতরাং আছা দেহাাদ সংঘাত হইতে ভিন্ন পদার্থ এই সিদ্ধান্তের সমর্থন। ভাষ্যে— সত্রোক্ত যুক্তির বিশদ ব্যাখ্যা .. სე—სხ

আদা দেহাদি সংঘাত হইতে ভিন্ন
হইলেও নিত্য, কি অনিত্য ?
এইরূপ সংশরবশত: আদার
নিত্যত্ব সাধনের দ্বন্য অটাদশ
সূত্রের অবতারণা ... ৭২—৭৩

অষ্টাদশ সূত্র হইতে ২৬শ সূত্র পর্যান্ত
১ সূত্রের বার। পূর্ব্বপক্ষ খণ্ডনপূর্ব্বক আত্মার নিত্যত্ব সিদ্ধান্তের
সংস্থাপন। ভাষ্যে—সূত্রানু—
সারে জন্মান্তরবাদ ও স্ফটপ্রবাহের অনাদিত্ব সমর্থন

মানুষ শরারের পাথিবছাদি বিষয়ে বিপ্রতিপত্তি প্রযুক্ত সংশয় প্রদর্শন . . . ১১৪

২৭শ সূত্রে—মানুষশরীরের পাণ্ডিবছ সিদ্ধা**ন্তের** সংস্থাপন। ভাষ্যে— সূত্র্ত্তাক্ত যুক্তির সমর্থন ১১৫.

২৮শ সূত্র হইতে তিন সূত্র—মানুঘশরীরের উপাদান কারণ বিঘরে
মতান্তরত্রয়ের সংস্থাপন ।
ভাষ্যে—উক্ত মতান্তরের সাধক
হেতুত্রয়ের সন্ধির্মতা প্রতিপাদনপূর্বক অন্য যুক্তির ছারা
পূর্বেভি মতান্তরের খণ্ডন

৩১শ সূত্রে—শ্রুতির প্রামাণ্যবশত:
মানুঘশরীরের পাথিবছ সিদ্ধাস্কের সমর্থন। ভাষো—
শ্রুতির উল্লেখপূর্বক তদ্ধার।
উক্ত সিদ্ধান্তর প্রতিপাদন ১২৩

শরীরের পরীক্ষার পরে তৃতীয় প্রমেয়
ইন্দ্রিয়ের পরীক্ষারন্তে ভাষ্যে—
ইন্দ্রিয়বর্গ কি সাংখ্যসন্মত অভৌতিক, অথবা ভৌতিক ? এইরূপ সংশয় প্রদর্শন.. ১২৫

৩২শ সূত্রে — হেতুর উল্লেখপূর্বক উক্তরূপ সংশয়ের সমর্থন ১২৬

৩৩শ পুত্রে—পূর্ব্ববিক্ষপ্তেই প্রিয়-বর্গের অভৌতিকত্ব পরকর সংস্থাপন। ভাষ্যে—পূছত্রাঞ্চ যুক্তির ব্যাখ্যা ১২৮—১২৯ ৩৪ শ সূরত্র—বিদয়েরর সহিত চক্ষুর রশিরর সরিকর্মবিশেষবর্গত: মহৎ ও ক্ষুদ্র বিদয়ের চাক্ষুদ প্রত্যক্ষ জন্মে, এই নিজ সিদ্ধারন্তর প্রকাশ করিয়।, পূর্ববিদ্রোক্ত বুজির খণ্ডন

·· · · >30

এওশ সূত্রে — চক্ষুরিক্রিয়ের রশ্মির উপলব্ধি না হণ্ডয়ায় উহার অন্তিম নাই, এই মতাবলঘনে পুৰ্বপক্ষ প্রকাশ .. ১৩১

১৬শ সুত্রে — চকুরিন্তিয়ের রশ্মি
প্রত্যক্ষ না হইলেও অনুমানসিদ্ধ, স্থতরাং উহার অন্তিম
আছে, প্রত্যক্ষতঃ অনুপলিরি
কোন বস্তর অভাবের সাধক
হয় না, এই যুজির হার।
পুর্বসূত্রোক্ত পুর্বপক্ষের খণ্ডন

300

০৭শ সূত্রে — চক্ষুবিন্দ্রিয়ের রশ্মি থাকিবল উহার এবং উহার রূপের প্রত্যক্ষ কেন হয় না ? ইহার হেতুক্ধন .. ১৩৪

এ৮শ সূত্রে—উভূত রূপেরই প্রত্যক্ষ হয়, চক্ষুর রশ্মিতে উভূতরূপ ন। থাকার তাহার প্রত্যক্ষ হয় না, এই সিদ্ধান্তের প্রকাশ

.. .. ১৩৫—১৩৬ ৩৯শ সূত্রে—চক্ষুর রশ্মিতে উদ্ভূত রূপ নাই ক্ষেন, ইহার কারণ প্রকাশ। ভাষদ্য — সূত্রাধ- ব্যাখ্যার পরে শ্বভ্রন্তারৰ বুজির হার। পূর্ব্বপক্ষ নিরাস পূর্ব্বক চকুরিফ্রিয়ের ভৌতি-কম্ব সমর্থন . ১৩৮—১৫০ ৪০শ সুত্রে — দৃষ্টান্ত হার। চক্ষুর রশিমর অপ্রত্যক্ষ সমর্থন

.. 383-383

৪ >শ সূত্রে—চক্ষুর ন্যায় দ্রব্যমাত্ত্রেরই রশ্মি আছে, এই পর্ব্বপক্ষের খণ্ডন ১৪৪

৪২শ সত্তে — চক্ষুর রশ্মির অপ্রত্যক্ষের যুক্তিযুক্ততা সমর্থন ... ১৪৫

৪৩শ সুত্রে— অভিভূতধ্বশত:ই চক্ষুর রশ্মিও তাহার রূপের প্রত্যক্ষ হয় না, এই মতের খণ্ডন

.. . . ১৪৭

৪৪শ সূত্রে—বিড়ালাদির চক্ষুর রশ্বির
প্রত্যক হওয়ায় তক্ষাতে
অনুমান-প্রমাণের হার। মনুদ্যাদির চক্ষুর রশ্বি সংস্থাপন।
ভাষ্যে—পুবর্ষপক্ষ নিরাগপুর্ব্বক
উক্ত সিদ্ধান্তের সমর্থন

.. ১৪৯
৪৫শ সূত্রে — চকুরিজিরের বার।
কাচাদি-বাবহিত বিদরেরও
প্রত্যক্ষ হওয়ায় চকুরিজির,
গ্রাহ্য বিদরের সহিত সমিকৃষ্ট
না হইয়াই প্রত্যক্ষকনক,
অভএব অভৌতিক, এই পূর্কনি

- ৪৬শ পূত্র হইতে ৫১শ সূত্র পর্যান্ত
 ছয় পূত্রে বিচারপূর্বক পর্বপক্ষাদি নিরাদের হার। চক্দুরিচ্চিয়ের বিষয়সগ্লিক্ট্ড সমর্থন
 ও ভদ্দার। চক্দুরিচ্চিয়ের ন্যায়
 ঘাণ, রসনা, তক্ ও শ্রোত্র,
 এই চারিটি ইন্দ্রিয়েরও বিষয়সন্নিকৃট্ড ও ভৌতিকত্ব
 সিদ্ধান্তের সমর্থন ১৫৪—১৬১
- ৫২শ সূত্রে ইন্দ্রিয়েব ভৌতিকত্ব পরীক্ষার পরে ইন্দ্রিয়ের নানাত্ব-পরীক্ষার অন্য ইন্দ্রিয় কি এক, অথবা নানা, এইরূপ সংশয়ের সমর্থন .. ১৬৯
- ৫৩শ সূত্রে পূর্ব্পক্ষরপে ''স্বক্ই
 একমাত্র জানেন্দ্রিয়'' এই
 প্রাচীন সাংখ্যমতের সমর্থন।
 ভাষ্যে সূত্রোক্ত যুক্তির
 ব্যাখ্যার পরে স্বভন্তভাবে
 বিচারপূর্বক উক্ত মতের খণ্ডন
 ... ১৭০—১৭১
- ৫৪শ সূত্র হইতে ৬ ১ম সূত্র পর্যান্ত
 আট সূত্রে—পূর্ব্বোক্ত মতের
 খণ্ডন ও নানা যুক্তির দারা
 বহিরিন্সিয়ের পঞ্চম সিদ্ধান্তের
 সমর্থনপূর্ব্বক শেঘ সূত্রে
 ঘাণাদি পঞ্চ বহিরিন্সিয়ের
 ভৌতিক্য সিদ্ধান্তে মূল্যুক্তিপ্রকাশ .. ১৭৫—১৯৫
 ইন্সিয়-পরীক্ষার পরে চতুর্থ
 প্রশেষ "অর্থের" পরীক্ষারত্তে --

- ৬২ম ও ৬৩ম সুত্রে—গদদি পঞ্বিধ
 অর্থের মধ্যে গদ্ধ, রস, ক্সপ ও
 স্পর্শ পৃথিবীর গুণ, রস, ক্সপ
 ও স্পর্শ জলের গুণ, ক্সপ ও
 স্পর্শ তেজের গুণ, স্পর্শ বায়ুর
 গুণ, শব্দ আকাশের গুণ, এই
 নিজ সিদ্ধান্তের প্রকাশ ১৯৭
- ৬৪ম সূত্রে—উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে পূর্বপক্ষ প্রকাশ ... ২০১
- ৬৫ম সূত্রে—পূর্ব্বপক্ষবাদীর মতানুসারে গদ্ধ প্রভৃতি গুণের মধ্যে

 নথাক্রমে এক একটিই পৃথিব্যাদি পঞ্চ ভূতের গুণ, এই

 দিদ্ধান্তের প্রকাশ। ভাষ্যেঅনুপপত্তি নিরাসপূর্ব্বক উজ্ঞানতের সমর্থন.. ২০২—২০৩
- ৬৬ম সূত্রে—উক্ত মতে পৃথিব্যাদি
 পঞ্চ ভূতে যথাক্রমে গদ্ধ প্রভৃতি
 এক একটি গুণ থাকিলেও
 পৃথিবী চতুর্গুণ্দিশিষ্ট, জ্বল
 গুণত্রয়বিশিষ্ট, ইত্যাদি নিয়মের
 উপপাদন .. ২০৫
- ৬৭ম সুত্রে—পুর্ব্বোক্ত মতের খণ্ডন।
 ভাষো—উক্ত সুত্রের নানাবিধ
 ব্যাখ্যার হার। পুর্বোক্ত মতখণ্ডনে নানা যুক্তি প্রকাশ ও
 পুর্ব্বাক্ত মতবাদীর কবিত
 যুক্তির খণ্ডনপূর্ব্বক পুর্ব্বোক্ত
 গোতম সিদ্ধান্তের সমর্থন
 - ·· ·· 304-309

৬৮ম পুত্রে ৬৪ম পুত্রোক্ত পূর্ব্ব -পক্ষের খণ্ডন ২১৬ — ২১৭

৬৯ম সূত্রে—ঘাণেন্দ্রিয়ই পাথিব, অন্য ইন্দ্রিয় পাথিব নহে, ইত্যাদি প্রকারে ঘাণাদি পঞ্চে ক্রিয়ের পাথিবডাদি ব্যবস্থার মূল কথন .. ২১৯

৭০ ও ৭১ম সূত্রে—ঘাণাদি ইন্দ্রির স্বগত গদ্ধাদির গ্রাহক কেন হয় না, ইহার যুক্তি প্রকাশ

·· · · **२२**५–२२२

৭২ম সুত্তে—উক্ত যু**ক্তির** দোঘ প্রদর্শন-পু<mark>র্বেক পূর্বপক্ষ-প্র</mark>কাশ ২২৩

৭এম সূত্রে—উজ পু:বঁপক্ষের খণ্ডন-পুবর্ক পুবের্বাক্ত যুক্তির সমর্থন। ভাষো বিশেষ যুক্তির দার। পুবের্বাক্ত সিদ্ধান্তের সমর্থন

... २२६

-0-

প্রথম আফিকে আত্মা, শরীর, ইচ্রিয়ে ও অর্থ, এই প্রমেয়-চতুষ্টয়ের পরীক্ষা করিয়া, বিতীয় আফিকের প্রারম্ভে পঞ্চম প্রমেয় "বুদ্ধির" পরীক্ষার জন্য—

১ম সূত্রে—বৃদ্ধি নিত্য, কি অনিত্য ? এইরূপ সংশয়ের সমর্থন । ভাষ্যে—সূত্রার্থ ব্যাখ্যার পরে উক্তরূপ সংশয়ের অনুপপত্তি সমর্থনপূর্বক সূত্রকার মহধির "বুদ্ধানিত্যতা-প্রকরণ।" রম্ভের
সাংখ্যমত খণ্ডনরূপ উদ্দেশ্য
সমর্থন .. ২২৭—২২৯
২য় সূত্রে—সাংখ্যমতানুসারে পুর্বপক্ষরপে "বুদ্ধি"র নিত্যথ
সংস্থাপন। ভাষ্যে— সূত্রোভ

যুক্তির ব্যাখ্য। .. ২:28
া সুত্রে—পর্বসূত্রোক্ত যুক্তির গণ্ডন।
ভাষ্যে—সুত্রতাৎপর্য্য ব্যাখ্যার
পরে বিশেষ বিচাঃপূর্বক

সাংখ্য-মতের খণ্ডন ২৩৫—২৩৬
চতুর্থ সূত্র হইতে অষ্টম সূত্র পর্যান্ত
পাঁচ সূত্রে সাংখ্যমতে নানারপ
দোঘ প্রদর্শনপূর্বক বুদ্ধি
অনিত্য, এই নিজ সিদ্ধান্তের
সমর্থন .. ২৪১—২৪৬
১ম সূত্রে— পূর্বেলিজ সাংখ্য-মত
সমর্থনের জন্য দটান্ত ঘারা
পুনর্বার পূর্বেপক্ষের সমর্থন।
ভাঘো—উক্ত পূর্বেপক্ষের খণ্ডন

... ২৫০—২৫২
 ১০ম সুত্রে—পর্বের্গজ পূর্বরপক্ষ খণ্ডনে
বস্তমাত্রের কণিকদ্বাদীর
কথা। ভাষ্যে কণিকদ্বাদীর
যুক্তির ব্যাখ্যা ২৫৪—২৫৫

১১শ ও ১২শ সুত্রে—বস্তমাত্রের ক্ষণিক্ষ বিষয়ে সাধক প্রমাণের অভাব ও সাধক প্রকাশ পূর্বক উক্ত মতের খণ্ডন ২৫৭ – ২৬০

১৩শ সূত্রে—ক্ষণিকত্বাদীর উত্তর
.. . ২৬২—২৬৩

১৪শ সূত্রে—উক্ত উত্তরের খণ্ডন	১৯শ সূত্রে—বুদ্ধি, মনের গুণ নহে.
· २७७	এই শি দ্ধান্তের সমর্থ ন
১৫শ সূত্রে—ক্ষণিকত্বাদীর উত্তর	२४३—२३०
४७८न गाः ४ग पि-ग न्भुपारग्रत	২০শ সূত্রে—বুদ্ধ আম্বার গুণ, এই
ক ণা ২৬৫	প্রকৃত শিদ্ধান্তেও যুগপৎ নান।
১৬শ সূত্রে—নিজ্মতানুসারে পূর্বোক্ত	জ্ঞানের উৎপত্তির আপত্তি
गाःशामि गराजत थ्या २७७	প্রকাশ ২১৬
১৭শ সূত্রে—ক্ষণিকত্বনদীর কথানু-	২১শ সূত্রে—উক্ত আ পত্তির খণ্ডন
সারে দুর্ব্ধের বিনাশ ও দধির	259
উৎপত্তি বিন। কারণেই হই য়া	২২শ সূত্ৰে—গদ্ধাদি প্ৰত্যক্ষে ইন্দ্ৰিয়
থাকে, ইহা স্বীকার করিয়াও	ও মনের সন্নিকর্ষের কারণছ
বস্তু শাত্তের ক্ষ ণিকত্মতের	न्यर्थन २ ३४
অসিদ্ধি সমর্থন। ভাষ্যে—	1144
সূত্র-তাৎপর্য্য বর্ণনপ্রব্ক ক্ষ ণি -	২৩ণ সূত্রে—বুদ্ধি আত্মার গুণ হইলে
ক্ষবাদীর দৃষ্টান্ত খণ্ডনের ধারা	বুদ্ধির বিনাশের কোন কারণের
	উপলব্ধি না হওয়ায় নিত্যখা-
উজ মতের অনুপপত্তি সমর্থন	পত্তি, এই পূর্বপক্ষের প্রকাশ
·· ÷ & à	255
বুদ্ধির অনিত্যম পরীক্ষা করিতে	
সাংখ্যমত খণ্ডন প্রদক্ষে	২৪শ সূত্রে—বুদ্ধির বিনাশের কারণের
''ক্ষণভক্ত' বা বস্তুমাত্ত্রের	উল্লেখ ও দৃষ্টান্ত হার৷ সমর্থন
ক্ষণিকত্বাদ নিরাকরণের পরে	প্ৰবৰ্ক উক্ত আপত্তির খণ্ডন
	 ೨ ೦៦
বৃদ্ধির আত্মগুণ্ড পরীক্ষার	ভাষ্যে—বৃদ্ধি আত্মার গুণ হইলে
জন্য ভাষ্যে—বুদ্ধি কি আত্মার	যুগপৎ নান। সমৃতির সমস্ত
७१ १ जश्र ा ই <i>क्ति</i> रग्रत	বুগসং নানা প্ৰাতম গনত কারণ বিদ্যমান থাকায়
গুণ ? অথবা মনের গুণ ?	
अथ वा गद्यापि "अदर्थ" द छन ?	সকলেরই যুগপৎ নানা স্মৃতি
এইরূপ সংশয় সমর্থন ২৮৬	উৎপন্ন হউক ? এই আপন্তির
5	শনর্থন . ৩০২
১৮শ সূত্রে—উক্ত সংশয়-নিরাদের	a sale warms there are bathing a second
धना वृषि, रेजिय ७ व्यर्पत	২৫শ সুত্রে—উক্ত আপত্তির খণ্ডন
গুণ নহে, এই দিদ্ধান্তের	করিতে অপরের সমাধানের
গ্ নর্থন ়. ২৮৬—২৮৭	উল্লেখ ২০১

- ২৬শ সূত্রে—জীবনকাল পর্যান্ত মন
 শরীরের মধ্যেই থাকে, এই
 সিদ্ধান্ত প্রকাশ করিয়া, ঐ
 হেত্র দার। পৃর্বসূত্রোক্ত
 অপরের সমাধানের খণ্ডন ৩০৫
- ২৭শ সূত্রে -পূর্বোক্ত সিদ্ধান্ত অসিদ্ধ বলিয়া পূর্বের্বাক্ত সমাধানবাদীর সমাধানের সমর্থন .. ৩০৭
- ২৮শ সূত্রে— যুক্তির হার। পূর্বের্নাক্ত সিদ্ধান্তের সাধন .. ৩০৮
- ২৯শ সূত্রে—পূর্বসূত্রোক্ত আপত্তির খণ্ডনপূর্বক সমাধান .. ৩০৯
- ০০শ সূত্রে--পূর্বসূত্রোক্ত অপরের
 সমাধাদের খণ্ডন দারা জীবনকাল পর্যান্ত মন শরীরের মধ্যেই
 থাকে, এই পূর্বেজি সিদ্ধান্তের
 সমর্থন ও তদ্ধারা পূর্বেজি
 সমাধানবাদীর যুক্তি খণ্ডন।
 ভাষা-শেষে উক্ত সিদ্ধান্তের
 সমর্থক বিশেষ যুক্তে প্রকাশ
- ৩১ণ সূত্রে জীবনকাল পর্যান্ত মন
 শরীরের মধ্যেই থাকে, এই
 পূবের্বাক্ত সিদ্ধান্তে অপরেব
 যুক্তির উল্লেধ .. ৩১২
- ৩২ শ সূত্রে পূর্বসূত্রোক্ত অপরের

 যুক্তির খণ্ডন। ভাষ্যে উক্ত

 যুক্তিবাদীর বক্তাবোর সমর্থনপূর্বক উহার খণ্ডন উক্ত বিষয়ে

 মহর্ষি গৌতমের পূর্বোক্ত

 নিক্ষ যুক্তির সমর্থন ৩১৫—৩১৬

- ৩৩শ সূত্রে—মহধির নিজ্পসতানুসারে
 ভাষ্যকায়ের পূর্বসমধিত যুগপৎ
 নানা স্মৃতির আপত্তির খণ্ডন
 - ·· ·· ·· ɔɔ৮
- ভাষো সত্ৰাৰ্থ ব্যাখ্যার 'প্রাতিভ' জ্ঞানের ন্যায় প্রণি-ধানাদিনিরপেক্ষ স্**ৰৃতিস**মূহ যুগপৎ কেন জনেয় না এবং "প্রাতিভ" জানসমূহই युगं पर (कन करन्य ना ? এই আপত্তির সম নপুর্বক হার৷ উহার খণ্ডন ও সমস্ত জ্ঞানের অযৌগপদ্য সমর্থন করিতে জ্ঞানের করণের ক্রমিক জ্ঞানবননেই সামর্থক্রপ হেতু কথন 224-055
- ভাষ্যে—যুগপৎ নান। সমৃতির আপত্তি
 নিরাসের জন্য পূবের্বাক্ত অপথ্রের
 সমাধানের বিতীয় প্রতিহেবধ ।
 পূবে কি সমাধানে অপর
 পূব্র্বপক্ষ প্রকাশ ও নিজ মতানুসারে উক্ত পূব্র্বপক্ষের বঙ্গন
 ... ১২৫
- ৩৪শ সূত্রে—জ্ঞান পুরুষের ধর্ম,
 ইচ্ছা প্রভৃতি অন্ত:করপের ধর্ম,
 এই মতান্তরের খণ্ডন। ভাষ্যে
 —সূত্রোক্ত যুক্তির বিশদ ব্যাখ্য।
 .. ৩৩১
- ৩৫শ সূত্রে—জুতচৈতন্যবাদী নান্তি-কের পূর্বপক্ষ প্রকাশ ৩৩৪

৩৬ শ সূত্রে—ভূতটেত ন্য বাদীর গৃহীত হেতুতে ব্যভিচার প্রদর্শনের বারা স্বমত সমর্থন। ভাষ্যে— পূহের্বাক্ত হেতুর ব্যাখ্যান্তর বারা ভূতটৈত ন্যবাদীর পক্ষ সমর্থনপূহ্বক সেই ব্যাখ্যাত হেতুবিশেষেরও খণ্ডন

.. .. ೨೨৫–೨೨৮

৩৭শ সূত্ত্বে—নিজমুক্তির সমর্থনপূর্বেক পূবের্বাক্ত ভূত্তৈচতন্যবাদীর মত খণ্ডন । ভাষ্যে—
সূত্রোক্ত যুক্তির ব্যাখ্যা ও
সমর্থনপূব্রক ভূত্তৈচতন্যবাদীর
মতে দোঘাস্তরের সমর্থন ৩৪০

পরে পূর্বসূত্রোক্ত সিদ্ধান্তের সমর্থক
অনুমান প্রমাণের প্রকাশপূর্বক
ভূতটেচতন্যবাদ-খণ্ডনে চরম
বক্তব্য প্রকাশ এ৪৬—এ৪৭

৩৮শ সূত্রে—পূবের্নাক্ত হেতুসমূহের
ন্যায় অন্য হেতুদয়ের ছারাও
জ্ঞান ভূত, ইন্দ্রিয় ও মনের গুণ
নহে, এই সিদ্ধান্তের সমর্থন।
ভাষ্যে—সূত্রোক্ত হেতুর ব্যাখ্যাপূবে্ক সূত্রোক্ত যুক্তিপ্রকাশ

৩৯শ সুত্রে—জ্ঞান আশ্বারই গুণ,
এই পূর্বসিদ্ধ সিদ্ধান্তের উপসংহার ও সমর্থন। ভাষ্যে—
কল্লান্তরে সুত্রোজ্ঞ হেছভারের
ব্যাধ্যার শ্বার। উক্ত সিদ্ধান্তের
সমর্থন এবং বৃদ্ধিসন্তালমাত্রই

আত্মা, এই মতে নানা পোমের সমর্থন .. ৩৫৪—৩৫৫

80 শ সূত্রে— দমরণ আলারই গুণ,
এই সিদ্ধান্তে চৰমযুক্তি প্রকাশ।
ভাষো— সূত্রোক্ত যুক্তির ব্যাখ্যা
ও বৌদ্ধ মতে দমরণের অনুপপত্তি প্রদর্শনপূর্বক নিতা আলার
অন্তির সমর্থন .. ৩৬০

৪১শ সূত্রে—"প্রণিধান" প্রভৃতি
সমৃতির নিমিন্তসমূহের উল্লেখ।
ভাষ্যে—সূত্রোজ "প্রণিধান"
প্রভৃতি অনেক নিমিন্তের স্বরূপ
ব্যাখ্য। ও যথাক্রমে প্রণিধান
প্রভৃতি সমস্ত নিমিন্তজন্য সমৃতির
উদাহরণ প্রদর্শন ১৬২—১৬১

বুদ্ধির আন্বগুণত পরীক্ষার পরে
ভাষ্যে—বুদ্ধি কি শংশের ন্যার
ভৃতীর ক্ষণেই বিনষ্ট হয়?
অথবা কুন্তের ন্যায় দীর্ঘকাল
পর্যান্ত অবস্থান করে? এই
সংশয় সমর্থন .. এ৬১

৪২শ সূত্রে—উজ সংশয় নিরাসের
জন্য বৃদ্ধির তৃতীয়ক্ষণবিনাশিছ
পক্ষের সংস্থাপন। ভাষ্যে—
বিচারপূর্বক যুক্তির হার। উজ
সিদ্ধান্তের সমর্থন .. ৩৭০

৪৩ণ সূত্রে—পূর্ব্বোক্ত সিদ্ধান্তে প্রতি-বাদীর আপত্তি প্রকাশ ৩৭৬

88শ সূত্রে—পূর্বসূত্রোক্ত আপত্তির ৰণ্ডন ভাষ্যে—বিশেষ বিচার-পূর্ব্বক প্রতিবাদীর সমস্ত কথার খণ্ডন ও পূৰ্ব্বোক্ত সিদ্ধান্তের সমর্থন .. ৩৭৭—৩৭৮

৪৫শ সূত্রে—বান্তব তম্ব-প্রকাশের ধারা প্রতিবাদীর আপত্তি খণ্ডনে চরম বক্তব্য প্রকাশ এ৮২ –এ৮৩

৪৬শ সুত্রে—শনীরে যে চৈতনোর উপলব্ধি হয়, ঐ চৈতনা কি শরীরের নিজেরই গুণ? অথব। অন্য স্তব্যের গুণ? এই সংশয় প্রকাশ .. ১৮৫

৪৭শ সুত্রে— চৈতন্য শরীরের গুণ নহে, এই সিদ্ধান্তের সমর্থন। ভাষ্যে—প্রতিবাদীর সমাধানের খণ্ডনপূর্ব্বক বিচার হার। উজ সিদ্ধান্তের সনর্থন ১৮৬—এ৮৭

৪৮**ণ ও ৪৯**ণ সূত্রে—প্রতিবাদীর বক্তব্যে খণ্ডন **ধার। পূর্ব্বসূত্রোজ** যুক্তির সমর্থন **এ**৯১—এ৯এ

৫০শ সূত্র্য—অন্য হেতুর হার। চৈতন্য শরীরের গুণ নহে, এই সিদ্ধান্তের সমর্থন ১৯৪ – ১৯৫

৫১শ সূত্র—প্রতিবাদীর মতানুসারে পূর্বসূত্রোক্ত হেতুর অসিদ্ধি প্রবাশ .. ১১৬

৫২**শ** সূত্রে —পূর্বসূত্রোক্ত অসিদ্ধির খ**ওন .. এ**৯৭

৫৩**ণ সুত্রে—অন্য হেতুর হার।** চৈতন্য শরীরের **গুণ** নহে, এই সি**ছান্তের সমর্থন ... ৩১৮** ৫৪শ সুত্রে—পূর্বসূত্রোক্ত যুক্তির খণ্ডনে প্রতিবাদীর কথা .. ৪০০

৫৫শ সূত্রে—প্রতিবাদীর কথার খণ্ডন
হার। চৈতন্য শরীরের গুণ নহে,
এই পূর্বেগাক্ত সিদ্ধান্তের সমর্থন।
ভাষ্যে—উক্ত সিদ্ধান্ত পূ্বের্বই
সিদ্ধ হইলেও পুনব্র্বার উহার
সমর্থনের প্রয়োঞ্জন-কথ্য

.. .. ৪০১—৪০২

"বুদ্ধি'র পরীকার পরে
ক্রমানুসারে ঘঠ প্রমের 'মনে''র
পরীকারন্তে—

৫৬শ সূত্রে—মন, প্রতি শরীরে এক এই সিদ্ধান্তের সংস্থাপন ৪০৩

৫৭শ সূত্রে—মন প্রতি শরীরে এক নহে,—বহু, এই পুর্বপক্ষের সমর্থন .. ৪০৫

৫৮**খ** সূত্রে—পূর্বসূত্রোজ পূর্বপক্ষের খণ্ডনদারা পূর্বের্বাজ
দিদ্ধান্তের সমর্থন। ভাদ্যে—
প্রতিবাদীর বক্তব্যের সমালোচন।
ও খণ্ডনপূর্বক উক্ত দিদ্ধান্তের
সমর্থন • 80৬—80৭

৫৯ম সুত্রে—মন অণু এবং প্রতি
শরীরে এক, এই সিদ্ধান্তের
উপসংহার . ৪১২

মন:-পরীক্ষার পরে ভাষ্যে
ভীবের শরীরত্তি কি পূর্বভুন্মকৃত কর্মনিমিত্তক, অধবা

কর্মনির**পেক ভূত্যাত্র জন্য** ? এই সংশয় প্রকাশ .. ৪১৫

৬০ম সূত্রে—শরীরস্থাষ্ট জীবের পূর্বজনমকৃত কর্মনিমিত্তক, এই
দিদ্ধান্ত কথন। ভাষো—
সূত্রার্থ ব্যাখ্যাপূর্বক যুক্তির
বারা উক্ত দিদ্ধান্তের সমর্থন

.. ... გეს— გე 9

৬১ম সূত্রে—জীবের কর্মনিরচপক্ষ ভূতনাত্র হইতেই শরীরের উৎপত্তি হয়, এই নান্তিক মতের প্রকাশ .. ৪২১

৬২ম সূত্র হইতে চারি সূত্রে—
পূবের্বাক্ত নান্তিক মতের খণ্ডনপূবের্বক নিজ দিদ্ধান্ত সমর্থন।
ভাষ্যে—সূত্রোক্তযুক্তির ব্যাখ্য।
... ৪২০—৪২৮

৬৬ম সূত্রে — শরীরোৎপত্তির ন্যায়
শরীরবিশেষের সহিত আত্থবিশেষের বিলক্ষণ সংযোগোৎপত্তিও পূর্বকৃত কর্মনিমিত্তক,
এই সিদ্ধান্তের প্রকাশ। ভাষ্যে
— উক্ত সিদ্ধান্ত-স্বীকারের
কারণ বর্ণনপূর্বক উক্ত সিদ্ধান্ত
সমর্থন .. ৪২৯—৪৩০

৬৭ম সূত্রে —পূর্বের্নাক্ত সিদ্ধান্তে শরীরসমূহের নানাপ্রকাবতারপ
অনিরমের উপ্পত্তি কথন।
ভাল্যে—শরীরসমূহের নানাপ্রকারতার ব্যাখ্যাপূর্বক
পূর্বেনাক্ত সিদ্ধান্তের যুক্তান্তরপ্রকাশ ... ৪৩৫—৪৩৬

৬৮ম সূত্রে—সাংখ্যমতানুসারে জীবের
শরীরস্টে প্রকৃতি ও পুরুষের
ভেদের অদর্শনজনত, এই
পূর্বপক্ষের প্রকাশপূর্বক উজ্
পূর্বপক্ষের খণ্ডন । ভাষ্যে—
সূত্রোক্ত পূর্বপক্ষ উত্তরপক্ষের
তাৎপর্য্য ব্যাখ্যা ও বিচারপূর্বক
উত্তরপক্ষের সমর্থন ৪৪১—৪২
পবে অদৃষ্ট প্রমাণুর ও মনের গুণ

পারে অদৃষ্ট পারমাণুর ও মনের গুণ'
এই মতানুসারে সুত্রোক্ত পূর্বপাক্ষের ব্যাখ্যাপূর্বক সত্রোক্ত
উত্তর-বাহক্যর হার৷ উক্ত মতের
খণ্ডন .. ৪৪৬

৬৯ম সূত্রে—অদৃষ্ট মদের গুণ, এই মতে
শরীর হইতে মনের অপসর্পদের অনুপপত্তি কথন। ভাষ্যে— উক্ত অনুপপত্তির সমর্থন

.. .. 800-805

৭০ম সূত্রে—উক্ত মতের মৃত্যুর অনুপ-পত্তিবশত: শরীরের নিত্যখা-পত্তি কথন .. ৪৫৩

৭১ম সূত্রে—পূহের্বাঞ্জ মতে মুজ পুরুষেরও পুনুহর্বার শরীরোৎ-পত্তি বিষয়ে আপত্তিখণ্ডনে উজ মত্বাদীর শেষ কথা ৪৫৪--৪৫৫

৭২ম সূত্রে—পূহর্বসূত্রোক্ত কথার খণ্ডনপূহর্বক জীবের স্থাষ্ট পূহর্বজন্মকৃত কর্মফল অদৃষ্টনিমিত্তক,
এই নিজ দিদ্ধান্ত সমর্থন।
ভাষ্যো—উক্ত সূত্রের ব্যাখ্যান্তর
হারা পূহের্বাক্ত মতে সূত্রোক্ত

আপত্তিবিশেষের সমর্থন এবং পুর্বেবান্ত নান্তিক-মতে প্রত্যক্ষ-বিরোধ, অনুমান-বিরোধ ও আগম-বিরোধরূপ দোমের প্রতিপাদনপূর্বক উচ্চ মতের নিশা .. ৪৫৫–৪৫৭

-0-

টিপ্পনী ও পাদটীকায় লিখিত কতিপয় বিষয়ের সূচী

"दे**नदाखा"'वा**रमञ् সংক্ষিপ্ত ব্যাখ্যা। উপনিঘদেও ''নৈরাখ্য-বাদে''র প্রকাশ ও নিন্দা আছে. ইহার প্রমাণ। আছার সর্বর্থ। নান্তিত ব৷ অনীকত্ব **40**0 এক ''নৈরাত্ম্যবাদ''। ''ন্যায়বান্তিক'' গ্রন্থে উদ্যোতকর কর্তৃ ক উক্ত মতবাদীদিগের প্রবশিত আত্মার নাস্তিত্ব-সাধক অনুমান ও বিচারপূর্ব ক ক্তর্ঘ অনুমানের খণ্ডন। উক্ত মতে ''ঞাছনু'' শবেদর নির্থক্ত সমর্থন। আশ্বার নান্তিত্ব বা অনীক্ত প্রকৃত বৌদ্ধ রূপাহি সিদ্ধান্তও নহে. পঞ্চন্ধ সমুদায়ই আছা, ইহাই সুপ্রসিদ্ধ বৌদ্ধ সিদ্ধান্ত। ক্রপাদি পঞ্চ ক্ষরের ব্যাখ্য। আত্মার নান্তিত্ব বৃদ্ধদেবের गञ्चल नहर, এই विषया উদ্দেশত-বুদ্ধদেব বিশেঘ কথা ৷ করের আখার জন্মান্তরবাদেরও **छे शरम**ण করিয়াছেন, এই বিঘয়ের প্রমাণ । আছার নামিত প্রমাণ ছার৷ প্রতিপন্ন করা এছকবারেই অসম্ভব, এই বিঘয়ে তাৎপৰ্যাটীকাকার বাচম্পতি প্রভৃতির কথা CC-20

ভাষ্যকার-সম্মত চক্রিন্দ্রিয়ের বিষসিদ্ধান্তের খণ্ডনপূর্বক একত্ব-সিদ্ধান্তের সমর্থনে বাত্তিককারের কথা ও ভাষ্যকারের পক্ষে বজকা ৪৭–৪৯

দেহই আত্মা, **रे** जिन्नरे वाषा. এবং মনই আছা, অথবা দেহাদি-সমষ্টিই আছা, এই সমস্ত নান্তিক মত উপনিমদেই প্ৰবিপক্ষরূপে আছে। ভিন্ন ভিন্ন নান্তিক-সম্প্রদায় পূর্ব্বোক্ত ভিন্ন ভিন্ন পূর্ব্বপক্ষকেই শ্রুতি ও যুক্তির **হার**৷ সিদ্ধান্ত**র**পে সমর্থন করিয়াছেন—এ বিষয়ে "বেদান্ত-সারে'' সদানন্দ যোগীন্দ্রের কথা। পুণ্যবাদী কোন বৌদ্ধসম্পুদায়ের মতে আশার অন্তিম্বও নাই, নান্তিম্বও নাই। "মাধ্যমিক কারিকা"র উক্ত মতের প্রকাশ ৷ "ন্যায়বান্তিকে" উদ্যোত-কর কর্ত্ত্ব উক্ত মতপ্রকাশক অন্য বৌদ্ধ কারিকার উল্লেখপূর্বেক উক্ত মতের খণ্ডন। ন্যায়দর্শন ও বাৎস্যায়ন ভাষ্যে নাধ্যমিক কারিকায় প্রকাশিত পুৰেৰ্বাক্তরূপ শূন্য**ৰাদবিশেষের** কোন আলোচন। নাই

আশ্বার নিত্যন্থ ও জন্মান্তরবাদের সমর্থক নানা যুক্তির আলোচন। এবং পর্যলোক সমর্থনে ''ন্যায়কুসুমাঞ্জলি'' গ্রন্থে উদয়নাচার্যোর কথ। ১২—১০২

''ন্যায়সূত্র'' ও বৈশেষিক সূত্ত্বের দার। জীবাদ্ধা বস্তুত: প্রতি শরীরে ভিন্ন, স্থতরাং নানা, এবং জ্ঞান, ইচ্ছ। ও স্থ্য দুঃখাদি জাবাত্মার নিজেরই বাস্তব ত্তণ, এই দিদ্ধান্তই বুঝা যায়। উভয় দর্শনের মত ব্যাখ্যায় বাৎস্যায়ন ভাষ্য ও ন্যায়বাত্তিকাদি প্রাচীন সমস্ত 21(3/3 উক্ত দৈতবাদই ব্যাখ্যাত। উক্ত মতের সাধক श्रेगान উক্ত মতে অদৈত-বোধক শ্রুতির তাৎপर्य। दिराधिक पर्नत कवान-সূত্রের প্রতিবাদ। অদৈত আধুনিক ব্যাখ্যার সমালোচনা অবৈতমত বা যে কোন এক মতেই ষড় দর্শনের ব্যাখ্যা করিয়া সমনুয় কর। যায় না। গ্রহিগণের নান। বিরুদ্ধবাদের সমনুয় সম্বন্ধে শ্রীমন্তাগ-বতে বেদব্যাসের কথ। **305-558**

শরীরের পাথিবত সিদ্ধান্ত সমর্থন করিতে বহু পরমাণু কোন দ্রব্যের উপাদান কারণ হয় না, এই বিদয়ে শ্রীমন্বাচম্পতিমিশ্রের যুক্তি এবং শরীরের পাঞ্চভৌতিকভাদি মতান্তর-খণ্ডনে বৈশেষিকদর্শনে মহাধি কণাদের বুক্তি

ধৈনমতে চক্ষুরিন্দ্রিয় তৈম্বস ও প্রাপ্যকারী নহে। উক্ত স্বৈদ্রমতের বুজিবিশেষের বর্ণন ও সমালোচনা-পূর্বক তৎসম্বন্ধে বক্তব্য ১৫০—১৫২

পরবর্তী নৈয়ায়িক-সম্পুদায়ের ব্যাখ্যাত ইন্দ্রিয়ার্থসন্নিকর্চের নানা প্রকারতা এবং 'জোনলক্ষণা'' প্রভৃতি অলৌকিক সন্নিকর্চ ও গুণ পদার্থের নির্গুণত্ব সিদ্ধান্তের মূল ও যুক্তির বর্ণন ... ১৬৫—১৬৯

ন্যায়মতে শ্রবণেক্রিয় নিত্য
আকাশষরপ হইনেও ভৌতিক;
আকাশ নামক পঞ্চম ভূতই শ্রবণেক্রিযের যোনি বা প্রকৃতি, ইহা কিরুপে
উপপন্ন হয়, এই বিষয়ে বার্ত্তিককার
উদ্দোতকরের কথা ও তৎসম্বদ্ধে
বক্তব্য। ন্যায়দর্শনে বাক্, পাণি ও
পাদ প্রভৃতির ইক্রিয়ম্ব কেন স্বীকৃত
হয় নাই, এই বিষয়ে তাৎপর্যাদীকাকার
বাচম্পতি মিশ্রের কথা ১৯২—১৯৪

গদ্ধ প্রভৃতি পঞ্চম গুণের মধ্যে যথাক্রমে এক একটি গুণই যথাক্রমে পৃথিব্যাদি এক এক ভূতের স্বকীয় গুণ, ইং৷ স্মৃতি, পুরাণ অথবা আয়ুর্কেদের মত বলিয়া বুঝা যায় না। মহাভারতের এক স্থানে উক্ত মতের বর্ণন বুঝা যায় . . ২০৬—২০৮

কণাদসুত্রানুসারে বায়ুর অতীক্রিয়-ছই ভাষ্যকার বাৎস্যায়ন ও বার্ত্তিক-কার উদ্যোতকরের সিদ্ধান্ত। পরবর্ত্তী নৈয়ায়িক বরদরাজ ও তৎপরবর্ত্তী নব্য নৈয়ায়িক রঘুনাথ শিরোমণি প্রভৃতি বায়ুর প্রতাক্ষতা সমর্থন করিলেও নব্য নৈয়ায়িক মাত্রেই ঐ মত গ্রহণ করেন নাই .. ২১৪

দার্শনিক মতের ন্যায় দর্শনশাস্ত্র অর্থেও ''দর্শন'' শবদ ও ''দৃষ্টি'' শব্দের প্রাচীন প্রয়োগ সমথন। ''মনু-গংহিতা''য় দর্শনশাস্ত্র অর্থে ''দৃষ্টি'' শব্দের প্রয়োগ প্রদর্শন ২৩২—২৩১

.. . ও ৪৫৬—৪৫৭ আকাশের নিত্যত্ব নহমি গোতমের শূত্রের দারাও তাঁচার সম্মত বুঝা বায় .. ২৩৩

বস্তমাত্রই ক্ষণিক, এই বৌদ্ধ
দিদ্ধান্ত সমর্থনে পরবর্তী নব্য বৌদ্ধ
দার্শনিকগণের যুক্তির বিশদ বর্ণন ও
ঐ মতের খণ্ডনে নৈয়ায়িক প্রভৃতি
দার্শনিকগণ ও জৈন দার্শনিকগণের
কথা। ন্যায়দর্শনে বৌদ্ধসন্ত বস্তমাত্রের ক্ষণিকত্ব মতের খণ্ডন থাকায়
ন্যায়দর্শন অথবা তাহার ঐ সমস্ত
অংশ গৌতম বুদ্ধের পরে রচিত, এই
নবীন মতের সমালোচনা। গৌতম
বুদ্ধের বহু পুর্বেণ্ড অন্য বৃদ্ধ ও বৌদ্ধ
মতবিশেষের অন্তিত্ব সম্বন্ধে বক্তব্য।
ন্যায়সূত্রে "ক্ষণিকত্ব" শ্বেশর ঘারা
পরবর্তী বৌদ্ধসন্ত ক্ষণিকত্বই গুহীত
ইইয়াছে কি না, এই সম্বন্ধে বক্তব্য

... ২৭২—২৮৬
"প্রাতিভ" জানের স্বরূপবিধয়ে
তিভেদের বপন .. ৩২০

জ্ঞান পুরুষের ধর্ম, ইচ্ছ। প্রভৃতি অন্ত:করণের ধর্ম। ভাষ্যকারোজ এই মতান্তরকে তাৎপর্যাটীকাকার সাংধ্যমত বলিয়াছেন, তৎসম্বন্ধে বস্তব্য

··

"ত্রদ" শব্দের জঙ্গম অর্থে প্রমাণ ও প্রয়োগ ৩৩৬

ভূতচৈতন্যবাদ খণ্ডনে উদয়নাচার্য্য-ও বর্দ্ধমান উপাধ্যায় প্রভৃতির কথা

·· 088 —085

মনের স্বরূপ বিষয়ে নব্য নৈরায়িক রঘুনাথ শিরোমণির নবীন মতের সমালোচন। ... 858—858

মনের বিভুছবাদ খণ্ডনে উদ্বেদ্যাত-কর প্রভৃতি ন্যায়াচার্য্যগপের কথা

. 850-850

মনের নিত্যত্ব দিক্ষান্ত-সমর্থনে নৈয়ায়িকসম্পুদায়ের কথা .. ৪১৬

অদৃষ্ট পরমাণু ও মনের গুণ, এই
মত শ্রীমন্বাচম্পতিনিশ্র জৈনমত বলিয়।
ব্যাঝ্যা করিলেও উহা জৈনমত বলিয়।
বুঝা যায় না । জৈনমতে আদাই
অদৃষ্টের আধার, "পুদ্গন" পদার্থে
অদৃষ্ট নাই, এই বিদয়ে প্রমাণ ও ঐ
প্রসক্ষে জৈন মতের সংক্ষিপ্ত বর্ণন

.. 884-800

অদৃষ্ট ও জন্মান্তরবাদ সম্বন্ধে শেষ বক্তব্য ৪৬৪—৪৬৫

ন্যায়দর্শন

বাৎ স্যান্ত্রন ভাষ্য

তৃতীয় অধ্যায়

WESTERN MARKETON

ভাষ্য। পরীক্ষিতানি প্রমাণানি, প্রমেয়মিদানীং পরীক্ষাতে।
ভচ্চাত্মাদীত্যাত্মা বিবিচাতে—কিং দেহেন্দ্রিয়-মনোবৃদ্ধি-বেদনাসংঘাতমাত্র—
মাত্রা ? আহোস্থিত্তঘাতিরিক্ত ইতি। কৃতঃ সংশয় ? বাপদেশত্যোভয়থা
সিদ্ধে:। ক্রিয়াকরণয়োঃ কর্ত্রা সম্বন্ধ্যাভিধানং ব্যপদেশঃ। স দ্বিবিধঃ,
অবয়বেন সম্দায়ত্য, ম্লৈর্ কভিষ্ঠতি, স্তান্তঃ প্রাসাদো প্রিয়তে ইতি।
অক্ষেনাক্তর্তা ব্যপদেশঃ,—পরশুনা বৃশ্চতি, প্রদীপেন পত্যতি। অন্তি
চায়ং ব্যপদেশঃ,—চক্ষা পত্যতি, মনসা বিজ্ঞানাতি, বৃদ্ধা বিচারয়তি,
শরীরেণ স্থত্ঃশমক্ত্বতীতি। তত্র নাবধার্যাতে, কিময়ববেন সম্দায়ত্য
ক্রেহাদিসংঘাতত্য ? অথাক্যেনাক্যত্য তত্ত্যতিরিক্তত্যেতি।

অমুবাদ। প্রমাণসমূহ পরীক্ষিত হইয়াছে, ইদানীং অর্থাৎ প্রমাণ পরীক্ষার অনস্তর প্রমেয় পরীক্ষিত হইডেছে। আত্মা প্রভৃতিই সেই প্রমেয়, এ জন্ম (সর্কাগ্রে) আত্মা বিচারিত হইডেছে। আত্মা কি দেহ, ইস্কিয়, মন, বৃদ্ধি ও বেদনা, অর্থাৎ সুখত্ব:খরূপ সংঘাতমাত্র ? অর্থাৎ আত্মা কি পূর্বেজি দেহাদি-সমষ্টিমাত্র ; অথবা ভাহা ছইডে

১। এখানে অবছানবাচক তুদাদিগণীয় আখনেগণী "ধৃ" ধাতুর কর্তৃবাচ্যে রয়োগ হইয়াছে। "ধূয়তে" ইহার ব্যাখ্যা 'তিচ্চিতি'। ''ধৃড্ অবছানে, ধূিয়তে"।
— সিদ্ধান্তকৌমুদী, তুদাদি-প্রকরণ। ''ধূিয়তে যাধদেকোহণি রিপুন্তাবহ কুতঃ সুধং ?"
— শিশুপালবধ । ২০৫।

ভিন্ন ? (প্রশ্ন) সংশয় কেন ? অর্থাৎ আত্মবিষয়ে প্র্বোক্তপ্রকার সংশয়ের হেতু কি ? (উত্তর) বেহেতু, উভয় প্রকারে ব্যপদেশের সিদ্ধি আছে। বিশদার্থ এই যে, ক্রিয়া ও করণের কর্তার সহিত সম্বন্ধের কথনকে "ব্যপদেশ" বলে। সেই ব্যপদেশ দ্বিবিধ,— (১) অবয়বের দ্বারা সম্পায়ের ব্যপদেশ,—(যথা) "মূলের দ্বারা বৃক্ষ অবস্থান করিতেছে"; "স্তন্তের দ্বারা প্রাসাদ অবস্থান করিতেছে।" (২) অন্থ্যের দ্বারা অন্থ্যের ব্যপদেশ,—(যথা) "কুঠারের দ্বারা ছেদন করিতেছে"; "প্রদীপের দ্বারা দর্শন করিতেছে"।

ইহাও ব্যপদেশ আছে (যথা)— "চক্ষুর ঘারা দর্শন করিতেছে", "মনের দারা জানিতেছে", "বুদ্ধির ঘারা বিচার করিতেছে", "মরীরের ঘারা স্থুখ জুখ অমুভব করিতেছে"। ওিষয়ে অর্থাৎ পূর্বেবাক্ত "চক্ষুর ঘারা দর্শন করিতেছে ইত্যাদি ব্যপদেশ-বিষয়ে কি অবয়বের ঘারা দেহাদি-সংঘাতরূপ সমুদায়ের ? অথবা অন্তের ঘারা তদ্যতিরিক্ত (দেহাদি-সংঘাত ভিন্ন) অত্যের ? ইহা অবধারণ করা যায় না, অর্থাৎ পূর্বেবাক্তরূপ ব্যপদেশ কি (১) অবয়বের ঘারা সমুদায়ের ব্যপদেশ ? অথবা (২) অক্যের ঘারা অক্যের ব্যপদেশ — ইহা নিশ্চিত না হওয়ায়, আজ্বিষয়ে পূর্বেকাক্তপ্রকার সংশয় জন্ম।

টিপ্পনী। মহিছি গোতম হিতীয় অধ্যায়ে সামান্যতঃ ও বিশেষতঃ
"প্রমাণ" পদার্থের পরীক্ষা করিয়া, তৃতীয় ও চতুর্ধ অধ্যায়ে যথাক্রমে
তাঁহার পূর্ব্বেক্তি আদ্ধা প্রভৃতি ছাদশ প্রকার "প্রমেয়" পদার্থের পরীক্ষা
করিয়াছেন। আত্মাদি "প্রমেয়" পদার্থ-বিষয়ে নানাপ্রকার মিথ্যা জ্ঞানই
জীবের সংসারের নিদান। স্পুতরাং ঐ প্রমেয় পদার্থ-বিষয়ে তম্বজ্ঞানই
তহিময়ে সমস্ত মিথ্যা জ্ঞান নিবৃত্ত করিয়া মোক্ষের কারণ হয়। তাই
মহিছি গোতম মুমুকুর আত্মাদি প্রমেয়-বিষয়ে মননক্রপ তম্বজ্ঞান সম্পাদনের
জন্য ঐ "প্রমেয়" পদার্থের পরীক্ষা করিয়াছেন। ভাষ্যকার প্রথমে
'প্রীক্ষিতানি প্রমাণানি প্রমেয়মিদানীং পরীক্ষাত্ত"—এই বাক্যের হার।
মহিছির "প্রমাণ" পরাক্ষার অনন্তর "প্রমেয়" পরীক্ষায় কার্য-কারণ-ভাবরূপ
সক্ষতি প্রদর্শন ক্রিয়াছেন। প্রমাণের হারাই প্রমেয় প্রীক্ষা হইরে।

ন্ত্রাং প্রমাণ পরীক্ষিত না হইলে, তদ্বারা প্রমের পরীক্ষা হইতে পারে না। প্রমাণ পরীক্ষা প্রমের পরীক্ষার কারণ। কারণের অনন্তরই তাহার কার্য্য হইরা থাকে। স্ত্রাং প্রমাণ পরীক্ষার অনন্তর প্রমের পরীক্ষা সকত,—ইহাই ভাষ্যকারের ঐ প্রথম কথার তাৎপর্য্য। ভাষ্যকার পরে প্রক্রাক্ষার সর্বাগ্রে আত্মার পরীক্ষার কারণ নির্দেশ করিতে বলিয়াছেন যে, আত্মা প্রভৃতিই সেই প্রমের, এজন্য সর্বাগ্রে আত্মা বিচারিত হইতেছে। অর্থাৎ প্রমের পদার্থের মধ্যে সর্বাগ্রে আত্মারই উদ্দেশ ও লক্ষণ হইরাছে, এজন্য সর্বাগ্রে আত্মারই পরীক্ষা কর্ত্তব্য হওয়ার, মহাঘি তাহাই করিয়াছেন। যদিও মহাঘি তাহার পূর্বক্ষিত আত্মার লক্ষণেরই পরীক্ষা করিয়াছেন, তথাপি তদ্বারা লক্ষ্য আত্মারও পরীক্ষা হওয়ার, ভাষ্যকার এখানে আত্মার পরীক্ষা বলিয়াছেন। মহাঘি যে আত্মার লক্ষণের পরীক্ষা করিয়াছেন, তাহা পরে পরিষ্টুই হইবে।

আত্মবিদায়ে বিচার্য্য কি ? আত্মবিদায়ে কোন সংশয় ব্যতীত আত্মার পরীকা হইতে পারে না। তাই ভাষ্যকার আম্বপরীকার পূর্বাঞ্চ সংশয় প্রকাশ করিয়াছেন যে, আত্ম কি দেহাদি-সংবাত মাত্র ? অর্থাৎ দেহ, ইব্রিয়, মন, বৃদ্ধি, এবং স্থাও দুঃখারপ যে সংঘাত বা সমষ্টি, তাহাই কি আছা ? অথবা ঐ দেহাদি হইতে অতিরিক্ত কোন পদার্থই আছা ? ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, মহর্ষি গোতম প্রথম অধ্যায়ের প্রথম আহিকেব দশম সূত্রে ইচ্ছাদি গুণকে আ**ন্থা**র নিজ বনিয়া সামান্যত: আ**ন্থা**র অ**ন্ডিছে** প্রমাণ প্রদর্শন করায়, আত্মাৰ অন্তিত্ববিষয়ে কোন সংশয় হইতে পারে না। কিন্ত ইচ্ছাদিগুণবিশিষ্ট ঐ আন্ধা কি দেহাদি-সংঘাত মাত্র ? অথব। উহা হুইতত অতিরিক্ত? এইরুপে আম্বার ধর্মবিদয়ে সংশয় হুইতে পারে। আন্থবিষয়ে পূর্কোজপ্রকার সংশয়ের কারণ কি ? এতদুত্তরে ভাষ্যকার বলিয়াছেন যে, উভয় প্রকারে ব্যপদেশের সিদ্ধিবশত: পূর্ব্বোঞ্চপ্রকার সংশয় হয়। পরে ইহা বুঝাইতে বলিয়াছেন যে, ত্রিয়া ও করণের কর্তার সহিত যে সম্বন্ধ-কথন, তাহার নাম "বাপদেশ"। দুই প্রকারে ঐ ''ব্যপদেশ'' হইয়া থাকে। প্রথম—অবয়তবর দারা সমুদায়ের ''ব্যপদেশ''। যেমন ''মূলের ছারা বৃক্ষ অবস্থান করিততছে'', ''স্তভ্তের ছারা প্রাসাদ মবস্থান করিতেছে"। এই স্থানে অবস্থান ক্রিয়া, মূল ও স্তম্ভ করণ, ৰুক্ত প্ৰাসাদ কৰ্ত্তা। ক্ৰিয়া ও করণের সহিত এখানে কৰ্তান্ত সম্বন্ধ-বোধক প্ৰেৰ্বাক্ত ঐ বাক্যময়াক ''বাপদেশ'' বনা হয়। মূল বুক্ষের पदव्रवि**राम এवः एकछ**. धार्मारमत व्यवस्वविराग । प्रव्याः शुक्रवीङ खे

''ব্যপ্রদেশ'' অবয়বের ছারা সমুদায়ের ''ব্যপ্রদেশ''। উক্ত প্রথম প্রকার ব্যপদেশ-ম্বলে অবয়বরূপ করণ, সমুদায়রূপ কর্ত্তারই অংশবিশেষ, উহা (ম্ল, ভঞ প্রভৃতি) সমুদায় (বৃক্ষ, প্রাসাদ প্রভৃতি) হইতে সর্ববিগা ভিন্ন নহে —ইহা বুঝা যায়। তাৎপর্যাটীকাকার এখানে বলিয়াছেন যে, যদিও ন্যায়মতে মূল ও শুভ প্রভৃতি অবয়ব বৃক্ষ ও প্রাসাদ প্রভৃতি অবয়বী হইতে অত্যন্ত ভিন্ন, স্মৃতরাং ভাষ্যকারের ঐ উদাহরণও অন্যের ছার। অন্যের ব্যপদেশ, তথাপি যাঁহার। অবয়বীর পৃথক সত্তা মানেন না, এবং সম্পায় ও সম্পায়ীর ভেদ মানেন না, তাহাদিগের মতানুসারেই ভাষ্যকার পর্ব্বোক্ত উদাহরণ বলিয়াছেন। তাঁহাদিগের মতে উহ। অন্যের ষারা অন্যের ব্যপদেশ হইতে পারে না। কারণ, মূল ও স্তম্ভ প্রভৃতি বৃক্ষ ও প্রাসাদ হইতে অন্য অর্থাৎ অত্যন্ত ভিন্ন নহে। বিতীয় প্রকার 'ব্যপদেশ' অন্যের খার। অন্যের 'ব্যপদেশ'। যেমন ''কুঠারের খার। ছেদন করিতেছে"; "প্রদীপের দারা দর্শন করিতেছে"। এখানে ছেদন ও দর্শন ক্রিয়া। কুঠার ও প্রদীপ করণ। ঐ ক্রিয়া ও ঐ করণের কোৰ কর্তার সহিত সম্বন্ধ কথিত হওয়ায়, ঐরূপ বাক্যকে "বাপদেশ" বলা হয় ! ঐ স্থলে ছেদন ও দর্শনের কর্তা হইতে কুঠার ও প্রদীপ অত্যন্ত ভিন্ন श्रनार्थ, এজনা ঐ ব্যপদেশ অন্যের খারা অন্যের ব্যপদেশ।

পূর্ব্বোক্ত ব্যপদেশের ন্যায় "চক্ষুর হারা দর্শন করিতেছে", "মনের হারা জানিতেছে", "বুদ্ধির হার। বিচার করিতেছে", "শরীরের হারা স্থ্ দুঃখ অনুভব করিতেছে"—এইরপও ব্যপদেশ সর্ব্বসিদ্ধ আছে। ঐ ব্যপদেশ যদি অবয়বের হারা সমুদায়ের ব্যপদেশ হয়, তাহা হইলে চক্ষুরাদি করণ, দর্শনাদির কর্ত্তা আশ্বার অবয়ব বা অংশবিশেষই বুঝা যায়। তাহা হইলে আশ্বা যে ঐ দেহাদি সংঘাতমাত্র, উহা হইতে অতিরিক্ত কোন পদার্থ নহে—ইহাই সিদ্ধ হয়। আর যদি পূর্ব্বোক্তরূপ ব্যপদেশ অন্যের হারা অন্যের ব্যপদেশ হয়, তাহা হইলে ঐ চক্ষুরাদি যে আশ্বা হইতে অত্যন্ত ভিয়, স্কৃতরাং আশ্বা দেহাদি সংঘাতমাত্র নহে ইহাই সিদ্ধ হয়। কিন্ত পুর্ব্বোক্ত ব্যপদেশগুলি কি অবয়বের হারা সমুদায়ের ব্যপদেশ গ অথবা অন্যের হারা অন্যের ব্যপদেশ, ইহা নিশ্চিত না হওয়ায়, আশ্ব-বিষয়ে পূর্ব্বোক্ত প্রকার সংশয় জনেম। পূর্ব্বাক্তপ্রকার সংশয় একতর কোটির নিশ্চয় না হওয়া পর্যান্ত ঐ সংশয় নিবৃত্ত হইতে পারে না। স্কৃতরাং মহাদি পরীক্ষার হারা আশ্ববিষয়ে পূর্ব্বাক্তপ্রকার সংশয় নিরাস করিয়াছেন।

(स्टापि गःचाछ इटेएड जिन्न **जान्ना** विन्ना कान श्रेपार्थ नारे, ज्येवा

আশ্বাই নাই, এই মত "নৈরাশ্ব্যবাদ" নামে প্রসিদ্ধ আছে। উপনিঘদেও এই "নৈরাম্বাবাদ" ও তাহার নিন্দা দেখিতে পাওয়া যায়⁵। ভাষ্যকার বাৎস্যায়নও প্রথম অধ্যায়ের দিতীয় সূত্রভাষ্যে আত্মবিষয়ে মিধ্যা জ্ঞানের বর্ণন করিতে প্রথমে ''আছা নাই'' এইরূপ জ্ঞানকে একপ্রকার মিধ্যা। জ্ঞান বলিয়াছেন এবং সংশয়-লক্ষণসূত্র ভাষ্যে বিপ্রতিপত্তিবাক্যপ্রযুক্ত সংশ্যের উদাহরণ প্রদর্শন করিতে "আছা নাই"—ইহা অপর সমপ্রদায় বলেন—এই কথাও বলিয়াছেন। শুন্য-বাদী বৌদ্ধ-সম্প্রদায়বিশেষই সর্ব্বথা আত্মার নান্তিত মতের সমর্থন করিয়াছেন, ইহা অনেক গ্রন্থের ছারা বুঝিতে পারা যায়। "লঙ্কাবতার সূত্র" প্রভৃতি বৌদ্ধ-গ্রন্থেও নৈরাম্ব্যবাদের উল্লেখ দেখিতে পাওয়া যায়। "ন্যায়বাত্তিকে" উদ্দ্যোতকরও বৌদ্ধসন্মত আত্মার নাস্তিষ্পাধক অনুমানের বিশেষ বিচার দারা খণ্ডন করিরাছেন। স্থতরাং প্রাচীনকালে কোন বৌদ্ধ সম্প্রদায়বিশেষ যে, আত্মার সর্বর্ধা নাস্তিত মতের বিশেষরূপ প্রচাব করিয়াছিলেন, ইহা প্রাচীন ন্যাযাচার্য্য উদ্দ্যোতকরের গ্রন্থের ছারাও আমরা বুঝিতে পারি। উদ্দ্যোতকরের পরে বৌদ্ধমত প্রতিবাদী মহানৈয়াগ্রিক উদয়নাচার্য্যও "আত্মতম্ববিবেক গ্রন্থে" বৌদ্ধমত খণ্ডন করিতে প্রথমত: ''নৈরাষ্ট্রাবাদের'' মূল সিদ্ধান্ধগুলির বিশেষ বিচার-পূর্বেক খণ্ডন করিয়াছেন^ই। টীকাকার মধুরানাথ তর্কবাগীশ প্রভৃতি মহা-यनोिषिशेश तोक्रयरा देनताबा-मर्ननर मुक्तित कात्रण, रेरा विशियार्छन । মূলকথা, প্রাচীনকালে কোন বৌদ্ধ সম্প্রদায়বিশেষ যে, আত্মার সর্বর্ণা নান্তিত্ব সমর্থন করিয়া পূর্ব্বোক্ত ''নৈরাত্মাবাদের'' প্রচার করিয়াছিলেন, এ বিষয়ে সংশয় নাই। কিন্তু উদ্যোতকর উহা প্রকৃত বৌদ্ধ দিদ্ধান্ত বলিয়া **স্বীকার** করেন নাই। পরে তাহা বাক্ত হইবে।

উদ্দ্যোতকর প্রথমে শূন্যবাদী বৌদ্ধবিশেষের কথিত আ**ন্থার নান্তিত্ব**-

— কঠোপনিষৎ ।১।২০॥

'নৈরাআবাদকুহকৈমিথ্যাদ্ঊাভহেতুভিঃ । ভাম্যন্ লোকো ন জানাতি বেদবিদ্যাভরভ যৎ ।

- रेमबाज्ञनी उनिमय । १।৮।

- ২। তর বাধকং ভবদাত্মনি ক্ষণভঙ্গো বা বাহ্যার্থভঙ্গো বা গুণগুণিভেদভঙ্গো বা অনুসলস্ভো বা ইত্যাদি।—আত্মতত্ত্বিবেক।
- ত। বৌদ্ধেনির।আজানস্যৈর মোক্ষহেতুজোলগমাও। তদুক্তং নৈরাআদৃষ্টিং মোক্ষস্য
 হৈতুং কেচন মণুতে। আঅতজ্পিয়জ্বন্যে ন্যায়বেদানুসারিলঃ।। আঅতজ্ববিবেকের মাপ্রী চীকা।

১। যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষোহন্তীত্যেকে নায়মন্তীতি চৈকে।

সাধক অনুমান প্রকাশ করিয়াছেন যে,^১ আছ। নাই, যেহেতু তাহার উৎপত্তি নাই, যেমন, শশশৃক। আত্মবাদী আন্তিক সম্প্রদায়ের মতে আত্মার উৎপত্তি নাই। শশশুদ্ধেরও উৎপত্তি নাই, উহা অলীক বলিয়াই সর্বিসিদ্ধ। স্বতরাং বাহা জন্মে নাই, বাহার উৎপত্তি নাই, তাহা একেবারেই নাই ; তাহা অলীক—ইহা শশশুস দৃষ্টান্তের দারা বুঝাইয়া শুন্যবাদী বলিয়াছেন যে, আত্মা যখন জন্মে নাই, তখন আত্মা অলীক। অজাতত্ব বা জন্মরাহিত্য পূৰ্ব্বেক্তি অনুযানে হেতু। আত্মার নান্তিত্ব বা অলীকত্ব যাধ্য। শৃশশুক্ত দৃষ্টান্ত। উদ্যোতকর পূর্ব্বোক্ত অনুমানের খণ্ডন করিতে বলিয়াছেন যে, ''আত্বা নাই''—ইহা এই অনুমানের প্রতিজ্ঞাবাক্য। কিন্তু আত্বা একেবারে অদীক হইলে পূর্ব্বোক্ত ঐ প্রতিজ্ঞাই হইতে পারে না। কারণ, যে পদার্ঘ কোন কালে কোন দেশে জ্ঞাত নহে, যাহার সন্তাই নাই তাহার অভাব বোধ হইতেই পারে না। অভাবের জ্ঞানে যে বস্তুর অভাব, সেই বন্ধর জ্ঞান আবশ্যক। কিন্তু আত্ম একেবারে অলীক হইলে কুত্রাপি কোনরপ জ্ঞান সম্ভব ন। হওয়ায়, তাহার অভাব জ্ঞান কিরুপে হইবে? আত্বার অভাব বলিতে হইলে দেশবিশেষে বা কালবিশেষে তাহার সন্ত। অবশ্য স্বীকার্য। শূন্যবাদীর কথা এই যে, যেমন শশশুদ্ধ অলীক হইলেও '<mark>'শশশুৰু নাই'' এইরূপ বাক্যের দ্বারা তা</mark>হার অভাব প্রক**াশ করা** হয়, দেশবিশেষে বা কালবিশেষে শশশুঞ্জের সতা স্বীকার করিয়া দেশান্তর ৰা কালান্তরেই তাহার অভাব বলা হয় না, তন্ত্রপ ''আন্বা নাই'' এ**ইরু**প বাক্যের মারাও অলীক আত্মার অভাব বলা যাইতে পারে। উহা বলিতে দেশবিশেষে ব। কালবিশেষে এাদ্বায় অন্তিম্ব ও তাহায় ভান আবশ্যক হয় না। এতদূত্তরে উদ্যোতকর বলিযাছেন যে, শশশুদ্ধ সর্ব্বদেশে ও **সর্ব্বকালেই অত্যন্ত অসৎ বা অলীক** বলিয়াই সর্ব্বসম্মত । স্ত্তরাং ''শশশৃঙ্গ নাই'' এই বাক্যের ছারা শশশৃঞ্জেরই অভাব বুঝা যায় না, ঐ বাকোর দারা শশের শৃষ্ণ নাই, ইহাই বুঝা যায়—ইহা স্বীকার্য্য। অর্থাৎ ঐ বাকোর দার। শশ্দররপ ঘলীক দ্রব্যের নিষেধ হয় না। শুকে শশের সম্বন্ধেরই নিষেধ হয়। শশ এবং শৃদ্ধ, পৃথক্ভাবে প্রসিদ্ধ আছে। গবাদি প্রাণীতে শুঙ্গের সম্বন্ধ জান এবং শশের লাজুলাদি প্রদেশে শশের সম্বন্ধ জ্ঞান আছে। ভতরাং ঐ বাক্যের ছারা শশে শৃঙ্গের সম্বন্ধের অভাব জ্ঞান

১। ন নান্তি অন্ধাতহাদিত্যেকে। নান্তি আত্মা অকাতহাৎ শুশবিষাণবদিতি।
—নায়বার্তিক ।

হুইতে পারে এবং তাহাই হুইয়া থাকে। কিন্তু আত্মা অত্যন্ত অসৎ বা অলীক হইলে কোনরূপেই তাহার অভাব বোধ হইতে পারে না। ''আছা নাই'' এই বাক্যের ঘারা সর্ব্বদেশে সর্ব্বকালে সর্ব্বণা আত্মার অভাব বোধ হইতে না পারিলে শ্ন্যবাদীর অভিনতার্থবোধক প্রতিজ্ঞাই অসম্ভব। এবং পূর্বেক্তি অনুমানে শশশুজ দৃষ্টান্তও অসম্ভব। কারণ, শশশুজের নাস্তিত্ব বা অভাব সিদ্ধ নহে। "শশশুদ্ধ নাই" এই বাক্যের হার। ভাষা বুঝ। যায় না । এবং পূর্ব্বোক্ত অনুমানে যে, ''অভাতম্ব'' অর্থাৎ জনমরাহিতাকে হেতু বলা সইয়াছে, তাহাও উপপন্ন হয় না। কারণ, উহা সর্ব্বথা জন্মরাহিত্য অথবা স্বরূপত: জন্মরাহিত্য, ইহা বলিতে হইবে। ঘটপটাদি দ্রব্যের ন্যায আন্তার স্বরূপত: জন্ম না থাকিলেও অভিনব দেহাদির সহিত প্রাথমিক সম্বন্ধ-বি**শেষ**ই আ**শার জন্ম বলি**য়া কথিত হইয়াছে। স্থতরাং স**র্ব্বপা জ**ন্মরাহিত্য হেতু আ**দ্বাহ**ত নাই। আদ্বাতে **শ্বন্ধপতঃ** জন্মরাহিত্য থা**কিনে**ও তদার। আশ্বার নান্তিম বা অলীকম সিদ্ধ হইতে পারে না। কারণ, নিতা ও অনিত্য-ভেদে পদার্থ দিবিধ। নিত্য পদার্থের স্বরূপত: জন্ম বা উৎপত্তি থাকে না। আত্রা নিত্য পদার্থ বলিয়াই প্রমাণ দার। পিদ্ধ হওয়ায়, উহার স্বরূপত: জন্ম নাই—ইহা স্বীকার্য্য। আন্ধার স্বরূপতঃ জন্ম নাই বলিয়া উহা অনিত্য ভাব পদার্থ নহে, ইহাই সিদ্ধ হইতে পারে। কিন্ত ঐ হেতুর দার। "আত্মা নাই" **ইহা কিছু**তেই সিদ্ধ হই**তে পারে** না। **কা**রণ, স্বরূপত: জন্মরাহিত্য পদার্থের নাস্তিত্বের সাধক হয না। উদ্দোতকর আরও বহু দোষেব উল্লেখ করিয়া পূর্ব্বোক্ত অনুমানের খণ্ডন করিয়াছেন। বস্ততঃ আৰু। वनिया कान भाग गाकितन, छेटा आकाम-कुञ्चरमत न्यांग धनीक হইলে, আশ্বাকে আশ্রয় করিয়। নান্তিত্বের অনুমানই হইতে পারে না । কারণ, অনুমানের আশ্রয অগিদ্ধ হইলে, ''আশ্রাাগিদ্ধি'' নামক হেছাভাস হয়। ঐরূপ স্থলে অনুমান হয় ।। যেমন ''আকাশকুস্থমং গন্ধবং'' এইরূপে অনুমান হয় না, তদ্ধপ পূর্ব্বেভিমতে ''আন্তা নাস্তি'' এইরূপেও অনুমান হইতে পাবে না। কেহ কেহ অনুমান প্রয়োগ করিয়াছেন বে, ''জীবিত ব্যক্তির শ্বীব নিরাম্বাহ, যেহেতু ভাছাতে সন্ত। আছে''। যাহা ষ্ণ, ত। নিরায়ক, স্মত্যাং বস্তুমাত্রই নিরাল্থক হওয়ায়, জীবিত ব্যক্তিব শরীরও নিরাম্বক, ইহাই প্রেবাক্ত বাদীর তাৎপর্য্য। উদ্দ্যোতকর এই

১। অপরে তু জীবন্ধরারং নিরাঝকত্বেন পক্ষয়িত্বা সভাদিত্যেবমাদিকং হেতুং শুন্বতে ইত্যাদি—নায়বাতিক।

অনুমানের খণ্ডন করিতে বলিয়াছেন, "নিরাম্বক" এই শব্দের অর্থ কি ? যদি আশ্বার অনুপকারী, ইহাই "নিরাশ্বক" শব্দের অর্থ হয়, তাহা হইলে ঐ অনুমানে কোন দৃষ্টান্ত নাই। কারণ, জগতে আত্মার অনুপকারী কোন পদার্থ নাই। যদি বল ''নিরাত্মক'' শব্দের দারা আত্মার অভাবই কথিত হইয়াছে, তাহা হইলে কোনু স্থানে আদ্বা আছে এবং কোনু স্থানে তাহার निरम्ध इटेर्टिंह, देश विनित्व इटेर्स । द्यांन श्रात जान्ना ना थाकितन, অর্থাৎ কোন বস্তু সাত্মক না থাকিলে, ''নিরাত্মক'' এই শব্দের প্রয়োগ হইতে পারে না। "গৃহে ঘট নাই" ইহা বলিলে যেমন অন্যত্ত ঘটের সতা বুঝা যায়, তক্ষপ ''শরীরে আত্মা নাই'' ইহা বলিলে অন্যত্র আত্মার স্তা বুঝা যায়। আত্মা একেবারে অসৎ বা অলীক হইলে কুত্রাপি তাহার নিষেধ হইতে পারে না। উদ্দোতকর এইরূপ বৌদ্ধ সম্প্রদায়ের উজ অন্যান্য হেতুর দারাও আম্বার নাস্তিম্ব গিদ্ধ হুইতে পারে না—ইহা সমর্থন করিয়া আত্মার নান্তিত্বের কোন প্রমাণ নাই, উহা অসম্ভব, ইহা প্রাতপন্ন করিয়াছেন। পরে ইহাও বলিয়াছেন যে, আত্মা বলিয়া কোন পদার্থ থাকিলে ''আত্মনু'' শব্দ নিরর্থক হয়। স্কৃচিরকাল হইতে যে ''আ**ত্মন্'' শব্দের প্রয়োগ হইতে**ছে, ভাহার কোন অর্থ নাই—ইহা বলা যায় ना । गांधु भरम भाटळात्रहे अर्थ आह्छ । यिन तन, गांधु भरम इहेरलहे जनभा তাহার অর্থ থাকিবে, ইহা স্বীকার করি না। কারণ, ''শুন্য'' শব্দের অর্থ নাই, "তমস্" শব্দের অর্থ নাই। এইরূপ "আত্মন্" শব্দও নিরর্থক হইতে পারে। এতদুত্তরে উদ্দ্যোতকন বলিয়াছেন যে, ''শূন্য'' শব্দ ও ''তম্স্'' শব্দেরও অর্থ আছে। যে দ্রব্যের কেহ রক্ষক নাই যাহা কুরুরের হিতকর, তাহাই ''শূন্য'' শব্দের অর্ধ । এবং যে যে স্থানে আলোক নাই, সেই শেই স্থানে দ্রব্য গুণ ও কর্ম্ম "তম" শব্দেরস্ অর্থ। পরন্ত, বৌদ্ধ যদি "তমস্" শব্দ নির্থক বলেন, তাহা হইলে, তাঁহার নিজ সিদ্ধান্তই বাধিত

১। বাদীর অভিপ্রায় মনে হয় যে,যাহাকে শূন্য বলা হয়, তাহা কোন পদার্থই নহে। সুতরাং ''শূন্য'' শব্দের কোন অর্থ নাই। বস্ততঃ ''শূন্য'' শব্দের নিজ্জন অর্থে প্রসিদ্ধি প্রয়োগ আছে। যথা—''শূন্যং বাসগ্হং'', ''জনছানে ''শূন্য'' ইত্যাদি। প্রতিবাদী উদ্দোতকর লিখিয়াছেন, ''যস্য রক্ষিতা দ্বস্স্য ন বিদ্যতে, তদ্দ্বয়ং শ্বভো হিতথাৎ 'শূন্য'মিতুাচাতে"। উদ্দোতকরের তাৎপর্যায়নে হয় যে, 'শূন্য' শব্দের যাহা রুড়ার্থ, তাহা খীকার না করিলেও যে অর্থ যৌগিক, যে অর্থ ব্যাকরণশান্তসিদ্ধা, তাহা অবশ্য খীকার করিতে হইবে। 'শ্বভো হিতং'' এই অর্থে কুকুরুরাচক 'শ্বন্' শব্দের উত্তর তদ্বিত প্রত্যায়যোগে 'শভনঃ সম্প্রসারণং

হইবে। কারণ, রূপাদি চারিটি পদার্থ তম:পদার্থের উপাদান, ইহা বৌদ্ধ গিন্ধান্ত। স্বত্ত এব নির্থক কোন পদ নাই।

পূর্ব্বোক্ত বৌদ্ধ মত খণ্ডন করিতে উদ্যোত্কর শেঘে ইহাও বলিয়াছেন যে, কোন বৌদ্ধ "আত্মা নাই" ইহা বলিলে, তিনি প্রকৃত বৌদ্ধ সিদ্ধান্তের অপলাপ করিবেন। কারণ, "আত্মা নাই" ইহা প্রকৃত বৌদ্ধ সিদ্ধান্তই নহে। বৌদ্ধ শাস্তেই "রূপ", "বিজ্ঞান", "বেদনা", "সংজ্ঞা" ও "সংক্ষার"—এই পাঁচটিকে "ক্ষদ্ধ" নামে ভভিহিত করিয়া ঐ রূপাদি পঞ্জ ক্ষকেই আত্মা বলা হইয়াছে। পরেও "আমি" 'রূপ' নহি,

বাচ দীর্ঘতং" এই গণসূত্রানুসারে "শূন্য" ও "গুন্য" এই দ্বিধ পদ সিদ্ধ হয়।
(সিদ্ধান্তকৌমুদী, তদ্ধিত প্রকরণে "উগবাদিভোগ যৎ"।৫।১।২। এই পাণিনিস্ত্রের গণসূত্র দ্রক্টব্য)। সূত্রাং ব্যাকরণশাস্তানুসারে "শূন্য" শব্দের প্রকৃতি ও প্রত্যয়ের দ্বারা যে যৌগিক অধ্ বুঝা যায়, তাহা অদ্বীকার করিবাব উপায় নাই।

১। "তমস্" শব্দের কোন অর্থ নাই, ইহা বলিলে বৌদ্ধের নিজ সিদ্ধান্ত বাধিত হয়, ইহা সমর্থন করিতে উদ্যোতকর লিখিয়াছেন, "চতুর্ণামুপাদেয়রপত্বাত্তমসঃ"। তাৎপর্যাটীকাকার এই কথার তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, রূপ, রুস, গদ্ধ ও স্পর্শ, এই চারিটি পদার্থই ঘটাদিরূপে পরিণত হয়়, তমঃপদার্থ ঐ চারিটি পদার্থের উপাদেয়, অর্থাৎ ঐ চারিটি পদার্থ তমঃপদার্থের উপাদান, ইহা বৌদ্ধ বৈভাষিক সম্প্রদায়ের সিদ্ধান্ত। সূত্রাং তাঁহারা "তমস্" শ্ব্দকে নিয়র্থক বলিলে, তাঁহাদিগের ঐ নিজ সিদ্ধান্তের সহিত বিরোধ হয়।

২া বৌদ্ধ সম্প্রদায় সংসারী জীবের দুঃখকেই "ক্ষন্ধ" নামে বিভাগ করিয়া "পঞ্জক্ষ" বলিয়াছেন। "বিবেক-বিলাস" গ্রন্থে ইহা বর্ণিত হইয়াছে। যথা— "দুঃখং সংসারিলঃ ক্ষন্ধান্তে চ গঞ্জ প্রকীতিতাঃ। বিভানং বেদনা সংভা সংক্ষারো বাগমেব চা!"

বিষয় সহিত ইন্দিয়ৰগেঁর নাম (১) "রেপজ্জন"। আলয়বিজান ও প্রর্তিবিজ্ঞানপ্রবাহের নাম (২) "বিজ্ঞানজ্জন"। এই জ্জালয়ের সপল জন্য সুখদুঃখাদি জানের
প্রবাহের নাম (৩) "বেদনাজ্জন"। সংজ্ঞাশক্ষুত বিজ্ঞানপ্রবাহের নাম (৪) "সংজ্ঞাজ্জা গুরুষাত্ত "বেদনাজ্জন" জন্য রাগছেয়াদি, মদমানাদি, এবং ধর্মা ও অধ্যেরি
নাম (৫) "সংজ্ঞারজ্জা"। ("সক্ষদর্শনসংগ্রহে" বৌজ্ঞদর্শন দেউবা)। পুর্বোজ্ঞাজ পঞ্জ জ্জা সমুদায়ই আআ, উহা হইতে জিল্ল আআ বলিয়া কোন পদার্থ নাই, ইহা
বৌদ্ধ মত বলিয়াই প্রাচীন কাল হইতে সুপ্রসিদ্ধ আছে। প্রাচীন মহাকবি মাহা
তৎকালে ঐ স্প্রসিদ্ধ বৌদ্ধ মতকে উপমানরূপে গ্রহণ করিয়াছেন। যথা,—

সক্কার্যাশরীরেষ্ মুজ্বাসকলপঞ্কং।

সৌগতানামিবাআহ্ন্যো নাভি মলো মহীভূতামূ।।—শিল্পালবধ ।২ ২৮। ৩ । নাভ্যাত্মতি চৈবং শুবালঃ সিদ্ধান্তং বাধতে । কথমিতি ? "রূপং ভদ্ভ নাহং", বেদনা সংভা সংক্ষারো বিভানং ভদ্ভ নাহং ইত্যাদি।—ন্যায়বার্ডিক ।

আমি 'বেদনা' নহি, আমি 'সংজ্ঞা' নহি, আমি 'সংস্থার' নহি, আমি 'বিজ্ঞান' নহি,—এইরূপ বাকেয়ের খারা যে নিষেধ হইয়াছে. উহা বিশেষ নিষেধ, সামান্য নিষেধ নহে। স্থতরাং ঐ বাক্যের **ঘা**রা সামান্যতঃ আত্ম নাই, ইহা বুঝা যায় না। সামান্যতঃ "আছা নাই", ইহাই বিবক্ষিত হইলে সামান্য নিষেধই হইত। অর্থাৎ ''আত্বা নাই'', ''আমি নাই'', ''তুমি নাই''—এইরূপ বাক্যই কথিত হইত। পরত্ত রূপাদি পঞ ক্ষেরে এক একটি আত্মা নহে, কিন্তু উহা হইতে অতিরিক্ত পঞ্চ ক্ষম সমুদায়ই আছা, ইহাই পূর্ব্বোক্ত বাক্যের তাৎপর্য্য হইলে অতিরিক্ত আছাই স্বীকৃত হয়, কেবল আত্মার নামভেদ মাত্র হয়। উদ্দ্যোতকর শেষে আর**ং** वनियाहिन (य, रे (य तोष्क "याषा नारे", रेश वतन-वाषात विखय স্বীকার করেন না, তিনি "তথাগতে"র দর্শন, অর্থাৎ বুদ্ধদেবের বাক্যকে প্রমাণরপে ব্যবস্থাপন করিতে পারেন না ৷ কারণ, বৃদ্ধদেব স্পষ্ট বাক্যের শার। আশ্বার নান্তিম্বাদীকে মি**থাা**জ্ঞানী বলিয়াছেন। বুদ্ধদেবের ঐরূপ বাক্য নাই—ইহা বলা যাইবে না ; কারণ, "সর্বাভিসময়সূত্র" নামক -বৌদ্ধগ্রন্থে বৃদ্ধদেবের ঐ**র**প বাক্য কথিত হইয়াছে। **উদ্দ্যোতকরে**র উল্লিখিত ''সর্ব্বাভিসময়সত্র'' নামক সংস্কৃত বৌদ্ধ গ্রন্থের অনুসদ্ধান কবিয়াও সংবাদ পাই নাই। কিন্তু পরবর্তী বৌদ্ধ দার্শনিকগণ বৌদ্ধমত বলিয়। नानाश्रष्ट नानामराज्य উল্লেখ ও সমর্থন করিলেও বুদ্ধদেব নিজে যে, বেদসিদ্ধ নিত্য আশ্বার অন্তিথেই দুচ্বিশ্বাসী ছিলেন, ইহাই আমাদিগের দুট বিশ্বাস। অবশ্য স্বপ্রাচীন পালি বৌদ্ধগ্রন্থ "পোট্ঠপাদ সূত্তে" আ**দ্ব**া স্বরূপ সহক্ষে পরিব্রাজক পোট্ঠপাদের প্রশ্রেতিরে বুদ্ধদেব আ<mark>ত্মার স্বর</mark>ূপ দুর্জ্ঞেয় বলিয়া ঐ সম্বন্ধে কোন প্রশুেরই উত্তর দেন নাই, ইহা পাওয়া যায়, এবং আবও কোন কোন গ্রহে আত্মার স্বরূপ-বিষয়ে প্রশু করিলে বদ্ধদেব মৌনাবলম্বন করিয়াছেন, ইহা পাওয়া যায়। কিন্তু তদারা বুদ্ধদেব যে, আত্মার অস্তিমই মানিতেন না, নৈরাম্কাই তাঁহার অভিনত তথ্য ইলা ব্রিবার কোন কারণ নাই। কারণ, তিনি জিজ্ঞান্তর অধিকারানুসারেই নানাবিধ উপদেশ কবিয়াছেন। "বোধিডিভ-বিবর**ণ" গ্রন্থে** "দেশনা লোকনা IIনাং সৰাশ্যবদানুগাঃ" ইত্যাদি প্লোকেও ইহা স্পষ্ট বণিত হইয়াছে।

১। ন চাঝানমনজুল জহতা তথাগতদশ্নমথ্বতায়াং ব্যবস্থাপি ৯৩ং শক্ষঃ । ন চেদং বচনং নাজি। "সকাভিসময়সূরে" ইতিধানাও। যথা— "ভারং বো ভিজ্ঞবো দেশয়িষ্যামি, ভারহারঞ, ভারঃ পঞ্জজাঃ, ভারহারশ্চ পুদ্গল ইতি। যশাভা নাজীতি স মিথাদৃষ্টকো ভবতীতি সূত্ম্।—নায়ৰাভিকি।

छिপनिषाम् **अ**धिकांति**रिशंखद** जना नानाजात आप**ाखत छेपरम** एवं। যায়। বুদ্ধদেব আত্মার অন্তিত্বই অস্বীকার করিলে জিজ্ঞাস্থ পোট্ঠপাদকে "তোমার পক্ষে ইহা দুর্জ্জেয়" এই কথা প্রথমে বলিবেন কেন? স্মৃতরাং বুঝা যায়, বুদ্ধদেব পোটুঠপাদকে আত্মতত্ববোধে অন্ধিকারী বুঝিয়াই তাঁহার কোন প্রশ্রের প্রকৃত উত্তর প্রদান করেন নাই। পরন্ত বুদ্ধদেবের মতে আছার অন্তিছই না থাকিলে নির্বাণ লাভের জন্য তাঁহার কঠোর তপস।। ও **উপদেশা**দির উৎপত্তি হইতে পারে না। আত্ম বলিয়াকোন পদাব না থাকিলে কাহার নির্ব্বাণ হইবে ? নির্ব্বাণকালেও যদি কাহারই অভিছই না থাকে, তাহা হইলে কিরূপেই বা ঐ নির্ন্ধাণ মানবের কাম্য হইতে পারে ? পরম্ভ বুদ্ধদেব আত্মার অন্তিত্বই অস্বীকার করিলে, তাঁহার কথিত জন্মান্তর-বাদের উপদেশ কোনরূপেই সক্ষত হইতে পারে না। বুদ্ধদেব বোধিবুক্ষ-তলে সম্বোধি লাভ করিয়া "অনেকজাতিসংসারং" ইত্যাদি যে গাথাটি পাঠ করিয়াছিলেন, বৌদ্ধ সম্পুদায়ের প্রধান ধর্মগ্রন্থ ''ধন্মপদে'' তাহার উল্লেখ আছে ! বৃদ্ধদেবের উচ্চারিত ঐ গাথায় জন্মান্তরবাদের স্পষ্ট নির্দেশ আছে, এবং "ধন্মপদে"র ২৪শ অধ্যায়ে "মনুজ্মুস প্রস্তুচারিনো" ইত্যাদি শ্রোকে বৌদ্ধমতে **জন্মান্তরবাদের** বি**শেঘরূপ** উল্লেখ দেখা যায়। বৃদ্ধদেব জন্মান্তরধারার উচ্ছেদের জন্যই অষ্টাঙ্গ আর্য্যমার্গের যে উপদেশ করিয়া-ছিলেন, তদুারাও তাঁহার মতে আম্বার অস্তিম ও বেদসত্মত নিতামই আমর। বুঝিতে পারি। "মিলিদ-পঞ্হ" নামক পালি বৌ**দ্ধগ্রে রা**জা মিলি**ন্দের** প্রশ্নোন্তরে ভিক্দু নাগসেনের কথায় পাওয়। যায় যে, শরীরচিন্তাদি সমষ্টিই আছা। স্প্রধাচীন পালি বৌদ্ধগ্রহে অন্যান্য স্থানেও এই ভাবের কথা থাকায় মনে হয়, প্রাচীন বৌদ্ধ দার্শনিকগণ সূক্ষ বিচার করিয়া। রূপাদি পঞ্চন্ধ-বিশেষের সমষ্টিই বুদ্ধদেবের অভিমত আত্মা বলিয়া সমর্থন করিয়াছেন। বৈদিক সিদ্ধান্তে যাহা অনাত্মা, বৌদ্ধ সিদ্ধান্তে তাহাকে আত্ম। বলিয়াছেন। পরমপ্রাচীন ভাষ্যকার বাৎস্যায়নও 'দেহাদি-সমষ্ট্রিমাত্রই আত্মা'-এই মতকেই এখানে পূর্ব্লক্ষরূপে গ্রহণ করিয়াছেন, আত্মার নাস্তিত্বপক্ষই পূর্ব্বপক্ষরূপে গ্রহণ করেন নাই। মূলকথা, কোন কোন বৌদ্ধ-বিশেষ আত্মার নান্তিত্ব বা নৈরাত্মাই বৌদ্ধ বিদ্ধান্ত বলিয়া সমর্থন করিলেও উহা যে একৃত বৌদ্ধ সিদ্ধান্তই নহে, ইহাও উদ্দ্যোতকর শেষে প্রতিপন্ন করিয়াছেন।

বস্তত: "আজা নাই"—এইরূপ সিদ্ধান্ত কেহ সমর্থন করিতে চেট। করিলেও, উহা কোনরূপেই প্রতিপন্ন করা যায় না। আশ্বার নাস্তিত্ব

কোনরপেই সিদ্ধান্ত হইতে পারে না। কারণ, আছা অহং-প্রত্যয়গম্য। "অহং" বা "আমি" এইরূপ জ্ঞান আম্রাকেই বিষয় করিয়া হইয়া থাকে। ''আমি ইহা জানিতেছি''—এইরূপ সার্বজনীন অনুভবে "আমি" জ্ঞাতা, এবং "ইহা" জ্বেয়। ঐ স্থলে জ্ঞাতা ও জ্বেয় যে ভিন্ন পদার্থ, তাহা স্পষ্ট বুঝা যায়। স্মৃতরাং যাহা অহং-প্রত্যয়গম্য, অর্থাৎ যাহাকে সমস্ত জীব "অহং" বা "আমি" বলিষা বুঝে, তাহাই আছা। সর্বজীবের অনুভবসিদ্ধ ঐ আত্মার অন্তিত্ব-বিষয়ে কোন সংশয় বা বিবাদ হইতে পারে না। আত্মার অন্তিম সর্ব্বজীবের অনুভবসিদ্ধ না হইলে, "আমি নাই" অথবা ''আমি আছি কি ন।'', এইরূপ জ্ঞান হইতে পারিত। কোন প্রকৃতিস্থ জীবের ঐরূপ জ্ঞান জন্মে না। পরন্ত যিনি ''আয়া নাই'' বলিয়া আত্মার নিরাকরণ করিবেন, তিনি নিজেই আত্মা। নিরাকর্তা। নিজে নাই, অথচ ডিনি নিজের নিরাবরণ করিতেছেন, ইহা অতীব হাস্যাম্পদ। পরস্ত আতা স্বতঃপ্রসিদ্ধ না হইলে, আত্মার <mark>অন্তিত্বি</mark>ষয়ে প্রমাণ-প্রশুও নিরর্থক। কারণ, আদ্ধা না থাকিলে প্রমাণেরই অস্তিম্ব থাকে না। 'প্রমা' অর্থাৎ যথার্থ অনুভবের করণকে প্রমাণ বলে। কিন্ত অনুভবিতা কেহ না থাবিলে প্রমারপ অনুভন্ই হইতে পারে না। স্থতরাং প্রমাণ মানিতে হইলে অনুভবিতা আ<mark>স্</mark>বাকে মানিতেই হইবে। তাহ। হইলে আর আত্মার অন্তিত্ব-বিঘয়ে প্রমাণ-প্রশা করিয়া প্রতিবাদীর কোন লাভ নাই। পরন্ত আত্মার অন্তিত্ব-বিষয়ে প্রমাণ কি? এই**রূপ প্র**শুই আত্মার অন্তিত্ব-বিষয়ে প্রমাণ বলা যাইতে পারে। কারণ, যিনি ঐরূপ প্রশু করিবেন, তিনি নিজেই আছা। প্রশুকারী নিজে নাই, অপচ প্রশু হইতেছে, ইহা কোনরূপেই হইতে পারে না। বাদী না থাকিলে বাদ প্রতিবাদ হইতে পারে না। পরস্ত আত্ম না থাকিলে জী**বে**র কোন বিষয়ে প্রবৃত্তিই হইতে পারে না। কারণ, আছার ইষ্ট বিষয়েই প্রবৃত্তি হইয়া থাকে। ইটুসাধনজ্ঞান প্রবৃত্তির কারণ। "ইহা আমার ইটুসাধন" এইক্লপ জ্ঞান না হইলে কোন বিষয়েই কাহারও প্রবৃত্তি জন্মে না। আমার ইট্যাধন বলিয়া জ্ঞান হইলে, আমার অর্থাৎ আশ্বার অন্তিম্ব প্রতিপন্ন হয়। আত্ম ব: "আমি" বলিয়া কোন পদার্থ না থাকিলে ''আমার ইষ্টগাধন'', এইরূপ জ্ঞান হইতেই পারে না। শেষ কথা, জ্ঞানপদার্থ সকলেরই স্বীকার্য। বিনি জ্ঞানেরও অন্তিৎ স্বীকার করিবেন না, তিনি কোন মত স্থাপন বা কোনরূপ তর্ক করিতেই পারিবেন না। যাঁহার নিচ্ছেরও কোন জান নাই, যিনি কিছুই বুঝেন না. যিনি জ্ঞানের অন্তিমই মানেন না, তিনি কিরূপে তাঁহার অভিমত ব্যক্ত করিবেন ? ফলকথা, জ্ঞান সর্বজীবের মনোগ্রাহ্য অত্যন্ত প্রসিদ্ধ পদার্থ, ইহা সকলেরই ষীকার্যা। জ্ঞান সর্ব্বসিদ্ধ পদার্থ হইলে, ঐ জ্ঞানের আশ্রয়, জ্ঞাতাও সর্ব্বসিদ্ধ পদার্থ হইবে। কারণ, জ্ঞান আছে, কিন্তু তাহার আশ্রয়— জ্ঞাতা নাই, ইহা একেবারেই অসম্ভব। যিনি জ্ঞাতা, তিনিই আছা। স্ভাতারই নামান্তর আত্ম। স্বতরাং আত্মার অন্তিত্ববিষয়ে কোন সংশয় বা বিবাদ হইতেই পারে না। সাংখ্যসূত্রকারও বনিয়াছেন, ''অন্ত্যাম্ব। নাস্তিত্বসাধনাভাবাৎ।" ৬।১। অর্থাৎ আত্মার নাস্তিত্বের কোন প্রমাণ না থাকায়, আত্মার অন্তিত্ব স্বীকার্যা। অন্তিত্ব ও নান্তিত্ব পরস্পার বিরুদ্ধ। স্থুতরাং উহার একটিব প্রমাণ ন। থাকিলে, অপরটি সিদ্ধ হইবে, সন্দেহ নাই। তাৎপর্যাটীকাকার বলিয়াছেন যে, যে ব্যক্তি ধর্মীতেই বিপ্রতিপর, অর্থাৎ আত্মা বলিয়া কোন ধর্মীই বিনি মানেন না, তাঁহার পক্ষে উহাতে নান্তিত্ব-ধর্মের সাধনে কোন প্রমাণই নাই। কারণ, তিনি আত্মাকেই ধশিরতে গ্রহণ করিয়া, তাহাতে নান্তিত্ব ধর্মের অনুমান করিবেন। কিন্ত তাঁহার মতে আত্মা আকাশ-কুসুমের ন্যায় অলীক বলিয়া তাঁহার সমস্ত অনুমানই "আশ্রয়াসিদ্ধি" দোঘবশতঃ অপ্রমাণ হইবে। পরস্ত সাধারণ লোকেও যে আত্মার অন্তিত্ব অনুভব করে, সেই আত্মাকে যিনি অলীক বলেন, অর্থচ সেই আত্মাকেই ধমিরূপে গ্রহণ করির। তাহাতে নান্তিতের অনুমান করেন,—তিনি লৌকিকও নহেন, পরীক্ষকও নহেন, স্নতরাং তিনি উন্মত্তের ন্যায় উপেকণীয়। মূলকথা, সামান্যতঃ আত্মার অন্তিত্ব-বিষয়ে কাহারও কোন সংশয় হয় না। আত্ম বলিয়া যে কোন পদার্থ আছে, ইহা সর্ব্বসিদ্ধ। কিন্তু আত্মা সর্ব্বসিদ্ধ হইলেও উহা কি দেহাদি-সংঘাত মাত্র ? অথবা তাহা হইতে ভিন্ন ?—এইরূপ সংশয় হয়। কারণ, "চকুর হারা দর্শন করিতেছে", "মনের হারা জানিতেছে" "বুদ্ধির হার। বিচার করিতেছে", "শরীরের ঘারা স্থধ দু:খ অনুভব করিতেছে", এইরূপ যে "ব্যপদেশ" হয়, ইহা কি অবয়বের দ্বারা দেহাদি-সংঘাতরূপ সমুদায়ের ব্যপদেশ ? অথবা অন্যের **বারা অন্যের ব্যপদেশ ?—ই**হা নিশ্চয় कदा योग्र ना ।

ভাষ্য। অন্যেনারমন্যস্য ব্যপদেশ:। কমাৎ ?

অসুবাদ। (উত্তর) ইহা অন্যের দারা অন্যের ব্যপদেশ। (প্রশ্ন) কেন ?

সূত্র। দর্শন-স্পর্শনাভ্যাযেকার্থগ্রহণাৎ ॥১॥১১১॥

অফুবাদ। (উত্তর) যেহেতু "দর্শন" ও "স্পর্শনের" দারা অর্থাৎ চক্ষ্রিন্দ্রিয় ও ছগিন্দ্রিয়ের দারা (একই জ্ঞাতার) এক পদার্থের জ্ঞান হয়।

বিবৃতি। দেহাদি-সংঘাত আশ্বা নহে। কারণ ঐ দেহাদি-সংঘাতের অন্তর্গত ইন্দ্রিরর্গ আশ্বা নহে, ইহা নিশ্চিত। ইন্দ্রিরকে আশ্বা বলিনে, ভিন্ন ভিন্ন ইন্দ্রিরকে ভিন্ন ভিন্ন প্রত্যক্ষের কর্ত্ত। ভিন্ন ভিন্ন আশ্বা বলিতে হইবে। তাহা হইলে ইন্দ্রির কর্ত্ত্ব ভিন্ন ভিন্ন প্রত্যক্ষগুলি এককর্ত্ব হইবে না। কিন্তু "আমি চক্ষুরিন্দ্রিরের ঘারা যে পদার্থকে দর্শন করিয়াছি, দেই পদার্থকে ঘগিন্দ্রিরের ঘারাও স্পর্শ করিতেছি"—এইরূপে ঐ দুইটিপ্রত্যক্ষের মান্য প্রত্যক্ষ হইয়া থাকে। ঐ মান্য প্রত্যক্ষের ঘারা পূর্বজ্ঞাত সেই দুইটিপ্রত্যক্ষ যে একবিষয়ক এবং এককর্ত্বক, অর্থাৎ একই জ্ঞাতা যে একই বিষয়ে চক্ষুরিন্দ্রিয় ও ঘগিন্দ্রিয়ের ঘারা সেই দুইটিপ্রত্যক্ষ করিয়াছে, ইহা বুঝা যায়। স্থতরাং ইন্দ্রিয় আশ্বা নহে, ইহা নিশ্চিত।

ভাষ্য। দর্শনেন কশ্চিদর্থো গৃহীতঃ. স্পর্শনেনাপি সোহর্থো গৃহাতে,
যমহমদ্রাক্ষং চক্ষ্মা তং স্পর্শনেনাপি স্পৃশামীতি, যঞ্চাম্পাক্ষং স্পর্শনেন,
তং চক্ষ্মা পশ্যামীতি। একবিষয়ে চেমৌ প্রত্যয়াবেককর্ত্কৌ প্রতিসন্ধীয়েতে, ন চ সভ্যাতকর্ত্কৌ, নেল্রিয়েণৈক -কর্তকৌ। তদ্যোহসৌ
চক্ষ্মা ছগিল্রিয়েণ চৈকার্থস্থ গ্রহীতা ভিন্ননিমিন্তা বনস্থকর্ত্কৌ প্রত্যয়ৌ
সমানবিষয়ে প্রতিসন্দর্ধাতি সোহর্বাস্তরভূত আত্মা। কথং পুননে ল্রিয়েন্
নৈককর্ত্কৌ ? ইল্রিয়ং খলু ধ-স্ব বিষয়গ্রহণ্মনস্থকর্ত্কং প্রতিসন্ধাত্তমর্হতি নেল্রিয়ান্তরস্থ বিষয়ান্তরগ্রহণমিতি। কথং ন সংঘাতকর্ত্কৌ ?
একঃ খল্বয়ং ভিন্ননিমিন্তৌ স্বাত্মকর্ত্কে প্রতিসংহিতৌ প্রত্যয়ৌ বেদয়তে,

১। "ইন্ডিয়েল" এই ছলে অভেদ অথে তৃতীয়া বিভক্তি বুঝা যায়।

২। ভিলমিডিয়ং নিমিতং যহোঃ।

ও। "অননাকর্থা আ**রেক**কর্কৌ।

৪। "সমানবিষয়ৌ" প্রবামেকং বিষয় ইতার্থঃ।—তাৎপর্যা চীকা।

ন সংঘাতঃ । কত্মা**ং ? অনিবৃত্তং হি সংঘাতে ওপ্রত্যেকং বিষয়ান্তর—** গ্রহণস্থাপ্রতিসন্ধানমিন্দ্রিয়ান্তরেণেবেতি ।

অমুবাদ। "দর্শনের" দ্বারা (চক্স্রিন্দ্রিরের দ্বারা) কোন পদার্থ জ্ঞাত হইয়াছে, "স্পর্শনের" দ্বারাও (ত্বগিন্দ্রিরের দ্বারাও) সেই পদার্থ জ্ঞাত হইতেছে, (কারণ) "যে পদার্থকে আমি চক্স্র দ্বারা দেখিয়াছিলাম, তাহাকে দ্বনিন্দ্রের দ্বারাও স্পর্শ করিতেছি," এবং "যে পদার্থকে দ্বনিন্দ্রের দ্বারা স্পর্শ করিয়াছিলাম, তাহাকে চক্স্র দ্বারা দর্শনকরিতেছি,"। এইরূপে একবিষয়ক এই জ্ঞানদ্বয় (চাক্স্ম ও স্পার্শন-প্রত্যক্ষ) এককর্তৃকরূপে প্রতিসংহিত (প্রত্যাভিজ্ঞাত) হয়, সংঘাত-কর্তৃকরূপে প্রতিসংহিত হয় না, ইন্দ্রেররূপ এককর্তৃকরূপেও প্রতিসংহিত হয় না। [অর্থাৎ একপদার্থ-বিষয়ে প্রের্বাক্ত চাক্ষ্ম ও স্পার্শন প্রত্যাক্ষর যে প্রত্যাক্ষর যে প্রত্যাভিজ্ঞা হয়, তদ্বারা বুঝা য়ায়, ঐ দ্বইটি প্রত্যাক্ষর একই কর্ত্তা—দেহাদিসমন্তি উহার কর্তা নহে; কোন একটিমাত্র ইন্দ্রিয়ও উহার কর্তা নহে।]

অতএব চক্ষ্রিন্দ্রিয়ের দারা এবং ত্বনিন্দ্রিয়ের দারা একপদার্থের জ্ঞাতা
এই যে পদার্থ, ভিন্ন-নিমিত্তক (বিভিন্নেজ্জিয়-নিমিত্তক) অম্বত্তক্ত্
একাত্মকর্ত্ত্বক) সমান-বিষয়ক (একজব্য-বিষয়ক) জ্ঞানদ্বয়কে
পূর্ব্বোক্ত ছুইটি প্রভাক্ষকে) প্রভিসন্ধান করে, ভাহা অর্থান্তরভূত,
মর্থাৎ দেহাদি-সংঘাত বা ইন্দ্রিয় হইতে ভিন্ন আত্মা।

(প্রশ্ন) ইন্দ্রিয়রূপ একবর্ত্তক নহে কেন? অর্থাৎ পূর্বের্বাক্ত এক-

২। ''সংঘাতে'' এই ছলে স্থমী বিভজির দারা অন্ধর্গতছ অপু হুঝা যাইতে বারে। কেবলামুয়া অনুমানের ব্যাখ্যারডে টাকাকার জগদীদ লিখিয়াছেন, ''নিদ্ধারণ ইব অন্ধর্গতছে২গি সপ্থমীপ্রয়োগাৎ" ভাষ্যের শেষে ''ইন্দ্রিয়ান্তরেগ'' এইরাপ তৃতীয়ান্ত টগমান গদের প্রয়োগ থাকায়, ''প্রত্যেকং" এই উপমেয় গদও তৃতীয়ান্ত বুঝিতে ইইবে। অপ্রতিসন্ধানের প্রতিযোগী প্রতিসন্ধান ক্রিয়ার কর্ত্বকারকে ঐ ছলে তৃতীয়া বিভজির প্রয়োগ হইয়াছে এবং ঐ প্রতিসন্ধান ক্রিয়ার কর্ত্বকারকে (বিষয়ান্তরপ্রহণ্ডাই ছলে) কৃদ্যোগে মুহুটা বিভজির প্রয়োগ হইয়াছে ''উভরপ্রান্তে কর্ত্বিগি।''—

বিষয়ক তুইটি প্রত্যক্ষ কোন একটি ইন্দ্রিয় কর্ত্তক নহে, ইহার হেতৃ কি ? (উত্তর) যেহেতু ইন্দ্রিয় অন্যাকর্ত্তক অর্থাৎ নিষ্ণ কর্ত্তক স্ব স্ব বিষয়-জ্ঞানকেই প্রতিসন্ধান করিতে পারে, ইন্দ্রিয়াস্তর কর্তৃক বিষয়াস্তর-জ্ঞানকে প্রতিসন্ধান করিতে পারে না। (প্রশ্ন) সংঘাতকর্তৃক নহে কেন ? অর্থাৎ পূর্বেবাক্ত তুইটি প্রাভাক্ষ দেহাদি-সংঘাতকর্ত্তক নহে, ইহার হেতু কি ? (উত্তর) যেহেতু এই এক জ্ঞাতাই ভিন্ননিমিত্ত জ্বন্ত নিজ কর্তৃক প্রতিসংহিত অর্থাৎ প্রতিসন্ধানরূপ জ্ঞানের বিষয়ীভূত জ্ঞানদয়কে (পূর্ব্বোক্ত প্রত্যক্ষদমকে) জানে, সংঘাত জানে না, অর্থাৎ দেহাদি সংঘাত ঐ প্রতাক্ষদয়ের প্রতিসন্ধান করিতে পারে না (প্রশ্ন)কেন ? অর্থাৎ দেহাদি-সংঘাত এ প্রত্যক্ষন্বয়কে প্রতিসন্ধান করিতে পারে না, ইহার হেতু কি ? (উত্তর) যেহেতু অক্স ইন্দ্রিং কর্ত্তক অন্য বিষয়জ্ঞানের অর্থাৎ সেই ইন্দ্রিয়ের অগ্রাহ্য বিষয়াস্তরের জ্ঞানের প্রতিসন্ধানের অভাবের গ্রায় দেহাদি সংঘাতের অন্তর্গত প্রত্যেক পদার্থ (দেহ, ইন্দ্রিয় প্রভৃতি) কর্ত্তক বিষয়াস্তরজ্ঞানের প্রতিসন্ধানের অভাব নিবৃত্ত হয় না। [অথাৎ ঐ দেহাদি সংঘাতের অন্তর্গত দেহ, ইন্দ্রিয় প্রভৃতি প্রত্যেক পদার্থ ই একে অপরের বিষয়জ্ঞানের প্রতিসন্ধান করিতে না পারায়, ঐ দেহাদিসংঘাত পূর্ব্বোক্ত প্রত্যক্ষত্তরকে প্রতিসন্ধান করিতে পারে না. ইহা স্বীকার্য্য।

টিপপনী। কর্তা ব্যতীত কোন ক্রিয়াই হইতে পারে না। ক্রিয়ান্মাক্রেরই কর্তা আছে। স্থতরাং "চক্ষুর হারা দর্শন করিতেছে", "মনের হারা বুঝিতেছে", "বৃদ্ধির হারা বিচার করিতেছে", "শরীরের হারা স্থাপুথে অনুভব করিতেছে" ইত্যাদি বাক্যের হারা দর্শনাদি ক্রিয়া ও চক্ষুরাদি করণের কোন কর্তার সহিত সম্বন্ধ বুঝা যায়। অর্থাৎ কোন কর্তা চক্ষুরাদি করণের হারা দর্শনাদি ক্রিয়া করিতেছে,—ইহা বুঝা যায়। ন্যায়মতে আছাই কর্তা। কিন্ত ঐ আছা কে, ইহা বিচার হারা প্রতিপাদন করা আবশ্যক। "চক্ষুর হারা দর্শন করিতেছে" ইত্যাদি পুর্বেজি বাক্যের হারা তি করণের কর্তার সহিত সম্বন্ধ ক্থিত হওয়ায়, উহার নাম "ব্যথাদেশ"। কিন্ত ঐ ব্যথদেশ যদি চক্ষুরাদি অবয়বের হারা সমুদায়ের

(সংখাতের) ব্যপদেশ হয়, ভাহা হইলে দেহাদিসংখাতই দর্শনাদি াক্রয়ার কর্ত্তা বা আছা, ইহা সিদ্ধ হয়। আর যদি উহা অন্যের ছারা অন্যের বাপদেশ হয়, তাহা হইলে ঐ দর্শনাদি ক্রিয়ার কর্তা—আয়া দেহাদি **সংঘাত হইতে অতিরিক্ত, এই সিদ্ধান্ত বুঝা যায়। ভাষ্যকা**ৰ विष्ठाद्वत खना श्रथाम शृद्धी छ पिविध वाश्रीतमा विषय मः मार्थन शृद्धिक ঐ ব্যপদেশ অন্যের হারা অন্যের ব্যপদেশ, এই ফিলান্তপক্ষের উল্লেখ করিয়া উহা সমর্থন করিতে মহর্ষির সিদ্ধান্তস্ত্রের অবতারণা করিয়াছেন। সূত্রে যদ্বারা দর্শন করা যায—এই অর্থে 'দর্শন'' শক্সের অর্থ এখানে 'চক্ষুরিক্রিয়া'। এবং যদ্ধারা স্পর্শ করা যায়—এই অর্থে ''ম্পর্শন'' শব্দের पर्ध 'षिर्शिक्ता'। भर्शंष विनियार्ष्ट्न (य, ठक्क् विक्रिय ७ प्रशिक्तिस्य घात्र। একই পদাবেব জ্ঞান ইইয়া খাকে। অর্থাৎ কোন পদার্থকে চক্ষুর ছার। দর্শন করিয়া **ত্তািন্ত্রিরের ঘারাও** ঐ পদার্থের স্পার্শন প্রত্যক্ষ করে। মংষির তাৎপর্য্য এই যে, চকুর হার। দর্শন ও তাগিক্রিয়ের হার। স্পার্শন, এই দুইটি প্রত্যক্ষের একই কর্ত্তা। দেহাগি-সংঘাতরূপ অনেক পদার্থ, অথবা কোন একটি ইন্দ্রিয়ই ঐ প্রত্যক্ষরমের কর্তা নহে। স্থতরাং দেহাদি-সংঘাত অথব। ইক্রিয় আলা নহে, ইহা সিদ্ধ হয়। একই ব্যক্তি যে, চক্ষ্রিক্রিয় ও ম্বিলিসের মারা এক পদার্থের প্রত্যক্ষ করে, ইহা বুঝাইতে ভাষ্যকার বলিয়াছেন যে, 'বে পদার্থকে আমি চক্ষুর দারা দর্শন করিয়াছিলাম ভাহাকে স্বগিল্রিয়ের দারাও স্পর্ণ কবিতেছি'' ইত্যাদি প্রকারে একবিষয়ক ঐ দুইটি প্রতাক্ষের যে প্রতিসন্ধান (মানস-প্রতাক্ষ-বিশেষ) জনেন, ওদাবা ঐ দুইটি প্রতাক্ষ যে এককর্তৃক, মর্থাৎ একট ব্যক্তি যে, ঐ দুটি প্রত্যক্ষের কর্তা, ইহা সিদ্ধ হয়। পূর্ব্বোক্ত নান্যপ্রতাক্ষরপ প্রতি-গধান-স্তা**নকে** ভ্রম বলিবাব বোন কাবণ নাই। স্থতরাং প্রত্যক্ষ প্রমাণের গারাই পূবেরীভে প্রত্য**ক্ষরয়ে**র এককর্তৃকি**ড সিদ্ধ হও**য়ায়, **ত**িছ**য**ে কোন সংশয় হইতে পারে না। পুর্বোক্ত এক পদা -িবিয়য়**ক দুইটি** প্রত্যক े জিয়রপ একক**র্ক নহে কেন ?** সর্থাৎ যে ই ক্রিয় দর্শনের কর্ত্তা, তাহাই পাশনের কর্ত্তা, ইহা কেন বলা যায় না ? ভাষ্যকার ইহা বুঝাইতে বলিয়াছেন যে, ইল্লিয়গুলি ভিন্ন, এবং উহাদিগের গ্রাহ্যবিষয়ও ভিনা। সমস্ত পদার্থ যে কোন একটি ইন্সিয়ের গ্রাহ্য নছে। স্থতরাং চক্ষ্ রিন্সিয়কে দর্শনের কর্ত্তা বলা গেলেও স্পার্শনের কর্তা বলা যায় না। স্পর্শ চক্ষুরিদ্রিরেয় বিষয় না হওয়ার, **স্পর্শে**র প্রত্যক্ষে চক্ষঃ কর্ত্তাও হইতে পারে না। অতরাং ইক্রিয়কে প্রতাকের কর্তা বলিতে হইলে, ভিন্ন ভিন্ন ইচ্লিয়কে

ভিন্ন ভিন্ন প্রত্যক্ষের কর্তাই বলিতে হইবে। তাল হইলে পূর্ব্বোক্ত স্থলে কোন একটি ইন্দ্রিয়ই সেই দিবিধ প্রত্যক্ষের কর্ত্তা, ইখা আর বলা যাইবে না। তাহা বলিতে গেলে পূর্ব্বোক্তরূপ যথার্থ প্রতিসন্ধান উপপন্ন হইবে না। কারণ, চক্ষুরিক্রিয়কেই যদি প্র্কোক্ত প্রত্যক্ষ্বয়ের কর্ত্তা বলা হয়, তাহা হইলে ঐ চক্ষুরিন্দ্রিয়কেই ঐ প্রত্যক্ষণের প্রতিসদ্ধানকর্তা বলিতে হইবে। কিছ চক্রবিক্রিয় তাহার নিজ কর্তুক নিজ বিষয়জ্ঞানের অর্থাৎ দর্শনরূপ প্রতাকের প্রতিশন্ধান করিতে পারিলেও স্বগিল্রিয় কর্তৃকি বিষয়া**ত**র-জ্ঞানকে অর্থাৎ ম্পার্শন প্রত্যক্ষকে প্রতিসন্ধান করিতে পারে না । কারণ, যে পদার্থের প্রতিসন্ধান বা প্রত্যাভিজ্ঞা হইবে, তাহার সমরণ আবশ্যক। সমরণ ব্যতীত প্রত্যভিঞ। ছনেম না। একের জ্ঞাত পদার্থ অন্যে সমরণ করিতে পারে না, ইহা সর্বসিদ্ধ। স্থতরাং ত্বসিল্রের কর্তৃকি যে প্রত্যক্ষ, চক্ষুরিন্দ্রিয় তাহা সমরণ করিতে না পারায়, প্রতিসন্ধান করিতে পারে না। স্নতরাং কোন একটি ইন্দ্রিয়ই যে, পূর্ব্বোক্ত প্রত্যক্ষরয়ের কর্ত্তা নহে, ইহা বুঝা যায়। দেহাদিসংঘাতই ঐ প্রত্যক্ষধয়ের কর্ত্তা নহে কেন ? ইহা বুঝাইতে ভাঘ্যকার বলিয়াছেন যে, একই জ্ঞাতা নিজকর্তৃক ঐ প্রত্যক্ষরের প্রতিশদ্ধান করে, অর্থাৎ ''যে আমি চক্ষুর দ্বারা এই পদার্থকে দর্শন করিয়াছিলাম, সেই আমিই ছগিল্রিয়ের দারা এই পদার্থকে স্পর্নন করিতেছি।" এইরূপে ঐ চাক্ষ্ম ও স্পার্শন প্রত্যক্ষের মানস-প্রত্যক্ষরপ প্রত্যভিজ্ঞা করে, দেহাদি-সংঘাত ঐ প্রতিসন্ধান করিতে পারে না। স্বতরাং দেহাদি-সংঘাত ঐ প্রত্যক্ষয়ের কর্তা নহে, ইহা বুঝা যায়। দেহাদি-সংঘাত ঐ প্রত্যক্ষরতে প্রতিসন্ধান করিতে পারে না কেন ? ইহা **বুঝাইতে ভাষ্যকার দৃষ্টান্ত হার। বলিয়াছেন যে, যেমন এক ইচ্চিয় অন্য ইন্দ্রিয়ের** জ্ঞাত বিষয়ের জানকে প্রতিসন্ধান করিতে পারে না, কারণ, একের জাত বিষয় অপরে সমরণ করিতে পারে না, তদ্রুপ দেহাদি-সংঘাতের অ**ন্তর্গত দে**হ, ইা**ন্দ্র**য় প্রভৃতি প্রত্যেক পদার্থ একে অ**পরে**র জ্ঞাত বিষয়-জ্ঞানকে প্রতিসন্ধান করিতে পারে না। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, বহু পদার্থেব সমষ্ট্রকে ''সংঘাত ' বলে ঐ ''সংঘাতে''র অন্তর্গত প্রত্যেক পদার্থ বা ব্যষ্টি হইতে সংঘাত বা সমষ্টি কোন অতিরিক্ত পদার্থ নহে ! দেহাদি-সংখাত উহার অন্তর্গত দেহ, ইন্সিয় প্রভৃতি ব্যষ্টি হইতে অতিরিক্ত পদার্থ হইলে, অতিরিক্ত আত্বাই স্বাকৃত হ**ইবে**। স্থতরাং দেহাদি-সং**যাত** দেহাদি প্রত্যেক পদার্থ হইতে পুথক পদার্থ নহে, ইহা স্বীকার করিতেট হইবে। কিন্তু ঐ দেহাদি-সংঘাতের অন্তর্গত দেহ প্রভৃতি কোন পদার্থই একে

অপরের বিষয়জ্ঞানকৈ প্রতিসন্ধান করিন্তে পারে না। দেহ কর্তু ক যে বিষয়জ্ঞান হইবে, ইন্দ্রিয়াদি তাহা সমরণ করিতে না পারায়, প্রতিসন্ধান করিতে
পারে না। ইন্দ্রিয় কর্তু ক যে বিষয়জ্ঞান হইবে, দেহাদি তাহা সমরণ করিতে
না পারায়, প্রতিসন্ধান করিতে পারে না। এইরূপে দেহ প্রভৃতি প্রত্যেক
পদার্থ যদি অপরের জ্ঞানের প্রতিসন্ধান করিতে না পারে, তাহা হইলে
ঐ দেহাদি-সংখাতও পুর্বেজ দুই ইন্দ্রিয় জন্য দুইটি প্রত্যক্ষের প্রতিসক্ষা করিতে পারে না, ইহা স্থীকার্য্য। কারণ, ঐ সংখাত দেহ প্রভৃতি

াক পদার্থ হইতে পৃথক কোন পদার্থ নহে। প্রতিসন্ধান জনিমলে, প্রতিসন্ধানের অভাব যে অপ্রতিসন্ধান, তাহা নিবৃত্ত হয়। কিন্তু দির অন্তর্গত প্রত্যেক পদার্থ কর্তুক বাদীর অভিমত যে বিষয়ান্তরনর প্রতিসন্ধান, তাহা কথনই জনেম না, জনিমবার সন্তাবনাই নাই, গেখানে অপ্রতিসন্ধানের কোন দিনই নিবৃত্তি হয় দা। ভাষ্যকার হাব প্রকাশ করিতেই অর্থাৎ ঐক্যপ প্রতিসন্ধান কোন কালেই জনিমবার না নাই, ইহা প্রকাশ করিতেই এথানে "অপ্রতিসন্ধান; অনিবৃত্তং" প ভাষা প্রয়োগ করিয়াছেন।

এখানে সমরণ করা আবশ্যক যে, ভাষ্যকার মহর্ষির এই সুত্রানুসারে ইন্দ্রির ভিন্ন, এই সিদ্ধান্তকেই প্রথম অধ্যায়ে "অধিকরণ সিদ্ধান্তে"র রণরূপে উল্লেখ করিরাছেন। এই সিদ্ধান্তের সিদ্ধিতে ইন্দ্রিয়ের প্রভৃতি অনেক আনুষন্ধিক সিদ্ধান্ত সিদ্ধ হয়। কারণ, ইন্দ্রিয় এবং ইন্দ্রিয়ের বিষয় নিয়ম আছে, এবং ইন্দ্রিয়েগুলি জ্ঞাতার জ্ঞানের এবং স্ব স্ব বিষয়-জ্ঞানই ইন্দ্রিয়বর্গের অনুমাপক, এবং ইন্দ্রিয়ের গদ্ধাদি গুণগুলি তাহাদিগের আধার দ্রব্য হইতে ভিন্ন পদার্ন, যিনি জ্ঞাতা, তিনি সর্ব্বেদ্রিয়গ্রাহ্য সর্ব্বিষয়েই জ্ঞাতা। এই সমন্ত না মানিলে, মহর্ষির এই সুত্রোক্ত যুক্তির মান্ন। আদ্বা ইন্দ্রিয়-ভিন্ন, িদ্ধান্ত সিদ্ধ হইতে পারে না। ১ম খণ্ড ২৬৪ পুষ্ঠা দ্রষ্টব্য ।।১।।

সুত্র। ন বিষয়-ব্যবস্থানাৎ ॥২॥২০০॥

স্থবাদ। (পূর্ববপক্ষ) না, অর্থাৎ আজা দেহাদি-সংঘাত ইইতে া নহে, যেহেড় বিষয়ের ব্যবস্থা অর্থাৎ ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের নির্ম ্ব।

াষ্য। ন দেহাদিসংঘাতাদন্যশ্চেতনঃ, কম্মাৎ ? বিষয়-ব্যবস্থানাৎ !

ব্যবস্থিত বিষয়াণী ক্রিয়াণি, চক্ষ্যসতি রূপং ন গৃহ্যতে, সভি চ গৃহ্যতে।

যচচ বিশিল্পসতি ন ভবতি সতি ভবতি, তস্ম তদিতি বিজ্ঞায়তে।

তস্মাজেপগ্রহণং চক্ষ্যং, চক্ষ্যু রূপং পশ্যতি। এবং ঘ্রাণাদিম্পীতি ।

তানী ক্রিয়াণীমানি স্ব-স্ব-বিষয়গ্রহণাচেত নানি, ইন্দ্রিয়াণাং ভাবাভাবায়োবিষয়গ্রহণস্ম তথাভাবাৎ। এবং সতি কিমন্যেন চেতনেন ?

সন্দির্মতাদহেতুঃ। যোহ্যমিন্দ্রিয়াণাং ভাবাভাবয়োর্ব্বিষয়গ্রহণস্থ ভণাভাবং, স কিং চেতনছাদাহোস্বিচেতনোপকরণানাং গ্রহণনিমিত্তছাদিতি সন্দিহাতে। চেতনোপকরণত্বেইপীন্দ্রিয়াণাং গ্রহণনিমিত্তছাদ্ভবিতুমইতি।

অসুবাদ। চেতন অর্থাৎ আত্মা দেহাদি-সংঘাত হইতে ভিন্ন নহে।
(প্রাশ্ন) কেন ? (উত্তর) যেহেতু বিষয়ের ব্যবস্থা আছে। বিশদার্থ
এই যে, ইন্দ্রিয়গুলি ব্যবস্থিত বিষয়; চক্ষু না থাকিলে রূপ প্রভ্যক্ষ
হয় না, চক্ষু থাকিলে রূপ প্রভ্যক্ষ হয়। যাহা না থাকিলে যাহা
হয় না, থাকিলেই হয়, তাহার তাহা, অর্থাৎ সেই পদার্থেই তাহার
কার্য্য সেই পদার্থ জন্মে, ইহা বুঝা যায়। অতএব রূপজ্ঞান চক্ষুর,
চক্ষু রূপ দর্শন করে। এইরূপ আ্রাণ প্রভৃতিতেও বুঝা যায়, অর্থাৎ
প্র্বোক্ত যুক্তির ঘারা আন প্রভৃতি ইন্দ্রিয়গুলি স্ব স্ব বিষয়
গ্রহণ করায়, চেতন। যেহেতু ইন্দ্রিয়গুলির সত্তা ও অসত্তায় বিষয়
জ্ঞানের তথাভাব (সত্তা ও অসত্তা) আছে। এইরূপ হইলে অর্থাৎ
ইন্দ্রিয়বর্গে চেতনত্ব সিদ্ধ হইলে, অন্য চেতন ব্যর্থ, অর্থাৎ অতিরিক্ত
কোন চেতন পদার্থ স্বীকার অনাবশ্যক।

(উত্তর) সন্দিশ্বত্বশতঃ (পূর্বেপক্ষবাদীর প্রযুক্ত হেতু) অহেতু, অর্থাৎ উহা হেতুই হয় না। (বিশদার্থ) এই যে, ইন্দ্রিয়গুলির সতা ও অসতার বিষয়জ্ঞানের তথাভাব, ভাহা কি (ইন্দ্রিয়গুলির) চেতনত্ব-প্রযুক্ত? অথবা চেতনের উপকরণগুলির (চেতন সহকারী ইন্দ্রিয়-গুলির) জ্ঞাননিমিতত্বপ্রযুক্ত, ইহা সন্দিশ্ধ। ইন্দ্রিয়গুলির চেতনের উপকরণত্ব হইলেও অর্থাৎ ইন্দ্রিয়গুলি চেতন না হইয়া, চেতন আত্মার সহকারী হইলেও জ্ঞানের নিমিত্তত্বশতঃ (পূর্ব্বোক্ত নিয়ম) হইতে পারে।

টিপ্পনী। চক্ষরাদি ইন্দ্রিয়গুলি দুর্শনাদি জ্ঞানের কর্ত্তা চেতন পদার্থ নহে, ইহা মহাধি প্রথমোক্ত দিদ্ধান্ত সূত্রের দার। বলিয়াছেন। তদ্মার। দেহাদি-সংঘাত দর্শনাদিজানের কর্তা আত্মা নহে, এই গিদ্ধান্তও প্রতিপন তইয়াছে। এখন এই সূত্রের দার। পূর্বপক্ষ বলিয়াছেন যে, ইক্রিএগ্রাহ্য বিষযের নিয়ম থাকায়, ইন্দ্রিয়গুলিই দর্শনাদি জ্ঞানের গর্ভা চেতনপদার্থ, ইহা বুঝা যায়। স্ত্রাং দেহাদিসংঘাত হইতে ভিন্ন কোন চেতনপদার্থ নাই, অথাৎ পুরের্বাক্ত দেহাদি-স ঘাতই আত্ম। ভাদ্যকার মহবির তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, ইন্দ্রিয়গুলি ব্যবস্থিত বিষয়। চক্রিন্দ্রিয় না খাকিলে কেহ রূপ দেখিতে পাবে না, চক্ষরিন্দ্রিয় থাকিলেই রূপ দেখিতে পারে ৷ এইরূপ ঘ্রাণাদি ইন্দ্রিশ থাকিলেই গদ্ধানির প্রত্যক্ষ হয়, অন্যথা হয় না। ইন্দ্রিয়গুলির গতা 'ও অসতায় রূপাদি-বিষয় জ্ঞা**নের পর্ব্বোজন্মপ** গতা ও অগতাই এখানে ভাষাকারের মতে গুত্রকারোক্ত বিষয়বাবস্থা। তদ্বাবা বুঝা যায়, চক্ষুবাদি ইন্দ্রিয়গুলিই রূপাদি প্রত্যক্ষ করে। কারণ, रय পर्नार्थ ना थाकित्न यादा दय ना, शतुष्ठ थाकित्नरे दय, जाहा के প্ৰার্থেরই ধর্ম, ইহা সিদ্ধ হয়। চক্ষ্রাদি ইল্মিগুলি না থাকিলে রূপাদি জ্ঞান হয় না, পরন্ত থাকিলেই হয়, স্থতরাং রূপাদি-জ্ঞান চক্ষরাদি ইন্দ্রিয়েরই গুণ—ইহা বুঝা যায়। তাহা *হইলে* চক্রাদি ইঞ্রিয় বা দেহাদি-সংবাদ ভিন্ন আৰু কোন চেতনপদার্থ স্বীকার অনাবশ্যক।

মহানি পানবর্ত্তী সুত্রের হাবা এই পূর্ব্বপক্ষের নিরাস করিলেও ভাষ্যকার এখানে স্বতন্তভাবে এই পূর্ব্বপক্ষের নিরাস করিতে বলিয়াছেন যে, পূর্ব্ব-পক্ষরাদীর কথিত বিষয়-ব্যবস্থার হারা তাঁহার সাধ্যসিদ্ধি হইতে পারে না। কারণ, সন্দিগ্রন্থবশতঃ উহা হেতুই হয় না। ইন্দ্রিয়গুলির সন্তা ও অসন্তার বিষয়জ্ঞানের যে সন্তা ও অসন্তা, তাহা কি ইন্দ্রিয়গুলির চেতনন্তপ্রযুক্ত ? এথবা ইন্দ্রিয়গুলি চেতনের সহকারী বলিয়া উহাদিগের জ্ঞাননিমিন্তন্ত্রপুক্ত ? পূর্ব্বোক্তর্মপ সংশ্যবশতঃ ঐ হেতুর হারা ইন্দ্রিয়গুলির চেতনন্ত সিদ্ধি হয় না। ইন্দ্রিয়গুলি চেতন না হইয়া চেতন আহার সহকারী ২ইলেও, উহাদিগের সন্তা ও অসন্তার রূপাদি বিষয়-জ্ঞানের সন্তা ও অসন্তা হুইতে পারে। কারণ, উহারা রূপাদি বিষয়-জ্ঞানের নিমিন্ত বা কারণ।

স্তুত্রাং ইন্দ্রিরগুলির সতা ও সাতায় রূপাদি বিষয়**ভাতনর সতা** ও অসন্তার্মপ যে বিষয়-ব্যবস্থা, তদ্ধারা ইন্দ্রিরগুলিই চেতন, উহারাই রূপাদি-জানের কর্ত্তা, ইহা সিদ্ধ হইতে পারে না। প্রদীপ থাকিলে রূপ প্রত্যক্ষ হয়; প্রদীপ না থাকিলে অন্ধকারে রূপ প্রত্যক্ষ হয় না, তাই বলিয়া কি ঐ স্থানে প্রদীপত্তক রূপপ্রত্যক্ষের কর্তা চেতনপদার্থ বলিতে হইবে? পূর্ব্বপক্ষবাদীও ত তাহ। বলেন না। স্থতরাং ইন্সিয়গুলি প্রদীপের ন্যায় প্রতাক্ষকার্য্যে চেতন আশার উপকরণ বা সহকারী হইলেও যখন পূর্ব্বোজ-রূপ বিষয়-ব্যবস্থা উপপন্ন হয় তখন উহার ছার। পূর্ব্বপক্ষবাদীর সাধ্যসিদ্ধি হইতে পারে না। উহা অহেত বা হেম্বাভাগ ॥২॥

ভাষা। যজেকিং বিষয়-বাবস্থানাদিতি।

অমুবাদ। বিষয়ের ব্যবস্থাপুরু (ইন্সিয় হইতে অভিরিক্ত আরু। নাই) এই যে (পূর্ব্বপক্ষ) বলা হইয়াছে, (ভত্নত্তরে মহর্ষি বলিভেছেন) —

সূত্র। তদ্ব্যবস্থানাদেবাল্ল-সদ্ভাবাদ**প্রতিষেধঃ**॥৩॥২০১॥

অক্লবাদ ৷ (উত্তর) সেই বিষয়ের ব্যবস্থাপ্রযুক্তই আত্মার অভিত্ব-বশতঃ প্রতিষেধ নাই [অর্থাৎ পূর্ব্রপক্ষবাদী ইন্দ্রিয় হইতে অতিরিক্ত আত্মার প্রতিষেধসাধনে যে বিষয়-ব্যবস্থাকে হেতু ৰলিয়াছেন, তাহা ইন্দ্রিয় হইতে অভিরিক্ত আত্মার অন্তিত্বেরই সাধক হওয়ায়, উহা বিরুদ্ধ, স্বতরাং উহার দার। ঐ প্রতিষেধ সিদ্ধ হয় না ।

ভাষা। যদি খলেকমিন্দ্রিয়মবাবস্থিতবিষয়ং সর্ববিষয়গ্রাহি চেতনং স্থাৎ কন্ততোহন্য চেতনমহুমাতুং শকুয়াৎ। যস্মাত্ত, ব্যবস্থিত-বিষয়াণীন্দ্রিয়াণি, ভস্মান্তেভ্যোহন্যুশ্চভনঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিষয়গ্রাহী বিষয়ব্যবস্থিতিতো২সুনীয়তে। তত্ত্রেদমভিজ্ঞানমপ্রত্যাখ্যেয়ং চেতনবৃত্ত-মুদাছিয়ত। রূপদর্শী খলয়ং গদং গদং বা পূর্ব্বগৃ**হীতমগুমিনো**তি: গন্ধপ্রতিসংবেদী চ রূপরসাবসুমিনোতি। এবং বিষয়শেষেহপি বাচ্যং। রূপং দৃষ্ট। গন্ধং ভিত্ততি, আছা চ গন্ধং রূপং পশান্ত। ভদেবমনিরত-

পর্যায়ং সর্ববিষয়গ্রহণমেকচেতনাধিকরণমনন্যকর্তৃকং প্রতিসন্ধত্তে।
প্রত্যক্ষাসুমানাগমসংশয়ান্ প্রত্যয়াংশ্চ নানাবিষয়ান্ স্বাত্মকর্তৃকান্
প্রতিসন্ধায় বেদয়তে। সর্বার্থ বিষয়ঞ্চ শাস্ত্রং প্রতিপল্পতেহর্থমবিষয়ভূতং শ্রোত্রস্তা। ক্রমভাবিনো বর্ণান্ শ্রুত্বা পদবাক্যভাবেন প্রতিসন্ধায় শব্দার্থব্যবস্থাঞ্চ বৃধ্যমানোহনেকবিষয়মর্থজ্ঞাতমগ্রহণীয়মেকৈকেনেন্দ্রিয়েণ গৃহ্লাতি। সেয়ং সর্বজ্ঞস্ত জ্যোহব্যবস্থাহসূপদং ন শক্যা পরিক্রমিতৃং। আকৃতিমাত্রস্কুদাস্থতং। তত্র ষত্বক্তমিন্দ্রিয়চৈতন্যে সতি কিমন্যেন চেতনেন, তদযুক্তং ভবতি।

অনুবাদ। যদি অব্যবস্থিতবিষয়, সর্বজ্ঞ, সর্ববিষয়ের জ্ঞাতা অর্থাৎ বিভিন্ন সমস্ত ইন্দ্রিয়ের গ্রাহ্য বিষয়ের জ্ঞাতা, চেতন একটি ইন্দ্রিয় থাকিত (তাহা হইলে), সেই ইন্দ্রিয় হইতে ভিন্ন চেতন, কোন্ ব্যক্তি অনুমান করিতে পারিত। কিন্তু যেহেতু ইন্দ্রিয়গুলি ব্যবস্থিত বিষয়, অর্থাৎ ইন্দ্রিয়ের গ্রাহ্য বিষয়ের ব্যবস্থা বা নিয়ম আছে; সকল ইন্দ্রিয়ই সকল বিষয়ের গ্রাহক হইতে পারে না—অভএব বিষয়ের ব্যবস্থাপ্রক্র সেই ইন্দ্রিয়বর্গ হইতে ভিন্ন সর্ব্বজ্ঞ সর্ব্ববিষয়ের জ্ঞাতা চেতন (আত্মা) অনুমিত হয়।

ভিষ্টিয় চেত্রনস্থ অপ্রভ্যাথ্যেয় এই অভিজ্ঞান অর্থাৎ ব্যাধরণ চিহ্ন উদাহাত হইতেছে। রূপদর্শী এই চেত্রন পূর্ববজ্ঞাত রস বা গন্ধকে অহুমান করে। এবং গন্ধের জ্ঞাতা চেত্রন রূপ ও রসকে অহুমান করে। এইরূপ অবশিষ্ট বিষয়েও বলিতে হইবে। রূপ দেখিয়া গন্ধ জ্ঞাণ করে, এবং গন্ধকে জ্ঞাণ করিয়া রূপ দর্শন করে।

১। অসাধারণং চিহ্মভিজানমূচ্যতে, তচ্চাপ্রত্যাধ্যয়মনুত্রসিদ্ধছাৎ 'অনিরত-পর্যায়ং'' অনিরতক্রমমিত্যপৃঃ। অনেকবিষয়মপ্রজাতমিতি। অনেকপদার্থো বিষরো যস্যাপ্রভাতস্য তত্তথোজং। ''আফুতিমার্ল্লিতি। সামান্যমার্থিমতার্থঃ। তদেতচ্চেজন-রজং দেহ।দিজ্যো ব্যাবর্তমানং তদতিরিজং চেতনং সাধরতীতি ছিতং। নেজ্লাদ্যাধারত্বং দেহাদীনামিতি।—তাৎপর্যাচীকা।

সেই এইরূপ অনিয়তক্রম এক চেতনস্থ সর্ববিষয়জ্ঞানকে অভিন্নকর্তৃক-রূপে প্রতিসন্ধান করে। প্রভাক্ষ, অসুমান, আগম (শাব্দবাধ) ও সংশয়রূপ নানাবিষয়ক জ্ঞানসমূহকেও নিজকত্ করূপে প্রতিসন্ধান করিয়া জ্ঞানে। প্রবণেন্দ্রিয়ের অবিষয় অর্থ এবং সর্ব্বার্থবিষয় শান্ত্রকে জ্ঞানে। ক্রমোৎপন্ন বর্ণসমূহকে প্রবণ করিয়া পদ ও বাক্য ভাবে প্রতিসন্ধান (স্মরণ) করিয়া এবং শব্দ ও অর্থের ব্যবস্থাকে, অর্থাৎ এই অর্থ এই শব্দের বাচ্য এইরূপে শব্দার্থ-সঙ্কেতকে বোধ করতঃ এক এক ইন্দ্রিয়ের দ্বারা "অগ্রহণীয়" অনেক বিষয়, অর্থাৎ অনেক পদার্থ যাহার বিষয়, এমন অর্থসমূহকে গ্রহণ করে। সর্ব্বজ্ঞের অর্থাৎ সর্ব্ববিষয়ের জ্ঞাতা চেতনের জ্ঞেয় বিষয়ে সেই এই (পূর্ব্বোক্তরূপ) অব্যবস্থা (অনিয়ম) প্রত্যেক স্থলে প্রদর্শন করিতে পারা যায় না। আকৃতিমাত্রই অর্থাৎ সামান্যমাত্রই উদাহত হইল। তাহা হইলে যে বলা হইয়াছে, "ইন্দ্রিয়ের চৈতন্য থাকিলে অন্য চেতন ব্যর্থ," তাহা অর্থাৎ ঐ কথা অযুক্ত হইতেছে।

টিপপনী। চকুরাদি ইন্দ্রিয় থাকিলেই রূপাদি বিষয়ের প্রত্যক্ষ হয়, বন্যথা হয় না, এইরূপ বিষয়-ব্যবস্থা হেতুর হারা চকুরাদি ইন্দ্রিয়গুলিই তাইাদিগোর স্ব স্থা বিষয় রূপাদি প্রত্যক্ষের কর্তা—চেতনপদার্থ, ইহা সিদ্ধ ইয়। স্মৃতরাং ইন্দ্রিয় ভিল চেতনপদার্থ স্বীকার এনাবশ্যক, এই পূর্ব্বপক্ষ পূর্বসূত্রের দারা প্রকাশ করিয়া, তদুন্তরে এই সূত্রের দারা মহাঘি বলিয়াছেন যে, বিষয়-ব্যবস্থার হারা পূর্ব্বোজরূপে ইন্দ্রিয় ভিল আত্মান প্রতিষেধ করা ধার না। কারণ, বিষয়-ব্যবস্থার হারাই ইন্দ্রিয় ভিল আত্মান প্রতাধ করা ধার না। কারণ, বিষয়-ব্যবস্থার হারাই ইন্দ্রিয় ভিল আত্মান সভাব (অভিত্র) সিদ্ধ হয়। তাৎপর্যাটীকাকার বলিয়াছেন যে, নিষয়-ব্যবস্থারপ হেতু ইন্দ্রিয়াদির অচেতনত্বের সাধক হওয়ায়, উহা ইন্দ্রিয়াদির চেতনংখন সাধক হইতে পারে না, উহা পূর্ব্বপক্ষবাদীর স্বীকৃত্ব শিদ্ধান্তের বিরোধী হওয়ায়, "বিরুদ্ধ" নামক হেয়াভাস। ভাষাকার মহাদির এই বক্তব্য প্রকাশ করিতেই "যচেচান্তং" ইত্যাদি ভাষের হারা মহাদিপুত্রের অবতারণা করিয়াছেন। কিন্তু ইহা লক্ষ্য করা আবশ্যক যে, ভাষাকার পূর্ব্বিজ পূর্ব্বপক্ষস্ত্রে যেরূপ বিষয়-ব্যবস্থার হারা পূর্ব্বপক্ষ স্মর্থন করিয়াছেন —এই সূত্রে সেরূপ বিষয়-ব্যবস্থার হারা পূর্ব্বপক্ষ স্মর্থন করিয়াছেন —এই সূত্রে সেরূপ বিষয়-ব্যবস্থা অর্থাৎ পূর্ব্বপক্ষবাদীর

পূর্ব্বেজি হেতুই এই সূত্রে গৃহীত হয় নাই। চক্ষুরাদি বহিরিন্দ্রিয়বর্গের গ্রাহ্য বিষয়েব ব্যবস্থা অর্থাৎ নিয়ম আছে। রূপাদি সমস্ত বিষয়ই সব্বেলিয়ের গ্রাহ্য হয় না। রূপ, রুস, গন্ধ, স্পর্ণ ও শব্দের মধ্যে রূপই চক্ষুরিল্রিয়ের বিষয় হয়, এবং রুসই রুসনেল্রিয়ের বিষয় হয়, এইরূপে চক্ষুরাদি ইল্রিয়ের বিষয়ের ব্যবস্থা থাকায়, ঐ ইল্রিয়গুলি ব্যবস্থিত বিষয়। এইরূপ বিষয়-ব্যবস্থা হেতুর হারা ব্যবস্থিত বিষয় ইল্রিয়বর্গ হইতে ভিন্ন অব্যবস্থিত বিষয়, অর্থাৎ যাহার বিষয়-ব্যবস্থা নাই—যে পদাথ সর্ব্ববিষয়েরই জ্ঞাতা, এইরূপ কোন চেত্রন পদার্থ আছে, ইহা সিদ্ধ হয়। অবশ্য যদি অব্যবস্থিত বিষয় সর্ব্ববিষয়েরই জ্ঞাতা চেত্রন একটি ইল্রিয় থাকিত, তাহা হইলে অন্য চেত্রন পদার্থ স্থীকার অনাবশ্যক হওয়ায়, সেই ইল্রিয়কেই চেত্রন বা আন্থা বলা যাইত, তন্তিয়া চেত্রনের অনুমানও করা যাইত না। কিন্তু সর্ব্ববিষয়ের জ্ঞাতা কোন চেত্রন ইল্রিয় না থাকায়, ইল্রিয় ভিন্ন চেত্রনপদার্থ অবশ্যই স্থীকার্যা। পূর্বেজিরূপ বিষয়-ব্যবস্থা হেতুর হারাই উহা জনুমিত বা সিদ্ধ হয়।

একই চেতনপদার্থ যে সর্ববিষয়ের ভাতা, সর্বপ্রকার জ্ঞানট যে একই চেতনের ধর্ম, ইহ। বুঝাইতে ভাষ্যকার শেষে চেতনগত অভিজ্ঞান অর্থাৎ চেত্রন আত্মার অসাধারণ চিহ্ন বা লক্ষণ প্রকাশ করিয়াছেন। যে চেত্র-পদার্থ রূপ দর্শন করে, সেই চেতনই পূর্বজ্ঞাত রস ও গন্ধকে অনুমান করে এবং গন্ধ গ্রহণ করিয়া ঐ চেতনই রূপ 'ও রুস অনুমান করে, এবং রূপ দেখিয়া গদ্ধ আঘুণ করে, গদ্ধ আঘুণ করিয়া রূপ দর্শন করে। চেতনের এই সমস্ত জ্ঞান অনিয়তপর্য্যায়, অর্থাৎ উহার পর্য্যায়ের (ক্রমের) কোন নিয়ম নাই। রূপদর্শনের পরেও গন্ধভান হয়, গন্ধভানের পরেও রূপদর্শন হয়। এইরূপ এক চেত্তনগত অনিয়তক্রম সর্ববিষয়ভানের এক-মর্ভুকম্বরপেই প্রতিসন্ধান হওয়ায়, ঐ সমস্ত জ্ঞানই যে একবর্ডুক, ইহা সিদ্ধ হয়। ভাষ্যকার ভাঁহার এই পূর্ব্বেভি কথাই প্রকারান্তরে সমর্থন করিতে বলিয়াছেন যে, প্রত্যক্ষ, অনুমান ও শাব্দবোধ সংশয় প্রভৃতি নানাবিষয়ক সমস্ত জ্ঞানকেই চেতনপদার্থ স্বকর্তৃকরূপে প্রতিসন্ধান করিয়া বুঝে। যে আমি প্রত্যক্ষ করিতেছি, সেই আমিই অনুমান করিতেছি, শাব্দবোধ করিতেছি, সমরণ করিতেছি, এইরূপে সর্ব্বপ্রকার জ্ঞানের একমাত্র চেত্রপদার্থেই প্রতিসন্ধান হওয়ায়, একমাত্র চেত্রই যে, ঐ সমস্ত জানের কর্ত্তা, ইহা সিদ্ধ হয়। শাস্ত্র মারা যে বোধ হয়, তাহাতে প্রথমে ক্রমভাবী দর্ধাৎ সেই রূপ আনুপ**র্বীবিশিষ্ট বর্ণসমূহে**র শ্রবণ করে।

পরে পদ ও বাক্সভাবে ঐ বর্ণমৃহকে এবং খবদ ও অর্থের ব্যবস্থা বা শব্দার্থ-সঙ্কেতকে সমরণ করিয়া অনেক বিষয় পদার্থসমূহকে অর্থাৎ যে পদার্থসমূহের মধ্যে অনেক পদার্থ জ্ঞানের বিষয় হয়, এবং যাহা কোন একমাত্র ইন্দ্রির প্রাহ্য হয় না, এমন প্রদার্থসমূহকে শাব্দবোধ করে। ইক্সিয়গ্রাহ্য ও অতীক্রিয় প্রভৃতি সর্ব্বপ্রকার পর্নাই শাস্ত্রের বিষয় বা শাস্ত্র-প্রতিপাদ্য হওয়ায়, শাস্ত্র সর্ব্বার্থবিষয়। বর্ণান্তক শব্দরূপ শাস্ত্র এবণেক্রিয়গ্রাহ্য হ**ইলে**ও, তাহার অর্থ শ্রবণেন্সিয়ের বিষয় নহে। নানাবিধ অথ শান্ত-প্রতিপাদ্য হওয়ায়, সেগুলি কোন একমাত্র ইন্দ্রিরেও গ্রাহ্য হইতে পারে না। স্থতরাং শব্দশ্রবণ শ্রবণেক্সিয়জন্য হইলেও, শব্দের পদবাক্য-ভাবে প্রতিসন্ধান এবং শব্দার্থসক্ষেত্তের সমরণ ও শাব্দবোধ কোন ইন্দ্রিয়জন্য হই**তে পারে** না। পরস্ত শব্দশ্রবণ হইতে পূর্ব্বোক্ত সমস্ত জ্ঞানগুলিই একই চেতনকর্তৃক, ইহা পূর্ব্বোজন্তরপ প্রতিসন্ধান বারা সিদ্ধ হওয়ায়, ইন্সিয় প্রভৃতি বিভিন্ন পদার্থগুলিকে ঐ সমস্ত জ্ঞানের কর্ত্তা—চেতন বলা যায় না। কোন ইন্দ্রিয়াই সর্কেন্দ্রিয়গ্রাহ্য সর্কবিষয়ের জ্ঞাতা হইতে না পারায়, প্রতি দেহে সর্ববিষয়ের জ্ঞাতা এক একটি পৃথকু চেতনপদার্থ স্বীকার আবশ্যক। ঐ চেতনপদার্থে তাহার জ্ঞানসাধন সমস্ত ইন্দ্রিয়াদির বার। যে সমস্ত বিষয়ের যে সমস্ত জ্ঞান জন্মে, ঐ চেতনই সেই সমস্ত বিষয়েরই জ্ঞাতা, এই অথে ভাষ্যকার চেতন আতাকে -'সর্বজ্ঞ'' বলিয়া ''সর্ব্ববিষয়গ্রাহী'' এই কখার <mark>ধারা উহারই বিবরণ করিয়াছেন। মূলক</mark>থা, কোন ইন্দ্রিয়ই পূর্ব্বোক্তরূপে সর্ববিষয়ের জ্ঞাতা হইতে না পারায়, ইল্লিয় আছা হইতে পারে ন।। ইল্লিয়গুলির জ্ঞেয় বিদয়ের ব্যবস্থ। বা নিয়ম আছে। সর্ববিষয়ের জাতা আদ্বার জ্ঞেয় বিষয়ের ব্যবস্থা নাই। বিভিন্ন ইন্দ্রিয়জন্য রূপাদি বিষয়ের প্রত্যক্ষ এবং অনুমানাদি সর্বপ্রকার জানই প্রতি দেহে একচেতনগত। উহা প্রতিসন্ধানরূপ হওয়ার অপ্রত্যাখ্যের অর্থাৎ ঐ সমস্ত জ্ঞানই যে, ্একচে নগত (ইন্দ্রিয়াদি বিভিন্ন পদার্থগত নহে), ইহা অত্বীকার করা যায় না। স্তুতরাং সর্ববিষয়ের জ্ঞাতা চেতন পদার্থের পূর্ব্বোক্ত সর্ব্বপ্রকার জ্ঞান**রূপ** অভিজ্ঞান বা অসাধা**রণ চিচ্ছ দে**হ ইচ্ছিয়াদি বিভিন্ন পদার্থে না থাকায়, তদ্ভিন্ন একটি চেতনপদার্থেই সাধক হয়। তাহা হইলে ইক্রিয়ের বিষয়-ব্যবস্থার হারাই অতিরিক্ত **আদার** সিদ্ধি হওয়ার পূর্বসূত্রোজ বিষয়-ব্যবস্থার <mark>যার। ইন্দ্রিয়ে</mark>র আ**দ্বত সিদ্ধ** হইতে পারে না। পূর্বসূত্রোক্ত বিষয়-বাবস্থার **যা**র। ইন্সিয়ের কারণম-মা**আই** সিদ্ধ হটতে পারে, চেতনত ব। ক**তৃত্বসিদ্ধ** হটতে পারে না। স্থতরাং এই সূত্রোজ বিষয়ব্যবস্থার ঘারা মহাঘি যে^২ ব্যতিরেকী অ**নুমা**নের সূচনা করিয়াছেন, তাহাতে সৎপ্রতিপক্ষদোঘেরও কোন আশঙ্কা নাই। পরস্ক এই অনুমানের **হা**রা পূর্বপকীর অনুমান বাধিত হইয়াছে।।৩।।

ইক্সিয়ব্যতিরেকাদ্বপ্রকরণ সমাপ্ত ।। ১ ।।

-o-

ভাষ্য। ইতশ্চ দেহাদিব্যতিরিক্ত আত্মা, ন দেহাদি সংঘাতমাত্রং — অসুবাদ। এই হেতুবশতঃ আত্মা দেহাদি হইতে ভিন্ন; দেহাদি- সংঘাতমাত্র নহে—

সূত্র। শরীরদাহে পাতকাভাবাৎ ॥।।।২০২॥

অনুমান । ধেহেতু শরীরদাহে অর্থাৎ কেন্ত প্রাণিন্ডা। করিলে, পাতক হইতে পারে না । ্ অর্থাৎ অস্থায়ী অনিভ্য দেহাদি আন্ধা হইলে, যে দেহাদি প্রাণিহত্যাদির কর্ত্তা, উহা ঐ পাপের ফলভোগকাল পর্যান্ত না থাকায়, কাহারও প্রাণিন্ড্যান্ধনিত পাপ নইতে পারে না । স্থাতরাং দেহাদি ভিন্ন চিরস্থায়ী নিত্য আত্মান্থীকার্য্য ।

ভাষ্য। শরীরপ্রহণেন শরীরেন্দ্রিয়্বৃদ্ধিবেদনাসংঘাতঃ প্রাণিভূতে গৃহ্নতে। প্রাণিভূতং শরীরং দহতঃ প্রাণিহিংসাকৃতপাপং পাতকমিত্যুচ্যতে, তস্থাভাবঃ, তৎফলেন কর্ত্ত্বুরসম্বন্ধাৎ অকর্ত্তু দচ সম্বন্ধাৎ। শরীরেন্দ্রিয়্ববৃদ্ধিবেদনাপ্রবন্ধে খঘন্যঃ সংঘাত উৎপদ্ধতেইন্যো নিরুধ্যতে। উৎপাদনিরোধসন্ততিভূতঃ প্রবন্ধো নান্যতং বাধতে, দেহাদি-সংঘাতস্থান্যভাধিষ্ঠানত্বাৎ। অন্যত্বাধিষ্ঠানো হসে প্রখ্যায়ত ইতি। এবং সতি যো দেহাদিসংঘাতঃ প্রাণিভূতো হিংসাং করোতি, নাসৌহংসাফলেন সম্বধ্যতে, যশ্চ সম্বধ্যতে ন তেন হিংসা কৃতা। তদেবং সম্বন্ধে চাকর্মনিমিতঃ সন্ত্বসর্গ প্রাপ্নোতি, তত্র মুক্ত্যর্থো ব্রক্ষচর্য্যবাসো

১। আদ্মা চেতনঃ স্বতভ্রজে সতি অব্যবস্থানাৎ। যোহাস্বতভ্রঃ ব্যবস্থিত চ, স ন চেতনো মধা, ঘটাদিঃ, তথা চ চক্ষুরাদি তুম্মান্ন চেতনমিতি।

ন স্থাৎ। তদ্যদি দেহাদিসংঘাতমাত্রং সন্ধং^২ স্থাৎ, শরীরদাহে পাতকং ন ভবেৎ। অনিষ্টক্ষৈতৎ, তম্মাৎ দেহাদিসংঘাতব্যতিরিক্ত আ্যা নিত্য ইতি।

অমুবাদ। (এই স্ত্রে) শরীর শব্দের দ্বারা প্রাণিভূত শরীর, ইন্দ্রিয়, বৃদ্ধি ও স্থবত্থাবন্ধ সংঘাত বৃঝা যায়। প্রাণিভূত শরীর-দাহকের অর্থাৎ প্রাণহত্যাকারী ব্যক্তির প্রাণিহিংসাজন্য পাপ "পাতক" এই শব্দের দ্বারা কথিত হয়। সেই পাতকের অভাব হয় (অর্থাৎ প্র্বেণিক্ত দেহাদি-সংঘাতই প্রাণিহত্যার কর্তা আত্মা হইলে তাহার ঐ প্রাণিহিংসাজন্য পাপ হইতে পারে না)। যেহেত্, সেই পাতকের ফলের সহিত কর্তার সম্বন্ধ হয় না, কিন্তু অকর্তার সম্বন্ধ হয়। কারণ, শরীর, ইন্দ্রিয়, বৃদ্ধি ও স্থথ-তৃংথের প্রবাহে অন্য সংঘাত উৎপদ্ধ হয়। অন্য সংঘাত বিনষ্ট হয়, উৎপত্তি ও বিনাশের সম্ভতিভূত প্রবন্ধ অর্থাৎ এক দেহাদির বিনাশ ও অপর দেহাদির উৎপত্তিবশতঃ দেহাদি-সংঘাতের যে প্রবাহ, তাহা ভেদকে বাধিত করে না, যেহেত্ (প্র্বোক্তরূপ) দেহাদি-সংঘাতের ভেদাশ্রয়ত্ব (ভিন্নত্ব) আছে। এই দেহাদি সংঘাত ভেদের আশ্রয়, অর্থাৎ বিভিন্নই প্রখ্যাত (প্রজ্ঞাত) হয়। এইরূপ হইলে, প্রাণিভূত যে দেহাদি-সংঘাত হিংসা করে, এই দেহাদি সংঘাত হিংসার ফলের সহিত সম্বন্ধ হয় না, যে দেহাদি-

১। জীব বা আলা অর্থ ভাষ্যকার এখানে "সন্ত্'' এইরাপ ক্লীবলিল "সন্ত্'' শব্দের প্রয়োগ করিয়াছেন। ''বৌদ্ধিকুকারের'' দীধিতির প্রারন্তে রঘুনাথ শিরোমণিও সঙ্গং আছা'' এইরাপ প্রয়োগ করিয়াছেন। কোন পুস্তকে ঐ ছলে "সন্ত্ আছা'' এইরাপ প্রয়োগ করিয়াছেন। কোন পুস্তকে ঐ ছলে "সন্ত্ আছা'' এইরাপ পাঠাভরও আছে। প্রথম অধ্যানের ছিতীয় সূত্রভাষো ভাষ্যকারও ''সন্ত্ আছা বা'' এইরাপ প্রয়োগ করিয়াছে। কেহ কেহ সেখানে ঐ পাঠ অন্তন্ধ বলিয়া 'সন্ত্মাছা বা'' এইরাপ পাঠ কল্পনা করেন। কিন্তু ঐ পাঠ অন্তন্ধ নহে। কার্গ, আরা অর্থে "সন্ত" শব্দের ক্লীবলিল প্রয়োগর ন্যায় পুংলিল প্ররোগও হইতে পারে। মেদিনীকোষে হিয়ার প্রমাণ আছে। যথা -

সভং ভলে পিশাচাদৌ বলে দ্রাছভাররোঃ। আত্মত-ব্যবসায়া-স-চিতেছ্ট্র ভূ জন্মু ।।—মেদিনী। স্বভিকং, ২৭শ সোক ॥

সংঘাত হিংসার ফলের সহিত সম্বন্ধ হয়, সেই দেহাদি সংঘাত হিংসা করে নাই। সুতরাং এইরূপ সন্ধভেদ (আত্মভেদ) হইলে, অর্থাৎ দেহাদি-সংঘাতই আত্মা হইলে, ঐ সংঘাতভেদে আত্মার ভেদ হওয়ায়, কতহানি ও অকৃতের অত্যাগম প্রসক্ত হয়। এবং আত্মার উৎপত্তি আত্মার বিনাশ হইলে অকর্মনিমিত্তক আত্মোৎপত্তি প্রাপ্ত হয়, (অর্থাৎ প্র্কেদেহাদির সহিত ভদ্গত ধর্মাধর্মের বিনাশ হওয়ায় অপর দেহাদির উৎপত্তি ধর্মাধর্মেরপ কর্মানিমিত্তক হইতে পারে না।) তাহা হইলে মুক্তিলাভার্থ ব্রহ্মচর্য্যবাস (ব্রহ্মচর্য্যার্থ গুরুকুলবাস) হয় না। প্রতরাং যদি দেহাদি সংঘাতমাত্রই আত্মা হয়, (তাহা হইলে) শরীরদাহে (প্রাণিহিংসায়) পাতক হইতে পারে না, কিন্তু ইহা অনিষ্ট, অর্থাৎ ঐ পাতকাভাব স্বীকার করা যায় না। অতএব আত্মা দেহাদি-সংঘাত হইতে ভিন্ন নিতা।

টিপ্পনী। নহাধি আশ্বপরীকারন্তে প্রথম সূত্র হইতে তিন সূত্রের হারা আহার ইন্দ্রিয়ভিন্নত্ব সাধন করিয়া, এই সূত্র হইতে তিন সূত্রের হারা আহার শরীরভিন্নত্ব সাধন করিয়াছেন, ইহাই সূত্রপাঠে সরলভাবে বুঝা থায়। "ন্যায়সূচীনিবদ্ধে" ধাচম্পতি মিশ্রও পূর্ববর্তী তিন সূত্রেকে "ইন্দ্রিয়ব্যতিরেকাশ্ব-প্রকরণ" বলিয়া এই সূত্র হইতে তিন সূত্রেকে "শরীর-ব্যতিরেকাশ্ব-প্রকরণ" বলিয়াছেন। কিন্তু ভাষ্যকার বাৎস্যায়ন ও বাত্তিককার উদ্যোতকর নৈরাশ্বাদী বৌদ্ধ-সম্প্রদায়বিশেষের মত নিরাস করিতে প্রথম হইতেই মহানির সূত্রের হারাই আশ্বা দেহাদির সংঘাত্রমাত্র, এই পূর্বপন্দের ব্যাধ্যা করিয়া, আশ্বা দেহাদি-সংঘাত হইতে ভিন্ন ও নিত্য, এই বৈদিক সিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। বস্ততঃ মহানি গোত্ম আশ্বপরীক্ষায় গে সকল পূর্বপক্ষের নিরাস করিয়াছেন, তাহাতে নৈরাশ্বাবাদী জন্য সমপ্রদান্ধের মতও নিরস্ত হইয়াছে। পরে ইহা পরিস্ফুট হইবে।

মহাধির এই সূত্র ধারা সরলভাবে বুঝা যায়, শরীর আন্ধা নছে; কারণ শরীর তনিত্য, অস্থায়ী। মৃত্যুর পরে শরীর দগ্ধ করা হয়। যদি শরীরই আন্ধা হয়, তাহা হইলে শুভাশুভ কর্মজন্য ধর্মাধর্মও শরীরেই উৎপন্ন হয়, বলিতে হইবে। কারণ, শরীরই আন্ধা; স্কুতরাং শরীরই শুভাশুভ কর্মের কর্তা। তাহা হইলে শরীর দগ্ধ হইনা গেলে শ্রীরাশ্রিত

ধর্মাধর্মণ নট হইয়া যাইবে। শ্বীর নাশে সেই সঙ্গে পাপ বিনট হইলে উত্তরকালে ঐ পাপের ফলভোগ হইতে পাবে না। তাহা হইলে মৃত্যুর পূর্বের সকলেই যথেচ্ছ পাপকর্ম করিতে পারেন। যে পাপ শরীরের সহিত চিরকালের জন্য বিনট হইয়া যাইবে, যাহার ফলভোগের সম্ভাবনাই থাকিবে না—সে পাপে আর ভয় কি ? পরস্ক মহর্ষির পরবর্তী পর্ব্বপক্ষস্তুত্রের প্রতি মনোযোগ করিলে এই সুত্রের হারা ইহাও বুঝা যায় যে, শরীরদাহে অর্থাৎ কেচ কাহারও শরীর নাশ বা প্রাণিহিংসা করিলে, সেই হিংসাকারী ব্যক্তির পাপ হইতে পাবে না। কারণ, যে শরীর পুর্বের প্রাণিহিংসার কর্তা, সে শরীব ঐ পাপের ফলভোগ কাল পর্যান্ত না থাকায়, তাহার ঐ পাপের ফলভোগ হইতে পাবে না। মূলকথা, যাঁহারা পাপ পদার্থ স্বীকার করেন, যাঁহারা অন্ততঃ প্রাণিহিংসাকেও পাপজনক বলিয়া স্বীকার করেন, তাঁহারা শবীরকে আন্ধা বলিতে পাবেন না। যাঁহারা পাপ পুণা কিছুই মানেন না, তাঁহারাও শরীবকে আন্ধা বলিতে পারেন না, ইহা মহর্ষির চরম যুক্তির হারা বুঝা যাইবে।

ভাঘ্যকার মহমি-সত্তের দারাই তাঁহার পূর্ব্বগৃহীত বৌদ্ধমতবিশেদের খণ্ডন করিতে বলিয়াছেন যে, এই সূত্রে "শরীর" শব্দের ছার। প্রাণিভত অর্থাৎ যাহাকে প্রাণী বলে, সেই দেহ, ইন্দ্রিয়, বৃদ্ধি ও সুখদু:খরূপ সংঘাত ব্রিতে হইবে। প্রাণিহিংসাজন্য পাপ "পাতক" এই শব্দের শ্বার। ক্ষিত হইগাছে। প্রাণিহিংসা পাপজনক, ইহা বৌদ্ধ-সম্প্রদায়েরও স্বীকৃত। কিছ পর্ব্বোক্তরূপ দেহাদিসংঘাতকে আগ। বলিলে প্রাণিহিংসান্ধন্য পাপ হইতে পারে না। স্মতরাং আদ্বা দেহাদি-সংঘাতমাত্র নহে। দেহাদি-সংঘাতমাত্র আছা হইলে প্রাণিহিংসাজন্যপাপ হইতে পারে না কেন ৪ ভাষ্যকার ইহার হেতু বলিয়াছেন যে, ঐ পাপের ফলের সহিত কর্তার সহন্ধ হয় না, পর্ভ অকর্ত্তারই সম্বন্ধ হয়। কারণ, দেহ, ইন্দ্রিয়, বৃদ্ধি ও স্থ্র-দুঃখের যে প্রবন্ধ বা প্রবাহ চলিতেত্তে, ভাহাতে পূর্ব্বপক্ষবাদী বৌদ্ধ-সম্প্রদায়ের মতে এক দেহাদি-সংঘাত বিনই হইতেছে, পরক্ষণেই আবার ঐরপ অপর দেহাদি-সংঘাত উৎপন্ন হইতেছে। তাঁহাদিগের মতে বস্তুমাত্রই ক্ষণিক, অর্থাৎ একফণমাত্র স্থায়ী। এক দেহাদি-সংঘাতের উৎপত্তি ও পরক্ষণে অপর দেহাদি-সংঘাতের নিবোধ অর্থাৎ বিনাশের সম্ভতিভূত যে প্রবন্ধ, অর্থাৎ পর্বের্যক্তরূপ উৎপত্তি ও বিনাশবিশিষ্ট দেহাদি-সংখাতের ধারাবাহিক যে श्वेवार, जारा এक्ष्मपार्थ स्टेरा भारत ना । উटा जनास्वत जिस्होन, जबीड ভেদাশ্রয় বং বিভিন্ন পদার্থই বলিতে হইবে। কারণ, ঐ দেহাদি-সংখাতের

প্ৰবাহ ৰা সমষ্ট্ৰ, উহাৰ অভৰ্গত প্ৰত্যেক সংখাত ৰা ৰাষ্ট্ৰ হইতে অতিৰিক্ত কোন পদার্থ নহে। অতিরিক্ত কোন প্রদার্থ হইলে দেহাদি-সংঘাতই আদা এই সিদ্ধান্ত রক্ষা হয় না। স্পতরাং দেহাদি-সংঘাতরূপ আছা বিভিন্ন পদার্থ হওয়ায়, যে দেহাদি-সংঘাতরূপ প্রাণী বা আলা. প্রাণি-হিংসা করে সেই আত্বা অর্থাৎ প্রাণি-হিংসার কর্ত্তা পূর্ব্ববর্তী দেহাদি-সংঘাত**রূপ আত্বা** প্রক্ষণেই বিনষ্ট হওয়ায়, তাহা পূর্বকৃত প্রাণি-হিংসাদ্দায় পাপের ফলভোগ করে না. পরন্ধ ঐ পাপের ফলভোগকালে উৎপন্ন অপর দেহাদি-সংঘাতরূপ আত্মা (যাহা ঐ পাপজনক প্রাণিহিংসা করে নাই) ঐ পাপের ফলভোগ করে। স্থতরাং ুর্কোঞ্জরপ আত্মার ভেদবশতঃ কৃতহানি ও অক্তাভ্যাগম দোষ প্রসক্ত হয়। যে আত্ম পাপ কর্ল করিয়াছিল, তাহার ঐ পাপের কলভোগ না হওয়া ''কৃতহানি'' দোষ এবং যে আছা পাপকর্দ্ম করে নাই, তাহার ঐ পাপের ফলভোগ হওয়ায় ''অকৃতাভ্যাগম'' দোম। কভ কর্ম্বের ফলভোগ করা না করা কৃতহানি। অকৃত কর্ম্বের ফলভোগ অকৃতের অভ্যাগম। পরস্ক দেহাদি-সংঘাত্রমাত্রকেই আত্মা বলিলে আত্মার উৎপত্তি ও বিনাশবশতঃ প্ৰজাত আথার কৰ্মজন্য ধৰ্মাধৰ্ম ঐ আখান বিনাশেই বিনষ্ট হইবে। তাহা হইলে অপর আত্মার উৎপত্তি ধর্মা-ধর্মরূপ কমজন্য হইতে পারে না, উহা অকর্মনিমিত্তক হইয়া পচে। পনত দেহাদি-সংঘাতই ''গত্ব'' অৰ্থাৎ আত্মা হইলে, ঐ আত্মার উৎপত্তি ও বিনাশ হওয়ায়, মুজিলাভার্থ ব্রদ্ধচর্য্যাদি ব্যথ হয়। কাবণ, আল্লার অত্যন্ত বিনাশ হইয়া গেলে, কাহার <u>মু</u>ক্তি হইবে? যদি আন্তার পনর্জন্ম না হওয়াই মুক্তি হয় তাহা হইলেও উহা দেহনাশের পরেট মতঃসিদ্ধ। দেহাদির বিনাশ হইলে তদুগত ধর্মাধর্ম্বেরও বিনাশ হওয়ায়, আর পু**নর্জন্মের সম্ভা**বনাই থাকে না। স্থতরাং আম্বার উৎপত্তি ও বিনাশ শীকার করিলে অাৎ দেহাদি-সংখাতমাত্রকেই আয়া বলিলে মুক্তির জনা কর্মানুস্থান ব্যর্থ হয়। কিন্তু বৌদ্ধসম্প্রদায়ও মোক্ষের জন্য কর্মানুঠান করিয়া থাকেন। বৌদ্ধ সম্প্রদায়ের কথা এই যে, দেহাদি-সংঘাতের মন্তৰ্গত প্ৰত্যেক পদাৰ্থ প্ৰতিক্ষণে বিনষ্ট হইলেও মুক্তি না হওয়া প্ৰয়ন্ত এ সংঘাত-সন্তান, অর্থাৎ একের বিনাশ ক্ষণেই তচ্চাতীয় অপর একটির উৎপত্তি, এইরূপে ঐ সংঘাতের যে প্রবাহ, তাহা বিনষ্ট হয় না। ঐ সংবাত-সম্ভানই আৰা। স্ত্তরাং মুক্তি না হওয়া পর্যান্ত উহার অন্তিত্ব ^{থাকায়}, মুক্তির জন্য কর্মানষ্ঠান ব্যর্থ হইবার কোন কারণ লাই। এতদুৰ্ভনে আশ্বান নিত্যম্বাদী আস্তিক সংপ্ৰদায়ের ৰুণা এই যে, 🔉 নেহাদি-গংঘাতের সন্থানপত ঐ দেহাদি ব্যষ্টি হইতে কোন এতিনিক্ত পদার্থ নহে। অতিরিক্ত পদার্থ হইলে, অতিরিক্ত আত্মাই স্বীকৃত হইবে। স্তবাং ঐ দেহাদি-শংঘাতের অন্তর্গত প্রত্যেক পদার্থই প্রতিক্ষণে বিনষ্ট হইলে, ঐ সংঘাত বা উহার সন্তান স্বায়ী পদার্থ হুইতে পারে না। কোন পদার্থের স্বায়িত্ব স্বীফান করিলেই বৌদ্ধ সংপ্রদাযের ক্ষণিকত্ব সিদ্ধান্ত ব্যাহত হুইবে। ত্বিতীয় তাহ্নিকে ক্ষণিকত্বাদের আলোচনা দুইব্য 1181।

সূত্র। তদভাবঃ সাত্মকপ্রদাহেহপি তন্নিত্যত্বাৎ।। ।।৫॥২০৩॥

এমুবাদ। (পূর্ববিপক্ষ)—সাত্মক শরীবের প্রদাহ হইলেও সেই আল্লার নিত্যত্ত্বশতঃ সেই (পূর্ববিশুত্রোক্ত) পাতকের অভাব হয় অর্থাৎ দেহাদি হইতে অতিরিক্ত আত্মা স্বীকার করিলেও, ঐ আল্লার নিত্যত্ত্বশতঃ তাহার বিনাশ হইতে পারে না, স্কুরাং এ পক্ষেত্র পূর্বেলিক্ত পাতক হইতে পারে না ।

ভাষ্য। যস্তাপি নিত্যেনাত্মনা সাত্মকং শরীরং দহতে, ওত্যাপি শরীরদাহে পাতকং ন ভবদ্দগ্ধঃ। কম্মাৎ ? নিত্যভাদাত্মনঃ। ন জাতু কশ্চিমিত্যং হিংসিতুমইতি, অথ হিংস্ততে ? নিত্যভ্যমস্তা ন ভবতি। সেয়মেকম্মিন পক্ষে হিংসা নিম্ফলা, অক্সম্মিংস্কুপ্পমেতি।

অনুবাদ। যাহারও (মতে) নিত্য আত্মা সাত্মক শরীর অর্থাৎ
নিত্য আত্মযুক্ত শরীর দগ্ধ করে, তাহারও (মতে) শরীরদাহে দাহকের
পাতক হইতে পারে না। (প্রশ্ন) কেন ? (উত্তর) আত্মার নিত্যত্ববশতং। কখনও কেহ নিত্যপদার্থকে বিনপ্ত করিতে পারে না, যদি
বিনপ্ত করে, (তাহা হইলে) ইহার নিত্যত্ব হয় না। সেই এই হিংসা
এক পক্ষে, অর্থাৎ দেহাদি সংঘাতমাত্রই আত্মা, এই পক্ষে নিত্তা,
এক্য পক্ষে কিন্তু, অর্থাৎ আত্মা সেহাদি ভিন্ন নিত্য, এই পক্ষে
অনুপপন্ন।

টিপেনী। পূৰেনাফ সিদ্ধান্তেন প্ৰতিবাদ করিতে মহাদি এই সূত্ৰের

দ্বারা পূর্ব্বপক্ষবাদীর কথা বলিয়াছেন যে, দেহাদি-সংখাত ভিন্ন নিত্য আদ্মা স্বীকার করিলেও সে পক্ষেও পূর্ব্বাক্ত দোঘ অপরিহার্য। কারণ, আদ্মা নিত্যপদার্থ হইলে দাহজন্য তাহার শরীরেরই বিনাশ হয়; আ্মার বিনাশ হইতে পারে না। স্থতরাং দেহাদি-সংঘাতই আদ্মা হইলে যেমন প্রাণিহিংসা-জন্য পাপের ফলভোগকাল পর্যান্ত ঐ দেহাদি-সংঘাতের অন্তিত্ব না থাকায়, ফলভোগ হইতে পারে না—স্থতরাং প্রাণিহিংসা নিংফল হয়, তক্ষপ আদ্মা দেহাদি ভিন্ন নিত্যপদার্থ হইলে, তাহার বিনাশর্মপ হিংসা মসম্ভব হওয়ায়, উহা উপপনই হয় না। প্রথম পক্ষে হংসা নিংফল, আ্মার নিত্যত্ব পক্ষে হিংসা অনুপপন্ন। হিংসা নিংফল হইলে অর্থাৎ হিংসা-জন্য পাপের ফলভোগ অসম্ভব হইলে যেনন হিংসা-জন্য পাপই হয় না, ইহা বলা হইতেছে, তক্ষপ অন্য পক্ষে হিংসাই অসম্ভব বলিয়া হিংসা-জন্য পাপ অলীক, ইহাও বলিতে পারিব। স্থতরাং যে দোঘ উভয় পক্ষেই তুলা, তাহাব দ্বারা আমাদিগের পক্ষের খণ্ডন হইতে পারে না। আ্মার নিত্যত্বাদী যেরপে ঐ দোঘের পরিহার করিবেন, আ্মরাও সেইরূপে উংার পরিহার করিব। ইহাই পূর্বপক্ষবাদীর চরম তাৎপর্যা।। ৫।।

সূত্র। ন কার্য্যাশ্রয়কর্ত্বধাৎ ॥৬॥২০৪॥

অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ অতিরিক্ত নিত্য আত্মার স্বীকার পক্ষে পাতকের অভাব হয় না। কারণ, কার্য্যাশ্রয় ও কর্তার, অর্থাৎ শরীর ও ইন্দ্রিয়বর্গের অথবা কার্য্যাশ্রয় কর্তার, অর্থাৎ দেহাদি-সংঘাতেরই হিংসা হইয়া থাকে।

ভাষ্য। ন জ্রমো নিতাস্ত সন্ধস্ত বধে। হিংসা, অপি ত্বসুচ্ছিত্তিধর্মকস্ত সন্ধস্ত কার্যাশ্রয়স্ত শরীরস্ত স্ববিষয়োপলক্ষেদ্য কর্ত্ত্বণামিল্রিয়াণামুপঘাতঃ পীড়া, বৈকল্যলক্ষণঃ প্রবিষ্কোচ্ছেদে৷ বা প্রমাপণলক্ষণাে বা বধাে হিংসেতি। কার্যান্ত স্থবছঃ ধসংবেদনং, ভস্তায়ভনমধিষ্ঠানমাশ্রয়ঃ শরীরং, কার্যাশ্রয়স্ত শরীরস্য স্ববিষয়োপশ্রেশ্চ কর্ত্ত্বণামিল্রিয়াণাং বধাে হিংসা, ন নিভাস্যাত্মনঃ। তত্র ষত্তক্তং "ভদভাবঃ সাত্মকপ্রদাহেহপি ভল্লিভাত্বা'-দিভাত্তদমূক্তং। যস্য সন্বোচ্ছেদে৷ হিংসা ভস্য কৃতহানমকৃতাভ্যাগম-শ্রেভি দোষঃ। এভাবচৈত্তৎ স্যাৎ, সন্বোচ্ছেদে৷ বা হিংসাহমুচ্ছিত্তি- ধর্মকস্য সত্ত্বস্য কার্য্যাশ্রয়কর্ত্বধো বা, ন কপ্লাস্তরমস্তি। সত্তোচ্ছেদশ্চ প্রতিষিদ্ধঃ, তত্র কিমন্যুৎ ? শেষং যথাভূতমিতি।

অথবা "কার্য্যাঞ্জয়াকর্ত্বধা"দিতি— কার্য্যাঞ্জয়ে দেহেন্দ্রিয়বৃদ্ধিসংঘাতো নিত্যস্থাত্মনঃ তত্র স্থগ্রঃধপ্রতিসংবেদনং, তস্থাধিষ্ঠানমাশ্রমঃ,
তদায়তনং তদ্ভবতি, ন তত্যেহস্থাদিতি স এব কর্ত্তা, তমিমিত্তা হি স্থধছঃখসংবেদনস্থ নির্ব্বৃত্তিঃ, ন তমস্তরেণেতি। তস্থ বধ উপঘাতঃ পীড়া,
প্রমাপণং বা হিংসা, ন নিত্যত্বেনাত্মোচ্ছেদঃ। তত্র যহক্তং— "তদভাবঃ
সাত্মকপ্রদাহেহপি তমিতাত্বা"দেতমেতি।

অমুবাদ। নিত্য আত্মার বধ হিংসা—ইহা বলি না, কিন্তু অমুচ্ছিত্তি-ধর্মক সত্ত্বের, অর্থাৎ যাহার উচ্ছেদ বা বিনাশ নাই, এমন আত্মার কার্য্যাশ্রয় শরীরের এবং স্ব স্ব বিষয়ের উপলব্ধির কর্ত্তা (করণ) ইন্দ্রিয়বর্গের উপহাতরূপ পীড়া, অথবা বৈকল্যরূপ প্রবন্ধোচ্ছেদ, অথবা মারণরূপ বধ, হিংসা। কার্য্য কিন্তু সুথ তু:খের অমুভব, অর্থাৎ এই সূত্রে "কার্য্য" শব্দের দারা সুখ তু:খের অমুভবরূপ কার্য্যই বিবক্ষিত : তাহার (স্থ্য-তু:খাকুভবের) আয়তন বা অধিষ্ঠানরূপ আশ্রয় শরীর, কার্য্যাশ্রয় শরীরের এবং স্ব স্ব বিষয়ের উপলব্ধির কর্তা (করণ) ইন্দ্রিয়বর্গের বধ হিংসা, নিত্য আত্মার হিংসা নহে। তাহা হইলে "সাত্মক শরীরের প্রদাহ হইলেও, সেই আত্মার নিত্যত্ববশতঃ সেই পাতকের অভাব হয়"—এই যে (পূৰ্ববপক্ষ) বলা হইয়াছে, ইহা অযুক্ত। (মতে) আত্মার উচ্ছেদ হিংসা, তাহার (মতে) কুতহানি এবং অকৃতা-ভাগিম— এই দোষ হয়। ইহা অর্থাৎ হিংসাপদার্থ এভাবনাত্রই হয়. (১) আত্মার উচ্ছেদ হিংসা, (২) অথবা অনুচেছ্রদর্মক আত্মার কার্য্যাশ্রয় ও কর্তার অর্থাৎ শরীর ও ইন্দ্রিয়বর্কোর বিনাশ হিংদা, কল্লান্তর নাই, অর্থাৎ হিংসাপদার্থ সম্বন্ধে পূর্ব্বোক্ত দিবিধ কল্প ভিন্ন আর কোন কল্প নাই। (তন্মধ্যে) আত্মার উচ্ছেদ প্রতিসিদ্ধ, অর্থাৎ আত্মা নিত্যপদার্থ বলিয়া তাহার বিনাশ হইতেই পারে না, তাহা হইলে অর্থাৎ পুর্বেশক্ত

কল্পদায়ের মধ্যে প্রাথম কল্ল অসম্ভব হইলে অন্য কি হইবে ? যথাভূত শেষ অর্থাৎ আত্মার শরীর ও ইন্দ্রিয়বর্গের বিনাশ, এই শেষ কল্পই গ্রাহণ করিতে হইবে।

অথবা—"কাৰ্য্যাশ্ৰয়কৰ্ত্ত্বধাৎ"—এই স্থলে "কাৰ্য্যাশ্ৰয়" বলিতে নিত্য আত্মার দেহ, ইন্দ্রিয় ও বৃদ্ধির সংঘাত, তাহাতে অর্থাৎ পুর্বেবাক্ত দেহাদি-সংঘাতে স্থুখ-ডুঃখের অমুভব হয়, তাহার অর্থাৎ ঐ স্থুখ-তুঃখাকুভবরূপ কার্য্যের অধিষ্ঠান আশ্রয়, তাহার (সুখ-তুঃখাকুভবের) আয়তন (আশ্রয়) তাহাই (পূর্ব্বোক্ত দেহাদি-সংঘাতই) হয়, তাহা গ্**ইতে অন্য অর্থাৎ** পূর্ব্বোক্ত দেহাদি-সংবাত ভিন্ন আর কোন পদার্থ (স্থ্য ত্রংখাকুভবের আয়তন) হয় না। তাহাই কর্ত্তা, যেহেতু স্থ্য-ত্রঃখামুভবের উৎপত্তি তন্নিমিত্তিক, অর্থাৎ পূর্ব্বোক্ত দেহাদি-সংঘাত-নিমিত্তকই হয়, তাহার অভাবে হয় না। । অর্থাৎ সূত্রে "কার্য্যা**শ্র**য়কর্ত্ত" শব্দের দারা বুঝিতে হইবে, স্থ-তু:খাসুভবরূপ কার্য্যের আঞায় বা অধিষ্ঠানরূপ কর্ত্তা দেহাদি সংঘাত] তাহার বধ কি না উপঘাতরূপ পীড়া, অথবা প্রমাপন, (মারণ) হিংসা, নিত্যত্বরশতঃ আত্মার উচ্ছেদ হয় না, অর্থাৎ আত্মার বিনাশ অসম্ভব বলিয়া ভাগতে হিংসা বলা যায় না। ভাহা হইলে "সাত্মক শরীরের প্রদাহ হইলেও আত্মার নিতাত্ববশত: সেই পাতকের অভাব হয়"-এই যে (পূর্ব্বপক্ষ) বলা হইয়াছে, ইহা নহে : অর্থাৎ উহা বলা যায় না।

টিপপনী । আদ্বা দেহাদি-সংঘাত হইতে ভিন্ন নিত্যপদার্থ, কারণ, আদ্বা দেহাদি-সংঘাতমাত্র হইলে প্রাণিহিংসাকারীর পাপ হইতে পারে না। যহি পূর্ব্বোক্ত চতুর্থ সূত্রের দারা এই সিদ্ধান্ত সমর্থন করিয়া পরবর্ত্তী পঞ্চম সত্রের দারা উহাতে পব্দপক্ষ বলিয়াছেন যে, আদ্বা দেহাদি-সংঘাত ভিন্ন নিত্য, এই সিদ্ধান্তেও প্রাণিহিংসাকারীর পাপ হইতে পারে না। কারণ, দেহাদির বিনাশ হইলেও নিত্য আদ্বার বিনাশ যখন অসম্ভব, তখন প্রাণি-হিংসা হইতেই পারে না। স্কুতরাং পাপের কারণ না থাকার, পাপ হইবে কিরূপে শেহাদি এই পূব্বপক্ষের উত্তরে এই সূত্রের দার। নিয়াছেন যে, নিত্য আদ্বার বধ বা কোনরূপ হিংসা হইতে পারে

না—ইহা সতা, কিন্তু ঐ আত্মার স্থ্য-দু:খডোগরূপ কার্য্যের আশ্রয় पर्था९ पर्विष्ठीनक्रेष्ट्र मंत्रीत, এवः य य विषद्यत উপनिकत वर्छ। वा সাধন যে ইন্দ্রিয়বর্গ, উহাদিগের বধ বা যে কোনরূপ হিংসা হইতে পারে। উহাকেই প্রাণিহিংসা বলে। অর্থাৎ, প্রাণিহিংসা বলিতে সাক্ষাৎসম্বন্ধে আত্মার বিনাশ বুঝিতে হইবে না। কাবণ, আত্মা "অনুচ্ছিতিধর্মক", অথাৎ অন্চেছদ বা অবিনশুরত্ব আত্মার ধর্ম্ম। স্লুতরাং প্রাণিহিংসা বলিতে আ**ত্মার দে**হ ব। ইন্দ্রিরকর্গের কোনরূপ হিংসাই বুঝিতে হইবে । ঐ হিংসা সম্ভব হওয়ার, তজ্জন্য পাপও হইতে পারে ও হইরা থাকে। পূর্ব্বোক্তরূপ প্রাণি-হিংসাই শাস্ত্রে পাপজনক বলিয়া কথিত হইয়াছে। সাক্ষাৎসম্বন্ধে আত্বনাশকেই প্রাণিহিংসা বলা হয় নাই। কারণ তাহা অসম্ভব। যে শাস্ত্র নিবিবাদে আত্মার নিতাত্ব কীর্ত্তন করিয়াছেন, সেই শাস্ত্রে আত্মার নাশই প্রাণিহিংসাও পাপজনক বলিয়া কথিত হইতে পাবে ।। দেহাদির সহিত সম্বন্ধবিশেষ যেসন আত্মার জন্ম বলিয়া কথিত হইয়াছে, ভদ্রপ ঐ সম্বন্ধবিশেঘের বা চনমপ্রাণ-সংযোগের ধ্বংসই আত্মার মরণ বলিয়া কথিত হইয়াছে। বস্ততঃ আশ্বার ধ্বংসরূপ মুখ্য মূরণ নাই। বৈনাশিক বৌদ্ধ সম্প্রদায়ের কথা এই যে, আম্মার ধ্বংসরূপ মুখ্য হিংসা ত্যাগ করিয়া, তাহার গৌণহিংসা কল্পনা করা সমুচিত নহে। আত্মাকে প্রতিক্ষণবিনাশী দেহাদি-সংঘাত্যাত্র বলিলে, তাহার নিজেরই বিনাশরপ মুখ্য হিংসা হইতে পারে। এতদুত্তরে ভাষাকার বলিয়াছেন যে, যাঁহার মতে সাক্ষাৎসম্বন্ধে আশ্বার উচ্ছেদই হিংগা, তাঁখার নতে কৃতহানি ও অকতাভ্যাগম দোঘ হয়। পুর্ব্বেক্তি চতুর্থ সূত্রভাঘ্যে ভাষাকার ইহার বিবরণ করিয়াছেন। স্কুতরাং আত্মাকে অনিত্য বলিয়া তাখাৰ উচ্ছেদ বা বিনাশকে হিংদা বলা যায় না। আত্মাকে নিত্যই বলিতে হইবে। আত্মার উচ্ছেদ, অথবা আত্মার দেহাদির কোনরূপ বিনাশ—এই দুইটি কল্প ভিন্ন আর কোন কল্পকেই প্রাণিহিংসা বলা যায় না । পূর্ব্বোক্ত কৃত্যানি প্রভৃতি দোঘবশৃতঃ আত্মাকে বর্ধন নিত্য বলিয়াই স্বীকার করিতে হইবে, তর্থন আন্তার উচ্ছেদ এই প্রথম কল্প অসম্ভব ! স্থতরাং আত্মার দেহ ও ইন্দ্রিরের যে কোনরূপ বিনাশকেই প্রাণিহিংসা বলিয়া গ্রহণ করিতে হইবে। শরীরের নাশ कतित्व त्यम हिश्म। स्या, एकाश हक्तांपि देखित्यन हैं एशाहेन कतित्वछ হিংস। হয়। এজন্য ভাষ্যকার সত্রোক্ত ''বধ'' শব্দের ব্যাখ্যায় ''উপ্যাত'', 'বৈক্লা'' ও ''প্রমাপণ'' এই তিন প্রকার বধ বলিয়াছেন। ''উপঘাত'' বলিতে পীড়া। ''বৈকলা" বলিতে পূৰ্বতন কোন আকৃতির উচ্ছেদ।

''প্রমা**পণ'' শ**ন্দের অর্থ মারণ। আ**দ্ধা স্থ্য-দুঃ**খ-ভোগরূপ কার্য্যের সা**ক্ষাৎ-**শম্বন্ধে আশ্রয় হইলেও নিজ শরীরের বাহিরের স্থ্থ-দুঃখ ভোগ করিতে পারেন না। স্থতরাং আত্মার স্থ্থ-দুঃখ ভোগরূপ কার্ন্যের আয়তন বা অধিষ্ঠান শরীর। শরীর ব্যতীত যখন স্থখ-দুঃখ ভোগের সম্ভব নাই, তখন শরীরকেই উহার আয়তন বলিতে হইবে। প্রের্বাক্তরূপ আয়তন বা অধিষ্ঠান অর্থে "আ**শ্র**য়" শব্দের প্রয়োগ করিয়। সূত্রে 'কার্য্যাশ্রয়" শব্দের ছার। মহাঘি শরীরকে গ্রহণ করিয়াছেন। শরীব আত্মার "কার্য্য" অ্থ-দুঃখ ভোগের "আশ্রয়" বা অধিষ্ঠান এজন্যই শরীরের হিংসা, আছার হিংদা বলিয়া কথিত হইয়া থাকে। মহঘি ইহা সচনা করিতেই ''শরীর'' শব্দ প্রয়োগ না করিয়া, শ্রার বুঝাইতে ''কার্য্যাশ্রম'' শব্দের প্রয়োগ করিয়াছেন। ভাষ্যকারেন প্রথম ব্যাখ্যায় সূত্রে ''কার্য্যাশ্রয়-কর্ত্ " শব্দটি ছন্তুসহাস। করণ অর্থে ''কর্ত্ত্ " শব্দের প্রয়োগ বুঝিয়া ভাষ্যকার প্রথমে সূত্রোক্ত "কর্ত্তু" শব্দের ছার। স্ব স্থ বিষয়ের উপলব্ধির কর**ণ ইন্তি**য়বর্গকেই গ্রহণ করিয়া সূত্রার্থ ব্যাখ্যা ক**রিয়াছে**ন। কিন্ত ইন্দ্রির বুঝাইতে "কর্তু" শব্দের প্রযোগ সমীচীন হয় না। "করণ" ব। ''ইক্রিয়'' শব্দ ত্যা**গ** করিয়। মহর্ষির ''কর্ত্বৃ'' শব্দ প্রয়ো**গের কোন** কা**রণ**ও বুঝা যায় না । পরস্ত যে যুক্তিতে শরীরকে ''কার্য্যাশ্রর'' বলা হইগাছে, সেই যুক্তিতে শরীর, ইন্দ্রিয় ও বুদ্ধিন সংঘাত অর্থাৎ দেহ বহিরি**ন্ত্রিয় এবং মনের সমষ্টিকেও কার্যা**এয় বলা যাইতে পারে। শরীর ইন্দ্রির ও মন ব্যতীত আত্মার কার্য্য স্থখ-দু:খভোগের উৎপত্তি হইতে পারে না। স্থতরাং সূত্রোক্ত ''কার্যাশ্রম'' শব্দের ছার। শরীরের ন্যায় পুর্ব্বোক্ত তাৎপর্ট্য-ইন্দ্রিয়েবও বোধ হইতে পারায়, ইন্দ্রিয় বুঝাইতে মহ**ষির ''কর্ত্তু'' শব্দের** প্রয়োগ নিরর্থক। ভাষ্যকার এই সম**ন্ত চিন্তা** করিয়া **শেষে সূত্রো**ক্ত ''কার্য্যাশ্রয়কর্ত্বু'' শব্দটিকে কর্ম্মধারয় সমা<mark>সরূপে</mark> গ্রহণ করিয়া তদ্মারা "কার্য্যাশ্রয়" অর্থাৎ নিত্য-আত্মার দেহ, ইন্সিয় ও বুদ্ধির সংঘাতরূপ যে কর্ত্তা, এইরূপ প্রকৃতার্থের ব্যাখ্যা করিয়াছেন। মহষির সিদ্ধান্তে দেহাদিসংঘাত বস্ততঃ স্থা:-দু:খভোগেব কর্ত্তা ন। হইলেও অসাধারণ নিমিত। আত্ম থাকিলেও প্রলয়াদি কালে তাঁহার দেহাদি-সংখাত না থাকায়, স্থ্ধ-দু:খভোগ হইতে পারে না। স্থতরাং ঐ দেহাদি-সংঘাত কর্তুতন্য হওয়ায়, উহাতে ''কর্তু" শব্দের গৌণ প্রয়োগ হইতে পারে ও হইয়া থাকে। আত্মার দেহাদিসংঘাতের যে কোনরূপ বিনাশই আত্মার হিংসা বলিয়া কথিত হয় কেন?' ইহা সূচনা করিতে মহন্দি

''কার্য্যাশ্রয়'' শব্দের পরে আবার কর্ত্তু শব্দেরও প্রয়োগ করিয়াছেন। যে দেহাদিসংঘাত ব্যবহারকালে কর্ত্তা বলিয়া কথিত হইয়া থাকে, তাহার যে কোনরাশ বিনাশই প্রকৃত কর্তা নিত্য আত্মার হিংসা বলিয়া কথিত হয়। বস্তত: নিত্য আত্মার কোনরূপ বিনাশ বা হিংসা নাই। স্তর্যুং পূর্ব-স্ত্রোক্ত পূর্ব্বপক্ষ সাধনের কোন হেতু নাই। বাত্তিককারও শেষে ভাষ্য-কারের ন্যায় কর্মবারয় সমাস গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত**রূপে** সূত্রার্থ ব্যাখ্যা করিয়াছেন।। ৬।।

শরীরব্যতিরেকাত্মপ্রকরণ সমাপ্ত ॥২॥

-0-

ভাষা। ইত*চ দেহাদি ব্যতিরিক্ত আত্মা। অমুবাদ। এই হেতু বশত:ও আত্মা দেহাদি হইতে ভিন্ন।

সূত্র। সব্যদৃষ্ঠস্থেতরেণ প্রত্যভিজ্ঞানাৎ ॥৭॥২•৫॥

অমুবাদ। যেহেতু "সব্যদৃষ্ট" বস্তুর ইতরের দারা অর্থাৎ বাম চক্ষুর দারা দৃষ্ট বস্তুর দক্ষিণ চক্ষুর দারা প্রত্যভিজ্ঞা হয়।

ভাষ্য। পূর্ব্বাপরয়োব্বিজ্ঞানয়োরে কবিষয়ে প্রতিসন্ধিজ্ঞানং প্রত্যভি-জ্ঞানং, তমেবৈত্হি পশ্যামি যমজ্ঞাসিষং স এবায়মর্থ ইতি। সব্যেন চক্ষ্যা দৃষ্টস্থেতরেণাপি চক্ষ্যা প্রতাভিজ্ঞানাদ্যমন্তাক্ষং তমেবৈতহি পত্মামীতি। ইন্দ্রিয়চৈতত্তে তু নাক্তদৃষ্টমত্য: প্রত্যভিজানাতীতি প্রত্যভি-জ্ঞান্তুপপত্তি:। অন্তি ছিদং প্রত্যভিজ্ঞানং, তম্মাদিন্দ্রিয়ব্যভিরিক্তশ্চেতনঃ।

অমুবাদ। পূর্ব্ব ও পরকালীন তুইটি জ্ঞানের একটি বিষয়ে প্রতিসন্ধিজ্ঞান অর্থাৎ প্রতিসন্ধানরূপ জ্ঞান প্রত্যভিজ্ঞান, (যেমন) "ইদানীং তাহাকেই দেখিতেছি, যাহাকে জানিয়াছিলান, সেই পদা**র্থ** ই এই।" (সূত্রার্থ) যেহেতু বামচকুর ছারা দৃষ্ট বস্তুর অপর অর্থাৎ দক্ষিণচক্ষুর দারাও "যাহাকে দেথিয়াছিলাম, ইদানীং তাহাকেই

১। তর মানসমনুবাবসায়লক্ষণং প্রত্যভিভানং ভাষাকারো ''তমেবৈতহী''তি। ব্যবসায়ং বাহোজিয়জং প্রত্যক্তিভানমাহ ''স এবায়মর্থ'' ইতি। অসোব চানুবাবসায়ঃ পূবরঃ।—তাৎপর্যাটীকা।

দেখিতেছি"—এইরূপ প্রত্যাভিজ্ঞা হয়। ইন্দ্রিয়ের চৈতন্য হইলে কিন্তু, অর্থাৎ পূর্বেবাক্ত স্থলে চক্ষুরিন্দ্রিয়ই দর্শনের কর্তা হইলে, অন্য ব্যক্তি অন্যের দৃষ্ট বস্তু প্রত্যাভিজ্ঞা করে না, এজন্য প্রত্যাভিজ্ঞার উপপত্তি হয় না। কিন্তু এই (পূর্বেবাক্তরূপ) প্রত্যাভিজ্ঞা আছে, অতএব চেতন অর্থাৎ আত্মা ইন্দ্রিয় হইতে ভিন্ন।

টিপ্পনী। ইন্দ্রির আত্মা নহে, আত্মা ইন্দ্রির ভিন্ন নিত্যপদার্থ,—এই সিদ্ধান্ত অন্য যুক্তির **যার**৷ সমর্থন করিবার জন্য মহয়ি এই প্রকর**ণের** আরম্ভ করিতে প্রখনে এই সূত্ত্রেব দার। বলিয়াছেন যে, ''সব্য**দ্**ষ্ট **বস্ত**র অপরের দারা প্রত্যভিজ্ঞা হয়।" সূত্রে "সব্য" শব্দের দার। বাম অর্থ গ্রহণ করিলে ''ইতর" শব্দের দারা বামের বিপদ্ধীত দক্ষিণ অর্থ **বুঝা যা**য়। এই সূত্রে চকুরিক্রিয়বোধক কোন শব্দ না থাকিলেও পরবর্তী সূত্রে মহাধির "নাগান্থিব্যবহিত্তে" এই বাক্যের প্রয়োগ থাকায়, এই সূত্রের তাৎপর্য্য বুঝা যায় বে, "স্ব্যুদ্ট" অর্থাৎ বামচকুর ছারা দুট বস্তু দক্ষিণ চ**ফু**র **ছার।** প্রত্যাভিজ্ঞ। হয়। প্রতরাং চক্ষ্রিক্রিয় আত্মানহে, ইহা প্রতিপন্ন হয়। কারণ, চকুরিজ্রির চেতন ব। আন্ধা হইলে, উহাকে দর্শন ক্রিয়ার কর্ত্তা বলিতে হইবে। চক্রিল্রিয় দ্রষ্টা হইলে চক্রি দ্রিবেই ঐ দর্শন জন্য সংস্কার উৎপন হইবে। বাম ও দক্ষিণ ভেদে চক্ষুরিন্দ্রিয় দুইটি। বামচক্ষু যাহা দেখিয়াছে, বাণচক্তেই তজ্জন্য শংকার উৎপন হওয়ায়, বানচকুই পুনরায় ঐ বিষয়ের সমর্ণপূর্বক প্রভাভিজ্ঞা করিতে পারে, দক্ষিণ চক্ষু উহার প্রত্যভিজ্ঞা করিতে পারে না। কারণ, অনোর দৃষ্ট বস্ত অন্য ব্যক্তি প্রত্য**ভি**জ্ঞা করিতে পারে না, ই**হা সর্ব**সন্মত। কোন পদার্থ-বিষয়ে ক্রমে দুইটি জ্ঞান জন্মিনে পূর্ব্জাত ও পরজাত ঐ জ্ঞানময়ের এক বিষয়ে প্রতিসিম্বরূপ যে জ্ঞান জন্মে, সর্থাৎ ঐ ভ্যানশ্বয়ের এব -বিষয়কত্বরূপে যে মান্স প্রত্যক্ষবিশেষ জ**েম,** উহাই এই **সূত্রে 'প্র**ত্যভিজ্ঞান'' শব্দের দার। বুঝিতে হইবে। ভাষ্যকার প্রথমে ইহা বলিয়া, উহার উদাহরণ প্রকাশ করিয়াছেন। "তমেৰৈ তহি পশ্যামি" এর্থাৎ "তাহাকেই ইদানীং দেখিতেছি", এই কথার দ্বাহা ভাঘ্যকার প্রথমে ঐ মান প্রত্যক্ষরপ প্রত্যাতিজ্ঞা প্রদর্শন করিয়াছেন। জ্ঞাত বিষয়ের বহিরিন্দ্রির জন্য ব্যবসায়রূপ প্রত্যাভিজ্ঞানও হইয়া থাকে। ভাষ্যকার ''দ এবায়মর্থঃ'' এবং কথার হার। শেষে তাহাও প্রদর্শন করিয়াছেন। উহার পূর্ব্বে ''যমজাসিমং'', অর্থাৎ ''যাছাকে **জা**নিয়াছিলাম''—এই কথার দ্বার। শেঘোক্ত ব্যবসার**রূপ**

প্রত্যভিজ্ঞার অনব্যবসায় অর্থাৎ মানসপ্রত্যক্ষরপ প্রত্যভিজ্ঞা প্রদর্শন করিরাছেন। পুৰোজ প্রতাভিজ্ঞ। নামক জ্ঞান 'প্রতিসন্ধি'', 'প্রতিসন্ধান'' ও ''প্রত্যভিজ্ঞান'' এই সকল নামেও কথিত হুইয়াছে। উহা সর্ব্রেই প্রত্যক্ষবিশেষ এবং স্মরণ জন্য। স্মর**ণ** ব্যতীত করাপি প্রত্যাতিজ্ঞা হইতে পারে না। সংস্কার ব্যতীতও সমরণ জন্মে না। একের দুষ্ট বস্তুতে অপরের সংস্কার না হওয়ায়, অপরে তাহা সমরণ করিতে পারে না, স্বতরাং অপরে তাহা প্রত্যভিজ্ঞাও করিতে পারে না। কিন্তু বামচকুর ঘারা কোন বস্তু দেখিয়া পরে (ঐ বাম চক্ষুঃ নষ্ট হইয়া গেলেও) দক্ষিণ চকুর ঘারা ঐ বস্তকে দেখিলে, ''যাহাকে দেখিয়াছিলাম, তাহাকেই দেখিতেছি"—এইরূপ প্রতাভিত্তা হইয়। থাকে, ইহা অ**স্বীকা**র করিবার উপায় নাই। পুর্কোক্তরূপে পূর্ববদাত ও পরজাত ঐ প্রত্যক্ষয়ের এক-বিষয়ত্বরূপে যে প্রত্যাভিজ্ঞা, তদাুরা ঐ প্রত্যক্ষর যে এককত ক, অর্থাৎ একই বর্তা যে, একই বিঘয়ে বিভিন্নকালে ঐ দুইটি প্রত্যক্ষ করিয়াছেন, ^{উহা} নিঃদলেহে বুঝা যায়। বামচক্ষু প্রথম দর্শনের কর্ত্তা হইলে দক্ষিণ-চক্ষু পুর্বেজিরাপ প্রত্যাভিত্ত। করিতে পারে না । কারণ, একের দৃষ্ট বস্তু অপরে প্রত্যভিজ্ঞ। করিতে পারে না। ফলকণা, চক্ষুরিন্দ্রিয় দর্শন ক্রিয়ার কর্ত্ত। আত্ম নহে। আত্ম উহা হইতে ভিন্ন, এ বিঘয়ে নহর্ষি এখানে প্রেবাজ্জনপ প্রত্যতিজ্ঞার দার। প্রত্যক্ষ প্রমাণ প্রদশন করিয়াছেন। करा देश পরিস্ফুট হইবে ॥ १ ॥

সূত্র। নৈকস্মিনাসাস্থিব্যবহিতে দ্বিত্বাভিমানাৎ ॥৮॥২০৬॥

অমুবাদ। (পূর্ববপক্ষ) না, অর্থাৎ পূর্বেবাক্ত কথা বলা যায় না। কারণ, নাসিকার অস্থির দ্বারা ব্যবহিত একই চক্ষতে দিম্বের ভ্রম হয়।

ভাষ্য। একমিদং চক্ষ্মধ্যে নাসান্থিব্যবহিতং, তস্তাম্ভৌ গৃহ্নমাণৌ দ্বিত্বাভিমানং প্রযোজয়তে। মধাবাবহিত্ত দীর্ঘশ্রেব।

অমুবাদ। মধ্যভাগে নাদিকার অন্থির দারা ব্যবহিত এই চক্ষু এক। মধ্যব্যবহিত দীর্ঘ পদার্থের ক্যায় সেই একই চক্ষর অন্তভাগদ্বয় জায়মান হইয়া (ভাহাতে) দ্বিত্বম উৎপন্ন করে।

টিপেনী। প্রেবাক্ত দিদ্ধান্তে মহামি এই স্ত্রের মার। প্রবিপক্ষ প্রকাশ

করিয়াছেন। প্ৰূপক্ষবাদীর কথা এই যে, চক্ষুরিন্দ্রি এক। বাম ও দাক্ষণ ভেদে চক্রিক্রিয় বস্তুত দুইটি নহে। যেমন, কোন দীর্ঘ সরোবরের মধ্যদেশে সেতু নির্মাণ করিলে ঐ সেত্-ব্যবধানবশতঃ ঐ সরোবরে ধিষ্বম হয়, বস্তত: কিন্ত ঐ সরোবর এক, তক্ষপ একই চক্ষুরি**ন্রে**য় ভ্নিমুস্থ নাসিকার অন্থির ছারা ব্যবহিত থাকান, ঐ ব্যবধানবশত: উহাতে দ্বিত্ব ব্যাহর। চক্রিক্রেরে একত্বই বাস্তব, দ্বিত্ব কায়নিক। নাসিকার অস্থির ব্যবধানই উহাতে দ্বিত্ব কল্পনা বা াদ্বন্দ্রনের নিমিত্ত। চক্ষুরিক্রিয় এক হইলে বাম চকুর দৃষ্ট বস্ত দক্ষিণ চক্ষু প্রত্যভিত্ত। করিতে পারে। কারণ, বাম ও দক্ষিণ চক্ষু বস্ততঃ একই পদার্থ। স্ত্রাং পূর্ব্সুত্রোজ হেতর দ্বারা সাধাসিদ্ধি হইতে পারে ন। ॥ ৮॥

সূত্র। একবিনাশে দ্বিতীয়াবিনাশান্নৈকত্বং ।।৯॥২০৭॥

অমুবাদ। (উত্তর) একের বিনাশ হইলে, দ্বিতীয়টির বিনাশ না হওয়ায় (চক্ষুরিন্সিয়ের) একত্ব নাই।

ভাষা। একস্মিন্ন পহতে চোদ্ধতে ব। চক্ষুষি দিতীয়মবতিষ্ঠতে চক্ষুব্বিষয়গ্রহণলিঙ্গং, তত্মাদেকস্ম ব্যবধানামুপপত্তিং।

অমুবাদ। এক চক্ষু উপহত অথবা উৎপাটিত হইলে, "বিযয় ্রাহণলিঙ্গ" অর্থাৎ বিষয়ের চাক্ষ্য প্রত্যক্ষ যাহার লিঙ্গ বা সাধক, এমন দ্বিতীয় চক্ষ্ণ অবস্থান করে, অতএব একের ব্যবধানের উৎপত্তি হয় না, অর্থাৎ একই চক্ষু নাসিকার অন্তির দারা ব্যবহিত আছে, ইহা বলা যায় না।

টিপ্পনী। পূর্বোক্ত পূর্বপক্ষের উত্তবে মহর্ষি এই সূত্রের দার। বলিয়াছেন যে, চফুরিন্সিয় এক হইতে পারে না। কারণ, কাহারও এক চক্ষু নষ্ট হইলেও দিতীয় চক্ষু থাকে। দিতীয় চক্ষু না থাকিলে, তথন তাহার বিষয়গ্রহণ অর্থাৎ কোন বিষয়ের চাকুম প্রত্যক্ষ হইতে পারে না। কিন্তু কাণ ব্যক্তিরও তন্য চক্ষুর দারা চাক্ষুয় প্রত্যক্ষ হইয়া ধাকে, স্থারা তাহার এক চক্ষু নই হইলেও দিতীয় চক্ষু আছে, ইহা স্বীকার্যা। ভাষ্যকার ঐ দিতীয় চক্ষুতে প্রমাণ-গূচনার জন্যই উহার বিশেষণ বলিয়াছেন, ''বিষয়গ্রহণ লিঙ্গং''। ফলক্থা, যথন কাহারও

একটি চক্ষু কোন কারণে উপহত বা বিনষ্ট হইলে অথবা উৎপার্টিত হইলেও, দিতীয় চক্ষু থাকে, উহার দারা সে দেখিতে পায়, তথন চক্রিন্দ্রি দুইটি, ইহা স্বীকাষ্য। চক্রিন্দ্রির বস্ততঃ এক হইলে কাণ-ব্যক্তিও অন্ধ হইয়া পড়ে। সূত্রাং একই চন্দ্রিন্ত্রিয় ব্যবহিত আছে, ইহা বলা যায় না ।। ৯ ।।

সূত্র। অবয়বনাশেহপ্যবয়ব্যুপলব্ধেরহেতুঃ।।১০।।২০৮॥

অমুবাদ। (পূর্ব্পক্ষ) অবয়বের নাশ হইলেও অবয়বীর উপলব্ধি হওয়ায়, অহেতু—অর্থাৎ পূর্ব্বসূত্রে যে হেতু বলা হইয়াছে, উহা হেতু হয় না।

ভাষ্য। একবিনাশে দ্বিতীয়াবিনাশাদিত্যহেতু:। কম্মাৎ। বৃক্ষস্ত হি কাসুচিচ্ছাখাসু চ্ছিন্নাসূপলভ্যত এব বুক্ষঃ।

অমুবাদ। একের বিনাশ হইলে দ্বিতীয়টির অবিনাশ—ইহা হেতৃ নহে। (প্রশ্ন) কেন? (উত্তর) যেহেতু বৃক্ষের কোন কোন শাখা ছিন্ন হইলেও বুক্ষ উপদন্ধই হইয়া থাকে।

টিপ্পনী। পূর্ব্বপক্ষবাদীর কথা এই যে, এক চক্ষুর বিনাশ হইলেও বিতীয়টির বিনাশ হল না, এই হেতুতে যে, চলুরিক্রিয়ের বিত্ব সমর্থন কর। হইয়াছে, উহা করা যায় না। কারণ, **উ**হা ঐ সাধ্যসাধ**নে** হেতুই হয় না। যেসন, বৃক্তের অবয়<mark>ব কোন কোন শাধা বিনষ্ট হইলেও</mark> বুক্ষরূপ এবয়বীর উপলব্ধি তথনও হয়, শাখাদি কোন অবয়ববিশেষের বিনাশে বৃক্ষরূপ এবয়বীর নাশ হয় না, তক্ষপ একই চক্রিল্রিয়ের কোন অবয়ব ব। অংশবিশেষের বিনাশ হইলেও, একেবারে চক্ষুরিন্দ্রিয় বিনষ্ট হইতে পারে না। একই চক্ষুরিল্রিয়ের আধার দুইটি গোলকে যে দুইটি ক্ষুদার আছে, উহা ঐ একই চক্ষ্রিন্তিয়ের দুইটি অধিষ্ঠান। উহার অন্তর্গত একই চক্ষুরিন্দ্রিয়ের এক অংশ বিনষ্ট হইলেই ভাহাকে "কান" বলা হয়। বস্তত: তাহাতে চক্ষ্রিল্রিয়ের অন্য অংশ বিনষ্ট না হওয়ায়, একেবারে চক্ষুরিন্দ্রিয়ের বিনাশ হইতে পারে না। কোন অবয়বের বিনাশে অবয়বীর বিনাশ হয় না। স্মৃতরাং পৃর্ববৃত্তোক্ত হেতুর ছারা চক্ষুরিন্রিয়ের দিহ সমর্থন করা যার না, উহা অহেতু ॥ ১০ ॥

সূত্র। দৃষ্টান্তবিরোধাদপ্রতিষেধঃ ॥১১॥২০৯॥

অমূবাদ। (উত্তর) দৃষ্টাস্ত-বিরোধ-বশতঃ প্রতিষেধ হয় না, অর্থাৎ চক্ষ্রিন্দ্রিয়ের দ্বিত্বের প্রতিষেধ করা যায় না।

ভাষ্য। ন কারণন্তব্যস্য বিভাগে কার্যন্তব্যস্বতিষ্ঠতে নিতাছপ্রসঙ্গাৎ। বহুধব্য়বিষু যস্ত কারণানি বিভক্তানি তম্য বিনাশঃ, যেষাং
কারণান্যবিভক্তানি তান্যবতিষ্ঠন্তে। অথবা দৃশ্যমানার্থবিরোধো দৃষ্টান্তবিরোধঃ। মৃতস্য হি শিরংকপালে দ্বাববটো নাসান্থিব্যবহিতে চক্ষ্মঃ
স্থানে ভেদেন গৃহ্যেতে, ন চৈতদেক্ষ্মিন্ নাসান্থিব্যবহিতে সম্ভবতি।
অথবা একবিনাশস্থানিয়মাৎ দ্বাবিমাবর্থে ।, তৌ চ পৃথগাবরণোপঘাতাবন্ধমীয়েতে বিভিন্নাবিতি। অবপীড়নাচৈচকন্য চক্ষ্যো রশ্মিবিষয়সন্নিকর্ষস্য
ভেদাদৃদ্শভেদে ইব গৃহ্যতে, তচৈচকত্বে বিরুধ্যতে। অবপীড়ননির্ত্তৌ
চাভিন্নপ্রতিসন্ধানমিতি। তত্মাদেকস্য ব্যবধানান্ধপাতিঃ।

অন্থবাদ। (১) কারণ-জব্যের বিভাগ হইলে, কার্য্য দ্রব্য অবস্থান করে না, অর্থাৎ অবয়বের বিভাগ হইলে, অবয়বী থাকে না। কারণ, (কার্যান্ডব্য থাকিলে তাহার) নিত্যাত্বের আপত্তি হয়। বছ অবয়বীর মধ্যে যাহার কারণগুলি বিভক্ত হইয়াছে, তাহার বিনাশ হয়; যে সকল অবয়বীর কারণগুলি বিভক্ত হয় নাই, তাহারা অবস্থান করে [অর্থাৎ বৃক্ষরূপ অবয়বীর কারণ ঐ বৃক্ষের অবয়বের বিভাগ বা বিনাশ হইলে বৃক্ষ থাকে না—পূর্ব্বজাত সেই বৃক্ষপ্ত বিনন্ত হয়, স্থতরাং পূর্ব্বপক্ষবাদীর অভিমত দৃষ্টান্ত ঠিক হয় নাই। দৃষ্টান্ত-বিরোধব্যাত চক্ষ্বরিন্দ্রিয়ের দিছ প্রতিষেধ হয় না।] (২) অথবা দৃশ্যমান পদার্থের বিরোধই "দৃষ্টান্ত-বিরোধ"। মৃত ব্যক্তির নিরংকপালে চক্ষ্বর স্থানে নাসিকার অস্থির দ্বারা ব্যবহিত তৃইটি "অবট" (গর্গ্ত) ভিন্নরূপেই প্রত্যক্ষ হয়, কিন্তু নাসিকার অস্থির দ্বারা ব্যবহিত এক চক্ষ্ হইলে, ইহা (পূর্ব্বাক্ত তৃইটি গর্ত্তের ভিন্নরূপে প্রত্যক্ষ) সম্ভব হয় না। (৩) অথবা একের বিনাশের অনিয়মপ্রযুক্ত, অর্থাৎ চক্ষ্রিন্দ্রিয়ে এক

হইলে, তাহার বিনাশের নিয়ম থাকে না, এ জ্বলা, ইহা (চক্ষ্রিন্দ্রির) ছুইটি পদার্থ প্রধাবরণ ও পৃথপ্তপঘাত, অর্থাৎ উহার আবরণ ও উপঘাত পৃথক্, (স্থতরাং) বিভিন্ন বলিয়া অসুমিত হয়। এবং এক চক্ষ্র অবপীড়নপ্রযুক্ত অর্থাৎ অসুলির দ্বারা নাসিকার মূলদেশে এক চক্ষ্কে জোরে টিপিয়া ধরিলে, ভৎপ্রযুক্ত রশ্মিও বিষয়ের সন্নিকর্ষের ভেদ হওয়ায়, দৃশ্য-ভেদের হ্যায়, অর্থাৎ একটি দৃশ্য বস্ত ছুইটির হ্যায় প্রত্যক্ষ হয়, তাহা কিন্তু (চক্ষ্রিন্দ্রিয়ের) একছ হইলে বিক্রদ্ধ হয়, অর্থাৎ চক্ষ্রিন্দ্রিয় এক হইলে অবপীড়নপ্রযুক্ত প্রেবাক্তরপ এক বস্তর দ্বিজ্বন হইতে পারে না; অবপীড়ন নির্বত্তি হইলেই (সেই বস্তর) অভিন্ন প্রতিসন্ধান হয়—অর্থাৎ তখন তাহাকে এক বলিয়াই প্রত্যক্ষ হয়। অতএব এক চক্ষ্রিন্দ্রিয়ের ব্যবধানের উপপত্তি হয় না, অর্থাৎ একই চক্ষ্রিন্দ্রিয় নাসিকার অন্থির দ্বারা ব্যবহিত আছে ইহা বলা যায় না।

টিপ্পনী। ভাষ্যকারের মতে নছি এই সূত্রের দার। পূর্বসূত্রোক্ত মতেব নিরাশ করিয়া চকুরিভ্রিতেরের দ্বিত-সিদ্ধান্ত সমর্থন করিয়া**ছে**ন। ভাঘ্যকাৰ এই সূত্ৰেৰ ভিন প্ৰকাৰ ব্যাখ্যাৰ দাবা মহাঘিৰ ভাৎপৰ্য্য বুঝাইয়াছেন। প্রথম ব্যাগ্যার তাৎপর্য্য এই যে, কারণ-দ্রব্য অর্থাৎ অবয়বের বিনাশ হইলেও, যদি কার্য্য-**দ্রব্য (**অবয়বী**) থাকে, তাহা** হইলে ঐ কার্য্য-দ্রব্যের কোন্দিন্ট বিনাশ হইতে পারে না ; উহা নিত্য হুইয়া পড়ে। কিন্তু বুক্ষাদি অবয়বী জন্য-দ্রব্য, উহা নিত্য হুইতে পারে না, উহার বিনাশ অবশ্য স্বাকার্য্য। স্থতরাং অবয়বের নাশ হইলে, পূৰ্ববজাত সেই অবয়বীর নাশও অবশ্য স্বীকাব করিতে হইবে। অবয়ব-বিশেষের নাশ হইলেও, অবিনষ্ট অন্যান্য অবয়বগুলির ছারা তথনই তজ্জাতীয় আর একটি এবয়বীর উৎপত্তি হওয়ায়, সেখানে পরজাত সেই অবয়বীর প্রতাক হইয়া থাকে। বুকেন শাখাবিশেষ নষ্ট হইলে, সেখানে পূৰ্বজাত সেই বৃক্ষণ্ড নষ্ট হইয়া যায়, অৱশিষ্ট শাখাদির ছারা সেখানে যে বুকান্তর উৎপান হয়, তাহারই প্রত্যক্ষ হয়। স্মৃতরাং প্রবর্পক্ষবাদীর অভিনত দৃষ্টান্ত ঠিক হয় নাই, উহা বিরুদ্ধ হইয়াছে। কারণ, বৃক্ষাদি কার্য্যস্রব্যের অবয়⊲বিশেষের নাশ হইলে. ঐ বৃক্ষাদিরও নাশ হ**ইয়া থা**কে।

নচেৎ উহার কোনদিনই নাশ হইতে পারে না, উহা নিত্য হইয়া পড়ে। এইরপে চক্ষুরিন্দ্রিয় একটিমাত্র কার্য্য-দ্রব্য হইলে, উহারও কোন অবয়ব-বিশেষের নাশ হইলে, দেখানে উহারও নাশ স্বীকার্য্য। কিন্তু সেখানে চক্ষুরিক্রিয়ের একেবারে বিনাশ না হওয়ায়, উহা বাম ও দক্ষিণ ভেদে দইটি, ইহা সিদ্ধ হয়। উহা বিভিন্ন দুইটি পদার্থ হইলে, একের বিনাশে অপরটির বিনাশ হইতে পারে না, কাণ ব্যক্তি অন্ধ হইতে পারে না। পূৰ্ব্পক্ষবাদী অবশ্যই বলিবেন যে, যদি বৃক্ষাদিস্থলে অবয়ববিশেষের নাশ হইলে, পূর্ব্জাত সেই বৃক্ষাদির নাশ স্বীকার করিয়া, তজ্জাতীয় অপর বৃক্ষাদির উৎপত্তি স্বীকার করিতে হয়, তাহা হইলে চক্ষুরিন্দ্রিস্থলেও তাহাই <mark>হইবে। সে</mark>খানেও একই চক্ষুরিন্দ্রিয়ের কোন অ**ব**য়ববিশেঘের নাশ হইলে, অবশিষ্ট অবয়বের দার। অন্য একটি চক্ষুরিক্রিয়ের উৎপত্তি হওয়ায়, তদ্বারাই তথন চাকু্দ প্রত্যক্ষের উৎপত্তি হইবে, বিভিন্ন দুইটি চক্ষুরিল্রিয় স্থীকারের কারণ কি ? ভাষ্যকার এই কথা মনে করিয়া, দিতীয় প্রকার ব্যাখ্যা করিতে বলিনাছেন যে, অথবা দৃশ্যমান পদার্থ-বিরোধই এই সূত্রে মহধির অভিমত ''দৃটান্ত-বিরোধ''। *মশানে মৃত ব্যক্তির যে শির:কপাল (মাথার খুলি) পড়িয়া থাকে, তাহাতে চক্দুর স্থানে নাসিকার অস্থির ছার। ব্যবহিত দুইটি পৃথক্ গর্ভ দেখা যায়। জন্ধার। ঐ দুইটি গর্ত্তে যে ভিন ভিন দুইটি চক্রিল্রিয় ছিল, ইহা বুরা। যায়। চক্ষুরিন্তিয় এক হটলে, মৃত ব্যক্তির শিরংকপালে চকুর আধার দুইটি পৃথক গর্ভ দেখা যাইত না। ঐ দুইটি গর্ভ দৃশ্যমান পদার্থ হওয়ার, উহাতে ''দৃষ্টা**ন্ত'' বলা যা**য়। চক্ষুরিন্দ্রিয়ের একত্বপক্ষে ঐ ''দৃষ্টান্ত-বিরোধী" হও্যায়, চক্ষুরান্ত্রয়ের হিছের প্রতিষেধ করা যায় না, উহার বিষষ্ট স্বীকার্য্য—ইহাই বিতীয় করে সূত্রকারের তাৎপর্য্যার্থ। পূর্ব্বপক্ষবাদী বলিতে পারেন যে, চক্ষুরিন্সিয়ের আধার দুইটি গর্ভ দেখা গেলেও চক্রিন্দ্রিয়ের একত্বের কোন বাধা হয় না। একই চক্রিন্দ্রিয় নাসিকার অম্বির দারা ব্যবহিত দুইটি গোলকে থাকিতে পারে। গোলক বা গর্ভের ধিষের সহিত চক্ষুরিন্দ্রিয়ের একত্বের কোন বিরোধ নাই। ভাষ্যকার এই কথা মনে করিয়া, তৃতীয় প্রকাব ব্যাখ্যা করিতে বলিয়াছেন যে, অথবা একের বিনাশের অনিয়মপ্রযুক্ত পৃথগাবরণ ও পৃথগুপ্রয়াত দইটি চকুরিল্রিয়ই বিভিন্নরপে অনুমানসিদ্ধ। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, চকুরিল্রিয় এক হইলে বাম চকুরই বিনাশ হইয়াছে, দকিণ চকুর বিনাশ হয় নাই, এইরূপ বিনাশ-নিয়ম থাকে না। বাম চক্ষুর বিনাশে দক্ষিণ

চক্ষুরও বিনাশ হইয়া পড়ে। কিন্তু পূৰ্বেভিক্লপ বিনাশ-নিয়ম স্থাৎ বাম চক্র নাশ হইলেও দক্ষিণ চক্ষর বিনাশ হয় না, এইরূপ নিয়ম দেখা যায়। স্তরাং চক্ষুরিন্দ্রিন পরস্পর বিভিন্ন দুইটি পদার্থ এবং ঐ দইটি চক্ষুরিন্দ্রিরের আবরণও পৃথক এবং উপঘাত অর্থাৎ বিনাশও পৃথক্, ইহা অনুমানসিদ্ধ হয়। তাহা হইলে বাম চক্ষুর উপ**ধা**ত হইলেও, দক্ষি**ণ** চক্ষুর উপধাত হই**তে পারে না। বাম ও দ**ক্ষিণ বলিয়া কেবল নামভেদ করিলে, তাহাতে বস্তত: চকুরিচ্রিয়ের ভেদ না হওয়ায়, বান চকুর নাশে দক্ষিণ চক্রও নাশ হইবে। তাহা হইলে পূর্ব্বোক্তরপ বিনাশ-নির্ম থাকে না। পর্বেবাজরপ বিনাশ-নিয়ম দৃশ্যমান পদার্থ বলিয়া—''দৃষ্টাস্ত'', উহার সহিত বিবোধবশতঃ চকুরিন্দ্রিরের **হিতের** প্রতি**যে**ধ করা যায় না, ইহাই এইপকে সূত্রার্থ । ভাষ্যকার এই তৃতীয় কল্লেই শেষে মহধির তাৎপর্য্য বর্ণনা করিতে আর একটি যুক্তি বলিরাছেন যে, এক চক্ষুর অবপীড়ন ক**রিলে**, অ**র্থাৎ** অঙ্গুলির দার। নাগিকার মূলদেশে এক চন্দুকে জোরে টিপিয়া ধরিলে, ত্র্বন ঐ চক্ষুর রশ্যিভেদ হওয়ায়, বিষয়ের সহিত উহার সন্ধিকর্মের ভেদবশতঃ একটি দৃশ্য বস্তুকে দুইটি দেখা যায। ঐ অবপীড়ন নিবৃত্তি হইলেই, আবার ঐ এক বস্তকে একই দেখা যায়। একই চকুরি <u>ক্রি</u>য় নাসিকার অস্থির দ্বানা ব্যবহিত থাকিলে, উহা হইতে পারে না । স্থতরাং চকুরিন্দ্রির পরম্পন বিভিন্ন দুইটি, ইহা স্বীকার্য্য। ভাষ্যকারের গঢ় তাৎপর্য্য মনে হয় যে, যদি একই চকুরিন্দ্রিয় নাগকার অস্থির ছারা ব্যবহিত থাকিত, তাহা হইলে বান নাসিকার মূলদেশে অফুলির হারা বাম চকুকে জোরে টিপিয়া ধরিলে, এ বাম গোলকস্থ সমস্ত রশ্মিই নাসিকার মূলদেশের নিমুপথে দক্ষিণ গোলকে চলিয়া যাইত, তাহা হইলে সেখানে ত্র এক ব**স্তকে দুই ব**লিয়। দেখিবার কার**ণ** হইত না । কিন্তু যদি নাসিকার মূলদেশের নিমুপথ অস্থির দার। বন্ধ থাকে, যদি ঐ পথের চক্ষুর রি∙মর প্ৰনাগ্ৰন সম্ভাবন। না থাকে, তাহা হইলেই কোন এক চক্ষুকে অঙ্গুলির দ্বারা জোরে টিপিয়া ধরিলে, তাহার সেই গোলকের মধ্যেই পূর্ব্বোক্তরূপ অবপীড়নপ্রযক্ত রশ্মির ভেদ হওয়ায়, একই দৃশ্য বস্তুর সহিত ঐ বিভিন্ন রশ্মির বিভিন্ন সন্নিকর্ষ হয়। স্মৃতরাং সেখানে ঐ কারণ জন্য একই দৃশ্য বস্তুকে দুই বলিয়া দেখা যায়। স্কুতরাং বুঝা যায়, চকুরিল্রিয় একটি নহে। নাসিকার মূলদেশের নিমুপথে উহাব রশিসঞারের সম্ভাবন। নাই। পৃথক্ পৃথক্ দুইটি চক্দুরিচ্চিয় পৃথ<mark>ক্ পৃথক্ দুইটি গোলকেই</mark> থাকে। অঙ্গুলিপীড়িত চকুই এই পক্ষে দৃষ্টান্ত। উহার সাহত বিরোধ-

বশতঃ চক্ষুরিক্রিয়ের দিতের প্রতিঘেধ করা যায় না, ইহাই এই চরমপক্ষে সূত্রার্থ।

ভাষ্যকার পূর্ব্বোক্তরূপে সূত্রার্থরূপে সূত্রার্থ ব্যাখ্যা করিয়া চক্ষুরিক্রিয়ের একম্বসিদ্ধান্তই সমর্থন করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, চক্ষ্রিচ্ছিয় দুইটি হইলে একই সময়ে ঐ দুইটি চকুরিন্দ্রিয়ের সহিত অতি সক্ষ মনের সংযোগ হইতে পারে না। মনের অতি সূল্মতাবশতঃ এক সময়ে কোন একটি চক্ষুরিন্সিয়ের গহিতই উহার সংযোগ হয় ইহা গৌতম গিদ্ধান্তানুসারে স্বীকার্যা। তাহ। হইলে কাণ ব্যক্তি ও দিচকু ব্যক্তির চাকুম-প্রত্যক্ষের কোন বৈঘম্য থাকে না। যদি দ্বিচক্ষু ব্যক্তিরও একই চক্ষরান্ত্রের সহিত তাহার মনের সংযোগ হয়, তাহা হইলে একচকু ব্যক্তিরও ঐরপ মন:সংযোগ হওয়ায়, ঐ উভদের সমভাবেই চাক্ষ্য-প্রত্যক হইতে পারে। কিন্ত যে ব্যক্তি কাণ অথবা যে ব্যক্তি দ্বিচক্ষু হইয়াও একটি চফুকে আচ্ছাদন করিয়া অপর চ**ফু**র **দার।** প্রত্যক্ষ করে, ই**হার। কখ**নও াষচক্ষু ব্যক্তির ন্যায় প্রত্যক্ষ করিতে পারে না। কিন্তু একই চকু**রিচ্নি**য়ের দুইটি অধিষ্ঠান স্বীকার করিলে, দুইটি অধিষ্ঠান হইতে নির্গত তৈজ্ঞ চকুরি**ল্রিয়ের সহিত মনের সংযোগ হইতে পারায়, আবকলচকু ব্যক্তি বাণ** ব্যক্তি হইতে বিশিষ্টরূপ প্রত্যক্ষ করিতে পারে। ঐ উভয়ের বৈষম্য উপপন্ন হয়। পুরুত্ত মহুষি পরে ইন্দ্রিয়নানাত্ব-প্রকরণে বহিরি**ন্দ্রি**য়র পঞ্জ-গিদ্ধান্ত সমর্থন করায়, চন্দুরিক্রিয়ের একছই তাঁহার অভিমত বুঝা যায। চক্রিল্রিয় দুইটি হইলে, বহিরিল্রিয়ের পঞ্ছ-সিদ্ধান্ত থাকে না। স্বতরাং মহা**দি**র পরবর্ত্তী ঐ প্রকরণের সহিত বিরোধব**শতঃ চক্ষ্রিন্দ্রি**য়ের খিছসিদ্ধান্ত তাঁহার অভিমত বুঝা যায় না । বৃত্তিকার বিশ্বনাথ উদ্যোতকরের মতানুসা**রে সূ**ত্রার্থ ব্যাখ্যা করিতে গ্রথমোক্ত "সব্যদৃষ্টস্য" ইত্যাদি সূত্রটিকে প্রবিপক্ষস্তারাপে গ্রহণ কবিয়া চক্রিল্রিটেরের হিছ কাল্লনিক, একছই বাস্তব, এই সিদ্ধান্ত সমর্থনপর্বক পরে ভাষ্যকারের মতানুসারেও পূর্ব্বোক্ত সূত্র-গুলির সঙ্গতি প্রদর্শন করিয়াছেন। বৃত্তিকারের নিজের মতে চক্ষুরিচ্রিয়ের একম্বই দি**দ্ধান্ত** এবং উহা তাৎপর্যাটীকাকারের অভিপ্রায়দিদ্ধ, ইহা তিনি একাশ করিয়াছেন। **অব**শ্য "ন্যায়সূচীনিব**দ্ধে"** বাচস্পতি মিশ্র এই প্রকরণকে 'প্রাসন্ধিকচক্ষুরদ্বৈত-প্রকরণ'' বলিয়াছেন। কিন্তু তাৎপর্য্যটীকার কথার দ্বার। চক্ষুরিন্তিয়ের একছই যে তাঁহার নিজের অভিমত সিদ্ধান্ত, ইহা বুঝা যায় না । পরে ইহা বাক্ত হইবে । এখানে সর্বাগ্রে ইহা প্রণিধান কর। আবশ্যক যে, মহাঘি এই অধ্যায়ের প্রারম্ভ হইতে বিভিন্ন প্রকরণ দার।

আত্ম। দেহাদি হইতে ভিন্ন নিত্যপদার্থ, ইহাই সমর্থন করিয়াছেন। বাম ও দক্ষিণভেদে চক্ষুরিন্দ্রিয় বস্তত: দুইটি হইলেই ঐ সিদ্ধান্ত অবলম্বন করিয়া। "সবাদ্ট্স্য" ইত্যাদি সত্র ধারা ভাষ্যকারের ব্যাখ্যান্সারে আত্ম ইন্দ্রিয-ভিন্ন চক্ষুরিক্রিয় আত্ম হইতে পারে না, ইহ। মহমি সমর্থন বরিতে পারেন। চক্ষুরিচ্রিয় এক *হইলে* পূর্ব্বোক্তরূপে উহা সম্থিত হয় না। বৃত্তিকার বিশুনা**থ** ইহা লক্ষ্য করিয়া প্রথমে এই প্রকরণকে প্রাসঙ্গিক বলিয়াও শেষে আবার বলিয়াছেন যে, যাহারা (চক্ষরিন্তিয়ের দ্বিছ-সিদ্ধান্ত অবলম্বন করিয়া) বাম চক্ষ্র ছাব। দৃষ্ট বস্তুর দক্ষিণ চক্ষুর ছার। প্রত্যাভিত্যা-বশতঃ ইন্দ্রিয়তিয় চিরস্থায়ী এক আত্মার গিদ্ধি বলেন, তাঁহাদিগের ঐ যুক্তি ধণ্ডন করিতেই মহর্থি এখানে এই সূত্রগুলি বলিয়াছেন। কিন্ত এখানে মহর্ষির সাধ্য বিষয়ে অন্যের যুক্তি নিরাস করিবার বিশেষ কি কারণ আছে, ইহা চিন্তা কর। আবশ্যক। আত্মার দেহাদিভিন্নত্ব গাধন করিতে যাইয়া মহার্ষির চক্ষুরিন্সিনের একত্বদাধন করিবারই কি কারণ আছে, ইহাও চিড। করা আবশ্যক। পরন্ত পরবর্তী ''ইন্দ্রিয়ান্তরবিকারাৎ'' এই **স**ত্রানি পর্যালোচনা করিলেও নি:সন্দেহে বুঝা যায়, নহামি এই প্রকরণ ছানা বিশেষরূপে আত্মার ইন্দ্রিয়ভিন্নত্বই সাধন করিয়াছেন, উহাই তাঁহার এই প্রকরণের উদ্দেশ্য। পূর্বপ্রকরণের দারা আত্মার ইন্দ্রিয়ভিন্নত্ব সাধন করিলেও, অন্য হেতুর সমুচ্চয়ের জন্যই অর্থাৎ প্রকারান্তরে অন্য হেতুব ধারাও আত্মার ইন্দ্রিয়ভিয়ত্ব সাধনের জন্যই যে মহদিব এই প্রকরণের আরম্ভ, ইহা মহর্ঘিব পরবর্ত্তী সূত্রের প্রতি মনোযোগ করিলে বুঝিতে পারা যায়। **উদ্যোত**কর **চক্**রি**ন্সিয়ের হিত্ত-শিদ্ধান্তকে** ও মহ**্ষির প**রবর্ত্তী প্রকরণান্তরবিরুদ্ধ বলিয়া এই প্রকরণের পূর্ব্বোক্তরূপ প্রয়োজন স্বীকার করেন নাই। কিন্তু তাঁহার মতে এই প্রকরণের প্রয়োজন কি, প্রকৃত বিষয়ে সঙ্গতি কি, ইহা চিন্তা কর। আবশ্যক। চক্ষ্রিন্রিযের দ্বিত্বপণ্ডনে উদ্যোতকরের কথায় বক্তব্য এই যে, কাণ ব্যক্তির চক্ষিয় প্রত্যক্ষকালে এব-মাত্র চক্ষুবিল্রিয়েই তাহার মনঃসংযোগ থাকে! বিচক্ষু ব্যক্তির চাক্ষ্ প্রতাক্ষকালে একই সময়ে দুইটি চফুরিক্রিয়ের অতিসন্ম একটি মনের সংযোগ হইতে না পারিলেও, মনের অতি জতগামিত্বশতঃ অবিলম্বে পুন: পুন: দুইটি চক্ষুরিজ্রিয়েই মনের সংযোগ হয়, এবং দৃশ্য বিষয়ের গহিত একই সময়ে দুইটি চক্ষুবিজিয়ের সলি মে হয়, এই জন্যই কাণ ব্যক্তির প্রতাক হইতে দিচকু ব্যক্তির প্রতাকের বৈশিষ্ট্য হইয়া থাকে। বিশিষ্ট প্রত্যক্ষের প্রতি এরাণ কারণবিশেষ কল্পন। করা যায়। বাণ ব্যক্তির

প্রত্যক্ষরনে ঐ কারণবিশেষ নাই। উদ্যোতকরের মতে চক্ষান্ ব্যক্তি-মাত্রই এক চক্ষু হইলে, তাঁহার কথিত প্রত্যক্ষবৈশিষ্ট্য কিরুপে উপপন্ন হইবে, ইহাও সুধীগণ চিন্তা করিবেন। একজাতীয় এক কার্য্য**কা**রী দুইটি চক্ষরিন্সিয়কে এক বলিয়া গণনা করিয়া বহিরিন্সিয়ের পঞ্চত্র সংখ্যা বলা যাইতে পারে। স্থতরাং উদ্দ্যোতকরোক্ত প্রকরণ-বিরোধের আ**শঙ্কা**ও নাই। যথাস্থানে এ কথার আলোচনা হইবে (পরবর্ত্তী ৬০ম সূত্র দ্রষ্টব্য)।।১১॥

ভাষ্য। অমুমীয়তে চায়ং দেহাদি-সংঘাত-ব্যতিরিক্তশ্চেতন ইতি। অমুবাদ। এই চেতন (আত্মা) দেহাদি-সংঘাত হইতে ভিন্ন, ইহা অনুমিতও হয়।

সূত্র। ইন্দ্রিয়ান্তরবিকারাৎ ॥১২॥২১০॥

অমুবাদ। যেহেতৃ ইন্দ্রিয়ান্তরের বিকার হয়। ত্র্পাৎ কোন অমুফলের রূপ বা গন্ধের প্রত্যক্ষ হইলে রসনেন্দ্রিয়ের বিকার হওয়ায়. আত্মা ইন্দ্রিয় নহে, স্থতরাং দেহাদি-সংঘাত হইতে ভিন্ন, ইহা অনুমান-প্রমাণ ভারা সিদ্ধ হয়।

ভাষ্য। কস্তাচিদমফলস্তা গৃহীততন্ত্রসসাহচর্য্যে রূপে গন্ধে বা কেনচিদিল্লিয়েণ গুতুমানে রসনতোলিয়ান্তরতা বিকারো রসামুশ্রতৌ রসগর্দ্ধি-প্রবর্ত্তিতো দম্ভোদকসংপ্লবভূতো গৃহতে। ওস্তেন্দ্রিয়টৈতত্ত্যে-২মুপপত্তি:, নাগ্যদৃষ্টমক্যঃ স্মরতি।

অমুবাদ। কোন অমুফলের "গৃহীত-তন্ত্রসসাহচর্য্য" রূপ বা গন্ধ অর্থাৎ যে রূপ বা গন্ধের সহিত সেই অমুফলের অমুরুসের সাহচর্য্য বা সহাৰস্থান পূৰ্বে গৃহীত হইয়াছিল, এমন রূপ বা গন্ধ কোন ইন্দ্রিরের দারা (চক্ষু বা আণোঞিয়ের দারা) গৃহমাণ হইলে, রসের অসুস্মরণবশভঃ অর্থাৎ পূর্ববাস্বাদিত সেই অমুরসের স্মরণ হওয়ায়, রসলোভজ্বনিত রসনারূপ ইন্দ্রিয়ান্তরে দন্তোদকসংপ্লবরূপ অর্থাৎ দন্তমূলে জলের আবির্ভাব-রূপ বিকার উপলব্ধ হয়। ইন্সিয়ের চৈতত্য হইলে, অর্থাৎ বিভিন্ন ইন্দ্রিয়ই রূপরসাদির অনুভবিতা আত্মা হইলে তাহার (পূর্ব্বোক্তরূপ

বিকারের) উপপত্তি হয় না। (কারণ,) অন্য ব্যক্তি অফ্রের দৃষ্ট (জ্ঞাত) পদার্থ স্মরণ করে না।

টিপ্পনী। মহর্ষি পুর্ব্বোক্ত ''সব্যদৃষ্টস্য'' ইত্যাদি সুত্রের হারা আহা ইন্দ্রিয়ভিন্ন, এ বিষয়ে প্রত্যক্ষ প্রমাণ প্রদর্শন করিয়া, এখন এই সুত্রের হারা তহিদয়ে প্রনুমান প্রমাণও প্রদর্শন করিয়াছেন। তাই ভাষ্যকার এখানে ''অনুমীয়তে চায়ং'' ইত্যাদি বাক্যের উল্লেখপুর্ব্বক এই সুত্রের অবতারণা করিয়াছেন ।

এখানে সমরণ করা আবিশ্যক যে, বাম চক্ষর মারা দৃষ্টবস্তকে পরে দক্ষিণ চকুর দারা প্রত্যক করিলে, ''আমি যাহাকে দেখিয়াছিলাম, এখন আমার তাহাকেই দেখিতেছি"—এইরূপে ঐ প্রত্যক্ষয়ের একবিষয়ত্বরূপে যে নান্যপ্রত্যক্ষরূপ প্রত্যাভিজ্ঞা হয়, তাহাতে একই কর্ত্তা বিষয় হওয়ায়. প্রত্যক্ষের কর্ত্ত। আত্মা চক্ষুরিন্দ্রিয় নহে, উহা ইন্দ্রিয় ভিন্ন এক, ইহা পূর্ব্বোজ-রূপ প্রত্যক্ষবশতঃ বুঝা যায়। কিন্তু চক্ষ্রিল্রিয় একটি মাত্র হইলে, উহাই পূৰ্ব্বোক্ত প্ৰত্যক্ষয়েৰ এক কৰ্তা হইতে পাৰায়, প্ৰোক্ত**রূপ প্ৰত্যক্ষৰলে** আন্তা চক্ষুরিন্দ্রিয় ভিন্ন, ইহা গিদ্ধ হয় না। স্থতরাং মহ**দি পূর্ব্বোজ** ''সব্যদুষ্টস্য'' ইত্যাদি সূত্তের দার৷ আদ্ধা ইন্দ্রিয়ভিন্ন, এ বিদয়ে পুর্ব্বোজন্মপে প্রত্যক্ষ প্রমাণ প্রদর্শন করিলে, তিনি চক্ষরিন্দ্রিরের ছিছকেই সিদ্ধান্তরূপে গ্রহণ করিয়াছেন—ইহা অবশ্য স্বীকার্য্য। তবে যাঁহার। উদ্যোতকর প্রভৃতির ন্যায় চক্ষুরিক্রিয়ের দ্বিষ-সিদ্ধান্ত স্বীকার করিবেন না, তাঁহাদিগকে লক্ষ্য করিয়া নহাবি পরে এই শুত্রের হারা ভাঁহার সাধ্য-বিষয়ে অনুমান-প্রমাণও প্রদর্শন করিয়াছেন, ইহা বলা যাইতে পারে। সে যাহাই হউক, মহর্ষি আবার বিশেষরূপে আত্মার ইন্দ্রিয়ভিন্নত্বসাধন করিতেই যে ''সব্যদষ্টস্য'' ইত্যাদি ৮ সূত্রে এই প্রকরণটি বলিয়াছেন, ইহা এই সূত্র ছার। নিঃসন্দেহে বুঝা যায় । ভাষ্যকারের "অনুমীয়তে চায়ং" ইত্যাদি বাক্যের তাৎপর্য্য বর্ণনা করিতে তাৎপর্যাটীকাকারও এইরূপ কথা বলিয়াছেন।

সূত্রে ''ইন্দ্রিয়ান্তরবিকার'' এই শব্দের দার। এখানে দন্তোদকসংগ্লবরূপ রগনেন্দ্রিয়ের বিকার মহর্ষির বিবক্ষিত্^ই। কোন অমুরসযুক্ত ফলাদির রূপ

১। তদেবং প্রতিসন্ধানভারেণাথানি প্রত্যক্ষং প্রমাণরিত্বা অনুমানমিদানীং প্রমাণরতি, অনুমারতে চায়মিতি।—তাৎপর্যাচীকা।

২। রসত্যাপ্রবর্তিতো দতাতরপরিসূতাতিরতী রসনেভিয়স্য সংপ্রবঃ স্থরো বিকার ইতাচ্যতে ।—ন্যায়বার্তিক ।

ব। গন্ধ প্রত্যক্ষ করিলে, তথন তাহার অমুরদের সমরণ হওয়ায়, দন্তমূলে যে জনের আবির্ভাব হয়, তাহার নাম "দক্তোদকসংপ্লব"। উহা জনীয় রসনেচ্ছিয়ের বিকার । যে অমুরসযুক্ত ফলাদির রূপ, গদ্ধ ও রস পূর্বের্ব কোন দিন যথাক্রমে চক্ষু, ঘ্রাণ ও রসনা মারা অনুভূত হইয়াছিল, সেই ফলাদির রূপে বা **গছে**র আবার অনুভব হইলে, তখন তাহার সেই অমারদের সমরণ হয়। কারণ, সেই অমারদের সহিত সেই রূপ ও গদ্ধের সাহচর্য্য বা একই দ্রব্যে অবস্থান পূর্ব্বে গৃহীত হইয়াছে। সহচরিত পদার্থের মধ্যে কোন একটির জ্ঞান হইলে, অন্যটির স্মরণ হইয়। থাকে। পূর্ব্বোক্ত স্থালে পূর্বানুভূত সেই অমুরদের সমরণ হওয়ায়, সমর্তার তিম্বিয়ে গদ্ধি বা লোভ উপস্থিত হয় । ঐ লোভ বা অভিলামবিশেমই দেখানে পূর্ব্বোজন্তরপ দন্তোদকসংপ্লবের কারণ। স্নতরাং ঐ দন্তোদকসংপ্লবন্ধপ রগনেক্রিয়ের বিকার ধারা ঐ স্থলে তাহার অমুরগবিষয়ে অভিনাঘ বা ইচ্ছার অনুমান হয়। ঐ ইচ্ছার দারা তদিদয়ে তাহার স্মৃতির অনুমান হয। কারণ, ঐ অমুরদের সমরণ ব্যতীত তথিধয়ে অভিনাঘ জনিত পারে না। ত্রিষয়ে অভিলাঘ ব্যতীতও দত্তোদকদংপ্রব হইতে পারে না। এখন ঐ স্থলে অমুরদের সমর্ত্ত। কে, ইহা বিচার করিয়া বুঝা আবশ্যক। চকুরাদি ইন্দ্রিয়কে রূপাদি বিষয়ের জ্ঞাতা আত্বা বলিলে উহাদিগকেই সেই সেই বিঘয়ের স্মর্ত্তা বলিতে হইবে। কিন্তু চক্ষুরাদি ইন্দ্রিয়ের বিষয়ব্যবস্থা থাকায়, কোন বহিরিক্রিয়ই সর্ব্ববিষয়ের ভাত। হইতে পারে না স্নতরাং সমর্ত্তাও হইতে পারে না। চক্ষুবা ঘ্রাণেল্ডিয়, রূপ ব। **গদ্ধের** অ**নুভব করিলেও তথন** অ**মুরসের স্মরণ করিতে পারে** না। কারণ, চক্ষ বা প্রাণেক্রিয়, কেখনও অমুরসের অনুভব করে নাই, করিতেই পারে না। স্থতরাং চক্ষু বা ঘ্রাণেন্দ্রিয়ের অমুরসের সমরণ হইতে না পারায়, উহাদিগের তদ্বিষয়ে অভিলাঘ হইতে পারে না। ঢকু বা ঘ্রাণেক্রিয়, কোন অমুফলের রূপ বা গ**ন্ধের অনভ**র করিলে, তথন রসনেক্রিয় তাহার পূর্বানুভূত অমুরপের স্মরণ করিয়। তিমিয়ে অভিনাষী হয়, ইহাও বলা যায় না। কারণ, রূপ বা গদ্ধের সহিত সেই রনের সাহচর্যা-জ্ঞানবশতঃই ঐ স্থলে রূপ বা গদ্ধের গনুভব করিয়া রসের সমরণ হয়। চক্ষুরাদি ইন্দ্রিয়, রূপাদি সকল বিষয়ের অনুভব করিতে না পারায়, ঐ স্থলে রূপ, গন্ধ ও রসের সাংচর্য্য জ্ঞান করিতে পারে না। যাহার সাহচর্য্য জ্ঞান হইয়াছে, তাহারই পূর্ব্বোক্ত স্থলে রূপ বা গদ্ধের অনুভব করিয়া রদের স্মরণ হইতে পারে। মূলকথা,

চক্ষুরাদি ইন্দ্রিয়কে চেতন আছ। বলিলে পূর্ব্বোক্ত স্থলে অমুফলাদির রূপ দর্শন বা গদ্ধ গ্রহণের পরে রসনেন্দ্রিয়ের বিকার হইতে পারে না। কিন্তু রূপাদি সমস্ত বিষয়ের জ্ঞাতা এক আত্মা হইলে, ঐ এক আত্মাই চক্ষুরাদি ইন্দ্রিয়ের ধারা রূপাদি প্রত্যক্ষ করিয়া তাহারই পর্ব্বানৃভূত অমুরসের স্মরণ করিয়া, তদ্বিদয়ে অভিলাঘী হইতে পারে। তাহার ফলে ত**খন তাহা**রই দন্তোদকসংপ্রব হইতে পারে। এইরূপে দন্তোদকসংপ্রবরূপ রসনেব্রিয়ের বিকার, তাহার কারণ অভিনামের অনুমাপক হইয়া তদ্বারা তাহার কারণ অমুরস-স্মরণের অনুমাপক হইয়া তদ্বারা ঐ স্মরণের কর্ত্তা ইন্দ্রিয় ভিন্ন ও সর্ব্বেক্তিয়-বিষয়ের জ্ঞাতা-এক আত্মার অনুমাপক হয়। সূত্রোজ ইক্তিয়ান্তর-বিকার রসনেক্রিয়ের ধর্ম, উহা ইক্রিয় ভিন্ন আত্মার অনুমানে হেতু হয় না। উহা পূর্ব্বোক্তরূপে একই আন্নার স্মৃতির অুমাপক ব্যতিরেকী হেতু ॥১২॥

সূত্র। ন স্মতেঃ স্মর্ত্তব্যবিষয়াত্বাৎ।।১৩॥২১১॥

অমুবাদ। (পূর্বেপক্ষ) না, অর্থাৎ স্মৃতির দার। ইন্দ্রিয় ভিন্ন আত্মার সিদ্ধি হয় না। কারণ, স্মরণীয় পদার্থ ই স্মৃতির বিষয় হয়। ্অর্থাৎ যে পদার্থ স্মৃতির বিষয় হয়, সেই স্মর্ত্তব্য বিষয় জ্বন্ধাই স্মৃতির উৎপত্তি হয়। স্মরণের কর্তা আত্মা স্মৃতির বিষয় না হওয়ায়, স্মৃতির দারা তাহার সিদ্ধি হইতে পারে না।

ভাষ্য। স্মৃতির্নাম ধর্ম্মো নিমিন্তাতুৎপদ্যতে, তস্তা: স্মর্তব্যে বিষয়ং, তৎকৃত ইন্দ্রিয়াম্বরবিকারে। নাতাকত ইতি।

অমুবাদ। স্মৃতি নামক ধর্ম, নিমিত্তবশতঃ উৎপন্ন হয়, স্মরণীয় পদার্থ ই সেই স্মৃতির বিষয় ; ইন্দ্রিয়ান্তর-বিকার তৎকৃত, অর্থাৎ স্মর্প্রব্য বিষয় জ্বন্স, আত্মকৃত (ইন্দ্রিয় ভিন্ন আত্মজ্বন্য) নহে।

টিপ্পনী। মহর্ষি পূর্ব্বসূত্রে ব্যতিরেকী হেতুর দারা ইল্রিয়ান্তর-বিকাব-স্থানে স্মৃতি। অনুমান করিয়া **তদ্বা**রা যে ঐ স্মৃতির **কর্জা বা আ**শ্রয় গর্কেবিস্তরের জ্ঞাতা আমার সিদ্ধি করিয়াছেন, ইহা এই পূর্বেপক্ষসূত্রের দার। স্থব্যক্ত হইয়াছে। পূর্বেবাক্ত দিদ্ধান্তে নহাদি এই সূত্তের **দারা পূর্বেপক্ষ** বলিয়াছেন যে,—স্মৃতি আশার সাধক হইতে পারে না। কারণ, স্মৃতির কারণ সংস্কার এবং সমরণীয় বিষয়। ঐ দুইটি নিমিন্তবশত:ই সমৃতি উৎপন্ন হয়। আন্ধা সমৃতির কারণও নহে, সমৃতির বিষয়ও নহে। স্মৃতরাং সমৃতি তাহার কারণরপেও আন্ধার সাধন করিতে পারে না; বিষয়রূপেও আন্ধার সাধন করিতে পারে না; বিষয়রূপেও আন্ধার সাধন করিতে পারে না। অমুরদের সমরণে রসনেন্দ্রিয়ের যে বিকার হইয়া থাকে, উহা ঐ স্থালে ঐ অমুরসজন্য, উহা আন্ধান্ন নহে। স্মৃতরাং ঐ স্মৃতি ঐ স্থালে সমর্ত্বা বিষয় অমুরদের সাধক হইতে পারে, উহা আন্ধার সাধক হইতে পারে না।।১১॥

সূত্র। তদাল্স-গুণস্বসন্তাবাদপ্রতিষেধঃ।।১৪।।২১২।।

অসুবাদ। (উত্তর) সেই স্মৃতির আত্মগুণছ থাকিলে সম্ভাববশতঃ অর্থাৎ স্মৃতি আত্মার গুণ হইলেই, তাহার সত্তা থাকে, এঞ্চন্স (আত্মার) প্রতিষেধ হয় না।

ভাষ্য। তস্যা আত্মগুণছে সতি সদ্ভাবাদপ্রতিষেধ আত্মনঃ। যদি
শ্বৃতিরাত্মগুণঃ ? এবং সতি শ্বৃতিরুপপছতে, নাম্যদৃষ্টমন্যঃ শ্বরতীতি।
ইন্দ্রিরাটেডন্মে তু নানাকর্ত্কাণাং বিষয়গ্রহণানামপ্রতিসন্ধানং; প্রতিসন্ধানে বা বিষয়গ্রস্থাকুপপত্তিঃ। একস্তা চেতনোহনেকার্থদর্শী ভিন্ননিত্ত পূর্ব্বদৃষ্টমর্থং শ্বরতীতি একস্থানেকার্থদর্শিনো দর্শনপ্রতিসন্ধানাৎ।
শ্ব্তেরাত্মগুণছে সতি সন্তাবঃ, বিপর্যায়ে চাকুপপত্তিঃ। শ্বৃত্যাশ্রয়াঃ প্রাণভৃতাং সর্বেব ব্যবহারাঃ। আত্মলিক্ষমুদাহরণমাত্রমিন্দ্রিরাস্তরবিকার ইতি।

অনুবাদ। সেই শ্বৃতির আত্মগুণছ থাকিলে সদ্ভাববশতঃ আত্মার প্রতিষেধ হয় না। বিশদার্থ এই যে, যদি শ্বৃতি আত্মার গুণ হয়, এইরূপ হইলেই শ্বৃতি উপপন্ন হয় (কারণ,) অন্সের দৃষ্ট পদার্থ অস্থ ব্যক্তি শ্বরণ করে না। ইন্দ্রিয়ের চৈত্তস্থ হইলে কিন্তু অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়বর্গ ই চেতন হইলে নানা-কর্তৃক বিষয়জ্ঞানগুলির অর্থাৎ বাদীর মতে চক্ষুরাদি নানা ইন্দ্রিয় যে সকল ভিন্ন ভিন্ন বিষয়জ্ঞানের কর্ত্তা, সেই রূপাদিবিষয়জ্ঞানগুলির প্রাত্যভিজ্ঞা হইতে পারে না; প্রাত্যভিজ্ঞা হইলেও বিষয়-ব্যবস্থার অর্থাৎ প্রেবাক্ত ইন্দ্রিয়বর্গের বিষয়-নিয়মের উপপত্তি হয় না। কিন্তু ভিন্ন-নিমিত্ত অর্থাৎ চক্ষুরাদি ভিন্ন ভিন্ন নিমিত্ত অর্থাৎ চক্ষুরাদি ভিন্ন ভিন্ন নিমিত্ত অর্থাৎ ক্রিক্রাদি ভিন্ন ভিন্ন নিমিত্ত অর্থাৎ করিছি অনেকার্থদেশী এক চেতনের দর্শনের প্রভাভিজ্ঞা হয়। স্মৃতির আত্মগুণছ থাকিলে সন্তাব, কিন্তু বিপর্য্যয়ে অর্থাৎ আত্মগুণছ না থাকিলে (স্মৃতির) অন্তুপপত্তি প্রাণিবর্গের সমস্ত ব্যবহার স্মৃতিমূলক, (স্নতরাং) ইন্দ্রিয়ান্তর-বিকাররূপ আত্মলিক্স উদাহরণমাত্র [অর্থাৎ স্মৃতিমূলক অন্যান্য ব্যবহারের দ্বারাও এক আত্মার সিদ্ধি হয়, মহর্ষি যে ইন্দ্রিয় ভিন্ন এক আত্মার লিঙ্গ বা অন্তুমাপকরূপে ইন্দ্রিয়ান্তর বিকারের উল্লেখ করিয়ান্তেন, উহা একটা উদাহরণ বা প্রপূর্ণনিমাত্র]।

টিপ্পনী। পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের উত্তরে মহঘি এই সূত্রের ছার। বলিয়াছেন যে, সমৃতি এক আন্ধার গুণ হইলেই সমৃতি হইতে পারে, নচেৎ স্মৃতিই হইতে পাবে না। স্থতরাং সর্কেব্রিয়-বিষয়ের জাত। ইন্রিয় ভিন এক আত্মার প্রতিবেধ কবা যায় না, উহা অবশ্যন্থীকার্যা। তাৎপর্য্য এই যে, স্মৃতি গুণপদার্থ, গুণপদার্থ নিরাশ্রয় হইতে পারে না। গুণছ-বশত: স্মৃতির আশ্রয় বা আধার অবশাই আছে। কেবল সমর্ভব্য বিষয়কে স্মৃতির <mark>কারণ বা</mark> আধাব বলা যায় না। কা**রণ, অতীত পদার্থেও স্মৃতি** হইয়া থাকে। তথন অতীত পদার্থের সত্তা না থাকায়, ঐ স্মতি নিরাশ্রয হইয়া পড়ে। চক্ষুরাদি ইক্রিয়বর্গকেও ঐ স্মৃতির আধার বলা যায় না। কারণ, ঐ ইন্দ্রিয়বর্গ সকল বিষয়ের অনুভব করিতে না পারায়, সকল বিষয় সমরণ করিতে পারে না। চক্ষ্ বা **হ্রাণে**ক্রিয় **রূপ বা গদ্ধের** স্মরণ করিতে পারিলেও রুসের সমরণ করিতে পারে না। শরীরকেও ঐ স্মৃতির আধার বলা যায় না। কার**ণ, স্মৃতি শরীরের গুণ হই**লে, রামের স্মৃতি রামের ন্যায় শ্যামও প্রত্যক্ষ করিতে পারিত। কারণ, শরীরের প্রতাক্ষ গুণগুলি নিজের ন্যায় অপরেও প্রত্যক্ষ করিয়া থাকে। পরন্ত, বাল্য-যৌবনাদি অবস্থাতেদে শরীরের তেদ হওয়ায়, বাল-শরীরের দৃট বস্ত বৃদ্ধ-শরীর সমরণ করিতে পারে না। কা**রণ, একের দৃষ্ট বস্ত অপ**রে रमत्रं कतिरू পात्र ना। किन्छ वानाकात्न मृष्टेवश्चत्र वृक्षकात्नश्च रमत হইয়া থাকে। পূর্ব্বপক্ষাদী খ্রাণাদি ইল্লিয়বর্গের চৈতন্য স্বীকার করিয়া

ঐ ইন্দ্রিয়রূপ নানা আত্ব। স্বীকার করিলে, "যে আমি রূপ দেখিতেছি, শেই আমিই গন্ধ গ্রহণ করিতেছি; রস গ্রহণ করিতেছি" ইত্যাদিরূপে একই আত্মার ঐ সমস্ত বিষয়জানের প্রত্যাভিজ্ঞ। হইতে পারে না। কারণ, চক্ষুরাদি কোন ইন্দ্রিয়ই রূপাদি সম্স্ত বিষয়ের জ্ঞাত। হইতে না পারায়, সমর্ত্তা হইতে পারে না। সমরণ ব্যতীতও প্রত্যাভিজ্ঞা হইতে পারে না। চক্ষুরাদি ইন্দ্রিয়বর্গকে ঐ সমস্ত বিষয়েরই জ্ঞাত্বা বলিয়। পূর্ক্বাক্তরূপ প্রতাভিজ্ঞার উপপত্তি করিতে গেলে ঐ ইন্দ্রিয়বর্গের বিষয়-ব্যবস্থার অনুপপত্তি হয়। অর্থাৎ চক্ষুরিন্দ্রিয় রূপেরই গ্রাহক হয়, রুসাদির গ্রাহক হয় না এবং রদনেন্দ্রিয় রদেরই গ্রাহক হয়, রূপাদির গ্রাহক হয় না, এইরূপ যে বিষয়-নিয়ম আছে, উহা উপপন্ন হয় না, উহার অপলাপ করিতে হয়। স্মৃতরাং যাহ। সর্কেন্দ্রিয়গ্রাহ্য সমস্ত বিধয়ের জ্ঞাত। হইয়া সমর্তা হইতে পারে, এইরূপ এক চেত্তন অবশ্য স্বীকার করিতে হইবে। তাহা হুইলে সব্বত্রই সমৃতির উপপত্তি হয়। এরূপ এক-চেতনকে সমৃতির আধাররপে স্বীকার না করিলে, অর্থাৎ স্মৃতিকে ঐরূপ এক-চেতনের গুণ না বলিলে, স্মৃতির উপপত্তিই হয় না ; স্মৃতির সম্ভাব বা অন্তিছই থাকে না। কারণ, আধার ব্যতীত গুণপদার্থের উৎপত্তি হয় না। স্বতরাং সমৃতি যথন সকলেরই স্বীকার্য্য, তথন ঐ সমৃতি রূপ গুণের আধার এক চেত্তন দ্রব্য বা আত্মা সকলকেই মানিতে হইবে, উহার প্রতিষেধ করা যাইবেনা। মহর্ষির এই স্ত্রের দারা সমৃতি আত্মার গুণ, আত্মা জানবান্, আত্মা জ্ঞানত্বরূপ বা নির্গুণ নহে-এই ন্যায়দর্শনসিদ্ধান্ত স্পষ্ট বুঝা যায়। সূত্রে "তদা**দ্বগুণসন্তা**বাৎ" এইরূপ পাঠ প্রচলিত হইলেও ভাষ্যকারের ব্যাখ্যার হার। "তদাত্বগুণছসন্তাবাৎ" এইরূপ পাঠই তাঁহার সম্মত বুঝা যায়। "ন্যায়সূচীনিবদ্ধে"ও "তদাত্বগুণসভাবাৎ" এইরূপ পাঠই গৃহীত হইয়াছে। ''ন্যায়স্ত্রবিবরণ''-কারও ঐরূপ পাঠই গ্রহণ করিয়াছেন।

ভাষ্য। **অপরিসংখ্যানাচ্চ স্থতিবিষয়গু** । অপরিসংখ্যায় চ

১। এই সন্দর্ভকে বৃত্তিকার বিশ্বনাথ মহর্ষির সূত্র বলিয়া গ্রহণ করিলেও, জনেকের মতে উহা সূত্র নহে, উহা ভাষা, ইহাও শেষে লিখিয়াছেন। প্রাচীন বান্তি ককার উহাকে সূত্ররাপে গ্রহণ করিয়া ব্যাখ্যা করেন নাই। তাঁহার 'শ্বেং ভাষো'' এই কথার স্বারাও তাঁহার মতে এই সমস্ত সন্দর্ভই ভাষ্য—ইহা বুঝা যাইতে পারে। 'ন্যায়সূচী-নিবঙ্কে'' এবং ''ন্যায়তভালেকে''ও উহা সূত্ররাপে গৃহীত হয় নাই। রতিকার উহাকে ন্যায়সূত্ররাপে গ্রহণ করিলেও তাঁহার পরবর্তী ''ন্যায়সূত্রবিবরণ''কার রাধানোহন গোলামী ভট্টাচার্ষ্য উহাকে ভাষ্যকারের সূত্র বলিয়াই লিখিয়াছেন।

স্মৃতিবিষয়মিদমুচ্যতে, "ন স্মৃতে: স্মর্গুব্যবিষয়ত্বা"দিতি। যেয়ং স্মৃতিরগৃহামাণে২র্থেইজ্ঞাসিষমহমমুমর্থমিতি, এতস্থা জ্ঞাতৃ-জ্ঞানবিশিষ্টঃ পূর্ববজ্ঞাতোহর্থো বিষয়ো নার্থমাত্রং, জ্ঞাতবানহমমুমর্থং, অসাবর্থো ময়া জ্ঞাতঃ, অস্মিন্নর্থে মম জ্ঞানমভূদিতি। চতুর্বিবধমেভদাক্যং স্মৃতিবিষয়-জ্ঞাপকং সমানার্থম্। সর্বব্র খলু জ্ঞাতা জ্ঞানং জ্ঞেয়ঞ্চ গৃহতে। অথ প্রত্যক্ষেহর্থে যা স্মৃতিস্তয়া ত্রীণি জ্ঞানান্যেকস্মিন্নর্থে প্রতিসন্ধীয়ন্তে সমান-কর্তৃকাণি, ন নানাকর্তৃকাণি নাকর্তৃকাণি। কিং ভর্হি ? এককর্তৃকাণি। অন্ত্রাক্ষমমুমর্থং যমেবৈতর্হি পশ্চামি অন্ত্রাক্ষমিতি দর্শনং দর্শনসংবিচ্চ, ন খ্ৰসংবিদিতে স্বে দৰ্শনে স্থাদেতদন্তাক্ষমিতি। তে খ্ৰেতে ছে জ্ঞানে। যমেবৈতর্হি পশ্যামীতি তৃতীয়ং জ্ঞানং, এবমেকোহর্থস্ত্রিভির্জ্ঞানৈ-যুজ্যমানো নাকর্ত্তক। ন নানাকর্ত্তকঃ, কিং ভর্হি ? এককর্ত্তক ইডি। সোহয়ং স্মৃতিবিষয়োহপরিসংখ্যায়মানো বিছমান: প্রজ্ঞাতোহর্ণ: প্রতি-ষিধ্যতে, নাস্ত্যাত্মা স্মৃতে: স্মর্গুব্যবিষয়ত্বাদিতি। ন চেদ্ং স্মৃতিমাত্রং স্মর্ত্তব্যমাত্রবিষয়ং বা, ইদং খলু জ্ঞানপ্রভিসন্ধানবৎ স্মৃতিপ্রভিসন্ধানং, একস্য সর্ব্ববিষয়ত্বাৎ। একোহয়ং জ্ঞাতা সর্ব্ববিষয়ঃ স্বানি জ্ঞানানি প্রতিসন্ধতে, অমুমর্থ জ্ঞাস্যামি, অমুমর্থং বিজ্ঞানামি, অমুমর্থমজ্ঞাসিমং, অমুমর্থং জিজ্ঞাসমাসন্চিরমজ্ঞাত্বাহধ্যবস্যত্যজ্ঞাসিষমিত । এবং স্মৃতিমপি ত্রিকালবিশিষ্টাং সুস্মূর্যাবিশিষ্টাঞ্চ প্রভিসন্ধত্তে।

সংস্কারসম্ভতিমাত্রে তু সংস্থ উৎপত্তোৎপত্ম সংস্কারান্তিরোভবন্তি. স নাস্ত্যেকোহপি সংস্থারো যন্ত্রিকালবিশিষ্টং জ্ঞানং স্মৃতিঞ্চান্মুভবেৎ। ন চামুভবমস্তরেণ জ্ঞানস্য স্মৃতেশ্চ প্রতিসন্ধানমহং মমেতি চোৎপক্সতে দেহাস্তরবৎ। অভোঽমুমীয়তে, অস্ত্যেক: সর্ববিষয়: স্বজ্ঞানপ্রবন্ধং স্মৃতিপ্রবন্ধঞ্চ প্রতিসন্ধত্তে ইতি, যস্য দেহাস্তরেষ রুত্তে-রভাবান্ন প্রতিসন্ধানং ভবতীতি।

অসুবাদ! শ্বৃতির বিষয়ের অপরিসংখ্যানবশতঃই অর্থাৎ সম্পূর্ণরূপে জ্ঞানের অভাববশতঃই (পুর্বেবাক্ত পূর্ব্বপক্ষ বলা হইয়াছে)। বিশ্বদার্থ এই যে, স্মৃতির বিষয়কে পরিসংখ্যা না করিয়াই অর্থাৎ কোন্ কোন্
পদার্থ স্মৃতির বিষয় হয়, ইহা সম্পূর্ণরূপে না বৃষিয়াই, "ন স্মৃতেঃ স্মর্ত্ব্যা
বিষয়ছাৎ" এই কথা বলা হইতেছে। অগৃহ্যমান পদার্থে অর্থাৎ পূর্ব্বজ্ঞাত অপ্রভাক্ষ পদার্থবিষয়ে (১) "আমি এই পদার্থকে জ্ঞানিয়াছিলাম"
এইরূপ এই যে স্মৃতি জ্ঞান, ইহার (ঐ স্মৃতির) জ্ঞাতা ও জ্ঞানবিশিষ্ট
পূর্ববজ্ঞাত পদার্থ অর্থাৎ জ্ঞাতা, জ্ঞান, ও পূর্ববজ্ঞাত সেই পদার্থ, এই
তিনটিই বিষয়, অর্থ মাত্র অর্থাৎ কেবল সেই পূর্ববজ্ঞাত পদার্থ টিই (ঐ
স্মৃতির) বিষয় নহে। (২) "আমি এই পদার্থকে জ্ঞানিয়াছি", (৩) "এই
পদার্থ আমা কর্ত্বক জ্ঞাত হইয়াছে", (৪) "এই পদার্থ বিষয়ে আমার
জ্ঞান হইয়াছিল,"—স্মৃতির বিষয়ের বোধক এই চতুর্বিষধ বাক্য সমানার্থ।
যেহেতু সর্বব্র অর্থাৎ পূর্বেবাক্তপ্রকার চতুর্বিষধ স্মৃতিতেই জ্ঞাতা, জ্ঞান
ও জ্ঞেয় গৃহীত হয়।

এবং প্রত্যক্ষপদার্থবিষয়ে যে স্মৃতি জন্মে, তদ্ধারা একপদার্থে এক-কর্তৃক ভিনটি জ্ঞান প্রভাভিজ্ঞাত হয়, (ঐ তিনটি জ্ঞান) নানাকর্তৃক নহে, অকর্তৃক নহে, (প্রশ্ন) তবে কি । (উত্তর) এককর্তৃক, (উদাহরণ ঘারা ইহা ব্ঝাইতেছেন) "এই পদার্থকে দেখিয়াছিলাম, যাহাকেই ইদানীং দেখিতেছি।" "দেখিয়াছিলাম" এইরূপ জ্ঞানে (১) দর্শন ও (২) দর্শনের জ্ঞান, (বিষয় হয়) যে হেতৃ স্বকীয় দর্শন অজ্ঞাত হইলে "দেখিয়াছিলাম"—এইরূপ জ্ঞান হয় না। সেই এই তৃইটি জ্ঞান। অর্থাৎ "দেখিয়াছিলাম" এইরূপে যে স্মৃতি জন্মে, তাহাতে সেই অতীত দর্শনিরূপ জ্ঞান, এবং সেই দর্শনের মানসপ্রত্যক্ষরূপ জ্ঞান, এই তৃইটি জ্ঞান। এইরূপ তিনটি জ্ঞানের ঘারা যুদ্ধামান একটি পদার্থ অর্থাৎ ঐ জ্ঞানত্রয়বিষয়়ক একটি স্মৃতি প্রত্যভিজ্ঞা পদার্থ অকর্তৃক নহে, নানাকর্তৃক নহে, (প্রশ্ন) তবে কি । (উত্তর) এককর্তৃক। স্মৃতির বিষয় হইয়া প্রজ্ঞাত সেই এই বিভ্যমান পদার্থ (আত্মা) অপরিসংখ্যায়ন্মান হওয়ায়, অর্থাৎ স্মৃতির বিষয়রূপে জ্ঞায়মান না হওয়ায়, "স্মৃতির

শার্ত্তব্য বিষয়ত্ববশতঃ আত্ম। নাই" এই বাক্যের দ্বারা প্রতিষিদ্ধ হইতেছে (অর্থাৎ অফু ছব হইতে শারণকাল পর্যান্ত বিজ্ঞান যে আত্ম। শ্বৃত্তির বিষয় হইয়া প্রজ্ঞাত বা যথার্থরূপে জ্ঞাত হয়, তাহাকে শ্বৃত্তির বিষয় বলিয়া না বুঝিয়াই পূর্ব্বপক্ষবাদী সিদ্ধান্তীর যুক্তি অম্বীকার করিয়া, আত্মা নাই" বলিয়াছেন) এবং ইহা অর্থাৎ পূর্ব্বোক্ত প্রকার জ্ঞান শ্বৃতিমাত্র নহে, অথবা শারণীয় পদার্থমাত্র বিষয়কও নহে, থেহেতু ইহা জ্ঞানের প্রতিসন্ধানের আয় শ্বৃত্তিরও প্রতিসন্ধান। কারণ, একের সর্ব্ববিষয়ত্ব আছে। বিশাদর্থ এই যে, সর্ব্ববিষয় অর্থাৎ সমস্ত পদার্থ ই যাহার জ্ঞেয়, এমন এই এক জ্ঞাতা, স্বকীয় জ্ঞানসমূহকে প্রতিসন্ধান করে, (যথা) "এই পদার্থকে জানিব," "এই পদার্থকে জানিত্বছি;" "এই পদার্থকে জানিয়া- চিলাম"—এই পদার্থকে জ্ঞিজাসাকরতঃ বহুগুণ পর্যান্ত অজ্ঞানের পরে "জ্ঞানিয়াছিলাম" এইরূপে নিশ্চয় করে। এইরূপে কালত্রয়বিশিষ্ট ও শারণেচ্ছাবিশিষ্ট শ্বৃতিকেও প্রতিসন্ধান করে।

"সন্ত্" অর্থাৎ আত্মা বা জ্ঞাতা সংস্কারসম্ভূতি মাত্র হইলে কিন্তু সংস্কারগুলি উৎপন্ন হইয়া তিরোভূত হয়, সেই একটিও সংস্কার নাই, যে সংস্কার কালত্রয়বিশিষ্ট জ্ঞান ও কালত্রয়বিশিষ্ট স্মৃতিকে অসুভব করিতে পারে। অসুভব বাতীতও জ্ঞান এবং স্মৃতির প্রতিসন্ধান এবং "আমি", "আমার" এইরপ প্রতিসন্ধান উৎপন্ন হয় না, যেমন দেহাস্তরে (এরপ প্রতিসন্ধান উৎপন্ন হয় না)। অতএব অসুমিত হয়, প্রতিশরীরে "সর্কবিষয়" অর্থাৎ সমস্ত পদার্থ যাহার জ্ঞানের বিষয় হয়, এমন এক (জ্ঞাতা) আছে, যাহা স্বকীয় জ্ঞানসমূহ ও স্মৃতিসমূহকে প্রতিসন্ধান করে, যাহার দেহাস্তরসমূহে অর্থাৎ পরকীয় দেহে বৃত্তির (বর্তমানতার) অভাববশতঃ প্রতিসন্ধান হয় না।

টিপ্পনী। কেবল সমরণীয় পদার্থই সমৃতির বিষয় হওয়ার, আশ্বা সমৃতির বিষয় হয় না, স্মৃতরাং সমৃতির দারা আশ্বার সিদ্ধি হইতে পারে না, এই পুর্বেপন্দের উত্তরে মহদি বলিয়াছেন যে, সমৃতি আশ্বার গুণ হইলেট সমৃতির উপপত্তি হয়। আত্মাই সমৃতির কর্তা, স্নতরাং আত্মা না থা**কি**লে স্মৃতির উপপত্তিই হয় না। ভাষাকার মহধির উত্তরের ব্যাখ্যা করিয়া শেষে নিজে স্বতন্ত্রভাবে পূর্কোজ পূর্কপক্ষের মূল খণ্ডন করিয়া, উহা নিবস্ত করিয়াছেন । সমৃতি সমরণীয় পদার্থবিষয়ক ই হয়, আভাবিষয়ক হয় না, (আত্মা সমরণীয় বিষয় না হওয়ায়, তাছাকে সমৃতির বিষয় বলা যায় না,) পূর্ব্বপক্ষবাদীর এইরূপ অবধারণই পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের মূল। তাই ভাষ্যকার বলিয়াছেন যে, স্মৃতির বিষয়কে পরিসংখ্যা না কবিয়াই পূর্বোক্ত পূর্ব্বপক বলা হইয়াছে। কোন কোন স্থলে আ**শ্বাও** সমৃতির বিষয়[°]হওয়ায়, ^সমৃতি কেবল সমরণীয় প্রাথ্ইবিষয়কই হয়, এইরূপ অবধারণ করা যায় না। ভাঘাকার ইহা বুঝাইতে প্রথমে অগৃহামাণ পদার্থে, অর্থাৎ যাহা পূর্বের **জাত হই**য়াছিল, কিন্ত তৎকালে অনুভূত হইতেছে না, এইরূপ পদার্থ-বিষয়ে ''আমি এই পদার্থকে জানিয়াছিলাম''—এইরূপ স্মৃতির উল্লেখ করিয়া বলিয়াছেন যে—জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়, এই তিনটিই উহার বিষশ, কেবল জ্ঞেয় অর্থাৎ পূর্ব্বজ্ঞাত সেই পদার্থমাত্রই ঐ সমৃতির বিঘয় নহে। "আমি এই পদাৰ্থকে জানিয়াছিলাম", এইরূপে আত্ম সেই পূর্বজ্ঞাত পদার্থ এবং সেই অতীত জ্ঞান এবং সেই অতীত স্তাদের কর্তা আ**ত্মা, এ**ই তিনটিকেই স্মরণ করে, ইহা স্মৃতির বিষ্ধবোধক পূর্বেজি বাক্যের ছাল। বুঝা যায়। ভাষ্যকার পরে পূর্ব্বোজন্তর স্মৃতির বিষয়বোধক আরও তিনটি বাক্তের উল্লেখ করিয়। বলিয়াছেন যে, এই চতুবিব বাক্য সমানার্থ। কারণ, পূৰ্ব্বোক্ত প্ৰকার চতুৰ্বিধ স্মৃতিতেই জাতা, লান ও জেয় বিষয় প্ৰকাশিত হুইয়া থাকে। ঐ চতুনিবৰ স্তিরই জাতা, জ্ঞান ও জ্ঞেয় বিষয়ের প্রকাশকত সমান। ফলকথা, কৌন পদার্থের জান হইলে পরক্ষণে ঐ জ্ঞানের যে মানসপ্রত্যক্ষ (অনুব্যবসায়) হয়, তাহাতে ঐ জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাত। (আত্ম।) বিষয় হওয়ায়, সেই মানসপ্রতাক্ষ জন্য সংস্কারও ঐ তিন বিষয়েই জন্মিয়া থাকে। স্নতরাং ঐ সংস্কার জন্য পূর্ব্বোক্তরূপ চতুর্বিধ স্মৃতিতেও ঐ জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাত। এই তিনটিই বিষয় হ**ই**য়া থাকে, কেব*য* শেই পূৰ্বেজ্ঞাত পদাৰ্থ বা জ্ঞেয় মাত্ৰই উহাতে বিষয় হয় না। তাহা হইলে পূর্বের্বাক্ত স্মৃতিতে জ্ঞাতা আত্মাও বিষয় হওয়ায়, স্মৃতির বিষয়রূপেও আত্মার সিদ্ধি হইতে পারে। স্নতরাং পূর্ব্বপক্ষবাদীর পূর্ব্বেভি পূর্ব্বপক্ষ নির্মাল।

ভাষ্যকার পরে প্রত্যক্ষপদার্থবিষয়ে সমৃতিবিশেষ প্রদর্শন করিয়া তদ্বারাও এক আশ্বার সাধন করিয়া পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষ নিরস্ত করিয়াছেন। কোন পদার্থকে পূব্বে দেখিয়া আবার দেখিলে, তথন ''এই পদার্থকে

দেখিয়াছিলাম, যাহাকেই ইদানীং দেখিতেছি"—এইরূপ যে জ্ঞান জনেম, ইহাতে সেই পদার্থের বর্তমান দর্শনের ন্যায় ভাহার অতীত দর্শন এবং ঐ দর্শনের মানসপ্রত্যক্ষরপ জ্ঞান, যাহা পুবেব জন্মিয়াছিল, তাহাও বিষয় হইয়া থাকে। দর্শনরূপ জানের জ্ঞান না হইলে, ''দেখিয়াছিলাম''— এই**রূপ জ্ঞান হই**তে পারে ন।। স্থতরাং ''দেখিয়াছি**লাম''**—এই অংশে দর্শন ও তাহার জ্ঞান এই দুইটি জ্ঞানই বিষয় হয়**, ইহা স্বীকার্য্য।** ''যাহাকেই ইদানীং দেখিতেছি'' এইরূপে যে তৃতীয় জ্ঞান জনেন, তাহ। এবং পূর্ব্বোক্ত অতীত জ্ঞানম্যা, এই তিনটি জ্ঞান এককর্ত্ত্ব। অর্থাৎ যে ব্যক্তি সেই প্রার্থকে পুৰেব দর্শন করিয়াছিল এবং সেই দর্শনের মানস-প্রত্যক্ষ করিয়াছিল, সেই ব্যক্তিই আবার ঐ প্রদার্থকে দেখিতেছে, ইহ। পূর্ব্বোক্তরপ অনুভববলেই বুঝিতে পার। যায়। পরন্ত প্র্ব্বোক্ত তিনটি জানের মান্য অনুভবজন্য সংস্কারবশতঃ উহার সমরণ হওয়ায়, তদ্ধারা ঐ জ্ঞানত্রয়ের মানস প্রতিসন্ধান হইয়। থাকে, এবং ঐ সমরণেরও মানস অনুভব জন্য সংস্কারবশতঃ মান্যপ্রতিসদ্ধান হইয়। থাকে। "এই প্রদার্থকে দেখিয়াছিলাম, যাহাকেই ইদানীং দেখিতেছি" এইক্সপে যেমন ঐসকল জ্ঞানের সমরণ হয়, তত্ত্রপ ঐ সমস্ত জ্ঞান ও সমরণের প্রতিগদ্ধান বা মানগ-প্রত্যভিজ্ঞাও হইনা থাকে। একই জ্ঞাত। নিষ্কের ত্রিকালীন জ্ঞানসমূহ ও ত্রিকারীন স্মৃতিসমূহকে প্রতিষন্ধান করিতে পারে, এবং সেই স্মৃতি ও প্রত্যাভিজার ঐ জাত। বা আত্মাও বিষয় হইয়া থাকে। স্থতরাং উহাও কেবল সমর্ত্তব্যমাত্র বিষয়ক নহে। পূর্ব্বোক্তরূপে আত্মাও যে স্মৃতির বিষয় হয়, ইহা না বুঝিয়াই পূর্ব্বপক্ষবাদী স্মৃতিকে স্মর্ভব্যমাত্র বিষয়ক বলিয়া আছা নাই এই কথা বলিয়াছেন। বস্ততঃ পূর্ব্বোক্তরূপ স্মৃতি এবং প্রত্যভিজ্ঞায় আত্মাও বিষয় হওয়ায়, পূর্বপক্ষাদী ঐ কথা বলিতেই পারেন না। পর্বোক্তরূপ ত্রিকালীন জ্ঞানুত্রয় এবং সমরণের অনুভব ব্যতীত তাহার প্রত্যভিজ্ঞ। হইতে পারে না। স্বতরাং ঐসমস্ত জ্ঞান ও ম্মরণ এবং উহাদিগের মান্স অনুভব ও তজ্জন্য উহাদিগের স্মরণ ও প্রত্যভিজ্ঞ। করিতে সমর্থ এক আত্মা প্রতি শরীরে স্বীকার্য্য। একই পদার্থ প্ৰবাপরকালস্বায়ী এবং দৰ্কবিষ্টের ভাতা হইলেই পূর্ব্বোক্ত সমরণাদি জ্ঞানের উপপত্তি হইতে পারে। পর্ত্ত পৃৰ্বজ্ঞাত কোন পদার্থকে পুনর্কার জানিতে ইচ্ছা করত: ভাতা বছকণ উহা না বুঝিয়াও, অর্থাৎ বিলম্বেও ঐ পদার্থকে "জানিয়াছিলাম" এইরূপে সমরণ করে এবং সমরণের ইচ্ছা क्रिया विन्दा स्मत्र क्रितिल् शह्त के वाशारे के स्मत्र लेका वर स्मरे

সমরণ জ্ঞানকেও প্রতিসন্ধান করে। স্থতরাং আত্মা যে পূর্ব্বাপরকালস্থায়ী একই পদার্থ, ইহা সিদ্ধ হয়। কারণ, আত্মা অস্থায়ী বা ভিন্ন ভিন্ন পদার্থ হইলে একের অনুভূত বিষয়ে অন্যের সমরণ অসম্ভব হওয়ায়, পূর্ব্বোক্তরাপ প্রতিসন্ধান জন্মিতে পারে না।

ভাঘ্যকার শেষে বলিয়াছেন যে, ''সম্ব'' অর্থাৎ আছা সংস্কারসম্ভতিমাত্র হইলে প্রতিক্ষণে ঐ সংস্কারের উৎপত্তি এবং পরক্ষণেই উহার বিনাণ হওয়ায়, কোন সংস্কারই পূৰ্বোক্ত ত্রিকালীন জ্ঞান ও স্মরণের অনুভব করিতে পারে না। অনুভব ব্যতীত ও ঐ জ্ঞান ও স্মরণের প্রভিস**দ্ধা**ন হইতে পারে না। যেমন, একদেহগত সংস্কার অপরদেহে অপর সংস্কার কতুক অনুভূত বিষমের সমরণ করিতে পারে না, ইহা বৌদ্ধ-সম্প্রদায়ও স্বীকার করেন, তত্রপ এক দেহেও এক সংস্কার তাহার পূর্বজাত অপর সংস্কার কর্তুক অনুভূত বিষয়ের সমরণ করিতে পারে না, ইহাও তাঁহাদিগের স্বীকার্য্য। কারণ, একের অনুভূত বিষয় অপরে সমরণ করিতে পারে না, ইহা স্বৰ্বসন্মত। কিন্তু বস্তুমাত্ৰের ক্ষণিকত্ববাদী সমস্ত বৌদ্ধ-সম্প্রদায়ের মতেই এমন একটিও সংস্কার নাই, যাহ। পূর্বাপরকালস্থায়ী হইয়া পূর্বানুভূত বিষয়ের সমরণ করিতে পারে। স্বতরাং বৌদ্ধসম্মত সংস্থারসম্মতি অর্থাৎ প্রতিক্ষণে পূর্বক্ষণোৎপার সংস্কারের নাশ এবং তচ্জাতীয় অপর সংস্কারের উৎপত্তি, এইরূপে ক্ষণিক সংস্কারের যে প্রবাহ চলিতেছে, তাহা আ**দ্বা** নহে। ভাষ্যকার ''সংস্কারসন্ততিমাত্রে'' এই স্থলে—''মাত্র'' শব্দের শ্বারা প্রকাশ করিয়াছেন যে, বৌদ্ধসন্মত সংস্কারসন্ততির অন্তর্গত প্রত্যেক সংস্কার হ'ইতে ভিন্ন "সংস্কারসন্ততি" বলিয়া কোন পদার্থ নাই। কারণ, ঐ শন্ত**তি ঐ সমস্ত ক্ষণি**ক সং**স্কার হ**ইতে অতিরিক্ত পদার্থ হইলে, অ**তিরিক্ত স্থারী** আ**ত্মাই স্বীকৃ**ত হইবে। স্থতরাং বৌদ্ধ-সম্প্রদায় তাহা **বলিতে** পারিবেন না। ভাষ্যকার প্রথম অধ্যায়ে বৌদ্ধসন্মত বিজ্ঞানাম্ববাদ খণ্ডন করিতেও "বুদ্ধিভেদমাত্রে" এই বাক্যে "মাত্র" শব্দের প্রয়োগ করিয়া পূর্ব্বোক্ত তাৎপয্যেরই সূচনা করিয়াছেন এবং বৌদ্ধমতে সমরণাদির অনুপপত্তি বুঝাইয়াছেন। (১ম খণ্ড, ২১১ পূষ্ঠা দ্রষ্টব্য)। এখানে বৌদ্ধসন্মত সংস্কারসন্ততিও যে আল্পা হইতে পারে না, অর্থাৎ যে যুক্তিতে ক্ষণিক বিজ্ঞানসন্তান আত্ম হইতে পারে না, দেই যুক্তিতে ক্ষণিক সংস্কারসন্তানও আত্ম হইতে পারে না, ইহাও শেষে সমর্থন করিয়াছেন। কেহ বলেন যে, ভাঘ্যকার এখানে বৌদ্ধসন্মত বিজ্ঞানকেই "সংস্কার" শব্দের দ্বারা প্রকাশ করিয়াছেন।

কিন্তু তাহ। হইলে ভাষ্যকার ''সংস্থার'' শব্দের প্রয়োগ কেন করিবেন, ইছা বলা আবশ্যক। **ভাষ্যকার** অন্যত্র ঐর**প** বলেন নাই। বৌদ্ধ-সমপ্রদায়ের মধ্যে কেহ কেহ বিজ্ঞানসম্ভতির ন্যায় সংস্কার-সন্ততিকেও আলা বলিতেন, ইহাও ভাষ্যকারের কথার শ্বারা এখানে বুঝা যাইতে পারে। ভাষ্যকার প্রদক্ষতঃ এখানে ঐ মতেরও খণ্ডন করিয়াছেন ॥ ১৪ ।

চক্রদৈতপ্রকরণ সমাপ্ত ॥ ৩॥

সূত্র। নাল্মপ্রতিপত্তিহেতৃনাং মনসি সম্ভবাৎ ॥১৫॥২১৩॥

অমুবাদ ৷ (পূর্ব্বপক্ষ না, অর্থাৎ আত্মা দেহাদি-সংঘাত হইতে ভিন্ন নঙে: যেহেতু আত্মার প্রতিপত্তির হেতুগুলির অর্থাৎ দেহাদি ভিন্ন আত্মার প্রতিপাদক পূর্ব্বোক্ত সমস্ত হেতুরই মনে সম্ভব আছে।

ভাষা। ন দেহাদি-সংঘাতব্যতিরিক্ত আত্ম। কম্মাৎ ? ''আত্ম-প্রতিপত্তিহেতৃনাং মনসি সম্ভবাৎ ৷" "দর্শনস্পর্শনাভ্যামেকার্থগ্রহণ।"-দিত্যেবমাদীনামাত্মপ্রতিপাদকানাং হেতৃনাং মনসি সম্ভবো যতঃ, মনো হি সর্ব্ধবিষয়মিতি। তত্মান্ন শরীরেন্দ্রিয়মনোবৃদ্ধিসংঘাতব্যতিরিক্ত আছোতি।

অমুবাদ। আত্মা দেহাদি-সংগাত হইতে ভিন্ন নহে। (প্রশ্ন) কেন ? (উত্তর) যেখেতু, আত্মার প্রতিপত্তির হেতুগুলির মনে সম্ভব আছে। (বিশ্বার্থ)—যেহেত ''দর্শন ও স্পর্শন অর্থাৎ চক্ষ্ণ ও ছগিন্দ্রিয় ঘারা এক পদার্থের জ্ঞানবশতঃ" ইত্যাদি প্রকার (পূর্ব্বোক্ত) আত্মপ্রতিপাদক হেতৃগুলির মনে সম্ভব আছে। কারণ, মন সর্বব বিষয়, অর্থাৎ সিদ্ধান্তবাদীর মতে আত্মার স্থায় সমস্ত পদার্থ মনেরও বিষয় হইয়া থাকে ৷ অভএব আত্মা—শ্রীর, ইন্দ্রিয়, মন ও বুদ্ধিরূপ সংঘাত হইতে ভিন্ন নহে।

টিপপনী। মহাট পূর্বেলিড তিনটি প্রকরণের ছার। আত্মা—দেহ ও চক্ষুরাদি ইন্দ্রিরবর্গ নহে, ইহা প্রতিপন্ন করিয়া, এখন মন আত্মা নহে; আদ্ধা মন হইতে পৃথক্ পদার্থ, ইহা প্রতিপন্ন করিতে এই প্রকরণের আরম্ভে পূর্ব্বপক্ষ বলিয়াছেন যে, প্রথম হইতে আদ্ধার সাধক যে সকল হেতু বলা হইরাছে, মনে তাহার সম্ভব হওয়ায়, মন আদ্ধা হইতে পারে। কারণ, রূপাদি সমস্ত বিষয়ের জ্ঞানেই মনের নিমিত্ততা স্বীকৃত হওয়ায়, মন সর্ব্ববিষয়, চক্ষুরাদি ইল্লিয়ের ন্যায় মনের বিষয়নিয়ম নাই। স্প্তরাং চক্ষু ও স্বিল্লিয়ের দারা মন এক বিষয়ের জ্ঞাতা হইতে পারে। গৌতম- সিদ্ধান্তে মন নিত্য, স্প্তরাং অনুভব হইতে সমরণকাল পর্যন্ত মনের সন্তার কোনরূপ বাধা সম্ভব না হওয়ায়, মনের আত্মন্তপক্ষে সমরণ বা প্রত্যাভিজ্ঞার কোনরূপ অনুপপত্তি নাই। মূলকথা, দেহাত্মবাদে ও ইল্লিয়াত্মবাদে যে সকল অনুপপত্তি হয়, মনকে আত্মা বলিলে, তাহা বিছুই হয় না। যে সকল হেতুবলে আত্মা দেহ ও বহিরিল্লিয় হইতে ভিন্ন পদার্থ বলিয়া প্রতিপন্ন হইয়াছে, মনের আত্মন্ত স্বীকার করিলেও ঐ সকল হেতুর উপপত্তি হয়। স্প্তরাং মন হইতে পৃথক্ আত্মা স্বীকার করা অনাবশ্যক ও অযুক্ত।

ভাষ্যকার প্রথম হইতে আদ্মা দেহাদি-সংঘাত মাত্র, এই মতের খণ্ডন করিতে ঐ পূর্ব্বপক্ষেরই অবতারণা করিয়া, মহাঘির সূত্রার্থ ব্যাখ্যা করায়, এখানেও ঐ পূর্ব্বপক্ষেরই অনুবর্ত্তন করিয়া সূত্রার্থ ব্যাখ্যা করিয়াছেন। ভাষ্যকারের ভাৎপর্য্য এই যে, পূর্ব্বোক্ত দেহাদি-সংঘাতের অন্তর্গত দেহও খ্রাণাদি ইক্রিয়ের ভেদ ও বিনাশবশতঃ উহার। কোন স্থলে সমরণাদি করিতে না পারিলেও, উহার অন্তর্গত মনের নিত্যম্ব ও সর্ব্ববিষয়ম্ব থাকায়, ভাহাতে কোন কালেই সমরণাদির অনুপপত্তি হইবে না। স্থতরাং কেবল দেহ বা কেবল বহিরিক্রিয়, আদ্মা ইইতে না পারিলেও দেহ, ইক্রিয়, মন ও বুদ্ধিরূপ সংঘাত আদ্মা হইতে পারে। আদ্মার সাধক পূর্ব্বোক্ত হেতুগুলির মনে সম্ভব হওয়ায় এবং ঐ দেহাদি-সংঘাতের মধ্যে মনও থাকায়, আদ্মা দেহ, ইক্রিয়, মন ও বুদ্ধিরূপ সংঘাত হইতে ভিন্ন, ইহা দিদ্ধ হয় না। ইহাই ভাদ্যকারের পূর্ব্বপক্ষ ব্যাখ্যার চরম তাৎপর্য্য বুঝিতে হইবে।। ১৫।।

সূত্র। জ্ঞাতুর্জ্ঞানসাধনোপপত্তেঃ সংজ্ঞাভেদমাত্রম্।। ।।১৬।।২১৪।।

অমুবাদ। (উত্তর)—জ্ঞাতার জ্ঞানের সাধনের উপপত্তি থাকায়, নামভেদ মাত্র। [অর্থাৎ জ্ঞাতা ও তাহার জ্ঞানের সাধন—এই উভয়ই যখন স্বীকার্য্য, তখন জ্ঞাতাকে "মন" এই নামে অভিহিত করিলে, কেবল নামভেদই হয়, তাহাতে জ্ঞানের সাধন হইতে ভিন্ন জ্ঞাতার অপলাপ হয় না।

ভাষ্য। জ্ঞাতুঃ খলু জ্ঞানসাধনায়্যুগপাছনে, চক্ষ্যা পাছাতি, জ্ঞাণেন জ্ঞিছতি, স্পর্শনেন স্পৃশতি, এবং মন্তঃ সর্ববিষয়স্থ মতিসাধনমন্তঃকরণ-ভূতং সর্ববিষয়ং বিছাতে যেনায়ং মন্থত ইতি। এবং সতি জ্ঞাতর্য্যাত্ম-সংজ্ঞা ন মৃষ্যতে, মনঃসংজ্ঞাহভারুজ্ঞায়তে। মনসি চ মনঃসংজ্ঞা ন মৃষ্যতে মতিসাধনস্থভারুজ্ঞায়তে। তদিদং সংজ্ঞাভেদমাত্রং নার্থে বিবাদ ইতি। প্রত্যাথানে বা সর্বেতিদ্রাবিলোপপ্রসঙ্গঃ। অথ মন্তঃ সর্ববিষয়স্থ মতিসাধনং সর্ব্ববিষয়ং প্রত্যাখ্যায়তে নাস্তীতি, এবং রূপাদিবিষয়গ্রহণসাধনান্থপি ন সন্তীতি সর্ব্বেল্যিরবিলোপঃ প্রসঞ্জ্যত ইতি।

অনুবাদ। যেহেতু জাতার জ্ঞানের সাধনগুলি উপপন্ন হয়, (যেমন) "চক্ষুর দ্বারা দেখিতেছে", "দ্বাণের দ্বারা আত্মাণ করিতেছে", "ত্বনিজ্রেরে দ্বারা স্পর্শ করিতেছে"—এইরূপ "সর্ক্বিষয়" অর্থাৎ সমস্ত পদার্থ ই যাহার জ্ঞানের বিষয় হয়, এমন মন্তার—(মননকর্তার) অন্তঃকরণরূপ সর্ক্বিষয় মতিসাধন (মননের করণ) আছে, যদ্বারা এই মন্তা মনন করে। এইরূপ হইলে, অর্থাৎ মন্তার মননের সাধনরূপে মনকে স্বীকার করিয়া, তাহাকেই জ্ঞাতা বলিলে, জ্ঞাতাতে আত্মসংজ্ঞা স্বীকৃত হইতেছে না, মনঃসংজ্ঞা স্বীকৃত হইতেছে না, কিন্তু মতির সাধন স্বীকৃত হইতেছে। সেই ইহা নামতেদ মাত্র, পদার্থে বিবাদ নহে। প্রত্যাখ্যান করিলেও সর্ক্বেজিয়ের বিলোপাপত্তি হয়। বিশ্বাধ এই যে, যদি সর্ক্বিষয় মন্তার সর্ক্ববিষয় মতিসাধন, "নাই" বলিয়া প্রত্যাখ্যাত হয়—এইরূপ হইলে রূপাদি বিষয়জ্ঞানের সাধনগুলিও অর্থাৎ চক্ষুরাদি ইজ্য়েবর্গও নাই—স্কুরাং সমস্ত ইজ্রিয়ের বিলোপাপ প্রসক্ত হয়।

টিপ্পনী। পূর্বসূত্রোক্ত পূর্বপক্ষের উত্তরে মহমি এই সূত্রেব মার। বলিয়াছেন যে, জ্ঞাত। হইতে ভিন্ন তাহার জ্ঞানের সাধন উপপন্ন হওয়ায়, অর্থাৎ প্রমাণসিদ্ধ হওযায়, মনকে জাতা বা আত্ম বলিলে কেবল নামভেদ মাত্রই হয়, পদার্থের ভেদ হয় না। মহাঘির তাৎপর্য্য এই যে, সর্ব্বাদি-সন্মত জাতার সমস্ত জানেব সাধন বা করণ অবশ্য স্বীকার্য্য। জাতার ন্ধান-ভানের শাবন চক্ষ্রঃ, রস-ভানের শাবন রসনা ইত্যাদি প্রকারে রূপাদি জ্ঞানের সাধনরূপে চক্ষুরাদি ইন্দ্রিয়বর্গ স্বীকার করা হইরাছে। রূপাদি ভ্রানের সাধন চক্ষুরাদি ইন্দ্রিরবর্গ যেরূপ স্বীকৃত হইয়াছে, সেইরূপ স্থাদি জ্ঞানের 'ও স্মরণরূপ জ্ঞানের কোন সাধন বা করণও অবশ্য স্বীকার করিতে হইবে। করণ ব্যতীত স্থ্পাদি জান ও স্মবণ সম্পন্ন হইলে, রূপাদি জ্ঞানও করণ ব্য**তী**ত সম্পন্ন হইতে পাবে! তাহা হইলে সমস্ত ইন্দ্রিরেই বিলোপ বা চক্ষরাদি ইন্দ্রিরর্গ নিরর্পক হইযা পডে। বস্তুত: করণ ব্যতীত রূপাদি জ্ঞান জন্মিতে পারে না বলিয়াই চক্ষুবাদি ইন্দ্রিয়বর্গ খীকৃত হইয়াছে। স্থুতরাং স্থাদি জ্ঞান ও সমরণের সাধনরূপে জ্ঞাতাব কোন একটি অন্তঃকরণ বা অন্তরিক্রিয় অবশ্য স্বীকার্য্য। উহাব নাম মন। ভাষাকাৰ উহাকে ''মতিগাধন'' বলিয়াছেন । তাৎপৰ্য্যটীকাকার ঐ ''মতি'' শবেদর অর্থ বলিয়াছেন,—>মৃতি ও অনুমানাদি জ্ঞান। শেষে বলিয়াছেন যে, যদিও সমৃতি ও অনুমানাদি জ্ঞান সংস্কারাদি কারণবিশেষ-জন্যই হইয়া থাকে, তথাপি জন্যজ্ঞানত্বশতঃ রূপাদি জ্ঞানেব ন্যায় উহ। অবশ্য কে।ন ইন্দ্রিয়-क्रना इटेर । कार्त्र, क्रना छानमाज्ञ कान इक्तियक्रना, टेरा त्रशीपि জ্ঞান দৃষ্টান্তে সিদ্ধ হয়। তাহা হইলে ঐ স্মৃতি ও অনুমানাদি জ্ঞানের কারণক্লপে চকুরাদি ইন্দ্রিয় হইতে ভিন্ন 'মন' নামে একটি অন্তরিন্দ্রিয় খবশা স্বীকার্য। চক্ষরাদি ইন্দিয় না থাকিলেও ঐ স্মৃতি ও অনুমানাদি ভানের উৎপত্তি হওয়ায, ঐ সকল ভানকে চফ্রাদি ইক্রিয়জন্য বলা যাইতে পারে না। বন্ধতঃ পূর্বেজি স্মৃতি ও অনুমানাদি জানের অন্তর্গত স্থেদু: খাদির প্রত্যক্ষরপ জ্ঞানেই মন: সাক্ষাৎ गांধন বা করণ। যে কোন-রূপেই হউক, সমৃতি ও অনুমানাদি জ্ঞানরূপ "মতি"মাত্রেই সাধনরূপে কোন অন্তরিন্দ্রিয় আবশ্যক। উহা ঐ মতির সাধন বলিয়া, উহার নাম "মনঃ"। ঐ মনের শ্বা তদ্বিল জ্ঞাতা ঐ মতি বা মনন করিলে, তথন ঐ জাতারই নাম "মস্তা"। রূপাদি জ্ঞানকালে যেমন জ্ঞাতা ও ঐ রূপাদি জ্ঞানের সাবন চক্ষুরাদি পৃথক্ভাবে স্বীকার করা হইয়াছে; এইরূপ ঐ মতির কর্ত্তা, মস্তা তাহার ঐ মতিসাধন অম্বরিক্রিয় পৃথ**ক্তাবে স্বী**কার

করিতে হইবে। তাহা হইলে মন্তা ও মতিসাধন—এই পদার্থন্বয় স্বীকৃত হওয়ায়, কেবল মান মাত্রেই বিবাদ হইতেছে, পদার্থে কোন বিবাদ খাকিতেছে না। কারণ জ্ঞাতা বা মন্তা পদার্থ স্বীকার করিয়া, তাহাকে ''আত্মা'' না বলিয়া ''মন'' এই নামে অভিহিত করা হইতেছে, এবং মতির সাধন পৃথক্ভাবে স্বীকার করিয়া তাহাকে "মন" না বলিয়া অন্য কোন নামে অভিহিত করা হইতেছে। কিন্তু মন্তা ও মতির সাধন এই দুইটি পদার্থ স্বীকার করিয়া তাহাকে যে কোন নামে অভিহিত করিলে ভাহাতে মূল সিদ্ধান্তের কোন হানি হয় না, পদার্থে বিবাদ না থাকিলে নামভেদনাত্রে কোন বিবাদ নাই। মূলব থা, মন মতিসাধন অভাই ক্রিয়-রূপেই সিদ্ধ হওয়ায়, উহা জাতা বা মন্তা হইতে পারে না। জ্ঞাতা বং মন্তা উহা হইতে অতিরিক্ত পদার্থ।। ৬।।

সূত্র। নিয়মশ্চ নিরন্থমানঃ ॥১৭॥২১৫॥

অমুবাদ। নিয়ম ও নিরমুমান, [অর্থাৎ জ্ঞাতার রূপাদি জ্ঞানের সাধন আছে. কিন্তু সুখাদি প্রত্যক্ষের সাধন নাই। এইরূপ নিয়ম নিযুঁ ক্তিক বা নিষ্প্রমাণ।

ভাষ্য। যোহমং নিয়ম ইষ্যুতে রূপাদিগ্রহণসাধনাতাস্য সস্তি, মতিসাধনং সর্ব্বিষয়ং নাস্তীতি। অয়ং নিয়মো নিরন্তুমানো নাত্রান্ত-মানমন্তি, যেন নিয়মং প্রতিপত্মামহ ইতি। রূপা দিভাশ্চ বিষয়ান্তরং সুখাদয়স্তত্নপল্রে করণান্তরসভাবঃ। যথা, চকুষা গন্ধো ন গৃহন্ত ইতি, করণান্তরং ভ্রাণং, এবং চক্ষ্ম্ম্রাণাভ্যাং রসো ন গৃহত ইতি করণান্তরং রসনং, এবং শেষেধপি, তথা চক্ষুরাদিভিঃ স্থথাদয়ো ন গুহুন্থ ইতি করণাস্থারেণ ভবিতব্যং, তচ্চ জ্ঞানাযৌগপতালিক্সম। যচ্চ সুখাত্মপলকৌ করণং, ভচ্চ জ্ঞানাযৌগপ্রাপ্রালঙ্গং, তন্তেজ্যিয়মিজিয়ং প্রতি সন্নিধেরসন্নিধেশ্চ ন যুগ**পজ্**জানা**স্যুৎপত্তন্ত** ইতি, তত্র যত্ত্ত "মাজ্যপ্রতিপত্তিহেতুনাং মনসি সন্তবা"দিতি তদযুক্তম্ ।

অমুবাদ। এই জ্ঞাতার রূপাদি জ্ঞানের সাধনগুলি (চক্ষুরাদি ইদ্রিয়বর্গ) আছে, দর্ববিষয় মতিসাধন নাই, এই যে নিয়ম স্বীকৃত হইতেছে, এই নিয়ম নিরন্থুমান, (অর্থাৎ) এই নিয়মে অন্থুমান (প্রমাণ) নাই, যৎপ্রযুক্ত নিয়ম স্বীকার করিব। পরন্ত, সুখাদি, রপাদি হইতে ভিন্ন বিষয়, সেই সুখাদির উপলব্ধি বিষয়ে করণান্তর আছে। যেমন চক্ষুর দারা গন্ধ পৃহীত হয় না, এজন্য করণান্তর আছে। যেমন চক্ষুর দারা রস গৃহীত হয় না, এজন্য করণান্তর রসনা। এইরপ চক্ষুণ ও আণের দারা রস গৃহীত হয় না, এজন্য করণান্তর রসনা। এইরপ শেষগুলি অর্থাৎ অবশিষ্ট ইন্দ্রিয়গুলিতেও বুঝিবে। সেইরপ চক্ষুরাদির দারা সুখাদি গৃহীত হয় না, এজন্য করণান্তর থাকিবে, পরস্তু ভাহা জ্ঞানের অযৌগপত্যলিক। বিশদার্থ এই যে, যাহাই সুখাদির উপলব্ধিতে করণ, তাহাই জ্ঞানের অযৌগপত্যলিক, অর্থাৎ যুগপৎ নানা জাতীয় নানা প্রত্যক্ষ না হওয়াই তাহার লিক বা সাধক, তাহার কোন এক ইন্দ্রিয়ে সন্ধিধি (সংযোগ) ও অন্য ইন্দ্রিয়ে অসন্ধিধিবশতঃ একই সময়ে জ্ঞান (নানা প্রত্যক্ষ) উৎপন্ন হয় না। ভাহা হইলে অর্থাৎ সুখাদি প্রত্যক্ষের সাধনরূপে অতিরিক্ত অন্তরিন্দ্রিয় বা মন সিদ্ধ হইলে "আত্মার প্রতিপত্তির হেতুগুলির মনে সম্ভব হওয়ায়্র"—(মনই আত্মা) এই ধাহা বলা হইয়াছে, তাহা অযুক্ত।

টিপ্পনী। পূর্ব্বপক্ষবাদী যদি বলেন যে, জ্ঞাতার রূপাদি বাহা বিষয়রানেরই সাধন আছে, কিন্তু মতির সাধন কোন অন্তরিক্রিয় নাই। অর্থাৎ
র্থদুংখাদি প্রত্যক্ষের কোন করণ নাই, করণ ব্যতীতই জ্ঞাতা বা মন্তা ক্লখদুংখাদির প্রত্যক্ষ করিয়া থাকেন। স্নতরাং স্লখদুংখাদি প্রত্যক্ষেব করণরূপে
নন নামে যে অতিরিক্ত দ্রব্য স্বীকার করা হইয়াছে, তাহাকেই স্লখদুংখাদি
প্রত্যক্ষের কর্ত্তা বলিয়া, তাহাকেই জ্ঞাতা ও মন্তা বলা যাইতে পারে।
রোহা হইলে মন্তা ও মতিসাধন—এই দুইটি পদার্থ স্বীকারের আবশ্যকতা না
নাকায়, কেবল সংজ্ঞাতেদ হইল না, মন হইতে অতিরিক্ত আত্মপদার্থেরও
খণ্ডন হইল। এতদুত্তরে মহাদি এই সূত্রের হারা বলিয়াছেন যে, জ্ঞাতার
রূপাদি বাহ্য বিষয়-জ্ঞানেরই সাধন আছে, কিন্তু স্লখদুংখাদি প্রত্যক্ষের
কোন সাধন বা করণ নাই, এইরূপে নিয়মে কোন অনুমান বা প্রমাণ
নাই। স্নতরাং প্রমাণাভাবে উক্ত নিয়ম স্বীকার করা যাম না। প্রজ্
স্লখদুংখাদি প্রত্যক্ষের করণ আছে, এ বিষয়ে অনুমান প্রমাণ থাকায়,
উহা অবশ্য স্বীকার করিতে হইবে। রূপাদি বাহ্য বিষয়ের প্রত্যক্ষ

যেমন করণ আছে, তত্ত্রপ ঐ দৃষ্টান্তে স্থগদুঃখাদি প্রত্যক্ষেরও করণ আছে, ইহা অনুমানসিদ্ধ²। পরত চক্ষুর ছারা গদ্ধের প্রত্যক্ষ না হ'ওয়ায়, যেমন গন্ধের প্রত্যাক্ষে চন্দু হইতে ভিন্ন ঘ্রাণনামক করণ দিদ্ধ হইয়াছে এবং ঐরূপ যক্তিতে বসনা প্রভৃতি ভিন্ন ভিন্ন করণ সিদ্ধ হইয়াছে, ভদ্মপ ঐ রূপাদি বাহা বিষয় হইতে বিষয়ান্তর বা ভিন্ন বিষয় স্থাদু:খাদির প্রত্যক্ষেও অবশ্য কোন করণান্তর সিদ্ধ হইবে। চক্ষুরাদি বহিরিন্দ্রিয় ছাবা সুখাদির প্রত্যক্ষ না হওয়ায়, উহার করণরূপে একটি অন্তরিন্দ্রিয়ই সিদ্ধ হইবে। পরস্ত একই সময়ে চাকুঘাদি নানা প্রত্যক্ষের উৎপত্তি না হওয়ায়, মন নামে অতি সৃশ্ধ অন্তরিক্রিয় সিদ্ধ হইয়াছে^ই। একই সময়ে একা**ধি**ক ইন্দ্রিয়ের সহিত অতি সুদ্ধ মনের সংযোগ হইতে ন। পারায়, একাধিক প্রত্যক্ষ জন্মিতে পারে না। মহিষ তাঁহাব এই সিদ্ধান্ত পরে সম**র্থ**ন কবিয়া**ছেন। ভাষ্যকার এখানে শে**ষে মহাধির মনঃগাধক পূর্ব্বোক্ত যুক্তিরও উল্লেখ করিয়া মন আত্মা নতে, এই **সিদ্ধান্ত স**মর্থন করিয়াছেন। মূল কণা, মন স্থপদুঃখাদি প্রত্যক্ষের করণরূপেই দিদ্ধ হওয়ায়, উহা জ্ঞাতঃ হইতে পারে না, এবং মন পরমাণু পরিমাণ সৃদ্ধ দ্রব্য বলিয়াও, উহা জ্ঞাতা বা আলা হইতে পারে না। কারণ, ঐরূপ অতি সৃক্ষ দ্রব্য জ্ঞা**নে**র আধাৰ হইলে, তাহাতে ঐ জ্ঞানের প্রত্যক্ষ হইতে পারে না। জ্ঞানের আবাৰ দ্ৰব্যে মহত্ব বা মহৎ পরিমাণ না থাকিলে ঐ জ্ঞানের প্রত্যক্ষ হওয়া সম্ভব নহে। কারণ, জন্যপ্রত্যক্ষ মাত্রেই মহন্দ কারণ, নচেৎ প্রমাণু বা প্রমাণুগত রূপাদিরও গ্রত্যক্ষ হইতে পারিত। কিন্তু ''আমি বুঝিতেছি", "আমি সুখী", "আমি দু:খী", ইত্যাদিরূপে জ্ঞানাদির যখন প্রত্যক্ষ হইয়৷ থাকে, তখন ঐ জ্ঞানাদির আধার দ্রব্যকে মহৎ পরিমাণই বলিতে হইবে। মনকে মহৎ পরিমাণ স্বীকার করিয়া ঐ জ্ঞানাদির আধার বা জ্ঞাতা বলিলে এবং উহা হইতে পৃথকু অতি সন্ধ কোন पछितिन्तिय ना मानित्न छात्नित्र अधिश्रेशिया वा क्रम शेक्स ना , धकरे गमरम नाना रेक्टियकना नाना প্রতাক জন্মিতে পারে। ফলকথা, স্কর্খ-দু:খাদি প্রত্যক্ষের করণক্রপে স্বীকৃত মন জাতা বা আন্না হইতে পারে না। আত্ম। উহা হইতে অতিরিক্ত পদার্থ। বিতীয়াছিকে বৃদ্ধি ও মনের পরীক্ষায় ইহা বিশেষরূপে সম্থিত ও পরিস্ফুট হইবে।

১। সুখদুঃখাদিসাক্ষাৎকারঃ স্করণকঃ জ্ন্যসাক্ষাৎফার্ভাৎ রূপাদিসাক্ষাৎকার-বং ।

২। প্রথম খণ্ড, ২২৩-২২৫ প্রক্টব্য।

এখানে লক্ষ্য করা আবশ্যক যে, ইউরোপীয় দার্শনিক মনকেই আত্ম বলিয়া সিদ্ধান্ত করিলেও, ঐ মত তঁহাদিগের আবিষ্কৃত নহে। উপনিষদেই পূর্ব্বপক্ষরপে ঐ মতের সূচনা আছে । অতি প্রাচীন চার্ব্বাক-সমপ্রদায়ের কোন শাখা উপনিঘদের ঐ বাকা অবলম্বন করিয়া এবং যুক্তির মারা মনকেই আছা বলিয়া সিদ্ধান্ত করিয়াছিলেন, ইহা বেদান্তসারে সদানন্দ যোগীন্দ্রও ব্যক্ত করিয়া গিয়াছেন। ^১ এইরূপ দেহান্ববাদ, ইন্দ্রিয়া**ন্ববা**দ, বিজ্ঞানান্ববাদ, শ্নাারবাদ, প্রভৃতিও উপনিষদে পৃর্ব্ধপক্ষরূপে সুচিত আছে এবং নান্তিক-সম্প্রদায়বিশেষ নিজ বুদ্ধি অনুসারে ঐ সক্র মতের সমর্থন করি<mark>য়া ভিন</mark> ভিন্ন সিদ্ধান্ত বলিয়া থিয়াতেন। সদানন্দ যোগীক্র বেদান্তসাবে ইহা যথাক্রমে দেখাইয়াছেন^ও। ন্যায়দর্শনকার মহাঘি গোত্ম উপনিঘদের প্রকৃত সিদ্ধান্ত নির্ণারের জন্য দেহের আত্মন্ধ, ইন্সিয়ের আত্মন্ধ ও মনের আত্মনকে পূর্ব্বপক্ষরাপে গ্রহণপূর্বক, ঐ সকল মতের খণ্ডন করিয়া, আছা দেহ, ইন্দ্রিয় ও মন হইতে ভিন্ন, ইহা প্রতিপন্ন করিয়াছেন। প্রাচীন বৌদ্ধসম্প্রদায়ের নধ্যে যাঁহাব। আত্মাকে দেহাদি-সংঘাতমাত্র বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন, তাঁহাদিগের ঐ মতের খণ্ডনের জন্য ভাষ্যকার বাৎস্যায়ন প্রথম হইতে আ**ন্থ**। দেহাদি-সং<mark>যাতমাত্র—এই মতকেই পূর্ব্রপক্ষরপে গ্রন্থ করিয়া মহিষিদূত্র দারাই</mark> ঐ মতের খণ্ডন করিয়াছেন। আছা দেহ নহে, আছা ইন্দ্রিয় নহে, এবং াত্মা মন নহে, ইহা বিভিন্ন প্রকরণ দারা মহদি সিদ্ধ করিলেও, তদ্ধারা াঝা দেহাদি-সংঘাতমাত্র নহে, ইহাও নিদ্ধ হইয়াছে। ভাঘাকার নহাঘি-

১। অন্ত চার্কাকঃ "অন্যোহ্তর আ্আা মনোময়ঃ (তৈতি ২য় বলী, ৩য় অনুবাক্) ইত্যাদিল তেমনিগি সুঙে ঘাণাদেরভাবাৎ অহং সকলবানহং বিকল্পবানিত্যাদ্যনুভবাচ্চ মন আ্মেতি বদতি।—বেদাভসার।

২। অন্যশ্চাবর্ষাকঃ ''স বা এস পুরুষোহন্নরসময়ঃ'' (তৈণ্ডি° উপ° ২য় বন্ধী, ১ম অনু° ১ম মন্ত্র) ইতি ব্রুতে গোরোহহমিত্যাদ্যনুভবাচ্চ দেহ আছেতি বদতি।

অপরশ্চাব্রাকঃ "তেহ প্রাণাঃ প্রজাপতি, পিতরমেত্যোচুঃ" (ছান্দোগা ৫ অ ১ খণ্ড, ৭ মন্ত্র) ইত্যাদি স্থাত্রিন্দ্রিয়াণামভাবে শরীরচলনাভাবাৎ কাণোহহং বধিরোহহ-মিত্যাদ্যনুভবাচ্চ ইল্লিয়াণ্যাত্বেতি বদতি।

বৌদ্ধস্ত ''অনোহস্তর আখা বিজ্ঞানময়ঃ'' (তৈতি[°], ২ বন্ধী, ৪ অনু[°]) ইত্যাদি-শুতেঃ কর্ত্ত্বভাবে করণসঃ শুজ্যভাবাৎ অহং কর্তা, অহং ভোজা ইত্যাদ্যনুভবা**চ্চ** বৃদ্ধিরাজেতি বদতি ।

অপরো বৌদ্ধ: ''অসদেবেদমগ্ল আদীং" (ছান্দোগ্য, ৬ অ° ১ খণ্ড, ১ম ম**ছ**) ইত্যাদি রুতেঃ সুযুৱৌ সক্রাভাবাৎ অহং সুযুৱৌ নাসমিত্যখিতস্য স্বাভাবপরামর্শ-বিষয়ানুভবাচ্চ শূন্যমাথেতি বদতি ।—বেদান্তসার ।

দূত্রোজ যুক্তিকে আশ্রয় করিয়াই বৌদ্ধসন্মত বিজ্ঞান আশ্বা নহে, সংস্কার আশ্বা নহে, ইহাও প্রতিপন্ন করিয়াছেন। ভাষ্যকারের ঐ সমস্ত কথার হার। ন্যায়দর্শনে বৌদ্ধনত খণ্ডিত হইয়াছে, স্কৃতরাং ন্যায়দর্শন বৌদ্ধযুগেই রচিত, অথবা তৎকালে বৌদ্ধ নিরাসের জন্য ঐ সমস্ত সূত্র প্রশ্নিগু হইয়াছে, এইরূপ কল্পনারও কোন হেতু নাই। কারণ ন্যায়দর্শনে আশ্ববিষয়ে যে সমস্ত মত খণ্ডিত হইয়াছে, উহা যে উপনিষদেই সূচিত আছে, ইহা পুর্বেই বলিয়াছি।

এখানে ইহাও লক্ষ্য করা আবশ্যক যে, ভাষ্যকাব বাৎস্যায়ন আত্মবিষয়ে বৌদ্ধমতের খণ্ডন করিলেও নব্য বৌদ্ধ মহাদার্শনিকগণ নিজপক্ষ সমর্থন করিতে যে সকল কথা বলিয়াছেন, বাৎসায়নভাষ্যে তাহার বিশেষ সমালোচনা ও খণ্ডন পাওয়া ঘায় না। স্থতরাং বৌদ্ধ মহানৈয়ায়িক দিঙ্নাগের পূর্ব্ববর্তী বাৎস্যায়নের সময়ে বৌদ্ধ দর্শনের সেরূপ অভ্যুদর হয় নাই, তিনি নব্য বৌদ্ধ মহাদার্শনিকগণের বহুপুর্ববর্তী, ইহাও আমরা বুঝিতে পারি। দিঙ্নাগেব পরবর্তী ব। সমকালীন মহানৈয়ায়িক উদ্যোতকর ''ন্যায়বাজিকে'' বৌদ্ধ দার্শনিকগণের কথার উল্লেখ ও বিচার-পূর্ব্ব খণ্ডন করিয়াছেন। তদুারাও আমরা বৌদ্ধ দার্শনিকগণের অনেক কথা জানিতে পারি। উপনিষদে যে "নৈরাস্তাবাদে"র স্চনা ও নিন্দা আছে, উহা বৌদ্ধযুগে ক্রমণঃ নানা বৌদ্ধ-সম্প্রদায়ে নানা আকারে সম্প্রিত ও পরিপুট হইয়াছিল। কোন বৌদ্ধ-সম্প্রদায় আম্বার সর্ব্বথা নান্তিছ বা অলীক্ষই সমর্থন করিয়াছিলেন, ইহাও আসর। উদ্যোতকরের বিচারের শ্বর। বুঝিতে পারি। উদ্দোভকর ঐ মতের প্রতিজ্ঞা, হেতু ও দৃষ্টান্তের খণ্ডন পূৰ্ব ফ উহা একেবারেই অসম্ভব বলিয়। সমর্থন করিয়াছেন এবং "সর্বাভি সময়সূত্র'' নামক সংস্কৃত বৌদ্ধ গ্রন্থে বচন উদ্ধৃত করিয়া উহা যে প্রকৃত বৌদ্ধ মতই নহে, ইহাও প্রদর্শন করিয়াছেন। এ সকল কথা প্রারন্তে লিখিত হইয়াছে। বস্ততঃ আলার সর্ববঁথা নান্তিছ, অর্থাৎ আদ্ধার এই অধ্যায়ের কোনরূপ অন্তিওই নাই, নান্তিওই নিশ্চিত—ইহা আমর। শুন্যবাদী মাধ্যমিক-সম্প্রদাবের মত বলিয়াও বুঝিতে পারি না। আত্মার অ<mark>ন্তিম্বও নাই, নান্তিমও নাই, আম্বা</mark>র অ**ন্তিম্ব ও নান্তিম কোনরূপে**ই সিদ্ধ হয় না-ইহাও আমৰা মাধ্যমিক-সম্প্রদায়েৰ মত বলিয়া বুঝিতে পারি।⁵ উদ্দ্যোতকর পরে এই মতেরও খণ্ডন করিয়াছেন। তিনি পুর্ব্বোঞ্চ

১। ''বুদ্ধৈরাত্মান বা নাত্মা কশ্চিদিত্যপি দর্শিতং"।
'আজানোহস্তিত্মান্তিত্বে ন কথঞিচ সিধ্যতঃ।
তং বিনাহস্তিত্বনান্তিতে ক্লেশানাং সিধ্যতঃ কথম।।"
—মাধ্যমিককারিকা।

''তদাম্বত্তণম্ব-সম্ভাবাদ-প্রতিষেধঃ'' এই সুত্রের বান্তিকে বলিয়াছেন যে, এই সূত্রের দার। স্মৃতি আত্মারই গুণ, ইহা স্পষ্ট বণিত হওয়ায়, স্মৃতির আধার আত্মার অন্তিত্বও সম্থিত ছইয়াছে। কারণ, সমৃতি যথন কার্য্য এবং উহার অন্তিহও সীকার্য্য, তথন উহার আত্মার অন্তিহও অবশ্য স্বীকার করিতেই হইবে। আধার ব্যতীত কোন কার্য্য হইতেই পারে না, এবং স্মৃতি यथेन खनेश्रमार्थ, उथेन छेट। निताबांत हटेटा शास्त्र ना । याषात प्रसिष्ठ ना থাকিলে আব কোন পরার্থই ঐ স্মৃতির আধার হইতে পারে না। স্কুতরাং भूनावामी तोक्षमन्धनात्मत त्य पाषात अखिष नाखिष-किष्टे गातन ना, তাহাও এই সুত্রোক্ত যুক্তির দার। খণ্ডিত হইয়াছে। উদ্দ্যোতকৰ সেখানে উক্ত নতের একটি বৌদ্ধকারিকা > উদ্ধৃত করিয়াও উহার খণ্ডন করিয়াছেন। কিন্তু নাগাৰ্জ্জুনের ''মাধ্যমিককারিকা''র মধ্যে ঐ কারিকাটি দেখিতে পাই নাই। ঐ কারিকার অর্থ এই যে, চফুর ঘার। যে রূপের জার জন্মে বলা হয়, উহা তক্তে থাকে না; ঐ রূপেও থাকে না। চক্ষ্ত রূপের মধ্যবর্তী কোন প্রবার্থেও থাকে না । দেই জ্ঞা**ন যেখা**নে নিষ্টিত (অবস্থিত), অর্থাৎ সেই ভানের যাহা আধার, তাহা আছে—ইহাও নহে, নাই, ইহাও নহে। তাহা েইলে বুঝা যাম, এই মতে আলার অন্তি**ত্ত নাই, নান্তিত্**ত নাই। আ**লা** গ্রংও নহে, অসংও নহে। আছা একেবাবেই অলীক, ইহা কিন্তু ঐ কথার দার। বুঝা যায় না। আলা আছে বলিলেও বুদ্ধদেব ''হা'' বলিয়াছেন, নার। নাই বলিলেও বুদ্ধদেব "হা" বলিয়াছেন, ইহাও কোন কোন ালি বৌদ্ধ গ্রন্থে পাও্যা যায়। মনে হয়, তদনুসারে শূনবোদী মাধ্যমিক সম্প্রদারের মধ্যে অনেকে আন্নার অন্তিছও নাই, নান্তিছও নাই, ইহাই বুদ্ধনেবের নিজ মত বলিয়া বুঝিয়া, উহাই সমর্থন করিয়া-ছিলেন। কিন্তু বুদ্ধদেব নিজে যে আন্থার অন্তিত্বই মানিতেন না, ইহা আমর। কিছু তেই বুঝিতে পারি না। তিনি তাঁহার পূর্ব্ব পূর্ব্ব অনেক জন্মের বার্ত্ত। বলিবাছেন। স্রতরাং তিনি যে, আমার নিতাম সিদ্ধান্তেই বিশ্বাসী ছিলেন, ইহাই আমাদিগেৰ বিশ্বাস। পরবর্ত্তী বৌদ্ধ দার্শনিকগণ ''নৈরাম্ব্য-বাদ" সমর্থন করিয়াও জন্মান্তববাদের উপপাদন করিতে চেটা করিলেও সে চেষ্টা সফল হইরাছে বলির। আনবা বুঝিতে পারি না। সে যাহা হউক উদ্যোতকর পূর্ব্বোক্ত বৌদ্ধনতের খণ্ডন করিতে বলিয়াছেন যে, আত্মাব

১। ন তচ্চকুষি নো রূপে নাম্বরালে তয়োঃ স্থিতং। ন তদন্তি ন তনান্তি যত্ন তমিটিতং ভবেৎ॥

অন্তিত্বও নাই, নান্তিত্বও নাই—ইহা বিরুদ্ধ। কোন পদার্থের অন্তিত্ব নাই বলিলে, নাস্তিত্বই থাকিবে। নাস্তিত্ব নাই বলিলে, অস্তিত্ব থাকিবে। প্রস্ত উক্ত কারিকার দারা জ্ঞানের আশ্রিতম খণ্ডন করা যায় না—জ্ঞানের কেহ আএরই নাই, ইহা প্রতিপন্ন করা যায় না। পরস্ক ঐ কারিকার দ্বারা ভ্রানেব আশ্রম খণ্ডন করিতে গেলে উহার দারাই আদ্মান অন্তিম্বই প্রতিপায় হয়। কানণ, আত্মার অস্তি**ছ**ই না **থাকিলে জ্ঞানেরও** অস্তিত্ব থাকে না। স্থ**ত**রাং জ্ঞানের খাএয় নাই, এইরূপ বাক্যই বলা যায না। উদ্যোতকর এইরূপে পর্ব্বোক্ত যে বৌদ্ধনতের খণ্ডন করিয়াছেন, তাহা উদ্দ্যোতকরের প্রথম গণ্ডিত আতার সর্বর্থা নান্ডিম বা গুলীকম্ম মত হইতে ভিন্ন মত, এ বিময়ে সংশয় হল না। ''নৈরাত্মবাদে''র সমর্থন কবিতে প্রাচীনকালে অনেক ৌ র-স-প্রদায় রূপাদি পঞ্জন্ধ সমুদায়কেই আছা বলিয়া মুমর্থন কবিয়াছেন। ভাঁহার। উহা হইতে অতিবিক্ত নিত্য আছা মানেন না। আত্মার ধর্ববঁগা নাস্তিত্বও বলেন নাই। এইরূপ ''নৈরাস্থ্যবাদ''ই অনেক বৌদ্ধ-সম্প্রদায় গ্রহণ করিয়াচিলেন। উদ্যোতকর এই নতের প্রকাশ করিয়াছেন। পূর্ব্বে ঐ মতের ব্যাখ্যা প্রদর্শিত হইয়াছে। ভাঘ্যকার ঐ মতের কোন স্পষ্ট উল্লেখ করেন নাই। কিন্তু তিনি মহষি-সূত্রোক্ত যে সকল যুক্তির দারা আত্রা দেহাদিসংঘাতনাত্র নহে, এই সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন, ঐ সকল যজির দারাই রূপাদি পঞ্জন সমুদরও আ**ত্মা নহে**, ইহাও প্রতিপন্ন হয়। পরভ বৌদ্ধ সম্প্রদায়ের মতে ধর্ষন বস্তুমাত্রই ক্ষণিক, আল্লাও ক্ষণিক, তথ্য ফ**ণ্যাত্রস্থা**ী লোন আভাই পলে না থাকাল, পূ**র্বানু**ভূত বিষয়ের স্মরণ করিতে না পাশা।, স্মানপের অনুপপতি ধোষ স্পরিহার্ম্য। ভাষ্যকার নানা স্থানে বৌদ্ধ মতে ঐ দোমই পুনঃ প্নঃ বিশেষরূপে প্রদর্শন কবিয়া, বৌদ্ধ মতের সর্বাধা অনুপপতি সমর্থন করিয়াছেন। কিন্তু পরবর্তী বৌদ্ধ-দার্শনিকগণ তাঁহাদিগের নিজমতেও সমরণের উপপাদন করিতে যে সকল কথা বলিয়াছেন, তাহার কোন বিশেষ আলোচনা বাৎস্যায়ন ভাষ্যে পাওয়া যায়না। দ্বিতীয় আছিকে বৌদ্ধ মতের আ**লো**চনাপ্রস**ন্ধে** এ বি**দ**য়ে ঐ সকল কথাৰ আলোচনা হইবে ॥ ১৭॥

মনোব্যতিরেকাত্মপ্রকরণ সমাপ্ত ॥ ৪ ॥

ভায়। কি পুনরমং দেহাদিসংঘাতাদন্তো নিত্য উতানিত্য ইতি।

কুত: সংশয়: ? উভয়থা দৃষ্টত্বাৎ সংশয়: । বিল্লমানমুভয়থা ভৰতি, নিতামনিতাঞ্চ। প্ৰতিপাদিতে চাত্মসদ্ভাবে সংশয়ানিব্যন্তেরিতি।

আত্মসদ্ভাবহেতৃভিরেবাস্থ প্রাগ্দেহভেদাদবস্থানং সিদ্ধং, উর্দ্ধমপি দেহভেদাদবতিষ্ঠতে। কুতঃ গ

অনুবাদ। (সংশয়) দেহাদি সংঘাত হইতে ভিন্ন এই আত্মা কি
নিতা ? অথবা অনিতা ?। (প্রশ্ন) সংশয় কেন ? অর্থাৎ এখন
আবার ঐরপ সংশয়ের কারণ কি ? (উত্তর) উভয় প্রকার দেখা যায়,
এছতা সংশয় হয়। বিশাদার্থ এই যে, বিদামান পদার্থ উত্য় প্রকার হয়,
(১) নিতা ও (২) অনিতা। আত্মার সন্থাব প্রতিপাদিত হইলেও,
অর্থাৎ প্রেবাক্ত যুক্তিসমূহের দারা দেহাদি সংঘাত ভিন্ন আত্মার অন্তিদ্ব
সাধিত হইলেও, (প্রেবাক্তরপ) সংশয়ের নিবৃত্তি না হওয়ায় (সংশয়
হয়)।

(উত্তর) আত্তসভাবের তেতুগুলির চারাই, অর্থাৎ দেহাদি-সংঘাত ভিন্ন আত্মার অভিত্বের সাধক পুর্বেগাক্ত যুক্তিসমূহের চারাই দেহবিশেষের (যৌবনাদি বিশিষ্ট দেহের) পূর্বে এই আত্মার অবস্থান সিদ্ধ হইয়াছে, অর্থাৎ যৌবন ও বার্দ্ধক্যবিশিষ্ট দেহে যে আত্মা থাকে, বাল্যাদি-বিশিষ্ট দেহেও পূর্বে সেই আত্মাই থাকে—ইহা পূর্বেগাক্তরাপ প্রতিসন্ধান দারা সিদ্ধ হইয়াছে। দহবিশেষের উর্দ্ধকালেও, অর্থাৎ সেই দেহত্যাগের প্রেও (ঐ আত্মা) অবস্থান করে, (প্রশ্ন) কেন ? অর্থাৎ এবিময়ে

সূত্র। পূর্বাভ্যস্তস্মত্যন্মবন্ধাজ্জাতস্য হর্ষ-ভয়-শোক-সম্প্রতিপত্তেঃ ॥১৮॥২১৬॥

অনুবাদ। (উত্তর) যেহেতু পূর্ব্বাভ্যস্ত বিষয়ের স্মরণানুবদ্ধবশতঃ , (অনুস্মরণবশতঃ) জ্ঞাতের অর্থাৎ নবজাত শিশুর হর্ষ, ভয় ও শোকের সম্প্রতিপত্তি (প্রাপ্তি) হয়।

ভাষ্য। জ্বাতঃ খল্বয়ং কুমারকোহস্মিন্ জ্বমান্তগৃহীতেরু হর্ষ-ভয়-শোক-হেতুরু হর্ষ-ভয়-শোকান্ প্রতিপদ্যতে লিঙ্গান্তুমেয়ান্। তে চ স্থতান্তুবন্ধান্ত্ৎপদ্যতে নাহ্যথা। স্মৃত্যন্তুবন্ধান্ত পূর্ববিভ্যাসমন্তরেণ ন ভবতি। পূর্ববিভ্যাসমত পূর্বজ্বানি সতি নাহ্যতেথি সিধ্যত্যেতদব-তিষ্ঠতেইয়মূর্দ্ধং শরীরভেদাদিতি।

অসুবাদ। জাত এই কুমারক অর্থাৎ নবজাত শিশু ইহজনো হর্ষ, ভয় ও শোকের হেতু অজ্ঞাত হইলেও লিঙ্গান্তুমেয়, অর্থাৎ হেতুবিশেষ বারা অন্তুমেয় হর্ষ, ভয় ও শোক প্রাপ্ত হয়। সেই হর্ষ, ভয় ও শোক কিন্তু অরণাস্থবন্ধ অর্থাৎ পূর্ববাস্থভূত বিষয়ের অসুসারণ জন্য উৎপন্ন হয়, অন্তথা হয় না। অরণাস্থবন্ধও পূর্ববাভ্যাস ব্যতীত হয় না। পূর্ববাভ্যাসও পূর্ববিজন্ম থাকিলে হয়, অন্তথা হয় না। স্থতরাং এই আত্মা দেহ-বিশেষের উদ্ধিকালেও, অর্থাৎ পূর্ববিত্তী সেই সেই দেহত্যাগের পরেও অবন্থিত থাকে—ইহা সিদ্ধ হয়।

টিপ্পনী। ভাষাকারের ব্যাখ্যানুদারে মহাদি প্রথম হইতে সপ্তদশ সূত্র পর্যান্ত ঢারিটি প্রকরণের হার। আছা দেহাদি সংঘাত হইতে অতিরিজ্ঞ পদার্থ—ইহা দিদ্ধ করিয়া (ভাষাকার-প্রদর্শিত) আয়া কি দেহাদিসংঘাত-মাত্র ? অথবা উহা হইতে অতিরিজ্ঞ ? এই সংশ্য নিরস্ত করিয়াছেন। কিন্ত ভাহাতে আল্লার নিতার দিদ্ধ না হাওয়ায়, আছা নিত্য কি অনিতা ? এই সংশ্য নিরস্ত হয় নাই। দেহাদিদংঘাত ভিন্ন আল্লার অন্তিম্বের সাধক যে সকল হেতু মহাদি পূর্ব্বে বলিয়াছেন, তদ্দারা জন্ম হইতে মৃত্যু পর্যান্ত স্থায়ী এক অতিরিজ্ঞ আল্লা দিদ্ধ হইতে পারে। কারণ, এরূপ আল্লা মানিলেও বাল্যাবস্থান্ত দৃষ্ট বস্তার বৃদ্ধাবস্থান্ত সমরণাদি হইতে পারে। যে সমরণ ও প্রতাভিক্রতার অনুপ্রধৃতিবশতঃ দেহাদি হইতে অতিরিজ্ঞ আল্লা মানিতে হইবে, জন্ম হইতে মৃত্যু পর্যান্ত স্থায়ী এক আল্লা মানিলেও এ সমরণাদির উপপত্তি হয়। স্থতরাং মৃত্যুর পরেও আল্লা থাকে, ইহা দিদ্ধাহ্য নাই। মহাদি এপর্যান্ত ভাহার কোন প্রমাণ বলেন নাই। বিদ্যমান বন্ত নিত্য ও অনিত্য এই দুই প্রকার দেখা যান। স্ত্রবাং দেহাদিসংঘাত ক্রইতে ভিন্ন বলিয়া দিদ্ধ স্থাতে নিত্য ও অনিত্য প্রদার্বণ ধর্ম ক্র

বিশানান্তের নিশ্চয় জন্য আছা নিতা কি অনিতা १—এইরপ সংশায় হয়। আত্মার নিত্য**ত্ব সিদ্ধ হইলেই পরলোক সিদ্ধ হয়।** স্থতরাং এই শা**ন্তের** প্রব্যোজন অভ্যাদর ও নিঃশ্রে। দের উপযোগী পরলোকের সাধনের জন্যও মহাঘি এখানে আত্মার নিতাত্ত্বের **পরীক্ষা** করিয়াছেন। সংশ্য় পরীক্ষার প্রবাস, সংশার ব্যতীত কোন প্রীকাই হয় না. এজন্য ভাষ্যকার প্রথমে मः ना अपर्यात अपर्यात कातन अपर्यात के कि अपर्यात कि विष्या, ঐ সংশায় নিরাসের জন্য মহাযিস্ত্রের অবতারণা করিতে বলিয়াছেন যে, আয়ার অন্তিম্বের সাধক পূর্ব্বোক্ত হেতুগুলির মারাই দেহবিশেষের পূর্ব্বে ঐ আত্মাই থাকে —ইহা সিদ্ধ হইরাছে। ভাঘ্যকারের প্রথমোক্ত ''দেহভেদ'' শংকরে দারা এখানে বালকদেহ, যুবকদেহ, বৃদ্ধদেহ প্রভৃতি বিভিন্ন দেহবিশেষই ব্ঝিতে হইবে। কারণ, দেহাদি ভিন্ন আশ্বার সাধক পূর্ব্বোক্ত হেতুগুলির দারা সেই আত্মার পূর্ব্বজন্ম সিদ্ধ হয় নাই। কিন্তু পূর্ব্বোক্তরূপ প্রতিসদ্ধান দারা বান্যকানে, যৌবনকালে ও বৃদ্ধকানে একই আ**দ্ধ। প্রত্যক্ষাদি** কবিয়া তজ্জন্য সংস্কারবশতঃ সমরণাদি করে, (দেহ আত্মা হইলে বাল্যাদি এবস্থাভেদে দেহের ভেদ হওরার, বালকদেহের অনুভূত বিষ**র বৃদ্ধ**দেহ সমরণ করিতে পারে না,) স্থতরাং বৃদ্ধদেহের পূর্বের্ব যুবকদেহে এবং ষবকদেহেব পর্ক্ষে বালকদেহে সেই এক অতিরিক্ত আত্মাই অবস্থিত থাকে, ইহাই সিদ্ধ হইয়াছে। তাৎপর্য্যটীকাকার ভাষ্যকারের প্রথমোক্ত "দেহভেদাৎ" ্রই স্থলে পঞ্নী বিভক্তির অন্যরূপ ব্যাখ্যা করিয়াছেন^১। তাঁহার মতে বাল্য, কৌমার. যৌবনাদি-বিশিষ্ট দেহভেদ বিচারপূর্বক প্রতিসন্ধানবশতঃ আত্মার পুর্বের্ব অবস্থান শিদ্ধ হইরাছে, ইহাই ভাষ্যার্থ। আত্মা দেহবিশেষের পরেও, অর্থাৎ দেহত্যাগ বা মৃত্যুর পরেও থাকে, ইহা গিদ্ধ হইলে আম্বার পূর্বজন্ম ও প্রজন্ম <mark>দিদ্ধ হইবে। তাহার ফলে। আত্মার নিতাত দিদ্ধ</mark> হইলে, প্রলোকাদি সমন্তই সিদ্ধ হইবে এবং আছা নিতা, কি অনিতা, এই সংশার নিরস্ত হইয়। যাইবে । ভাষ্যকার এইজন্য এখানে ঐ সিদ্ধান্তের উল্লেখ করিয়া উহার প্রমাণ প্রশুপূর্বক মহাঘিদূত্তের মারা ঐ প্রশ্রের উত্তর বলিয়াছেন। নহষির কথা এই যে, নবজাত শিশুব হর্ষ, ভয় ও শোক তাহার প্রবিদ্দের সংস্কার ব্যতীত কিছুতেই হইতে পারে না। অতিল্পিত বিষয়ের প্রাপ্তি হইলে যে স্কুথের অনুভব হয়, তাহার নাম হর্ষ।

১। ভাষ্যং 'দেহভেদা"দিতি, জাব লোপে পঞ্চমী। বাল্য-কৌমার-যৌবন--বার্ক্ক দেহভেদমভিসমীক্ষা প্রতিসন্ধানাদস্যাবস্থানং সিদ্ধমিভার্থঃ।—ভাৎপুর্যাটীকা।

অভিলঘিত বিষয়ের অপ্রাপ্তি হইলে যে স্থাখের অনুভব হয়, তাহার নাম শোক। ইষ্টসাধন বলিয়া না বুঝিলে কোন বিষয়ে অভিলাম হয় না। যে জাতীয় বস্তর প্রাপ্তিতে পূর্বের্ব স্থানুভব হইয়াছে, সেই **জাতীয়** বস্তুতেই ইষ্টুসাধনত্ব ভ্ৰান হইতে পারে ও হইয়া থাকে। "আমি যে ভাতীয় বস্তুকে পুরের্ব আমার ইষ্ট্রসাধন বলিয়া ব্রিসাছিলাম, এই বস্তুও মেই জাতীয়", এইরূপ বোধ হইলে অনুমান দ্বার। তদ্বিদয়ে ইষ্টসাধন জ্ঞান জন্মে, পরে তহিঘয়ে অভিলাম জন্মে; অ<mark>ভিলমিত সেই বিষয় প্রাপ্ত</mark> হইলে হর্ষ জন্মিয়া থাকে। এইরূপ অভিন্যিত বিষয়ের অপ্রাপ্তিতে সেই বিষয়ের স্মরণজন্য শোক বা দুঃখ জন্মে। নবজাত শিশু ইহজন্মে কোন বস্তকে ইট্টগাধন বলিয়া অনুভব করে নাই, কিন্ত তথাপি অনেক বস্তর ্রাপ্তিতে উহার হর্ষ এবং অপ্রাপ্তিতে শোক জন্মিয়া থাকে, ইহা স্বীকার্য্য। ্তরাং নৰজাত শিশুর ঐ হর্ষ ও শোক অবশ্য সেই সেই পূর্ববিভাস্ত বিষয়ের অনুসমরণ জন্য—ইহা স্বীকার করিতেই হইবে। যে সকল বিষয় বা পদার্থ পূর্বে অনেকবার অনুভূত হইয়াছে, তাহাই এখানে পূর্বাভ্যন্ত বিষয়। পূর্বানুত্র জন্য সেই সেই বিষয়ে সংস্কার উৎপন্ন হওয়ার, ঐ সংস্কার জন্য তদ্বিঘয়ের অনুসমরণ বা পশ্চাৎস্মরণ হয়, তাহাকে ''স্মৃতানুবন্ধ'' বলা যায়। বাতিককার এখানে ''অনুবন্ধ'' শব্দের অর্থ বলিয়াছেন—সংস্কার। স্মরণ সংস্কার জন্য। সংস্কার পূর্বানুত্ব জন্য। নবজাত শিশুৰ ইছজনেম প্ৰথমে সেই সেই বিষয়েৰ অনুভৰ না হওয়ায়, ইহজন্মে তাহার গেই গেই বিষয়ে সংস্কার উৎপন্ন হইতে পারে না। অতএৰ পূৰ্বজনেমৰ অভ্যা<mark>স বা</mark> অনুভব জন্য সংস্কাৰৰ**শতঃ সেই সেই** বিষয়ের অনুসরণ হওনায়, তাহার হর্ম ও শোক হইয়া থাকে, ইহাই স্বীকার করিতে হইবে। এইরূপ নবজাত শিশুর নানা প্রকার ভয়ের দারাও তাহার পূর্বজনেমর সংস্কার অনুমিত হইয়া থাকে। কোন্ জাতীয় নস্ত হর্ঘ, ভয় ও শোকের হেতু, ইহা ইহজনেম তাহার অ**জ্ঞা**ত থাকিলেও হর্ষাদি হওয়ায়, পূর্ব্বজন্মের অনুভব জন্য সংস্কার ও তজ্জন্য সেই সেই বিষয়ের সমরণাল্পক জ্ঞান সিদ্ধ হওয়ায়, পূর্ব্বজন্ম সিদ্ধ হইবে। কারণ, পূর্বজন্ম না থাকিলে পূর্বানুত্ব হইতে পারে না। পূর্বানুত্ব ব্যতীতও সংস্কার জন্মিতে পারে না। সংস্কার ব্যতীতও সমরণ হইতে পারে না। নবজাত শিশুর তামের ব্যাখ্য। করিতে তাৎপর্যাটীকাকার বলিয়াছেন যে, মাতার ক্রোড়স্থ শিশু কদাচিৎ আলম্বনশ্ন্য হইয়া স্থলিত হইতে হইতে রোদনপূর্বক['] কম্পিতকলেবরে হস্তবয় বিক্ষিপ্ত কবিয়া মাতার ক**ঠিস্থিত** হাদয়নম্বিত মঙ্গলসূত্র গ্রহণ করে। শিশুর এই চেষ্টার মাবা তাহার ভয় ও শোক অনুমিত হয়। শিশু ইহজন্মে যখন প্রের্ব একবারও ক্রোড় হইতে পতিত হইয়া ঐরপে পতনের অনিষ্টগাধনম্ব এনুভব করে নাই, তথন প্রথমে মাতার ক্রোড হইতে পতনভরে তাহার উক্তরূপ চেষ্টা কেন হইয়া থাকে ? পতিত হইলে তাহার মরণ বা কোনরূপ অনিট হইবে, এইরূপ জ্ঞান ভিন্ন শিশুর রোদন বা উক্তরূপ চেটা কিছুতেই হইতে পারে না। অতএব তখন পূর্বে পূর্বে জন্মানুভূত পতনের অনিষ্টকারিতাই অস্ফুটভাবে তাহার সমতির বিষয় হইয়া থাকে, ইহা অবশ্য স্বীকার্য্য। শিশুর যে হর্ষ, ভয় ও শোক জন্মে. তদ্বিষয়ে প্রমাণ বলিতে ভাষ্যকার ঐ তিনটিকে "निঙ্গানুমের" বলিরাছেন। অর্থাৎ যথাক্রমে স্মিত, কম্প ও রোদন— এই তিনটি লিঙ্গের দারা শিশুর হর্ঘ, ভব ও শোক অনুসানসিদ্ধ। যৌবনাদি অবস্থায় হর্ষ হইলে দিমত হয়, দেখা যায় ; স্তুতরাং শিশুর দিমত বা ঈষৎ হাস্য দেখিলে তদার। তাহারও হর্ষ অন্মিত হইবে। এইরপে শিশুব কম্প দেখিলে তাহার ভয় এবং রোদন শুনিলে তাহার শোকও অন্যিত হুইবে। স্মিত, কম্প ও রোদন আত্মার ধর্ম নহে, স্থতরাং উহা আত্মার হর্মাদির সাধক লিজ বা হেত হইতে পারে না। বাতিককার এইরূপ আশক্ষাব সমর্থন করিয়া বাল্যাবস্থাকে পক্ষরূপে গ্রহণ করিয়া তাহাতে স্মিত-কম্পাদি হেত্র মারা হর্ঘাদিবিশিষ্ট আত্মবত্বের অনুমান করিয়া ঐ আশঙ্কার সমাধান क्रिय़ोष्ट्रिन ⁵ । ॥ ১৮ ॥

সূত্র। পদ্মাদিষু প্রবোধসম্মীলনবিকারবত্তদ্বিকারঃ॥ ॥১৯॥২১৭॥

অনুবাদ। (পূর্ব্বপক্ষ) পদ্মাদিতে প্রবোধ (বিকাস) ও সম্মীলন (সংক্ষোচ)-রূপ বিকারের ন্যায়-—সেই আত্মার (হর্ষাদিপ্রাপ্তিরূপ) বিকার হয়।

১। বাল্যাবস্থা হর্ষ।দিমদাথাবতী, সিমতকম্পাদিমত্বাৎ যৌবনাবস্থাবৎ। বাল্যাবস্থা বয়োধর্মে যৌবনাবস্থাবৎ। এবং বাল্যাবস্থা সন্তমদাথাবতী, হয়াদিমদাথাবত্বাৎ যৌবনাবস্থাবৎ। এবং বাল্যাবস্থা সংক্ষারবদাথাবতী সমৃতিমদাপ্শবড়াৎ যৌবনাবস্থাবৎ। এবং বাল্যাবস্থা পূর্বানুভববদাথাবতী সংক্ষারবদাথাবত্বাৎ যৌবনাবস্থাবৎ। এবং বাল্যাবস্থা পূর্বানুভববদাথাবতী, পূর্বানুভববদাথাবত্বাৎ যৌবনাবস্থাবৎ, ইত্যেবমনুন্মানস্থাবাঃ।

ভাষা। যথা পদ্মাদিঘনিত্যেষ্ প্রবেধা: সম্মীলনং বিকারো ভবতি, এবমনিত্যস্থাত্মনো হর্ষ-ভয়-শোকসংপ্রতিপত্তির্বিকারঃ স্থাৎ।

বেষাভাবাদযুক্তম্। অনেন হেতুনা পদ্যাদিষু প্রবাধসম্মীলনবিকারবদনিত্যস্তাত্মনো হর্ষাদিসম্প্রতিপত্তিরিতি নাত্রোদাহরণসাধর্ম্মাৎ
সাধ্যসাধনং হেতুন চ বৈধর্ম্মাদন্তি। হেত্বভাবাদসম্বদ্ধার্থকমপার্থকমৃচ্যুত ইতি। দৃষ্টান্তাচ্চ হর্ষাদিনিমিত্তসানির্ভিঃ। যা চেয়মাসেবিতেষু বিষয়েষু হর্ষাদিসম্প্রতিপত্তিঃ ম্মৃত্যমুবন্ধকৃতা প্রভ্যাত্মং
গৃহ্যতে, সেয়ং পদ্মাদিপ্রবোধসম্মীলনদৃষ্টান্তেন ন নিবর্ত্ততে বথা চেয়ং
ন নিবর্ত্ততে তথা জাতস্যাপীতি। ক্রিয়াজাতে চ পর্ণবিভাগসংযোগে প্রবোধসম্মীলনে, ক্রিয়াহেতুশ্চ ক্রিয়ামুমেয়ঃ। এবঞ্চ সতি কিং
দৃষ্টান্তেন প্রতিষিধ্যতে।

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) যেমন পদ্ম প্রভৃত্তি অনিত্য পদার্থে প্রবোধ ও সম্মীলনরূপ (বিকাস ও সংকোচরূপ) বিকার হয়, এইরূপ অনিত্য আত্মার হর্ষ, ভয় ও শোকপ্রাপ্তিরূপ বিকার হয়।

(উত্তর) হেতুর অভাববশতঃ অযুক্ত। বিশদার্থ এই যে, এই হেতু বশতঃ পদ্মাদিতে বিকাস ও সংকোচরূপ বিকারের ন্যায় অনিভ্য আত্মার হর্ষাদি প্রাপ্তি হয়। এই স্থলে উদাহরণের সাধর্ম্মপ্রযুক্ত সাধ্যসাধন হেতু নাই, এবং উদাহরণের বৈধর্ম্মপ্রযুক্ত সাধ্যসাধন হেতুও নাই। হেতু না থাকায় অসম্বদ্ধার্থ "অপার্থক" (বাক্য) বলা ইইয়াছে, আর্থাৎ

১। এখানে প্রচলিত ভাষা পুডকগুলিতে (১) "ক্রিয়া জাতত পর্ণবিভাগ সংযোগঃ প্রবোধসন্মীলনে"। (৩) "সংযোগপ্রবোধসন্মীলনে"। (৩) "সংযোগপ্রবোধঃ সন্মীলনে"। (৪) "ক্রিয়াজাতাত পর্ণসংযোগবিভাগাঃ প্রবোধসন্মীলনে", এইরাপ বিভিন্ন পাঠ আছে। কিন্ত উহার কোন পাঠই বিশুদ্ধ বালয়া বুঝা যায় না। কলিকাতা এসিয়াটিক সোসাইটি হইতে সক্ষপ্রথম মুদ্রিত বাৎসাায়ন ভাষা পুডকের সন্পাদক পুপ্রাসন্ধ নহামনীষী জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয় সক্ষ্মি প্রচলিত পাঠবিশেষ গ্রহণ করিলেও এখানে নিশ্ন টিম্পনীতে উল্লিখিত নুতন পাঠই সাধু বলিয়া মন্তব্য প্রকাশ কঃ য়ে, তদনুসারে মূলে তাহার উদ্বাহিত পাঠই পরিগৃহীত হইল। সুধীগণ প্রচলিত পাঠের ব্যাখ্যা করিবেন।

পূর্ব্বপক্ষবাদীর হেতুশৃত্য ঐ দৃষ্টান্তবাক্য অভিমতার্থবোধক না হওয়ায়, উহা অপার্থক বাক্য]।

দৃষ্টান্তবশতঃ ও হর্ষাদির কারণের নিবৃত্তি হয় না। বিশদার্থ এই যে বিষয়সমূহ আসেবিত (উপভূক্ত) হইলে, অনুসারণ জ্বন্স এই যে হর্ষাদির প্রাপ্তি প্রভ্যেক আত্মায় গৃহীত হইতেছে, সেই এই হর্ষাদিপ্রাপ্তি পদ্মাদির প্রবোধ ও সম্মালনরূপ দৃষ্টান্ত ছারা নিবৃত্ত হয় না। ইহা যেমন (যুবকাদির সম্বন্ধে) নিবৃত্ত হয় না, তক্রেপ শিশুর সম্বন্ধেও নিবৃত্ত হয় না। ক্রিয়ার ছারা জ্বাত পত্রের বিভাগ ও সংযোগ (যথাক্রমে) প্রবোধ ও সম্মালন। ক্রিয়ার হেতুও ক্রিয়ার ছারা অনুমেয়। এইরূপ হইলে (পূর্ব্বপক্ষবাদীর) দৃষ্টান্ত ছারা কি প্রতিষ্ক্র হইবে ?

টিপ্পনী। মহাষি এই সূত্রের দার। পূর্ব্বোক্ত সিদ্ধান্তে আশ্বার অনিত্যন্ত বাদী নাস্তিক পূ**র্ব্রপক্ষীর ক**থা বলিয়াছেন যে, দেমন পদ্মাদি অনিতঃ দ্রব্যের সংকোচ-বিকাশাদি বিকার হইয়া থাকে, তত্ত্বপ অনিত্য আত্মান হর্ষাদি প্রাপ্তি ও তাহার বিকার হইতে পারে 🖰 স্কুতরাং উহার খারা আত্মরু পূৰ্বজন্ম বা নিত্যত্ব সিদ্ধ হইতে পারে না, উহা নিত্যত্বসাধনে ব্যভিচারী । মহর্ষি পারবর্তী সূত্র হার। এই পূর্ব্বপক্ষের খণ্ডন করিয়াছেন। ভাষ্যকার সূল্মবিচার করিয়া এখানেই পূর্ব্বপক্ষবাদীর কথার অযুক্তত বুঝাইতে বলিয়াছেন যে, হেতু না থাকায় কেবল দুটান্ত দারা পূর্ব্বপক্ষবাদীর অভিমত বাধ্য**সিদ্ধ হইতে পারে না। অর্থাৎ পূর্ব্বপক্ষবাদী যদি পদ্মা**দির সংবোচ-বিকাসাদি বিকাররূপ দুষ্টান্তকে তাঁহার সাধ্য সিদ্ধির **জ**ন্য প্রয়োগ করিয়া থাকেন, তাহা হইলে সাধৰ্ম্মা হেতু বা বৈধৰ্ম্মা হেতু বলিতে হইবে। কিজ পূর্বপক্ষবাদী কোন হেতুই বলেন নাই, কেবল দৃষ্টান্তমাত্র নির্দেশ করিয়াছেন। স্বতরাং হেতুশুন্য ঐ দৃষ্টাস্ত আত্মার বিকার বা অনিত্যতাদির সাধক হইতে পারে না। পরম্ভ পূর্ব্বপক্ষবাদীর হেতুশুনা ঐ দুটান্তবাক্য নিরাকাজ্ঞ হইয়া অসম্বদ্ধার্থ হওয়ায়, ''অপার্থক'' হইয়াছে। আর যদি পূর্ব্পক্ষবাদী পূর্ব্সূত্রোক্ত হেতুতে ব্যক্তিচার প্রদর্শনের জন্যই পূর্ব্বাক্তরূপ **দৃষ্টান্ত প্রদর্শন করিয়া থাকেন, তাহা হইলে বক্তব্য এই যে, কেবল** ঐ पृष्टीखनगठः इष-माकापित पृष्टे कातरभव প্রত্যাপ্যান করা যায় না। প্রত্যেক আত্মাতে উপভূক বিষয়ের অনুসমরণ জন্য যে হর্ষাদি প্রাপ্তি

বঝা যায়, তাহা পদাদির বিকাশ-সংকোচাদি দুষ্টান্ত ছারা নিবৃত্ত বা প্রত্যাখ্যাত হইতে পারে না । যুবক, বৃদ্ধ প্রভৃতির পূর্বানুভূত বিষয়ের অনুস্মরণ জন্য হর্ঘাদি প্রাপ্তি যেগন গর্ব্বগন্মতঃ, উহা কোন দুষ্টান্ত দার। খণ্ডন করা **যা**য় না, তদ্ধপ নবজাত শিশুরও হর্ঘাদি প্রাপ্তিকে পূর্ন্বানুভূত বিষয়ের অনুসমরণ জন্যই স্বীকার করিতে হইবে। কেবল একটা দৃষ্টান্ত ন্বারা যুবকাদির হর্ষাদি স্থানে যে কারণ দৃষ্ট বা সর্ব্বসিদ্ধ, তাহার অপলাপ করা যায় না। সর্বাত্র হঘাদির কারণ এরপই স্বীকার করিতে হইবে। পরন্ত যুবক, বৃদ্ধ প্রভৃতির হর্ঘ-শোকাদি হইলে স্মিত ও রোদনাদি হয়, ইয়া প্রত্যক্ষাসদ্ধা, স্মৃত্যাং স্থিত-রোদনাদি হর্ষ-শোকাদি কারণ জন্য, ইহা স্বীকার্য্য। স্মিত বোদনাদির প্রতি যাহা কারণরূপে বিদ্ধ হয়, তাহা**কে** ত্যাগ করিয়। নিম্প্রমাণ অপ্রসিদ্ধ কোন কারণান্তর কল্পনা সমীচীন হইতে পারে না। যুবক প্রভৃতির স্মিত রোদনাদি যে কারণে দৃষ্ট হইয়া থাকে, নবজাত শিশুর স্মিত-রোদনাদি সে কারণে হয় না, অন্য কোন অজ্ঞাত কারণেই হইয়া থাকে, এইরূপ কল্পনাও প্রমাণাভাবে অগ্রাহ্য। প্রত্যক্ষূট না হইলেও ক্রিবার দার। ক্রিয়া হেত্র এবং ক্রিয়ার নিয়মের দারা ঐ ক্রিয়ানিয়মের হেতুর অনুমান হইবে। পদ্মাদি যখন প্রফটিত হয়, তখন পদ্মাদির পত্তের ক্রিয়াজন্য ক্রমণ: পত্তের বিভাগ হইয়া থাকে, এ বিভাগকেই পদ্মাদির প্রবোধ বা বিকাশ বলে এবং পদ্মাদি যখন সংমীলিত বা সন্ধৃচিত হয়, তথন আবার ঐ পদ্মাদির পত্রের ক্রিয়াজন্য ঐ পত্রগুলির পরম্পর সংযোগ হইয়া খাকে। ঐ সংযোগকেই পদাদির সন্মীলন ব। সংকোচ বলে। ঐ উভয় স্থলেই পত্রের ক্রিয়া হওয়ায়, তদ্বারা ক্রিয়ার হেতু অপ্রত্যক্ষ হইলেও অনুমিত হইবে। নবজাত শিশুর সমত-রোদনাদিও ক্রিয়া, তদ্বারাও তাহার হেতু অনুমিত হইবে, সন্দেহ নাই। ঘুবকাদির সিমত-রোদনাদির কারণরূপে যাহা সিদ্ধ হইয়াছে, নবজাত শিশুর স্মিত-রোদনাদি ক্রিমাব শ্বারাও তাহার ঐরূপ কারণই অনুমিত হইবে, অন্য কোনরূপ কারণের অনুযান অণ্লক ।। ১৯ ।।

ভাষ্য। অথ নির্নিমিত্ত পদ্মাদিষু প্রবোধসম্মীলনবিকার ইতি মত-মেবমাত্মানোহপি হর্ষাদিসম্প্রতিপত্তিরিতি ভচ্চ---

অনুবাদ। যদি বল পদাদিতে প্রবোধ ও সম্মীলনরূপ বিকার নির্নিমিত্ত; অর্থাৎ উহা বিনা কারণেই হয়, ইহা (আমার) মত, এইরূপ আত্মারও হর্ষাদি প্রাপ্তি নির্মিমিত্তক অর্থাৎ বিনা কারণেই হয়,—

সূত্র। নোষ্ণ-শীত-বর্ষাকালনিমিত্তত্বাৎ পঞ্চাত্মক-বিকারাণাম্ ॥২০॥২১৮॥

অমুবাদ। (উত্তর) তাহাও নহে, যেহেতু পঞ্চাত্মক অর্থাৎ পাঞ্চ-ভৌতিক পদ্মাদির বিকারের উষ্ণ শীত ও বর্ষাকাল নিমিত্তকত্ব আছে।

ভাষ্য। উফাদিষু সৎস্থ ভাবাৎ অসৎস্থ অভাবাৎ তন্নিমিন্তাঃ পঞ্চাস্থ্যহেণ নিক্তানাং পদ্মাদীনাং প্রবোধসন্মীলন-বিকারা ইতি ন নির্মিন্তাঃ। এবং হধাদয়োহপি বিকারা নিমিন্তান্তবিতুম্ইন্তি, ন নিমিন্তমন্তরেণ। ন চান্তৎ পূর্ববাভান্তস্মৃত্যসূবন্ধান্নিমিত্তমন্তীতি। ন চোৎপত্তিনিরোধকারণান্ত্মানমান্মনো দৃষ্টান্তাৎ। ন হধাদীনাং নিমিত্ত-মন্তরেণাৎপত্তিঃ, নোফাদিবন্নিমিত্তান্তরোপাদানং হধাদীনাং, তত্মাদযুক্তমেত্ত।

অনুবাদ। উষ্ণ প্রভৃতি থাকিলে হয়, না থাকিলে হয় না; এজন্ত পঞ্চভূতের অনুপ্রহবশতঃ (মিলনবশতঃ) উৎপন্ন পদ্মাদির বিকাদসঙ্কোচাদি বিকারসমূহ ভন্নিমিত্তক, অর্থাৎ উঞ্চাদি কারণ জ্বন্তা, স্থভরাং
নির্নিমিত্তক নহে এবং এবং হর্ষাদি বিকারসমূহও নিমিত্তবশতঃ উৎপন্ন
হইতে পারে, নিমিত্ত ব্যতীত উৎপন্ন হইতে পারে না। পূর্বভান্ত
বিষয়ের অনুস্মরণ হইতে ভিন্ন কোন নিমিত্তও নাই। দৃষ্টান্ত বশতঃ
অর্থাৎ পূর্বপক্ষবাদীর কথিত দৃষ্টান্ত দ্বারা আত্মার উৎপত্তি ও বিনাশের
কারণের অনুমানও হয় না। হর্ষাদির নিমিত্ত ব্যতীত উৎপত্তি হয় না।
উষ্ণ প্রভৃতির স্থায় হর্ষাদির নিমিত্তান্তরের গ্রহণ হইতে পারে না,
[অর্থাৎ উষ্ণ প্রভৃতি যেমন পদ্মাদির বিকারের নিমিত্ত, তদ্রপ নবজ্বাত
শিশুর হর্ষাদিতেও এরূপ কোন কারণান্তর আছে, পূর্বামুভূত বিষয়ের
অনুস্মরণ উহাতে কারণ নহে, ইহাও বলা যায় না।] অতএব ইহা অর্থাৎ
পূর্বপক্ষবাদীর পূর্বোক্ত অভিমত অযুক্ত।

টিপ্পনী। পদাদির সংকোচ-বিকাসাদি বিকার বিনা কারণেই হইয়া

থাকে, তজ্ঞপ আন্তারও হর্ঘাদি বিকার বিনা কারণেই জনেম, ইহাই যদি প্রবিস্ত্রে পূর্ববিক্ষবাদীর বিবক্ষিত হয়, তদুত্তরে ভাষ্যকার মহাহির এই উত্তর স্ত্রের অবতারণা করিয়া তাৎপর্য্য ব্যাখ্যা করিয়াছেন যে, উষ্ণাদি থাকিলেই পদ্মাদির বিকাসাদি হয়; উফাদি না থাবিলে ঐ বিকাসাদি হয় না ; স্মৃতরাং পদ্মাদির বিকাসাদি উষ্ণাদি কারণজন্য, উহা নিষ্কারণ নহে, ইছা স্বীকার্যা। অকসমাৎ পদ্মের বিকাস হইলে রাত্রিতেও উহা হইতে পারে। মধ্যাক্ত মার্ভণ্ডের নিমুম্ব পঞ্চের সংকোচ কেন হয় না ? ফলকথা, পদ্মাদির বিকাসাদি অকস্মাৎ বিনাকারণেই হয়, ইহা কোনরূপেই বলা যায় না। স্মৃতরাং ঐ দৃষ্টান্তে হর্ঘ-শোকাদির বিকারও ভক্সমাৎ বিনাকারণেই হইয়া থাকে, উহাতে পূর্বানুভূত বিষ্ফের অনুস্মরণ অনাবশ্যক, স্কুতরাং নবজাত শিশুর পূর্বজন্ম স্বীকারের কোন আবশ্যকতা নাই, এ কথাও পূর্ব্বপক্ষবাদী বলিতে পারেন না। পরন্ত হর্ঘ-শোকাদি বিকার কারণ ব্যতীত হইতে পারে না, পূর্বানুভ্ত বিষ্কের অনুস্সরণ ব্যতীত অন্য কোন কারণ মারাও উহ। হইতে পারে না। উষ্ণাদির ন্যায় হর্ঘ-শোকাদির কারণও কোন জড়ধর্ম আছে, ইহাও প্রামাণাভাবে বলা যায় না। পরন্ত যুবক, বৃদ্ধ প্রভৃতির হর্ঘ-শোকাদি যেরূপ কারণে জনিম্য। থাকে, নবজাত শিশুরও হর্ঘ-শোকাদি সেইরূপ কারণেই, ুর্থাৎ পর্বানুভূত বিষয়েব অনুসমরণাদি কারণেই হইয়া থাকে, ইহাই কার্য্যকারণভাবমলক অনুমান-প্রমাণ মার। সিদ্ধ হয়। তাহা হইলে পূর্ব্বপক্ষবাদীর পূর্ব্বোক্তর্মপ অভিমত অযুক্ত বা নিম্প্রমাণ। পূর্ব্বপক্ষবাদী যদি বলেন যে, যাহা বিকারী, তাহা উৎপত্তিবিনাশশানী, যেমন পদ্ম; আত্মাও বিকারী, স্মৃতরাং আত্মাও উৎপত্তি-বিনাশশালী, এইরূপে উৎপত্তি ও বিনাশ বা অনিত্যত্বের অনুমান করাই (পূর্ববৃত্ত্রে) আমার উদ্দেশ্য। এজন্য ভাষ্যকার এখানে ঐ পক্ষেরও প্রতিষেধ করিয়াছেন। উদ্যোতকর পূর্ব্বসূত্রবা<mark>তিকে পূর্ব্বপক্ষবাদীর</mark> ঐ পক্ষেব উল্লেখ করিয়া তদুত্তরে বলিয়াছেন যে, আত্মা আকাশের ন্যায় সর্ববদা অম্ত দ্রবন। স্থতরাং সর্ববদা সমর্ত দ্রব্যথ হেতুর দার। আশ্বার নিত্যত্ব অনুমান প্রমাণসিদ্ধ হওযায়, আত্মার উৎপত্তি-বিনাশ থাকিতে পাবে না। পরস্ক থানার উৎপত্তি স্বীকার করিলে, তাহার কারণ বলিতে হইবে। কাব**ণ ব্যতী**ত কোন কাৰ্য্যেৰ উৎপত্তি হইতে পারে না। দেহাদি ভিন্ন ্মর্ত্ত আত্মার কারণ বিঘয়ে কোন প্রমাণ নাই। বস্তত: হম-শোকাদি আত্মার গুণ হইলেও তদ্মারা আত্মার শ্বরূপের অন্যথা না হওয়ায়, উহাকে আত্মান বিকার বলা যায় না। স্প্রতরাং তদ্যাবা আত্মার উৎপত্তি-বিনাশের

অনুমান হইতে পারে না । তাৎপর্যা-টীকাকার বলিয়াছেন যে, যদি কোন ধর্মীতে কোন ধর্মের উৎপত্তিকেই বিকার বলা যায়, তাহা হইলে শব্দের উৎপত্তিও আ**কাশে**র বিকা**র হইতে পারে। তাহা হইলে** ঐ বিকাররূপ হেতু আকাশে থাকায়, উহা অনিতাত্বের ব্যক্তিচারী হইবে। কারণ, আকাশের নিত্যথই ন্যায়সিদ্ধান্ত। পঞ্চুতের মধ্যে পৃথিবীই পদাদির উপাদান-কারণ; জলাদি চতুষ্টয় নিমিত্তকারণ, – এই সিদ্ধান্ত পরে পাওয়া যাইবে। পদাদি কোন দ্রব্যই পঞ্চৃতাত্বক হইতে পারে না, এজন্য ভাঘ্যকার সূত্রস্থ ''পঞ্চাষ্ট্রক'' শব্দের ব্যাখ্যায় পঞ্চতের অনুগ্রহে বা গাহায্যে উ**ৎপন্ন**, এইরূপ কথা লিখিয়াছেন। বাত্তিককারও পঞ্চালুক কিছুই হুইতে পারে না, **এই ক**থা বলিয়া ভাষ্যকারের ব্যাখ্যারই সমর্থন করিয়াছেন। বম্বত: পঞ্চুতের দারা যাহার আত্ম অর্থাৎ স্বরূপ নিষ্পান হয়,—এইরূপ অর্থে মহয়ি ''পঞ্চাত্তক'' শব্দের প্রয়োগ করিলে, উহার ঘারা পাঞ্চভৌতিক বা পঞ্চুতনিষ্পান, এইরূপ অর্থ বুঝা যাইতে পারে। পাঞ্ছটোতিক পদার্থ হুইলে উষ্ণাদি নিমিত্তবশতঃ তাহার নানারূপ বিকার হইতে পারে ও হইয়া থাকে । আত্মা এরপে পদার্থ না হওয়ায়, তাহার কোনরূপ বিকার হইতে পারে ন।—ইহাই মহ**ঘি '**'পঞালু**ক'' শ**েদর প্রয়োগ করিয়া স্চন। করিয়াছেন, বুঝা যায়। এই স্ত্রের অবতাবণা করিতে ভাষ্যকারের শেষোক্ত ''তচ্চ'' এই কথার সহিত সূত্রের অ।দিস্থ ''নঞ্'' শদের যোগ করিয়া সূত্রার্থ বুঝিতে হইবে।। ২০।।

ভাষা। ইতশ্চ নিত্য আত্মা---

অমুবাদ। এই হেতৃবশতঃও আত্মা নিত্য।

সূত্র। প্রেত্যাহারাভ্যাসক্কতাৎ স্বন্থাভিলাষাৎ।। 11571157911

অমুবাদ। যেহেতু পূর্বজন্ম আহারের অভ্যাসজনিত (নবজাত শিশুর) গুন্সাভিলায হয়।

ভাষ্য। জ্বাতমাত্রস্থা বৎসস্থা প্রবৃত্তিলিঙ্গঃ স্থক্যাভিলাযো গুহুতে, স চ নান্তরেণাহারাভ্যাসং। কয়া যুক্তা ? দৃশ্যতে হি শারীরিণাং কুধা-পীডামানানামাহারাভ্যাসকৃতাৎ স্মরণাস্থবদ্ধাদাহারাভিলায:। ন চ পূর্ব্ব-

শরীরাভ্যাসমন্তরেণাসৌ জাতমাত্রস্থাপাছতে। তেনাসুমীয়তে ভূতপূর্বাং শরীরং, যত্রানেনাহারোহভাস্ত ইতি। স ধ্বয়মাত্মা পূর্ববারীরাৎ প্রেত্য শরীরাস্তরমাপন্ন: কুৎপীড়িত: পূর্বোভ্যস্তমাহারমসুম্মরন্ শুক্তমভিল্যতি। তম্মান্ন দেহভেদাদাত্মা ভিছাতে, ভবভ্যেবোর্দ্ধং দেহভেদাদিতি।

অমুনাদ। জ্বাতমাত্র বৎসের প্রবৃত্তিলিক্ষ (প্রাবৃত্তি যাহার লিক্ষ বা অমুমাপক) স্তন্যাভিলায় বুঝা যায়, সেই স্তন্যাভিলায় কিন্তু আহারের অভ্যাস ব্যতীত হয় না। (প্রশ্ন) কোন্ যুক্তিবশতঃ ? (উত্তর) যেহেতু ক্ষ্ধার দ্বারা পীডামান প্রাণীদিগের আহারের অভ্যাসজনিত শ্বরণামূবদ্ধ জন্য অর্থাৎ পূর্ববামূভূত পদার্থের অমুশারণ জন্য আহারের অভিলাষ দেখা যায়। কিন্তু পূর্ববশরীরে অভ্যাস ব্যতীত জ্বাতমাত্র বৎসের এই আহারাভিলায় উপপন্ন হয় না। তদ্বারা অর্থাৎ জ্বাতমাত্র বৎসের পূর্ববাক্ত আহারাভিলাযের দ্বারা (ভাহার) ভূতপূর্বব শরীর অমুমিত হয়, যে শরীরের দ্বারা এই জ্বাতমাত্র বৎস আহার অন্ত্যাস করিয়াছিল। সেই এই আত্মাই পূর্ববশরীর হইতে প্রেত (বিযুক্ত) হইয়া, শরীরান্তর লাভ করিয়া, ক্ষ্ণাণীড়িত হইয়া পূর্ববাভ্যন্ত আহারকে অমুশারণ করতঃ স্তন্য অভিলাষ করে। অতএব আত্মা দেহভেদ প্রাপ্ত হইয়া ভিন্ন হয় না। দেহ-বিশেষের উর্জ্ব কালেও অর্থাৎ সেই দেহ ভ্যাগের পরে অপর দেহ লাভ করিয়াও (সেই আত্মা) প্রেকেই।

টিপ্পনী। মহমি প্রথমে নবজাত শিশুর হর্ম-শোকাদির দারা সামান্যতঃ আদার ইচ্ছা দিদ্ধ করিয়া নিতাম সাধন করিয়াছেন। এই সূত্রের দারা নবজাত শিশুর স্তন্যাভিলাদকে বিশেষ হেতুরূপে গ্রহণ করিয়া বিশেষরূপে আদার নিতাম সাধন করিয়াছেন। স্থতরাং মহম্মির এই সূত্রে ব্যর্থ নহে। নবজাত শিশুর সর্বপ্রথম যে স্থন্যপানে গ্রবৃত্তি, তদ্মারা ভাহার স্থনাভিলাদ ফিদ্ধ হয়। কারণ, স্থন্যপানে অভিলাদ বা ইচ্ছা ব্যতীত কখনই ভম্মির্ম প্রবৃত্তি হইতে পারে না; প্রবৃত্তির কারণ ইচ্ছা, ইহা সর্ব্বস্থাত, স্থত্বাং ঐ প্রবৃত্তির দারা স্থন্যভিলাদ অনুমিত হওযায়, উহাকে ভাদ্যক্ষি বলিয়াছেন, "প্রবৃত্তিবিদ্ধ"। ঐ স্থন্যভিলাদ আহারের অভ্যাস বতীত

ছইতে পারে না, এই বিষয়ে যুক্তি বা অনুমান প্রমাণ প্রদর্শন করিতে ভাষ্যকার বলিয়াছেন যে, প্রাণিমাত্রই ক্ষুধা দ্বাবা পীড়িত হইলে আহারে অভিনাষী হয়, ঐ অভিনাষ পূর্ব্বাভ্যাস ব্যতীত হইতে পারে না। কারণ, ক্ধাকালে আহারের পূর্বাভ্যাস ও তজ্জনিত সংস্কাববশতঃই আহার ক্ধা-নিবৃত্তিব কারণ, ইতা সকলেরই স্মৃতির বিষয় হয়। স্থৃতবাং **ক্ষুৎপীড়িত** দ্বীবের আহাবের অভিলাম হইয়া থাকে। জাতমাত্র বালকের গুন্যপালে প্রথম অভিলাঘও ঐরূপ কারণেই হইবে। যৌবনাদি অবস্থায় আহারাভিলাঘ যেমন বলিটাব**স্থার** খাহারাভ্যাসমূলক, তজপ নবজাত শিশুর স্থনাপানে ্ভিলামও তাহার পূর্বভাগেম্লুক, ইছ। স্বীকার করিতেই ধইবে, নচেৎ উল হইতেই পারে না। কিন্তু নবজাত শিশুর প্রথম স্থন্যাভিনামে মূল পূৰ্বাভাগি বা পূৰ্বকৃত <mark>স্তন্পানাদি ইহজনেম হ</mark>য় নাই। স্থৃত্বাং পূর্বজন্মকৃত আহারাভ্যাসবশতঃই তথিষয়ের অনুন্মরণ জন্য তাহার ভন্য-পানে অভিনাষ উৎপন্ন হয়, ইহা অবশ্যস্বীকাৰ্য্য। **মূন্**কথা, জাতমাত্ৰ বালকের স্তন্যাভিলাঘের দার। ''স্তন্যপান আমার ইট্যাধন''—এইরূপ মনুমনবণ এবং ঐ অনুমন্ত্রণ দারা তদিঘয়ক পূর্ববান্তব ও তদ্বার। ঐ বালকের পূর্ব্বশরীরসম্বন্ধ ব। পূর্বজন্ম অনুমান প্রমাণসিদ্ধ। তাই উপসংহারে ভাষ্যকার বলিয়াছেন যে, ''আত্মা দেহভেদাৎ (দেহভেদং প্রাপ্য) ন ভিদ্যতে'', অর্থাৎ নবজাত বালকের দেহগত আ**ত্না** তাহার পূর্বপূর্ব দেহগত আত্ম হইতে ভিন্ন নহে। পূর্বদেহগত আত্মাই শ্রীরান্তর লাভ করিয়া ক্ষুধা-পীড়িত হইয়া পুর্বোভ্যস্ত আহারকে পূর্ব্বোক্তরূপে অনুসমরণ বরত: স্তন্যপানে অভিলাষী হইয়া থাকে। দেহত্যাগের পরে অপর দেহেও সেই পূৰ্ব্ব পূৰ্ব্ব শরীর প্রাপ্ত আত্মাই থাকে।

মহিষি এই সূত্রে কেবল নানবের স্তন্যাভিলাষ বা আহারাভিলাঘকেই গ্রহণ করেন নাই। সর্ব্বপ্রাণীর আহারাভিলাঘই এখানে তাঁহার অভিপ্রেত; কোন কোন সময়ে রাত্রিকালে নিজ্জন গৃহে গোবৎস প্রসূত হয়। পরদিন প্রত্যুদ্ধে দেখিতে পাওয়া যায়, ঐ গোবৎস বার বার মুখ হার। মাতৃন্তন উদ্ধে প্রতিহত করিয়া স্তন্যপান করিতেছে। স্ত্তরাং সেখানে এরূপ প্রতিঘাত করিলে স্তন হইতে দুর্ম নিঃস্কৃত হয়, ইহা ঐ নবপ্রসূত গোবৎস জানিতে পারিয়াছে, তাহার তখন ঐরূপ জান উপস্থিত হইয়াছে, ইহা ঘরশাই স্বীকার্যা। কিন্তু মাতস্তনে দুর্ম াছে এবং উহাতে প্রতিঘাত করিলে, উহা হইতে দুর্ম নিঃস্কৃত হয়, এবং সেই দুর্মপান তাহার ক্র্যার নিবর্ত্তক, এ সমস্ত সেই গোবৎস তখন কিরূপে জানিতে পারিল ? মাতস্তনই

ৰা কিরূপে চিনিতে পারিল ? এখানে পূব্ব পূব্ব জন্মানুভূত ঐ সমস্ত তাহার স্মৃতির বিষয় **হওয়াতেই** তাহার ঐরূপ **প্রবৃত্তি** প্রভৃতি হইয়া থাকে, ইহাই স্বীকার্যা। অন্য কোনরূপ কারণের দারা উহা হইতে পারে না। জাতমাত্র বালকের জীবন রক্ষার জন্য তৎকালে ঈশুরই তাহাকে ঐরপ বৃদ্ধি প্রদান করেন, এইরপে কল্পনা করা যায় না। কারণ, দ্বীর কর্ম্মনিরপেক হইয়া জীবের কিছুই করেন না, ইহা স্বীকার্যা; কোন সময়ে দুষ্ট স্তন্য পান করিয়া বা বিঘলিপ্ত স্তন চোঘণ করিয়া শিষ্ট **ষ্**ত্যমুখে পতিত হইয়া থাকে, ইহাও দেখা যায়। **ঈ**শুর ত**খন শিশুর** কম্মফলকে অপেক্ষা না করিয়া তাহার জীবননাশের জন্য তাহাকে ঐরূপ বৃদ্ধি প্রদান করেন, ইহা অপ্রদ্ধেয়। কর্মফল স্বীকার করিলে আত্মার পূর্ব্ব পূর্বে জন্ম ও অনাদিম্ব স্বীকার করিতেই হইবে। প্রকৃত কথা এই যে, পুৰবাভ্যাসবশত: পুৰ্বোক্তৰূপ কাৰণে শিশু স্তন্যপান কৰে, স্তন চোষণ করে। স্তন্য দুষ্ট বা স্তন বিঘলিপ্ত হুটলে শিশুর অনিষ্ট হয়, ইহাই সর্বর্বণা স্মীচীন কল্পনা। আমাদের পূর্ব্বাভ্যাস ও পূর্ব্বকৃত কর্মফলবশত: যে সকল অনিষ্ট উৎপন্ন হয়, ঈশুরকে তজ্জন্য দায়ী করা নিতান্তই অসমত। সাধারণ মনুষ্য যেমন সদুদ্দেশ্যে ভাল কার্য্য করিতে যাইয়া বৃদ্ধি বা শক্তির অল্লতাবশত: অনিষ্ট সংঘটন কবিয়া বদে, জগৰীপুরও দেইরূপ শিশুর জীবন রক্ষা করিতে যাইয়া তাহার জীবনান্ত করেন, এইরূপ কল্পনার गगांत्नां क्या वनांत्रभाकः।

প্রতীচ্যগণ যাহাই বলুন, প্রাচ্যভাবে জিজাস্থ হইয়া পূর্ব্বোক্ত শিদ্ধান্ত মনন করিলে, বেদমূলক পুর্ব্বোক্তরূপ আর্যসিদ্ধান্ত স্থীকার করিয়া বলিতেই হইবে থে, জনাদি সংসারে জনাদিকাল হইতে জীব অনন্ত যোনিত্রমণ করিতেছে এবং অনন্ত বিচিত্র ভোগাদি সমাপন করিয়া তজ্জন্য অনন্ত বিচিত্র বাসনা বা সংস্কার সঞ্চয় করিয়াছে। অনন্ত বিচিত্র সংস্কার বিদ্যমান থাকিলেও জীব নিজ কর্ম্মানুসারে যখন যে দেহ পরিগ্রহ করে. তখন এ কর্মের বিপাকবশতঃ তাহার তদনুরূপ সংস্কারই উন্মুদ্ধ হয়, অন্যবিধ সংস্কার অভিভূত থাকে। মনুষ্য কর্ম্মানুসারে বিভালশারীর প্রাপ্ত হইলে, তাহার বহুছনেমর পূর্ব্বকালীন বিভালদেহে প্রাপ্ত সেই সংস্কারই উন্মুদ্ধ হইয়া থাকে। অনেক স্কলে অদৃষ্টবিশেষই সংস্কারের উন্মেদ্ধ হইয়া সমৃতির নির্ব্বাহক হয়। জাতমাত্র বালকের জীবরক্ষক অদৃষ্টবিশেষই তৎকালে তাহার সংস্কারবিশেষের উন্মেদ্ধক হয়। জন্যান্য সংস্কারের উন্মেদ্ধক উপস্থিত ন। হওয়ায়, তৎকালে তাহার পূর্ব্ব প্রন্ধ জন্মানুভূত

অন্যান্য বিষয়ের সমরণ হইতে পারে না। যোগবিশেষের শ্বারা সমস্ত জন্মর সংস্কার-রাশির উদ্বোধ করিতে পারিলে, তখন সমস্ত জনমানুভূত সর্ববিষয়েরই সমরণ হইতে পারে, ইহা অবিশ্বাস্য বা অসম্ভব নহে। যোগশাস্ত্রে ও পুরাণাদি শাস্ত্রে ইহার প্রমাণাদি পাওয়া যায়। প্রতীচ্যগণ আয়ার পূব্বজন্মাদি সিদ্ধান্ত হ্দয়জ্ম করিতে না পারিলেও প্রাচীন গ্রীক্ দার্শনিক প্রেটো আল্বার অবিনশ্বন্ধ ও যোনিস্তমণ স্বীকার করিয়। বিরাছেন।। ২১।।

সূত্র। অয়সোহয়স্কান্তাভিগমনবৎ ততুপসর্পনন্ ॥২২॥২২০॥

অনুবাদ। (পূর্ববপক্ষ) লৌহের অয়স্কান্তমণির অভিমুখে গমনের গ্রায়, তাহার উপসর্পণ অর্থাৎ স্কাতমাত্র বালকের মাতৃস্তন্মের সমীপে গমন হয়।

ভাষ্য। যথা খল্বয়োহভ্যাসমন্তরেণায়স্কান্তমূপদর্পতি, এবমাহারা-ভ্যাসমন্তরেণ বালঃ স্তন্তমভিল্যতি।

অমুবাদ। যেমন লোহ অভ্যাস ব্যতীতও অগ্নস্কান্ত মণিকে (চুম্বক) উপসর্পণ করে, এইরূপ আহারের অভ্যাস ব্যতীতও বালক শুক্ত অভিলাষ করে।

টিপ্পনী। মহায় এই সুত্রের দারা পূর্ব্বোক্ত অনুমানে পূর্ব্বপক্ষবাদীর কথা বলিয়াছেন যে, প্রবৃত্তির প্রতি পূর্ব্বাভ্যস্ত বিদয়ের অনুসমরণ কাবণ নহে। কারণ, পূর্ব্বাভ্যস্ত বিদয়ের অনুসমরণ ব্যতীতও লৌহের অয়স্কান্তের অভিমুখে গমন দেখা যায়। এইরূপ বস্তুশক্তিবশতঃ পূর্ব্বাভ্যাগাদি ব্যতীতও বিদ্যাত শিশুর মাতৃস্তনের অভিমুখে গমনাদি হয়। অর্থাৎ প্রবৃত্তিমাত্র পূর্ব্বাভ্যাগাদির ব্যভিচারী। ঐ ব্যভিচার প্রদর্শনই এই সূত্রে পূর্ব্বপক্ষবাদীর উদ্দেশ্য।। ২২।।

ভাষ্য । কিমিদময়সোহয়স্কান্তাভিদর্পণং নির্নিমিত্তমধ নিমিত্তাদিতি। নির্নিমিত্তং তাবৎ—

অমুবাদ। লৌহের এই অয়স্কান্তাভিগমন কি নিষ্কারণ ? অথবা কারণবশত: ?

সূত্র। নাগ্যত্র প্রবৃত্ত্যভাবাৎ ॥২৩॥২২১॥

অমুবাদ। (উত্তর) নির্মিমিত্ত নহে, যেহেতু অন্তাত্র অর্থাৎ লৌহভিন্ন বস্তুতে (ঐ) প্রবৃত্তি নাই।

ভাষ্য। যদি নিনিমিত্তং ? লোষ্টাদরে ২প্যরক্ষান্তমু**পসর্পের্ন জাতু** নিয়মে কারণমস্তাতি। অথ নিমিত্তাৎ, তৎ কোনোপলভাত ইতি। ক্রিয়া-ক্রিয়াহেতু:, ক্রিয়ানিয়মলিস্ক ক্রিয়াহেতুনিয়ন:, তেনাগুত প্রক্রভাবঃ, বালস্তাপি নিয়তমুগনর্পণং ক্রিয়োপলভাতে, ন চ হুলাভি-লাষলিঙ্গমন্যদাহারাভ্যাসকৃতাৎ স্বরণান্তবন্ধান্নিমিত্তং দৃষ্টান্তেনোপপা ছাতে, ন চাসতি নিমিত্তে কস্তচিত্রৎপত্তি: । ন চ দৃষ্টান্ডো দৃষ্টমন্ডি-লাযহেতুং বাধতে, তস্মাদয়দো২য়স্কান্তাভিগমনমদৃষ্টান্ত ইতি।

অয়সঃ খলপি নাহাত্র প্রবৃত্তির্ভবতি, ন জাত্বয়ো লোষ্টমুপদর্পতি কিং কুতোহস্তানিয়ম ইতি। যদি কারণনিয়ামাৎ । স চ ক্রিয়ানিয়মলিঙ্গঃ এবং বালস্থাপি নিয়তবিষয়োহভিলাষ: কারণনিয়মাদভবিতুমইতি, তচ্চ কারণমভান্তস্মরণমন্যদ্বেতি দৃষ্টেন বিশিষ্যতে। দৃষ্টো হি শরীরিণামভান্ত-স্মরণাদাহারাভিলাষ ইতি।

অমুবাদ। যদি নির্নিমিত হয়, অর্থাৎ লোহের অয়স্কান্তাভিমুখে গমন যদি বিনাকারণেই হয়, তাহা হইলে লোষ্ট প্রভৃতিও অয়স্কান্তকে অভিগমন করুক গ কখনও নিয়মে তথাৎ লোহই অয়স্কান্তমণির অভিমুখে গমন করিবে, আর কোন বস্তু তাহা করিবে না, এইরূপ নিয়মে কারণ নাই। যদি নিমিত্তবশত: হয়, অর্থাৎ লৌহের অয়স্কান্তাভিমুখে গমন যদি কোন কারণবিশেষ জ্বন্তই হয়, তাহা হইলে তাহা কিসের দারা উপলব্ধ হয় ? ক্রিয়ার কারণ ক্রিয়ালিঙ্গ এবাং ক্রিয়ার কারণের নিয়ম ক্রিয়ানিয়মলিঙ্গ বির্থাৎ ক্রিয়ার দারা ক্রিয়ার কারণের এবং ঐ ক্রিয়ার র্ন্না্য্মের দ্বারা ভাহার কারণের নিয়মেব অস্থুমানরূপ উপলব্ধি হয়] তৎকামে অন্যত্র প্রবৃত্তি হয় না । অর্থাৎ অন্য পদার্থ লোষ্ট প্রভৃতিতে

উহে।ধব খন্বপীতি নিপাতসমুদায়ঃ কল্লাভরং দ্যোতরতি।—তাৎপর্যাচীকা।

অয়স্কান্তাভিমুখে গমনরূপ প্রবৃত্তির (ক্রিয়ার) কারণ না থাকায়, তাহাতে ঐরূপ প্রবৃত্তি হয় না ।

বালকেরও নিয়ত উপদর্পণরূপে ক্রিয়া উপলন্ধি হয় অর্থাৎ ক্ষুধার্প্ত ইহজন্মে আর কোনদিন গুলু পান না করিয়াও প্রথমে মাতৃস্তন্তের অভিমুখেই গমন করে; অক্স কিছুর অভিমুখে গমন করে না। তাহার এইরূপ নিয়মবদ্ধ উপদর্পণক্রিয়া প্রত্যক্ষদিদ্ধ কিন্তু আহারাভ্যাদজনিত স্মরণাস্থ্রবদ্ধ হইতে ভিন্ন অর্থাৎ পূর্বজন্মের স্তম্যুপানাদির অভ্যাসমূলক তদিন্য়ক অনুস্থারণ ভিন্ন গুলাভিলাঘলিক নিমিন্ত নবজাত শিশুর সেই প্রথম গুলুপানের ইচ্ছা যাহার লিঙ্ক বা অনুমাপক,' এমন কোন নিমিন্তান্তর) দৃষ্টান্ত দ্বারা উপপাদন করা যায় না, নিমিন্ত করে না থাকিলেও কিছুরই উৎপত্তি হয় না, দৃষ্টান্ত ও অভিলাষের (শুল্যাভিলাষের) দৃষ্ট কারণকে বাধিত করে না, অভএব লৌহের অয়স্কান্তাভিলামের পৃষ্টান্ত হয় না।

পরস্ত লৌহেরও অন্যত্র প্রবৃত্তির হয় না, কখনও লৌহ লোপ্টকে উপসর্পণ করে না, এই প্রবৃত্তির নিয়ম কি জন্ম ? যদি কারণের নিয়মবশতঃ হয় এবং সেই কারণ নিয়ম ক্রিয়ানিয়মলিঙ্গ হয়, অর্থাৎ ক্রিয়ার নিয়ম যাহার লিঙ্গ বা অনুমাপক এমন কারণ-নিয়ম-প্রযুক্তিই যদি প্রেরাক্তরপ প্রযুক্তির (ক্রিয়ার) নিয়ম হয়, এইরূপ হইলে বালকেরও নিয়ত বিষয়ক অভিলাষ (প্রথম স্তন্তাভিলাষ) কারণের নিয়মবশতঃই হইতে পারে, সেই কারণও অভ্যস্তাবিষয়ক স্মরণ অথবা অন্য, ইহ। দৃষ্ট দারা বিশিষ্ট হয়। যেহেতু শরীরাদিগের অভ্যস্তবিষয়ক স্মরণ বশতঃই আহারাভিলাষ দৃষ্ট হয়।

টিপ্পনী। পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষের উত্তরে মহর্ঘি এই সূত্রের দার। বিলিয়াছেন যে, লৌচের অয়স্কান্তের অভিমুখে গমন হইলেও লোষ্টাদির এরপ প্রবৃত্তি (অয়স্কান্তাভিগমন) না ২৬য়ায়, লৌহের এরপ প্রবৃত্তির কোন কারণ অবশাই স্বীকার করিতে হইবে। ভাষ্যকারের মতে লৌহের অয়স্কান্তাভিগমন নিদারণ বা আক্সিক নহে, ইহাই মহর্ষি এই সূত্রোক্ত

হেতুর ধারা সমর্থন করিয়। লৌহের ঐরপে প্রবৃত্তির ন্যায় নবজাত শিশুর প্রথম স্তন্যপান প্রবৃত্তিও অবশ্য তাহার কারণ জন্য, ইহা সূচনা করিয়া পূর্ব্বপক্ষ নিরা**দ ক**রিয়াছে। এই সুত্রের অবতারণায় ভাষ্যকারের ''নিনিমিত্তং তাবৎ'' এই শেঘোক্ত বাকেয়ের সহিত সূত্রের প্রথমোক্ত ''নঞ্'' শব্দের যোগ করিয়া সূত্রার্থ বুঝিতে হইবে। নৌহেরই অয়স্কান্তাভিগনন-রূপ প্রবৃত্তি ব। ক্রিয়া জন্মে এবং লৌহের অয়স্কান্ত ভিন্ন লোষ্টাদির অভিমুখগমন রূপ ক্রিয়া জন্মে না, এইরূপ ক্রিয়া নিয়মের ছারা তাহার কারণের নিয়ম বুঝা যায়। পুরেবাক্তিরাপ ক্রিয়ার খার। যেমন ঐ ক্রিয়ার কারণ আছে, ইহা অনুমানসিদ্ধ হয়, তদ্ধপ পূর্ব্বোক্তরূপ ক্রিয়া নিয়মের ষার। তাহার কারণের নিয়মও অনুমানসিদ্ধ হয়। স্থতরাং লোষ্টাদিতে সেই নিয়ত কারণ না থাকায়, তাহাতে অয়স্কান্তাভিগমনরূপ প্রবৃত্তি জন্মে না। এইরূপ নবজাত শিশু যথন জুধার্ত হইয়। মাতৃস্তনের অভিমুখেই গমন করে, তথন তাহার ঐ নিয়ত উপসর্পণরূপ ক্রিযারও কোন নিয়ত কারণ আছে, ইহা স্বীকার্য্য। পূর্ব্বজনেম আহারাভ্যাসজনিত সেই বিষয়ের অনুসমরণ ভিন্ন আ**র চোন** কারণেই তাহার ঐরপ প্রবৃত্তি **জন্মিতে পারে** না। নবজাত শিশুর ঐরপ প্রায়তির মার। তাহার যে গুন্যাভি**লাম বুঝা যা**র, তদুারাও তাহার পুর্বোক্তরপ কারণই অনুমান্সিদ্ধ হয়। প্রব্পক্ষবাদী লৌহের অয়স্বান্তাভিগমনরূপ দুষ্টান্তের খার। নবজাত শিশুর সেই স্তন্যা-ভিলাদের অন্য কোন কারণ সমর্থন করিতে পারেন না। ঐ দৃষ্টান্ত সেই স্তন্যাভিনামের দুষ্ট কারণকে বাধিত করিতেও পারে না। স্নতরাং কোন-রূপেই উহা দুষ্টান্তও হয় না। ভাষ্যকার পরে পক্ষান্তরে ইহাও বলিয়াছেন বে, লৌহের কথনও লেটাভিগমনরূপ প্রবৃত্তি না হওয়ায়, ঐ প্রবৃত্তির ঐরূপ নিয়নও তাহার কারণের নিয়ন প্রযুক্তই হইবে। তাহা হইলে নবজাত শিশু যে সময়ে স্তন্যেরই সভিনাম করে, তথন তাহাব নিয়ত বিষয় ঐ প্রভিনামও উহার কারণের নিয়মপ্রযুক্তই হইবে। সে কারণ কি হুইবে, ইথা বিচার করিতে গেলে দৃষ্টানুসারে অভ্যন্ত বিষয়ের অনুসমরণই উহার কারণরপে নিশ্চর করা যার। কারণ, প্রাণি-মাত্রেরই আহারাভ্যাস-ছানিত অভ্যস্ত বিষদের অনুসমরণ জন্যই আ<mark>হারাভিনাষ হ</mark>য়, ইছা ৰুষ্ট। দুষ্ট কারণ পরিত্যাগ করিয়। অদুষ্ট কোন কারণ কল্পনায় প্রমাণ नांचे ॥ २०॥

ভাষ্য। ইতশ্চ নিত্য আত্মা, কম্মাৎ ?

অনুবাদ। এই হেতৃবশতঃও আত্মা নিত্য, (প্রশ্ন) কোন্ হেতৃ-বশতঃ ?

সূত্র। বীতরাগজন্মাদর্শনাৎ ॥২৪॥২২২॥

অমূবাদ। (উত্তর) যেহেতু বীতরাগের (সর্ববিষয়ে অভিলাষশৃত্য প্রাণীর) জন্ম দেখা যায় না, অর্থাৎ রাগযুক্ত প্রাণীই জন্মলাভ করে।

ভাষ্য। সরাগো জায়ত ইত্যর্থাদাপছতে। অয়ং জায়নানো রাগাসু-বজাে জায়তে। রাগস্ত প্র্বাস্কৃত্তবিষয়াসুচিস্তনং যোনিঃ। প্র্বাসু-ভবশ্চ বিষয়ণামস্থান্ জন্মনি শরীরমস্তরেণ নোপপছতে। সোহয়মাত্মা প্র্বশরীরাসুভূতান্ বিষয়ানসুত্মরম্ তেষু তেষু রজ্যতে, তথা চায়ং ছয়ো-জ্নানোঃ প্রতিসন্ধি । এবং প্র্বশরীরস্তা প্র্বভরেণ প্র্বভরশরীরস্তা প্র্বভ্যেনেত্যাদনাহনাদিশ্চেতনস্তা শরীরযোগঃ, অনাদিশ্চ রাগাসুবন্ধ ইতি সিদ্ধা নিত্যভ্মিতি।

১। এখ্যনে ভাষ্যকারের তাৎপর্য্য অতি দুকোধ বলিয়া মনে হয়। কেহ কেহ "অয়ং আত্মা দ্বয়োজ্জ^নমনোঃ প্রতিসন্ধিঃ সম্বর্ষবান্" এইরূপ ব্যাখ্যা করে**না** এই এখানে সুসঙ্গত হইলেও "প্রতিসন্ধি" শব্দের ঐরাপ অর্থেব প্রমাণ কি এবং এখানে ঐ শব্দ প্রয়োগের প্রয়োজন কি, ইহা চিন্তা করা আবশ্যক। "বিশ্বকোষে" "প্রতিসন্ধি" শব্দের পুনজর্কন অথ লিখিত হইয়াছে। পরস্ত ভাষ্যকার বাৎস্যায়ন নিজেও চতুর্থ অধ্যায়ের প্রথম আফিকের শেষে "ন প্রবৃতিঃ প্রভিসন্ধামায় হীনক্লেশসা" এই স্বের ভাষ্যে লিখিয়াছেন, ''প্রতিসন্ধিন্ত পূর্বজন্মনির্ভৌ পনজ্জন্ম।'' সত্রাং এখানে ঐ অর্থ গ্রহণ করিয়াই ভাষা ব্যাখ্যা কর্তব্য। আত্মার বর্তমান শরীরের পুৰ্ব-শ্রীর িদির করিয়া পুনর্জ্জন্ম সিদ্ধ করাই এখানে ভাষ্যকারের উদ্দেশ্য, ব্ঝা যায়। তাহা হইলে ''ছরোর্জ্ননোঃ অয়ং প্রতিস্ধিঃ''—এইরূপ ব্যাখ্য করিয়া আ্আর জন্মদ্বয় নিমিতক এই পুন**জর্গন** সিদ্ধ হয়, ইহা ভাষ্যকারের তাৎপর্য। বুঝা যাইতে পারে। ''দ্বয়োজ্জন্মনোঃ'' এই স্থলে নিমিভার্থ সঙ্মী বিভক্তি প্রহণ করিয়া উহার দারা ভাপকত্বরূপ নিমিত্তা ব্ঝিলে আ্থার প্রবিজ্য ও বর্ডমান জ্য এই জ্মদ্বর আ্থার "প্রতিসন্ধির" (পুনজ্জান্মর) জাপক, ইহা বুঝা যাইতে পারে। একই আত্মার দুই জন্ম যীকার্য্য ইলে, তাহার পুনজন্ম ঘীকার করিতেই হয়। আআর বর্তমান জন্মে স্থ্বপ্রথম রাগের উপপ্তির জন্য ইহার পূব্রজন্ম অবশ্য সিদ্ধ হুইলে, উভয় জন্মের ৰারা পুনক্ষণ বুঝা যার। সতরাং আত্মার ঐ জন্মদার তাহার পুনক্ষণেমর ভাগক, সন্দেহ নাই। সুধীগণ এখানে ভাষাার্থ চিডা করিবেন।

অমুবাদ। রাগবিশিষ্টই জন্মলাভ করে, ইহা (এই স্থুত্রের দারা) অর্থতঃ বুঝা যায়। (অর্থাৎ) জ্ঞায়মান এই জীব অর্থাৎ অনাদিকাল চইতে যে সমস্ত জীব জন্মগ্রহণ করিতেছে, সেই সমস্ত রাগযুক্তই জন্মগ্রহণ করিতেছে। পূর্ববাস্থুত বিষয়ের অনুস্মরণ যোনি, অর্থাৎ সেই বিষয়ে অভিলামের উৎপাদক: বিষয়সমূহের পূর্বাস্থুতব কিন্তু অন্য জন্মে (পূর্বজন্মে) শবীর ব্যতীত উপপন্ন হয় না। সেই এই আত্মা অর্থাৎ শরীর পরিগ্রেহের পবে রাগযুক্ত আত্মা পূর্বশরীরে অনুস্তুত সনেক বিষয়কে অনুস্মরণ করত সেই সেই (অনুস্তুত) বিষয়ে রাগযুক্ত হয়। সেইরপ হইলেই (আত্মার) ছাই জন্ম নিমিত্তক এই "প্রতিসন্ধি" অর্থাৎ পুনর্জন্ম (সিদ্ধ হয়) এইরূপে পূর্বশরীরের পূর্বতর শরীরের সহিত, পূর্বতর শরীরের পূর্বতম শরীরের স্বর্বতম শরীরের স্থিতম ক্ষিত্র আত্মার শরীরসম্বন্ধ অনাদি এবং রাগসম্বন্ধ অনাদি, এ জন্ম নিত্যন্থ সিদ্ধ হয়।

টিপ্পনী। মহাঘি এই সূত্রের দার। আত্মার শ্বীরসম্বন্ধ ও রাগসম্বন্ধের খনাদিত্ব সমর্থন করিয়া তদ্মারাও আত্মার নিত্যত্ব সাধন করিতে বলিয়াছেন যে, বীতরাগ অর্থাৎ যাহার কোন দিন কোন বিষয়ে বিছুমাত্র স্পৃহা জন্মে না, এমন প্রাণীর জন্ম দেখা যায় না। মহাঘির এই কথার ছারা রাগযুক্ত প্রাণীই জনমগ্রহণ করে, ইহাই অর্থতঃ ব্রা। বায়। ভাষাকার প্রথমে ইহাই বলিয়া মহাঘির যুক্তির ব্যাখ্যা করিয়াছেন। মহাঘিব লাৎপূর্যা এই যে, বিলক্ষণ শ্বীরাদি সম্বন্ধই জন্ম। যে প্রাণীই ঐ জন্ম লাভ করে, তাহাকেই যে কোন সময়ে বিষয়বিশেষে রাগযুক্ত বুঝিতে পান। যায় এবং উহ। অবশ্য স্বীকার করিতে হয়। কারণ, সংসারবন্ধ জীবেব ক্ষা-ত্ঞার পীড়ায় ভক্ষ্য-পোরাদি বিষয়ে ইচ্ছা জন্মিবেই, নচেৎ তাহার জীবনরক্ষাই হইতে পারে না। কোন প্রতিবন্ধকবশত: জন্মের অব্যবহিত পরে অনেক জীবের রাগাদির উৎপত্তি না হইলেও তাহার জীবন থাকিলে কালে ক্ষা-ত্ষার পীড়ায় ভক্ষা-পেরাদি বিষয়ে রাগ অবশ্যই জনিমনে। নবজাত শিশু প্রথমে স্তন্য বা অন্য দুগ্ধ পান না করিলেও প্রথমে তাহার মুখে মধু দিলে সাগ্রহে ঐ মধ্ লেহন করে, ইহা পরিদৃষ্ট সভা। স্মৃতরাং নবজাত শিশুর যে সময়েই কোন বিঘরে প্রথম অভিলাঘ পরিলক্ষিত হয়, তখন উচার কারণরপে তাহার পূর্বজন্মানুভূত সেই বিষয়ের অনুসমরণই অবশা স্বীকার করিতে

হইবে। কারণ, পূর্বানুভূত বিষয়ের অনুসমরণ ত্রিষয়ে অভিলামের কারণ। যে জাতীয় বিষয়ের ভোগবশতঃ আজার কোন দিন স্থখানুভব হইয়াছিল, দেই জাতীয় বিষয় আবার উপস্থিত হইলে, ত্রিষয়েই আত্মার পুনর্বার অভিলাম জন্মে, ইহা প্রত্যাত্মবেদনীয়, এর্থাৎ সর্বজীবের অনুভবসিদ্ধ। কোন ভোগ্য বিষয় পরিজ্ঞাত হইলে, তাহার সজাতীয় পূর্বানুভূত সেই বিষয় এবং তাহার ভোগজন্য স্থখানুভবের সমরণ হর। পরে যে জাতীয় বিষয়ভোগজন্য স্থখানুভব হইয়াছিল, এই বিষয়ও তজ্জাতীয়, স্থতরাং ইহার ভোগও স্থজনক হইবে, এইরূপে অনুমানবশতঃই তির্মিয়ে রাগ জন্মে। স্থতরাং নবজাত শিশুর স্থনাপান বা মধুলেহনাদি যে কোন বিষয়ে প্রথম রাগও পূর্বোজ কারণেই হয়, ইহাই বলিতে হইবে। এ স্থানাত্র প্ররূপ কার্য্য-কারণভাবের ব্যতিক্রমের কোন হেতু নাই। অন্যত্রে প্ররূপ স্থানা রাগের কারণ বলিয়া পরীক্ষিত ও সর্ব্বিদ্ধ, তাহাকে পরিত্যাগ করিয়া, নবজাত শিশুর তন্যপানাদি বিষয়ে প্রথম রাগের কোন অজ্ঞাত বা অভিনব সন্দিগ্ধ কারণ করনায় কোন প্রমাণ নাই।

এখন যদি নবজাত শিশুর প্রথম রাগের কারণরূপে তাহার পূর্বানুভ্ত বিষয়ের অনুসমরণ স্বীকার করিতেই হয়, তাহ। হ**ইলে উহা**র সেই জনেমর পুর্বের্বও অন্য জন্ম ছিল, সেই জনেম তাহার ওজ্জাতীয় বিষয়ে অনুভব জন্মিয়াছিল, ইহা স্বীকার করিতেই হটবে। কারণ, ইহ**জ**ন্মে ভজ্জাতীয় বিষয়ে তাহার তথন কোন অনুভবই জন্মে নাই। স্থতরাং আত্মার বর্ত্তনান জন্মের প্রথম রাগের কারণ বিচারের ছার। পূর্ব্বজন্ম সিদ্ধ হইলে, ঐ জন্ম**ষয়প্রযুক্ত আত্মার ''প্রতিস**ৃদ্ধি'' অর্থাৎ পুনর্জন্ম সিদ্ধ হইবে, অর্থাৎ দুই জন্ম **স্বী**কার করিলেই পুনর্জন্ম স্বীকার করাই হইবে। ভাষ্যকার এই তাৎপর্য্যে বলিয়াছেন "তথা চায়ং ছয়োর্জ্জন্মনোঃ প্রতিসন্ধিঃ"। ভান্যকার আত্মার বর্ত্তমান জন্মের পূর্বজন্ম সিদ্ধ করিয়া শেষে বলিয়াছেন যে, এই**রূপেই** অর্থাৎ ঐ একই যুক্তির মার৷ আ**ম্মার** পূর্ব্বতর, পূর্ব্বতম প্রভৃতি অনাদি জন্ম সিদ্ধ হইবে। কারণ, প্রত্যেক জন্মেই শিশুর প্রথম রাগ তাহার পূর্ব্বানুভূত বিষয়ের অনুসমরণ ব্যতীত জন্মিতে পারে না । স্থতরাং প্রত্যেক ছনেমর পূর্বেই জন্ম হইয়াছে। জনমপ্রবাহ অনাদি। পর্ব্বশরীর ব্যতীত বর্ত্তমান শরীরে আত্মার প্রথম রূপ জন্মিতে পারে না। পূর্বতর শরীর ব্যতীতও পূর্বতরশরীরে আত্মার প্রথম রাগ জন্মিতে পারে না এবং পূর্বতম শরীর ব্যতীতও পূর্বতর শরীরে আশ্বার প্রথম রাগ জন্মিতে পারে না। এইরূপে প্রত্যেক জন্মের শরীরের সহিতই ঐ আন্ধার পূর্ববজাত

শরীরের পূর্ব্বোক্তরূপ সহল্প স্বীকার্য্য হইলে আত্মার শরীর সম্বন্ধ অনাদি, ইহাই স্বীকার করিতে হইবে। তাই ভাষ্যকার হর্তমান ও পূ**র্ব্ব**, পূর্বতব, পূর্বতম প্রভৃতি শরীরের **এরপে সম্বর** প্রকাশ করিয়া অনাদিকাল হইতেই আত্মার শরীরসহন্ধ সংর্থনপূর্বক আত্মার শ্রীরসহন্ধ ও রাগসহন্ধ অনাদি, ইহা প্রতি<mark>পন্ন ক</mark>রিয়া, তদ্ধারা আত্মার নিত্যত্ব প্রতিপন্ন করিয়াছে। এর্থাৎ মহিষি গোত্ম এই সুত্রের হারা আত্মার অনাদিও সমর্থন করিয়া, তদ্যারাও আশ্বার নিতাত সাধন করিয়াছেন—ইহাই ভাষ্যকারের চরম তাৎপর্যা। অনাদি ভাবপদার্থের উৎপত্তি ও বিনাশ নাই, ইহা অনুমান-প্রমাণ্ডিদ্ধ। মহর্ষি গোতম এই প্রসঞ্চে এই সূত্রের হারা স্টেপ্রিপ্রাহেরও অনাদিম পূচন। করিয়া গিয়াছেন। প্রলয়ের পরে যে নূতন স্বাষ্ট হইয়াছে ও হইবে, তাহারই আদি আছে। শাস্ত্রে সেই তাৎপর্যাই অনেক ছলে স্পটির আদি বল। হইয়াছে। কিন্তু সকল স্ষ্টির পুর্বেই কোন না কোন সময়ে স্বষ্টি হ**ইয়া**ছিল। যে স্থাষ্টিব পূর্বের্ব আর কোন দিন স্থাষ্ট হয় নাই, এমন কোন স্টি নাই। তাই স্টিপ্রবাহকে অনাদি বলা হইযাছে। স্টি-প্রবাহকে অনাদি বলিয়া স্বীকার না করিলে, দার্শনিক সিদ্ধান্তের কোনরূপেই উপপাদন করা যায় **ন**া। বেদমূলক অ**দৃটবাদ ও জন্মান্ত**রবাদ প্রভৃতি মহাসত্যের আশ্রয় না পাইয়া চিরদিনই অস্তান অন্ধকারে ঘুরিয়া বেড়াইতে হয়। তাই মহ্ঘিগণ সকলেই একবাক্যে স্মৃষ্টিপ্রবাহের ত্নাদিত্ব ঘোষণা করিয়া সকল সিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। বেদান্তদর্শনে ভগবান্ বাদরায়ণ ''অবিভাগাদি চেন্নানাদিত্বাৎ ।''২।১।৩৫। এই সূত্রের শ্বারা স্বষ্ট-প্রবাহেব অনাদিত স্পষ্ট প্রকাশ করিয়া, তাঁহার প্রেকাঞ্জ সিদ্ধান্তের অনুপপতি নিরাস করিয়াছেন। মহিষি গোভম পুর্বেব নবজাত শিশুর প্রথম স্তন্যা-ভিলামকেই গ্রহণ করিয়া আত্মার পূর্বেজনেমর সাধনপূর্বেক নিত্যত সাধন করিয়াছেন। এই সূত্রে দামানাত: জীবমাত্রেরই প্রথম রাগকে গ্রহণ করিয়। মর্ব্বজীবেরই শরারসম্বন্ধ ও রাগসম্বন্ধের অনাদিত সমর্থন করিয়া, আত্মার নিত্যত্ব সাধন করিয়াছেন, ইহাও এখানে প্রণিধান করা ভাবশাক।

পরন্ত জীবনাত্রট যেনন রাগবিশিষ্ট, একেবারে রাগশূন্য প্রাণীর যেমন জন্ম দেখা যায় না, তদ্ধপ জীবনাত্রেরই মরণভয় সচজধর্ম। মহামি গোত্রম পূর্বেক্তি ১৮ সূত্রে নবজাত শিশুর পূর্বজন্মের সাধন করিতে তাহার হর্ম ও শোকের ন্যায় সামান্যতঃ ভয়ের উল্লেখ করিলেও সর্ব্বজীবের সহজধর্ম মরণভয়কে বিশেষরূপে গ্রহণ করিতে হইবে। যোগদর্শনে মহামি পভঞ্জনিও বলিয়াছেন,—'শ্বর্যবাহী বিদুষোহিপি তথারুচোহভিনিবেশঃ।''২।১। তথাৎ

বিজ্ঞ, অজ্ঞ-সকল **জীবে**রই "অভিনিবেশ" নামক ক্লেশ সহ**ত**ধর্ম। "অভিনিবেশ" বলিতে এখানে মরণভয়ই পতঞ্জলির অভিপ্রেত এবং উহাই তিনি প্রধানত: সর্বজীবের জন্মান্তরের সাধকরাপে সূচনা করিয়া গিয়াছেন। তিনি যোগদর্শনের কৈবল্যপাদে ইহা সমর্থন করিতে বলিয়াছেন, ''তাসামনাদিত্বঞ্চাশিয়ে। নিত্যত্বাৎ।''১০। অর্থাৎ সর্ব্বজীবেই আমি যেন না মরি, আমি যেন থাকি, এইরূপ আশীঃ (প্রার্থনা) নিতা, স্মৃতরাং প্রেবজি সংস্কারসমূহ তনাদি। যোগদর্শন-ভাষ্যকার ব্যাসদেব ঐ সূত্তের ভাষ্যে মহাদি পতঞ্জলির তাৎপর্য্য বুঝাইয়াছেন যে, ''আমি যেন না মরি"— ইত্যাদি প্রকারে সর্বভীবের যে আশী: অর্থাৎ অস্ফুট কামনা, উহা স্বাভাবিক নহে—উহা নিমিত্তবিশেষ-জন্য। কারণ, মরণভয় বা ঐরপ প্রার্থনা বিনা কারণে হইতেই পারে না। যে কখনও মৃত্যুয়াতনা অনুভব করে নাই, তাহার পক্ষে ঐরপ ভয ব। প্রার্থনা কোনরপেই সম্ভব নহে। স্নতরাং উহার **যার। বুঝা যায়, সর্বজীবই পূর্বে জন্মগ্রহণ করি**য়া মৃত্যুযাতন। অনুভ্র করিয়া**ছে। তাহা হইলে সর্বজীবের পূর্বজন্ম ও নিত্যত্ব স্বীকার করিতে**ই ুইবে। পাশ্চান্ত্যগণ মরণভয়কে জীবের একটা স্বাভাবিক ধর্মই বলিয়। াকেন, কিন্তু জীবের **ঐ স্বভাব কোণা** হইতে আসিল, পিতামাতা হইতে ঐ স্বভাবের প্রাপ্তি হইলে তাহাদিগের ঐ স্বভাবেরই বা মূল কি ? সর্ব্বজীবেই এরপ নিয়ত স্বভাব কেন হয়, ইত্যাদি বিষয়ে তাঁহাদিগের মতে সদুত্তর পাওয়। যায না । সর্বজীবের মরণ বিষয়ে যে অস্ফুট সংস্কার আছে, যাহার ফলে মরণভারে **সকলে**ই ভীত হয়, ঐ সংস্থার একটা স্বভাব হইতে পারে না। উহা হ**হিম**য়ে অনু**ভব ব্যতীত জন্মিতেই পারে না । কারণ, অনুভব ব্যতীত** সংস্কার জন্মে না। পূর্বানুভবই সংস্কার ছারা স্মৃতির কারণ হয়। অবশ্য অনেকে মরণভয়শ্ন্য হইয়া আগ্রহত্যা করে এবং অনেকে অনেক **উদ্দেশ্যে** নির্ভয়ে বীরের ন্যায় প্রা**ণ** দিয়াছে, অ**নেকে** অসহ্য **দুঃখ ব।** শোকে আভভত হইয়া অনেক সময়ে মৃত্যু কামনাও করে। কিন্তু ঐ সমস্ত স্থলেও উহাদিগের সেই সহ**ত্ত মরণভ**য় কোন সময়ে**ই** জন্মে নাই, ইহা নহে। শোকাদি প্রতিবন্ধকবশতঃ কালবিশেষে উহার উত্তব না হইলেও, মৃত্যুর পূর্বে তাহাদিস্থারও ঐ ভয় উৎপন্ন হইয়া থাকে। আত্মহত্যাকারীর মৃত্যু নিশ্চয় হুইলে ভাহারও মরণভয় ও বাঁচিবার ইচ্ছা জন্মে। রোগ-শোকার্ত মুমুর্ বৃদ্ধদিগেরও মৃত্যুর পূর্বেব বাঁচিবার ইচ্ছা জন্মে। চিন্তাশীল অভিজ্ঞ ব্যক্তিরা ইহা অবগত আছেন।

এইরূপ জীববিশেষের স্বভাব বা কর্মবিশেষও তাহার পূর্বজন্মের সাধক

হয়। সদ্যঃপ্রসূত বানরশিশুর ৃক্ষের শাখায় অধিরোহণ এনং সদ্যপ্রসূত গণ্ডারশিশুর পলায়ন-ব্যাপার ভাবিয়া দেখিলে, তারার পূর্বজন্ম অবশাই স্বীকাব করিতে হয়। পশুত্রবিৎ অনেক পাশ্চান্ত্য পণ্ডিব্লুপ্ত বলিয়াছেন যে, গণ্ডারী শাবক প্রস্বাক করিয়া কিছুকালের জন্য অজ্ঞান হইয়া থাকে। প্রসূত ঐ শাবকটি ভূমিষ্ঠ হইলেই ঐ স্থান হইতে পলায়ন করে। অনেক দিন পবে আবার উভয়ে উভয়ের অন্যেখণ করিয়া মিলিত হয়। গণ্ডারীর জিহ্বায় এমন তীক্ষ ধার আছে যে, ঐ জিহ্বার হায়। বলপূর্বক বৃক্ষলেহন করিলে, ঐ বৃক্ষের স্বক্ও উঠিয়া যায়। স্থতরাং বুঝা যায়, গণ্ডারশিশুর প্রথমে তাহার মাতা কর্তৃক গাত্রলেহনের ভয়েই পলায়ন করে। পরে ভাহার গাত্রচর্ম্ম কাঠিন্য প্রাপ্ত হইলেই তথান নির্ভয়ে মাতার নিকটে আগমন করে। স্থতরাং গণ্ডারশিশু তাহার পূর্বজন্মের সংস্কারবশতাই ঐক্রপ স্বভাব প্রাপ্ত হয় এবং তাহার মাতা কর্তৃক প্রথম গাত্রলেহনের কষ্টকরতা বা অনিষ্টকারিতা সমরণ করিয়াই জন্মের পরেই পলায়ন করে, ইহা স্বীকার্য্য। কারণ পূর্বজন্ম না থাকিলে গণ্ডার শিশুর ঐরপ স্থভাব বা সংস্কার আর কোন কারণেই জন্মিতে পারে না।

পরস্ত এই সূত্রের হারা জীবমাত্রের বিষয়বিশেষে রাগ বা অভিলাঘ বলিতে নানববিশেষের শাস্তাদি বিষয়ে অনুবাগবিশেষও এখানে গ্রহণ করিতে হইবে। মহঘি গোতমের উহাও বিবক্ষিত বুঝিতে হইবে। কারণ, উহাও পূ**র্বজনে**মর সাধক হয়। অধ্যয়নকারী মানবগণের মধ্যে কেহ সাহিত্যে, কেহ দর্শনে, কেহ ইতিহাসে, কেহ গণিতে, কেহ চিত্রবিদ্যায়, কেহ শিল্পবিদ্যায়—এইরূপ নানা ব্যক্তি নানা বিভিন্ন বিদ্যায় অনুরক্ত দেখা যায়। সকলেরই সকল বিদ্যায় সমান অনুরাগ ব। সমান অধিকার দেখা যায় না । যে বিষয়ে যাহার স্বাভাবিক অনুরাগবিশেষ থাকে, তাহার পঞ্চ সেই বিষয়টি অতি সহ**ত্বে** আয়ত্তও হয়, অন্য বিষয়গুলি সহ**তে** আয়ত হয় না, ইহাও দেখা ঘায়। ইহার কারণ বিচার করিলে, পূর্ব্বজন্ম সেই বিদয়ের অভ্যাদ ছিল, ইহা স্বীকার করিতেই হইবে। তাৎপর্যা**টা**কাকার বাচম্পতি নিশ্ৰ ইছা সমৰ্থন করিতে বলিয়াছেন যে, মনুষ্যত্বরূপে সকল মনুষ্য তুল্য হইলেও, তাহাদিগের মধ্যে প্রজ্ঞা ও মেধার প্রকর্ষ ও অপকর্ষ পরিলক্ষিত হয়। ননোযোগপূর্বক শাস্তাভ্যাস করিলে ত**হিময়ে** প্রজ্ঞা ও নেধার বৃদ্ধি হয়। যাঁহারা সেরপে করে না, তাঁহাদিগের তদ্বিদ্যে প্রজ্ঞা ও নেধার বৃদ্ধি হয় না। স্থতরাং অনুয় ও ব্যতিরেক্বশত: শাস্ত্রবিষয়ে অভ্যাস তবিষয়ে প্রজ্ঞা ও নেধাবৃদ্ধির কারণ—ইহা নিশ্চয় করা যায়।

কিন্তু যাহাদিগের ইহজন্মে সেই শান্তবিষয়ে অভ্যাদের পূর্ব্বেই তদ্বিষ্টে বিশেষ অনুরাগ এবং প্রক্তা ও মেধার উৎকর্ষ দেখা যায়, তাহাদিগের তদ্বিষয়ে জন্মান্তরীণ অভ্যাদ উহার কারণ বলিতে হইবে! যাহার প্রতি যাহা কারণ বলিয়া নিশ্চিত হইয়াছে, তাহার অভাবে সে কার্য্য কিছুতেই গ্ইতে পারে না। মূলকথা, ভক্ষ্যপেয়াদি বিঘয়ে অনুরাগের ন্যায় মানবের শাস্ত্রাদি বিষয়ে অনুরাগবিধশষেব ধারাও আল্লার পূর্বজন্ম ও নিতাত শিদ্ধ হয়। পরন্ত অনেক ব্যক্তি যে অন্নকালের মধ্যেই বছ বিদ্যা লাভ করেন, ইহা বর্ত্তমান সময়েও দেখা যাইতেছে। আবার অনেক বালকেরও সংগীত ও বাদ্যকুশলত। দেখিতে পাওয়া যায়। আমরা পঞ্চন-বর্ষীয় বালকেরও সংগীত ও বাদ্যে বিশেষ অধিকার দেখিয়াছি। ইহার গার। তাহা<mark>র তদিম</mark>য়ে জন্মান্তরীণ অভ্যাস-জন্য সংস্কারবিশেষই বুঝিতে পারা যায়। নচেৎ আর কোনরূপেই তাহার ঐ অধিকারের উপপাদন করা যায় না। স্মৃতরাং অল্লকালের মধ্যে পূর্ব্বোক্তরূপ বিদ্যালাভের কারণ বিচার করিলেও তদ্বারাও আত্মার জন্মান্তর সিদ্ধ হয়। মহ**যি**গণ্ড ঐরূপ স্থলে জন্মান্তরীণ সংস্কারবিশেঘকেই পূর্ব্বেজিরূপ বিদ্যালাভের কারণ বলিয়াছেন। তাই মহাকবি কালিদাসও ঐ চির**ন্তন** াসদ্ধান্তানসারে কুমারসম্ভবের প্রথম সর্গে পার্ব্বতীর শিক্ষার বর্ণন করিতে লিখিয়াছেন,---"প্রপেদিরে প্রাক্তনজন্মবিদ্যাঃ।"

কেহ কেহ আপত্তি করেন যে,—আত্মার জন্মান্তর থাকিলে মনশ্যই নমন্ত জীবই তাহার প্রত্যক্ষ করিত। পূর্ব্বজন্মানুত বিষয়ের সমরণ করিতে পারিলে, পূর্ব্বজন্মানুভূত সমস্ত বিষয়ই সমরণ করিতে পারিত এবং জনাম ব্যক্তিও তাহার পূর্বজনানুভূত রূপের সমরণ করিতে পারিত। কিন্ত আমরা যখন কেহই পূর্বজনে কি ছিলাম, কোথায় ছিলাম ইত্যাদি কিছুই সমরণ করিতে পারি না, তথন আমাদিগের পূর্বজন্ম ছিল, ইহা কোনরূপেই স্বীকার কর। যায় না। এতদুত্তরে জন্মান্তরবাদী পূর্ব্বাচার্য্য-গণের কথা এই যে, আত্মার পূর্ব্রজন্মানুভূত বিষয়বিশেষের যে অস্ফুট স্মৃতি জন্মে, (নচেৎ ইহজন্মে তাহার বিষয়বিশেষে রাগ জন্মিতে পারে না, ন্তন্যপানাদিকার্যো প্রথম অভিলাষ উৎপন্ন হইতেই পারে না) ইহা মহষি গোতম প্রভৃতি সমর্থন করিয়াছেন। কিন্ত যাহার কোন বিষয়ের স্মরণ হুইবে, তাহার যে সম্বন্ধ বিষয়েরই সমরণ হুইবে, এইরূপ কোন নিয়ম নাই। যে বিষয়ে যে সময়ে সমরণের কারণসমূহ উপস্থিত হইবে, সেই সময়ে সেই বিষয়েরই সমরণ হইবে। যে বিষয়ে সমরণের কার্য্য দেখা যায়, সেই

বিষ্ঠেই আত্মার সমরণ জন্মিয়াছে, ইহা অনুমান করা যায়। আমর। ইহজনেও যাহা যাহ। অনুভব করিতেছি, সেই সমস্ত বিষয়েরই কি আমাদিগের সমরণ হইয়া থাকে ? শিশুকালে যাহার পিতা বা মাতার মৃত্যু হইয়াছে, ঐ শিশু তাহার ঐ পিতা নাতাকে পূর্ব্বে দেখিলেও পরে তাহাদিগকে স্মরণ করিতে পারে না। ওক্তর পীড়ার পরে পূর্বানুভূত ্রনেক বিষয়েরই সমরণ হয় না, ইহাও অনেকের পরীক্ষিত সত্য। ফলকথা, পুৰ্বজনম থাকিলে পূৰ্বজনমানুভূত সমস্ত বিষয়েরই সমরণ হইবে, সকলেরই পূর্বজনেমর সমস্ত বার্তা স্বচ্ছ সমৃতিপটে উদিত হইবে, ইহাব কোন কারণ বাহ। অ**দৃষ্টবিশেষের পরিপাকবশতঃ পূর্ব্জন্মানুভূত যে বি**ষয়ে স**ংস্কার** উৰুদ্ধ হয়, ত**ৰিষয়েই স্মৃতি জ**নেন। জন্মান্তরানুত্ত নানাবিষয়ে আ**ত্মা**র সংস্থার থাকিলেও ঐ সমস্ত সংস্থারের উদ্বোধক উপস্থিত ন। হওয়ার, ঐ সংস্কারের কার্য্য স্মৃতি জনেম ন।। কারণ, উদুদ্ধ সংস্কারই স্মৃতির কারণ। নচেৎ ইহজনেম অনুভূত নানা বিষয়েও সর্বাদ। সমৃতি জনিমতে পারে। এই জন্যই মহমি গোত্ম পরে স্মৃতির কাবণ সংস্কারের নানাবিধ উদ্বোধক প্রকাশ করিয়া যুগপৎ নানা সমৃতির আপত্তি নিরাস করিয়াছেন। নবজাত শিশুর জীবনরক্ষার অনুক্ল অদুট্বিশেঘই তখন তাহার পূর্ব-জন্মানুভূত স্থন্যপানাদি বিষয়ে ''ইহা আমার ইঠযাধন'' এইরূপ সংস্কারকে উদ্বন্ধ করে স্নতরাং তথন ঐ উদ্বন্ধ সংস্কাবজন্য "ইহা আমার ইট্সাধন" এইরূপ অস্ফুট স্মৃতি জন্মে। নবজাত শিশু উহা প্রকাশ করিতে নঃ পারিলেও তাহার যে এরূপ স্মৃতি জন্মে, তাহ। ঐ স্মৃতির কার্য্যের হার। অনুমিত হয়। কারণ, তখন তাহাব ঐরূপ স্মৃতি ব্যতীত তাহার ন্তন্যপানাদিতে অভিলাঘ জন্মিতেই পারে না। জন্মান্ধ ব্যক্তি পর্বজন্ম ব্রপ দর্শন করিলেও ইহজ্জে তাহার ঐ সংস্থারের উন্থেধক অদুষ্টবিশেষ নঃ থাকায়, গেই রূপ-বিষয়ে তাহার স্মৃতি জন্মে না। কারণ, উ**ৎদ** সংস্থারই স্মৃতির কারণ। এবং অনেক স্থলে অদৃষ্টবিশেষ**ই সং**স্থারকে উৰুদ্ধ করে। স্বতরাং পূর্বজন্ম থাকিলে সকল জীবই তাহ। প্রত্যক্ষ ক্রিত—পূর্বজন্মের সমস্ত বাতাই সকলে বলিতে পারিত, এইরূপ আপত্তিও কোনরূপে সঙ্গত হয় না। প্রত্যক্ষের অভাবে পূর্ব্বতন বিষয়ের অপলাপ করিলে প্রপিতামহাদি উর্দ্ধতন পুরুষবর্গের অন্তিত্বেরও অপলাপ করিতে হয়। আমাদিগের ইহ**জন্মে অনুভূত কত বিষয়রাশিও যে বিস্মৃতির অতলজনে** চিরদিনের জন্য ডুবিয়া গিয়াছে, ইহারও কারণ চিন্তা করা আবশাক। পরত সাধনার হারা পূর্বজন্ত সমরণ করা যায়, পূর্বজনেমর সম্ভ **বা**ভা

বলা যায়, ইহাও শান্ত্রসিষ্ধ। যোগিপ্রবর মহটি পতঞ্জলি বলিয়াছেন, ''দং**স্কারসাক্ষাৎ**করপাৎ'' পূ**র্বভাতিবিজ্ঞানম্ ।''**ଠা১৮। অর্থাৎ ব্যান-**ধারণা** ও সমাধির ছারা ছিবিধ সংস্কারের প্রত্যক্ষ হইলে, তখন পূর্ব্জন্ম জানিতে পার। যায়। তথন ভাহাকে "জাতিস্মর" বলে। ভাষ্যকার ব্যাসদেব পতঞ্জলির ঐ সূত্রের ভাষ্যে ঐ সিদ্ধান্ত সমর্থন করিতে ভগবান্ আবট্য ও মহাষি জৈগীষব্যের উপাধানে বলিয়াছেন। মহাঘি জৈগীষব্য ভগবান্ আবট্যের নিকট তাঁহার দশমহাকরের জন্মপরম্পরার ভা**ন বর্ণ**ন করিয়াছিলেন ৷ স্থাপের অপেক্ষায় দু:খই অধিক, মর্ব্বত্রই জন্ম বা সংসার স্থাদি সমস্তই দুঃখ বা দুঃখময়, ইহাও তিনি বলিয়াছিলেন। সাংখ্যতম্বকৌমুদীতে (পঞ্ম কাৰিকাৰ টীকায়) শ্ৰীমদ্বাচম্পতি নিশ্ৰ'ও যোগদৰ্শন ভ মেচাক্ত ানট্য ও ছৈগীদব্যের সংবাদের উল্লেখ করিয়াছেন। ফলক্থা, সাধনার ছ'র৷ <mark>ভভাদৃটের</mark> পরিপাক হইলে পূ**র্বজন্মানুভূত স**কল বিষ্যেব্<mark>ও স্মরণ</mark> ্ইতে পারে, উহা অসম্ভব নহে। পূর্ব্বকালে অনেকেই **শান্ত্রোক্ত** উপায়ে ছাতিস্মনত লাভ করিয়া**ছিলেন, ইহার প্রমাণ পুলাশান্তে** পাওয়া যায়। ্পেলাদি সদনুষ্ঠানের খার। যে পূর্বজনেমর স্মৃতি জনেম, ইছ। ভগ্ৰান্ মনুও বলিয়াছেন । স্কৃতরাং এই প্রাচীন সিদ্ধান্তকে অসম্ভব বলিয়া 🍇 নিরপেই উপেক। কর। যায় না। বুদ্ধদেব যে তাঁহার এনেক জনেমর বার্ত্তা বলিবাছিলেন, ইহাও বৌদ্ধ সমপ্রদায়ের জাতকগ্রন্থে দেখিতে পাওনা य**ा** ।

পরস্ক আন্তিক সমপ্রদায়ের ইহাও প্রণিধান করা আবশ্যক যে, আলার জন্মান্তব বা নিত্যথ না থাকিলে শরীরনাশের সহিত আলারও বিনাশ স্থীকার করিয়া, ''উচ্ছেদবাদ''ই স্থীকার করিতে হয়। কিন্তু তাহা হইলে জীবের ইহজন্মে সঞ্চিত পুণ্য ও পাপের ফলভোগ হইতে পারে না। পুণ্য-পাপের ফলভোজ। বিনপ্ত হইয়া গেলে, তাহার সহিত তদগত পুণ্য ও পাপেও বিনপ্ত হইয়া যাইবে। স্থতরাং কারণের অভাবে পরলোকে তীহার ফলভোগ হওয়া অসম্ভব হয়। পরলোক না থাকিলে পুণ্যসঞ্চয় ও পাপকর্ম্ম পরিহারের জন্য আচার্য্যগণের এবং মহাম্মগণের উপদেশও ব্যর্থ হয়। ''উচ্ছেদবাদ'' ও ''হেতুবাদে'' মহর্ষিগণের উপদেশ ব্যর্থ হয়, এ কথা

১। বেদাভাাসেন সভতং শৌচেন তপসৈব চ। অলোহেণ চ ফুতানাং জাতিং সমরতি পৌশিবকীম্।।

ভাঘ্যকার বাৎশ্যায়নও পরে বলিয়াছেন। চতুর্থ অ° ১ম আ° ১০ম সূত্রের ভাষ্য ও টিপ্পনী স্কষ্টব্য।

ন্যায়কুন্ত্রমাঞ্চলি গ্রন্থে পরলোক সমর্থনের জন্য উদয়ানাচার্য্য বলিয়াছেন যে, পরলোক উদ্দেশ্যে অগ্রিহোত্রাদি কর্ম্মে আন্তিকগণের যে প্রবৃতি দেখা যায়, উহা নিম্ফল বলা যায় না। দু:খভোগও উহার ফল বলা যায় না। কারণ, ইইসাধন বলিয়া না ব্রিলে কোন প্রকৃতিয় ব্যক্তির কোন কর্মে প্রবৃত্তি হয় না। দুঃখভোগের জন্যও তাহাদিগের প্রবৃত্তি হুইতে পারে না। ধান্মিক বলিয়া খ্যাতিলাভ ও তচ্জন্য ধনাদি লাভেন জন্যই তাহাদিগের বহুক্টসাধ্য ও বহুধনব্যয়সাধ্য যাগাদি কর্ম্মে প্রবৃত্তি হয়, ইহাও বলা যায় না। কারণ, যাহার। <mark>ঐরপে খ্যাতি-লাভা</mark>দি ফলেব অভিনামী নহেন, পরন্ত তদিময়ে বিরক্ত বা বিদেমী, তাঁহারাও ধর্মাচরণ করিয়া থাকেন। অনেক মহাত্মা ব্যক্তি লোকালয় পরিত্যাগ করিয়া, নিবিভ অরণ্য ও গিরিগুহাদি নির্জ্জন স্থানে সক্ষোপনে ধর্মাচরণ করিয়। থাকেন। পরলোক না থাকিলে তাঁহার। এরূপ কঠোর তপস্যায় নিরত হইতেন না। পরলোক না থাকিলে বুদ্ধিমান্ ধনপ্রিয় ধনী ব্যক্তিরা ধান্দ্রিক ব্যক্তিদিগকে বছকটাড্জিত ধন দানও করিতেন না। স্থাধের জন্যই লোকে ধন ব্যয় করিয়া থাকে। কোন ধূর্ত্ত বা প্রতারক ব্যক্তি প্রথমে অগ্রিহোত্রাদি কর্ম্ম করিলে পরলোকে স্বর্গাদি হয়, এইরূপ কল্পন। করিয়া এবং লোকের বিশ্বাদের জন্য নিজে ঐ সকল কর্ম্মের অনুষ্ঠান করিয়া লোকদিগকে প্রতারিত করায়, সকল লোকে ঐ সকল কর্ম্মে তখন হইতে প্রবৃত্ত হইতেতে, এইরূপ কল্পনা চার্ব্বাক করিলেও উহা নিতান্ত অসঙ্গত ! কারণ, দৃষ্টানুসারেই কল্পনা করিতে হয়, তাহাই সম্ভব । স্বর্গ ও অদৃষ্টাদি অদৃষ্টপূর্ব্ব অলৌকিফ পদার্থ, প্রথমত: তিছিময়ে ধূর্ত্ত ব্যক্তিদিগের কল্পনাই হইতে পারে না। পর্জ ঐ কল্পিত বিষয়ে লোকের আন্থা জন্মাইবার ছন্য প্রথমত: নানাবিধ কর্মবোধক অতি দু:সাধা দুরাহ বেদাদি শান্তের নির্দ্ধাণ-পূর্ব্বক তদনুসারে বছকটাজ্জিত প্রত্ত ধন ব্যয় ও বহক্লেশ্সাধ্য যজ্ঞাদি ও চাক্রায়ণাদি ব্রতের অনুষ্ঠান করিয়া নিজেকে একান্ত পরিক্লিষ্ট করা এক্লপ শক্তিশালী বৃদ্ধিমান্ ধূর্ত্তদিগের পক্ষেও একান্ত অসম্ভব। লোকে স্থাংর জন্য কষ্ট স্বীকার করিতে কাতর হয় না, ইহা সত্য, কিন্ধ ঐক্পপ প্রতারকের এমন কি স্থাধের সম্ভাবন। আছে, বাহার জন্য ঐরপ বছরেশ-

১। ১ম ব্রবকের ৮ম কারিকা ও তাহার উদয়নকৃত ব্যাখ্যা প্রকৃতা।

পরম্পরা স্বীকার করিতে সে কুঠিত হইবে না। প্রতারণা করিয়া প্রতারক ব্যক্তির স্থুখ হইতে পারে বটে, কিন্তু ঐ স্থুখ এত গুরুতর নহে যে, তজ্জনা বহু বহু দু:খভোগ করিতে তাহার প্রবৃত্তি হইতে পারে। তাই উদয়নাচার্য্য বলিয়াছেন, ''নহ্যেতাৰতে। দুঃধরাশেঃ প্রপ্রতারণস্থ্ং গ্রীয়:।'' অর্থাৎ পূর্ব্বোক্তরূপে প্রতারকের এত বছলপরিমাণ দুঃখরাশি অপেক্ষায় পরপ্রতারণা-জন্য স্থুখ অধিক নহে। ফলকথা, চার্কাকের উক্তরূপ কল্পনা ভিত্তিশূন্য ব। অসম্ভব । স্থতরাং নি**বিবশেষে সমস্ত লোকের ধর্মপ্রবৃত্তিই** পরলোকে**র** মন্তির বিষয়ে প্রমাণরূপে গ্রহণ করা যাইতে পারে। পর**লোক** থাকিলেই পারনৌকিক ফল**ভোক্ত। আত্ম তখনও আছে**, ইহা **স্বী**কার্য্য । দেহস**য়দ্ধ** ব্যতীত আত্মার ভোগ হইতে পারে না। স্কুতরাং ব**র্ত্তমান দেহনাশের প**রেও সেই আত্মারই দেহান্তরসম্বন্ধ স্বীকার্য্য। এইরূপে আত্মার অনাদিপূর্ব্ব শরীরপরম্পর। এবং অপবর্গ ন। হওয়া পর্যান্ত উত্তর শরীরপরম্পরাও অবশ্য স্বীকার্য্য। পরন্ত কোন ব্যক্তি সহসা বিনা চেষ্টায় বা সামান্য চেষ্টায় প্রভৃত ধনের অধিকারী হয়, কোন ব্যক্তি সহসা রাজ্য বা ঐশুর্য্য হইতে ব্রষ্ট হইয়া দারিদ্রা-সাগরে মগু হয়, আবার কোন ব্যক্তি ইহজনেম বন্ধত: অপরাধ না করিয়াও অপরাধী বলিয়া গণ্য হইয়া দণ্ডিত হয় এবং কোন ব্যক্তি বস্তত: অপরাধ করিয়াও নিরপরাধ বলিয়া গণ্য হইয়া মুক্তি পায়, ইহার দৃষ্টান্ত বিরল **নহে। এ সকল স্থলে তাদৃশ স্থা দুঃখের মূল ধর্ম** ও অধর্মারপ অদৃষ্টই মানিতে হইবে। কারণ, ধর্মাধর্ম ন। মানিয়া আর কোনরপেই উহার উপপত্তি ক**র**। যায় না। স্থ**ত**রা**; ইহজন্মে তাদৃশ** শর্লাধর্মজনক কর্মের অনুঠান না করিলে পূর্বজনেম তাহা অনুষ্ঠিত হইয়াছিল, ইহাই বলিতে হইরে। তাহা হ**ইলে বর্ত্তমান জনে**মর পুর্বেবও সেই আত্মার অন্তিত্ব ও শরীরসম্বন্ধ ছিল, ইহা সিদ্ধ হইতেছে। কারণ, কর্ম্মকর্ত্তা মাত্মার অস্তিত্ব ও শরীরসম্বন্ধ ভিন্ন ভাহার ধর্মাধর্মজনক কর্ম্মের আচরণ অসম্ভব। আ**ত্থার পূর্ব্বজন্ম ও পরজন্ম থাকিলেও তদ্ধার। আত্থার উৎপত্তি** 'ও বিনাশ সিদ্ধ হয় না। কারণ, উক্তর্রূপে আম্বার শরীরপরম্পরার উৎপত্তি ও বিনাশ হয়, কিন্তু আত্মার উৎপত্তি ও বিনাশ হয় না, আত্মা অনাদি ও অনন্ত। অভিনব দেহাদির সহিত আ**দ্বার প্রা**থমিক সংযোগবিশেষের নাম জন্ম, এবং তথাবিধ চরম সংযোগের ধ্বংসের নাম মরণ। তাহাতে আত্মার উৎপত্তি বিনাশ বলা যাইতে পারে না। আত্মা চিরকালই বিদ্যমান থাকে, অতরাং আছার জন্ম-মরণ আছে, কিন্তু উৎপত্তি-বিনাশ নাই—এইরূপ কথায় বস্তত: কোনরূপ বিরোধও নাই। মূলকথা, ধর্মাধর্মরূপ অদৃষ্ট অবশ্য-

ষীকার্য্য হইলে, আল্লার পূর্বেজন্ম স্বীকার করিতেই হইবে, স্কুতরাং ই যক্তির মারাও আল্লার অনাদিম্ব ও নিতাম অবশ্য সিদ্ধ হইবে ॥২৪॥

ভাষ্য। কথং পুনজ্ঞায়তে প্ৰবাসুভ্তবিষয়াসুচিন্তনজনিতো জাতস্থ রাগো ন পুনঃ—

সূত্র। সগুণজব্যোৎপত্তিবত্তত্বুৎপত্তিঃ।।২৫।।২২৩।।

অমূবাদ। (পূর্ব্বপক্ষ) কিরূপে জানা যায়, নবজ্বাত শিশুর রাগ, পূর্ব্বাহুভূত বিষয়ের অমুস্মরণজ্বনিত, কিন্তু সগুণ জ্বব্যের উৎপত্তির ন্যায় জাহার (আত্মার ও তাহার রাগের) উৎপত্তি নহে !

ভাষ্য। যথোৎপত্তিধর্দ্মকস্থ দ্রব্যস্থ গুণাঃ কারণত উৎপত্তন্তে, তথোৎপত্তিধর্দ্মকস্থাত্মনো রাগঃ কুতশ্চিত্ত্ৎপত্ততে। অত্রায়মুদিতাসুবাদেশ নিদর্শনার্থঃ।

অমুবাদ। প্র্রেপক্ষ) যেনন উৎপত্তিধর্মক দ্রব্যের গুণগুলি কারণবশতঃ উৎপন্ন হয়, তদ্রপ উৎপত্তিধর্মক আত্মার রাগ কোন কারণবশতঃ উৎপন্ন হয়। এখানে এই উক্তামুবাদ নিদর্শনার্থ, বিশ্বপিৎ অয়য়াফ দৃষ্টান্তের দ্বারা যে পূর্ব্বপক্ষ পূর্বে বল। হইয়াছে, ঘটাদির রূপাদিকে নিদর্শন (দৃষ্টান্ত)-রূপে প্রদর্শনের জন্ম সেই পূর্ব্বপক্ষেরই এই জুত্তে অমুবাদ ইইয়াছে।

টিপেনী। নবজাত শিশুৰ স্তন্পানাদি যে কোন বিষয়ে প্ৰথম রাগ তাহার পূর্বানৃত্ত সেই বিষয়ের নুম্মরণ-জন্য, ইহা আছার উৎপত্তিবাদী নান্তিক-সম্প্রদায় স্বীকার করেন নাই। তাঁহাদিগের মতে ঘটাদি দেনে বেমন রাপাদি ওপোন উৎপত্তি হয়, তজ্ঞাপ আছার উৎপত্তি রইলে, তাহাতে রাগের উৎপত্তি হয়। উল্লেখ্য পূর্বজন্মের কোন আবশ্যকতা নাই। স্থাটীন কালে নান্তিক-সম্প্রদায় ঐরপে বলিয়া আছার নিতাশ্বমত অস্বীকার করিয়াছেন। আধুনিক পাশ্চাজ্যপা জন্মান্তর্বাদ অস্বীকার করিবার জন্ম প্রাচীন কথারই নানার্রপে সমর্থন করিয়াছেন। মহাঘি গোত্ম শেষে এই মূত্রের দ্বারা নান্তিক-সম্প্রদায়-নিশেষের ঐ মতও পূর্বপক্ষরূপে উল্লেখ করিয়া, পরবর্তী মৃত্রের দ্বারা উহারও খণ্ডন করিয়াছেন। আশ্বার

উৎপত্তিবাদীর প্রশু এই যে, নবজাত শিশুর প্রথম রাগ প্রবানুভূত বিষয়ের चनुरुमत्। जना, किन्न घोनि प्रत्य तार्थानि न्याय कान्यान्त जना नटर, देश किजार दावा यात ? डिला घोषि एत्वा जाशांवि खरवज नगांव কারণান্তন জন্যট বলিব ? ভাষাকার ঐরপে প্রশু প্রকাশ করিয়াই, এই পূর্বপকসূত্রের অবতারণা করায়, ভাষ্যকারের পূর্বোক্ত "ন পুনঃ" ইতাভ সন্দর্ভের সহিত এই সূত্রের যোগই ভাষ্যকারের অভিপ্রেত বুঝা যায়। মৃতরাং ঐ ভায়ের সহিত সূত্রেব যোগ করিয়াই সূত্রার্থ ব্যাখ্যা করিতে হুইবে। ভাষ্যকার পূর্বপক্ষের ব্যাখ্যা করিয়া শেষে বলিয়াছেন যে, মহমিব **এই** পূৰ্ব্ৰপক তাঁহাৰ পূৰ্বেৰ্বাক্ত পূৰ্ব্ৰপক্ষেই অ**নুবাদ।** অৰ্থাৎ এই পর্বেপক পূর্বেও বলিয়াছেন। তাৎপর্যাটীকাকার ভাষ্যকাবের ঐ কথার তাৎপর্য্য বলিয়াছেন সে, পূর্নের্ব (''অযসোহরস্কান্তাভিগননবৎ তদুপদর্পণং'' এই সূত্রে) অয়স্কান্ত দৃষ্টান্ত গ্রহণ করিয়া মহঘি যে পূর্বেপক্ষ বলিয়াছেন, এই সূত্রে উৎপদ্যমান ঘটাদি দৃষ্টান্ত গ্রহণ কবিয়া ঐ পূর্বেপক্ষেরই পুনর্বাদ উল্লেখ করিরাছেন। ঘটাদি নিদর্শনের জন্যই অর্থাৎ সর্বজনপ্রসিদ্ধ ঘটাদি যগুণ দ্বাদে দুটান্তরূপে গ্রহণ করিয়া, ঐ প্রে**র্পকেন সম্থ**ন করিতেই পুনর্বার 🖫 প্রবিপক্ষের উল্লেখ করিয়াছেন। প্র<mark>সিদ্ধ দৃষ্টান্ত গ্রহণ</mark> করিলে বকলেই ভাগা বুঝিতে পারিবে। তাই এ দৃষ্টান্তপ্রদশনপূর্বক ঐ পূর্ব-পজের পুনরুজি বার্থক হওয়ায়, উল অনুবাদ। সার্থক পুনরুজির নাম ''এনুবাদ'', উলা নোঘ নহে। দ্বিতীয় অধ্যায়ে বেদপ্রামাণ্য বিচারে ভাষাকার নানা উদাহরণের দারা এই অনুবাদের সার্থকতা বুঝাইয়াচে্ন : ্ত্রে ''ত্থ'' শদের ছাব। আয়া ও তাহার রাগ—এই উভয়ই বুদ্ধিস্থ, ইসা প্ৰবন্তী সত্ৰেৰ ভাষোৰ শ্বৰং বঝা যায়।।২৫॥

সূত্র। ন সংকল্পনিমিত্তত্বাদ্রাগাদীনাং ॥২৬॥২২৪॥

অনুবাদ। (উত্তর) না, অর্থাৎ পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষ বলা যায় না। কারণ, রাগাদি সংকল্পনিমিত্তক।

ভাষ্য। ন খলু সগুণদ্রব্যোৎপত্তিবত্ত্ৎপত্তিরাক্সনো রাগস্থ চ।
কুস্মাৎ ? সংকল্পনিমিত্ত্বাদ্রাগাদীনাং। অয়ং খলু প্রাণিনাং বিষয়ানাসেবমানানাং সংকল্পসনিতা রাগো গৃহতে, সংকল্পচ পূর্ববানুভূতবিষয়াকুচিস্থনযোনিঃ। তেনানুমীয়তে জ্ঞাতস্থাপি পূর্ববানুভূতার্থানুচিস্তন-

কুতো রাগ ইতি। আত্মোৎপাদাধিকরণাত্ত্র রাগোৎপত্তির্ভবস্তী সংকল্লা-দক্যস্থান রাগকারণে সতি বাচ্যা, কার্যান্দ্রব্যগুণবং। ন চাত্মোৎপাদঃ সিদ্ধো নাপি সংকল্পাদগুদ্রাগকারণমন্তি, তস্মাদযুক্তং সগুণন্তব্যোৎ-পত্তিবত্তয়োরুৎপত্তিরিতি। অথাপি সংকল্লাদক্যদ্রাগকারণং ধর্ম্মাধর্মলক্ষণ-মদৃষ্টমুপাদীয়তে, তথাপি পূর্বশরীরযোগোহপ্রত্যাখ্যেয়ঃ। তত্র হি ত্ত নিৰ্কৃতিন পিন্ভলনি। ত্ৰয়ে**থাজাগ, ইতি,** বিষয়াভ্যাসঃ **খ**ল্বয়ং ভাবনাহেতুক্তন্ময়ত্বমূচ্যত ইতি। **জাতিবিশেষাচ্চ রাগবিশে**ষ ইতি ৷ কর্ম খলিদং জাতিবিশেষনির্বর্ত্তকং, তাদর্থাৎ ভাচ্চুক্যং বিভারতে। তত্মাদমুপপন্নং সংকল্লাদন্যদ্রাগকারণমিতি।

অমুবাদ। সগুণ দ্রব্যের উৎপত্তির স্থায় আত্মা ও রাগের উৎপত্তি হয় না। (প্রশ্ন) কেন ? (উত্তর) যেহেতু রাগাদি, সংকল্পনিমিত্তক। বিশদার্থ এই যে, বিষয়সমূহের সেবক (ভোক্তা) প্রাণিবর্গের এই রাগ অর্থাৎ ভোগ্য বিষয়ে অভিলাষ বা স্পৃহা সংকল্পন্সভিনত বুঝা যায়। কিন্তু সংকল্প পূর্ববাসুভূত বিষয়ের অনুস্মরণ-জন্ম। তদ্ধারা নবজাত শিশুরও রাগ (তাহারই) পূর্ব্বানুভূত বিষয়ের অনুস্মরণ-দ্বন্য, ইহা অনুমিত হয়। কিন্তু আত্মার উৎপত্তির অধিকরণ (আধার) হইতে অর্থাৎ আত্মার উৎপত্তিবাদীর মতে যে আধারে আত্মার উৎপত্তি হয়, আত্মার যাহা উপাদানকারণ, উহা হইতে জায়মান রাগোৎপত্তি, সংকল্পভিন্ন রাগের কারণ থাকিলে—কার্যান্তব্যের গুণের ন্যায়—অর্থাৎ ঘটাদি ত্রব্যে রূপাদি গুণের উৎপত্তির ন্যায় বলিতে পারা যায়। কিন্তু আত্মার উৎপত্তি (প্রমাণ দারা) সিদ্ধ নহে, সংকল্প ভিন্ন রাগের কারণ নাই। অভএক "সগুণ দ্রব্যের উৎপত্তির ন্যায় সেই আত্মা ও রাগের উৎপত্তি হয়" ইহা অযুক্ত।

আর যদি সংকল্প ভিন্ন ধর্মাধর্ম্মরূপ অনুষ্ঠকে রাগের কারণরূপে গ্রহণ কর, তাহা হইলেও (আজার) পূর্ববশরীরসম্বন্ধ প্রত্যাখ্যান কর। যায় না, যেহেতু সেই পূৰ্বেশরীরেই তাহার (ধর্মাধর্ম্মের) উৎপত্তি হয়, ইহজন্মে হয় না। তন্ময়ত্বশতঃ রাগ উৎপন্ন হয়। ভাবনার কারণ অর্থাৎ বিষয়াকুভব-জন্ম সংস্কারের জনক এই (পূর্ব্বোক্ত) বিষয়া-ভ্যাসকেই "তন্ময়ত্ব" বলে। জাতিবিশেষপ্রযুক্তও রাগবিশেষ জন্ম। যেহেতু এই কর্ম জাতিবিশেষের জনক (অতএব) "তাদর্থ্য"বশতঃ "তাচ্ছব্দ্য" অর্থাৎ সেই "জাতিবিশেষ" শব্দের প্রতিপাত্মত বুঝা যায় অর্থাৎ যে কর্ম জাতিবিশেষের জনক, তাহাকেই এ জন্ম "জাতিবিশেষ" শব্দ ছারাও প্রকাশ করা হয়], অতএব সংকল্প হইতে ভিন্ন পদার্থ রাগের কারণ উপপন্ন হয় না।

টিপ্পনী। পূর্বেস্ত্রোক্ত পূর্বেপক্ষের খণ্ডন করিতে মহাঘি এই সূত্রের ছার। বলিয়াছেন যে, রাগাদি সংক্লানিমিত্তক, সংকল্পই জীবের বিষয়বিশেঘে রাগাদির নিমিত্ত, সংকল্প ব্যতীত আর কোন কারণেই জীবের রাগাদি ছন্মিতেই পারে না । ভাষ্যকার ইহা বুঝাইতে বলিয়াছেন যে, বিষয়ভোগী জীবগণের সেই দেই ভোগ্য বিষয়ে যে রাগ **জন্মে**, তাহা পূর্বানুভূত বিষয়ের অনুসমরণজনিত সংকল্প-জন্য, ইহা সংর্বানুভবসিদ্ধ, স্ন্তরাং নবজাত শিশুর যে প্রথম রাগ, উহাও তাহার পূর্বানুভূত বিষ্যের **অনু**স্মর**ণ**জনিত গংকরজন্য, ইহা অনুমানসিদ্ধ। উদ্যোতকর এই "সংকল্প" শব্দের অর্থ বলিয়াছেন, পূর্বানুভূত বিষয়ের প্রার্থনা। চতুর্থ অধ্যায়ের প্রথম আহ্নিকের ার্বশেষেও ''ন সংকল্পনিমিত্থাদ্রাগাদীনাং'' এইরূপ সূত্র আছে। সেখালেও উদ্দোতকর লিখিয়াছেন, ''অ**নুভূতবিষয়প্রার্থনা সংকর ইত্যুক্তং''। সেখা**নে ভাষ্যকারও বলিয়াছেন যে, রঞ্জনীয়, কোপনীয় ও মোহনীয়—এই ত্রিবিধ ^{নিথ্যা}-সংকল্প হইতে রাগ, ধেষ ও নোহ উৎপন্ন হয়। তাৎপর্যা**টী**কাকার এখানে পূর্বোক্ত কথা বুঝাইতে বলিয়াছেন যে, পূর্বানুভূত কোন বিষ্কের ^{পারাবাহি}ক সমর**ণপ**র**ম্পরাকে চিন্তন** বলে। উহা পূর্বা<mark>নুভবের প*চা</mark>ৎ জন্মে, এজনা উহাকে ''অনুচিন্তন'' বলা যায়। ঐ অনুচিন্তন বা অনুসমরণ ত্রিষয়ে প্রার্থনারূপ সংকরের যোনি, অর্থাৎ কারণ। সংকল্প ঐ অনুচিন্তন-জন্য। পরে ঐ সংকল্পই তৃষ্বিয়ে রাগ উৎপন্ন করে। অর্থাৎ জীব মাত্রই এইরপে তাহার পূর্বানুভূত বিষয়ের অনুচিন্তনপূর্বক ত**হিষ**য়ে প্রার্থনারপ শংকল্প করিয়া রাগ লাভ করে। এ বিষয়ে জীব মাত্রের মনই সাক্ষী। বৃত্তিকার বিশ্বনাথ এখানে ''সংকল্প" শব্দের অর্থ বলিয়াছেন, ই**ট**সাধনত্ব-জ্ঞান। কোন বিষয়কে নিজের ইষ্ট্রপাধন বলিয়া বুঝিলেই, তিহিময়ে

ইচ্ছারূপ রাগ জন্মে। ইষ্ট্রাধনত্ব জ্ঞান ব্যতীত ইচ্ছাই জন্মিতে পারে না। স্ত্রাং নবজাত শিশুর প্রথম রাগের দারা তাহার ইট্ট্যাধনতা ভানের অনুমান করা বায়। তাহা হইলে পুর্নের কোন দিন ভদ্বিষ্বযে তাহার ইট্যাধনত্বের অনুভব হইয়াছিল, ই**হাও স্বী**কার করি**তে** হয়। शुटर्व देष्टेगांधन विनेता अनुस्त न। कत्रित्त देष्टेगांधन विनेता स्मत्रण कता যায় **না ।** ইহজনেম যথম ঐ শিশুন ঐক্লপ অনুভব **জ**নেম নাই, তথম পূর্বজনেমই তাহার ঐ অনুভব জনিয়াছিল, ইহা স্বীকার করিতেই হইবে। "দংকল্ল" শবেদর এখানে যে অর্থই হউক, উহা যে রাগাদির কারণ, ইহা স্বীকার্ব্য। বৌদ্ধ সম্প্রদারও উহা স্বীকার করিয়াছেন । আত্মার উৎপত্তি-বাদীর কথা এই বে, যালাব বে আধারে উৎপত্তি হয়, অর্থাৎ আল্লার যাহা উপাদান-কারণ, উহা হইতে যেমন আল্লার উৎপত্তি স্বীকার করি, তক্ষপ উগ হইতেই আম্বার রাগের উৎপত্তিও স্বীকার করিব। **ঘটা**দি দ্রব্যের উপাদান কারণ মৃত্তিকাদি হইতে যেমন ঘটাদি দ্রব্যের উৎপত্তি হইলে এ মৃত্তিকাদি দ্রব্যের রূপাদি গুণ জন্য ঘটাদি দ্রব্যে রূপাদি গুণের উৎপত্তি হয়, তদ্ধপ আশ্বার উপাদান-কাবণের রাগাদি গুণ হইতে আশ্বারও রাগাদি গুণ জন্মে, ইহাই বলিব। ভাষ্যকার এই পক্ষ খণ্ডন করিতে বলিয়াচেন যে, যদি সংকর ভিন্ন রাগের কারণ থাকিত, অর্থাৎ যদি সংকল্প ব্যতীতভ কোন জীবের কোন বিষয়ে কোন দিন বাগ জনিন্যাছে, ইহ। প্রমাণসিহ হইত, তাহা হইলে আত্মাৰ এরপে রাগোৎপত্তি বলিতে পারা যাইত। কিন্তু ঐ বিষয়ে কিছুবাত্র প্রমাণ নাই। আত্মার উৎপত্তি হয়, এ বিষয়েও কিছুনাত্র প্রমাণ নাই ৷ বস্ততঃ আয়ার উপাদানকরণ স্বীকার করিতা মৃত্তিকাদিতে রূপাদির ন্যায় আত্মার উপাদান-কারণেও রাগাদি আছে, ইয়া কোনরপেই প্রতিপন্ন করা যায় না। আত্মাব উপাদান-কারণে রাগাদি না থাকিলেও, ঘটাদি দ্রব্যে ক্রপাদি গুণের ন্যায় আত্মতে রাগাদি ভন্মিতে: পারে না। পর্বপক্ষবাদীর পরিগৃহীত দুটান্সারে আত্মাতে রাগোৎপত্তি প্রতিপন্ন করা যায় না ৷ সাম্বার উপাদান-কারণ কি হইবে, এবং তাহাতেই বা কিরূপে রাগাদি জন্মিবে, ইফা তাঁহার। প্রতিপর করিতে পারেন না। আধুনিক পাণ্চাভাগণ এসকল বিষয়ে নানা কল্পনা করিলেও আত্মার উৎপত্তি ও তাহার রাগাদির ুল কোথায়, ইহা তাঁহারা দেখাইতে পারেন না। দিতীয আছিকে ভূতহৈতনাবাদ খণ্ডনে এ বিষয়ে অন্যান্য কথা পাওয়া যাইবে।

১। সংকলপ্রভবো রাগো ছেঘো মোহণ্চ কথাতে।—মাধ্যমিককারিকা।

পূর্ব্বপক্ষবাদী আন্তিক মতানুসারে শেষে যদি বলেন যে, ধর্মাধর্মর অদৃষ্টই জীবের ভোগ্য বিষয়ে রাণের কারণ। উহাতে সংকল্প অনা**বশ্য**ক। নবজাত শিশু অদৃষ্টবিশেষবশতঃই স্তন্যাদিপানে রাগযুক্ত হয়। ভাষাকার এতদুত্তরে বলিযাছেন যে, নবজাত শিশুর রাগ্যের কারণ সেই অদুষ্টবিশেষ ও তাহার বর্ত্তমান জন্মের কোন কর্মজন্য না হ'ওযায়, পূর্ব্বশ্রীবসম্বন্ধ বা পূর্বজন্ম স্বীকার করিতেই হইবে ৷ স্তরাং অদুষ্টবিশেষকে রাগের ধারণ বলিতে গেলে পূৰ্ব্ৰপক্ষবাদীর কোন ফল হইবে না, পাছে উহাতে সিদ্ধান্ত-বাদীর পক্ষই সম্থিত হইবে। কেবল অদুট্টবিশেষবশতঃই রাগ জন্মে, ইয়া <mark>সিদ্ধান্ত ন৷ হইলেও, ভা</mark>ঘ্যকার উহা স্বীকার করিয়াই পূর্বপ**কে**র পরিহাবপূর্বেক শেষে প্রকৃত সিদ্ধান্ত প্রকাশ করিতে তন্ময়**ছকে** রাগেব মূল <mark>কারণ</mark> বলিয়াছেন। পুনঃ পুনঃ যে বিষয়াভ্যাসবশতঃ ভ**রিষয়ে** সংস্কার জনেম, সেই বিষয়াভাসের নাম 'তন্ময়র''। ঐ তন্ময়র বশতঃ তথিয*ে*। সং**স্কার জনিমলে তজ্জন্য ত্রিগয়ে** অনুসমরণ হয়, সেই অনুসমরণ জন্য সংকল্পবশতঃ ভদ্বিময়ে রাগ জন্মে, স্মৃতরাং পূর্দের্বাভ্রূপ ভন্মন্ত্রই বার্গের মূল । নবজাত শিশুর পূহর্জনম না থাকিলে, ইমজনেম <mark>প্রথমেই তা</mark>হাৰ ঐ বিষয়াভ্যাসরপে তদময়ত্ব সম্ভব ন। হঙ্গায়, প্রথম রাগ জন্মিতে পারে ন। । প্রশু হইতে পারে বে, কোন ছীব মনুঘাজনেব প্রেট উঠু জন্ম লাভ করিলে, তাহা<mark>র তথন</mark> অব্যবহিতপূর্ব মনুষ্যজন্মের অনু<mark>রূপ মনু</mark>যোচিত রাগাদি ন। হইর। বিজাতীয় সহস্রজন্মবাবহিত উঠুজনেম্ব অনুরূপ রাগাদিই জনেম কেন ? এতদুভাবে ভাষ্যকার শেষে বলিয়াছেন যে,-–জাতিবিশেষ-প্রযুক্তও রাগবিশেষ জনেম। ভাগ্যকারের তাৎপর্য্য এই যে, কর্ম বং ম<mark>দুটবিশেষের ছারা পূৰ্বানুভ</mark>ৰ জন্য সংস্কার **উহুদ্ধ** হটলে, পূৰ্<mark>বানুভূ</mark>ত বিষয়ের অনুসমরণাদি জন্য বাগাদি **জ**নেম । যে বর্জ বা ভদ্**টবিশেষবশ**ঃ উথুজন্ম হয়, সেই কর্লাই বিজাতীয় সহস্যুজন্মব্যবহিত উণুজন্মের সেই সেই সং<mark>স্কারবিশেষকেই উদুদ্ধ ক</mark>রায়, তখন তাহার তদনুরপ রাগাদিই জনেন। উদ্বোধক না থাকার, তখন তাহার মনুষ্যজনেমব সেই সংক্ষার উদুদ্ধ না হওয়ায়, কারণাভাবে মনুঘাজনেমর অনুরাপ রাগাদি জনেম না । যোগদর্শনে মহাঘি প্রঞ্জলিও এই সিদ্ধান্ত ব্যক্ত ক্রিয়াতেন্⁵।

১। ''ততভ্তিপাকানুখণানামেবাভিব্যক্তিব্বাসনানাং''। ''জাতিদেশকালবাবহিতা-নামপ্যানভর্মাং সম্ভিসংস্কারয়োরেকরাপ্রাথ।— যোগদর্শন, কৈবলাপাদ। ৮!৯ সূত্র ও ভাষা দেউবা।

প্রশু হইতে পারে যে, তাহা হইলে অদৃষ্টবিশেঘকে পূর্ব্বোক্ত স্থলে রাগবিশেষের প্রয়োজক না বলিয়া, ভাষ্যকার জাতিবিশেষকই উহার প্রয়োজক কেন বলিয়াছেন ? তাই ভাষাকার শেষে বলিয়াছেন যে, কর্ম্মই জাতি-বিশেষের জনক, স্নতরাং 'জাতিবিশেষ' শব্দের ছার। উহার নিমিত কর্ম বা অদৃষ্টবিশেষকেও বুঝা যায়। অর্থাৎ কর্ল বিশেষ বুঝাইতেও "জাতিবিশেষ" শব্দের প্রয়োগ হইন। থাকে। কারণ, কর্মবিশেষ জাতিবিশেষার্থ। জাতিবিশেষ অর্থাৎ জন্মবিশেষই যাহার এর্থ বা ফল, এমন যে কর্ম্মবিশেষ, তাহাতে "তাদৰ্থ্য" অৰ্থাৎ ঐ জাতিবিশেঘাৰ্থতা থাকায়, "তাচ্ছব্দ্য" অৰ্থাৎ উহাতে ''জাতিবিশেষ'' শব্দের প্রতিপাদ্যতা বুঝা যায়। ''তাদর্থ্য'' অর্থাৎ তারিমিত্ততাবশতঃ যাহা যে শব্দের বাচ্যার্থ নছে, সেই পদার্থেও সেই শব্দের ঔপচারিক প্রয়োগ হইয়া থাকে। যেমন কটার্থ বীরণ "কট" শব্দের বাচ্য না হইলেও, ঐ বীরণ বুঝাইতে ''কটং করোতি'' এই বাক্যে "কট" শব্দের প্রয়োগ হইয়। থাকে। মহাঘি দিতীয় অধ্যায়ের শেষে (৬০ম সূত্রে) নিজেও ইহা প্রকাশ করিয়াছেন। ফলকথা, ভাষ্যকার কর্মবিশেষ বুঝাইতেই ''জাতিবিশেষ'' শব্দের প্রয়োগ করিয়াছেন। স্থতরাং পূ**বের্বাক্তরপ প্রশাের** অবকা**শ** নাই। উপসংহারে ভাষ্যকার **প্রকৃত কথা** বলিয়াছেন যে, সংকল্প ব্যতীত আর কোন কারণেই রাগাদি জন্মিতে পারে না। স্থতরাং পৃর্বেভি যুক্তির দারা আশ্বার নিত্যত্ব অনাদিত্ব ও পূৰ্ব**জ**ন্মাদি অবশ্যই পিদ্ধ হবে। ২স্ততঃ কৃতৰ্ক পরিত্যাগ করিয়া প্রণিধানপূর্বক পূর্বের্বাক্ত যুক্তিসমূহের চিন্তা করিলে এবং শিশুর স্তন্য-शानानि नानाविध क्रियात विरम्घ मरनारयांश कतिरल शृत्वेष्टन्यविषरः मनश्री ব্যক্তির কোন সংশয় থাকিতে পারে না।

মহাঘি ইতঃপূবের্ব আত্মার দেহাদি-ভিন্নত্ব সাধন করিয়া, শেষে এই প্রকরণের হার। আত্মার নিত্যত্ব সাধন করিয়াছেন এবং হিতীয় আহিকে বিশেষরূপে ভূতচৈতন্যবাদের খণ্ডন করিয়া, পুনর্বার আত্মার দেহভিন্নত্ব সমর্থন করিয়াছেন। এখানে আত্মার নিত্যত্ব সিদ্ধ হওয়ায়, তদ্মারাও আত্মা যে দেহাদি-ভিন্ন, ইহা সিদ্ধ হইয়াছে। কারণ, দেহাদি আত্মা হইলে, আত্মা নিত্য হইতে পারে না। পরত্ত আত্মার উৎপত্তি ও বিনাশ নাই; আত্মা নিত্য, ইহা বেদ ও বেদমূলক সর্বশান্ত্রের সিদ্ধান্ত। বেদান্তদর্শনে ভগবান্ বাদরায়ণ বলিয়াছেন, "নাত্মাহশুনতেনিত্যত্বাচ্চ তাভায়" ২।৩।১৭। অর্থাৎ আত্মার উৎপত্তি নাই, যে হেতু উৎপত্তি-প্রকরণে শুন্তিতে আত্মার উৎপত্তি হয় নাই। পরত্ত শ্রুণতিতে আত্মার উৎপত্তি ও বিনাশ

প্রতিষিদ্ধ হইয়াছে। বস্তুত: শুন্তিতে আদার নিতাত্বই বণিত হওয়ায়? "আদা নিত্য" এই প্রতিষ্ঠা আগমমূলক, আদার নিত্যত্বের অনুমান বৈদিক সিদ্ধান্তেরই সমর্থক। স্কুতরাং কেহ আদার অনিত্যত্বের অনুমান করিলে, উহা প্রমাণ হইবে না। উহা শুন্তিবিরুদ্ধ অনুমান হওয়ায়, "ন্যায়াভাস" হইবে। (১ম খণ্ড, ১৬-১৭ পৃষ্ঠা দ্রষ্টব্য)।

পরস্ত মহাঘি আ**ন্থা দেহাদি-ভিন্ন ও নি**ত্য, এই শুন্তিসিদ্ধ ''স**র্ব্বতন্ত্র-**সিদ্ধান্তের" সমর্থন করিতে যেসকল যুক্তির প্রকাশ করিয়াছেন, তদ্যুরা তাঁহার মতে আত্মা যে প্রতি শরীরে ভিন্ন, স্মৃতরাং বহু এবং জ্ঞান, ইচ্ছা প্রভৃতি আত্মারই **গুণ, ইহা**ও সিদ্ধ হইরাছে। আ**ত্মা**ই জ্ঞাতা : আত্মাই সমরণ ও প্রত্যাভিজ্ঞার আশ্রয় এবং ঘ্রাণাদি ইন্দ্রিয়ের মারা আম্বাই প্রত্যক্ষ করে। ইচ্ছা, দ্বেম, প্রযন্ত প্রভৃতি আত্মার লক্ষণ:—ইত্যাদি কণার দ্বার। তাঁহার মতে জ্ঞানাদি আয়ারই গুণ, ইহা অবশ্য বুঝা যায়। ''এঘ হি দ্রষ্টা স্পর্টা ঘ্রাতা রসম্বিত। শ্রোতা" ইত্যাদি (প্রশু উপনিঘৎ ৪।১) শ্রুতিকে অবলম্বন করিয়াই মহম্বি গোত্রম ও কণাদ জ্ঞান আত্মারই গুণ এই সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন। আত্মার সগুণত্বাদী আচার্য্য রামানুজ প্রভৃতিও ঐ <u>শ্</u>রুতিকে অবলম্বন করিয়াছেন। এই**রূপ** ''দর্শনম্পর্শনা-ভ্যানেকার্থগ্রহণাৎ" ইত্যাদি অনেক সূত্রের দার। মহদি গোতমের মতে আত্মা যে প্রতি শরীরে ভিন্ন—বহু, ইহাও ুঝিতে পারা যায়! ন্যায়াচার্য্য উদ্দ্যোতকরও পূর্ব্বাক্ত ''নিয়ন*চ নিরনুমানঃ'' এই সূত্রের ''বাত্তিকে'' ইহা লি**বিয়াছেন^২। এই** অধ্যা<mark>য়ের দিতীয়</mark> আছিকের ৬৬ম ও ৬৭ম পুত্রের খারাও **নহদি গো**তমের ঐ সিদ্ধান্ত ম্পষ্ট বুঝা যায়। ভাষ্যকার বাৎস্যায়ন সেখানে আদ্বার নানাম বা প্রতি শরীরে বিভিন্নম সিদ্ধান্তে দোষ পরিহার করিতেই মহর্ষির সমাধানের ব্যাখ্যা করিয়াছেন এবং পুর্বের্বাক্ত চতুর্দ্ধশ সূত্র ভাষ্যের শেষে এবং দিতীয় আহিকের ৩৭শ সূত্র ও ৫০শ সুত্রের ভাষ্যে আত্মা যে প্রতি শরীরে ভিন্ন, ইহা স্পষ্ট প্রকাশ

১। ন জীবো মৃরতে।—ছান্দোগ্য ।৬।১১।৩। স বা এষ মহানজ আত্মাহজ-রোহমরোহ্যুতোহভয়ো রল্ল।—রহদারণ্যক ।৪।৪।২৫।

^{&#}x27;ন জায়তে মুিয়তে বা বিপশ্চিৎ" 'অজো নিভাঃ শাষ্যতাহ্যং পুরাণঃ।
—কঠোপনিষৎ ৷হা১৮৷

২। বহুত অতএব 'দেশনস্পশনাভ্যামেকার্থগ্রহণাৎ" নান্যদৃষ্টমন্যঃ সমরতীতি শেনরীরদাহে পাতকাভাবাশদিতি। সেয়ং সর্ব্বা ব্যবস্থা দরীরিভেদে স্তি সম্ভবতীতি।
—ন্যায়বার্তিক।

করিয়াছেন। স্থতরাং যাহার। মহাঘি গোতম এবং ভাষ্যকার বাৎস্যায়নকেও অ**দৈতবাদী বলিয়া** প্রতিপন্ন করিতে ইচ্ছা করেন, তাঁহাদিগের ইচ্ছা পূর্ণ হইবার সম্ভাবন। নাই। পরন্ত ন্যায়দর্শনের সমান তম্ত্র বৈশেষিক দর্শনে মহিষ কণাদ প্রথমে "সুখ-দুঃখ-জ্ঞান-িম্পক্তাবিশেষাদৈকাদ্যং" (এ২।১৯) এই সূত্র ছারা আত্মার একছকে পূর্বপক্ষরূপে সমর্থন করিয়া, পরে "ব্যবস্থাতো নানা" (১।২।২১) এই সূত্রের দারা আদ্বার নানাত্ব অর্থাৎ বছ**ত্বই** সিদ্ধান্তরূপে সমর্থন করিয়াছেন। ক**ণাদের ঐ সূত্রের তাৎপর্য্য** এই যে, অভিন্ন এক আন্নাহ প্রতি শরীরে বর্ত্তমান থাকিলে, অর্থাৎ সর্ব্বশরীরবর্ত্তী জীবাত্মা বস্তুতঃ অভিন্ন হইলে, একের স্থখ-দুঃখাদি জন্মিলে সকলেরই স্থ-দু:খাদি জন্মিতে পারে। কিন্ত জন্ম, মৃত্যু, স্থ-দু:খ ও ষ্বর্গ-নরকের ব্যবস্থা আছে, একের জন্মাদি হইলেও অপরের জন্মাদি হয় না। স্থতরাং পূর্বের্বাক্তরূপ ব্যবস্থা বা নিয়নবশতঃ আদ্মা প্রতি শরীরে ভিন্ন, স্থতরাং বছ ইহ। সিদ্ধ হয়। সাংখ্যসূত্রকারও পূর্ব্বোক্ত যুক্তির দারাই আয়ার বহুত্ব সমর্থন করিতে সূত্র বলিয়াছেন, ''জন্মাদিব্যবস্থাতঃ পুরুষবছত্তং" (১।১৪৯)। ভাষ্যকার বাৎস্যায়নও আত্মার বছত্বদাধনে প্রেব্রাক্তরপ যুক্তিরই উল্লেখ করিয়াছেন। কেছ বলিতে পারেন যে, আত্মার একাত্ব শুন্তিসিদ্ধ, স্নতরাং আত্মার বহুত্বের অনুমান করিলেও ঐ অনুমান শুদ্তিবিরুদ্ধ হওয়ায়, প্রমাণ হইতে পারে ন। । এই জন্যই মহাধি কণাদ পরে আবার বলিয়াছেন, "শান্ত্রসামর্থ্যাচ্চ" (এ।২।২১)। কণাদের ঐ সূত্রের তাৎপর্য্য এই যে, **আত্মা**র বহুত্বপ্রতিপাদ**ক যে শান্ত্র** আছে, তাহা জীবাশ্বার বাস্তব বহুত্ব প্রতিপাদনে সমর্থ ৷ কিন্তু আন্বার একত্বপ্রতিপাদক যে শাস্ত্র আছে, তাহা জীবাম্বার একম্বপ্রতিপাদনে সমর্থ নছে। ঐ সকল শাস্ত্র দার। পরমাদ্মারই একত্ব প্রতিপাদিত হইয়াছে। কোন কোন স্থলে জীবাদ্মাকে এক বলা হইলেও সেখানে একজাতীয় অর্থেই এক বলা হইয়াছে, বুঝিতে হইবে। কারণ, জীবাদ্ধার বহুত্ব, শুদ্তিও অনুমান-প্রমাণ হারা সিদ্ধ। স্তরাং জীবান্ধার একম্ব বাধিত। বাধিত পদার্থের প্রতিপাদন করিতে কোন বাক্যই সমর্থ বা যোগ্য হয় না। বহু পদার্থকে এক বলিলে সেখানে "এক" শব্দের একজাতীয় অর্থই বুঝিতে হয় এবং ঐক্পপ অর্থে "এক" শব্দের প্রয়োগও হইয়া থাকে। সাংখ্য-সূত্রকার বলিয়াছেন, ''নাহৈত-শুদতিবিরোধো জাতিপরছাৎ"। ১১১৫৪। কণাদ সূত্রের "উপস্কার"-কর্ত্তা শকর মিশ্র কণাদের ''শাস্ত্রদামর্ধ্যাচ্চ'' এই সূত্রে ''শাস্ত্র' শব্দের ছারঃ ''ৰে ব্ৰদ্ৰনী বেদিতব্যে'' এবং ''ৰা স্থপৰ্ণ। সযুজা সধারা'' ইত্যাদি (মুগুক)

শ্রুতিকেই গ্রহণ করিয়া জীবাত্মার ভেদ সমর্থন করিয়াছেন। শঙ্কর মিশ্রের তাৎপর্য্য এই যে, পূর্ব্বোক্ত শ্রুতির দারা গ্রন্ধ হইতে জীবাদার ভেদ প্রতিপন্ন হওয়ায়, জীবাস্থা গ্রদ্ধস্বরূপ নহে, স্মৃতরাং জীবাস্থা এক নহে, ইহা বুঝা যায়। জীবাদ্ম শ্রদ্রমন্তরূপ না হইলে, আর কোন প্রমাণের দ্বারা জীবাত্মার একত প্রতিপন্ন হইতে পারে না । বস্ততঃ, পূর্ব্বোক্ত মত সমর্থনে নৈয়ায়িক-সম্প্রদায়ের বজবা এই যে, কঠ, এবং খ্রেডাপুতর উপনিঘদে 'চেতনশ্চেতনানাং'' এই বাকোর বারা এক প্রমাদ্বা সম্ভ জীবাদ্বার চৈতন্যসম্পাদক, ইহা কথিত হওয়ায়, উহার হার। জীবাল্লার বছত্ব ম্পষ্ট বুঝা যায়। "চেতনশেচতনানাং" এবং 'একে। বহুনাং যো বিদ্ধাতি কামান্" এই দুইটি বাক্যে ষষ্ঠা বিভক্তির বছবচন এবং "বছ" শব্দের দার। জীবাত্মার বছত সুস্পাইরূপে কথিত হইয়াছে, এবং উক্ত উপনিষদে নানা শুদতির হার। প্রমান্তারই একত্ব বণিত হইরাছে, ইহাও স্পষ্ট বঝা যায়। স্তরাং জীবাত্মা বহু, পরমাত্মা এক, ইহাই বেদের সিদ্ধান্ত। পরমাত্মার একত্বপ্রতিপাদক শাস্ত্রকে জীবাত্মার একত্বপ্রতিপাদক বলিয়া ব্রিয়া বেদের দিদ্ধান্ত নির্ণয় করিলে, উহা প্রকৃত দিদ্ধান্ত হইবে না। অবশা ''ত্থমদি'', "অহং ব্রদ্রাস্মি", ''অয়মান্ধা ব্রদ্র" এবং ''সোহহং'' এই চারি বেদের চারিটি মহাবাক্যের হার। জাব ও ব্রদ্রের অভেদ উপদিট হইয়াছে সত্য, কিন্তু উহা বাস্তবতত্ত্বরূপে উপদিষ্ট হয় নাই। জীব ও ব্রদ্রের অভেদ ধ্যান করিলে, ঐ ধ্যানরূপ উপাসনা মুমুক্ষুর রাগছেঘাদি দোঘের ক্ষীণতা সম্পাদন দ্বার। চিত্তভদ্ধির সাহায্য করিয়া মোক্ষনাভের সাহায্য করে, তাই ঐ**ন্ধপ ধ্যানের** জন্যই অনেক শ্রুতিতে জীব ও ব্রহ্মের **অভেদ** উপদিষ্ট হইয়াছে। কিন্তু ঐ অভেদ বাস্তবতত্ত্ব নহে। কারণ, অন্যান্য বছ শুতি ও বহু যুক্তির হার। জীব ও ব্রহ্মের ভেদই সিদ্ধ হয়। চতুর্থ অধ্যায়ে (১ম আ০ ২১শ সূত্রের ভাষ্যটিপ্পনীতে) এই সকল কথায় বিশেষ আলোচনা পাওয়া যাইবে। মূলকথা, জীবাদ্বার বাত্তব বছছই াহর্ষি কণাদ ও গোতামের সিদ্ধান্ত। স্নতরাং ইহাদিগের মতে জীব ও ্রদ্রের বাস্তব অভেদ সিদ্ধান্ত হইতে পারে না। কারণ, যাহা বস্ততঃ বছ, তাহা এক অম্বিতীয় পদার্থ হইতে অভিন্ন হইতে পারে না। পরম্ভ ভিন্ন विवादे निक इय ।

১। নিজ্যেহনিজ্যানাং চেত্ৰ-শেতজনানামেকো ৰহুনাং যো বিদ্যাতি কামান। —क्ठं ।२।५७। व्यवस्थित ।७।५७।

অহৈতমত-পক্ষপাতী আধুনিক কোন কোন মনীঘী মহঘি কণাদের পূৰ্ব্ৰেক্ত "স্থ্ৰ-দুঃখ-জান" ইত্যাদি সূত্ৰটিকে সিদ্ধান্তসূত্ৰরূপে গ্ৰহণ করিয়া, কণাদও জীবাশ্বার একত্ববাদী ছিলেন, ইহা প্রতিপন্ন করিতে চেটা করিরা**ছেন²। কিন্ত ঐ** অভিনব ব্যাখ্যা সম্প্রদায়-বিরুদ্ধ। ভগবানু শঙ্করাচার্য্য প্রভৃতিও কণাদসূত্রের ঐরপে কোন ব্যাখ্যান্তর করিয়া তদ্মার। নিজ মত সমর্থন করেন নাই। বেবান্তনিষ্ঠ আচার্য্য মধুসুদন সর**ন্থতী**ও শ্রীমনুভগবদুগীতার (২য় অ° ১৪শ সূত্রের) টীকায় নৈয়ায়িক ও মীমাংসক প্রভৃতির ন্যায় বৈশেঘিকমতেও আত্মা যে প্রতি শরীরে ভিন্ন, ইহা স্পষ্ট প্রকাশ করিয়া**ছেন। পরস্ত মহা**ঘি কণাদ বৈশেষিক দর্শনের তৃতীয অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে আন্থার অন্তিমবিষয়ে যে সকল প্রমাণ প্রদর্শন করিয়াছেন, স্থ্**খ, দু:**খ, ইচ্ছা, দ্বেঘ প্রভৃতিকে আন্নার **লিঙ্গ ব**লিয়াছেন, তদ্বার। মহাঘি গোতমের ন্যায় তাঁহার নতেও যে, স্থ্র, দু:খ, জ্ঞান, ইচ্ছা ও বেষ প্রভৃতি আয়ারই গুণ, ননের গুণ নহে, ইহা বুঝা যায়। এবং ষষ্ঠ অধ্যায়ের প্রথম আহ্নিকে ''আত্মান্তরগুণানামাত্মান্তরে কারণত্মাৎ ।৫। এই স্ত্রের **ঘার। তাঁহা**র মতে আ**ত্মা** প্রতি শরীরে ভিন্ন এবং সপ্তণ, ইছা স্থুপাষ্ট বঝিতে পারা যায়। স্থৃতরাং কণাদের মতে আত্মার একত্ব ও নির্গুণবের ব্যাখ্যা করিয়া তাহাকে অবৈতবাদী বলিয়া প্রতিপন্ন করা যায় না ৷ প্রস্ত মহর্ষি ক**ণাদে**র ''ব্যব**স্থাতো নানা'' এই সূত্রে ''ব্যব**হার-দশায়াং" এই বাকোর অধ্যাহার করিয়া ব্যবহারদশায় আত্মা নানা, কিছ প্রমার্থত: আত্ম এক, এইরূপ তাৎপর্য্য ব্যাখ্যা করা যায় না। কারণ, ক্ষণাদের অন্য কোন সূত্রেই তাঁহার ঐরূপ তাৎপর্য্যসূচক কোন কথা নাই। পরস্ত ''ব্যবস্থাতো নানা'' এই সূত্রের পরেই ''শাস্ত্রসাম ্যাচ্চ এই সূত্রের উল্লেখ থাকায়, ''ব্যবস্থা''বশত: এবং ''শাস্ত্রসামর্থ্য''বশত: আত্ম নানা, ইহাই কণাদের বিবক্ষিত বুঝা যায়। কারণ, শেষ সূত্রে "চ" শব্দের হার। উহার অব্যবহিত পূ**র্ব্ব**সূত্রোক্ত ''ব্যবস্থা'' রূপ হেতুরই সমুচ্চয় বু^{ঝা} যায়। অব্যবহিত পুর্ব্বোক্ত সন্ধিহিত পদার্থকে পরিত্যাগ করিয়া "চ" শব্দের ছার। অন্য সূত্রোক্ত হেতুর সমুচ্চয় গ্রহণ করা যায় না। স্থ্তরাং "ব্যবস্থাত: শাস্ত্রশামর্থাাচ্চ আত্মা নানা" এইরূপ ব্যাখ্যাই কণাদের অভিমত বলিয়া ুঝ। যায়। কণাদ শেষসূত্রে ''সামর্থ্য' শব্দ ও ''চ'' শব্দের প্রয়োগ কেন করিয়াছেন, ইহাও চিন্তা করা আবশ্যক। পরস্ক আত্মার

১। সর্ব্বশাল্পারদশী পূজাপাদ মহামহোপাধ্যায় চল্লকাভ তর্কালভার মহোদ্য কৃত বৈশেষিক দর্শনের ভাষা ও "ফেলোসিগের লেক্চর" প্রভৃতি দু**উ**ব্য ।

একছই কণাদের সাধ্য হইলে এবং তাঁহার মতে শাস্ত্রসামর্থ্যবশতঃ
আন্ধার নানাত্ব নিষেধ্য হইলে তিনি 'ব্যবস্থাতো নানা' এই সুত্রের হারা
পূর্ব্বপক্ষর্রপে আত্মার নানাত্ব সমর্থন করিয়। "ন শাস্ত্রসামর্থ্যাৎ" এইরূপ
সূত্র বলিয়াই, তাঁহার পূর্ব্বসূত্রোক্ত আত্মনানাত্ব পূর্ব্বপক্ষের খণ্ডন করিতেন,
তিনি ঐরপ সূত্র না বলিয়। "শাস্ত্রসামর্থ্যাচ্চ" এইরূপ সূত্র কেন
বলিয়াছেন এবং ঐত্মলে তাঁহার ঐ সূত্রেটি বলিবার প্রয়োজনই বা কি,
ইহাও বিশেদরূপে চিন্তা করা আবশ্যক। স্থধীগণ পূর্ব্বোক্ত সমন্ত
কথাগুলি চিন্তা করিয়। কণাদ-সূত্রের অবৈত্যতে নবীন ব্যাখ্যার সমালোচনা
করিবেন।

বম্বত: দর্শনকার মহর্ষিগণ অধিকারি-বিশেষের জন্য বেদানুসারেই নান। বিদ্ধান্তের বর্ণন করিয়াছেন। সমন্ত দশনেই অ**হৈ**তসিদ্ধান্ত **অথ**ব। অন্য কোন একই সিদ্ধান্ত বণিত ও সম্থিত হইয়াছে, ইহা কোন দিন কেহ ব্যাখ্যা করিয়া প্রতিপন্ন করিতে পারিবেন না, ইহা পরম সত্য। ভগবান্ শঙ্করাচার্য্য ও সর্ব্বতন্ত্রস্বতন্ত্র শ্রীমদ্বাচম্পতি মিশ্র প্রভৃতি দার্শনিক আচার্য্যগণ কেহই ঘড়্দর্শনের ঐক্লপ সমনুয় করিতে যান নাই। সভ্যের অপলাপ করিয়া কেবল নিজের বৃদ্ধিবলে বিসময়জনক বিশাসবশত: পূর্বাচার্য্যগণ কেহই ঐরপে অসম্ভব সমনুদ্রের জদ্য বৃথা পরিশ্রম করেন নাই। পূর্ব্বাচার্য্য মহালৈয়ায়িক উদয়নাচার্য্য 'বৌদ্ধাধিকার' গ্রন্থে সমনুরেম একপ্রকার পছা প্রদর্শন করিয়াছেন। "জৈমিনির্যদি বেদজঃ" ইত্যাদি স্থপ্রাচীন শ্লোকও তিনি উদ্ধৃত করিয়াছেন। চতুর্প অধ্যায়ের প্রথম আছিকের ২১শ সূত্রের ভাষ্য-টিপ্পনীতে উদয়নাচার্য্যের ঐ সমস্ত কথা এবং দৈতবাদ, অদৈতবাদ, ৰিশিষ্টাৰৈত্বাদ হৈতাহৈত্বাদ, অচিষ্ক্যতেদাতেদবাদ প্ৰভৃতির আলোচনা দ্রষ্টব্য। পরস্ক অবৈতমতে সকল দর্শনের ব্যাখ্যা করা গেলে, শঙ্কর প্রভৃতির অহৈত্যত সমর্থন করিবার জন্য বিরুদ্ধ নান। মতের খণ্ডন করার কোনই প্রয়োজন ছিল না। প্রীমদ্ভগবদ্গীতার ২য় অ° ১৪**শ সূত্রের টী**কায় মধুসূদন সরস্বতী আশ্ববিষয়ে যে নান। বিরুদ্ধ মতের উল্লেখ করিয়াছেন—তাহারও কোন প্রয়োজন ছিল না। ঋষিগণ সকলেই আহৈওসিদ্ধান্তই প্রকাশ করিয়াছেন, ইহা বলিতে পারিলে ভগবান্ শঙ্কর প্রভৃতি অবৈতবাদী আচার্য্যপণ কেন তাহা বলেন নাই. এ সকল কথাও চিন্তা করা আবশ্যক।

ঠ। জৈমিনির্যাদ বেদভঃ কগাদো নেতি কা প্রমা। উভৌ চ যদি বেদভৌ ব্যাখ্যাভেদন্ত কিং কৃতঃ॥

ফলকথা, ঋষিদিগের নানাবিধ বেরুদ্ধ মত স্বীকার করিয়াই ঐ সকল মতের সমনুয়ের চিন্তা করিতে হইবে। ইহা ভিন্ন সমনুয়ের আর কোন পছ। নাই। স্বয়ং বেদব্যাসও শ্রীমদ্ভাগবতের একস্থানে নিজের পূর্ব্বোক্ত বিরুদ্ধ বাক্যের ঐ ভাবেই সমনুয় সমর্থন করিয়া অন্যত্রেও ঐ ভাবেই বিরুদ্ধ ঋষি-বাক্যের সমনুয়ের কর্ত্ব্যতা সূচনা করিয়া গিয়াছেন ।। ২৬।।

আগ্নিত্যপথকরণ সমাপ্ত ।। ৫ ।।

ভাষ্য। অনাদিশেতনম্য শরীরযোগ ইত্যুক্তং, স্বকৃতকর্মনিমিত্তঞ্চাম্য শরীরং স্বথছংখাধিষ্ঠানং, তৎ পরীক্ষ্যতে—কিং আগাদিবদেক প্রকৃতিকমৃত নানাপ্রকৃতিকমিতি। কৃতঃ সংশয়ঃ ! বিপ্রতিপত্তেঃ সংশয়ঃ। পৃথিব্যাদীনি ভূতানি সংখ্যাবিকল্পেন শরীরপ্রকৃতিরিতি প্রতিজ্ঞানত ইতি।

কিং তত্ৰ তত্বং ?

অমুবাদ। চেডনের অর্থাৎ আত্মার শরীরের সহিত সম্বন্ধ অনাদি,
ইহা উক্ত হইয়াছে। স্থখছাথের অধিষ্ঠানরপ শরীর এই আত্মার
নিজকৃত কর্মজন্তই, সেই শরীর পরীক্ষিত হইতেছে, (সংশয়) শরীর
কি ঘাণাদি ইন্দ্রিয়ের স্থায় একপ্রকৃতিক ? অথবা নানাপ্রকৃতিক ?
অর্থাৎ শরীরের উপাদান-কারণ কি একই ভূত ? অথবা নানা ভূত ?
(প্রশ্ন) সংশয় কেন ? অর্থাৎ কি কারণে শরীর-বিষয়ে পূর্ব্বোক্তরপ
সংশয় হয় ? (উত্তর) বিপ্রতিপত্তিপ্রযুক্ত সংশয় হয়। সংখ্যা-বিকয়ের
দ্বারা অর্থাৎ কেহ এক ভূত, কেহ ছই ভূত, কেহ তিন ভূত, কেহ চারি
ভূত, কেহ পঞ্চ ভূত, এইরপ বিভিন্ন কল্পে পৃথিব্যাদি ভূতবর্গ শরীরের
উপাদান—ইহা (বাদিগণ) প্রতিজ্ঞা করেন।

(প্রশ্ন) তন্মধ্যে তত্ত্ব কি ?

১। ইতি নানা প্রসংখ্যানং তত্ত্বানামূষিভিঃ কৃতং।
সর্কাং ন্যাযাং মূজিমত্ত্বাদ্ বিদুষ্যং কিমশোডনং।—শ্রীমতাগবত ১১৯২২।২৫।
২। এক-খি-দ্বি-চতুঃ-পঞ্-প্রকৃতিকতামাত্মিত শ্রীদ্বস্য বাদিনঃ, সোহয়ং সংখ্যাবিকল্পঃ।—তাৎপ্রাতীকা।

সূত্র। পার্থিবং গুণাস্তরোপলব্ধেঃ ॥২৭॥২২৫॥

অনুবাদ। (উত্তর) [মনুষ্যশরীর] পাথিব, যেহেতু (তাহাতে) গুণাস্করের অর্থাৎ পৃথিবীমাত্রের গুণ গন্ধের উপলব্ধি হয়।

ভাষা। তত্র মাসুষং শরীরং পার্থিবং। কন্মাৎ ? গুণান্তরোপলরেঃ। গন্ধবতী পৃথিবী, গন্ধবচ্চ শরীরং। অবাদীনামগন্ধতাৎ তৎপ্রকৃত্যগন্ধং স্থাৎ। ন ছিদমবাদিভিরসংপৃক্তয়া পৃথিব্যারকং চেষ্টেন্দ্রিয়ার্থাঞ্জয়ভাবেন কল্পতে, ইত্যতঃ পঞ্চানাং ভূতানাং সংযোগে সতি শরীরং ভবতি। ভূতসংযোগো হি মিথঃ পঞ্চানাং ন নিষিদ্ধ ইতি। আপ্যতৈজ্ঞসবায়ব্যানি লোকান্তরে শরীরাণি, ভেষপি ভূতসংযোগঃ পুরুষার্থতন্ত্র ইতি। স্থাল্যাদিক্রব্যনিস্পত্তাবপি নিঃসংশয়ো নাবাদিসংযোগমন্তরেণ নিপ্পত্তিরিতি।

অনুবাদ। তন্মধ্যে মানুষশরীর পার্থিব, (প্রশ্ন) কেন । (উত্তর)
যেহেতু গুণান্তরের (গন্ধের) উপলব্ধি হয়। পৃথিবী গন্ধবিশিষ্ট,
শরীরও গন্ধবিশিষ্ট। জলাদির গন্ধশৃহ্যতাবশতঃ "তৎপ্রকৃতি" অর্থাৎ
সেই জলাদি ভূতই যাহার প্রকৃতি বা উপাদান-কারণ, এমন হইলে
(ঐ শরীর) গন্ধশৃহ্য হউক । কিন্তু এই শরীর জলাদির দ্বারা
অসংযুক্ত পৃথিবীর দ্বারা আরক্ষ হইলে চেষ্টাঞ্রয়, ইন্দ্রিয়াঞ্রয় এবং
ম্থ-তুঃখন্ধপ অর্থের আশ্রয়ন্ত্রপে সমর্থ হয় না, অর্থাৎ ঐরপ হইলে
উহা শরীরের লক্ষণাক্রান্তই হয় না, এজহ্য পঞ্চভূতের সংযোগ
বিদ্যমান থাকিলেই শরীর হয়। কারণ, পঞ্চভূতের পরস্পর ভূতসংযোগ
(অহ্য ভূতচভূষ্টয়ের সহিত সংযোগ) নিষিদ্ধ নহে, অর্থাৎ উহা সকলেরই
মীকৃত। লোকান্তরে অর্থাৎ বন্ধণাদি লোকে জলীয়, তৈজস ও
বায়বীয় শরীরসমৃহ আছে, সেই সমন্ত শরীরেও "পুরুষার্থতিন্ত্র" অর্থাৎ
পুরুষ বা আত্মার উপভোগ-সম্পাদক "ভূতসংযোগ" (অহ্য ভূতচতুষ্টয়ের বিলক্ষণ সংযোগ) আছে। স্থালী প্রভৃতি জ্বোর উৎপার্ভিতেও

জলাদির সংযোগ ব্যতীত (ঐ সকল জব্যের) নিষ্পত্তি হয় না, এজগ্য (পূর্ব্বোক্ত ভূতসংযোগ) "নি:সংশয়" অর্থাৎ সর্ব্বসিদ্ধ।

টিপ্পনী। মহধি আত্মার পরীক্ষার পরে ক্রমানুসারে অবসরসঞ্চতিবশতঃ শরীরের পরীক্ষা করিয়াছেন। ভাষ্যকার এই পরীক্ষায় আর এক প্রকার नक्छि धमर्नेत्व कना ध्रथस विवाहिन त्य, आषात नतीतनवक कनामि, ইহা আত্মনিত্যত্বপ্রকরণে উক্ত হইয়াছে। আত্মার ঐ শরীর তাহার স্লখ-**দু:খের** অধিষ্ঠান, **স্ত্ত**রাং উহা **আত্মারই** নিজকৃত কর্মজন্য। অতএব শরীর পরীক্ষিত হইলেই আত্মার পরীক্ষা সমাপ্ত হয়, এজন্য মহন্দি আত্মার পরীক্ষার পরে শরীরের পরীক্ষা করিয়াছেন। সংশয় ব্যতীত পরীক্ষা হয় না. এজন্য ভাষ্যকার শরীরবিষয়ে বিপ্রতিপত্তিপ্রযুক্ত সংশয় প্রদর্শন করিতে বলিয়াছেন যে, বাদিগণ কেহ কেহ কেবল পৃথিবীকে, কেহ কেহ পৃথিবী ও জনকে, কেহ কেহ পৃথিবী, জন ও তেজকে, কেহ কেহ পৃথিবী, জন, তেজ ও বায়ুকে, কেহ কেহ পৃথিব্যাদি পঞ্চতুতকেই এক্লপ সংখ্যাবিকন্ধ আশ্রয় করিয়া মনুষ্য-শরীরের উপাদান বলেন এবং হেতুর মারা সকলেই ম্ব স্ব মত সমর্থন করেন। স্থতরাং মনুষ্য শরীরের উপাদান বিষয়ে বাদিগণের পর্ব্বোক্তরূপ বিপ্রতিপত্তি থাকায়, ঐ শরীর কি ঘ্রাণাদি ইন্দ্রিয়ের ন্যায় এক-জাতীয় উপাদানজন্য ? অথবা নানাজাতীয় উপাদানজন্য ? এইরূপ সংশয় হয়। স্মৃতরাং ইহার মধ্যে তত্ত্ব কি, তাহা বলা আবশ্যক। কারণ, যাহা তম, তাহার নিশ্চয় হইলেই পূর্ব্বোক্তরূপ দংশয় নিবৃত্তি হয়। তাই মহঘি এই সূত্রের হার। তম্ব বলিয়াছেন, "পার্থিবং"। শরীরপরীক্ষাপ্রকরণে মহর্ঘি ''পাথিব'' শব্দের ছারা শরীরকেই পাথিব বলিয়াছেন, ইছা প্রকরণবশত: বুঝা যায়, এবং মনুঘ্যাধিকার শাল্তে মুমুক্তু মনুষ্যের শরীরবিষয়ক তম্বজ্ঞানের জন্যই শরীরের পরীক্ষা ফরায়, মনুষ্য শরীরকেই মহন্দি পার্থিব বলিয়া ত্ত প্রকাশ করিয়াছেন, ইহাও বুঝা বায়। তাই ভাষ্যকার সূত্রার্থ বর্ণনায় প্রথমে ''মানুঘং শরীরং'' এই বাক্যের অধ্যাহার করিয়াছেন। বস্ততঃ मनुषारलोकच मगरु भंतीत्रहे गानुष-भंतीत विलया **এখানে গ্রহণ করা याग्र**ी মনুষ্য-শরীরের পাথিবছদাধনে মহটি হেতু বলিয়াছেন,—গুণাল্করোপল্জি। অৰ্থাৎ জলাদি ভূতচতুষ্টয়ের গুণ হইতে বিভিন্ন গুণ যে গদ্ধ, তাহা মনুঘ্য-भंदीता छेशनक रग्न। शक्त शृथिवीय। त्यात्र श्वन, छेरा जनानित्र श्वन नत्र, ইহা কণাদ ও গৌডমের সিদ্ধান্ত। স্থতরাং তদনুসারে মনুষ্য-শরীরে ^{গদ্ধ} হেতুর ছারা পাথিবছ সিদ্ধ হইতে পারে। বাহা গদ্ধবিশিষ্ট, তাহা পৃথিবী,

মনুষ্য-শরীর যখন গন্ধবিশিষ্ট, তখন তাহাও পৃথিবী, এইরূপ অনুমান হইতে পারে। উক্তরূপ অনুমান সমর্থন করিতে ভাষ্যকার পরেই বলিয়াছেন বে, क्रनांपिटक शंक्ष ना थोकांग्र, क्रनांपिटक मनुष्य-मंत्रीदतत छेशांपान वना यांग्र ना । কারণ, তাহা হইলে ঐ শরীরও গদ্ধশ্ন্য হইয়া পড়ে। অবশ্য মন্ঘ্য-শরীরের উপাদান কেবল পৃথিবী হইলেও, ঐ পৃথিবীতে জলাদি ভূত-চতুষ্টমেরও সংযোগ আছে। নচেৎ কেবল পুথিবীর হার। উহার স্ফট্টি হইলে, উহা চেষ্টাশ্রম, ইন্সিয়াশ্রম ও সুখদু:খের অধিষ্ঠান হইতে পারে না, —অর্থাৎ উহা প্রথম অধ্যায়োজ শরীরলক্ষণাক্রান্ত হইতে পারে না। কারণ, উপভোগাদি-সমর্থ না হইলে, তাহা শরীরপদবাচ্যই হয় না। স্বতরাং মনুষ্যশরীরে পৃথিবী প্রধান বা উপাদান হইলেও তাহাতে জলাদি ভূতচতুষ্টয়েরও সংযোগ থাকে। পঞ্চভূতের ঐব্বপ পরস্পর সংযোগ হইতে পারে। এইরূপ বরুণলোকে, সূর্যালোকে ও বায়ুলোকে দেবগণের যথাক্রমে জনীয়, তৈজ্ঞদ ও বায়বীয় যে সমস্ত শরীর আছে, তাহাতে জ্ঞল, তেজ ও বায়ু প্রধান বা উপাদান-কারণ হইলেও তাহাতে অনা ভূতচতু্টয়ের উপ**টন্তরূপ বিলক্ষণ** সংযোগ আ**ছে**। কার**ণ,** পৃথিবীর উপটন্ত ব্যতীত এবং অন্যান্য ভূতের উপষ্টম্ভ ব্যতীত কোন শরীরই উপভোগসমর্থ হয় না। পৃথিবী ব্যতীত অন্য কোন ভূতের কাঠিন্য নাই। স্থতরাং শরীরমাত্রেই পৃথিবীর উপষ্টম্ভ আবশ্যক। বৃত্তিকার বিশ্বনাথ এই তাৎপর্য্যেই ভাষ্যকারের "ভুতসংযোগঃ" এই বাক্যের ব্যাখ্যা করিয়াছে—"পৃথিব্যুপইন্তঃ"। যে সংযোগ অবয়বীর জনক হইয়। তাহার সহিত বিদ্যমান থাকে, সেই বিলক্ষণ-সংযোগকে "উপইন্ত" বলে। ভাষ্যকার তাঁহার পূর্ব্বোক্ত সিদ্ধান্ত সমর্থন করিতে শেষে বলিয়াছেন যে, স্থালী প্রভৃতি পার্থিব দ্রব্যের উৎপত্তিতেও উহার উপাদান পৃথিবীর সহিত জলাদির ভূতচতুইয়ের সংযোগ আছে, এ বিষয়ে কাহারও কোন সংশয় নাই। কারণ, ঐ জলাদির সংযোগ ব্যতীত ঐ স্থানী প্রভৃতি পাণিব দ্রব্যের যে উৎপত্তি হইতে পারে না, ইহা স**র্ব্বসিদ্ধ।** স্নতরাং ঐ স্থানী প্রভৃতি পাথিব দ্রব্যদৃ**ষ্টান্ডে মনুম্যদেহরূপ** পাথিব দ্রব্যেও জলাদি ভূতচতুষ্টয়ের বিলক্ষণ সংযোগ সিদ্ধ হয়, ইহাই ভাষ্যকারের শেষকথার মূল তাৎপর্যা ।। ২৭।।

সূত্র। পার্থিবাপ্যতৈজ্ঞসং তদ্গুণোপলব্ধেঃ ॥২৮॥২২৬॥
অন্থাদ। (প্র্বেপক্ষ) মন্ত্র্যু-শরীর পার্থিব, জলীয়, এবং ভৈজ্ঞস,

অর্থাৎ পৃথিব্যাদি ভূতত্রয়ই মহুয়াশরীরের উপাদান। কারণ, (মহুয়া-শরীরে) সেই ভূতত্রয়ের গুণের অর্থাৎ পৃথিবীর গুণ গন্ধ এবং জ্বলের গুণ স্নেহ এবং তেজ্বের গুণ উষ্ণস্পর্শের উপলব্ধি হয়।

সূত্র। নিঃশ্বাসোচ্ছ্বাসোপলব্ধেশ্চাতুর্ভে তিকং।। ।।২৯।।২২৭॥

অমুবাদ। (পূর্বপক্ষ) নিঃখাস ও উচ্ছাসের উপলব্ধি হওয়ায়,
মসুযা-শরীর চাতুর্ভোতিক, অর্ধাৎ পৃথিব্যাদি ভূতচতুষ্টয়ই মসুযা-শরীরের
উপাদান।

সুত্র। গন্ধ-ক্লেদ-পাক-ব্যুহাবকাশদানেভ্যঃ পাঞ্চ-ভৌতিকং ॥৩০॥২২৮॥

অন্থবাদ। (পূর্ববিপক্ষ) গন্ধ, ক্রেদ, পাক, বুাহ অর্থাৎ নি:শ্বাসাদি এবং অবকাশদান অর্থাৎ ছিদ্রবেশতঃ মনুয়া-শরীর পাঞ্চভৌতিক, অর্থাৎ পঞ্চভুত্তই মনুয়া-শরীরের উপাদান।

ভাষ্য। ত ইমে সন্দিঝা হেতব ইত্যুপেক্ষিতবান্ সূত্রকার:।
কথং সন্দিঝা: ? সতি চ প্রকৃতিভাবে ভ্তানাং ধর্মোপলন্ধিরসতি চ
সংযোগাপ্রতিষেধাৎ সন্নিহিতানামিতি। যথা স্থাল্যামূদকতেকো
বায়্বাকাশানামিতি। তদিদমনেকভ্তপ্রকৃতি শরীরমগন্ধমরসমরূপমস্পর্শঞ্
প্রকৃত্যসূবিধানাৎ স্থাৎ; ন ছিদমিখন্তুতং; তন্মাৎ পার্থিব গুণান্তরোপলাকে:।

অমুবাদ। সেই এই সমস্ত হেতৃ সন্দিয়, এফ্রন্স স্ত্রকার উপেক্ষা করিয়াছেন, অর্থাৎ মহর্ষি প্র্বোক্ত হেতৃত্রয়কে সাধ্যসাধক বলিয়া স্বীকার করেন নাই। (প্রশ্ন) সন্দিয় কেন? অর্থাৎ প্র্বোক্ত হেতৃত্রয়ে সন্দেহের কারণ কি? (উত্তর) পঞ্চভূত্রের প্রকৃতিত্ব থাকিলেও অর্থাৎ মহুয়-শরীরে পঞ্চভূত উপাদানকারণ হইলেও (তাহাতে পঞ্চভূতের) ধর্মের উপলব্ধি হয়, না থাকিলেও (পঞ্চভূতের প্রকৃতিত্ব না থাকিলেও)

সন্নিহিত অর্থাৎ মুম্যু-শরীরে সংযুক্ত জলাদি ভূতচভূষ্টয়ের সংযোগের অপ্রতিষেধ (সতা) বশতঃ সন্নিহিত জলাদি ভূতচভূষ্টয়ের ধর্ম্মের উপলব্ধি হয়। যেমন স্থালীতে জল, তেজ, বায়ু ও আকাশের সংযোগের সত্তাবশতঃ (জলাদির) ধর্মের উপলব্ধি হয়।

সেই এই শরীর অনেক-ভ্তপ্রকৃতি হইলে, অর্থাৎ পৃথিবী প্রভৃতি বিজ্ঞাতীয় অনেক ভ্ত শরীরের উপাদান হইলে, প্রকৃতির অফুবিধান-বশতঃ অর্থাৎ উপাদান-কারণের রূপাদি বিশেষগুণজ্ঞাই তাহার কার্যান্তব্যে রূপাদি জ্ঞানে, এই নিয়মবশতঃ (ঐ শরীর) গন্ধণৃত্য, রসশৃত্য রূপশৃত্য ও স্পর্শশৃত্য হইয়া পড়ে, কিন্তু এই শরীর এবস্ভৃত অর্থাৎ গন্ধাদিশৃত্য নহে, অভএব গুণাস্তরের উপলব্ধিবশতঃ পার্থিব, অর্থাৎ মন্ত্র্যাণরীরে পৃথিবীমাত্রের গুণ—গন্ধের উপলব্ধি হওয়ায়, উহা পার্থিব।

টিপ্পনী। মহবি শরীর-পরীকায় প্রথম সূত্রে মনুষ্য-শরীরের পাথিবছ গিদ্ধান্ত সমর্থনপূর্বক পরে পূর্বেরাক্ত তিন সূত্রের **দার। ঐ বিষয়ে মতান্তর** প্রকাশ **কর**তঃ পূ**র্বপক্ষ** প্রকাশ করিয়াছেন। মনুষ্য-শরীরের উপাদান-বিষয়ে ভাষ্যকার পুর্বে যে বিপ্রতিপত্তি প্রকাশ করিয়া তৎপ্রযুক্ত সংশয় প্রদর্শন করিয়াছেন, তদুার। পুর্বপক বুঝা গেলেও কোন্ হেতুর ছার। কিরূপ পূ**র্ব্বপক্ষ সম্থিত হইয়াছে, প্রাচীন কাল হইতে মনু**ষ্য-শ্রীবের উপাদানবিষয়ে কিন্ধপ মতভেদ আছে, ইহা প্রকাশ করা আবশ্যক। মহর্ষি শরীরপরীক্ষা-প্রকরণে আবশ্যকবোধে তিন সূত্রের দারা নিজেই তাহা প্রকাশ করিয়াছেন। তদ্মধ্যে প্রথম সূত্রের কথা এই যে, মনুষ্য-শরীরে ষেমন পৃথিবীর অসাধারণ গুণ গদ্ধের উপলব্ধি হয়, তক্ষপ জলের অসাধারণ গুণ স্বেহ ও তেজের অসাধারণ গুণ উষ্ণ ম্পর্শেরও উপলব্ধি হয়। স্কুতরাং মনুষ্য-শরীর কেবল পাথিব নহে, উহা পাথিব, জ্বলীয় ও তৈজ্ঞস অাৎ পুর্ব্বোক্ত যুক্তিতে পৃথিবী, জল ও তেজ এই ভূতত্রয়ই মনুষ্য-শরীরের উপাদান-কারণ। দিতীয় সূত্রের কথা এই যে, পৃথিব্যাদি ভূতত্রয়ের সহিত চতুর্থ ভূত বায়ুও মনুঘ্য-শরীরের উপাদান-কারণ। কারণ, প্রাণধায়র ব্যাপারবিশেষ যে নি:শ্বাদ ও উচ্ছাদ, তাহাও ঐ শরীরে উপলব্ধ হয়। তৃতীয় সূত্রের কথা এই যে, মুঘ্য-শরীরে গন্ধ থাকায় পৃথিবী, ক্লেদ থাকায়

জল ; জঠরাগ্রির দ্বারা ভুক্ত বস্তুর পাক হওয়ায় তেজ, ব্যুহ > অর্থাৎ নি:শ্বাসাসি থাকায় বায়ু, অবকাশ দান অর্থাৎ ছিদ্র থাকায় আকাশ, এই পঞ্চ ভূতই উপাদান-কারণ। ভাষ্যকার বলিয়াছেন যে, মতান্তরবাদীদিগের এই সমন্ত হেতু সন্দিগ্ধ বলিয়া মহর্ষি উহা উপেক্ষা করিয়াছেন। সন্দিগ্ধ কেন ? এতদুত্তরে বলিয়াছেন যে, মনুঘ্যশরীরে যে পঞ্চততের ধর্মের উপলব্ধি হয়, তাহা পঞ্জুত উহার উপাদান হইলেও হইতে পারে, উপাদান না হইলেও হইতে পারে। কারণ, মনুষ্য-শরীরে কেবল পৃথিবী উপাদান-কারণ, জলাদি ভ্তচতুষ্ট্য নিমিত্তকারণ, এই সিদ্ধান্তেও উহাতে জলাদি ভ্তচতুষ্ট্য সন্ধিহিত অর্থাৎ বিলক্ষণসংযোগবিশিষ্ট থাকায়, মনঘ্যশ্রীরের অন্তর্গত জলাদিগত স্নেহাদিরই উপলব্ধি হয়, ইহা বলা যাইতে পারে। পৃথিবী যার৷ স্থালী নির্মাণ করিলে তাহাতে জলাদি ভ্তচতুষ্টমেরও বিলক্ষণ সংযোগ থাকে, উহাতে ঐ ভূতচতুষ্টয় নিমিত্তকারণ হওয়ায়, ঐ সংযোগ অবশ্য স্বীকার্য্য—উহা প্রতিষেধ কর। যায় না, তদ্ধপ কেবল পৃথিবীকে মনুষ্য-শরীরের উপাদান-কারণ বলিলেও তাহাতে জলাদি ভূত-চতুষ্টরের সংযোগও অবশ্য আছে, ইহা প্রতিষিদ্ধ হয় নাই। স্মৃতরাং জনাদি ভূতচতুটয় ম**নু**ঘ্য-শ**রী**রের উ<mark>পাদান-কা</mark>রণ না হইলেও ক্ষেহ, উঞ্চপর্শ নি:শ্বাসাদি ও ছিদ্রের উপলব্ধির কোন অনুপপত্তি নাই। মতান্তরবাদীর। স্নেহাদি যেসকল ধর্মকে হেতু করিয়। মনুষ্য-শরীরে জলীয়ত্বাদির অনুমান করেন, ঐসকল হেতু মনু্ঘ্য-শরীরে সাক্ষাৎ-সন্বন্ধে আছে কি না, এইরূপ সন্দেহবশত: উহা হেতু হইতে পারে না। ঐসকল হেত সাক্ষাৎসম্বন্ধে মন্দ্য-শরীরে নির্বিবাদে সিদ্ধ হইলেই, উহার দারা সাধ্যসিদ্ধি হইতে পারে। ভাষ্যকার পরে মহধির সিদ্ধান্ত সমর্থন করিতে বলিয়াছেন যে, অনেক ভূত মনুঘ্য-শরীরের উপাদান হইলে, উহা গ্রুশ্ন্য, রসশুন্য, রূপশুন্য ও স্পর্শশুন্য হইয়া পড়ে। ভাষ্যকারের তাৎপর্য্য এই বে, পৃথিবী ও জল মনুষ্য-শরীরের উপাদান হইলে উহাতে গন্ধ জন্মিতে পারে না। কারণ, জলে গন্ধ নাই। পৃথিবী ও তেজ মনুষ্য-শরীরের উপাদান হইলে গন্ধ ও রস—এই উভয়ই জন্মিতে পারে না। কারণ, তেজে গ**ন্ধ** নাই ; রসও নাই। পৃথিবী ও বায়ু মনুঘ্য-শ্রীরের উপাদান হইলে উহাতে গদ্ধ, রুস ও রূপ জন্মিতে পারে না। কারণ, বায়ুতে গন্ধ, রুস ও রূপ নাই। পৃথিবী ও আকাশ মনুষ্য-শরীরের উপাদান হইলে আকাশে গন্ধাদি না

১। ব্যহো নিঃখাসাদিঃ, অবকাশদানং ছিদ্রং ।--বিশ্বনাথবৃতি।

থাকায়, ঐ শ্রীরে গদ্ধাদি জন্মিতে পারে না। এই ভাবে জন্যান্য পক্ষেরও দোষ ব্রিতে হইবে। ন্যায়বান্তিকে উদ্যোতকর ইহা বিশদরূপে প্রকাশ করিয়াছেন। তাৎপর্যাটীকাকার উদ্যোতকরের অভিস**দ্ধি** বর্ণন করিয়াছেন যে, পাথিব ও জলীয় দুইটি পরমাণু কোন এক দ্বাণুকের উৎপাদক হইতে পারে না। কারণ, উহার মধ্যে জনীয় পরমাণুতে গন্ধ না থাকার, ঐ হাণুকে গদ্ধ জন্মিতে পারে না। পাথিব পরমাণুতে গদ্ধ থাকিলেও, ঐ এক অবয়বস্থ একগন ঐ ছাণুকে গদ্ধ জন্মাইতে পারে না। কারণ, এক কারণগুণ কখনই কার্য্যন্ত্রের গুণ জন্মায় না। অবশ্য দুইটি পাথিব পরমাণু এবং একটি জলীয় পরমাণু—এই তিন প্রমাণুর ছারা কোন দ্রব্যের উৎপত্তি হইলে, তাহাতে পার্থিব প্রমাণুছয়গত গন্ধ-ষয়রূপ দুইটি কারণগুণের ছার। গন্ধ উৎপন্ন হইতে পারে, কিন্তু তিন পরমাণু বা বহু পরমাণু কোন কার্যান্তব্যের উপাদানকারণ হয় না । কারণ, বহু প্রমাণু কোন কার্যাদ্রব্যের উপাদান হইতে পারিলে ঘটের অন্তর্গত পরমাণুসমষ্টিকেই ঘটের উপাদানকারণ বলা যাইতে পারে। তাহা স্বীকার করিলে ঘটের নাশ হুইলে তথন কপালাদির উপলব্ধি হুইতে পারে না। অর্থাৎ পরমাণুসমষ্টিই একই সময়ে মিলিত হইয়া ঘট উৎপন্ন করিলে মুদুগর প্রহারের ছার। ঘটকে চুর্ণ করিলে, তথন কিছুই উপলব হইতে পারে না। কারণ, ঐ ঘটের উপাদানকারণ পরমাণুসমূহ অতী ক্রিয়, তাহার প্রত্যক্ষ হইতে পারে না। স্থতরাং বহু পরমাণু কোন কার্যন্দ্রব্যের উপাদান হয় না, ইহা স্বীকার্য। তাৎপর্যাটীকাকার প্রীমদ্বাচম্পতি মিশ্র "ভামতা" গ্রন্থে পূর্ব্বোক্ত যুক্তির বিশদ বর্ণন করিয়াছেন। । পরস্ক পৃথিবী ও জল প্রভৃতি বিজাতীয় অনেক দ্রব্য কোন দ্রব্যের উপাদানকারণ হইতে পারে না। কারণ, তাহা হইলে সেই কার্যাদ্রব্যে পৃথিবীত, জলত প্রভৃতি নান। বিরুদ্ধভাতি স্বীকৃত হওয়ায়, সঙ্করবশতঃ পৃথিবীদাদি ভাতি হইতে পারে না। পৃথিবী প্রভৃতি অনেকভূত মনুঘ্য-শরীরের উপাদান হইলে,

১। এয়ঃ প্রমাণবো ন কার্যাদ্রসমারভাভ, প্রমাণুছে সতি বহত্বসংখ্যাযুক্তছাও ঘটোপগৃহীতপ্রমাণ্প্রচয়বও।—তাৎপ্র্যাচীকা।

২। যদি হি ঘটোপগৃহীতাঃ প্রমাণবো ঘটমারভেরন্ ন ঘটে প্রবিভজামানে ক্পালশ্ক্রাদাপলভাত, ভেষাম নার্ছ্ছাৎ, ঘটসাৈব তৈরার্ছ্ছাৎ। তথা স্তিঃ মুদ্গরপ্রহারাদ্ ঘটবিনাশে ন কিঞ্চিদুপলভাত, তেষঃমনার্ছ্ছাৎ, তদ্বয়্বানাং প্রমাণু-নামতীলিয়ভ্ছাৎ ইত্যাদি।

[—]বেদান্তদর্শন, ২য় অ°, ২য় গাত ১১শ স্কভাষ্য ভামতী দুউব্য চ

ঐ শরীর গদ্ধাদিশূন্য হইবে কেন ? ভাষ্যকার ইহার হেতু বলিয়াছেন, প্রকৃতির অনুবিধান। উপাদানকারণ বা সমবায়ি কারণকে প্রকৃতি বলে। ঐ প্রকৃতির বিশেষ গুণ কার্যদ্রব্যের বিশেষ গুণের অসমবায়িকারণ হইয়া থাকে। প্রকৃতিতে যে জাতীয় বিশেষ গুণ থাকে, কার্যদ্রব্যের ভজ্জাতীয় বিশেষ গুণ থাকে, কার্যদ্রব্যের ভজ্জাতীয় বিশেষ গুণ উৎপন্ন হয়। ইহাকেই বলে, প্রকৃতির অনুবিধান। কিছু বেমন একটি উপাদানকারণ কোন কার্যদ্রব্য জন্মাইতে পারে না, তজ্ঞপ ঐ উপাদানের একমাত্র গুণও কার্যদ্রব্যের গুণ জন্মাইতে পারে না। স্কুতরাং পৃথিবী ও জনাদি মিলিত হইয়া কোন শরীর উৎপন্ন করিলে, ঐ শরীরে গদ্ধাদি জন্মিতে পারে না; স্কুতরাং পৃথিব্যাদি নামাভূত কোন শরীরের উপাদান নহে, ইহা স্থীকার্য্য।

পূর্বেজি তিনটি (২৮।২৯।৩০) সূত্রকে অনেকে মহর্ষি গোতমের সূত্র বলিয়া স্বীকার করেন নাই । কারণ, মহণি কোন সূত্রের দার। ঐ মতত্রয়ের খণ্ডন করেন নাই। প্রচলিত "ন্যায়বাত্তিক" গ্রন্থের দ্বারাও ঐ তিনটিকে মহর্ষির সূত্র বলিয়। বুঝা যায় ন।। কিন্তু ''ন্যায়সূচীনিবন্ধে'' শ্রীমদুবাচম্পতি মিশ্র ঐ তিনটিকে ন্যায়সূত্ররূপেই গ্রহণ করিয়। শরীরপরীক্ষাপ্রকরণে পাঁচটি সূত্ৰ বলিয়াছেন। "ন্যায়তত্বালোকে" বাচম্পতি মিশ্ৰও ঐ তিন্টিকে পূর্বপিক দূত্র বলিয়া স্পট উল্লেখ করিয়াছেন। বৃত্তিকার বিশ্বনাথও ঐ তিনটিকে মতান্তর প্রতিপাদক সূত্র বলিয়। উহার ব্যাখ্যা করিয়াছেন এবং নহৰ্ষি গোতম ঐ মতত্ৰয়ের উল্লেখ ক্রিয়াও তুচ্ছ বলিয়। উহা**র** খণ্ডন করেন নাই, ইহাও লিধিয়াছেন। ভাষ্যকারও পূর্ব্বোক্ত হেতুতায়ের সন্দিয় তাই মহবি গোত্তমর উপেকার কারণ বলিয়াছেন। পূর্ব্বোক্ত তিনটি বাক্য মহদির সূত্র হইলেও ভাষ্যকারের ঐ কথা অসকত হয় না। বস্তত: মহাদির পরবর্তী সূত্রের ছার। পূর্ব্বোক্ত মতত্রেয়ও খণ্ডিত হইয়াছে এবং न्यायमर्गतनत ममान उन्न देवरमधिक पर्मरन महिष क्याम शृक्वीक मरजन थंखन করিয়াছেন, তিনি উহা উপেক। করেন নাই। পঞ্চতুতই শরীরের উপাদান-কারণ নহে, ইহা সমর্থন করিতে মহাঘি কণাদ বলিয়াছেন যে, প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ দ্রব্যের সংযোগের প্রত্যক্ষ না হওয়ার, পঞ্চাত্মক কোন দ্রব্য নাই। অর্থাৎ পঞ্চতুতই কোন দ্রব্যের উপাদানকারণ নহে। কণাদের তাৎপর্য্য এই যে, পঞ্চত্ত শরীরের উপাদানকারণ হইলে শরীরের

[—] কণাদসূত্র ।৪।২।২

প্রত্যক্ষ হইতে পারে না। কারণ, তাহা হইনে পঞ্চতুতের মধ্যে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ বিবিধ ভূতই থাকার, শরীর প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ এই দিবিধ দ্রব্যে সমবেত হয়। কিন্তু প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ এই দিবিধ দ্রব্যে সমবেত পদার্থের প্রত্যক্ষ হয় না। ইহার দৃষ্টান্ত, বৃক্ষাদি প্রত্যক্ষ দ্রব্যের সহতে আকাশাদি অপ্রত্যক্ষ দ্রব্যের সংযোগ। ঐ সংযোগ যেমন প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ—এই দিবিধ দ্রব্যে সমবেত হওয়ায়, উহার প্রত্যক্ষ হয় না, তত্মপ পঞ্চতুতে সমবেত শরীরেরও প্রত্যক্ষ হইতে পারে না। বেদান্তদর্শন ২য় অ°, ২য় পাদের ১১শ সূত্রের ভাষ্যশেষে ভগবান্ শক্ষরাচার্যাও কণাদের এই সূত্রের এইরূপ তাৎপর্য্যই ব্যক্ত করিয়াছেন। পৃথিবী প্রভৃতি ভূত্রেয়ও শরীরের উপাদানকারণ নহে, ইহা সমর্থন করিতে কণাদ বলিয়াছেন, যে, ঐ ভূত্রেয়ই উপাদানকারণ হইলে বিজ্ঞাতীয় অনেক অবয়বের গুণজন্য কার্যাদ্রয়ের প্রধানীতে গদ্ধাদি গুণের উৎপত্তি হইতে পারে না। পূর্ব্বে ভাষ্যকার বাৎস্যায়নের কথায় ইহা ব্যক্ত হইয়াছে। পাথিবাদি দ্রব্যে অন্যান্য ভূতের পরনাণুর বিলক্ষণ সংযোগ আছে, ইহা শেষে মহর্ষি কণাদও বলিয়াছেন । ৩০।।

সূত্র। শ্রুতিপ্রামাণ্যাচ্চ ॥৩১॥২২৯॥

অমুবাদ। শ্রুতির প্রামাণ্যবশতঃও [মমুয্য-শরীর পার্থিব]।

ভাষা। "সূষ্যং তে চক্ষ্ৰ্গচ্ছত।"দিত্যত্ত মন্ত্ৰে "পৃথিবীং তে শারীর"দিতি আমতে। তদিদং প্রকৃতে বিকারস্থ প্রলয়াভিধানমি।ত। "সূষ্যং তে চক্ষ্ণং স্পৃণোমি" ইত্যত্ত মন্ত্রান্তরে "পৃথিবীং তে শারীরং স্পৃণোমি" ইতি আমতে। সেয়ং কারণাদ্বিকারস্থ স্পৃতিরভিধীয়ত ইতি। স্থাল্যাদিষ্ চ তুলাঞ্জাতীয়ানামেককার্য্যারস্তদর্শনাদ্ভিমঞাতীয়ানামেক-কার্য্যারস্তান্থপতিঃ।

অনুবাদ। "সূর্য্যাং তে চক্ষুর্গচ্ছতাৎ" এই মন্ত্রে "পৃথিবীং তে শরীরং" এই বাক্য শ্রুত হয়। সেই ইহা প্রকৃতিতে বিকারের লয়-কথন।

১। গুণান্তরা প্রাদুর্ভাবাচ্চ ন গ্রাত্মকং।

২। অনুসংযোগদম্প্রতিষিদ্ধ। -- বৈশেষিক দর্শন। ৪।২।৩।৪।

[#]সূর্য্যং তে চ**ক্ষু:** স্পৃণোমি" এই মন্ত্রাস্তরে [#]পৃ**থিবীং তে শ**রীরং স্পুণোমি" এই বাক্য শ্রুত হয়। সেই ইহা কারণ হইতে বিকারের "স্পৃতি" অর্থাৎ উৎপত্তি অভিহিত হইতেছে। স্থালী প্রভৃতি দ্রব্যেও একজাতীয় কারণের "এককার্য্যারম্ভ" অর্থাৎ এক কার্য্যের আরম্ভকম্ব বা উপাদানত দেখা যায়, সুতরাং ভিন্নজাতীয় পদার্থের এককার্য্যারম্ভকত উপপন্ন হয় না।

টিপ্পনী। মহ ঘি শরীরপরীক্ষাপ্রকরণে প্রথম সূত্রে ম**নু**ঘ্য-শরীরের পাথিবত্ব-সিদ্ধান্ত সমর্থন করিয়া, পরে তিন সূত্রের হার। ঐ বিষয়ে মতান্তর প্রকাশ করিয়াছেন। কিন্তু প্রেবান্ড মতান্তরবাদীর। যে সকল হেতুর হার। ঐ সকল মত সমর্থন করিয়াছেন, তাহাকে সলিগ্ধ বলিলে মনুঘ্যশরীরে যে গদ্ধের উপলব্ধি হয়, তাহাকেও সন্দিগ্ধ বলা যাইতে পারে। কারণ, জলাদি ভূতত্ত্র বা ভূতচভূষ্টয় মনুষ্য-শরীরের উপাদান হইলেও পৃথিবী তাহাতে নিমিত্তকারণরূপে সয়িহিত বা সংযুক্ত থাকায়, সেই পৃথিবী-ভাগের গদ্ধই ঐ শরীরে উপলব্ধ হয়, ইহাও তুল্যভাবে বল। যাইতে পারে। পরস্ক ছান্দোগ্যোপনিঘদের ঘঠাধ্যায়ের তৃতীয় খণ্ডের শেঘভাগে? ভূতত্রয়ের যে "ত্রিবৃৎকরণ" কথিত হইয়াছে, তদ্যুরা পঞ্চীকরণও প্রতিপাদিত হওয়ার, পঞ্জুতই শরীরের উপাদান, ইহা বুঝা যায়। অনেক সম্প্রদায় ছা<mark>লো</mark>গ্য উপনিঘদের ঐ কথার দার। পঞ্ভূতু<mark>ই যে ভৌতিক দ্র</mark>ব্যের উপাদানকারণ, ইহা সিদ্ধান্ত করিয়াছেন। মহুদি এই সমস্ত চিন্তা করিয়া শেষে এই সূত্রের হারা বলিয়াছেন যে, শুনতির প্রামাণ্যবশতঃও মনুঘ্য-শরীরের পাথিবছ সিদ্ধ হয়। কোন্ শুচতির হার। মনুঘ্র**শরীরের পাথিব**ছ হয়, ইহা বুঝাইতে ভাষ্যকার অগ্নিহোত্রীর দাহকালে পাঠ্য মন্তের মধ্যে "পৃথিবীং তে শরীরং" এই বাক্যের ছারা মনুঘ্যশরীরের পাণিবছ সমর্থন করিয়াছেন। কারণ তোমার শরীর পৃথিবীতে গমন করুক, অর্থাৎ লয়প্রাপ্ত হউক, এইরূপ বাক্যের দারা প্রকৃতিতে বকারের লয় কথিত হওয়ায়, পৃথিবীই যে, মনুষ্যশরীরের প্রকৃতি বা উপাদানকারণ, ইহা স্পষ্টই বুঝা যায়। কারণ, বিনাশকালে উপাদানকারণেই তাহার কার্যাের কায় হইয়া

১। "সেয়ং দেবতৈক্ষতাহম্ভাহমিমাজিলো দেবতাঃ ইত্যাদি। তাসাং হির্তং গ্রির্তমেকৈকাং করবাণীতি" ইত্যাদি দ্রুটব্য ।

২। হির্ৎকরণসূতেঃ পথীকরণস্যাপ্যপলক্ষণড়াৎ ।—বেদান্তসার।

থাকে, ইহা সর্ববিদ্ধ। এইরূপ অন্য একটি মন্তের মধ্যে "পৃথিবী তে শরীরং স্পূণোমি" এইরূপ যে বাক্য আছে, তদ্ধারা পৃথিবীরূপ উপাদান-কারণ হইতেই মনুঘ্যশরীরের উৎপত্তি বুঝা যায়²। পর্ব্বোক্ত দিদ্ধান্তই যক্তিসিদ্ধ, স্মৃতরাং উহাই বেদের প্রকৃতসিদ্ধান্ত, ইহা বুঝাইতে ভাঘ্যকার শেষে আবার বলিয়াছেন যে, স্থালী প্রভৃতি দ্রব্যের উৎপত্তিতেও একজাতীয় অনেক দ্রবাই এক দ্রব্যের উপাদানকারণ, ইহা দৃষ্ট হয়, স্কুতরাং ভিন্নজাতীয় নানাদ্রব্য কোন এক দ্রবে)র উপাদান হয় না, ইহা স্বীকার্যা। মল্কথা প্ৰেৰ্বাক্ত শুদ্তির হার৷ যখন মনুষ্যশরীরের পাথিবছই সিদ্ধ হইতেছে, ত্থন অন্য কোন অনুমানের মারা ভূতত্রয় অথবা ভূতচভূষ্টয় অথবা পঞ্চ-ভত্ই মনুঘ্যশরীরের উপাদান, ইহা সিদ্ধ হইতে পারে না। শুদতিবিরুদ্ধ অনুমান প্রমাণই নহে, উহা ''ন্যায়াভাস'' নামে কথিত হইয়াছে। ন্মতরাং মহধির এই সূত্রের ধার। তাহার পুর্বেণিক্ত মতত্রেরেও খণ্ডন হইয়াছে। পরত্ত মহাঘি গোতম এই সূত্রের হার। শুদতিবিরুদ্ধ অনুমান যে, প্রমা**ণই নহে, ইহাও সূ**চনা করিয়া গিয়াছেন। **এ**বং ইহাও সূচনা করিয়াছেন যে, ছান্দোগ্যোপনিষদে ''ত্রিবৃৎকরণ'' শুন্তির হারা ভূতত্ত্রয় বা পঞ্চতের উপাদানম সিদ্ধ হয় না। কারণ, অন্যশ্রুতির দারা একমাত্র পৃথিবী**ই যে মনুঘ্যশরী**রের উপাদানকারণ, ইহা স্প**ট বুঝা যায়।** এবং অন্যান্য ভুত নিমিত্তকারণ হইলেও ছালেগ্যোপনিঘদের 'ত্রিবৃৎকরণ' শ্রুতির উপপত্তি হইতে পারে। মহঘি কণাদও তিনটি সত্র **হার।** ঐ শ্রুতির ঐরপই তাৎপর্য্য সূচনা করিয়া গিয়াছেন।।৩১।।

শরীরপরীক্ষা-প্রকরণ সমাপ্ত।। ৬।।

ভাষ্য। অথেদানীমিশ্রিয়াণি প্রমেয়ক্রমেণ বিচার্ঘ্যন্তে, কিমাব্যক্তি কাছাহোম্মিদ্—ভৌতিকানীতি। কুতঃ সংশরঃ ?

অসুবাদ। অনন্তর ইদানীং প্রমেয়ক্রমানুসারে ইন্দ্রিয়গুলি পরীক্ষিত হইতেছে, (সংশয়) ইন্দ্রিয়গুলি কি আব্যক্তিক? অর্থাৎ সাংখ্যশান্ত্র-

১। ''স্পৃণোমি"। এই প্রয়োগে ''স্পৃ'' ধাতুর দারা যে স্পৃতি অর্থ বুঝা যার, এবং ভাষ্যকার ''স্পৃতি'' শব্দের দারাই যে অর্থ প্রকাশ করিয়াছেন, উদ্দোতকর এবং ঘাচস্পতি মিল্ল ঐ ''স্পৃতি''র অর্থ বলিয়াছেন, কারণ হইতে কার্যোৎপতি। ''সেরং স্পৃতিঃ কারণাৎ কার্যোৎপতিঃ"।—ন্যায়বার্তি ক। ''স্পৃতিরুৎপতিরিত্যর্থঃ"।
—তাৎপর্যানীকা।

সম্মত অব্যক্ত বা প্রকৃতি হইতে সন্তৃত ৷ অথবা ভৌতিক ! (প্রশা) সংশয় বেন ৷ অর্থাৎ পূর্বেবাক্তরূপ সংশয় কেন হয় ৷

সূত্র। কৃষ্ণসারে সত্যুপলম্ভাদ্ব্যতিরিচ্য চোপলম্ভাৎ সংশয়ঃ ॥৩২॥২৩০॥

অন্তবাদ। (উত্তর) কৃষ্ণসার অর্থাৎ চক্ষুর্গোলক থাকিলেই (রূপের) উপলব্ধি হয়, এবং কৃষ্ণসারকে প্রাপ্ত না হইয়া (অবস্থিত বিষয়ের) অর্থাৎ কৃষ্ণসারের দূরস্থ বিষয়েরই উপলব্ধি হয়, এজন্য (পূর্ব্বোক্তরূপ) সংশয় হয়।

ভাষ্য। কৃষ্ণসারং ভৌতিকং, তস্মিরস্থপহতে রূপোপলব্ধিং, উপহতে চামুপলবিরিতি। ব্যতিরিচ্য কৃষ্ণসারমবস্থিতস্থ বিষয়স্তোপলস্থোন কৃষ্ণ-সারপ্রাপ্তস্থা, ন চাপ্রাপ্যকারিছমিন্দ্রিয়াণাং, তদিদমভৌতিকত্বে বিভূত্বাৎ সম্ভবতি। এবমুভয়ধর্ম্মোপলব্ধেঃ সংশয়ং।

অমুবাদ। কৃষ্ণসার অর্থাৎ চক্ষুর্বোলক ভৌতিক, সেই কৃষ্ণসার উপহত না হইলে রূপের উপলব্ধি হয়, উপহত হইলে রূপের উপলব্ধি হয় না (এবং) কৃষ্ণসারকে ব্যতিক্রম করিয়া অর্থাৎ প্রাপ্ত না হইয়া অবস্থিত বিষয়েরই উপলব্ধি হয়, কৃষ্ণসার প্রাপ্ত বিষয়ের উপলব্ধি হয় না। ইন্দ্রিয়বর্গের অপ্রাপ্যকারিতাও অর্থাৎ অসম্বন্ধ বিষয়ের গ্রাহকতাও নাই! সেই ইহা অর্থাৎ প্রাপ্যকারিতা বা সম্বন্ধ বিষয়ের গ্রাহকতাও নাই! সেই ইহা অর্থাৎ প্রাপ্যকারিতা বা সম্বন্ধ বিষয়ের গ্রাহকতা (চক্ষুরিন্দ্রিয়ের) অভৌতিকত্ব হইলে বিভূত্বশতঃ সম্ভব হয়। এইরূপে উভয় ধর্ম্মের উপলব্ধিবশতঃ (পূর্কোক্তর্ম্বপ) সংশয় হয়।

১। সূত্রে "ব্যতিরিচ্য উপলভাৎ" এই বাক্যের দারা "কৃষ্ণসারং ব্যতিরিচ্য জন্তাপা অবিদ্বিত্তসা বিষয়স। উপলভাৎ" অর্থাৎ 'কৃষ্ণসারাদ্দ্রেছিতসৈব রাপাদেবির্যয়স। প্রত্যক্ষাৎ" এইরাপ অর্থ বাাখ্যাই ভাষাকার ও বার্তিকিকারের কথার দারা বুঝা যায়। সূত্রোভ সন্তমী বিভজাভ "কৃষ্ণসার" শব্দেরই দিতীয়া বিভজির যোগে অনুষ্ঠ করিয়া "কৃষ্ণসারং বাতিরিচ্য" এইরাপ যোজনাই মহর্ষির জভিপ্রেত। মৃত্তিকার বিশ্বনাম্ব বাাখ্যা ব্যরিয়াহেন, 'ব্যতিরিচ্য বিষয়ং প্রাপা"। র্তিকারের ঐ ব্যাখ্যা সমীটীন বলিয়া বৃঝিতে পারি না।

টিপ্পনী। মহমি প্রথম অধ্যায়ে যে ক্রমে আছা হইতে অপবর্গ পর্যান্ত ছাদশ প্রকার প্রমেয়ের উদ্দেশপূর্বক লক্ষণ বলিয়াছেন, তেই জ্মানুসারে আত্মা ও শরীরের পরীক্ষা করিয়া এখন ইচ্ছিয়ের পরীক্ষা করিতেছেন। সংশয় ব্যতীত পরীক্ষা হয় না, এজন্য মহঘি প্রথমে এই সূত্রের হারা ইন্দ্রিয় পরীক্ষার পূর্বাদ সংশয়ের হেতুর উল্লেখ করিয়া তদ্বিয় সংশয় স্চনা করিয়াছেন। ভাষ্যকার প্রথমে ঐ সংশ্যেয় তাকার প্রদর্শন করিয়া, উহার **হেতু প্রকাশ করিতে মহঘি-সূত্রে**র অবতারণা করিয়াছেন। সাংখ্যমতে খব্যক্ত অর্থাৎ মূল-প্রকৃতির প্রথম পরিণাম বৃদ্ধি বা ওতঃকরণ, তাহার পরিণাম অহ**স্কার, ঐ** অহ**ন্ধার হইতে ইন্দ্রিয়গুলির উৎপত্তি হই**যাছে। ত্তরাং অবাজ্ঞ বা মূলপ্রকৃতি ইচ্ছিয়বর্গের মূল কারণ ২ওয়ায়, ঐ তাৎপর্যা— ইন্দ্রিয়গুলিকে আব্যক্তিক (অব্যক্তসমূত) বলা যায়। এবং ন্যায়মতে ঘ্ৰাণাদি ইচ্লিয়বৰ্গ পৃথিব্যাদি ভূতজন্য বলিয়া উহাদিগকে ভৌতিক বলা হয়। स्टिषि टेलियनरर्गत गर्था क्ष्मुतिलियर हे श्रेट्र विद्या उदिहर्य সং**শরের কারণ প্রদর্শন করিয়াছেন। চক্ষুর** আব**রণ কোমল চর্ম্মের** মধ্য-ভাগে যে গোলাকার কৃষ্ণবর্ণ পদার্থ দেখা যায়, উহাই সূত্রে "কৃষ্ণসার" শবেদর মারা গৃহীত হইয়াছে। উহার প্রসিদ্ধ নাম চক্ষ্র্রোলক। যাহার ঐ চক্রোলক আছে, উহা উপহত হয় নাই, সেই ব্যক্তিই রূপ দর্শন করিতে পারে। যাহার উহা নাই, সে রূপ দর্শন করিতে পারে না। স্তরাং **রূপ দর্শনের সাধন ঐ কৃ**ফাসার ব। চ**ক্ল্**গো**লক**ই চক্<u>ল্</u>রিন্দ্রিয়, ইহ। বুঝা যায়। তাহা হইলেও চক্ষ্রিন্সিয় ভৌতিকই হয়। কারণ, ঐ কৃষ্ণসার ভৌতিক পদার্থ, ইছা সর্বসন্মত। এইরূপ এই দৃষ্টাতে খ্রাণাদি ইন্দ্রিয়কে**ই সেই সোনস্থ ভৌতিক পদার্থ**বিশেষ স্বীকার করিলে, ইচ্ৰিয়গুলি সম**ন্তই** ভৌতিক, ইহা বলা যায়। কি**ন্ত ই**চ্ৰিয়গুলি স্ব স্ব বিষয়কে প্রাপ্ত হইয়াই, তিহিদয়ে প্রত্যক্ষ জন্মাইতে পারে, এজন্য উহাদিগকে প্রাপ্যকারী বলিতে হইবে। ইচ্ছিয়বর্গের এই প্রাপ্যকারিত্ব পরে সমর্থিত হইয়াছে। তাহা হইলে পূর্ব্বোক্ত কৃঞ্চসারই চক্ষুবিলিয়—ইহা বলা যায় না। কারণ, চক্ষুরিক্রিয়ের বিষয় রূপাদি ঐ কৃষ্ণসারকে ব্যতিক্রম করিয়া, অর্থাৎ উহার সহিত অসন্নিকৃষ্ট হইয়া দূরে অবস্থিত থাকে। স্কুতরাং উহা ঐ রূপাদির প্রত্যক্ষনক ইন্দ্রিয় হইতে পারে না। এইরূপ ঘ্রাণাদি ইন্দ্রিয়গুলিরও বিষয়েয় সহিত সন্নিকর্ম অবশ্যস্থীকার্য্য। নচেৎ তাহাদিগেরও প্রাপ্যকারিত থাকিতে পারে না। সাংখ্যমতানুসারে যদি ইন্দ্রিয়বর্গকে অভৌতিক বলা মার, অর্থাৎ অহমার হইতে সমৃতত বলা যায়, তাহা

হইলে উহারা পরিচ্ছিল পদার্থ না হইয়া, বিভু অর্থাৎ সর্বব্যাপক হয়। ত্মতরাং উহার। বিষয়ের সহিত সন্নিকৃষ্ট হইতে পারায়, উহাদিগের প্রাপ্য-কারিছের কোন বাধা হয় ন।। এইরূপে চক্ষরাদি ইন্সিয়বর্গে অভৌতিক ও ভৌতিক পদার্থের সমান ধর্ম্মের জ্ঞানজন্য পূর্ব্বোক্ত প্রকার সংশয় জন্মে। ভাষ্যকার পূর্ব্বোক্ত প্রকার সংশয়ে মহর্ষিসূত্রানুসারে উভয় ধর্ম্মের উপলব্ধি অর্থাৎ সমানধর্ম্মের নিশ্চয়কেই কারণ বলিয়াছেন, ইছা ভাষ্য-সলর্ভের ছার। ব্রা যার। কিন্তু তাৎপর্যাচীকাকার এখানে ভাষ্যকারোক্ত সংশয়কে বিপ্রতিপত্তিপ্রযুক্ত সংশয় বলিয়। ব্যাখ্যা করিয়াছেন। তন্মধ্যে ইল্লিয়গুলি কি আহকারিক ? অথবা ভৌতিক ? এইরূপ সংশয় সাংখ্য ও নৈয়ায়িকের বিপ্রতিপত্তিপ্রযুত । এবং ইচ্ছিয়গুলি ভৌতিক এই পক্ষে কৃষ্ণসারই ইচ্ছিয় ? অথবা ঐ কৃষ্ণসারে অধিষ্ঠিত কোন তৈজ্বস পদার্থই ইন্দ্রিয় ? এইরূপ সংশয়ও ভাষ্যকারের বৃদ্ধিস্থ বলিয়া তাৎপর্যাটীকাকার ঐ সংশয়কে বৌদ্ধ ও নৈয়ায়িকের বিপ্রতিপত্তিপ্রযুক্ত বলিয়াছেন। বৌদ্ধ মতে চক্ষর্গোলকই চক্রিন্ত্রিয়, উহা হইতে অতিরিক্ত কোন চক্রিন্ত্রিয় নাই, ইহা তাৎপর্য্য-টীকাকার ও বৃত্তিকার বিশ্বনাথ লিখিয়াছেন। কিন্তু ভাষ্য ও বাত্তিকের প্রচলিত পাঠের দ্বার। এখানে বৌদ্ধ সম্প্রদায়ের বিপ্রতিপত্তির কোন কথাই বুঝা যায় না। অবশ্য পুর্কোক্তরূপ বিপ্রতিপত্তিপ্রযুক্ত পুর্কোক্তরূপ সংশয় হইতে পারে। কিন্ত মহর্ষির সূত্র বারা তিনি যে এখানে বিপ্রতিপত্তি-মূলক সংশয়ই প্রকাশ করিয়াছেন, ইহা বুঝিবার কোন কারণ নাই ॥৩২॥

ভাষ্য। অভৌতিকানীত্যাহ কম্মাৎ ?

অঙ্গুবাদ। [ইন্দ্রিয়গুলি] অভৌতিক, ইহা (সাংখ্য-সম্প্রদায়) বলেন (প্রশ্ন) কেন !

সূত্র। মহদণুগ্রহণাৎ ॥৩৩॥২৩১॥

অসুবাদ। (উত্তর) যেহেতু মহৎ ও অণুপদার্থের গ্রহণ (প্রাক্তাক্ষ) হয়

ভাষা। মহদিতি মহত্তরং মহত্তমঞ্চোপদভাতে, যথা শুগ্রোধ-পর্বভাদি। অধিতি অণুতরমণুত্মঞ গৃহতে, যথা শুগ্রোধধানাদি। তত্বভন্নমূপলভ্যমানং চক্ষুষে। ভৌতিকত্বং বাধতে। ভৌতিকং হি যাবত্তাবদেব ব্যাপ্নোতি, অভৌতিকস্ক বিভূত্বাৎ সর্বব্যাপকমিতি।

অমুবাদ। "মহৎ" এই প্রকারে মহত্তর ও মহত্তম বস্তু প্রভাক্ষ হয়, যেমন বটবৃক্ষ ও পর্বেভাদি। "অণু" এই প্রকারে অণুতর ও অণুতম বস্তু প্রভাক্ষ হয়, যেমন বটবৃক্ষের অপুর প্রভৃতি। সেই উভয় অর্থাৎ পূর্ব্বোক্ত মহৎ ও অণুদ্রব্য উপলভাসান হইয়া চক্ষুরিল্রিয়ের ভৌতিকত্ব বাধিত করে। যেহেতু ভৌতিক বস্তু যাবৎপরিমিত, তাবৎপরিমিত বস্তুকেই ব্যাপ্ত করে, কিন্তু অভৌতিক বস্তু বিভূত্ববশতঃ সর্বব্যাপক হয়।

টিপ্পনী। মহর্দি পূর্ব্বসূত্রে চক্ষুরিক্রিয়ের ভৌতিকত্ব ও অভৌতিকত্ব-বিষয়ে সংশয় সমর্থন করিয়া, এই সূত্রের দারা অন্য সমপ্রদায়ের সম্মত অভৌতিকত্ব পক্ষের সাধন করিয়াছেন। অভৌতিকত্বরূপ পূর্ব্বপক্ষের সমর্থন করিয়া, উহার খণ্ডন করাই মহধির উদ্দেশ্য। তাৎপর্যাটীকাকার প্রভৃতি এখানে বলিয়াছেন যে, সাংখ্য-সম্প্রদায়ের মতে ইন্দ্রিয়বর্গ অহঙ্কার হইতে উৎপন হওয়ায় অভৌতিক ও সর্বব্যাপী। স্থতরাং চক্ষুরিন্দ্রিয়ও অভৌতিক ও সর্বব্যাপী। মহিদি এই সূত্র দারা ঐ সাংখ্য মতেরই সমর্থন করিয়াছেন। চন্দুরিন্দ্রিরের মারা মহৎ এবং অণুদ্রব্যের এবং মহত্তর ও মহত্তম দ্রব্যের এবং অপুতর ও অপুতম দ্রবোর প্রতাক্ষ হইয়া থাকে। কিন্তু চক্ষুরিন্দ্রিয় ভৌতিক পৰাৰ্থ হইলে উহ। পরিছিন পদার্থ হওয়ায়, কোন দ্রব্যের সর্ব্বাংশ ব্যাপ্ত করিতে পারে না! স্থতরাং চক্ষুরিন্দ্রিয়ের খারা উহা হইতে বৃহৎ-পরিমাণ কোন দ্রব্যের প্রত্যক্ষ হইতে পারে না। কিন্তু চক্ষ্রিল্রিয়ের ^{ছার।} <mark>যথন অণুপদার্থের ন্</mark>যায় মহৎ পদার্থেরও প্রত্যক্ষ হয়, তখন চক্ষুরিন্দ্রিয় ভৌতিক পদার্থ নহে, উহা অভৌতিক পদার্থ, স্থতরাং উহা অণু ও মহৎ সর্ববিধ রূপবিশিষ্ট দ্রব্যকেই ব্যাপ্ত করিতে পারে, অর্থাৎ বৃত্তিরূপে উহার বর্ষব্যাপকত্ব সম্ভব হয়। জ্ঞান যেমন অভৌতিক পদার্থ বলিয়। মহৎ ও অণু, সর্ববিষয়েরই প্রকাশক হয়, তক্ষপ চক্ষুরিন্দ্রিয় অভৌতিক পদার্থ হইলেই তাহার গ্রাহ্য স্ক্রিষয়ের প্রকাশক হইতে পারে। মূলকথা, অন্যান্য ইন্দ্রিরের ন্যায় চক্ষ্রিন্দ্রিয়ও সাংখ্যসন্মত অহস্কার হইতে উৎপন্ন এবং অহন্ধারের ন্যায় অভৌতিক ও বৃত্তিরূপে উহা বিভূ অর্থাৎ সর্বব্যাপক रम् ॥ ७० ॥

ভাষ্য। ন মহদণুগ্রহণমাত্রাদচৌতিকত্বং বিভূত্বঞ্চেদ্রয়াণাং শক্যং প্রতিপত্ত্বং ইদং খলু—

অন্থবাদ। (উত্তর) মহৎ ও অণুপদার্থের জ্ঞানমাত্রপ্রযুক্ত ইচ্ছিয়-বর্গের অভৌতিকত্ব ও বিভূত্ব বুঝিতে পারা যায় না। যেহেতু ইহ।—

সূত্র। রশ্ম্যর্থসন্নিকর্ষবিশেষাভদ্গ্রহণং ॥৩৪॥২৩২॥

অমূবাদ। রশ্মি ও অর্থের অর্থাৎ চক্ষুর রশ্মি ও গ্রাহ্য বিষয়ের সন্ধিকর্ষবিশেষবশতঃ সেই উভয়ের অর্থাৎ পূর্ব্বস্থাক্ত মহৎ ও অণ্-পদার্থের গ্রহণ (প্রাতক্ষ) হয়।

ভাষ্য। তয়ে মহদথোপ্র হণং চক্ষুরশ্মেরর্থস্য চ সন্ধিকর্ষবিশোষাদ্ভবতি। যথা, প্রদীপরশ্মেরর্থস্য চেতি। রশ্মার্থসন্ধিকর্ষবিশোষশ্চাবরণলিক্ষঃ। চাক্ষুষো হি রশ্মিঃ কুড্যাদিভিরাবৃত্মর্থং ন প্রকাশয়তি, যথা প্রদীপ-রশ্মিরিতি।

অমুবাদ। চক্ষুর রশ্মি ও বিষয়ের সন্নিকর্ষবিশেষবশতঃ সেই মহৎ ও অণু-পদার্থের প্রত্যক্ষ হয়, যেমন প্রদীপরশ্মি ও বিষয়ের সন্নিকর্ষবিশেষ বশতঃ (পুর্ব্বোক্তরূপ প্রত্যক্ষ হয়) চক্ষুর রশ্মিও বিষয়ের সন্নিকর্ষবিশেষ, কিন্তু আবরণলিঙ্গ, অর্থাৎ আবরণরূপ হেতৃর দ্বারা অমুমেয়। যেহেতৃ প্রদীপরশ্মির স্থায় চাক্ষ্য রশ্মি কুড্যাদির দ্বারা আবৃত পদার্থকে প্রকাশ করে না।

টিপপনী। মহাদি এই সূত্রহার। নিজ সিদ্ধান্ত প্রকাশপূর্বক পুর্বেজি নতের খণ্ডন করিয়াছেন। মহাদি বলিয়াছেন যে, চক্ষুরিচ্ছিয়েয় রশ্মির সহিত দূরস্থ বিদয়ের সরিকর্দবশতঃ মহৎ ও অণুপদার্থের প্রত্যক্ষ হয়। তাৎপর্য্য এই যে, মহৎ ও অণুপদার্থের প্রত্যক্ষ হয়, এই মাত্র হেতুর হারাই ইচ্ছিয়বর্গের অভৌতিকত্ব এবং বিভুত্ব অর্থাৎ সর্বব্যাপকত্ব সিদ্ধ হয় না। কারণ, চক্ষুরিচ্ছিয় হারা প্রত্যক্ষস্থলে এ ইচ্ছিয়ের রশ্মি দূরস্থ গ্রাহ্য বিষয়কে ব্যাপ্ত করে, এ রশ্মির সহিত গ্রাহ্যবিষয়ের সরিকর্মবিশেষ হইলেই সেই বিষয়ের চাক্ষ্ম প্রত্যক্ষ হইয়া থাকে ও হইতে পারে।

চক্ষুরিন্দ্রিয় তেজংপদার্থ, প্রদীপের ন্যায় উহার রশ্মি আছে। কারণ, বেমন প্রদীপের রশ্মি কুড়াদির দ্বারা আবৃত বস্তর প্রকাশ করে না, তদ্ধপ চক্ষুর রশ্মিও কুড়াদির দ্বারা আবৃত বস্তর প্রকাশ করে না। স্প্রতরাং সেই স্থলে গ্রাহ্য বিষয়ের সহিত চক্ষুর রশ্মির সন্নিকর্ম হয় না এবং অনাবৃত নিকটক্ষ পদার্থে চক্ষুর রশ্মির সন্নিকর্ম হয়, স্প্রতরাং চক্ষুর রশ্মির আছে, ইহা স্থীকার্যা। পরে ইহা পরিস্ফুট হইবে। ভাষ্যকার প্রথমে মহন্দির তাৎপর্য্য সূচনা করিয়াই সূত্রের অবতারণা করিয়াছেন। ভাষ্যকারের শেষোক্ত ''ইদং খলু" এই বাক্যের সহিত সূত্রের ''তদ্গ্রহণং'' এই বাক্যের যোজনা ভাষ্যকারের অভিপ্রেত, বুঝা যায় ॥৩৪॥

ভাষ্য। আবরণাস্থুমেয়ত্বে সতীদমাহ –

অসুবাদ। আবরণ দারা অসুমেয়ত্ব হইলে, অর্থাৎ চক্ষুর রশ্মির সহিত বিষয়ের সন্ধিকর্ষ হয়, ইহা আবরণ দারা অসুমানসিদ্ধ, এই পূর্ব্বোক্ত সিদ্ধান্তে এই সূত্র পরবর্তী পূর্ব্বপক্ষসূত্র) বলিতেছেন—

সূত্র। তদনুপলব্ধেরহেতুঃ ॥৩৫॥২৩৩॥

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) ভাগার অর্থাৎ পূর্ব্বোক্ত চক্ষুর রশ্মির অপ্রভাক্ষবশতঃ (পূর্ব্বোক্ত হেতু) অহেতু।

ভাষ্য। রূপস্পর্শবদ্ধি তেজ:, মহন্তাদনেকন্দ্রব্যবন্ধান্দ্রপবন্ধান্দ্রোপলব্ধি-রিতি প্রদীপবৎ প্রত্যক্ষত উপলভ্যেত, চাক্ষুষো রশ্মির্যদি স্থাদিতি।

অকুবাদ। যেহেতু তেজ্বংপদার্থ রূপ ও স্পর্শবিশিষ্ট, মহত্বপ্রযুক্ত অনেক-দ্রত্ব্যবস্থাপুক্ত ও রূপবত্বপ্রযুক্ত উপলব্ধি অর্থাৎ চাক্ষ্য প্রত্যক্ষ জন্ম, স্বতরাং যদি চক্ষ্র রশ্মি থাকে, তাহা হইলে (উহা) প্রত্যক্ষ দ্বারা উপলব্ধ হউক।

টিপপনী। চক্ষুরিন্তিরের রশ্মি আছে, উহা তেজ: পদার্থ, স্থতরাং উহার সহিত সরিকর্ষবিশেষ বশতঃ বহৎ ও ক্ষুদ্র পদার্থের চাক্ষুম প্রত্যক্ষ হইতে পারে, দূরস্থ বিষয়েরও চাক্ষুম প্রত্যক্ষ হইতে পারে ও হইয়া থাকে। মহাদি পূর্ব্বসূত্রের ধারা ইহা বলিয়াছেন। চক্ষুর রশ্মির সহিত বিষয়ের সন্নিকর্ম, আবরণ ধারা অনুমানসিদ্ধ, ইহা ভাষ্যকার বলিয়াছেন। এখন বাঁহার। চক্ষুর রশ্মি স্বীকার করেন না, তাহাদিগের পূর্ব্বপক্ষ প্রকাশ করিতে নহর্ষি এই সূত্রটি বলিয়াছেন। ভাষ্যকার পূর্ব্বপক্ষবাদীর তাৎপর্য্য প্রকাশ করিতে বলিয়াছেন যে, চক্ষুরিল্রিয়ের রশ্মি স্বীকার করিলে, উহাকে তেজ:পদার্থ বলিতে হইবে, স্মৃতরাং উহাতে রূপ ও স্পর্শ স্বীকার করিতে হইবে। কারণ, তেজ:পদার্থ নাত্রই রূপ ও স্পর্শবিশিষ্ট। তাহা হইলে প্রদীপের ন্যায় চক্ষুর রশ্মিও প্রত্যক্ষের আপত্তি হয়। কারণ, মহত্ব অনেকদ্রব্যবন্ধ ও রূপবত্তপ্রযুক্ত দ্রব্যের চাক্ষুধ প্রত্যক্ষ হইয়া থাকে। অর্থাৎ দ্রব্যের চাক্ষুধ-প্রত্যক্ষে মহত্বাদি ঐ তিনটি কারণ । দূরস্থ মহৎপদার্থের

১। ভাষ্যকার প্রত্যক্ষে মহত্ত্বের সহিত অনেকদ্রব্যবত্বকেও কারণ বলিয়াছেন। বার্তিককারও ইহা বলিয়াছেন। কিন্ত প্রত্যক্ষে মহত্ব ও অনেকদ্রবারত্ব-এই উভয়কেই কেন কারণ ৰলিতে হইবে, ইহা তাঁহারা কেহ বলেন নাই। নব্যনৈয়ায়িক বিশ্বনাথ পঞ্চানন ''স্দান্তমুক্তাবলী" গ্রন্থে লিখিয়াছেন যে, মহত্ত্ব জাতি, স্তরাং মহত্বকে প্রত্যক্ষে কারণ বলিলে কারণতাবছেদকের লাঘব হয়, এজন্য প্রত্যক্ষে মহত্বই কারণ, অনেক দ্রব্যবত্ব কারণ নহে, উহা অন্যথাসিদ্ধ । 'সিদ্ধান্তম্ভাবনীর'' **টীকায় মহাদেব ভট্টও ঐ বিষয়ে কোন মত**।ভর প্রকাশ করেন নাই। তিনি অনেক **দ্রব্যবত্ত্বের ব্যাখ্যায় সিদ্ধান্ত করিয়াছেন যে, অণুভিন্ন দ্রব্যত্ত্ই অনেকদ্রব্যবত্ত্ব। স্তরাং** <mark>উহা আত্মাতে</mark>ও আছে। সে যাহাই হউক, প্রাচীন মতে যে মহত্ত্বের ন্যায় অনেক-দ্রব্যবত্বও প্রত্যক্ষে বা চাক্ষ্য প্রত্যক্ষে কারণ, ইহা পরম প্রাচীন বাৎস্যায়ন প্রভৃতির কথায় স্পষ্ট বুঝা যায়। মহর্ষি কণাদের "মহত্যনেকদ্রব্যবত্বাৎ রাপাচ্চোপলবিধঃ" (বৈশেষিকর্শন ৪অ° ১আ° ষষ্ঠ সূত্র) এই সূত্রই পুর্ব্বোজ প্রাচীন সিদ্ধান্তের মূল বলিয়া গ্রহণ করা যায়। ঐ সূত্রের বাখ্যায় শঙ্কর মিল্ল বলিয়াছেন যে, অবয়বের বহুতু-প্রযুক্ত মহত্ত্বে আশ্রয়ছই অনেক্**দব্যবত্ব । কণাদের সূ**ৱানুসারে মহত্ত্বে ন্যায় উহাকেও চাক্ষ্ম প্রত্যক্ষে কারণ বলিতে হইবে । তুলাভাবে ঐ উভয়েরই অণ্বয়-বাতিরেক-ভানবশতঃ উভয়কেই কারণ বলিয়া গ্রহণ করিতে হইবে। উহার একের স্বারা অপরটি অন্যথাসিদ্ধ হইবে না। দূরন্থ দ্রবো মহত্ত্বে উৎকর্ষে প্রভাক্ষতার উৎকর্ষ হয়, ইহা বলিলে সেখানে অনেক দ্রব্যবত্ত্বের উৎকর্ষও তাহার কারণ বলিতে পারি। পর্ড কোনস্থলে অনেক দ্বাবড়ের উৎকর্ষই প্রত্যক্ষতার উৎকর্ষের কারণ, ইহাও অবশ্যন্ত্রীকার্যা। কারণ, মর্কটের সূত্র-জালে মর্কটের অপেক্ষায় মহত্বের উৎকর্ষ থাকিলেও দূর হইতে তাহার প্রত্যক্ষ হয় না। কিন্ত ভারতঃ মর্কটের প্রত্যক্ষ হয়। এইরাপ সূক্ষাসূত্রনিমিত বড়ের দূর হইতে প্রত্যক্ষ না হইলেও তদপেক্ষায় স্বরপরিমাণ ছুদ্গরের সেখানে প্রত্যক্ষ হইয়া থাকে। মক্ট ও মুদ্গরে অনেকদব্যবত্ত্বে উৎকর্ষ থাকাতেই সেধানে তাহারই প্রত্যক্ষ হয়। সূতরাং মহত্ত্বে ন্যায় অনেকপ্রব্যব্ত্বেও চাক্ষ প্রতাক্ষে কারণ বলিতে হইবে। সুধীগণ পূর্কোক্ত কণাদসূত্র ও শক্ষর মিশ্রের কখাগুলি প্রণিধান করিয়া প্রাচীন মতের যুক্তি চিদ্ধা করিবেন।

সহিত চক্ষুর রশ্মির সরিকর্ম স্বীকার করিলে উহার মহন্দ্র বা মহৎপরিমাণাদিও অবশ্য স্বীকার করিতে হইবে। তাহা হইলে চাক্ষুম প্রত্যক্ষের সমস্ত কারণ থাকায়, প্রদীপের ন্যায় চক্ষুর রশ্মির কেন প্রত্যক্ষ হয় না ? প্রত্যক্ষের কারণসমূহ সন্তেও যথন উহার প্রত্যক্ষ হয় না, তথন উহার অন্তিন্মই নাই, ইহা প্রতিপন্ন হয়। স্বতরাং উহার অনুমানে কোন হেতুই হইতে পারে না। যাহা অসিদ্ধ বা অলীক বলিয়া প্রতিপন্ন হইতেছে, তাহার অনুমান অসম্ভব। তাহার অনুমানে প্রযুক্ত হেতু অহেতু ॥৩৫॥

সূত্র। নানুমীয়মানস্য প্রত্যক্ষতোহনুপলব্ধিরভাবহেতুঃ।।৩৬॥২৩৪॥

অন্থুবাদ। (উত্তর) অনুমীয়মান পদার্থের প্রত্যক্ষতঃ অন্থুপলব্ধি অভাবের সাধক হয় না।

ভাষ্য। সন্নিকর্ষপ্রতিষেধার্থেনাবরণেন লিঙ্গেনামুমীয়মানস্থ রশ্মের্যা প্রত্যক্ষতোহমুপলন্ধিন সাবভাবং প্রতিপাদয়তি, যথা চন্দ্রমসঃ পরভাগস্থ পৃথিব্যাশ্চাধোভাগস্থ।

অমুবাদ। সন্নিকর্ষপ্রতিষেধার্থ অর্থাৎ সন্নিকর্ষ না হওয়া যাহার প্রয়োজন বা ফল, এমন আবরণরূপ লিঙ্গের দ্বারা অমুমীয়মান রশ্মির প্রভাক্ষত: যে অমুপলন্ধি, উহা অভাবপ্রতিপাদন করে না, যেমন চল্রের পরভাগ ও পৃথিবীর অধোভাগের (প্রভ্যক্ষত: অমুপলন্ধি অভাব-প্রতিপাদন করে না)।

টিপ্পনী। মহাঘি পুৰবসুত্রোক্ত পূর্বপক্ষের উত্তরে এই সুত্রের হার। বলিয়াছেন যে, যাহা অনুমান প্রমাণ হার। সিদ্ধ হইতেছে, এমন পদার্থের প্রত্যক্ষত: অনুপলির অর্থাৎ প্রত্যক্ষ না হওয়া তাহার অভাবের প্রতিপাদক হয় না। বস্তুমাত্রেরই প্রত্যক্ষ হয় না, অনেক অতীন্তির বস্তুও আছে, প্রমাণ হার। তাহাও সিদ্ধ হইয়াছে। ভাষ্যকার ইহার দৃষ্টান্তরূপে চল্রের পরভাগ ও পৃথিবীর অধোভাগকে গ্রহণ করিয়াছেন। চল্রের পরভাগ ও পৃথিবীর অধোভাগ আমাদিগের প্রত্যক্ষ না হইলেও, উহার অন্তিম্ব সকলেই স্বীকার করেন। প্রত্যক্ষ হয় না বলিয়া উহার অপলাপ কেহই করিতে পারেন না। কারণ, উহা অনুমান বা যুক্তিসিদ্ধ। এইরূপ চক্ষুর রশ্বিও অনুমান-প্রমাণ-

নিদ্ধ হওয়ায়, উহারও অপলাপ করা যায় না। কুড্যাদির হার। আবৃত বস্তু দেখা যায় না, ইহা সর্ব্বসিদ্ধ। স্মৃতরাং ঐ আবরণ চক্ষুর রণ্মির সহিত বিষয়ের সন্নিকর্মের প্রতিষেধক বা প্রতিবন্ধক হয়, ইহাই সেখানে বলিতে হইবে। নচেৎ সেখানে কেন প্রত্যক্ষ হয় না ? স্মৃতরাং এইভাবে আবরণ চক্ষুর রণ্মির অনুমাপক হওয়ায়, উহা অনুমানসিদ্ধ হয় ॥ এ৬॥

मूज। দ্রব্য-গুণ-ধর্মভেদাক্ষোপলব্ধিনিয়মঃ।।৩৭।।২৩৫।।

অমুবাদ। পরস্তু দ্রব্য-ধর্ম্ম ও গুণ-ধর্ম্মের ভেদবশতঃ উপলব্ধির .(প্রভাক্ষের) নিয়ম হইয়াছে।

ভাষা। ভিন্ন: খন্বয়ং দ্রব্যধর্মো গুণধর্মণ্ড, মহদনেকন্তব্যবচ্চ বিষক্তা-বয়বমাপ্যাং দ্রব্যং প্রভাক্ষতো নোপলভাতে, স্পর্মপ্ত শীতে। গৃহতে। তস্ত দ্রব্যসামুবদ্ধাৎ হেমস্তশিশিরৌ কল্পোতে। তথাবিধমের চ তৈজ্ঞসং দ্রব্যমমুভ্তরপং সহ রূপেণ নোপলভাতে, স্পর্মপ্তিস্থোফ উপলভাতে। তস্ত দ্রব্যসামুবদ্ধাদ্গ্রীম্বসম্ভৌ কল্পোতে।

অনুবাদ। এই দ্বন্য-ধর্ম ও গুণ-ধর্ম ভিন্নই, বিষক্তাবয়ব অর্থাৎ থাহার অবয়ব দ্বনান্তরের সহিত বিষক্ত বা মিশ্রিত হইয়াছে, এমন জ্বলীয় দ্বব্য মহৎ ও অনেক দ্বব্য সমবেত হইয়াও প্রত্যক্ষ প্রমাণের দ্বারা উপলব্ধ হয় না, কিন্তু (ঐ দ্বব্যের) শীত স্পর্শ উপলব্ধ হয়। দেই দ্বব্যের সম্বন্ধবিশেষবশতঃ হেমন্ত ও শীত ঋতু কল্পিত হয়। এবং অনুভূতরূপবিশিষ্ট তথাবিধ (বিষক্তাবয়ব) তৈজ্বস দ্বব্যুই রূপের সহিত উপলব্ধ হয় না, কিন্তু উহার উষ্ণস্পর্শ উপলব্ধ হয়। সেই দ্বব্যের সম্বন্ধবিশেষবশতঃ গ্রীম ও বসন্ত ঋতু কল্পিত হয়।

টিপেনী। চক্ষুর রশ্মি অনুমান-প্রমাণসিদ্ধ, স্থতরাং উহার প্রত্যক্ষ না হইলেও, উহা স্বীকার্য্য, এই কথা পূর্ব্বসূত্রে বলা হইরাছে। কিন্তু অন্যান্য তেজ্ব:পদার্থ এবং তাহার রূপের যেমন প্রত্যক্ষ হয়, তত্ত্রপ চক্ষুর রশ্মি ও তাহার রূপের প্রত্যক্ষ কেন হয় না ? এতদুত্তরে মহর্ষি এই সূত্রের হারা বলিয়াছেন যে দ্রব্য ও গুণের ধর্মভেদবশতঃ প্রত্যক্ষের নিয়ম হইয়াছে। ভাষ্যকার মহর্ষির বক্তব্য বুঝাইতে বলিয়াছেন যে জলীয় দ্রব্য মহন্দাদিকারণ- প্রযুক্ত প্রত্যক্ষ হইলেও, উহ৷ যথন বিষক্তাবয়ব হয়, অর্থাৎ পৃথিবী বা বায়ুব মব্যে উহার অবয়বগুলি যথন বিশেষরাপে প্রবিষ্ট হয়, তথন ঐ জলীয় দ্রব্যের এবং উহার রূপের প্রতাক্ষ হয় না. কিন্তু তথন তাহার শীতম্পর্শের প্রতাক্ষ হইয়া থাকে। পুৰোক্তরূপ জনীয় দ্রব্যের এবং তাহার রূপের প্রত্যক প্রয়োজক ধন্মভের না থাকায়, তাহার প্রতাক্ষ হয় না, কিন্তু উহার শীতম্পর্শ-রূপ গুণের প্রতাক্ষ হইয়। থাকে। কারণ, তাহাতে প্রত্যক্ষপ্রযো**দ্র**ক ধর্মতেন (উদ্ভব্ত) আছে। ঐ শী চম্পর্ণের প্রত্যক্ষ হওয়ায়, তাহার আধাব জনীয় দ্রব্য ও তাহার রূপ অনুমানসিদ্ধ হয়। পুর্বের্বাক্তরূপ **জ**লীয় দ্রব্য শিশিরের সম্বন্ধবিশেষই হেমন্ত ও শীত ঋতুৰ ব্যঞ্জ হওয়ায়, তদ্বারা ঐ ঝতুৰ্বয়ের করন। হইরাছে। এইরূপ পূর্কোক্ত প্রকার তৈজগদ্রব্য উদ্ভবরূপ ন। থাকায়, তাহার এবং তাহার রূপেব প্রতাক্ষ হয় না, কিন্তু তাহার উঞ্চন্সর্শের প্রত্যক হইয়া থাকে। তাদৃশ তৈজনদ্রব্যের (উত্মার) সম্বন্ধবিশেষই গ্রীম্ম ও বসস্ত ঝাঁতুর ব্যঞ্জক হওমায়, তন্দার। ঐ ঝাতুদ্বরের কল্পনা হইয়াছে। স্থতরাং পুর্ব্বোক্ত-রূপ তৈজ্পদ্রব্য ও তাহার রূপ অনুমানপিদ্ধ হয়। মূলকথা, দ্রব্যমাত্র 'ও গুণীনাত্রেরই প্রত্যক্ষ হয় ন।। যে দ্রব্য ও যে গুণে প্রত্যক্ষপ্রযোজক ধর্ম-বিশেষ আছে, তাহারই প্রত্যক্ষ হয়। স্থতরাং প্রত্যক্ষ না হইলেই বস্তুর অভাব নির্ণয় কর। যায় না । পূর্ব্বোক্ত প্রকার জলীয় ও তৈজ্ঞস দ্রব্য এবং তাহার রূপের যেমন প্রত্যক্ষ হয় না, তঙ্কপ চফুর রশ্মি ও তাহার রূপেরও প্রতাক হইতে পারে ন।। কারণ, প্রতাকপ্রযোজক ধর্মতেদ উহাতে নাই। কিন্তু তাই বলিয়া উহার অভাব নির্ণয় করা যায় না। কারণ, উহা পুর্বেইাজ্জ-রূপে অনুমানপ্রমানিদিদ্ধ হইয়াছে ॥ ৩৭॥

ভাগ্য। যত্র ছেষা ভবতি--

অমুবাদ। যাহা বিজ্ঞমান থাকিলেই অর্থাৎ যাহার সত্তাপ্রযুক্ত এই উপলব্ধি হয়, (সেই ধর্মভেন পরসূত্রে বলিতেছেন)—

সূত্র। অনেকদ্রব্যসমবায়াদ্রপবিশেষাচ্চ রূপোপলব্ধিঃ।।৩৮॥২৩৬॥

১। বৈশেষিক দর্শনেও এইরাপ সূর দেখা যায়। (৪অ০ ১আ০ ৮ম সূর লুক্টবা)
শক্ষর মিশ্র সেই সূরে 'রোপবিশেষ" শব্দের দ্বারা উদ্ভূতত্ব, অনভিভূতত্ব ও রাগত্ব—
এই ধর্মারের ব্যাখ্যা করিয়াহেন। কিন্তু এই ন্যায়সূত্রর ব্যাখ্যার ভাষ্যকরেও

অমুবাদ। বহুদ্রব্যের সহিত সমবায়সম্বন্ধপ্রযুক্ত এবং রূপবিশেষ প্রযুক্ত রূপের উপলব্ধি হয়।

ভাষা। যত্র রূপঞ্চ দ্রব্যক্ত তদাশ্রয়ঃ প্রভাক্ষত উপলভাতে।
রূপবিশেষস্ত যন্তাবাৎ কচিদ্রেপোপলবিঃ, যদভাবাচ্চ দ্রব্যস্ত কচিদ্রুপলবিঃ,— স রূপধর্ম্মোহয়মুদ্রবসমাখ্যাত ইতি। অমুদ্রতরূপশ্চায়ঃ নায়নো
রিশাঃ, তস্মাৎ প্রভাক্ষতো নোপলভাত ইতি। দৃষ্টশ্চ ভেজসো ধর্মভেদঃ,
উদ্ভূতরূপস্পর্শং প্রভাক্ষং ভেজো যথা আদিতারশায়ঃ। উদ্ভূতরূপমমূদ্রভ্
স্পর্শক্ত প্রভাক্ষং তেজো যথা প্রদীপরশায়ঃ। উদ্ভূতস্পর্শমনূদ্রতরূপমপ্রভাক্ষং যথাহবাদি সংযুক্তং ভেজঃ। অমুদ্রতরূপস্পর্শোহপ্রভাক্ষশ্চাক্ষ্যোরিতি।

অসুবাদ। যাহা বিভ্যমান থাকিলে অর্থাৎ যে "রূপবিশেষে"র সত্তা-প্রযুক্ত রূপ এবং তাহার আধারত্রব্যও প্রত্যক্ষপ্রমাণের দারা উপলব্ধ হয়, (তাহাই পূর্ববস্ত্রোক্ত ধর্মতেদ)।

রূপবিশেষ কিন্তু— যাহার সত্তাপ্রযুক্ত কোন স্থলে রূপের প্রত্যক্ষ হয়, এবং যাহার অভাবপ্রযুক্ত কোন স্থলের দ্রব্যের প্রত্যক্ষ হয় না, সেই এই রূপ ধর্ম (রূপগত ধর্মবিশেষ) উদ্ভবসমাখ্যাত অর্থাৎ উদ্ভব বা উদ্ভূতত্ব নামে খ্যাত। কিন্তু এই চাক্ষ্ম রশ্মি অহুদ্ভূতরূপবিশিষ্ট, অর্থাৎ উহার রূপে পূর্ব্বোক্ত রূপবিশেষ বা উদ্ভূতত্ব নাই, অতএব (উহা) প্রত্যক্ষপ্রমাণের দ্বারা উপলব্ধ হয় না।

তেজ্বঃপদার্থের ধর্ম্মভেদ দেখাও যায়। (উদাহরণ) (১) উদ্ভূত রূপও উদ্ভূতস্পর্শবিশিষ্ট প্রত্যক্ষ তেজ্বঃ, যেমন সূর্য্যের রশ্মি। (২)

বার্তি ককার প্রভৃতি "রূপবিশেষ" শব্দের দারা কেবল উদ্ভব বা উদ্ভূতত্ব ধর্মাকেই গ্রহণ করিয়াছেন। শঙ্কর মিশ্র পুর্বেষ্টিজ বৈশেষিক সূরের উপজ্ঞারে প্রথমে উদ্ভূতত্বকে জাতিবিশেষ বলিয়া পরে উহাকে ধন্মবিশেষই বলিয়াছেন। চিন্তামণিকার গঙ্গেশ প্রথমকল্পে অন্ভূতত্বের অভাবসমূহকেই উদ্ভূতত্ব বলিয়াছেন। শঙ্কর মিশ্র এই মতের খন্তন করিয়াছেন। প্রধান সিদ্ধান্ত সিদ্ধান্ত বিশ্বনাধ পঞ্চানন সিদ্ধান্ত মুক্তাবলী গ্রহে এই মতেই গ্রহণ করিয়াছেন।

উদ্ভরপবিশিষ্ট ও অনুস্তৃতস্পর্শবিশিষ্ট প্রভক্ষ তেজঃ, যেমন প্রদীপের রশ্মি (৩) উদ্ভত্পার্শবিশিষ্ট ও অনুস্তৃতরপবিশিষ্ট অপ্রভাক্ষ তেজঃ, যেমন জলাদির সহিত সংযুক্ত তেজঃ। (৪) অনুস্তৃতরূপ ও অনুস্তৃতস্পর্শবিশিষ্ট অপ্রভক্ষ তেজঃ চাকুষ রশ্মি।

টিপ্পনী। পূৰ্বসূত্ৰে মহ ঘি যে "দ্ৰব্যগুণধৰ্মভেদ" বলিয়াছেন, তাহ। কিরপ ? এই জিজ্ঞাস। নিবৃত্তির জন্য মহাঘি এই সূত্রের দার। তাহা সূচনা করিয়াছেন। ভাষ্যকার সূত্রের অবতারণা করিতে প্রথমে ''এঘা'' এই বাক্যের ঘার৷ পূর্বসূত্রোক্ত উপল্কিকে গ্রহণ করিয়া, পরে সূত্রস্থ ''রপোপ-লিকি'' শব্দের দারা রূপ এবং রূপবিশিষ্ট দ্রব্যের উপল্কিই যে মহন্ধিব বিবক্ষিত, ইহা প্রকাশ করিয়াছেন। পরে সূত্রস্থ "রূপবিশেষ" শবেদর দার। ক্রপের বিশেষক ধর্মই মহধির বিবক্ষিত, অর্থাৎ ''রূপবিশেষ'' শনের ছার। এখানে রূপগত ধর্মবিশেঘই বুঝিতে হইবে, ইহা বলিয়াছেন। ঐ রূপগত ধর্মবিশেষের নাম উত্তব বা উত্তব। উত্তাও অনুভূত, এই দুই প্রকার রূপ থাছে। তদ্মধ্যে উদ্ভূত রূপেনই প্রতাক্ষ হয়। ধর্থাৎ যেরূপে উত্তত্ত্ব নামক বিশেষধর্ম আছে, তাহার এবং সেই রূপবিশিষ্ট দ্রব্যের চাক্ষ প্রত্যক্ষ হয়। স্থতরাং রূপগত বিশেঘধর্ম ঐ উভূত্ত, রূপ এ**বং** তাহার আএন দ্রব্যের চাজুঘ প্রত্যক্ষের প্রযোজক। মহ<mark>াঘি "রূপ-</mark> বিশেষাৎ'' এই কথার <mark>যার।</mark> এই সিদ্ধান্তের সূচন। করিবা**ছে**ন। 'অনেকদ্রব্যসমবায়াৎ'' এই কথার দ্বাবা ভাষ্যকারের পুর্বোক্ত অনেক দ্রব্যুত্ত মর্থাৎ ব**ছদ্রব্যবন্ধ**ও যে ঐ প্রভাকে কারণ, ইহা সূচনা করিয়াছেন। স্থাপুকে উভূতরূপ থাকিলেও তাহাতে বহুদ্রব্যসমবেতত্ব না থাকায়, তাহার প্রত্যক্ষ হয় ন। মহদি গৌতম এই সূত্রের মহদ্বের উল্লেখ করেন নাই।। কিন্ত ভাষ্যকার বাৎস্যায়ন প্রভৃতি প্রাচীন নৈয়ায়িকগণের মতে মহম্বও ঐ প্রত্যক্ষের কারণ ইহা পুর্বেই বলিয়াছি। এই সূত্রস্থ "চ" শবেদর ছার। মহজের সমুচচয়ও ভাষ্যকার বলিতে পারেন। কিন্তু ভাষ্যকার তাহা বিছু বলেন নাই। রূপের প্রত্যক্ষ হইলে, সেই প্রত্যক্ষরপ কার্য্যের মারা সেই রূপে উভূতত্ব আছে, ইহা ্নুমান করা যায়। চক্ষুর রশ্মিতে উভূত রূপ না থাকায়, তাহার প্রত্যক হয় না। তেজ:পদার্থ মাত্রই যে প্রত্যক্ষ হইবে এমন নিয়ম নাই। ভাষ্যকার ইহা সমর্থন করিতে পারে প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ চতুব্বিধ তেজঃপদার্থের উল্লেখ করিয়া তেজঃপদার্থের ধর্মভেদ দেখাইয়াছেন। তন্যধ্যে চতুর্থপ্রকার তেজঃ-পদার্থ চাক্ষ্ম রশ্মি। উহাতে উদ্ভূত রূপ নাই, উদ্ভূত স্পর্শও নাই, হুতরাই উহার প্রত্যক্ষ হয় না। উদ্ভূত কার্শ থাকিলেও জলাদি-সংযুক্ত তেজ:-পদার্থের উদ্ভূতরূপ না থাকায়, তাহার চাকু্ম প্রত্যক্ষ হয় না।। এ৮।।

সূত্র। কর্মকারিতকেন্দ্রিয়াণাং ব্যুহঃ পুরুষার্থতন্তঃ॥। ।।৩৯॥২৩৭॥

অসুবাদ। ইন্দ্রিয়বর্গের বৃাহণ অর্থাৎ বিশিষ্ট রচনা কর্মকারিড (অদৃষ্টব্দনিত) এবং পুরুষার্থতন্ত্র অর্থাৎ পুরুষের উপভোগসম্পাদক।

ভাষ্য। যথা চেতনস্থার্থো বিষয়োলকিভ্তঃ স্থখছু:খোপলকিভ্তশ্চ কল্লাতে, তথেন্দ্রিয়াণি ব্যুঢ়াণি, বিষয়প্রাপ্তার্থশ্চ রশ্মেশ্চাক্ষ্যন্ত ব্যুহঃ। ক্রপম্পশানভিব্যক্তিশ্চ ব্যবহারপ্রকৃপ্তার্থা, স্বব্যবিশেষে চ প্রতীঘাতালা-বরণোপপত্তির্ব্যবহারার্থা। সর্বব্যব্যাণাং বিশ্বক্ষপো ব্যুহ ইন্দ্রিয়বৎ কর্ম-কারিতঃ পুরুষার্থভন্তঃ। কর্ম তু ধর্মাধর্মভূতং চেতনস্থোপভোগার্থমিতি।

অমুবাদ। যে প্রকারে বাহ্য বিষয়ের উপল নিরপ এবং ত্র্যভূথের উপল নিরপ চেতনার্থ অর্থাৎ পুরুষার্থ কল্পনা করা হইয়াছে, সেই প্রকারে বূাঢ় অর্থাৎ বিশিষ্টরূপে রচিত ইন্দ্রিয়গুলিও কল্পনা করা হইয়াছে এবং বিষয়ের প্রাপ্তির জন্ম চাক্ষুষ রশ্মির বৃাহ (বিশিষ্ট রচনা) কল্পনা করা হইয়াছে। রূপ ও স্পর্শের অনভিব্যক্তিও ব্যবহারসিদ্ধির জন্ম করা হইয়াছে। দ্রব্যবিশেষে প্রতীঘাতবশতঃ আবরণের উপপত্তি ও ব্যবহারার্থ কল্পনা করা হইয়াছে। সমস্ত জন্মদ্রের বিচিত্র রূপ রচনা ইন্দ্রিয়ের স্থায় কর্মাজনিত ও পুরুষের উপভোগসম্পাদক। কর্ম কিন্তু পুরুষের উপভোগার্থ ধর্ম ও অধর্মারপ।

টিপ্পনী। চক্ষুরিন্দ্রিরের রণ্মি আছে, স্মৃতরাং উহা ভৌতিক পদার্থ, উহাতে উদ্ভুতরূপ না থাকাতেই উহার প্রত্যক্ষ হয় না, ইহা প্রতিপ্র হইরাছে। এখন উহাতে উদ্ভুতরূপ নাই কেন ? অন্যান্য তেজঃপদার্থের ন্যায় উহাতে উদ্ভুত রূপ ও উদ্ভুত স্পর্শের স্পষ্টী কেন হয় নাই ? এইরূপ প্রশু হইতে পারে,

১। সূত্রে 'বৃত্য' শব্দের দারা এখানে নিম্মাণ অর্থাৎ রচনা বা সৃষ্টি ^{বুঝা} বায়। ''ঝুহ'' স্যাদ্ বলবিন্যাসে নিম্মানে রন্দতর্কয়োঃ''।—মেদিনী ।

তাই তদুত্তরে মহাধি এই সূত্তের দার। বলিয়াছেন যে, ইন্দ্রিয়বর্গেব বিশিষ্ট বচনা "পুরুষার্থ-তন্ত্র", স্থতরাং পুরুষের অদৃষ্ট-বিশেষ-জনিত। পুরুষের বিষয়ভোগরূপ প্রয়োজন যাহার তন্ত্র অর্থাৎ প্রয়োজক, অর্থাৎ বিষয়ভোগের জন্য **যাহার স্থাষ্ট, তাহা পুরুষার্থতম্ত্র।** অদুষ্টবিশেষবশতঃ পুরুষের বিষয়ভোগ চ্ইতে**ছে, স্থতরাং ঐ বিষয়ভোগে**র <mark>নাধন ইন্দ্রিয়বর্গও অদুপ্টবিশেষঞ্জ</mark>নিত। যে ইন্দ্রির <mark>যেরূপে রচিত ব। স্বষ্ট হইলে তদ্ধার। তা</mark>হার ফল বিষয়ভোগ নিষ্পায় হইতে পারে, জীবের ঐ বিষয়ভোগজনক অদৃষ্টবিশেষপ্রযুক্ত সেই ইন্দ্রিয় সেই-ব্ধপেই স্থষ্ট হইয়াছে। ভাষ্যকার ইহা যুক্তির হার। বুঝাইতে বলিয়াছেন, বে. বাহ্য বিষয়ের উপলব্ধি এবং স্কুখদুঃখের উপলব্ধি, এই দুইটিকে চেতনের মর্থ, অর্থাৎ ভোক্তা আত্মার প্রয়োজনরূপে করনা কর। হইয়াছে। অর্থাৎ ঐ দুইটি পুরুষার্থ সকলেরই স্বীকৃত। স্কুতরাং ঐ দুইটি পুরুষার্থ নিপাত্তির জনঃ উহার সাধনরূপে ইন্দ্রিয়গুলিও সেইভাবে রচিত হইয়াছে, ইহাও স্বীকার হইরাছে। দ্রষ্টব্য বিষয়ের সহিত চক্ষ্রিল্রিয়ের প্রাপ্তি বা সন্নিকর্ষ না হটলে, তাহার উপলব্ধি হইতে পাবে না, স্থতরাং দেইজন্য চাক্ষ রশ্মিরও পটি হইয়া**ছে ইহাও** অব**শ্য স্বী**কার্য্য। এবং ঐ চাক্ষুঘ র**শ্মির রূপ ও** স্প**র্লে**ব খন**ভিব্যক্তি অর্থাৎ উহার অনুভূতহ**ণ্ড **প্রত্যক্ষ ব্যবহার-শিদ্ধির জন্য স্বী**কাব ক্ষা **হই**য়াছে। বাত্তিককার ইহা বুঝাইতে বলিয়াছেন যে, যদি গাকুষ বিশিতে উদ্ভ**ত স্পর্ণ থাকে, তাহ। হইলে কোন দ্রব্যে চক্**র অনেক **র**িশন ংযোগ হইলে ঐ দ্রব্যের দাহ হইতে পারে। উদ্ভূত স্পর্ণবিশিষ্ট বহ্ছি প্রভৃতি ত**জঃপদার্থের সংযোগে য**ধন দ্রব্যবিশেষের সন্তাপ বা দাহ হয়, তথন চাক্ষ শির সংযোগেও কেন তাহা হইবে না? এবং কোন দ্রব্যে চকুর বছ িশ সন্নিপতিত হইলে তদ্বার। ঐ দ্রব্য ব্যবহিত ব। আচ্ছাদিত হওয়ায়, ঐ দব্যের প্রত্যক্ষ হইতে পারে না। স্মিরণিমগদ্ধ প্রার্থে স্মিরণিমর ছাব। যমৰ চাকুৰ রশ্মি আচ্ছাদিত হয় না, তক্ষেপ চাকুষ রশ্মির হারাও। উহ। বাচ্ছাদিত হয় না, ইহা বলা যায় না। কারণ চাক্ষ্ম রশ্মিকে ভেদ করিয়া ै সূর্যার-িমসম্বন্ধ এব্যের সহিত সম্বন্ধ হয়, ফলবলে ইহাই কল্পনা করিতে থিবে। চক্র রণিমতে উড়ত স্পর্ণ স্বীকার করিয়া তাহাতে সূর্যারণিমৰ ার পুর্বেভিদ্রপ করন। করা বার্থ ও নিম্পুনাণ এবং চক্ষুরিক্রিয়ে উদ্ভবরূপ 🖟 উঙ্ত স্পর্ণ থাকিলে, কোন দ্রব্যে প্রথমে এক ব্যক্তির চক্ষুর রশ্মি পতিত ेदन, তদ্ধার। ঐ দ্রব্য বাবহিত হ'ওয়ায় অপর ব্যক্তি আর তখন ঐ দ্রব্য াক করিতে পারে না, অনেক রশ্মির সন্নিপাত হইলে, তাহা হইতে শিখানে অন্য রশ্মির উৎপত্তি হয়, তদ্মারাই সেখানে প্রত্যক্ষ হয়, এই কথাও বলা যায় না। কাবণ, তাহা হ**ইলে পুৰ্ণচক্ষু ও** অপু**ৰ্ণচক্ষু—এই** উভ ব্যক্তিরই তুলাভাবে প্রত্যক্ষ হইতে পারে। চক্ষুর র**িম** হ**ইতে** যদি অন র×িমর উৎপত্তি হইতে পারে, তাহ। হইলে ক্ষীণদৃষ্টি ব্যক্তিরও ক্রমে পূর্ণদৃষ্ট ব্যক্তির ন্যায় চক্ষুর রশ্মি উৎপন্ন হওয়ায়, তুল্যভাবে প্রত্যক্ষ হইতে পানে, ভাহার প্রত্যক্ষের অপক**র্মে**র কোন কা<mark>রণ নাই। স্থত</mark>রাং পু**র্ব্বো**ক্ত ঞ গমস্ত যুক্তিতে প্রতাক্ষ ব্যবহারগি**দ্ধি**র জ**ন্য চক্ষুর** র**শ্মিতে উ**ভূত **র**প খ উ**ভূত স্পর্ণ নাই, ইহাই স্বীকার কর। হইয়াছে। অদৃ**ষ্টবি**শেঘবশতঃ ব্যব**হান গিদ্ধি বা ভোগনিপত্তির জন্য চক্ষুর র**িম**তে অনুভূত **রূপ ও** অনুভূত স্প^{র্} উৎপন্ন হইয়াছে। ভাঘ্যকার শেষে ইহা**ও ব**লিয়াছেন যে, ব্যবহিত ডক বিশেষের চাক্ষুম প্রত্যক্ষ না হওয়ায়, ঐ দ্রব্যে চাক্ষুম র**িমর প্রতী**যাত হয় ইহা বুঝা যায়। স্তরাং সেখানেও ঐরপ ব্যবহারসিদ্ধির জন্য ডিঙি প্রভৃতিকে চ'ক্ষুম্বরশ্মির আবরণ বা আচ্ছাদ্**করূপে স্বীকা**র করা হইয়াছে জগতের ব্যবহার-বৈচিত্র্য-বশতঃ তাহার কারণও বিচিত্র বলিতে হইরে সে বিচিত্র কারণ জীবের কর্ম্ম, অর্থাৎ ধর্মাধর্মরূপ অদৃষ্ট। কেবল ইন্রিন রূপ দ্রব্যই যে ঐ অদৃষ্টজনিত, তাহা নহে । সমস্ত জন্যদ্রব্য বা জগঙে বিচিত্র বচনাই ইক্রিয়বর্গ্রচনার ন্যায় অদুষ্টজনিত ।। ৩৯ ।।

ভায়। অব্যভিচারাচ্চ প্রতীঘাতো ভৌতিকংশ্রঃ।

যশ্চাবরণোপলস্থাদিন্দ্রিয়স্ত দ্রব্যবিশেষে প্রতীঘাতঃ স ভৌতি^ক ধর্ম্মো ন ভূতানি ব্যভিচরতি, নাভৌতিকং প্রতীঘাতধর্মকং দৃষ্টমিতি অপ্রতীঘাতস্ত ব্যভিচারী, ভৌতিকভৌতিকয়োঃ সমান্তাদিতি।

যদপি মন্যেত প্রতীঘাতাদ্ভৌতিকানীন্দ্রিয়াণি, অপ্রতীঘাতাদ ভৌতিকানীতি প্রাপ্তং, দৃষ্টশ্চাপ্রতীঘাতঃ, কাচাভ্রপটলস্ফটিকাস্তরিতো পলস্কো:। তন্ন যুক্তং, কস্মাৎ ? যস্মাদ্ভৌতিকমপি ন প্রতিহয়ত

১। মূলত ন্যায়বার্তিকে ''জব্যভিচারী তু প্রতীঘাতো ভৌতিকধন্মঃ" এইর একটি সূত্রপাঠ বুঝিতে পারা যায়। কিন্তু উহা বার্তিককারের নিজের পাঠও হইছে পারে। ''ন্যায়সূত্রোজার'' গ্রন্থে ঐস্থলে ''অব্যভিচারাক্ট'' এইরূপ সূত্রপাঠ দেখা ^{যায়} কিন্তু ''ন্যায়ত্ত্বলোক'' ও ''ন্যায়সূচীনিব্লো' এখানে ঐরূপ কোন সূত্র গৃহীত হয় নাই বুজিকার বিশ্বনাথও ঐরূপ সূত্র বলেন নাই। সূত্রাং ইহা ভাষা বলিয়া গৃহীর হাজিকার

কাচা**ভ্রপটলম্ফটিকান্ত**রি**তপ্রকাশা**ৎ প্রদীপরশ্মীনাং,—স্থাল্যাদিষু চ পাচকস্য তেজ্বসোহপ্রতীঘাতাৎ |

অমুবাদ। পরন্ত, অব্যভিচারবশতঃ প্রতীঘাত ভৌতিকদ্রব্যের ধর্ম।
বিশদার্থ এই যে, আবরণের উপলব্ধিবশতঃ ইন্দ্রিয়ের দ্রব্যবিশেষে যে
প্রতীঘাত, সেই ভৌত্তিক ধর্ম ভূতের ব্যাভিচারী হয় না। (কারণ)
অভৌত্তিক দ্রব্যপ্রতীঘাতধর্মবিশিষ্ট দেখা যায় না। অপ্রতীঘাত কিন্তু
(ভূতের) ব্যভিচারী, যেহেতু উহা ভৌতিক ও অভৌত্তিক দ্রব্যে সমান।
আর যে (কেহ) মনে করিবেন, প্রতীঘাতবশতঃ ইন্দ্রিয়গুলি
ভৌতিক, (স্কুতরাং) অপ্রতীঘাতবশতঃ অভৌত্তিক, ইহা প্রাপ্ত হয়,
মর্থাৎ দিদ্ধ হয়। (চক্ষুরিন্দ্রিয়ের) অপ্রতীঘাত দেখাও যায়; কারণ,
কাচ ও অভ্রপটল ও স্ফটিক দ্বারা ব্যবহিত বস্তুর প্রত্যক্ষ ইইয়া থাকে।
ভাহা অর্থাৎ পূর্বেরিক্ত মত যুক্ত নহে। (প্রশ্ন) কেন? (উত্তর)
যেহেতু ভৌত্তিক দ্রব্যও প্রতিহত হয় না। কারণ, প্রদীপরশ্মির কাচ,
অভ্রপটল ও স্ফটিক দ্বারা ব্যবহিত বস্তুর প্রকাশকত্ব আছে এবং স্থালী
প্রভৃতিতে পাচক তেজ্বের (স্থালী প্রভৃত্তির নিমুস্থ অগ্নির) প্রতীঘাত
হয় না।

টিপপনী। মহর্ষি ইত:পূর্বে ইন্দ্রিয়ের ভৌতিকর্ষণিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। তাঁহার মতে চক্ষুরিলিয় তেজ:পদার্থ; কারণ, তেজ নামক ভূতই উহার উপাদানকারণ, এইজনাই উহাকে ভৌতিক বলা হইয়াছে। ভাষাকার মহর্ষির পূর্ব্বোক্ত গিদ্ধান্ত বিশেষরূপে সমর্থন করিবার জন্য এখানে নিজে আর একটি বিশেষ যুক্তি বলিয়াছেন যে, প্রতীঘাত ভৌতিক দ্রব্যেরই বর্ষা, উহা অভৌতিক দ্রব্যের ধর্মা নহে। কারণ, অভৌতিক দ্রব্য কখনই কোন দ্রব্যের ধার। প্রতিহত হয়, ইহা দেখা যায় না। কিন্তু ভিডি প্রব্যের ধার। চক্ষুরিলিয় প্রতিহত হয়য়। খাকে, ত্বেরাং উহা যে ভৌতিক দ্রব্য, ইহা ঝা যায়। যে যে দ্রব্যে প্রতাঘাত আছে, ভাহা সমস্তই ভৌতিক, স্বতরাং প্রতীঘাতরূপ ধর্মা ভৌতিক্ষের অব্যভিচারী। ভাহা হইলে যাহা থাতীবাতরূপ ধর্মার চক্ষুরিল্রিয়ের ভৌতিক, এইরূপ ব্যপ্তিজ্ঞানবশতঃ ঐ প্রতীঘাতরূপ ধর্মের শ্বার। চক্ষুরিল্রিয়ের ভৌতিক অনুমান প্রমাণসিদ্ধ

হয় ১ এবং ঐরূপে ঐ দৃষ্টান্তে অন্যান্য ইন্দ্রিয়েরও ভৌতিকত্ব অনুসা প্রনাণসিদ্ধ হয়। কিন্তু অপ্রতীঘাত যেমন ভৌতিক দ্রব্যে আছে, তন্ত্রু ু ভৌতিক দ্রব্যেও আছে, স্থতরাং উহার দার। ইন্দ্রিয়ের ভৌতিবত্ব 🥫 অভৌতিকত্ব সিদ্ধ হইতে পাবে না । ভাষ্যবারের প্রেরাক্ত যুক্তির গণ্ড করিতে কেহ বলিতে পারেন যে, যদি প্রতীঘাতবশত: ইন্দ্রিয়বর্গ ভৌতিক, ইং গিদ্ধ হয়, তাহা হইলে এ**প্রতীঘাত**নশতঃ ইন্দ্রিরর্গ অ**ভৌ**তিক, ইহাও দি হইবে। চক্ষুরিক্রিয়ে যেমন প্রতীঘাত আছে, তঙ্ক্রপ অপ্রতী**ঘা**ত আছে। কারণ কা**চ প্রভৃতি স**চ্ছদ্রব্যের দ্বারা ব্যবহিত ব**ন্তরও চাক্ষ্ম প্রত্যক্ষ হই**য়া থাবে। স্কুতরাং সেখানে কাচাদির দ্বারা চক্ষ্রিন্সিয়ের প্রতীঘাত হয় না, ইহা স্থীকার্য: ভাঘ্যকার এই যুক্তির খণ্ডন করিতে বলিয়াছেন যে, কাচাদির দ্বারা চন্ বিক্রিয়ের প্রতীঘাত হয় না, সেখানে চক্রক্রিক্রিয়ে অপ্রতীঘাত ধর্মই থাকে ইহা সত্য : কিন্তু তদ্দারা চক্ষুরিক্রিয়ের অভৌতিকত্ব সি**দ্ধ হই**তে পারে না কারণ সর্ব্বসন্মত ভৌতিবদ্রব্য প্রদীপের রশ্মিও কাচাদি ছারা বাবাং বস্তুর প্রকাশ করে। স্থতরাং দেখানে ঐ প্রদীপরশ্মিরূপ ভৌতিক দ্রবং কাচাদি ছারা প্রতিহত হয় না, উহাতেও তংন অপ্রতীঘাত ধর্ম থাবে, ইহাও স্বীকার্য্য। এইরূপ স্থানী প্রভৃতির নিশুস্থ অগ্নি, স্থানী প্রভৃতি মধ্যে **প্রবিষ্ট হইয়। তণ্ডুলাদির পাক সম্পাদন করে। স্থুতরাং সেখা**কেং সর্বসন্মত ভৌতিক পদার্থ ঐ পাচক তে**জে**ব স্থানী প্রভৃতির মারা প্রভূমিণ হয় না। স্থতরাং অপ্রতীঘাত যখন অভৌতিক পদার্থের ন্যায় ভৌতিই পদার্থেও আছে, তথন উহা অভৌতিকত্বের ব্যভিচারী, উহার দারা ইদ্রিফ ্ৰ**ভৌতিকত্ব সিদ্ধ হইতে পারে না। কিন্তু প্রতীযাত কেবল ভৌ**তি পদার্থেরই ধর্ম, স্মৃতরাং উহা ভৌতিকত্বের অবাভিচারী হওয়ায়, উহার গং ইন্দিয়ের ভৌতিকর সিদ্ধ হুইতে পারে ॥ এ৯ ॥

ভাষ্য। উপপত্ততে চামুপলিক্ষিং কাংণভেদাৎ—

অনুবাদ। কারণবিশেষপ্রায়ক্ত (চাক্ষ্র রশ্মির) অনুপলন্ধি উৎপর্ম হয়।

সূত্র। মধ্যন্দিনোক্ষাপ্রকাশ।রূপলব্ধিবৎতদরূপলব্ধিঃ।।৪০॥২৩৮॥

১। ভৌতিকং চক্ষুঃ কুড়াদিভিঃ প্রতীঘাতদর্শনাৎ ঘটাদিবৎ।—নায়বার্ভিক।

অসুবাদ। মধ্যাক্তকালীন উল্কালোকের অনুপ্রকরির স্থায় তাহার (চাকুষ রশ্মির) অনুপ্রলব্ধি হয়।

ভাষ্য। যথাহনেকজব্যেণ সমবায়াজ্যপবিশেষাচোপলরিরিতি সত্যুপলরিকারণে মধ্যন্দিনোক্ষাপ্রকাশো নোপলভ্যতে আদিত্যপ্রকাশোনাভিভূতঃ, এবং মহদনেকজব্যবন্তাজ্যপবিশেষাচোপলরিরিতি সত্যুপলরিকারণে চাক্স্যো রশ্মিনে পলভ্যতে নিমিন্তান্তরতঃ। তচ্চ ব্যাখ্যাতমমুভূতর্মপম্পর্শস্থ জব্যস্থ প্রভাক্ষতোহমুপলরিরিতি।

অমুবাদ। যেরপে বছদ্রব্যের সহিত সমবায়-সম্বন্ধ-প্রযুক্ত ও রপবিশেষপ্রযুক্ত প্রভাক্ষ হয়, এজন্য প্রভাক্ষের কারণ থাকিলেও, স্থ্যালোকের দ্বারা অভিভূত মধ্যাক্তকালীন উল্পালোক প্রভাক্ষ হয় না, ভদ্রেপ মহত্তও অনেকন্দ্রবাবত্বপ্রযুক্ত এবং রূপবিশেষপ্রযুক্ত প্রভাক্ষ হয়, এজন্য প্রভাক্ষ কারণ থাকিলেও নিমিত্তান্তরবশতঃ চাক্ষ্ম রশ্মি প্রভাক্ষ হয় না। অমুভূত রূপ ও অমুভূত স্পর্শবিশিষ্ট দ্রব্যের প্রভাক্ষ-প্রমাণের দ্বারা উপলব্ধি হয় না, এই কথার দ্বারা সেই নিমিত্তান্তর্ত (প্রের্ব) ব্যাখ্যাত হইয়াছে।

টিপপনী। চক্ষুরিক্রিয়ের রশ্মি আছে, স্কুতরাং উহা তৈজ্য, ইহা পূর্বের প্রতিপন্ন হইয়াছে। তৈজ্য পদার্থ হইলেও, উহার কেন প্রত্যক্ষ হয় না—ইয়াও মহাদি বলিয়াছেন। এখন একটি দৃষ্টান্ত দ্বারা উহার অপ্রত্যক্ষ সমর্থন করিতে মহাদি এই সূত্রের দ্বারা বলিয়াছেন যে, মধ্যাহ্নকালীন উল্কালোক যেমন তৈজ্য হইয়াও প্রত্যক্ষ হয় না, তজ্রপ চাক্ষুদ্ব রশ্মিরও অপ্রত্যক্ষ উপপন্ন হয়। অর্থাৎ প্রত্যক্ষের অন্যান্য সমস্ত কারণ সম্বেও যেমন সূর্য্যালোকের দ্বারা অভিভববশতঃ মধ্যাহ্নকালীন উল্কালোকের প্রত্যক্ষ হয় না, তজ্রপ প্রত্যক্ষের অন্যান্য কারণ সম্বেও কোন নিমিত্তান্তর-বশতঃ চাক্ষুদ্ব রশ্মিরও প্রত্যক্ষ হয় না। চাক্ষুদ্ব রশ্মির রূপের অনুভূত্তই সেই নিমিতান্তর। যে দ্রব্যে উভূত রূপ নাই এবং উভূত স্পর্ণ নাই, তাহার বাহ্যপ্রত্যক্ষ জনেম না, এই কথার দ্বারা ঐ নিমিতান্তর পুর্কেই ব্যাখ্যাত ইইয়াছে। ফলকথা, তৈজ্য পদার্থ হইলেই যে, তাহার প্রত্যক্ষ হইতে, এমন নিয়্ম নাই। তাহা হইলে মধ্যাহ্নকালেও উল্কার প্রত্যক্ষ হইত।

যে দ্রব্যের রূপ ও স্পর্শ উদ্ভূত নহে, অথবা উদ্ভূত হইলেও কোন দ্রবোর শ্বর। অভিভৃত থাকে, সেই দ্রবোর প্রতাক্ষ হয় না। চক্ষুর রশ্মির রূপ উদ্ভত নহে, এজনাই তাহার প্রতাক্ষ হইতে পারে না ॥ ৪০ ॥

ভাষা। অত্যস্তান্থপলব্ধিকাভাৰকারণং। যো হি ব্রবীতি লোষ্ট-প্রকানো মধান্দিনে আদিতাপ্রকাশাভিভবানোপণভাত ইতি তস্তৈতৎ স্থাৎ গ

অমুবাদ। অত্যন্ত অমুপনির্বিই অর্থাৎ সর্ব্বপ্রমাণের দারা অনুপলব্ধিই অভাবের কারণ (সাধক) হয়। (পূর্ব্বপক্ষ) যিনি বলিবেন, মধ্যাক্রকালে সূর্য্যালোক দারা অভিভববশত:ই লোষ্টের আলোক প্রত্যক্ষ হয় না, তাঁহার এই মত হটক ? অর্থাৎ উহাও বলা যায় ---

সূত্র। ন রাত্রাবপ্যন্তুপলক্ষেঃ ॥৪১॥২৩৯॥

অনুবাদ। (উত্তর) না, অর্থাৎ উন্ধার স্থায় লোষ্ট প্রভৃতি সর্ব্ব-দ্রব্যেরই আলোক বা রশ্মি আছে, ইংা বলা যায় না, যেহেতু রাত্রিতে (তাহার) প্রত্যক্ষ হয় না, এবং অনুমান-প্রমাণ দারাও (তাহার) फेलेनिक उरा ना ।

ভাষ্য। অপ্য**ম্ম্মানতো**২মুপলবোরিতি। এবমত্যন্তামুপরের্লোষ্ট প্রকাশো নান্তি, নত্বেবং চাক্স্যো রশ্মিরিতি।

অনুমান। যেহেতু অনুমান-প্রমাণ দ্বারাও (লোপ্টরন্মির) উপলব্ধি হয় না। এইরূপ হইলে, অত্যন্তানুপলিরিবশতঃ লোষ্টরশ্মি নাই। কিন্তু চাকুষরশ্মি এইরূপ নহে। [অর্থাৎ অনুমান-প্রমাণের দ্বারা উহার উপলব্ধি হওয়ায়, উহার অত্যস্তামুপলব্ধি নাই, স্কুতরাং উহার অভাব সিদ্ধ হয় না।

টিপ্পনী। মধ্যাহ্নকানীন উল্কালোক স্থ্যালোক দার। অভিভূত হওয়ায়, তাহার প্রত্যক্ষ হয় না, ইহা দুষ্টান্তরূপে বর্নসূত্তে প্রলা হইয়াছে।

এখন ইহার্ডে আপত্তি হইতে পারে যে, তাহা হইলে লোট প্রভৃতি দুব্যমাত্রেরই রশ্মি আছে, ইহা বলা যায়। কারণ, স্থ্যালোক ছার। অভিতৰ-প্রযুক্তই ঐ সমস্ত রশ্মির প্রতাক্ষ হয় না, ইহা বলিতে পারা যায়। মহর্ষি এতদুত্তরে এই সূত্রের দারা বলিয়াছেন যে, তাহা বলা যায় না। কারণ, মধ্যা**হুকালে উল্কালোকের প্রত্যক্ষ না হইলে**ও, রাত্রিতে তাহার প্রত্যক্ষ হইয়া থাকে। কিন্তু লোষ্ট প্রভৃতির কোন প্রকাব রশ্মি রাত্রিতেও প্রত্যক্ষ হয় না। উহা থাকিলে রাত্রিকালে স্ব্যালোক হারা অভিভব না থাকায়, উল্কার ন্যায় অবশ্যই উহার প্রত্যক্ষ হইত। উহাব সর্ব্বদা অভিত**ৰজনক কোন পদাৰ্থ** কল্পনা নিম্প্রমাণ ও গৌরব-দোঘযুক্ত। পরস্ত যেমন কোন কালেই প্রত্যক্ষ প্রমাণের দারা লোষ্ট প্রভৃতির রশ্মির উপলব্ধি হয় না, তত্ৰপে অনুমান-প্ৰমাণের খারাও উহার উপলব্ধি হয় না। ঐ বিঘণে অন্য কোন প্ৰমাণ্ড নাই। স্তুতরাং অত্যন্তানুপলন্ধিবশতঃ উহার এডিছ নাই, ইহাই সিদ্ধ হয়। কিন্তু চক্ষুর রশ্মি অনুমান-প্রমাণ বার। সিদ্ধ হওয়ায়, উহার অত্যন্তানুপলন্ধি নাই, স্মৃতরাং উহার অভাব সিদ্ধ হইতে পারে না। সূত্রে "অপি" শব্দের খারা ভাষ্যকার অনুমান-প্রমাণের সমুচ্চয ব্ঝিয়া ব্যাখ্যা করিয়াছেন, ''অপ্যানুমানতোহনুপলন্ধে''রিতি।। ৪১।।

ভাষ্য। উপপন্নরূপা চেয়ং—

সূত্র। বাহ্যপ্রকাশানুগ্রহাদ্বিষয়োপলব্বেরনভিব্যক্তি-তোহনুপলব্ধি ।৪২॥২৪০॥

অসুবাদ। বাহ্য আলোকের সাহায্যবশতঃ বিষয়ের উপলব্ধি হওয়ায়, অনভিব্যক্তিবশতঃ অর্থাৎ রূপের অসুভূতত্ববশতঃ এই অসুপলব্ধি উত্তম-রূপে উপপন্ধই হয় :

ভাষা। বাহ্যেন প্রকাশেনামুগৃহীতং চক্ষুর্বিষয় গ্রাহকং তদভাবেহমুপলিনিং। সতি চ প্রকাশামুগ্রহে শীতস্পর্শোপলন্ধো চ সত্যাং তদাপ্রয়স্ত ত্বয়স্ত চক্ষুষাহগ্রহণং রূপস্তামুভূতত্বাৎ সেয়ং রূপানভিব্যক্তিতো রূপাশ্রুষ্ম ত্বয়স্তামুপলন্ধিদৃষ্টা। তত্র যত্ত্তং "তদমুপলন্ধেরহেতু" রিভ্যেতদযুক্তং।

অমুবাদ। বাহ্য আলোকের দ্বারা উপকৃত চক্ষু বিষয়ের গ্রাহক হয়, তাহার অভাবে (চক্ষুর দারা) উপলব্ধি হয় না। (যথা) বাহ আলোকের সাহায্য থাকিলেও এবং (শিশিরাদি জলীয় দ্রব্যের) শীত-স্পর্শের উপলব্ধি হইলেও, রূপের অমুভূতত্বশতঃ তাহার আধার দ্রব্যের (শিশিরাদির) চক্ষুর দারা প্রভাক্ষ হয় না। সেই এই রূপবিশিষ্ট দ্রব্যের অপ্রত্যক্ষ রূপের অনভিব্যক্তিবশতঃ (অহুভূতত্বশতঃ) দেখা ধায়, অর্থাৎ পুর্ব্বোক্ত স্থলে ইহার দৃষ্টান্ত পাওয়া যায়। তাহা হইলে "তদমুপলব্যেরহেতুঃ" এই যে পূর্ব্বপক্ষ স্বত্ত (পূর্ব্বোক্ত ৩৫শ সূত্র) বলা হইয়াছে, ইহা অযুক্ত।

টি°পনী। চক্ষুর র^{াম} থাকিলেও, রূপের অনুভূত্ববশত: প্রত্যক হইতে পারে না, ইহা সমর্থন করিতে মহুদি শেষে একটি অনুরূপ দৃষ্টাত সূচন। করিয়া এই সূত্রদার। নিজ সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন। সূত্রে ''অনভিব্যক্তি'' শব্দের ধারা অনুভূত্তই বিবক্ষিত। রূপের অনুভূত্ত্বশতঃ সেই রূপবিশিষ্ট দ্রব্যের চাক্ষ্ম প্রত্যক্ষ হয় না । ইহাতে হেতু বলিয়াছেন, গাহ্য আলোকের সাহায্যবশতঃ বিষয়ের উপলব্ধি। মহাহির বিৰক্ষা এই যে, যে বস্তু চাকুষ প্রতাক্ষে সূর্য্য বা প্রদীপাদি কোন বাহ্য আলোককে অপেকা কৰে, তাহার অুপলন্ধি তাহার রূপের অনুভূত্তপ্রযুক্তই হয় । যেমন হেম্ড-কালে শিশিররূপ জলীয় দ্রব্য। মহাদির এই স্ত্রোক্ত হেতুর দার। এরগ দৃষ্টান্ত সূচিত হইয়াছে। জলীয় দ্রব্য তাহার চাক্ষর প্রত্যক্ষে বাহ্য আলোককে অপেক্ষা করে। কিন্তু হেমন্তকালে শিশিররূপ জলীয় দ্রব্যে তালোকের সংযোগ খা**কিলেও এবং** ভা**হার শীতম্পর্শের ত্বগিন্দ্রিয়জন্য প্রত্যক্ষ হইলেও, ভা**হার রূপের অনুষ্ঠুতম্বশতঃ তাহা**ব** চাকুষ প্রত্যক্ষ হয় না। এইরূপ চাক্ষ্য র**ি**নও ঘটাদি প্রত্যক্ষ জন্মাইতে বাহ্য আলোককে অপেক্ষা করে, স্কুতরাং পূর্ব্বোক্ত দৃষ্টা**ন্তে তাহার চাকুম প্র**ত্যক্ষ না হওয়াও **তাহার রূপে**র অনুভূত্রপ্র<mark>যুক্তই</mark> বলিতে হইবে। তাহা হইলে ''তদনুপলব্দেরহেতু:'' এই সূত্রহারা যে পূর্ব-পক্ষ বল। হইয়াছে, তাহার অযুক্তত। প্রতিপন্ন হইল। ঐ পৃক্রপক্ষনিরাসে এইটি চরম সূত্র । ভাষ্যকার ইহার অবতারণা করিতে **প্রথমে** উপপন্ন রূপ চেয়ং'' এই বাকোর খার। চাকুম রশ্মির অনুপল্কি উত্তম**রূ**পে উপপ**রই হ**য়, ইহা বলিয়াছেন। প্রশংসার্থে রূপ প্রত্যয়যোগে "উপপন্নরূপা" এইরূপ প্রয়োগ সি**দ্ধ হয় । ভাষ্যকারে**র প্রথমোজ ঐ বাক্যের সহিত সূত্রের <mark>যোজন।</mark> বুঝিতে হইবে⁵ ।। ৪২ ।।

ভাষ্য। কম্মাৎ পুনরভিভবো২মুপলব্ধিকারণং চাক্ষ্যস্থ রশ্মেনে চ্যিত ইতি—

অনুবাদ। (প্রশ্ন) অভিভবকেই চাক্ষ্য রশ্মির অপ্রত্যক্ষের কারণ (প্রয়োজক) কেন বলা হইডেন্থে নাঃ

সূত্র। অভিব্যক্তৌ চাভিভবাৎ ॥৪৩॥২৪১॥

অমুবাদ। (উত্তর) যেহেতু অভিব্যক্তি (উদ্ভূত্ব) থাকিলে, অর্থাৎ কোনকালে প্রভাক্ষ হইলে এবং বাহ্য আলোকের সাহায্যে নিরপেক্ষতা থাকিলে অভিভব হয়।

ভাষ্য। বাহ্যপ্রকাশান্ত্রাগনিরপেক্ষতায়াঞ্চেতি ''চা'র্থঃ। যক্রপ-মভিব্যক্তমুদ্ভুতঃ, বাহ্যপ্রকাশান্ত্রাহঞ্চ নাপেক্ষতে, তদ্বিধয়োহভিভবে। িপর্যায়েহভিভবাভাবাৎ। অনুভুতরূপদ্বাচ্চানুপলভা্মানং বাহ্যপ্রকাশান্ত্র-গ্রণাচ্চোপলভা্মানং নাভিভূয়ত ইতি। এবমুপপল্লমস্তি চাক্ষুযে। রশ্মিরিতি।

অনুবাদ। বাত আলোকের সাহায্য-নিরপেক্ষতা থাকিলে, ইহা সূত্রস্থ) "চ" শব্দের অর্থ। যে রূপ, অভিব্যক্ত কি না উদ্ভূত, এবং বাত্য আলোকের সাহায্য অপেক্ষা করে না তদ্বিষয় চ অভিভৱ হয়, ফর্থাৎ তাদৃশ রূপই অভিভৱের বিষয় (আধার) হয়, কারণ বিপর্যায় ভর্মাৎ উদ্ভূতত্ব এবং বাত্য আলোকের সাহায্যনিরপেক্ষতা না থাকিলে অভিভৱ হয় না। এবং অনুভূতরূপবত্তপ্রযুক্ত অনুপলভ্যমান দ্রব্য (শিশিরাদি) এবং বাত্য আলোকের সাহায্যবশতঃ উপলভ্যমান দ্রব্য

১। উপপল্লপা চেয়মনভিব্যজিতোহনুপলছিরিতি যোজনা। অনভিব্যজিতোহ-নুছতেরিতার্থঃ। অর হেতুকাহালকাশানুগ্রহাদ্বিষয়োগলছেরিতি। বিষয়ক অ্লপ-মাছনোহন্যক।—তাৎপ্রতীকা।

(ঘটাদি) অভিভূত হয় না। এইরূপ হইলে চাক্ষ্য রশ্মি আছে, ইহা উপপন্ন (সিদ্ধা) হয়।

টিপ্পনী। যেমন রূপের অনুভূতম্বপুক্ত সেই রূপে ও তাহার আধার ম্বব্যের চাক্ষ্ম প্রত্যক্ষ হয় না, তত্রপ অভিভবপ্রযুক্তও চাক্ষ্ম প্রতক্ষ হয় না। মধ্যাহ্নকালীন উল্কালোক ইহার দৃষ্টান্তরূপে পূর্ব্বে বলা হইয়াছে। এখন প্রশু হাইতে পারে যে, চাক্ষুঘ রশ্মিতে উদ্ভূত রূপই স্বীকার করিয়া মধ্যাছ-कानीन উन्कारनारकत नाम अजिज्व अयुक्त जाना जाक्ष थेजाक रया ना, ইহা বলিয়াও মহণ্দি পূর্ব্বপক্ষবাদীকে নিরস্ত করিতে পারেন। মহণ্দি কেন তাহা বলেন নাই ? এতদুত্তরে মহবি এই সূত্রের মারা বলিয়াছেন যে, রূপমাত্রের এবং দ্রব্যমাত্রেরই অভিভব হয় না। যে রূপে অভিব্যক্তি আছে এবং যে রূপ নিজের প্রত্যক্ষে প্রদীপাদি কোন বাহ্য আলোককে অপেক। করে না, তাহারই অভিভব হয়। মধ্যাছকানীন উল্কালোকের রূপ ইহার দৃষ্টান্ত। এরং অনুভূত রূপবতাপ্রযুক্ত যে দ্রব্যের প্রত্যক্ষ হয় না, এবং বাহ্য আলোকের সাহায্যেই যে দ্রব্যের প্রত্যক্ষ হয়, ঐ দ্রব্য অভিভূত হয় না। শিশিরাদি এবং ঘটাদি ইহার দৃষ্টান্ত আছে। চাক্ষুষ রশ্মি অনুভূতরূপ-বিশিষ্ট দ্রব্য, স্থতরাং উহাও অভিভূত হইতে পারে না। উহাতে উভূত ক্লপ থাকিলে কোনকালে উহার প্রত্যক্ষ হইতে পারে। কিন্তু কোন কালেই উহার প্রত্যক্ষ না হওয়ায়, উহাতে উদ্ভূত রূপ নাই, ইহাই স্বীকার্য্য। উহাতে উদ্ভূত রূপ স্বীকার করিয়া সর্ব্বদ। ঐ রূপের অভিভবজনক কোন পদার্থ কল্পনার কোন প্রমাণ নাই। সূত্রে "অভিব্যক্তি" শব্দের বার। **উভূত্ত্ব**ই বিব**ক্ষিত । তাই ভাষ্যকার ''অভিব্যক্তং'' বলিয়া উ**হারই ব্যা**খ**া করিয়াছেন, "উড়তং"। ভাষ্যকার সর্বশেষে বলিয়াছেন যে, এইরূপ হইলে চাক্ষ রশ্মি আছে, ইহা উপপন্ন হয়। ভাষ্যকারের ঐ কথার তাৎপ^{র্যা} ইহাও বুঝা যাইতে পারে যে, চকুর রশ্মি আছে, চকু তৈজস, ইহাই মহর্ষির সাধ্য এবং চক্ষুর রশ্মির রূপ উভূত নহে, ইহা**ই মহম্বির সিদ্ধান্ত**। কিছ প্রতিবাদী চক্ষুর রশ্মি বা তাহার রূপকে সর্ব্বদা অভি**ভ**ূত বলিয়া সিদ্ধান্ত করিলেও চক্ষুর রশ্মি আছে, ইহা সিদ্ধ হয়। কারণ চক্ষুর রশ্মি স্বীকার না করিলে, তাহার অ**ভিভ**ব বলা যায় না। যাহা অভিভাব্য, তা^{হা} অ**লী**ক হইলে তাহার অভিভব কিরুপে বলা যাইবে? স্থতরাং উভ্য পক্ষেই চক্ষুর রশ্মি আছে, ইহা উপপন্ন বা সিদ্ধ হয়। অথবা ভাষ্যকা^র পরবর্তী সুত্রের অবতারণা করিতেই ''এবমুপপন্নং'' ইত্যাদি বাকেটর

ইলেখ করিয়াছেন। অর্থাৎ চক্ষুর রশিম আছে, ইহা এইরূপে অর্থাৎ পববর্তী সূত্রোক্ত অনুমান-প্রমাণের দ্বারাও উপপন্ন (সিদ্ধ) হয়, ইহা বলিয়া ভাষ্যকার পরবর্তী সূত্রের অবতারণা করিয়াছেন, ইহাও বুঝা যাইতে পাবে। চক্ষুর রশিম আছে, ইহা পূর্ব্বোক্ত যুক্তির দ্বাবা সিদ্ধ হইলেও, ঐ বিদয়ে দৃচ্ প্রভায়ের জন্য মহন্দি পরবর্তী সূত্রেব দাবা ঐ বিদয়ে প্রমাণান্তবাও প্রদর্শন করিয়াছেন, ইহাও ভাষ্যকারের তাৎপর্যা বুঝা যাইতে পাবে। ৪৩।।

সূত্র। নক্তঞ্চর-নয়ন-রশ্মিদর্শনাচ্চ।।৪৪।।২৪২।।

অনুবাদ। এবং "নক্তঞ্চব"-বিশোষর (বিড়ালাদির) চক্ষুর রশ্মির দর্শন ২ওয়ায়, ঐ দৃষ্ট'ত্থে মনুষ্যাদিরও চক্ষুর রশ্মি অনুসানসিদ্ধ হয়)।

অনুবাদ। যেহেতু রাত্রিকালে বিড়াল প্রভৃতি নক্তঞ্চরগণের চক্ষুর রিশা দেখা যায়, তদ্ধারা শেষের অনুমান হয়, অর্থাৎ তদ্ষ্টান্তে মনুষ্যাদির চক্ষুরও রিশা অনুমান সিদ্ধ হয়। (পূর্বপক্ষ) জাতিভেদের আয় ইন্দ্রিয়ের ভেদ আছে, ইহা যদি বল ? (উত্তর) ধর্মাভেদমাত্র অনুপপন্নই হয়, অর্থাৎ বিড়ালাদির চক্ষুতে রিশামত্ব ধর্ম আছে, মনুষ্যাদির চক্ষুতে ভাষার অভাব আছে, এইরূপ ধর্মভেদ উপপন্ন হইতেই পারে না, কারণ, (বিড়ালাদির চক্ষুরও) "প্রাপ্তিপ্রতিষেধার্থ" অর্থাৎ বিষয়সন্নিকর্ষের নিবর্ত্তক আবরণের দর্শন হয়।

টিপ্পনী। চক্ষুরিক্রিয় তৈজস, উহার রশ্মি আছে, এই সিদ্ধান্ত সমর্থন করিতে শেষে মহর্ষি এই সূত্রের দার। চরম প্রমাণ বলিয়াছেন যে, রাত্রিকালে

১। শক্ষা ভাষাং — জাতিভেদবদি দ্বিয়ভেদ ইতি চেৎ ? নিরাকরোতি ধর্মভেদমান্ত্রঞানুপপলং। ব্যদংশনয়ন্স্য রশিমভং, মানুষনয়ন্স্য তুন তছমিতি যোহ্যং
ধর্মভেদঃ স্ এৰমালং তচ্চানুপপলং। চোহ্বধারণে ভিল্লক্ষ্যঃ। অনুপপল মবেতি
যোজনা—তাৎপর্যাচীকা।

বিড়াল ও ব্যহাবিশেষ প্রভৃতি নক্তঞ্চর জীববিশেষের চক্ষুর রশ্মি দেখা যায়। স্থতরাং ঐ দৃষ্টান্তে শেষের অর্থাৎ অবশিষ্ট মনুষ্যাদিরও চক্ষুর রশ্যি অ**নুমানসিদ্ধ হয় ^১। বিড়ালে**র অপর নাম বৃষদংশ^২। মহ**ষির এই সূত্রো**ভ কথায় প্রতিবাদী বলিতে পারেন যে, যেমন বিড়ালাদি ও মনুঘ্যাদির বিড়াল্ড প্রভৃতি জাতির ভেদ আছে **ত**ঙ্কপ উহাদিগের ইন্দ্রিয়েরও ভেদ আছে। অর্থাৎ বিড়ালাদির চকু রশ্মিবিশিষ্ট, মনুষ্যাদির চকু রশ্মিশুন্য। ভাষ্যকাৰ এই কথার উল্লেখপুর্বক তদুত্তরে বলিয়াছেন যে, বিড়ালাদির চক্ষুতে রশ্মিমন্ব ধর্ম আছে, মনুঘাদির চক্ষুতে ঐ ধর্ম নাই, এইরূপ ধর্মভেদ উপপন্ন হইতেই পারে না। কারণ, বিড়ালাদির চক্ষু যেমন ভিত্তি প্রভৃতি আবরণের শার। আবৃত হয়, তন্দার। ব্যবহিত বস্তুর সহিত সন্নিকৃষ্ট হয় না, মনুষ্য।দিব চক্ষুও ঐরূপ ভিত্তি প্রভৃতির দারা আবৃত হয়, তদ্ধারা ব্যবহিত বন্ধর সহিত সন্নিকৃষ্ট হয় না। অর্থাৎ সন্নিকর্ষের নিবর্ত্তক আবরণও বিভিন্ন জাতীয় জীবেন পকে সমানই দেখা যায়। বিজালাদিও মনুষ্যাদির ন্যায় ভিত্তি প্রভৃতি^ন ছার। ব্যবহিত বস্তু দেখিতে পায় না। স্কুতরাং জাতিভেদ উপপন্ন হইলেও বিড়ালাদি ও মনুষ্যাদির চক্ষুরিন্দ্রিয়ের পূর্ব্বোজ্ঞপ ধর্মভেদ কিছুতেই উপপন হয় না। কারণ, মনুষ্যাদির চক্ষুর রশ্মি না থাকিলে, উহার সহিত বিষ্যোত্র সন্নিকর্ষ অসম্ভব হওয়ায়, ভিত্তি প্রভৃতি আবরণ, ব্যবহিত বিষয়ে চক্ষুরিচ্রিয়ে সন্নিকর্ষের নিবর্ত্তক, ইহা আর বলা যায় না। স্থতবাং বিভলাদির ন্যায মনুষ্যাদির চক্ষরও রশ্ম স্বীকার্য্য।

জৈন দার্শনিকগণ চক্ষুরিন্দ্রিয়ের তৈজসত্ব স্থীকার করেন না । তাঁহাদিগের মতে চক্ষুরিন্দ্রিয়ের প্রাপ্যকারিত্বও নাই, অর্থাৎ চক্ষুরিন্দ্রিয়ে বিষয়তে প্রাপ্ত
না হইয়াই, প্রত্যক্ষ জন্মাইয়। থাকে । "প্রমেরকমলমার্ত্তও" নামক জৈনগ্রহেন
শেষভাগে এই জৈনমত বিশেষ বিচার দ্বারা সমর্থিত হইয়াছে । এবং "প্রমাণনয়তত্বালোকালঙ্কার"নামক জৈন গ্রন্থের রত্বপ্রভাচার্য্য-বিরচিত "রত্মাকরাবতারিক।"
টীকার (কাশী সংস্করণ, ৫১শ পৃষ্ঠা হইতে) পুর্ব্বোক্ত জৈন সিদ্ধান্তের বিশেষ
আলোচনা ও সমর্থন দেখা যায় । জৈন দার্শনিকগণের এই বিষয়ে বিচারের
দ্বারা একটি বিশেষ কথা বুঝা যায় যে, নৈয়ায়িকগণ "চক্ষুক্তৈজসং" এইরূপে
যে অনুমান প্রদর্শন করেন, উহাতে অন্ধকারের অগ্রকাশত্ব উপাধি থাকায়, ঐ
অনুমান প্রমাণ নহে । অর্থাৎ "চক্ষুন্ন তৈজসং অন্ধকারপ্রকাশকজাৎ যটাবং

১। মানুষং চক্ষঃ রশ্মিম । অপ্রাপ্তিষভাবতে সতি রাপাদ্যুপলিনিমিছতা ও নজঞ্র ।
চক্ষুক্দিতি।—ন্যায়বার্তিক।

২! ওতুর্বিতালে। মার্জারো রুষদংশক আখ্ডুক :--অমরকোষ্ সিংহাদিবর্গ। ১০।

তারবং যথা প্রদীপঃ" এইরূপে অনুমানের দার। চক্ষুরিল্রিয় তৈজস নহে,
ইহাই সিদ্ধ হওরায়, চক্ষুরিল্রিয়ে তৈজসদ্ব বাধিত, স্ক্তরাং কোন হেতুর দারাই
চক্ষুরিল্রিয়ের তৈজসদ্ব সিদ্ধ হইতে পাবে না । তাৎপর্য্য এই যে, প্রদীপাদি
তৈজস পদার্থ অন্ধকারের প্রকাশক হয় না, অর্থাৎ অন্ধকারের প্রত্যাকে
প্রদীপাদি তৈজস পদার্থ বা আলোক কারণ নহে, ইহা সর্ব্বসন্মত।
কিন্তু চক্ষুরিল্রিয়ের দারা অন্ধকারের প্রত্যক্ষ হইয়। থাকে, চক্ষুবিল্রিয়
অন্ধকারেরও প্রকাশক, ইহাও সর্ব্বসন্মত। স্ক্তরাং যাহা অন্ধকারের প্রকাশক,
তাহা তৈজস নহে, অথবা যাহা তৈজস, তাহা অন্ধকারের প্রকাশক নহে,
এইরূপে ব্যাপ্তিজ্ঞানবশতঃ চক্ষুরিল্রিয় তৈজস পদার্থ নহে, ইহা সিদ্ধ হয়।
"চক্ষুরিল্রিয় যদি প্রদীপাদির নাায় তৈজস পদার্থ হইত, তাহা হইলে
প্রশীপাদির ন্যায় অন্ধকারের অপ্রকাশক হইত", এইরূপ তর্কের সাহাযে
গ্রেক্রিজরূপ অনুমান চক্ষুরিল্রিয়ের তৈজসত্বের অভাব সাধন করে।

পর্বের্বাক্ত কথায় বক্তব্য এই যে, প্রদীপাদি তৈজ্ঞস পদার্থ ঘটাদির ন্যায় অন্ধকারের প্রকাশক কেন হয় না, এবং অন্ধকার কাহাকে বলে, ইহা বুঝা আ<mark>বশ্যক। নৈ</mark>য়ায়িকগ<mark>ণ নীমাংদক প্রভৃতির ন্যায় অন্ধকানকে</mark> দ্রব্যপদার্থ বলিয়া স্বীকার করেন নাই। তাঁহার। বিশেষ বিচার ছার। প্রতিপন্ন করিয়াছেন যে যেরূপ উভূত ও অনভিভূত, তাদৃশ রূপবিশিষ্ট প্রকৃষ্ট ্ডজঃপ**ার্থের** সামান্যাভাবই অন্ধকার। স্থতরাং সেখানে তাদুশ তেজ**ঃ**পদার্থ (প্রদীপাদি) থাকে, দেখানে অন্ধকারের প্রতিযোগীর প্রত্যক হওয়া**য়,** ুদ্ধকারের প্রত্যক্ষ হইতে পারে না। যাহার প্রত্যক্ষ অন্ধকারের প্রতাক্ষের প্রতিবন্ধক, তাহা অন্ধকার প্রতাক্ষের কারণ হইতে পারে না ; তাহার কারণত্বের কোন প্রমাণও নাই । কিন্তু চক্ষুরিন্দ্রিয় তেজঃপদার্থ হইলেও প্রদীপাদির ন্যায় উদ্ভূত ও অনভিভূত রূপবিশিষ্ট প্রকৃষ্ট তেজ:পদার্থ নহে। স্মৃতবাং উহা অন্ধকারনামক অভাবপদার্থের প্রতিযোগী না হওরায়, সন্ধকারপ্রত্যক্ষে কারণ হইতে পারে। রাত্রিকালে বিড়ালাদির যে চ**ক্**র ৰ-িমর দর্শন হয়, ইহা মহাঘি এই সূত্রের হারা বলিয়াছেন, সেই চক্ষুও প্ৰোক্তরূপ প্রকৃষ্ট তেজ:পদার্থ নহে, এই জন্যই বিড়ালাদিও রাত্রিকালে তাহাদিগের ঐ চক্ষুর দাবা দূবস্থ অন্ধকারের প্রত্যক্ষ করে। প্রদীপাদির ন্যায় প্রকৃষ্ট তেজঃপদার্থই অন্ধকারের প্রতিযোগী, স্নতরাং সেইরূপ তেজঃপদার্থই অদ্ধকারপ্রতাকের প্রতিবন্ধক হয়। বিড়ালাদির চক্ষু প্রকৃষ্ট তেজঃপদার্থ হইলে দিবদেও উহার সমাক্ প্রত্যক্ষ হইত এবং রাত্রিকালে উহার সন্ধুপে প্রনীপের ন্যায় আলোক প্রকাশ হইত। মূলকথা তেজ:প্রার্থ-

মাত্রট যে, অন্ধকারের প্রকাশক হয় না, ইহা বলিবার কোন যুক্তি নাই। কিন্তু যে তেজঃপদার্থ অন্ধকারের প্রতিযোগী, সেই প্রকৃষ্ট তেজঃপদার্থই অন্ধকারেন প্রকাশক হয় না, ইহাই যুক্তিগিদ্ধ । স্থতবাং চক্ষুরিন্দ্রির পূর্ব্বোক্তরূপ তেজঃ-পদার্থ না হওরায়, উহা অন্ধকারের প্রকাশক হইতে পারে। তাহা হইলে ''চক্রিন্দ্রিন'' যদি তৈজ**ন প**দার্থ **হয়, তাহা হইলে উহা অন্ধকারের প্রকাশ**ক হইতে পারে না'' এইরূপ যথার্থ তর্ক সম্ভব না হওয়ায়, পূর্ব্বেক্তি অনমান অপ্রযোজক। এ**র্থাৎ তৈ**জ্ঞ পদার্থমাত্রই অন্ধকারের **প্র**কাশক হয় না, এইরূপ নিষমে কোন প্রমাণ না থাকায়, তন্মূলক পূর্ব্বোক্ত (চক্ষুর্ন তৈজ্যং ভন্ধকারপ্রকাশকভাৎ) অনুমানের প্রামাণ্য নাই। স্বতরাং নৈয়ায়িক সম্প্রদানের ''চফুতৈজসং'' ইত্যাদি প্রকার অনুমানে অন্নকাবের অপ্রবাশকর উপাধি হয় না। কারণ, তৈজ্য পদার্থ মাত্রই যে অন্ধকারের অ**প্র**কাশক; এবিঘনে প্রমাণ নাই । পরন্ত বিভালাদির চক্ষুর রশ্মি প্রত্যক্ষসিদ্ধ হইলে, চফুরিজিয়মান্ত তৈজ্য নহে, এইরূপ অনুমান করা যাইবে না, এবং এ বিড়ালাদিরও দুরে অন্ধকারের প্রত্যক্ষ স্বীকার্য্য হইলে, তেজ:পদার্থমাত্রই অন্ধকারের অপ্রকাশক, ইহাও বলা যাই**বে না। স্ত্**রাং "চ**ফুর্ন তৈ**জসং" ইত্যাকার পূবের্বাক্ত অনুমানের প্রামাণ্য নাই এবং ''চক্ট্রজ্ঞগং'' ইত্যাদি প্রকান অনুমানে পুর্বোভরূপ কোন উপাধি নাই, ইহাও মহর্ষি এই সুত্রের দার। সূচন। করিয়া গিয়াছেন, ইহা বুঝা যাইতে পারে । নহযি ইহার পরে চফুরিল্রিয়ের যে প্রাপ্যকারিত সিদ্ধান্তেব সমর্থন করিয়াছেন, **তদ্বারা**ও চকুরিলিমের তৈজ্**সত ব। রশ্মিমত সম্থিত হইয়াছে। পরে তাহা** বাভ इटेर्व ॥ ८८ ॥

ভাষ্য। ইন্দ্রিয়ার্থসন্নিকর্যস্ত জ্ঞানকারণছারুপপত্তি:। কমাৎ গ

অমুবাদ। ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষের প্রাভ্যক্ষকারণত্ব উপপন্ন হয় না । (প্রান্ন) কেন ?

সূত্র। অপ্রাপ্যগ্রহণংকাচাত্রপটলস্ফটিকান্তরিতো-পলেব্রঃ ॥৪৫॥২৪৩॥

অনুবাদ। (পূর্ববিশক্ষ) প্রাপ্ত না হইয়া গ্রহণ করে, অর্থাৎ চক্ষু-রিশ্রিয় বিষয়প্রাপ্ত বা বিষয়সন্নিকৃষ্ট না হইয়াই, ঐ বিষয়ের প্রতক্ষ জনায়, কারণ, (চক্ষুরিন্দ্রিয়ের দারা) কাচ অত্রপটল ও স্ফটিকের দারা । ব্যবহিত বস্তুরও প্রত্যক্ষ হইয়া থাকে।

ভাষা। তৃণাদিসর্পদ্দ্রবাং কাচেইভ্রপট্লে বা প্রতিহতং দৃষ্ঠং, অব্যবহিতেন সন্নিকৃষ্যতে, ব্যাহস্ততে বৈ প্রাপ্তির্ব্যবধানেনেতি। যদি চ রশ্মার্থসন্নিকর্ষো গ্রহণহেতুঃ স্থাৎ, ন ব্যবহিত্ত সন্নিকর্ষ ইত্যগ্রহণং স্থাৎ। অস্তি চেয়ং কাচাত্রপটল-স্ফটিকান্তরিতোপলিন্ধঃ. সা জ্ঞাপয়ত্যপ্রাপ্য-কারিণীন্দ্রিয়াণি, অভএবাভৌতিকানি, প্রাপ্যকারিত্বং হি ভৌতিকধর্ম ইতি।

অমুবাদ। তৃণ প্রভৃতি গতিবিশিষ্ট দ্রব্য, কাচ এবং অন্ত্রপটনো প্রতিহত দেখা যায়, অব্যবহিত বস্তুর সহিত সন্নিকৃষ্ট হয়, ব্যবধান-প্রযুক্ত (উহাদিগের) প্রাপ্তি (সংযোগ) বাাহতই হয়। কিন্তু যদি চক্ষুর রশ্মি ও বিষয়ের সন্নিকর্ষ প্রত্যক্ষের কারণ হয়, তাহা হইলে ব্যবহিত বিষয়ের সন্নিকর্ষ হয় না, এজন্য উহার) অপ্রত্যক্ষ হউক ? কিন্তু কাচ, অন্ত্রপটল ও স্ফটিক দ্বারা ব্যবহিত বিষয়ের এই উপলব্ধি (প্রত্যক্ষ) আছে, অর্থাৎ উহা সর্ক্রসমত, সেই উপলব্ধি ইন্দ্রিয়বর্গকে অপ্রাপ্যকারী বলিয়া জ্ঞাপন করে, অতএব (ইন্দ্রিয়বর্গ) অভৌতিক। যেহেতু প্রাপ্যকারিত্ব ভৌতিক দ্বেয়ের ধর্ম।

টিপ্পনী। মহর্ষি ইন্দ্রিয়বর্গের ভৌতিকত্ব সমর্থন করিয়া এখন উহাতে প্রকারান্তরে বিরুদ্ধবাদিগণের পূর্ব্বপক্ষ বলিয়াছেন যে, কাচাদি দারা ব্যবহিত বিষয়ের যখন চাকুষ প্রত্যক্ষ হয়, তখন বলিতে হইবে যে, চকুরিল্রিয় বিষয়প্রাপ্ত বা বিষয়ের সহিত সন্নিকৃষ্ট না হইয়াই, প্রত্যক্ষ জন্মাইয়া খাকে। কারণ, যে সকল বস্তু কাচাদি দারা ব্যবহিত থাকে, তাহার সহিত চকু-রিল্রিয়ের সন্নিকর্ম হইতে পারে না। স্ক্তরাং প্রথম অধ্যায়ে প্রত্যক্ষণসূত্রে ইল্রিয়ার্থসন্নিকর্মকে যে প্রত্যক্ষের কারণ বলা হইয়াছে, তাহাও বলা যায় না। ইল্রিয়ার্থসনিকর্ম প্রত্যক্ষের কারণ হইলে কাচাদি ব্যবহিত

১ সূত্র ''অড়' শদ্বের দার। মেঘ্ অথবা অড় নামক পাক্রতা ধাতুবিশেষই মহর্ষির বিবক্ষিত বুঝা যায়। ''অড়ং মেঘে চ গগনে ধাতুভেদে চ কাঞ্চনে' ইতি বিশ্বঃ।

বস্তা প্র'ডাক নিরাপে হইবে। ভাষ্যকার পূ**র্বপ**ক্ষবাদীর কথা সমর্থন করিতে বলিয়াছেন যে, তৃণ প্রভৃতি গতিবিশিষ্ট দ্রব্য কাচ ও অল্পটনে প্রতিহত দেখ। যায়। অব্যবহিত বস্তুর সহিতই উহাদিগের সন্নিকর্ম হইয়। থাকে। কোন ব্যবধান থাকিলে তদ্ধার। ব্যবহিত দ্রব্যের সহিত উহাদিগের সংযোগ ব্যহত হয়, ইহা প্রত্যক্ষসিদ্ধ । প্রতরাং ঐ দুষ্টান্তে চক্ষ্রিচ্চিয়ও কাচাদি ব্যবহিত বিষয়ের সহিত স্ত্রিকৃষ্ট হইতে পারে না, কাচাদি দ্রব্য উহাও প্রতিহত হয়, ইহাও স্বীকার্য। কারণ, চক্রিল্রিয়কে ভৌতিক পদার্থ বলিলে, উহাকে তৈজদ প্রার্থ বলিতে হইবে। তাহা হইলে উহাও ত্ণাদির ন্যায় গতিবিশিষ্ট দ্রব্য হওয়ায়, কাচাদি দ্রব্যে উহাও অবশ্য প্রতিহত হইবে। কিন্তু কাচাদি দ্রব্যবিশেষের দ্বারা ব্যবহিত বিষয়ের যে চাক্ষ প্রত্যক্ষ হয়, এ বিষয়ে কোন সন্দেহ বা বিবাদ নাই। স্থতরাং উহার মার। ইন্দ্রিবর্গ যে অপ্রাপাকারী, ইহাই ব্রা যায়। তাহা হইলে ইন্দ্রিরবর্গ ভৌতিক নতে, উহারা অভৌতিক পদার্থ, ইহাও নিঃসংশ্যে বুঝা যায়। কারণ, ইন্দ্রিয়বর্গ ভৌতিক পদার্থ হুইলে প্রাপ্যকারীই হুইবে, অপ্রাপ্যকারী হইতে পারে না। কারণ, প্রাপ্যকারিত্বই ভৌতিক দ্রব্যের ধর্ম। ইন্দ্রিয় যদি তাহার গ্রাহ্য বিদয়কে প্রাপ্ত অর্থাৎ তাহার সহিত সন্নিকৃষ্ট হইয়া প্রতাক জন্মায়, তাহা হইলে উহাকে বলা যায়-প্রাপ্যকারী, ইহার বিপরীত হইলে, তাহাকে বল। যায়—অপ্রাপ্যকারী। "প্রাপ্য" বিষয়ং প্রাপাকরোতি প্রত্যক্ষং জনমতি"-এইরূপ বাৎপত্তি অনুসারে "প্রাপ্যকারী" এইরূপ প্রয়োগ হইয়াছে।। ৪৫ ।।

সূত্র। কুড্যান্তরিতানুপলব্ধেরপ্রতিষেধঃ।।৪৬।।২৪৪॥

অমুবাদ। (উত্তর) ভিত্তি-ব্যবহিত বস্তুর প্রত্যক্ষ না হওয়ায়, প্রতিষেধ হয় ন। ত্র্তাৎ চক্ষুরিন্সিয় দারা যখন ভিত্তি-ব্যবহিত বস্ত দেখা যায় না, তখন তাহার প্রাপ্যকারিত্বের অথবা তাহার সন্ধিকর্ষের প্রত্যক্ষ-কারণত্বের প্রতিষেধ (অভাব) বলা যায় না]।

ভাষা। অপ্রাপ্যকারিছে সতীন্দ্রিয়াণাং কুড্যাম্ভরিতস্থামুপলব্দিন স্থাৎ।

অমুবাদ। ইন্দ্রিয়বর্গের অপ্রাপ্যকারিত্ব হইলে ভিত্তি-ব্যবহিত বস্তুর অপ্রতাক হইতে পারে না।

টিপেনী। পূর্বসূত্রোক্ত পূর্বপক্ষেব উত্তরে নছমি এই সূত্রের ধারা বিরিয়াছেন যে, ইন্সিয়বর্গকে অপ্রাপ্যকানী বলিলে ভিক্তি-ব্যবহিত বিষয়ের অপ্রত্যক্ষ হইতে পারে না। যদি চক্ষুরিন্সিয় বিষয়সনিকৃষ্ট না হইয়াই প্রত্যক্ষ জন্মাইতে পারে, তাহা হইলে, নৃত্তিকাদিনিন্মিত ভিত্তির ঘারা বাবহিত বন্ধর চাক্ষুম প্রত্যক্ষ কেন হয় না ? তাহা মথন হয় না, তথন বরিতে হইবে, উহা অপ্রাপ্যকারী নহে, স্মৃতরাং পূর্বেজি যুক্তিতে উহার অভৌতিকম্ব সিদ্ধ হইতে পারে না। এইরূপে অন্যান্য ইন্সিয়েরও প্রাপানকারিম ও ভৌতিকম্ব সিদ্ধ হয় ॥ ৪৬ ॥

ভাষ্য। প্রাপ্যকারিছে২পি তু কাচাভ্রপটলক্ষটিকান্তরিভোপলরিন স্যাৎ —

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) প্রাপ্যকারিত্ব হইলেও কিন্তু কাচ, অভ্রপটল ও স্ফটিক দারা ব্যবহৃত প্রত্যক্ষ হইতে পারে না—

সূত্র। অপ্রতীঘাতাৎ সন্নিকর্ষোপপত্তিঃ ॥৪৭॥২৪৫॥

অফুবাদ। (উত্তর) প্রতীগত না হওয়ায়, সন্নিকর্ষের উপপত্তি হয়।

ভাষা। ন চ কাচোহত্রপটলং বা নয়নরশ্যিং বিষ্ট্রাভি, সোহপ্রতি হত্যমানঃ সন্নিকুষ্যত ইতি।

অনুবাদ। যেহেতু কাচ ও অভ্রপটল নয়নরশ্মিকে প্রতিহত করে না (স্তুতরাং) অপ্রতিহত্যমান সেই নয়নরশ্মি (কাচাদি ব্যবহিত বিষয়ের সহিত) সন্ধিকৃষ্ট হয় :

টিপ্পনী। চক্ষুরিন্দ্রিয় প্রাপ্যকারী হইলেও সে পক্ষে দোঘ হয়। কারণ, তাহা হইলে কাচাদি-বাবহিত বিদয়ের চাক্ষ্ম প্রত্যক্ষ হইতে পারে না। ভাষ্যকার এইরূপ পূর্ব্বপক্ষের উল্লেখ কবিয়া, তাহার উত্তরশূত্ররূপে এই সূত্রের অবতারণা করিয়াছেন। মহিদি এই সূত্রের দার।
বলিয়াছেন যে, কাচাদি স্বচ্ছ দ্রব্য তাহার ব্যবহিত বিদয়ে চক্ষুর রশ্মির
প্রতিরোধক হয় না। ভিত্তি প্রভৃতির ন্যায় কাচাদি দ্রব্যে চক্ষুরিন্দ্রিয়ের
বশ্মির প্রতিশাত হয় না, স্কৃতরাং দেখানে চক্ষুর রশ্মি কাচাদির দার।

অপ্রতিহত হ'ওয়ায়, ঐ কাচাদিকে ভেদ করিয়া তম্বাবহিত বিষয়ের সহিত সনিকৃষ্ট হয়। স্থতরাং সেখানে ঐ বিষয়েব চাক্ষুম প্রত্যক্ষ হইবার কোন বাধা নাই। সেখানেও চক্ষুরিন্দ্রিয়ের প্রাপ্যকারিছই আছে।। ৪৭।।

ভায়ু। য*চ মহাতে ন ভৌতিকস্তাপ্রতীঘাত ইতি। তন্ন,

অনুবাদ। আর যিনি মনে করেন, ভৌতিক পদার্থের অপ্রতীঘাঙ নাই, তাহা নহে --

সূত্র। আদিত্যরশ্যেঃ স্ফটিকান্তরেহপি দাহ্যেৎ-বিঘাতাৎ ॥৪৮॥২৪৬॥

অনুবাদ। যেহেতু (১) সূর্য্যরশ্মির বিঘাত নাই, (২) স্ফটিক-ব্যবহিত বিষয়েও বিঘাত নাই, (৩) দাহ্য বস্তুতেও বিঘাত নাই।

ভাষ্য। আদিত্যরশ্যেরবিঘাতাৎ, ক্ষটিক্ছিরিতেপ্যবিঘাতাৎ, দাহেছ-বিঘাতাৎ। "আবিঘাতা"দিতি পদাভিসম্বন্ধভেদাদ্বাক্যভেদ ইতি। প্রতিবাক্যঞ্চার্থভেদ ইতি। আদিত্যরশ্মি: কুস্তাদিষু ন প্রতিহহ্যতে, আবিঘাতাৎ কুস্তুস্থ্যুদকং তপতি, প্রাপ্তে হি দ্রব্যান্তরগুণস্থ উষণ্ড স্পর্শস্য গ্রহণং, তেন চ শীতস্পর্শাভিত্ব ইতি। ক্ষটিকান্তরিভেহপি প্রকাশনীয়ে প্রদীপরশ্মীনামপ্রতীঘাতঃ, অপ্রতীঘাৎ প্রাপ্তম্য গ্রহণমিতি। ভর্জনবপ্রশাদিক্প দ্রব্যমাগ্নেয়েন তেজ্বদা দহ্যতে, ভত্রাবিঘাতাৎ প্রাপ্তিঃ প্রাপ্তৌ তু দাহো নাপ্রাপ্তকারি তেজ ইতি।

অবিঘাতাদিতি চ কেবলং পদমুপাদীয়তে, কোহয়মবিঘাতো নাম গ অব্যুক্তমানাবয়বেন ব্যবধায়কেন দ্রব্যেণ সর্বতো দ্রব্যস্যাবিষ্টন্তঃ ক্রিয়া-হেতোরপ্রতিবন্ধঃ প্রাপ্তেরপ্রতিষেধ ইতি। দৃষ্টং চি কলশনিষক্তানামপাং বিচঃ শীতস্পর্শগ্রহণং। ন চেন্দ্রিয়েণাসন্নিকৃষ্টস্থ দ্রব্যস্থ স্পর্শোপলিকিঃ। দৃষ্টে চ প্রস্পান্পরিস্রবৌ। তত্র কাচাদ্রপটলাদিভিন্যিন রশ্যেরপ্রতীঘাতাদ্বিভিছার্থেন সহ সন্নিক্বাত্বপন্ধং গ্রহণমিতি।

অফুবাদ। যেহেতু (১) সূর্য্যরশ্মির বিবাত (প্রতীঘাত) নাই,

(২) স্ফটিকব্যবহিত বিষয়েও বিঘাত নাই, (০) দাহ্য বস্তুতেও বিঘাত নাই। "অবিঘাতাৎ" এই (স্ত্রুষ্ট্র) পদের সহিত সম্বন্ধভেদপ্রযুক্ত বাক্যভেদ (পূর্বেবাক্তরপ বাক্যরয়) হইয়াছে। এবং প্রতি বাক্যে অর্থাৎ বাক্যভেদবশতঃই অর্থের ভেদ হইয়াছে। (উহাহরণ) (১) সূর্যারশ্মি কুন্তাদিতে প্রতিহত হয় না, অপ্রতীঘাতবশতঃ কুন্তুম্ভ জল তপ্ত করে, প্রাপ্তি অর্থাৎ সূর্যারশ্মির সহিত ঐ জলের সংযোগ হইলে (তাহাতে) দ্বব্যাস্তরের অর্থাৎ জলভিন্ন দ্রব্য তেজের গুণ উফস্পর্শের জান হয়। সেই উফস্পর্শের দ্বারাই (ঐ জলের) শীতলম্পর্শের অভিতব হয়। (২) স্ফটিক দ্বারা ব্যবহিত হইলেও গ্রাহ্য বিষয়ে প্রদীপরশ্মির প্রতীঘাত হয় না, অপ্রতীঘাতবশতঃ প্রাপ্তের অর্থাৎ সেই প্রদীপরশ্মিসম্বন্ধ বিষয়ের প্রত্যক্ষ হয়। (৩) এবং ভর্জনকপালাদির মধ্যগত দ্ব্যা, আগ্রেয় তেজের দ্বারা দগ্ধ হয় অপ্রতীঘাতবশতঃ সেই দ্বেয়া (ঐ তেজের) প্রাপ্তি (সংযোগ) হয়, সংযোগ হইলেই দাহ হয়, (কারণ) তেজ্বংপদার্থ অপ্রাপ্যকারী নহে।

প্রেশ্ন) "অবিঘাতাৎ" এইটি কিন্তু কেবল পদ গৃহীত হইয়াছে, এই অবিঘাত কি । উত্তর) অব্যাহ্যমানাব্য়ব ব্যবধায়ক দ্রব্যের দ্বারা, অর্থাৎ যাহার অবয়বে দ্রব্যান্তরজনক সংযোগ উৎপন্ন হয় না, এইরপ ভর্জনকপালাদি দ্রব্যের দ্বারা সর্ববাংশে দ্রব্যের অবিষ্টম্ভ, ক্রিয়া হেতুর অপ্রতিবন্ধ, সংযোগের অপ্রতিষেধ। অর্থাৎ ইহাকেই "অবিঘাত" বলে। যেহেতু কলসস্থ জলের বহির্ভাগে শীতম্পর্শের প্রত্যক্ষ দৃষ্ট হয়। কিন্তু ইন্দ্রিয়ের সহিত অসন্নিক্ষক্তদ্রব্যের স্পর্শের প্রত্যক্ষ হয় না। এবং প্রস্পান্দ ও পরিক্রব অর্থাৎ কুন্তের নিম্নদেশ হইতে কুম্বস্থ জলের স্থান্দন ও রেচন দেখা যায়। তাহা হইলে কাচ ও অল্রপটলাদির দ্বারা চক্ষুর রশ্মির প্রতাঘাত না হওয়ায়, (ঐ কাচাদিকে) ভেদ করিয়া (ঐ কাচাদি-ব্যবহিত) বিষয়ের সহিত (ইন্দ্রিয়ের) সন্ধিকর্ষ হওয়ায়, প্রত্যক্ষ উপপন্ন হয়।

টিপ্পনী। চক্ষুরিক্রিয় ভৌতিক পদার্থ হইলেও, কাচাদি ছারা তাহার প্রতীঘাত হয় না, ইহা মহাধি পুর্বেব বলিয়াছেন, ইহাতে যদি কেহ বলেন যে. ভৌতিক পদার্থ সর্ব্বত্রই প্রতিহত হয়, সমস্ত ভৌতিক পদার্থই প্রতীঘাতধর্মক, ক্রাপি উহাদিগের অপ্রতীঘাত নাই। মহাঘি এই স্ত্রের দার। প্রের্জ নিয়মে ব্যভিচার সূচনা করিয়া ঐ মতের খণ্ডনপূর্ব্বক পূর্ব্বোক্ত সিদ্ধান্ত স্থান্ট করিয়াছেন। সূত্রোজ ''অবিধাতাৎ'' এই পদটির তিনবার আবৃত্তি করিয়া তিনটি বাক্য বুঝিতে হইবে এবং সেই তিনটি বাক্যের বারা তিনটি অর্থ মহমির বিব**ক্ষিত বুঝিতে হইবে। ভা**ষ্যকারের ব্যা**খ্যা** ও উদাহরণানুদারে এই সূত্রের তাৎপর্যার্থ এই যে, (১) যেহেতু জলপূর্ণ কুন্তাদিতে সূর্য্যরশ্মির প্রতীঘাত নাই, এবং (২) গ্রাহ্য বিষয় স্ফটিক দার। ব্যবহিত হইলেও তাহাতে গ্রদীপরশ্মির প্রতীঘাত নাই, এবং (৩) ভৰ্জনকপালাদিম্ব দাহ্য তণ্ড্ৰাদিতে আপ্ৰেয় তেজের প্ৰতীঘাত নাই, অতএব ভৌতিক পদার্থ হইলেই, তাহ। সর্ব্বত্র প্রতিহত হইবে, ভৌতিক পদার্থে অপ্রতীঘাত নাই, এইরূপ নিয়ম বলা যায় না। কুন্তস্থ জলমধ্যে স্থ্যরশ্মি প্রবিষ্ট না হইলে উহা উত্তপ্ত হইতে পারে না, উহাতে তেজ:-প্রার্থের গুণ উষ্ণস্পর্শের প্রত্যক্ষ হইতে পারে না, তদ্ধারা ঐ ভালেন শী স্পর্শ মভিভূত হইতে পারে না। ফিন্ত যখন **এই সমস্তই হ**ইতেছে, ত্রন সুর্যার**িম** ঐ জলকে **ভেদ** করিয়। ত**ুমধ্যে প্রবিষ্ট** হয়, ঐ **জ**ে সর্বাংশে স্থ্যরশ্মির সংযোগ হয়, উহা সেখানে প্রতিহত হয় না, ইহ। অবশাই **স্বীকা**ৰ কৰিতে হুইৰে। এই**র**প স্ফটিক বা কা**চাদি স্বছ্**দ্রবেজ দাব। ব্যবহিত হইবেও প্রদীপরশ্মি ঐ বিষয়কে প্রকাশ করে, ইহাও দেখ যায়। স্মৃতরাং ঐ ব্যবহিত বিষয়ের সহিত সেখানে প্রদীপর**ন্মির সংযো**ঁ হয়, স্ফট্রকাদির দার। উহার প্রতীঘাত হয় না, ইহাও অবশ্য স্বীকার্য্য। এইরূপ ভর্জনকপালাদিতে যে তণ্ডুলাদি দ্রব্যের ভর্জন কর। হয়, তাহাতেও নিনুস্থ এপ্রির সংযোগ অবশ্য **স্বীকা**র করিতে হ**ইবে। মৃতি**কাদিনিমিত যে সকল পাত্রবিশেষে তণ্ডলাদির ভর্জন কর। হয়, তাহাকে ভর্জনকপাল বলে। প্রচলিত কথায় উহাকে ''ভাজাখোলা'' বলে। উহাতে সূক্ষ সূক্ষ ছিদ্র অবশ্যই আছে। **নচেৎ** উহার মধ্যগত তণুলাদি দাহ্য ব**ন্ধর** সহিত নিমুম্ব অগ্নির সংযোগ হইতে পারে না। কিন্তু যথন ঐ অগ্নির দারা তত্ত্বলাদির ভর্জন হইয়া থাকে, তখন সেখানে ঐ ভর্জনকপালের মধ্যে অগ্রিপ্রবিষ্ট হয়, সেখানে তদ্বার। ঐ অগ্রির প্রতীয়াত হয় না, ইহা অবশ্য স্বীকার্যা। সূর্য্যরশ্মি প্রদীপরশ্মি ও পাক্ষনক অগ্রি—এই তিনটি ভৌতিক

প্রার্থের প্রের্বাক্তস্থলে অপ্রতীঘাত অবশ্য স্বীকার করিতে হইলে, ভৌতিব পদার্থের অপ্রতীঘাত নাই, ইহা আর বলা যায় না।

সূত্রে "অবিষাতাৎ" এইটি কেবল পদ বলা হইয়াছে। অর্থাৎ উহান্ন গহিত শব্দান্তর যোগ না থাকায়, ঐ পদের ছাল। কিসের অবিঘাত, কিসের-বার। অবিঘাত, এবং অবিঘাত কাহাকে বলে, এসমস্ত বুঝা যায় না। ভাই ভাষ্যকার ঐরপ প্রশু করিয়া তদুত্তরে বলিয়াছেন যে, ব্যবধায়ক কোন দ্রব্যের দার। অন্য দ্রব্যের যে সর্বাংশে অবিইন্ত, তাহাকে বলে াবিষাত। ঐ অবিষ্টম্ভ কি ? তাহা বুঝাইতে উহারই বিবরণ করিয়াছেন যে, ক্রিয়া হেতুর অপ্রতিবন্ধ সংযোগের অপ্রতিমেধ। অর্থাৎ পূর্ব্বোক্ত স্থলে সর্য্যর শ্বি প্রভৃত্তির যে ক্রিয়। জন্য জলাদির সহিত তাহার সংযোগ হয়, এ ক্রিয়ার কারণ সূর্য্যরশ্মি প্রভৃতির জলাদিতে অপ্রতিবন্ধ অর্থাৎ ঐ জনাদিতে সর্ব্বাংশে তাহার প্রাপ্তি ব। সংযোগের বাধা না হওয়াই. ঐ স্থলে ঘবিষাত। জল ও ভৰ্জনকপালাদি দ্ৰব্য সচ্ছিদ্ৰ বলিয়া উহাদিগের দবিনাশে উহাতে সুর্য-রশ্মি ও অগ্নি প্রভৃতির যে প্রবেশ, ভাহাই অবিঘাত. ইহাই সার কথা বুঝিতে হইবে। ভাষ্যকার ইহাই বুঝাইতে প্রের্বাক্ত ন্যব**ধায়ক দ্রব্যকে ''অব্যহ্যমানাবয়ব'' বলিয়াছেন। যে দ্রব্যের অ**ব্যবেদ ব্যহন হয় না, তাহাকে "অব্যহ্যমানাবয়ব" বলা যায়। পুর্বেবিংপন দ্রব্যের ারম্ভক সংযোগ নট হইলে, তাহার অবগবে দ্রব্যান্তরজনক সংযোগের উৎপাদনকে ''বাহন'' বলে^১। ভৰ্জনকপালাদি *ছবে*চর পুকেঁভি স্থলে নিনাশ হয় না,—স্কুতরাং সেখানে তাহাব অবয়বেব পূর্ব্বোক্তরূপ ব্যুহন হয় না। ৰুলকথা, কন্তু ও ভৰ্জনকপালাদি দ্ৰুত্য গঢ়িছে বলিয়া, ভাহাতে পুৰ্বোক্তরূপ গবিধাত সম্ভব হয়। ভাষ্যকার শেষে ইহা সমর্থন করিতে বলিয়াছেন যে, [ু]ল্মস্থ **জনে**র বহির্তাগে শীতম্পর্শের প্রত্যক্ষ হইয়া থাকে । স্থতরাং ঐ াস সচিহন, উহার ছিদ্র দার। বহির্ভাগে জলেব সমাগম হয়, ঐ কলস তাহার মধ্যগত ভলের অত্যন্ত প্রতিরোধক হয় না, ইহা স্বীকার্য্য। এইরূপ কাচা**দি স্বচ্ছদ্রব্যের দারা চক্ষুর রশ্মির প্রতীঘাত** না হওয়াস, বাচাদিব্যবহিত বিষয়েরও প্রতাক্ষ হইয়া থাকে। সেখানে কাচাদি স্বচ্ছ দ্রব্যকে ভেদ করিয়া চক্ষুর রশ্মি ব্যবহিত বিষয়ের সহিত সন্নিকৃ**ট হয়**।

১। যস্য দ্রস্যাবয়বা ন ব্যুহাতে ইত্যাদি—ন্যায়বার্ডিক।

যস্য দ্বাস্য ভজ্জনকপালাদেরবয়বা ন ব্যহাতে পুর্কোৎপন্নদ্বায়ভকসংযোগনাশেন ^{ট্রান্তরসংযোগেৎপাদনং বৃহ্নং তম ক্লিয়ভে" ইত্যাদি।—তাৎপর্যাটীকা।}

ভাষ্যে "প্রদানপরিমুবৌ" এইরূপ পাঠান্তরও দেখা যায় ৷ উদ্দ্যোতকৰ সর্বশেষে লিখিয়াছেন যে, ''পরিম্পন্দ'' বলিতে বক্রগমন, ''পরিশ্রব'' বলিতে পতন। তাঁহার মতে "পরিম্পন্দপরিস্রবৌ" এইরূপই ভাষ্যপাঠ, ইহাও বুঝা যাইতে পারে ।। ৪৮॥

সূত্র। নেতরেতরধর্মপ্রসঙ্গাৎ।।৪৯॥২৪৭॥

অমুবাদ। (পূর্ববপক্ষ) না, অর্থাৎ কাচাদির দ্বারা চক্ষুরিন্দ্রিয়ের প্রতীঘাত হয় না, ইহা বলা যায় না, যেহেতু (তাহা বলিলে) ইতরে ইতরের ধর্ম্মের আপত্নি হয়।

ভাষ্য। কাচাত্রপটলাদিবদা কুড্যাদিভিরপ্রতীঘাতঃ, কুড্যাদিবদা কাচাভ্রপটলাদিভিঃ প্রতীঘাত ইতি প্রসঞ্জ্যতে, নিয়মে কারণং বাচ্য মিতি।

অমুবাদ। কাচ ও অভ্রপটলাদির স্থায় ভিত্তি প্রভৃতির দারা অপ্রতীঘাত হয় অথবা ভিত্তি প্রভৃতির স্থায় কাচ ও অভ্রপটলাদির দারা প্রতীঘাত হয়, ইহা প্রসক্ত হয়, নিয়মে কারণ বলিডে হইবে।

টিপ্পনী। মহাঘি পূর্ব্বোক্ত সিদ্ধান্তে এই সূত্রের দ্বার। পূর্ব্বপদ বলিয়াছেন যে, যদি কাচাদির **খা**র। চক্ষর রশ্মির অপ্র**ীখা**ত বল। যায় তাহা হইলে তাহার ন্যায় কুড়াদির মারাও উহার অপ্রতীমাত কেন হয় না এইরপ্র আপত্তি কর। যায়। এবং যদি ক্**ড্যাদির হার। চক্ষুর র**শি^{র্} প্রতীঘাত বলা যায়, তাহা হইলে, তাহার ন্যায় কাচাদির ঘারাও উহা প্রতীঘাত কেন হয় না ? এইরূপও আপত্তি করা যায় ৷ কড্যাদির ঘার প্রতীঘাতই হইবে, আর কাচাদি মারা অপ্রতীঘাতই হইবে, এইরূপ নি^{রু} কোন কারণ নাই। কারণ থাকিলে তাহা বলা আবশাক। ফলকগা অপ্রতীষাত যাহাতে আছে, তাহাতে অপ্রতীষাতরূপ ধর্মের আপতি হ এবং প্রতীঘাত যাহাতে আছে, তাহাতে অপ্রতী**ঘাতরূপ ধর্মে**র আপতি হ^য এজন্য প্ৰেবাক্ত সিদ্ধান্ত বিচারদহ নহে ।। ৪৯।।

সূত্ৰ। আদর্শোদকয়োঃ প্রসাদস্বাভাব্যাদ্রপো– পলব্ধিবৎ ততুপলব্ধিঃ॥৫০॥২৪৮॥

অমুবাদ। (উত্তর) দর্পণ ও জ্বলের স্বচ্ছতাস্বভাববশতঃ রূপের প্রত্যক্ষের স্থায় ভাহার, অর্থাৎ কার্চাদি স্বচ্ছ পদার্থ দ্বারা ব্যবহিত বিষয়ের প্রত্যক্ষ হয়।

ভাষ্য। আদর্শেদিকয়োঃ প্রসাদো রূপবিশেষঃ স্বো ধর্মো নিয়মদর্শনাৎ, প্রসাদস্য বা স্বো ধর্মো রূপোপলস্কনং। যথাদর্শপ্রতিহতস্থ
পরাবৃত্তস্থ নয়নরশ্মেঃ স্বেন মৃথেন সন্নিকর্ষে সতি স্বমুখোপলস্তনং
প্রতিবিশ্বগ্রহণাখ্যমাদর্শরূপান্ত্রগ্রহাৎ তনিমিত্তং ভবতি, আদর্শরূপোপঘাতে
তদভাবাৎ, কুড্যাদিষু চ প্রতিবিশ্বগ্রহণং ন ভবতি, এবং কাচাত্রপট্লাদিভি রবিঘাতশ্চক্ষ্য রুশ্মেঃ কুড্যাদিভিশ্চ প্রতীঘাতো দ্রব্যস্বভাবনিয়্মাদিতি।

অমুবাদ। দর্পণ ও জলের প্রসাদ রূপবিশেষ স্বকীয় ধর্ম, যেহেতু নিয়ম দেখা যায়, [অর্থাৎ ঐ প্রসাদ নামক রূপবিশেষ দর্পণ ও জলেই যখন দেখা যায়, তখন উহা দর্পণ ও জলেরই স্বকীয় ধর্ম, ইহা বুঝা যায়] অথবা প্রসাদের স্বকীয় ধর্ম রূপের উপলক্ষিজনন।

যেমন দর্পণ হইতে প্রতিহত হইয়া পরাবৃত্ত (প্রত্যাগত) নয়নরশির স্বকীয় মুখের সহিত সন্নিকর্ষ হইলে, দর্পণের রূপের সাহায্যবশতঃ ভন্নিমিত্তক স্বকীয় মুখের প্রতিবিদ্ধ গ্রহণ নামক প্রভাক্ষ হয়; কারণ, দর্পণের রূপের বিনাশ হইলে, সেই প্রভাক্ষ হয় না, এবং ভিত্তি প্রভৃতিতে প্রভিবিদ্ধ গ্রহণ হয় না—এইরূপ দ্রুষ্য স্বভাবের নিয়মবশতঃ কাচ ও অভ্পটলাদির দ্বারা চক্ষুর রশ্মির অপ্রতীঘাত হয়, এবং ভিত্তি প্রভৃতির বারা (উহার) প্রতীঘাত হয়।

টি॰পনী। মহঘি পূর্ব্বসূত্রোক্ত পূর্ব্বপক্ষের উত্তরে এই সূত্রেব দাব। ^{বলিয়াছেন যে, দ্রব্যের স্বভাব-নিরম-প্রযুক্তিই কাচাদির দার। চক্ষুর রশ্মির ঐতীধাত হয় না, ভিত্তি প্রভৃতির দার। উহার প্রতীধাত হয়। স্থ্তরাং}

কাচাদি স্বচ্ছ দ্রব্যের মারা ব্যবহিত বিষয়ে চক্ষু:সন্নিকর্ঘ হইতে পারায় তাহার চাক্ষ্ম প্রত্যক্ষ হইয়া থাকে। দর্পণ ও জলের প্রসাদম্বভাবতা-থ্যুক্ত রূপোপলবিকে দৃষ্টান্তরূপে উল্লেখ করিয়া মহর্ষি তাঁহার বিবক্ষিত দ্রব্যস্বভাবের সমর্থন করিয়াছেন। ভাষ্যকার স্ত্রোজ "প্রসাদ"শব্দের অর্থ বলিয়াছেন--রূপবিশেষ। বাত্তিককার ঐ রূপবিশেষকে দ্রব্যান্তরের ছার। অসংযুক্ত দ্রব্যের সমবায়। ভাষ্যকার ঐ প্রসাদ ব। রূপ-বিশেষকেই প্রথমে স্বভাব অর্থাৎ স্বকীয় ধর্ম বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। উহা দর্পণ ও জলেরই ধর্ম, এইরূপ নিয়মবশত: উহাকে তাহার স্বভাব বলা রার। ভাষ্যকার পরে প্রসাদের স্বভাব এইরূপ অর্থে তৎপুরুষ সমাস আশ্রয করিয়া সূত্রার্থ ব্যাখ্যা করিয়াছেন। দর্পণ ও জলের প্রসাদনামক কার্পবিশেষের স্বভাব অর্থাৎ স্বকীয় ধর্ম বলিয়াছেন, রূপোপলন্তন। ঐ প্রসাদের ধারা রূপোপলি হয়, এজন্য রূপের উপলব্ধিসম্পাদনকে উহার স্বভাব ব। সংশ্ৰ বল। যায়। দৰ্পণাদির দার। কিরূপে রূপোপল্রি হয়, ইহা বুঝাইতে ভাষ্যকার বলিয়াছেন যে, চক্ষর রশ্মি দর্পণে পতিত হইলে উহা 🖫 দর্পণ হইতে প্রতিহত হইয়া দ্রষ্টাব্যক্তির নিজমুখে প্রত্যাবর্ত্তন করে। তথন দর্পণ হইতে প্রত্যাবৃত্ত ঐ নয়নরশ্মির দ্রষ্টাব্যক্তির নিজ মুখের সহিত স**রিকর্ঘ হইলে, তদ্মার। নিজ মুখের প্রতিবিদ্বগ্রহণরূপ প্রত্যক্ষ** হয়। ঐ প্রত্যক্ষ, দপণের রূপের সাহায্যপ্রযুক্ত হওয়ায়, উহাকে ত্রিমিত্তক বলা যায়। কারণ, দর্পণের পুর্বোক্ত প্রসাদনামক রূপবিশেষ নষ্ট হইলে. এ প্রতিবিম্বগ্রহণ নামক মুখপ্রত্যক্ষ জন্মে না। এইরূপ মৃত্তিকানিশ্মিত ভিত্তিপ্রভৃতিতেও প্রতিবিম্বগ্রহণ না হওয়ায়, প্রতিবিম্বগ্রহণের পূর্ব্বোজ কারণ তাহাতে নাই, ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। দ্রব্যস্ব**ভাবে**র নিয়নবশতঃ সকল দ্র**বে**টই সমস্ত স্বভাব থাকে না। ফলের **দারাই ঐ স্বভাবে**র নির্ণয় হইয়া থাকে। এইরূপ দ্রব্যস্থভাবের নিয়মবশত: কাচাদির ছারা চক্ষুর রশ্মির প্রতীঘাত হয় না, ভিত্তিপ্রভৃতির ঘারা প্রতীঘাত হয়। স্বভাবের ্উপবে কোন বিপরীত অনুযোগ করা যায় না। প্রসূত্রে মহঘি নিভেই ইহা ব্যক্ত কবিয়াছেন ॥ ৫০ ॥

সূত্র। দৃষ্টানুমিতানাং হি নিয়োগপ্রতিষেধানুপপত্তিঃ ।।৫১।।২৪৯।।

অমুবাদ। দৃষ্ট ও অমুমিত (প্রভ্যক্ষপ্রমাণসিদ্ধ ও অমুমানপ্রমাণ-

সিদ্ধ) পদার্থসমূহের নিয়োগ ও প্রতিষেধের অর্থাৎ স্বেচ্ছানুসারে বিধি ও নিষেধের উপপত্তি হয় না।

ভাষ্য। প্রমাণস্ত ভব্ববিষয়ত্বাৎ। ন খলু ভোঃ পরীক্ষমাণেন দৃষ্টারুমিতা অর্থাঃ শক্যা নিযোক্ত্র্মেবং ভবতেতি, নাপি প্রতিষেদ্ধ্যেবং ন ভবতেতি। ন হীদমুপপছতে রূপবদ্ গদ্ধোহপি চাক্ষ্যো ভবত্বিতি, গদ্ধবদা রূপং চাক্ষ্যং মাভূদিতি, অগ্নিপ্রতিপত্তিবদ্ গ্মেনোদকপ্রতিপত্তি-রূপি ভবত্বিতি, উদকাপ্রতিপত্তিবদ্ধা ধ্মেনাগ্নিপ্রতিপত্তিরপি মাভ্দিতি। কং কারণং ? যথা খল্বর্ণা ভবন্তি য এষাং স্বো ভাবঃ স্বো ধর্ম ইতি তথাভূতাঃ প্রমাণেন প্রতিপছন্ত ইতি, তথাভূতবিষয়কং হি প্রমাণমিতি। ইমৌ খলু নিয়োগপ্রতিষেধো ভবতা দেশিতো, কাচাভ্রপটলাদিবদ্বা ক্যোদিভিরপ্রতীঘাতো ভবতু, কুড়াদিবদ্বা কাচাভ্রপটলাদিভিরপ্রতীঘাতো মাভূদিতি। ন, দৃষ্টাক্ষমিতাঃ খল্পমে দ্রব্যধর্মাঃ প্রতীঘাতাপ্রতীঘাতয়ে-হ্যুপলব্ধান্ত্রপানী ব্যবস্থাপিকে। ব্যবহিতান্ত্রপলব্ধাহন্ত্রমীয়তে কুড়া-দিভিঃ প্রতীঘাতঃ, ব্যবহিতোপলব্ধাহন্ত্রমীয়তে কাচাভ্রপটলাদিভির-প্রতীঘাত ইতি।

অনুবাদ। যেতেতু প্রমাণের তত্ত্বিষয়ত্ব গ্রাছে, মর্থাৎ যাতা প্রমাণ দারা প্রতিপন্ন হয়, তাতা বস্তুর তত্ত্বত তইয়া থাকে (অতএব তাতার সম্বন্ধে নিয়োগ বা প্রতিষেধের উপপত্তি হয় না)।

পরীক্ষমাণ অথাৎ প্রমাণ দারা বস্তুতত্ত্বিচারক ব্যক্তি কর্তৃক প্রত্যক্ষসিদ্ধ ও অনুমানসিদ্ধ পদার্থসমূহ "তোমরা এইরূপ হও"—এইরূপে
নিয়োগ করিবার নিমিত্ত অথবা "তোমরা এইরূপ হইও না" এইরূপে
প্রতিষেধ করিবার নিমিত্ত যোগ্য নহে। যেহেতু "রূপের আয় গন্ধও
চাক্ষ্য হউক !" অথবা "গন্ধেব আয় রূপ চাক্ষ্য না হউক!" "ধ্মের
দারা অগ্নির অনুমানের আয় জলের অনুমানও হউক !" অথবা "যেমন
ধ্মের দারা জলের অনুমান হয় না, তদ্ধেপ অগ্নির অনুমানও না হউক !"
ইহা অর্থাৎ পূর্ব্বাক্ত প্রকার নিয়োগ ও প্রতিষেধ উপপন্ন হয় না।

(প্রশ্ন) কি জ্বন্ত ? অর্থাৎ ঐরূপ নিয়োগ ও প্রতিষেধ না হওয়ার কারণ কি ? (উত্তর) যেহেতু পদার্থসমূহ যে প্রকার হয়, যাহা ইহাদিগের স্বকীয় ভাব, কি না স্বকীয় ধর্ম, প্রমাণ দ্বারা (এ সকল পদার্থ) সেই প্রকারই প্রতিপন্ন হয় ; কারণ, প্রমাণ, তথাভূত-পদার্থ-বিষয়ক।

(বিশদার্থ) এই (১) নিয়োগ ও (২) প্রতিষেধ, আপনি (পূর্ব্ব-পক্ষবাদী) আপত্তি করিয়াছেন। (যথা) কাচ ও অভ্রপলাদির স্থায় ভিত্তিপ্রভৃতি দারা (চক্ষুর রশ্মির) অপ্রতীঘাত হউক ? অথবা ভিত্তি-প্রভৃতির ন্যায় কাচ ও অভ্রপটলাদির দারা চক্ষুর রশ্মির অপ্রতীঘাত না হউক ? না অর্থাৎ ঐরূপ আপত্তি করা যায় না। কারণ, এই সকল দ্রব্যধর্ম দৃষ্ট ও অনুমিত, অর্থাৎ প্রত্যক্ষ ও অনুমানপ্রমাণসিদ্ধ। অপ্রত্যক্ষ ও প্রত্যক্ষই প্রতীঘাত ও অপ্রতীঘাতের নিয়ামক। ব্যবহিত বিষয়ের অপ্রভাক্ষপ্রযুক্ত ভিত্তি প্রভৃতির দার। প্রতীঘাত **অনুমিত ২**য় এবং ব্যবহিত বিষয়ের প্রভাক্ষপ্রযুক্ত কাচ ও অভ্রপটলাদির দারা অপ্রভীঘাত অনুমিত হয়।

টিপ্পনী। যদি কেহ প্রশু করেন যে, কাচাদি দ্রব্যের **ঘার।** চন্দুর রশ্মির প্রতীঘাত হয় না, কিন্তু ভিত্তিপ্রভৃতির দারা তাহার প্রতীঘাত হয়, ইহার কারণ কি ? কাচাদির ন্যয় ভিত্তিপ্রভৃতির হার। প্রতীঘাত না হউক ? অথবা ভিত্তিপ্রভৃতির ন্যায় কাচাদির দারাও প্রতীঘাত হউক? মহর্ষি **এতদ্তরে এই স্ত্রের দার। শেষ কথা বলিয়াছেন যে, যাহ। প্রত্যক্ষ**রা অন্যান-প্রমাণ দার৷ যেরূপে প্রীক্ষিত হয়, তাহার সম্বন্ধে ''এই প্রকার হটক ?" অথবা "এই প্রকার না হউক ?"-এইরূপ বিধান বা নিমে হইতে পারে না। ভাষ্যকার "প্রমাণস্য তত্ত্ববিষয়ত্বাৎ" এই কথা বলিয়া মহাঘির বিবাক্ষিত হেতু-বাকোর প্রণ করিয়াছেন। জয়ত ভট ''নাতি-মঞ্জরী" গ্রন্থে ইন্দ্রিয়পরীক্ষায় নহাঘি গোতমের এই সূত্রটি উদ্ধৃত করিয়াছেন তাহার শেষভাগে ''প্রমাণস্য তম্ববিষয়াৎ'' এইরূপ পাঠ দেখা যায়। কি ^ভ "ন্যায়বাত্তিক" ও "ন্যায়সূচীনিবদ্ধা"দি গ্রন্থে উদ্ধৃত এই সূত্রপাঠে কেলি হেতুবাক্য নাই। ভাষ্যকার মহর্ষির বিবক্ষিত হেতু-বাক্যের **প্রণ ক**রিয়া বুঝাইয়াছেন যে প্রমাণ যখন প্রকৃত তম্বকেই বিষয় করে, তখন প্রত

বা অনুমান দারা যে পদার্থ যেরূপে প্রতিপন্ন হয়, সেই পদার্থ দেইরূপই স্বীকার করিতে হইবে। রূপের চাক্ষ্ম প্রত্যক্ষ হয় বলিয়া, গ**ন্ধের**ও চাক্ষুষ প্রত্যক্ষ হউক, এইরূপ নিয়োগ কবা যায় না। এইরূপ গন্ধের ন্যায় রূপেরও চাক্ষুম প্রত্যক্ষ না হউক, এইরূপ নিমেধ করাও যায় না। এবং ধূমের **দার। ব**হ্নির ন্যায় **জলে**রও অ**নুমা**ন হউক, অথ**ব**। ধূমের দার। জলের অনুমান না হওয়াব ন্যায় বহ্নির অনুমানও না হউক, এইরূপ নিয়োগ ও প্রতিষেধও হইতে পারে না। কারণ, ঐসকল পদার্থ ঐক্রপে দৃষ্ট বা অনুমিত হয় নাই। যেরূপে উহাব। প্রত্যক্ষ বা অনুমান-প্রনাণ ছারা প্রতিপন্ন হইয়াছে, তাহাই উহাদিগের স্বভাব বা স্বধর্ম। বস্তস্বভাবের উপরে কোনরূপ বিপরীত অনুযোগ করা যায় না। **প্রকৃ**ত স্থলে ভিত্তি প্রভৃতির মারা চক্ষুর রশ্মির প্রতীঘাত অনুমান-প্রমাণ মাবা প্রতিপন্ন হওয়ায়. সেখানে অপ্রতিষাত হউক, এইরূপ নিয়োগ করা যায় না। এই<mark>রূপ</mark> কাচাদির **ধার। চক্দুর রশ্মির অপ্রতীধাত অনু**মান-প্রমাণ **ধা**ব। প্রতি**পন্ন** হওয়ায়, সেখানে এপ্রতী**ঘা**ত না হউক, এইরূপ নিষেধ কবাও যায় না। ভিত্তি প্রভৃতির দার। কাচাদির ন্যায চক্ষুব বশ্মির অপ্রতীঘাত গইলে, কাচাদির ঘানা ব্যবহিত বিষয়ের ন্যায ভিত্তি প্রভৃতিব ঘান। ব্যবহিত বিষয়ের**ও প্র**ত্য**ক্ষ** হইত এবং কাচাদির **দারাও** চক্ষুব রশ্মির প্রতীঘাত হইলে, কাচাদি-ব্যবহিত বিষয়েরও প্রত্যক্ষ হইত না। কিন্তু ভিত্তি-ব্যবহিত বিষয়ের অপ্রত্যক্ষ এবং কাচাদি-ব্যবহিত বিষয়ের প্রত্যক্ষ হওয়ায়, ভিত্তি প্রভৃতির হার। চক্ষুর রশ্মির প্রতীঘাত এবং কাচাদির হার। উহার অপ্রতীঘাত অনুমান প্রমাণসিদ্ধ হয়। স্থতরাং উহার সমন্ধে আর প্রেবাঞ্জরপ নিয়োগ বা প্রতিষেধ করা যায় না।

নহাঘি এই প্রকরণের শেষে চক্ষুর বশ্নির প্রতীঘাত ও অপ্রতীঘাত সমর্থন করিয়। ইল্রিয়বর্গের প্রাপ্যকারিত্ব সমর্থন করায়, ইহার দ্বারাও ভাঁহার দক্ষত ইল্রিয়ের ভৌতিকত্ব সিদ্ধান্ত সমর্থিত হইয়াছে। কারণ, ইল্রিয় ভৌতিক পদার্থ না হইলে, কুল্রাপি তাহার প্রতীঘাত সম্ভব না হওয়ায়, সর্ব্বিত্র ব্যবহিত বিষয়েরও প্রত্যক্ষ হইতে পারে। এইরূপ ইল্রিয়বর্গের প্রাপ্যকাবিদ্বসিদ্ধান্ত সমর্থন করায়, প্রত্যক্ষের সাক্ষাৎ কারণ, ''ইল্রিয়ার্থ-সারিকর্ম'' যে নানাপ্রকার এবং উহা প্রত্যক্ষের কারণক্ষপে অবশান্থীকার্য্য, ইহাও সুচিত হইযাছে। কারণ, বিষয়ের সহিত ইল্রিয়ের সম্বর্ধ শইল্রিয়ার্থসারিকর্ম''। এ সারিকর্ম ব্যতীত ইল্রিয়বর্গের প্রাপ্যকারিত্ব সম্ভবই হয় না এবং ইল্রিয়েগ্রাহ্য সকল বিষয়ের সহিতই ইল্রিয়ের কোন এক

প্রকার সম্বন্ধ সম্ভব নহে। এজন্য উদ্যোতকর প্রভৃতি নৈয়ায়িকগণ নৌকিক প্রত্যক্ষ স্থলে গোতমোক্ত "ইল্রিয়ার্থসন্নিকর্ম"কে ছয় প্রকার বলিয়াছেন। উহা পরবতী নবানৈয়ায়িকদিগেরই কল্পিত নহে। মহর্ষি গোতম প্রথম অধ্যায়ে প্রত্যক্ষলক্ষণসূত্রে ''সন্নিকর্ষ'' শব্দের প্রয়োগ করিয়াই, উহা সূচনা করিয়াছেন (১ম খণ্ড, ১১৬ পৃষ্ঠা দ্রষ্টব্য)। ইব্রিফ গ্রাহ্য সমস্ত বিষয়ের সহিত্ই ইন্দ্রিয়ের সংযোগসম্বন্ধ মহার্ঘির অভিমত হইলে, তিনি প্রসিদ্ধ "সংযোগ" শব্দ পরিত্যাগ করিয়া সেখানে অপ্রসিদ্ধ "সারিকর্ষ" শব্দের কেন প্রয়োগ করিয়াছেন, ইহা চিস্তা করা আবশ্যক। বস্তুতঃ ঘটাদি দ্রব্যের সহিত চক্ষ্রিন্দ্রিয়ের সংযোগ-সম্বন্ধ হইতে পারিলেও, ঐ ঘটাদি দ্রব্যের রূপাদি গুণের যহিত এবং ঐ রূপাদিগত রূপছাদি **জা**তির সহিত চক্রিন্ত্রিয়ের সংযোগ সম্বন্ধ হইতে পারে না, কিন্ত ষটাদি দ্রব্যের ন্যায় রূপাদিরও প্রত্যক্ষ হইর। থাকে। স্পুতরাং রূপাদি গুণপদার্থ এবং রূপত্বাদি জাতিও অভাব প্রভৃতি অনেক পদার্থের প্রত্যক্ষের কারণরূপে বিভিন্নপ্রকার সন্নিক্ষই মহাঘি গোতমের অভিমত, এ বিষয়ে সংশয় নাই। এখন কেছ কেছ প্রত্যক্ষ স্থলে ইন্দ্রিয়গ্রাছ্য সর্ববিষয়ের সহিত ইচ্ছিয়ের একমাত্র সংযোগ-সম্বন্ধই জন্মে, সংযোগ সকল পদার্থেই জন্মিতে পারে, এইরূপ বলিয়া নানা সন্নিকর্ষবাদী নব্যনৈয়ায়িকদিগকে উপহাস করিতেছেন। নিরর্থক ঘড়্বিধ ''সন্নিকর্মে''র কল্পনা নাকি নব্যনৈয়ায়িকদিগেবই অজ্ঞতামূলক। কণাদ ও গোতম যখন ঐ কথা বলেন নাই, তখন নব্যটনয়ায়িকদিগের ঐসমস্ত বুথা কল্পনায় কর্ণপাত করার কোন কারণ নাই, ইহাই তাঁহাদিগের কথা। এতদূত্রে বক্তবা এই যে. গুণাদি পদার্থের স্থিত ইন্দ্রিয়ের যে সংযোগ-সম্বন্ধ হয় না, সংযোগ যে, কেবল দ্রব্যপদার্থেই জনেম, ইহা নব্যনৈয়ায়িকগণ নিজ বুদ্ধির দ্বারা কল্পন। করেন নাই। বৈশেষিকদর্শনে মহাঘি কণাদই "গুণ" পদার্থের লক্ষণ বলিতে "গুণ" পদার্থকে দ্রব্যাশ্রিত ও নির্গ্তণ বলিয়া সিদ্ধান্ত প্রকাশ করিয়। গিয়াছেন । কণাদের মতে সংযোগ গুণপদার্থ। স্থতরাং দ্রব্যপদার্থ ভিন্ন আর কোন পদার্থে সংযোগ জন্মে না, ইহা কণাদের ঐ সূত্রের দার। ম্পষ্ট বুঝা যায়। গুণপদার্থে গুণপদার্থের উৎপত্তি স্বাকার করিলে, নীল রূপে অনা নীল রূপের উৎপত্তি হইতে পারে, মধুর রদে অন্য মধুর রদের উৎপত্তি হইতে পারে। এইরূপে অনন্ত রূপ-রুসাদি

১। দ্রব্যাশ্রয়গুণবান্ সংযোগবিভাগেদ্কারণমনপেক্ষ ইতি গুণলক্ষণং। ১।১ ১৬।

গুণের উৎপত্তির আপত্তি হয়। স্কৃতরাং জন্যগুণের উৎপত্তিতে দ্রব্য-পদার্থই সমবায়িকারণ বলিতে হইবে। তাহা হইলে দ্রব্য-পদার্থই গুণের আশ্রয়, গুণাদি সমস্ত পদার্থই নির্প্তণ, ইহাই সিদ্ধান্ত প্রতিপদ্ধ হয়। তাই মহাষি কণাদ গুণপদার্থকৈ দ্রব্যাশ্রিত ও নির্প্তণ বলিয়াছেন। নব্যনৈয়ায়িকগণ পূর্ব্বে'জেরপ যুক্তির উদ্ভাবন করিয়া কণাদ-সিদ্ধান্তেরই সমর্থন করিয়াছেন। তাঁহারা নিজ বুদ্ধির ঘারা ঐ সিদ্ধান্তের করন। করেন নাই। উদ্দোত্তকর প্রভৃতি প্রাচীন নৈয়ায়িকগণও কণাদেব ঐ সিদ্ধান্তানুসারেই গোতনোক প্রত্যক্ষকারণ ''ইন্দ্রিরার্থসারিকর্ঘ'কে ছ্য প্রকারে বর্ণন করিয়াছেন; ন্যায়দর্শনের সমানতন্ত্র বৈশেষিক-দর্শনোক্ত ঐ সিদ্ধান্তই ন্যায়দর্শনের যিদ্ধান্তর্মপে গ্রহণ করিয়াছেন। ন্যায়দর্শনিকার মহান্ধি গোত্মও প্রথম প্রধায়ে প্রত্যক্ষসূত্রে ''সংযোগ'' শবদ ত্যাগ করিয়া, 'সানিকর্ঘ' শবদ প্রয়োগ করিয়া পূর্ব্বাক্ত সিদ্ধান্তের সূচনা করিয়াছেন। সূত্রে সূচনাই থাকে।

এইরূপ "সামান্যলফণ।", "জোনলক্ষণ।" ও "যোগজ" নামে বে তিন প্রকার ''সন্নিকর্ঘ'' নব্যনৈযায়িকগণ ত্রিবিধ অলৌকিক প্রত্যক্ষের কারণরপে বর্ণন করিয়াছেন, উহাও মহষি গোতমের প্রতাক্ষলকণ্যুত্রোভ ''সন্নিবর্ষ'' শব্দের শ্বারা সূচিত হইয়াছে বুঝিতে হইবে। পরম্ভ মহন্দি গোতমেন প্রথম অধ্যারে প্রতাক্ষলক্ষণসূত্রে ''অব্যক্তিচাবি'' এই বাকোর ধার। তাঁহার মতে ব্যাভিচারি-প্রত্যক্ষ অর্থাৎ লম-প্রতাক্ষও যে আছে, ইহা নিংসদেহে ৰুঝা যায়। তাহা হইলে ঐ ভ্রম-প্রত্যক্ষের কাবণরূপে কোন সনিকর্ষ'ও তিনি **স্বীকার করিতেন, ইছাও বুঝ। যায**় **নব্যনৈরানিকগণ ঐ** 'পেলিকের্<mark>য'রই নাম বলি</mark>যাছেন, ''জ্ঞান**লফণা''**। রজ্জুতে স্প্রিম, উক্তিকায় র**জ**তন্ত্রম প্রভৃতি ল্রমপ্রত্যক্ষস্থলে সর্পাদি বিষয় না থাকায়, তাহাব সহিত ইক্রিয়ের সংযোগাদিসারিকর্ঘ অসম্ভব। স্থতনাং সেখানে এ বন প্রত্যক্ষের কারণরূপে সর্পাথাদির জ্ঞানবিশেষস্বরূপ স্যাকর্ষ স্বীকার করিতে হইবে। উহা জ্ঞানস্বরূপ, তাই উহাব নাম ''জ্ঞানলক্ষণা'' প্রত্যাসত্তি। "লক্ষণ" শব্দের অর্থ এখানে স্বরূপ, এবং "প্রত্যাসন্তি" শব্দের অর্থ "স্বানিকর্ম"; বিবর্ত্তবাদী বৈদান্তিক-সম্প্রদায় প্রের্বাক্ত ভ্রম-প্রত্যক্ষ-স্থলে বিষয়ের সহিত ইন্সিয়-সন্নিকর্ষেব আবশ্যকতা-বশতঃ ঐরূপ স্থলে ব**ছ্জু** প্রভৃতিতে সর্পাদি নিথ্যা বিষয়ের মিথ্যা স্মষ্টিই কল্পনা করিয়াছেন। কিন্তু অন্য কোন সম্প্রদায়ত উহা স্বীকার কবেন নাত। ফলকথা, মতঘি গোতমের মতে ভ্রম-প্রত্যক্ষের অন্তিম্ব থাকায়, উহার কারণরূপে তিনি যে,

কোন সন্নিকর্ষ-বিশেষ স্থীকার করিতেন, ইহা অবশ্যই বলিতে হইবে।। উহা অলৌকিক সানিকর্ম। নবাইনয়ায়িকগণ উহার সমর্থন করিয়াছেন উহ। কেবল তাঁহাদিগের বুদ্ধিমাত্র কল্লিত নহে। এইরূপ মহর্ষি চতুর্ অধারের শেষে মুমুক্র যোগাদির আবশ্যকতা প্রকাশ করায়, ''যোগ্ছ'' সন্নিকর্ষবিশেষও একপ্রকার অলৌকিক প্রত্যক্ষের কারণরূপে তাঁহার সন্মত্ত, ইহাও বুঝিতে পারা যায়। স্থতরাং প্রত্যক্ষলক্ষণসূত্রে ''সন্নিকর্ষ'' শব্দেন ষার। উহাও সূচিত হইয়াছে বুঝিতে হইবে। এইরূপ কোন স্থানে একবার ''গো'' দেখিলে, গোষরূপে সমস্ত গো-ব্যক্তির যে এক প্রকার প্রত্যক্ষ হয় এবং একবার ধূম দেখিলে ধূমত্বরূপে সকল ধূমের যে এক প্রকান প্রত্যক্ষ হয়, উহার কারণরপেও কোন "সন্নিকর্দ"-বিশেষ স্বীকার্য্য: কারণ, যেখানে সমস্ত গো এবং সমস্ত ধূমে চক্ষু: সংযোগরূপ সন্নিবর্ত নাই, উহা অসম্ভব, সেখানে গোঘাদি সামান্য ধর্মের জ্ঞানজন্যই সমস্ত গবাদি বিষয়ে এক প্রকার প্রত্যক্ষ জন্মে। একবার কোন গো দেখিলে যে গোৰ নামক সামান্য ধর্মের জ্ঞান হয়, ঐ সামান্য ধর্ম সমস্ত গো-ব্যক্তিতেই থাকে। ঐ সামান্য ধর্ম্মের জ্ঞানই সেখানে সমস্ত গো-বিষয়ক অলৌকিক চাক্ষ প্রত্যক্ষের সাক্ষাৎ কারণ ''সন্নিকর্ষ''। গঙ্গেশ প্রভৃতি নব্যনৈয়ায়িব-গণ ঐ সন্নিকর্ষের নাম বলিয়াছেন—"সামান্যলক্ষণ।"। ঐক্লপ সন্নিকর্ছ স্বীকার না করিলে, ঐরপ সকল গবাদি-বিষয়ক প্রত্যক্ষ জন্মিতে পারে না। ঐরূপ প্রত্যক্ষ না জন্মিলে ''ধুম বহ্নিব্যাপ্য কি না''—এইরূপ সংশয়ও হইতে পারে না। কারণ, পাকশালা প্রভৃতি কোন স্থানে ধৃম ও বহি উভয়েই প্রত্যক্ষ হইলে, সেই পরিদৃষ্ট ধূম যে সেই বছির ব্যাপ্য, ইহা নিশ্চিতই হয়। স্থতরাং সেই ধূমে সেই বচ্ছির ব্যাপ্যতা-বিষয়ে সংশ্য হটতেই পারে না। সেখানে অন্য ধূমের প্রত্যক্ষ জ্ঞান না হইলে, সামান্যত: ধুম বছিব্যাপ্য কি না ?—এইরূপ সংশ্যাপ্তক প্রত্যক্ষ কিরূপে হইবে। স্থতরাং যখন অনেকস্থলে এরূপ সংশয় ছ নেম, ইহা অনুভবসিদ্ধ; তথন কোন স্থানে একবার ধুম দেখিলে ধুমত্বরূপ সামান্য ধর্মের জান্ছন্য সকল ধুম-বিষয়ক যে এক প্রকার অলৌকিক প্রত্যক্ষ জন্মে, ইহা স্বীকার্য্য। তাহা হইলে সেই প্রত্যক্ষের বিষয় অন্য ধ্মকে বিষয় করিয়া সামান্যতঃ ধম বহ্নির ব্যাপ্য কি না—এইরূপ সংশয় জন্মিতে পারে। গঙ্গেশ প্রভৃতি নব্যটনয়ায়িক**গণ পূর্ব্বোক্তরূপ নানাপ্রকার যু**ক্তির **যা**রা ''সাম'ন্যলক্ষণা'' নামে তলৌকিক সন্নিকর্ষের আবশ্যকতা সমর্থন করিয়াছেন। কিন্তু তাছাব পরবর্তী নব্যটনয়ায়িক, রঘুনাথ শিরোমণি ঐ ''সামানালক্ষণা'' খতন

করিয়া গিয়াছেন। তিনি মিথিলায় অধ্যয়ন করিতে যাইয়া, তাঁহার অভিনব অন্তুত প্রতিভার হারা "সামান্যলক্ষণা" খণ্ডন করিয়া, তাঁহার প্রক্র বিশ্ববিধ্যাত পক্ষধর মিশ্র প্রভৃতি সবলবেই পরাভূত করিয়াছিলেন। গজেশের "ত্বচিন্তামণি"র "দীধিতি"তে তিনি গজেশের মতের ব্যাধ্যা করিয়া শেষে নিজ মত ব্যক্ত করিয়া গিয়াছেন। সে যাহা হউক, যদি পুর্বেজি "সামান্যলক্ষণা" নামক অলৌবিক স্মির্ঘ অবশ্য স্বীকার্য্যই হয়, তাহা হইলে, মহর্ষি গোতমের প্রত্যক্ষলক্ষণসূত্রে "স্মির্ঘ ম্বিশ্ব হার। উহাও সূচিত হইয়াছে, বুঝিতে হইবে। স্ক্রীগণ এ বিঘয়ে বিচার করিয়া গৌতম-মত নির্ণয় করিবেন।। ৫১।।

ই ক্রিয়ভৌতিকত্ব-পরীক্ষাপ্রকরণ সমাপ্ত ।। ৭ ॥

-0-

ভাষ্য। অথাপি খলেকমিদমিন্দ্রিয়ং, বহুনীন্দ্রিয়াণি বা। কুতঃ সংশয়ঃ ?

ত্রুবাদ। পরস্তু, এই ইন্দ্রিয় এক ? অথবা ইন্দ্রিয় বহু ? (প্রশ্ন) সংশয় কেন ? তথাৎ ইন্দ্রিয়ের এক ও বহু ছ-বিষয়ে সংশয়ের কারণ কি ?

সূত্র। স্থানাস্তাত্বে নানাস্থাদবয়বি-নানাস্থানস্থাচ্চ সংশয়ঃ॥ ৫২॥২৫০॥

অমুবাদ। স্থানভেদে নানাদ্পপ্রযুক্ত অর্থাৎ আধারের ভেদে আধেয়ের ভেদপ্রযুক্ত এবং অবয়বীর নানাস্থানত্বপ্রযুক্ত অর্থাৎ বৃক্ষাদি অবয়বী শাখা প্রভৃতি নানাস্থানে থাকিলেও ঐ অভেদপ্রযুক্ত (ইন্দ্রিয় বহু ? অথবা এক ?—এইরূপ) সংশয় হয়।

ভাষ্য। বহুনি জব্যাণি নানান্থানানি দৃশ্যন্তে, নানান্থানশ্চ সল্লেকোহ বয়বী চেতি, তেনেন্দ্রিয়েষু ভিন্নস্থানেষু সংশয় ইতি ।

অমুবাদ। নানাস্থানস্থ দ্রব্যকে বহু দেখা যায়, এবং অবয়বী (বৃক্ষাদিদ্রব্য) নানাস্থানস্থ হইয়াও, এক দেখা যায়, তজ্জ্ঞা ভিন্ন ভিন্ন স্থানস্থ ইন্দ্রিয়-বিষয়ে (ইন্দ্রিয় বহু ? অথবা এক ? এইরূপ) সংশয় হয়।

টিপ্পনী। মহর্ষি তাঁহার কথিত তৃতীয় প্রমেয় ইন্সিয়ের পরীক্ষায় পূর্ব্বপ্রবরণে ইন্দ্রিরর্গের ভৌতিকত্ব পরীক্ষা করিয়া, এই প্রকরণের দার: ইন্দ্রিরের নানাত্ব পরীক্ষা করিতে প্রখনে এই সূত্রের হারা সেই পরীক্ষাদ সংশয় সমর্থন করিয়াছেন। সংশব্যের কারণ এই যে, ঘ্রাণাদি পাঁচটি ইন্দ্রি ভিন্ন ভিন্ন স্থানে থাকাম, স্থান অর্থাৎ আধারের ভেদপ্রযুক্ত উহাদিগের ভেন বুঝা যায়। কারণ, ঘট-পটাদি যে সকল দ্রব্য ভিন্ন ভিন্ন স্থান বা আধারে থাকে, তাহাদিগের তেদ বা বহুত্বই দেখা যায়। কিন্তু একই বট-পটাদি ও বৃক্ষাদি অবয়বী, নান। অবয়বে থাকে, ইহাও দেখা যায়। অর্থাৎ যেমন নানা আধারে অবস্থিত দ্রব্যের নানাত্ব দেখা যায়, তদ্ধপ নানা আধারে অবস্থিত অবয়বী দ্রব্যের একত্বও দেখা যায়। স্কুতরাং নানাস্থানে অবস্থান বস্তুর নানাত্বের সাধক হয় না। অতএব ইন্সিয়বর্গ নানা স্থানে অবস্থিত হইলেও, উহা বহু, অথবা এক ? এইরূপ সংশয় হয়। নানা স্থানে অবস্থান, দ্রব্যের নানাত্ব ও একত্ব—এই উভয় সাধারণ ধর্ম হওয়ায়, উহার জ্ঞানবশতঃ পুর্বেলিজরূপ সংশ্য হইতে পারে। **উদ্যোত**কৰ এথানে ভাষ্যকারের ব্যাখ্যাত ইন্দ্রিয়বিঘযে সংশয়ের অনুপপত্তি সমর্থন করিয়া, ইন্দ্রিযের স্থান-বিষয়ে সংশয়ের যুক্ততা সমর্থন করিয়াছেন এবং ইন্দ্রিরে শরীর ভিন্তত্ব ও সত্তা থাকায়, তৎপ্রযক্ত ইন্দ্রিয় কি এক, অথব। অনেক ?—এইরূপ সংশয় জনেন, ইহাও শেষে বলিয়াছেন। অর্থাৎ শরীরভিন वक्ष এक এবং অনেক দেখা यहा। यमन— याकाश এक, घटां पि अन्तक। এইরূপ সংপদার্থও এক এবং অনেক দেখা যায়। স্থতরাং শরীবভিন্নত ও সতারূপ সাধারণ ধর্মের জানছন্য ইন্দ্রিয়বিষয়ে পূর্ব্বেজিরূপ সংশ্ব হইতে পারে ॥ ৫২ ॥

ভাষ্য। একমিন্দ্রিয়ং—

সূত্র। ত্বগব্যতিরেকাৎ ॥৫৩॥২৫১॥

অনুবাদ। (পূর্ব্বপক্ষ) ত্বক্ই একমাত্র ইন্দ্রিয়, যেহেতু অব্যতিরেক শ্রমণ্ড ইন্দ্রিয়-স্থানে ত্বের সত্তা আছে। ভাষ্য। ত্বগেকমিন্দ্রিয়মিত্যাহ, কস্মাৎ ? অব্যতিরেকাৎ। ন ত্বচা কিঞ্চিদিন্দ্রিয়াধিদানং ন প্রাপ্তং, ন চাসত্যাং ত্বচি কিঞ্চিদ্বিয়গ্রহণং ভবতি। যায়া সর্বেক্তিয়ন্তানানি ব্যাপ্তানি যন্তাঞ্চ সত্যাং বিষয়গ্রহণং ভবতি সা ত্বগেকমিন্দ্রিয়মিতি।

অধুবাদ। ত্বক্ই একমাত্র ইন্দ্রিয়, ইহা (কেহ) বলেন। (প্রশ্ন)
কেন ? (উত্তর) যেহেতু অব্যতিরেক অর্থাৎ সমস্ত ইন্দ্রিয়-স্থানে ত্বকের
সত্তা আছে। বিশদার্থ এই যে, কোন ইন্দ্রিয়-স্থান ত্বনিন্দ্রিয় কর্তৃক প্রাপ্ত নহে, ইহা নহে এবং ত্বনিন্দ্রিয় না থাকিলে, কোন বিষয়-জ্ঞান
হয় না। যাহার ত্বারা সর্কেন্দ্রিয়-স্থান ব্যাপ্ত, অথবা যাহা থাকিলে
বিষয়্মজ্ঞান হয়, সেই ত্বক্ই একমাত্র ইন্দ্রিয়।

টিপপনী। মহামি পূর্ব্বপূত্রেরই বারা ইন্দ্রির বছ ? অথবা এক ?—এই-রপ সংশ্র সমর্থন করিয়া এই সূত্রের বারা বক্ই একমাত্র ইন্দ্রিয়, এই পূর্ব্বপক্ষ সমর্থন করিয়াছেন। ভাষ্যকার ''একমিন্দ্রিমং'' এই বাক্যের পূর্ব করিয়া এই পূর্ব্বপক্ষ-সূত্রের অবতারণা করিয়াছেন। ভাষ্যকারের এ বাক্যের সহিত সূত্রের ''ছক্'' এই পদের যোগ করিয়া সূত্রার্থ ব্যাধার করিতে হইবে। ভাষ্যকারও এরূপ সূত্রার্থ ব্যাধার করিয়া উচা যে কোন সম্প্রদায়বিশেষের মত, ইহাও প্রকাশ করিয়াছেন। বস্ততঃ ছক্ই একমাত্র বহিবিন্দ্রিয়, ইহা প্রাচীন সাংখ্যামতবিশেষ। 'শারীরক-ভাষ্যা''দি গ্রন্থে ইহা পাওয়া যায় । মহামি গোতম ঐ সাংখ্যমত-বিশেষ খণ্ডন করিয়েছেন। মহামি ঐ মত সমর্থন করিয়াছেন। মহামি ঐ মত সমর্থন করিয়েছেন, 'অব্যাতিরেকার্থে'। সমন্ত ইন্দ্রিয়য়ানে ছকের সম্বন্ধ বা শত্রাই এপানে ''অব্যাতিরেক'' শব্দের বারা বিবাক্ষিত। তাই ভাষ্যকার উহার ব্যাধ্যা করিতে বলিয়াছেন যে, কোন ইন্দ্রিয়য়ান অগিন্দ্রিয় কর্ত্ব প্রাপ্ত নহে,

১। পরস্পরবিরুদ্ধশ্রায়ং সাংখ্যানামভাপপমঃ। কচিৎ স্প্রেচিয়াণ্যনুক্রামার্ড শ ইত্যাদি — (বেদান্তদ্শন, ২য় অঃ. ২য় পা০ ১০ম সূর্ভাষ্য)।

ত্বত্মান্তমেবহি বৃদ্ধীন্দ্রিয়মনেকরাপাদিগ্রহণসমর্থমেকং, কর্মেন্দ্রিয়াণি পঞ্, সন্তমঞ্ মন ইতি সঙ্গেদ্রাণি।—ভামতী।

থাকিলে কোন জ্ঞানই জন্মে না। ফলকথা, সমস্ত ইন্দ্রিয়ন্থানেই যথন দিবিন্দ্র আছে, এবং দ্বিনিন্দ্র থাকাতেই যখন সমস্ত বিদয়জ্ঞান হইতেছে, মনের সহিত দ্বিনিন্দ্রের সংযোগ ব্যতীত কোন জ্ঞানই জন্মে না, তখন দক্ই একমাত্র বহিরিন্দ্রিয়—উহাই গদ্ধাদি সর্কবিষয়ের প্রত্যক্ষ জন্মায়। স্ক্তরাং ঘ্রাণাদি বহিরিন্দ্রিয় স্বীকার জনাবশ্যক, ইহাই পূর্ব্বপক্ষ। এখানে ভাষ্যকারের কথার দ্বারা স্ক্র্মুপ্তিকালে কোন জ্ঞান জন্মে না, স্ক্তরাং জন্যজ্ঞানমাত্রেই দ্বিনিন্দ্রের সহিত মনের সংযোগ কারণ, এই ন্যায়সিদ্ধান্ত প্রকৃতিত হইয়াছে, ইহা লক্ষ্য করা আবশ্যক।। ৫০।।

ভাষ্য। নেনিস্থান্তরার্থানুপলক্ষেঃ। স্পর্শোপলিনিক্ষণায়াং সত্যাং ছচি গৃহুমানে ছগিল্রিয়েণ স্পর্শে ইন্দ্রিয়ান্তরার্থা রূপাদয়ে। ন গৃহন্তে অন্ধাদিভি:। ন স্পর্শগ্রাহকাদিন্দ্রিয়াদিন্দ্রিয়ান্তরমন্তীতি স্পর্শবদন্ধাদিভিন-গৃহেরন্ রূপাদয়ঃ, ন চ গৃহন্তে তম্মান্ধৈকমিন্দ্রিয়ং ছগিতি।

ত্বগবয়ববিশে, যেণ ধূমোপলি ক্রিবং ততুপলি কিঃ। যথ।
ছচোহবয়ববিশেষঃ কশ্চিৎ চাক্ষ্যি সন্নিকৃষ্টে। ধ্যম্পর্শং গৃহাতি নাম্যঃ
এবং ছচোহবয়ববিশেষা রূপাদি গ্রাহকান্তেষামুপঘাতাদক্ষাদিভিন গৃহন্তে
রূপাদ্য ইতি।

ব্যাহতত্বাদহেতুঃ। ত্বব্যতিরেকাদেকমিন্দ্রিয়মিত্যুক্ত্ব। ত্ববয়ব-বিশেষেণ ধ্মোপলব্ধিবদ্রপাত্যপলব্ধিরিত্যুচ্যতে। এবঞ্চ সতি নানাভূতানি বিষয়গ্রাহকানি বিষয়ব্যবস্থানাৎ, ভদ্ভাবে বিষয়গ্রহণস্থ ভাবাৎ ভত্নপঘাতে চাভাবৎ তথা চ পূর্বো বাদ উত্তরেণ বাদেন ব্যাহন্যত ইতি।

সন্দিশ্ধশ্চাব্যতিরেকঃ। পৃথিব্যাদিভিরপি ভূতৈরিন্দ্রিয়াধিষ্ঠানানি ব্যাপ্তানি, ন চ তেম্বৎস্থ বিষয়গ্রহণং ভবতীতি। তত্মান্ন ছগতালা সর্ববিষয়মেকমিন্দ্রিয়মিতি।

অনুবাদ। (উত্তর) না, অর্থাৎ ত্বকৃষ্ট একমাত্র ইন্দ্রিয়, ইহা বলা যায় না, যেহেতু ইন্দ্রিয়ান্তরার্থের (রূপাদির) উপলব্ধি হয় না। বিশদার্থ এই যে, স্পর্শের উপলব্ধি যাহার লক্ষণ, অর্থাৎ প্রমাণ, এমন ত্রনিন্দ্রিয় থাকিলে, ত্রনিন্দ্রেয় দ্বারা স্পর্শ গৃহ্যমাণ হইলে, তথন অন্ধ প্রভৃতি কর্ত্বক ইন্দ্রিয়ান্তরার্থ রূপাদি গৃহীত হয় না। স্পর্শগ্রাহক ইন্দ্রিয় হইতে, অর্থাৎ দ্বগিন্দ্রিয় হইতে ভিন্ন ইন্দ্রিয় নাই, এজ্বন্য অন্ধ্রপ্রভৃতি কর্ত্বক স্পর্শের স্থায় রূপাদিও গৃহীত হউক। কিন্তু গৃহীত হয় না, অতএব দ্বক্ই একমাত্র ইন্দ্রিয় নহে।

(পূর্বপক্ষ) ছকের অবয়ববিশেষের দ্বারা ধ্যের উপলব্ধির স্থায় সেই রূপাদির উপলব্ধি হয়। বিশদার্থ এই যে, যেমন চক্ষুতে সন্নিকৃষ্ট ছকের কোন অংশবিশেষ ধ্যের স্পর্শের গ্রাহক হয়, অহ্য অর্থাৎ জকের অহ্য কোন অংশ ধ্মস্পর্শের গ্রাহক হয় না, এইরূপ জকের অবয়ব-বিশেষ রূপাদির গ্রাহক হয়, ভাহাদিগের বিনাশপ্রযুক্ত অন্ধাদিকর্তৃক রূপাদি গৃহীত হয় না।

(উত্তর) ব্যাঘাতবশতঃ অহেতু, অর্থাৎ পূর্ব্বাপর বাক্যের বিরোধবশতঃ পূর্ব্বপক্ষবাদীর কথিত হেতু হেতু হয় না। বিশদার্থ এই য়ে,
অব্যতিরেকবশতঃ ত্বকৃষ্ট একমাত্র ইন্দ্রিয়, ইহা বলিয়া ত্বকের অবয়ববিশেষের দ্বারা ধুমের উপলব্ধির স্থায় রূপাদির উপলব্ধি হয়, ইহা
বলা হইতেছে। এইরূপ হইলে বিষয়ের নিয়মবশতঃ বিষয়ের গ্রাহক
নানাপ্রকারই হয়। কারণ, তাহার ভাবে অর্থাৎ সেই বিষয়গ্রাহক
থাকিলে বিষয়জ্ঞান হয় এবং তাহার বিনাশে বিষয়জ্ঞান হয় না।
সেইরূপ হইলে, অর্থাৎ বিষয়-গ্রাহকের নানাত্ব স্থাকার করিলে, পূর্ব্ববাক্য উত্তরবাক্য কর্ত্বক ব্যাহত হয়। অর্থাৎ প্রথমে বিষয়গ্রাহক
ইন্দ্রিয়ের একত্ব বলিয়া পরে আবার বিষয়-গ্রাহকের নানাত্ব বলিলে,
পূর্ব্বাপর বাক্য বিরুদ্ধ হয়।

পরন্ত, অব্যতিরেক সন্দিয়, অর্থাৎ যে অব্যতিরেককে হেতু করিয়া ছগিন্দ্রিয়কেই একমাত্র ইন্দ্রিয় বলা হইয়াছে, তাহাও সন্দিয় বলিয়া হেতু হয় না। বিশদার্থ এই যে, পৃথিব্যাদি ভূত কর্তৃকও ইন্দ্রিয়ের অধিষ্ঠানগুলি ব্যাপ্ত, সেই পৃথিব্যাদি ভূতসমূহ না থাকিলেও, বিষয়জ্ঞাম হয় না। অভএৰ ত্বক্ অথবা অহা সর্কবিষয়ক এক ইন্দ্রিয় নহে।

টিপ্পনী। ভাষ্যকার মহঘি কথিত পূর্বপক্ষের ব্যাখ্যা করিয়া, এখানে স্বতম্বভাবে ঐ পূর্ব্বপক্ষের নিরাস করিতে বলিয়াছেন যে, স্পর্ণোলিজি ত্বগিক্সিয়ের লক্ষণ অর্থাৎ প্রমাণ। অর্থাৎ স্পর্শের প্রত্যক্ষ হওয়ায়, ত্বক যে ইন্দ্রিয়, ইহা সকলেরই স্বীকৃত। কিন্তু যদি ঐ স্বক্ই পদ্ধাদি সর্ব-বিষয়ের গ্রাহক একমাত্র ইন্দ্রিয় হয়, তাহা হইলে যাহাদিগের ৎগিল্রিয়ের দার। স্পর্শ প্রত্যক্ষ হইতেছে, সর্থাৎ যাহাদিগের দ্বগিল্রিয় আছে, ইহা স্পর্শের প্রত্যক্ষ দার। অবশ্য স্বীকার্য, এইরূপ অন্ধ, বধির এবং ঘ্রাণশূন্য 'ও র**সনাশ্**ন্য ব্যক্তিরা'ও যথাক্রমে রূপ, শব্দ, গ**ন্ধ ও** রস প্রত্যক্ষ করিতে পারে। কারণ, ঐ রূপাদি বিষয়ের গ্রাহক বাগিন্দ্রিয় তাহাদিগেরও আছে। পূর্ব্বপক্ষবাদীদিগের মতে ঘগিন্দ্রিয় ভিন্ন রূপাদি-বিষয়-গ্রাহক আর কোন ইদ্রিয় না থাকায়, সন্ধ প্রভৃতির রূপাদি প্রত্যক্ষের কারণের অতাব নাই। এতদুত্তরে পূর্ব্বপক্ষবাদীর। বলিতেন যে, ওক্ই একমাত্র ইন্দ্রিয় হইলেও, তাহার অবয়ব-বিশেষ বা অংশ-বিশেষই রূপাদি ভিন্ন ভিন্ন বিষয়ের গ্রাহক হর। যেমন চক্ষতে যে স্বক্-বিশেষ আছে, তাহার সহিত ধূমের সংযোগ হইলেই, তথন ধৃমপর্শ প্রতাক হয়, খন্য কোন অব্যবস্থ ছকের সহিত ধুনের সংযোগ হইলে, ধুমম্পর্শ প্রত্যক্ষ হয় না, স্নৃতরাং স্বলিন্দ্রের সংশ नित्मेष (य. विषय-वित्मारम श्री शक्या मार्ग मर्की श्री मर्के विषय श्री श्री श्री मार्ग स्थापन स्यापन स्थापन स्यापन स्थापन ইহা পরীক্ষিত সত্য। ত**ন্দ্রপ ঘ**গিন্দ্রিয়ের কোন অংশ রূপের গ্রাহক, কোন অংশ রসের গ্রাহক, এইরূপে উহার অবয়ব-বিশেষকে রূপাদি বিভিন্ন বিষয়ের গ্রাহক বল। যায়। অন্ধ প্রভৃতির ঘগিলিয়ে থাকিলেও, তাহার রূপাদি গ্রাহক অবয়ব-বিশেষ না থাকায়, অথবা তাহার উপঘাত বা বিনাশ হওয়ায়, তাহার। রূপাদি প্রত্যক্ষ করিতে পারে না। ভাষ্যকার এখানে পর্ব্পক্ষবাদীদিগের এই সমাধানের উল্লেখ করিয়া, উহার খণ্ডন করিতে বলিয়াছেন যে, ছকের অবয়ব-বিশেষকে রূপাদি বিভিন্ন বিষয়ের ভিন ভিন্ন গ্রাহক বলিলে, বস্তুত: রূপাদি-বিষয়-গ্রাহক ইন্দ্রিয়কে নানাই বলা হয়। কারণ, রূপাদি বিষয়েব ব্যবস্থা বা নিয়ম সর্ব্বসম্মত। যাহা রূপের গ্রাহক, তাহা রসের গ্রাহক নহে; তাহা কেবল রূপেরই গ্রাহক, ইত্যাদি প্রকার বিষয়-ব্যবস্থা থাকাতেই, সেই রূপের গ্রাহক থাকিলেই রূপের জ্ঞান হয়, তাহার উপঘাত হইলে, রূপের <mark>জ্ঞান</mark> হয় না। এখ**ন যদি এটর**প বিষয়-ব্যবস্থাবশতঃ মণিক্রিয়ের ভিন্ন ভিন্ন শ্বয়বকে রূপাদি ভিন্ন ভিন্ন বিষয়ের গ্রাহক বলা হয়, তাহা হইলে ইন্সিয়ের নানাথই স্বীকৃত হওয়ায় ইল্লিয়ের এক**ন্ধ গিদ্ধান্ত ব্যাহত হয়। বাত্তিককার ইহা স্পষ্ট**ুকরিতে

বলিয়াছেন যে, ত্বগিন্দ্রিয়ের যে সকল অবয়ব-বিশেষকে রূপাদির গ্রাহক বলা হইতেছে, তাহারা কি ইন্দ্রিয়াত্মক, অথবা ইন্দ্রিয় হইতে ভিন্ন পদার্থ ? উহাদিগকে ইন্দ্রিয় হইতে ভিন্ন পদার্থ বলিলে, রূপাদি বিষয়গুলি যে ইন্দ্রিয়ার্থ, বা ইন্দ্রিয়গ্রাহ্য, এই সিদ্ধান্ত থাকে না। উহার। ইন্দ্রিয়গ্রাহ্য না হইলে, উহাদিগকে ইন্দ্রিয়ার্থও বলা যায় না। ছগিল্রিয়ের পূর্ক্বোক্ত অবয়ববিশেষগুলিকে ইন্দ্রিয়াত্মক বলিলে, উহাদিগের নানাত্বশৃতঃ ইন্দ্রিয়ের নানা**ছই স্বীকৃ**ত হ**র**। অবয়বী দ্রব্য হইতে তাহার অবয়বগুলি ভিন্ন পদার্থ, ইহা দিতীয় অধ্যায়ে প্রতিপাদিত হইয়াছে। স্থতরাং ছগিল্রিযের ভিন্ন ভিন্ন অবয়ব-বিশেষকে রূপাদি-বিষয়ের গ্রাহক বলিলে, উহাদিগকে পৃথ<mark>ক্ পৃথক্ ইন্দ্রিয় বলিয়াই স্বীকার</mark> করি**তে** হ**ই**বে। তাহা হ**ই**লে মুকুই সূর্ব্ববিষয়গ্রাহক একমাত্র ইন্দ্রিয়, এই পূর্ব্বো**ক্ত বাক্টে**য়র সহিত শেষোক্ত বাক্যের বিরোধ হয়। স্থতরাং শেঘোক্ত হেতু যাহা মকের ভিন্ন ভিন্ন অবয়ব-বিশেষের ইন্দ্রিয়ন্বসাধক, তাহ। ইন্দ্রিয়েন একত্ব সিদ্ধান্তেন ব্যা**ঘাতক হওয়া**য়, উহা বিরুদ্ধ নামক হেত্বাভাস, স্কুতরাং আহত। পূর্ব্ব-পক্ষবাদীরা অবয়বী হইতে অবয়বের একান্ত ভেদ স্বীকার করেন না, মৃতরাং ত্বগিল্রিয়ের অবয়ব-বিশেষকে ইন্দ্রিয় বলিলে, তাহাদিগের মতে াহাও বন্ধত: ত্বগিল্রিয়ই হয়। এইজন্য শেষে ভাষ্যকার পূর্ব্বপক্ষবাদী-দিগের হেতুতে দোঘান্তর প্রদর্শন করিতে বলিয়াছেন যে, সমস্ত ইন্দ্রিয়স্থানে মকের সন্তারূপ যে অব্যাতিরেককে হেতু বলা হইয়াছে, তাহাও সন্দিধ, মর্থাৎ ঐরপ ''এব্যাতিরেক'' বশতঃ ত্বকৃই একমাত্র ইন্দ্রিয় হইবে, ইহা নি*চয় করা যায় না, ঐ হেতু ঐ সাধ্যের ব্যাপ্য কি না, এইরূপ ^{সন্দেহবশতঃ} ঐ হেতু সন্দিগ্ধ ব্যভিচারী। কারণ, যেমন সমস্ত ইক্রিয়স্থানে মকের সত্তা আছে, তক্ষপ পৃথিব্যাদি ভূতেরও সত্তা আছে। পৃথিব্যাদি ভূত কর্ত্ত্বপত সমস্ত ইল্রিয়ন্থানগুলি ব্যাপ্ত। পঞ্চ-ভৌতিক দেহের সর্ব্ত্রই পঞ্চ-ভূত আছে এবং তাহা না থাকিলেও কোন বিষয় প্রত্যক্ষ হয় না। স্বতরাং ছকের ন্যায় পৃথিব্যাদি পঞ্চ ভূতেরও সমস্ত ইন্দ্রিয়স্থানে সত্তারূপ "মব্য**তিরেক"** থাকায়, তাহাদিগকৈও ইন্দ্রিয় বলা যায়। স্থতরাং পূর্ব্বোক্ত-^{রূপ} ''অ**ব্যতি**রেক**'' বশত: ত্বক্ অথবা অন্য কোন একমাত্র সর্ববিষয়-**গ্রাচক ইক্রিয় সিদ্ধ হয় না ॥ ৫৩ ॥

সূত্র। ন যুগপদর্থানুপলব্ধেঃ।।৫৪॥২৫২॥ অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ ত্বকৃষ্ট একমাত্র ইন্দ্রিয় নহে, যেহেতু ষুগপৎ অর্থাৎ একই সময়ে অর্থসমূহের (রূপাদি বিষয়সমূহের) প্রাত্যক্ষ হয় না।

ভাষ্য। আত্মা মনসা সম্বধ্যতে, মন ইন্দ্রিয়েণ, ইন্দ্রিয়ং সর্বাথৈঃ
সন্নিকৃত্তিমিতি আত্মেন্দ্রিয়মনোহর্থসন্নিকর্ষেভ্যো যুগপদ্প্রহণানি স্থাঃ,
ন চ যুগপদ্রপাদয়ে গৃহন্তে, তস্মান্নৈকমিন্দ্রিয়ং সর্ববিষয়মন্তীতি।
অসাহচর্য্যাচ্চ বিষয়প্রহণানাং নৈকমিন্দ্রিয়ং সর্ববিষয়কং, সাহচর্য্যে হি
বিষয়প্রহণানামন্ধাত্তসুপপত্তিরিতি।

অনুবাদ। আত্মা মনের সহিত সম্বন্ধ হয়, মন ইন্দ্রিয়ের সহিত সম্বন্ধ হয়, ইন্দ্রিয় সমস্ত অর্থের সহিত সন্নিকৃষ্ট, এইজন্য আত্মা, ইন্দ্রিয়, মন ও অর্থের (রূপাদি) সন্নিকর্ষবশতঃ একই সময়ে সমস্ত জ্ঞান হউক, কিন্তু একই সময়ে রূপাদি গৃহীত হয় না, অতএব সর্ক্রবিষয়ক এক ইন্দ্রিয় নাই। এবং বিষয়-জ্ঞানসমূহের সাহচর্য্যের অভাবপ্রযুক্ত সর্ক্রবিষয়ক এক ইন্দ্রিয় নাই। যেহেতু বিষয়-জ্ঞানসমূহের সাহচর্য্য থাকিলে অন্ধাদির উৎপত্তি হয় না।

টিপ্পনী। মহি পূর্বসূত্রের হারা হক্ই একনাত্র ইন্দ্রিয়, এই পূর্বেপকের সমর্থন করিয়া, এই সূত্র হইতে কয়েকটি সূত্রেব হারা ঐ পূর্বেপ্কের নিরাস ও ইন্দ্রিয়ের পঞ্চয় সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন। এই সূত্রের হারা বিলিয়াছেন যে, একই সময়ে কাহারও রূপাদি সমস্ত অর্থের প্রত্যক্ষ না হওয়ায়, হক্ই একমাত্র ইন্দ্রিয় নহে, ইহা সিদ্ধা হয়। হক্ই একমাত্র ইন্দ্রিয় হইলে, ঐ ইন্দ্রিয় যথন রূপাদি সমস্ত অর্থের সহিত সন্ধিকৃষ্ট হয়, তথন আহ্মমন:সংযোগরূপ কারণ থাকায়, আছা, ইন্দ্রিয়, মন ও রূপাদি অর্থের সন্ধিকর্মক: একই সময়ে রূপাদি সমস্ত অর্থের প্রত্যক্ষ হয়তে পারে। কিন্তু একই সময়ে য়থন কাহারই রূপাদি সমস্ত অর্থের প্রত্যক্ষ হয় না, তথন সর্ববিষয়ক অর্থাৎ রূপাদি সমস্ত অর্থের প্রত্যক্ষ হয় না, তথন সর্ববিষয়ক অর্থাৎ রূপাদি সমস্ত অর্থর বাহার বিষয় ব৷ প্রাহ্য, এ্মন কোন একমাত্র ইন্দ্রিয় নাই। ভাষ্যকাব মহর্ষির তাৎপর্য বর্ণন করিয়া, শেষে এখানে মহর্ষির সিদ্ধান্ত সমর্থন করিতে আর একটি যুক্তি বালয়াছেন যে, রূপাদি বিষয়-জ্ঞানসমূহের সাহচর্থা নাই। যাহার একটি ব্রিয়-জ্ঞান হয়, তথন তাহার হিতীয় বিষয়-জ্ঞানত্রান

হৈলে, ইহাকে বাজিককার এখানে বিষয়-জ্ঞানের সাহচর্য্য বলিয়াছেন।

এরপে সাহচর্য্য থাকিলে অন্ধ-ৰধিরাদি থাকিতে পারে না। কারণ, অন্ধের

ইণিন্দ্রিয় জন্য স্পর্ণ প্রত্যক্ষ হইলে, যদি আবার তথন রূপের প্রত্যক্ষও
(সাহচর্য্য) হয়, তাহা হইলে আর তাহাকে অন্ধ বলা যায় না। স্কুতরাং

অন্ধ-বিধরাদির উপপত্তির জন্য বিষয়-প্রত্যক্ষসমূহের সাহচর্য্য নাই, ইহা

অবশ্য স্বীকার্য। তাহা হইলে, রূপাদি সর্ব্ববিষয়গ্রাহক কোন একটি মাত্র

ইন্দ্রিয় নাই, ইহাও স্বীকার্য্য। বাজিককার এখানে ইন্দ্রিয়ের নানাত্ব

সিন্ধান্তেও ঘটাদি দ্রব্যের একই সময়ে চাক্ষু ও ত্বাচ প্রত্যক্ষের আপত্তি

সমর্থন করিয়া শেষে মহন্বি-সূত্রোভ পূর্ব্বপক্ষের অন্যরূপে নিরাস করিয়াছেন।

সে সকল কথা পরবৃত্তি-সূত্র-ভাষ্যে পাওয়া যাইবে।। ৫৪।।

সূত্র। বিপ্রতিষেধাচ্চ ন ত্বগেকা।।৫৫।।২৫৩॥

অঙ্গুবাদ। এবং বিপ্রতিষেধ অর্থাৎ ব্যাঘাত্তবশতঃ একমাত্র ত্বক্ ইন্দ্রিয় নহে।

ভাষ্য। ন খলু ছগেকমিতিয়ং ব্যাঘাতাৎ। ছচা রূপাণ্যপ্রাপ্তানি
গৃহন্ত ইত্যপ্রাপ্যকারিছে স্পর্শাদিমপ্যেবং প্রসঙ্গঃ। স্পর্শাদীনাক্ত
প্রাপ্তানাং গ্রহণাজ্রপাদীনামপ্রাপ্তানামগ্রহণমিতি প্রাপ্তং। প্রাপ্তানা
প্রাপ্তাকারিছমিতি চেৎ ?' আবরণাকুপপত্তেবিষয়মাত্রশ্
গ্রহণং। অথাপি মত্যেত প্রাপ্তাঃ স্পর্শাদয়ম্বাচা গৃহন্তে, রূপাণি
ছপ্রাপ্তানীতি, এবং সতি নাম্ভ্যাবরণং আবরণাকুপপত্তেক্চ রূপমাত্রশ্
গ্রহণং ব্যবহিত্ত চাব্যবহিত্ত চেতি। দূরান্তিকাকুবিধানক্ষ

১। কোন পৃস্তকে 'সামিকারিত্বনিতি চেৎ ?'' এইরাপ ভাষাপাঠ দেখা যায়।
দিলাতকরও পৃক্ষপূরবার্তিকে ''অথ সামিকারীন্দ্রিয়ং'' ইত্যাদি গ্রন্থের দারা এই
পূর্বপক্ষের বর্ণন করিয়াছেন। উহার ব্যাখ্যায় তাৎপর্যাটীকাকার লিখিয়াছেন,
'সামার্ছং''। একমণীন্দ্রিয়ামর্ছং প্রাপ্য গৃহাতি, অপ্রাপ্তকার্দ্র মেকদেশ ইতি যাবৎ।
"সামি" শব্দের দারা অর্দ্ধ বা একাংশ বুঝা যায়। একই ত্বনিন্দ্রিয়ের এক অর্দ্র প্রাপ্যকারী, অপর অর্দ্ধ অপ্রাপ্যকারী হইলে, তাহাকে 'সামিকারী' বলা যায়।
"সামিকারিত্মিতি চেং।" এইরাপ ভাষাপাঠ হইলে, তদ্দারা ঐরাপ অর্থ বুঝিতে ইইবে।

রূপোপলরাত্রপলরো দে তাৎ?। অপ্রাপ্তং হচা গৃহতে রূপমিতি দুরে রূপস্থাগ্রহণমস্থিকে চ গ্রহণমিত্যেতন্ন স্থাদিতি।

অমুবাদ। ছক্ই একমাত্র ইন্দ্রিয় নহে। কারণ, ব্যাঘাত হয়।
(ব্যাঘাত কিরূপ, তাহা বুঝাইতেছেন)। অপ্রাপ্ত রূপসমূহ ছগিল্রিয়ের ছারা প্রভাক্ষ হয়, এজাত্য অপ্রাপ্যকারিছ প্রযুক্ত স্পর্শাদি বিষয়েও এইরূপ আপত্তি হয়। [অর্থাৎ ধদি রূপাদি বিষয়ের সহিত ছগিল্রিয়ের সন্নিকর্ষ না হইলেও, তদ্ধারা রূপাদির প্রত্যক্ষ হয়, তাহা হইলে স্পর্শাদির সহিত ছগিল্রিয়ের সন্নিকর্ষ না হইলেও, তদ্ধারা স্পর্শাদির প্রত্যক্ষ হইতে পারে । কিন্তু (ছগিল্রিয়ের ছারা) প্রাপ্ত স্পর্শাদির প্রত্যক্ষ হওয়ায়, অপ্রাপ্ত রূপাদির প্রত্যক্ষ হয় না, ইয় পাওয়া যায়, অর্থাৎ স্পর্শাদি দৃষ্টান্তে রূপাদি বিষয়ের ও ছগিল্রিয়েব বা প্রাপ্তি সন্নিকর্ষ ব্যতীত প্রত্যক্ষ জ্বো না, ইহা সিদ্ধ হয়।

প্রবিপক্ষ) প্রাপ্যকারিত্ব ও অপ্রাপ্যকারিত্ব (এই উভয়ই আছে)
ইহা যদি বল । (উত্তর) আবরণের অসন্তাবশতঃ বিষয় মাত্রেব
প্রভাক্ষ হইতে পারে। বিশদার্থ এই যে, যদি স্বীকার কর, প্রাপ্ত
স্পর্শাদি ছগিন্দ্রিয়ের দ্বারা প্রভাক্ষ হয়, কিন্তু রূপসমূহ অপ্রাপ্ত হইয়াই
(ছগিন্দ্রিয়ের দ্বারা) প্রভাক্ষ হয়। (উত্তর) এইরূপ হইলে, আবরণ
নাই, আবরণের অসন্তাবশতঃ ব্যবহিত ও অব্যবহিত রূপমাত্রের প্রভাক্ষ
হইতে পারে। পরস্তু, রূপের উপলব্ধি ও অমুপলব্ধির অর্থাৎ প্রভাক্ষ
ও অপ্রভাক্ষের ছ্রান্তিকামুবিধান থাকে না। বিশদার্থ এই যে,
ছগিন্দ্রিয়ের দ্বারা অপ্রাপ্ত রূপ গৃহীত হয়, এক্ষয়্য "দূরে রূপের প্রভাক্ষ
হয় না, নিকটেই রূপের প্রভাক্ষ হয়" ইহা অর্থাৎ এইরূপ নিয়ম
থাকে না।

টিপ্পনী। ছকই একমাত্র ইন্সিয় নহে, ইহা সমর্থন করিতে মহর্ঘি এই সূত্রের ছারা একটি হেতু বলিয়াছে, ''বিপ্রতিষেধ''। ''বিপ্রতিষেধ'' বলিতে এখানে ব্যাহাত অর্থাৎ বিরোধই মহর্ঘির বিবক্ষিত। ভাষ্যকার সূত্রার্থ ব্যাখ্যা করিয়া সুত্রকারের অভিমত ব্যাখাত বুঝাইতে বলিয়াছেন যে, ছগিলিয়েই রূপাদি সকল বিদয়ের গ্রাহক হইলে, অপ্রাপ্ত অর্থাৎ ঐ ছগিলিয়ের সহিত অসন্নিকৃষ্ট রূপই ছগিলিয়ের ধারা প্রত্যক্ষ হয়, ইহাই বলিতে হইবে। কারণ, দুরস্থ রূপের সহিত ছগিলিয়ের সন্নিকর্ম সন্তব নহে। ত্রহা ছইলে প্রতিরাং ছগিলিয়ের অপ্রাপ্যকারিছই স্বীকার করিতে হইবে। তাহা ছইলে মর্পর প্রভৃতিও ছগিলিয়ের সহিত অসন্নিকৃষ্ট হইয়াও, প্রত্যক্ষ হইতে পারে। অসন্নিকৃষ্ট ম্পর্ণাদিরও ছগিলিয়ের হাবা প্রত্যক্ষের আপত্তি হয়। অত্বাং সর্বত্রই ছগিলিয়ের গ্রাপ্যকারিছই অর্থাৎ গ্রাহ্য বিষয়ের সহিত সন্নিকৃষ্ট হইয়া প্রত্যক্ষজনকত্ব স্বীকার করিতে হইবে। পারত, স্থাকৃষ্ট ম্পর্ণাদিরই প্রত্যক্ষ হওয়ায়, তদুষ্টান্তে সন্নিকৃষ্ট রূপাদিরই প্রত্যক্ষ ছলেম, ইহা সিদ্ধ হয়। মূলকথা, স্পর্ণাদি প্রত্যক্ষে ছগিলিয়ের প্রাপ্যকারিত্ব বিরুদ্ধ, বিরোধ্যণতঃ উহা-স্বীকার কর। যায় ন্য, স্কুতরাং ছকই একমাত্র ইল্রিয় বিরুদ্ধ, বিরোধ্যণতঃ উহা-স্বীকার কর। যায় ন্য, স্কুতরাং ছকই একমাত্র ইল্রিয় নহে।

প্রব্পক্ষবাদী বলিতে পারেন যে, ম্বিল্রিযের কোন অংশ প্রাপ্যকারী এবং কোন **অংশ অপ্রাপ্যকারী। প্রাপ্যকারী অংশেব দাব।** স্তিকিট পর্নাদির প্রত্যক্ষ জন্মে। অন্য অংশের দার। অসন্নিকৃষ্ট রূপাদির প্রত্যক্ষ দনে। স্বতরাং একই স্বগিল্রিয়ে প্রাপ্যকারিয় ও অপ্রাপ্যকারিস্ব থাকিতে ্পাবে, **উহা বিরুদ্ধ নহে। ভাষ্যকার** এই কথাও উল্লেখ করিয়া, তদুত্তবে গলিয়াছেন যে, তাহা হইলে আবরণ না থাকায়, ব্যবহিত ও অব্যবহিত য**র্ববিধ উত্তত রূপে**রই প্রত্যক্ষ **জ**ন্মিতে পারে। কাবণ, ইন্দ্রিয-সন্নিকর্দের ব্যাঘাতক দ্রবাবিশেঘকেই ইন্দ্রিয়ের আবরণ বলে। কিন্তু রূপের প্রত্যক্ষে এ **রপের** সহিত ত্রগিক্রিয়ের সন্নিকর্ষ যথন অনাবশ্যক, তথন সেখানে ত্থাব**রণপদার্থ থাকিতে**ই পারে না। স্থতরাং ভি**ত্তি প্রভৃ**তি**র হা**রা ব্যবহিত রপের প্রত্যক্ষ কেন জন্মিবে না, উহা অনিবার্য্য। পরস্ত ছগিল্রিয়ের শহিত রূপের স**ন্নিকর্ঘ ব্যতীতও তদ্মারা রূপে**র প্রত্যক্ষ **স্বী**কার করিলে, মব্যবহিত অতি দুর**স্থ রূপে**রও প্রত্যক্ষ হইতে পারে। কি**ন্ধ** অতিদূরস্থ মন্যবহিত **রূপেরও প্রত্যক্ষ জন্মে না,** নিব**টম্ব অব্যবহি**ত রূপেবই প্র<mark>ত্যক্ষ</mark> **জন্ম, ইহা সর্ব্বেশ্বত। ইহাকেই বলে রূপের প্রত্যক্ষ** ও অপ্রত্যক্ষের ^{দূবান্তি}কান্বিধান। প্ৰ্বপক্ষবাদীর মতে ইহা উপপন্ন হয় না। কারণ, তিনি রূপের প্রত্যক্ষে ছগিল্রিয়কে অপ্রাপ্যকারী বলিয়াছেন। তাঁহার মতে গপের সহিত ছাগাল্রিয়ের সামিকর্ম বাতীতও রূপের প্রত্যক্ষ জন্ম। স্বতরাং অতিদুরস্থ অব্যবহিত রূপেরও প্রত্যক্ষের আপত্তি অনিবার্য ।। ৫৫ ॥

ভাষ্য। একত্বপ্রতিষেধাচ্চ নানাত্বসিদ্ধৌ স্থাপনা হেতুরপ্যূ-পাদীয়তে।

অনুবাদ। একছপ্রতিষেধ বশতঃই অর্থাৎ পূর্ব্বোক্ত দ্বুই সূত্রের দারা ইস্ক্রিয়ের একছখণ্ডনপ্রযুক্তই নানাছ সিদ্ধ হইলে, স্থাপনার হেতুও অর্থাৎ ইন্দ্রিয়ের নানাছ সিদ্ধান্তের সংস্থাপক হেতুও গ্রহণ করিতেছেন।

সূত্র। ইন্দ্রিয়ার্থপঞ্চত্বাৎ ॥৫৬॥২৫৪॥

অসুবাদ। ইন্দ্রিয়ের প্রয়োজন পাঁচ প্রকার বলিয়া, ইন্দ্রিয় পাঁচ প্রকার।

ভাষ্য। অর্থ: প্রয়োজনং, তৎ পঞ্চবিধমিন্দ্রিয়াণাং। স্পর্শনেনিন্দ্রের স্পর্শগ্রহণে সভি ন তেনৈব রূপং গৃহত ইভি রূপগ্রহণপ্রয়োজন চক্ষুরসুমীয়তে। স্পর্শরপগ্রহণে চ তাভ্যামেব ন গন্ধো গৃহত ইভি গন্ধগ্রহণপ্রয়োজনং আগমসুমীয়তে। ত্রয়াণাং গ্রহণে ন তৈরেব রুসে গৃহত ইভি রসগ্রহণপ্রয়োজনং রসনমসুমীয়তে। চতুর্ণাং গ্রহণে ন তৈরেব শব্দঃ জ্রায়ত ইভি শব্দগ্রহণপ্রয়োজনং ভ্রোত্রমসুমীয়তে। এবমিন্দ্রিয়প্রয়োজনস্থানিতরেতরসাধনসাধ্যত্বাৎ পঞ্চিবেন্দ্রিয়াণি।

অঙ্গবাদ। অর্থ বলিতে প্রয়োজন; ইন্দ্রিয়বর্গের সেই প্রয়োজন পাঁচ প্রকার। স্পর্শ প্রত্যক্ষের সাধন ইন্দ্রিয়ের ছারা অর্থাৎ ছানিন্দ্রিয়ের ছারা স্পর্শের প্রত্যক্ষ হইলে, তাহার ছারাই রূপ গৃহীত হয় না, এজন্ম রূপগ্রহণার্থ চক্ষুরিন্দ্রিয় অন্থমিত হয়। এক স্পর্শ ও রূপের প্রত্যক্ষ হইলে, সেই তুইটি ইন্দ্রিয়ের ছারাই অর্থাৎ ত্বক্ ও চক্ষুরিন্দ্রিয়ের ছারাই গন্ধ গৃহীত হয় না, এজন্ম গন্ধ-গ্রহণার্থ আণোন্দ্রিয় অন্থমিত হয়। তিনটির অর্থাৎ স্পর্শ, রূপ ও গন্ধের প্রত্যক্ষ হইলে, সেই তিনটি ইন্দ্রিয়ের ছারাই (ছক্, চক্ষু ও আণোন্দ্রিয়ের ছারাই) রস গৃহীত হয় না, এজন্ম রস-গ্রহণার্থ রসনেন্দ্রিয় অন্থমিত হয়। চারিটির অর্থাৎ স্পর্শ, রূপ, গন্ধ ও রসের প্রত্যক্ষ হইলে, সেই চারিটি ইন্দ্রিয়ের ছারাই (ছক্, চক্ষুং, ভ্রাণ ও রসনেন্দ্রিয়ের ছারাই) শব্দ শ্রুত হয় না, এজন্ম শব্দগ্রহণার্থ শ্রবণেন্দ্রিয় অমুমিত হয়। এইরপ হইলে ইন্দ্রিয়ের প্রয়োজনের অর্থাৎ পূর্ব্বোক্ত স্পর্শ, রূপ, রুস, গন্ধ ও শব্দের পাঁচ প্রকার প্রত্যক্ষের ইতরেতর সাধনসাধ্যত্ব না থাকায়, ইন্দ্রিয় পাঁচ প্রকারই।

টিপ্পনী। पक्ই একমাত্র ইন্দ্রিয়, এই মতের খণ্ডন করিয়। মহাঘি ইন্দ্রিয়ের একত্বের প্রতিষেধ অর্থাৎ একদ্বাভাব সিদ্ধ করায়, তদ্বার। অর্থত: ইন্দ্রিরের নানাত্ব সিদ্ধ হইয়াছে। মহর্ষি এখন এই সূত্রের হাবা ইন্দ্রিয়ের নানাত্ব দি**দ্ধান্ত স্থাপনার হেতৃও** বলিয়া**ছে**ন। ভাষ্যকার প্রথমে এই কথা বলিয়া, মহিষি**সূত্রের অবতারণ। কবিয়া সূ**ত্রার্থ ব্যাখ্যা**য় সূত্রস্থ ''অর্থ'' শন্দের** ৩.র্থ বলিয়া**ছেন, প্রয়োজন**। "ইক্রিয়ার্থ" অর্থাৎ ইক্রিয়ের প্রয়োজন বা ফল পাঁচ প্রকার, স্মৃতরাং ইন্সিয়ও পাঁচ প্রকার। ইহাই ভাষ্যকারের মতে সূত্রার্থ। বা**ত্তি**ককার **সূত্রকারের তাৎপ**র্য্য বর্ণন করিয়াছেন যে—রূপ, রস, গ**ন্ধ, স্পর্শ ও শ**বেদর প্রত্যক্ষ ক্রিয়ায় নানাকরণবিশিষ্ট কর্তা**ই স্বীকার্য্য।** কর্তা যে করণের দার। রূপের প্রত্যক্ষ করেন, তদ্ধারাই রসাদির প্রতাক্ষ করিতে পারেন ন। । কারণ, কোন একমাত্র কবণের খার। কোন কর্ত্তা নানা বিষয়ে ক্রিয়া করিতে পাবেন না। যাঁহার সনেক বিষয়ে ক্রিয়া করিতে হয়, তিনি এক বিষয় সিদ্ধি হইলে, বিষয়ান্তরসিদ্ধিব জন্য কর**ণান্তর** অ**পেক্ষা** করেন, ই**হা দে**খা যায়। অনেক শিল্পকার্য্যদক্ষ ্ব্যক্তি এক ক্রিয়া সমাপ্ত হইলে, অন্য ক্রিয়া করিতে করণান্তর গ্রহণ করিয়া থাকেন। এইরূপ হইলে, রূপ-রুসাদি পঞ্চবিধ বিষয়ের প্রত্যক্ষক্রিয়ার করণ ই**ন্দ্রিয়ও পঞ্চবিধ, ইহ। স্বীকার্য্য। বাত্তিককারের মতে স্**ত্রস্থ ''অর্থ'' শন্দের অর্থ, বিষয়—ইহা বুঝা যাইতে পারে। বৃত্তিকাব বিশুনাথ প্রভৃতি নব্যব্যাখ্যাকারগণও এই সূত্রে ''ইক্রিয়ার্থ'' বলিতে ইক্রিয়গ্রাহঃ রূপাদি বিষয়ই বুঝিয়াছেন। মহৰ্ষির পরবতিপূর্ব্বপক্ষসূত্র ও তাহার উত্তর-সূত্রের ^{মারাও} এখানে ঐরূপ অর্থই স্রলভাবে বুঝা যায়। কিন্ত ভাষ্যকারের তাৎপর্য্য বঝা যায় যে, রূপাদি বিষ্ণুয়ের প্রত্যক্ষের ঘারাই তাহার করণরূপে विकृतानि **रेक्टि**एयत अनुमान एय । प्रशिक्तिएयत दाता स्थापनित श्रेष्ठाक परेनिष्ठ, তদ্বারা রাপের প্রত্যক্ষ হয় না, স্কুতরাং রাপের প্রত্যক্ষ যাহাব প্রয়োজন, মর্থাৎ ফল-এনন কোন ইন্দ্রিয় স্বীকার করিতে হইবে। সেই ইন্দ্রিয়ের ^{নাম} চক্ষু:। এইরূপ স্পর্ণ ও রূপের প্রত্যক্ষ হইলেও, তাহার করণের **যার**। ^{গদ্ধের} প্রত্যক্ষ হয় না। স্পর্ণ, রূপ ও গ**ন্ধে**র প্রত্যক্ষ হইলেও, তাহার

করণের হার। বসের প্রত্যক্ষ হয় না। স্পর্শ, রূপ, গদ্ধ ও রসের প্রত্যক্ষ হইলেও, তাহার করণের হারা শব্দের প্রত্যক্ষ হয় না। স্ক্তরাং স্পর্ণাদি বিষয়ের প্রত্যক্ষ, যাহা ইন্দ্রিয়বর্গের প্রয়োজন বা ফল, তাহা ইতরেত্ব সাধনসাধ্য না হওয়ায়, অর্থাৎ ঐ পঞ্চবিধ প্রত্যক্ষের কোনটিই তাহার অপরটিই করণের হারা উৎপন্ন না হওয়ায়, উহাদিগের করণরূপে পঞ্চবিধ ইন্দ্রিয়ই সিদ্ধ হয়। মূলকথা, রূপাদি প্রত্যক্ষরূপ যে প্রয়োজন-সম্পাদনের জন্য ইন্দ্রিয় স্বীকার করা হইয়াছে—যে প্রয়োজন ইন্দ্রিয়ের সাধক, সেই প্রয়োজন পঞ্চবিধ বলিয়া, ইন্দ্রিয়াও পঞ্চবিধ, ইহা সিদ্ধ হয়। ভাষ্যকার এই অভিপ্রায়েই এখানে সূত্রোজ্ঞ "ইন্দ্রিয়ার্থ" শব্দের হারা ব্যাখ্যা করিয়াছেন, ইন্দ্রিয়ের প্রয়োজন। ৫৬।।

সূত্র। ন তদর্থবহুত্বাৎ ॥৫৭॥২৫৫॥

অমুবাদ। (পূর্বেপক্ষ) না, অর্থাৎ ইন্দ্রিয়ার্থের পঞ্চবশত: ইন্দ্রিয় পঞ্চবিধ, ইহা বলা যায় না, যেহেতু সেই অর্থের (ইন্দ্রিয়ার্থের) বছত্ব আছে।

ভাষ্য। ন খন্বিন্দ্রিয়ার্থপঞ্চন্থ পঞ্চেন্দ্রিয়াণীতি সিধ্যতি। কশাং ! তেষামর্থানাং বহুত্বাৎ। বহুবঃ খন্বিমে ইন্দ্রিয়ার্থাঃ, স্পর্শান্তাবং শীতোক্ষাসুক্ষাশীতা ইতি। রূপাণি শুক্রহরিতাদীনি। গন্ধা ইপ্তানিপ্তো-পেক্ষণীয়াঃ। রুসাঃ কটুকাদয়ঃ। শব্দা বর্ণাত্মানো ধ্বনিমাত্রাশ্চ ভিন্নাঃ। তদ্যস্থেন্দ্রিয়ার্থপঞ্জাৎ পঞ্চেন্দ্রিয়াণি, তস্তেন্দ্রিয়ার্থবন্ধুত্বাদ্বহুনীন্দ্রিয়াণি প্রসম্ভান্ত ইতি।

অমুবাদ। ইন্দ্রিয়ার্থের পঞ্চবশত: ইন্দ্রিয় পাঁচটি, ইহা সিদ্ধ হয় না। (প্রশ্ন) কেন? (উত্তর) যেহেতু সেই অর্থের (গদ্ধাদি ইন্দ্রিয়ার্থের) বহুত্ব আছে। বিশদার্থ এই যে, এই সমস্ত ইন্দ্রিয়ার্থ বহুই; স্পর্শ, শীত, উষ্ণ ও অমুফাশীত। রূপ—শুক্ল, হরিত প্রভৃতি। গদ্ধ—ইট, অনিষ্ট ও উপেক্ষণীয়। রস—কটু প্রভৃতি। শব্দ—বর্ণাত্মক ও ধবস্থাত্মক বিভিন্ন। স্থতরাং য়াঁহার মতে ইন্দ্রিয়ার্থের পঞ্চত্বশতঃ

ইন্দ্রির পাঁচটি, তাঁহার মতে ইন্দ্রিয়ার্থের বহুত্বশতঃ ইন্দ্রিয় বহু প্রসক্ত হয়, অর্থাৎ ইন্দ্রিয়ের বহুত্বের আপত্তি হয়।

টিপ্পনী। মহর্ষি এই সূত্রের দারা প্র্কস্ত্রোভ যুক্তির খণ্ডন করিতে, পূর্ব্বপক্ষবাদীর কথা বলিয়াছেন যে, গন্ধ প্রভৃতি ইন্দ্রিয়ার্থের পঞ্চবশত: ইন্দ্রিরে পঞ্জ সিদ্ধ হয় না। কারণ, পূর্বসূত্রে যদি গদ্ধ প্রভৃতি ইন্দ্রিগ্রাহা ৰিষয়ে**রই পঞ্চতেতু** অভিমত হয়, তাহা হইলে, ঐ ইন্সিয়ার্থের বহুত্ব-বশত: তদ্যুর। ইন্সিয়ের বহুষও সিদ্ধ হইতে পারে। যাঁহার মতে ইন্সিয়ার্গেব পঞ্চ ইন্সিয়ের পঞ্চশাধক হইতে পারে, তাঁহার মতে ঐ ইন্সিয়ার্থেব বছত্বও ইক্রিয়ের বছত্বসাধক হইতে পারে। অর্থাৎ পূর্ব্বোজপ্রকার যুক্তি গ্রহণ করিলে, গদ্ধাদি ইল্রিয়ার্থের সমসংখ্যক ইল্রিয় স্বীকার করিতে হয়। ভাষ্যকার পূর্ব্বপক্ষ সমর্থন করিয়া বুঝাইতে স্পর্ণাদি ইন্দ্রিমার্পের বহুছ প্রদর্শন করিয়াছেন। তন্মশ্যে স্থগন্ধ ও দুর্গন্ধ ভিন্ন আরও এক প্রকার গদ্ধ স্বীকার করিয়া তাহাকে বলিয়াছেন, উপেক্ষণীয় গদ্ধ। মূলকথা, গদ্ধ গ্রভৃতি ইক্রিয়ার্থ কেবল পঞ্চবিধ নহে উহার। প্রত্যেকেই বছবিধ। ধ্বনি ও বর্ণভেদে শব্দ দ্বিবিধ হইলেও, তীব্র-মন্দাদিভেদে আবার ঐ শব্দও বহুবিধ। স্থৃতুরা**ং ই**ন্দ্রিরার্থেব পঞ্**ত গ্রহণ** কবি**য়া ইন্দ্রিনের পঞ্জ সা**ধন কর। **যায় না । তাহা হইলে ইন্দ্রিয়ার্থের পূর্ব্বোক্ত** বছর গ্রহণ করিয়। ইন্দিয়ের বল্প সাধনত করা যাইতে পারে ।। ৫৭ ।।

সূত্র। গন্ধত্বাত্তব্যতিরেকাদ্গন্ধাদীনামপ্রতিষেধঃ।। ।।৫৮।।২৫৬।।

অমুবাদ। (উত্তর) গন্ধাদিতে গন্ধখাদির অব্যতিরেক (সত্তা) বশতঃ প্রতিষেধ হয় না, অর্থাৎ ইন্দ্রিয়ার্থের বহুত্বপ্রযুক্ত ইন্দ্রিয়ের পঞ্চত্বের প্রতিষেধ হয় না।

ভাষ্য। গন্ধতাদিভিঃ অসামাত্যৈ কৃতব্যবস্থানাং গন্ধাদীনাং যানি
গন্ধাদি গ্রহণানি তাক্সসমানসাধনসাধ্যতাদ্ গ্রাহকাস্তরাণি ন প্রযোজয়ন্তি।
অর্থসমূহোহকুমানমূক্তো নাথৈকিদেশং। অথিকদেশঞা প্রিত্য বিষয়পঞ্চমাত্রং ভবান্ প্রতিষেধতি, তত্মাদমুক্তোহয়ং প্রতিষেধ ইতি। কথং
পুনর্গন্ধতাদিভিঃ অসামাত্যৈঃ কৃতব্যবস্থা গন্ধাদয় ইতি। তপ্রশং খবয়ং

ত্রিবিধঃ, শীত উফোংকুফাশীতশ্চ স্পর্শত্বেন স্বসামান্তোন সংগৃহীতঃ গৃহমাণে চ শীতম্পর্শে নোক্ষমানুক্ষাশীতম্ম বা স্পর্শম্ম গ্রহণং গ্রাহকান্তর: প্রযোজয়তি, স্পর্শভেদানামেকসাধনসাধ্যতাৎ যেনৈব শীভস্পর্শো গ্রহতে তেনৈবেতরাবপীতি। এবং গন্ধছেন গন্ধানাং, রূপত্বেন রূপাণা; রসছেন রসানাং, শব্দছেন শব্দানামিতি। গন্ধাদিগ্রহণানি পুনরসমান সাধনসাধ্যতাৎ গ্রাহকান্তরাণাং প্রযোজকানি। তন্মাতুপপন্নমিন্দ্রিয়ার্থ পঞ্চাৎ পঞ্চেন্দ্রয়াণীতি।

জ্মুবাদ। গন্ধাদি-বিষয়ক যে সমস্ত জ্ঞান, সেই সমস্ত জ্ঞান অসাধারণ দাধনজ্বসূত্রশতঃ গন্ধত্ব প্রভৃতি স্বগত-সামান্ত ধর্মের দারা কুতব্যবস্থ গন্ধাদি-বিষয়ের নানা গ্রাহকান্তরকে অর্থাৎ প্রত্যেক গন্ধাদির গ্রাহক অসংখ্য ইন্দ্রিয়কে সাধন করে না। (কারণ) অর্থসমূহই অমুমান (ইন্দ্রিয়ের অমুমাপক) রূপে কথিত হইয়াছে, অর্থের একদেশ অনুমানরূপে কথিত হয় নাই। । অর্থাৎ গন্ধ প্রভৃতি অর্থের একদেশ ব কোন এক প্রকার গন্ধাদি বিশেষকে ভ্রাণাদি ইন্দ্রিয়ের অনুমাপক বলা হয় নাই, গন্ধত্বাদি পাঁচটি সামান্ত ধর্ম্মের দারা পঞ্চ প্রকাবে সংগৃহীত গন্ধাদি সমূহকেই ইন্সিয়ের অনুমাপক বলা হইয়াছে], কিন্তু আপনি (পূর্ব্বপক্ষবাদী) অর্থের একদেশকে অর্থাৎ প্রত্যেক গন্ধাদি-বিষয়কে আশ্রয় করিয়া বিষয়ের পঞ্জমাত্রকে প্রতিষেধ ব রিতেছেন. অতএব এই প্রতিষেধ অযুক্ত।

(প্রশ্ন) গরুত্ব প্রভৃতি স্বগত-সামান্ত ধর্মের দারা গরু প্রভৃতি কুতব্যবস্থ বিরূপে ? (উত্তর) যেহেতু শীত, উষ্ণ, এবং অমুষ্ণাশীত, **এই ত্রিবিধ স্পর্শ স্পর্শতরূপ সামাত্য ধর্মের দারা সংগৃহীত হইয়াছে**। শীতম্পর্শ জ্ঞায়মান হইলে, অর্থাৎ শীতম্পর্শের গ্রাহকরূপে ছগিন্দ্রিয় স্বীকৃত হইলে. উষ্ণ অথবা অমুষ্ণাশীতস্পর্শের প্রত্যক্ষ অন্য গ্রাহককে (ছগিন্দ্রিয় ভিন্ন ইন্দ্রিয়কে) সাধন করে না। (কারণ) স্পর্শভেদ (পূর্ব্বোক্ত ত্রিবিধ স্পর্শ)-সমুহের "একসাধনসাধ্যত্ব" বশতঃ অর্থাৎ একই করণের দারা জ্যেত্বশতঃ যাহার দারাই শীতস্পর্শ গৃহীত হয়, তাহার দারাই ইতর হুইটি (উষ্ণ ও অনুষ্ণাশীত) স্পর্শও গৃহীত হয়। এইরপ গন্ধত্বের দারা গন্ধসমূহের, রপত্বের দারা রপসমূহের, রসত্বের দারা রসসমূহের, শব্দত্বের দারা শব্দসমূহের (ব্যবস্থা বুঝিতে হুইবে)। গন্ধাদি জ্ঞানসমূহ কিন্তু একসাধনসাধ্য না হওয়ায়, অর্থাৎ গন্ধজ্ঞানাদি সমস্ত প্রত্যক্ষ কোন একটিমাত্র করণজন্ম হুইতে না পারায়, ভিন্ন ভিন্ন গ্রাহককে সাধন করে। অভএব ইন্দ্রিয়ার্থেব (পূর্কোক্ত গন্ধাদি বিষয়ের) পঞ্চবশতঃ ইন্দ্রিয় পাঁচটি, ইহা উপপন্ন ইয়।

টিপ্পনী । পূর্ব্বপক্ষবাদীৰ পূর্ব্বস্ত্রোক্ত কথার উত্তরে মহাষি এই স্ত্রে দারা বলিয়াছেন যে, গন্ধাদি ইন্দ্রিয়ার্থগুলি প্রত্যেকে বছবিধ ও বছ হইলেও, তাহাতে গন্ধঘাদি পাঁচটি সামান্য ধর্ম থাকায়, প্র্বপক্ষবাদীর প্রেবাভ প্রতিষেধ হয় না। কারণ, সর্ব্বপ্রকার গরেই গরত্রপ একটি সানান। ধর্ম থাকায়, তদ্যার। গন্ধমাত্রই সংগৃহীত হইয়াছে এবং ঐ সর্ব্রপ্রকার গন্ধ একমাত্র ঘাণেক্রিয়গ্রাহ্য হওয়ায়, উহার প্রত্যেকেন প্রত্যক্ষেন জন্য ভি: ভিন্ন ইন্দ্রিয় স্বীকার অনাবশ্যক। এইরূপ রস, রূপ, ম্পর্ণ ও শংদ এই চারিটি ইন্দ্রার্থও প্রত্যেকে বছবিধ ও বছ হইলে, যথাক্রমে বসহ, রূপছ ম্পর্শন্ত ও শব্দত্ব—এই চারিটি সামান্য ধর্মের ছারা সংগৃহীত হুইয়াছে: তন্মধ্যে সর্ব্ববিধ রসই রসনেজ্রিয়গ্রাহ্য, এবং সর্ব্ববিধ রূপই চক্ষুরিজ্রিয়গ্রাহ্য, এবং সর্ব্ববিধ স্পর্শ ছগিল্রিয়গ্রাহ্য, এবং সর্ব্ববিধ শব্দই শ্রবণেল্রিয়গ্রাহ্য হওয়ায়, উহাদিগের প্রত্যেবের প্রত্যক্ষের জন্য ভিন্ন উল্লিয় স্বীকাব অনাবশ্যক। ভাষ্যকার মহন্বির তাৎপর্য্য বুঝাইতে প্রথমে বলিয়াছেন যে, গদ্ধ প্রভৃতি ইন্দ্রিয়ার্থবর্গ গদ্ধত প্রভৃতি স্বগত পাঁচটি সামান্য পর্দ্ধের দার কৃতব্যবস্থ, অর্থাৎ উহার। গন্ধাদিরূপে নিয়মপূর্বক পঞ্চ প্রকারেই সংগৃহীত হ**ই**য়াছে। ঐ গ**দ্ধাদির পঞ্চবিধ প্র**ত্যক্ষ-জ্ঞান উহাদিগের গ্রাহকের অর্থাৎ ঐ প্রত্যক্ষ-জ্ঞানের করণবিশেষের প্রয়োজক বা সাধক হয়। কিন্তু ঐ গন্ধাদি-প্রত্যক্ষ অসাধারণ করণজন্য হওরায়, অর্থাৎ সমস্ত গন্ধ-প্রত্যক্ষ এক ঘাণেক্রিয়রূপ করণজন্য হওয়ায়, এবং সমস্ত রস-প্রত্যক্ষ এক বসনেক্রিয়রূপ করণজন্য হওয়ায় এবং সমস্ত রূপ-প্রতাক্ষ এক চক্ষুরিদ্রিয়রূপ করণজন্ত হওয়ায়, এবং সমস্ত স্পর্ণ-প্রত্যক্ষ এক ছগিল্রিয়য়ও করণজন্য হওয়ায়, এবং শমস্ত শ্বদ-প্রত্যক এক শ্রবণেক্রিয়রূপ করণজন্য হওয়ায়, উহারা এতভিত্র

আর কোন গ্রাহকের সাধক হয় না, অথাৎ প্রের্বাক্ত পাঁচটি ইন্দ্রিয় ভিন্ন অন্য ইন্দ্রিয় উহার দার। সিদ্ধ হয় না। <mark>গদ্ধবাদিরাপে গদ্ধাদি অর্থসমূহই তাহা</mark>র গ্রাহক ইন্দ্রির অনুমান অর্থাৎ অনুমিতি প্রযোজকরূপে কথিত হইয়াছে। গন্ধাদি অর্থের একদেশ অর্থাৎ প্রত্যেক গন্ধাদি অকি ইন্দ্রিরের অনুমিতি প্রবোজক বলা হয় নাই। পূর্ব্বপক্ষবাদী কিন্তু প্রত্যেক গদ্ধাদি অর্থকে গ্রহণ কবিয়াই, তাহা**র বহুত্বপুত্ত ইন্দ্রিয়ার্থের পঞ্চর প্রতিঘেধ করিয়াছেন। বস্তত**ঃ গদ্ধাদি ইন্দ্রিবার্থণমূহ গদ্ধবাদিরূপে পঞ্চবিব, এবং তাহাই পঞ্চেল্রের সাধক-কপে কথিত হইয়াছে। গন্ধাদি পাঁচটি ইন্দ্রিয়ার্থ গন্ধবাদি স্বগত-সামান্য ধর্মের দার। সংগৃহীত হ**ইয়াছে কেন** ? ইহা ভাষ্যকার নিজে **প্রশৃপ্র্ব**ক বুঝাইয়। ণেদে আবার বলিয়াছেন যে, গন্ধাদি জ্ঞানগুলি একসাধনসাধ্য না হওয়ায়, গ্রাহকান্তরের প্রযোজক হয়। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, গন্ধাদি সর্ববিধ বিষয়জ্ঞানসমূহ কোন একটি ইক্রিয়জন্য হইতে না পারায়, উহার। খ্রাণাদি ভিন্ন ভিন্ন পাঁচটি ইন্দ্রিয়ের সাধক হয়। অর্থাৎ ঐ পঞ্চবিধ প্রতাকের করণরপে পৃথক্ পৃথক্ পাঁচটি ইন্সিই স্বীকার্য। কিন্তু সমন্ত গন্ধজ্ঞান ও সমস্ত রসজ্ঞান ও সমস্ত স্পর্শজ্ঞান ও সমস্ত শব্দজ্ঞান যথাক্রমে খ্রাণাদি এক একটি অসাধারণ ইন্দ্রিয়জন্য হওয়ায়, উহার। ঐ পাঁচটি ইন্দ্রিয ভিন্ন আর কোন গ্রাহক বা ইন্দ্রিমের সাধক হয় না। ভাষ্যকার এই তাৎপর্যোই প্রথমে ''গ্রাহকান্তরাণি ন প্রযোজয়ন্তি''—এইরূপ পাঠ নিথিয়াছে। "বাত্তিক"গ্রন্থের খারাও প্রথমে ভাষ্যকারের উহাই প্রকৃত পাঠ विवया वृता यात्र ।। ७৮ ॥

ভাষ্য ৷ যদি সামাত্যং সংগ্রাহকং, প্রাপ্তমিন্দ্রিয়াণাং—

্ সূত্র। বিষয়ত্বাব্যতিরেকাদেকত্বঃ ॥৫৯॥২৫৭॥

অমুবাদ (পূর্ববিশক্ষ) যদি সামান্য ধর্ম সংগ্রাহক হয়, তাহা হইলে, বিষয়ত্বের অব্যতিরেক বশতঃ অর্থাৎ গন্ধাদি সমস্ত ইন্দ্রিয়ার্থে ই বিষয়ত্ব-রূপ সামান্য ধর্মের সত্তাবশতঃ ইন্দ্রিয়ের একত্ব প্রাপ্ত হয়।

ভাষা। বিষয়ত্বেন হি সামান্তোন গন্ধাদয়: সংগৃহীতা ইতি।

অমুবাদ। বিষয়ত্বরূপ সামাত্য ধর্মের দারা গন্ধ প্রভৃতি (সমস্ত ইন্দ্রিয়ার্থ) সংগৃহীত হয়। টিপেনী। পুর্ব্বোক্ত দিদ্ধান্তে মহন্দি আবার পূর্ব্বপক্ষবাদীর কথা বিনিয়াছেন যে, গন্ধানি সামান্য ধর্ম যদি গন্ধানির সংগ্রাহক হয়, অর্থাৎ মদি গন্ধানি স্থাত পাঁচটি সামান্য ধর্মের হারা গন্ধাদি সমস্ত ইন্দ্রিয়ার্থ সংগৃহীত হয়, তাহা হইলে বিষয়ন্ত্রন্থ সামান্য ধর্মের হারাও উহাব। সংগৃহীত হইতে পারে। সমস্ত ইন্দ্রিয়ার্থেই বিষয়ন্ত্রন্থ সামান্য ধর্ম আছে। তাহা হইলে. এ বিষয়ন্ত্রন্থেই বিষয়ন্ত্রন্থ সামান্য ধর্ম আছে। তাহা হইলে. এ বিষয়ন্ত্রন্থেই বিষয়ন্ত্রন্থের এক বিনিয়া, ঐ বিষয়গ্রাহক একটি ইন্দ্রিয়াই বলা যায়। ঐনপে ইন্দ্রিয়ের এক ছই প্রাপ্ত হয়। ভাষাকারের প্রথমোক্ত বাক্ষার সহিত সূত্রেব যোগ করির। সূত্রার্থ ব্যাখ্যা কনিতে হইবে।। ৫১।।

সূত্র। ন বুদ্ধিলক্ষণাধিষ্ঠান-গত্যাকৃতিজাতিপঞ্চত্বেভ্যঃ॥ ॥৬০॥২৫৮॥

অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ ইন্দ্রিয়ের একত্ব হইতে পারে না। যেহেতু বৃদ্ধিরপ লক্ষণের অর্থাৎ পঞ্চবিধ প্রত্যক্ষরপ লিঙ্গ বা সাধকের পঞ্চত্ব প্র্যুক্ত, এবং অধিষ্ঠানের অর্থাৎ ইন্দ্রিয়স্থানের পঞ্চত্বপ্রযুক্ত এবং গতির পঞ্চত্বপ্রযুক্ত এবং জাতির পঞ্চত্বপ্রযুক্ত (ইন্দ্রিয়ের পঞ্চত্ব সিদ্ধ হয়-)।

ভাষ্য। ন খলু বিষয়ত্বেন সামান্তেন কৃত্য্যবস্থা বিষয়। গ্রাহকান্তর-নিরপেক্ষা একসাধনগ্রাহ্যা অনুমীয়স্তে। অনুমীয়স্তে চ পঞ্চান্ধানয়ে। গন্ধতাদিভিঃ স্বসামান্তিঃ কৃতব্যবস্থা ইন্দ্রিয়ান্তরগ্রাহ্যাঃ, তম্মানসম্বদ্ধমেতং। অয়মেব চার্থোহনুদ্যতে বুদ্ধিলক্ষণপঞ্জাদিতি।

বুদ্ধর এব লক্ষণানি, বিষয়গ্রহণলিঙ্গছাদিন্দ্রাণাং। তদেত-দিন্দ্রিয়ার্থপঞ্ছাদিত্যেতন্মিন্ সূত্রে কৃতভাষ্যমিতি। তত্মাৎ বৃদ্ধিলক্ষণ-পঞ্চেন্দ্রিয়াণি।

অধিষ্ঠানান্যপি খলু পঞ্চেল্রিয়াণাং, সর্ববদরীরাধিষ্ঠানং স্পর্শনং স্পর্শগ্রহণলিঙ্গং। কৃষ্ণসারাধিষ্ঠানং চক্ষ্বহিনিঃস্তং রূপগ্রহণলিঙ্গং। নাসাধিষ্ঠানং জ্বাণং, জ্বিহ্বাধিষ্ঠানং রসনং, কর্ণচ্ছিত্বাধিষ্ঠানং শ্রেজং গদ্ধান্ত ।

গ**িভেদাদপীন্দ্রিয়ভেদঃ,** কৃষ্ণসারোপনিবদ্ধং চ**ক্ষুর্বহির্নিঃ**স্ত্য রূপাধিকরণানি দ্রব্যাণি প্রাপ্নোতি। স্পর্শনাদীনি ছিল্রিয়াণি বিষয়। এবাশ্রয়োপসর্পণাৎ প্রত্যাসীদন্তি। সন্তানবৃত্ত্যা শব্দশ্য শ্রোত্র-প্রত্যাসন্তিরিতি।

আকৃতিঃ খলু পরিমাণমিয়ত্তা, সা পঞ্চধ। স্বস্থানমাত্রাণি আগ-রসন-স্পর্শনানি বিষয়গ্রহণেনাসুমেয়ানি। চক্ষু কৃষ্ণসারাশ্রয়ং বহিনিঃস্তং বিষয়ব্যাপি। শ্রোত্রং নাক্তদাকাশাৎ, তচ্চ বিভু, শব্দমাত্রাসুভবাসুমেয়ং, পুরুষসংস্থারোপগ্রহাচ্চাধিষ্ঠাননিয়মেন শব্দস্থ ব্যঞ্জকমিতি।

জ**'তিরিতি** যোনিং প্রচক্ষতে। পঞ্চ খন্বি**ন্দ্রিয়**যোনয়ঃ পৃথিব্যাদীনি ভূতানি। তত্মাৎ প্রকৃতিপঞ্জাদপি পঞ্চেন্দ্রিয়াণীতি সিদ্ধং।

অন্থবাদ। বিষয়ত্বরূপ সামান্ত ধর্মের দ্বারা কৃতব্যবস্থ সমস্ত বিষয়, গ্রাহকান্তরনিরপেক্ষ এক সাধনগ্রাহ্য বলিয়া অনুমিত হয় না, কিন্তু গন্ধত্ব প্রভৃতি স্বগত-সামান্ত ধর্মের দ্বারা কৃতব্যবস্থ গন্ধ প্রভৃতি পাঁচটি বিষয়, ইন্দ্রিয়ান্তরগ্রাহ্য অর্থাৎ ভিন্ন ভিন্ন পাঁচটি ইন্দ্রিয়গ্রাহ্য বলিয়া অনুমিত হয়। অতএব ইহা অর্থাৎ প্র্বেপক্ষবাদীর কথিত ইন্দ্রিয়েব একত্ব অযুক্ত। (এই সূত্রে) "বৃদ্ধি"রূপ লক্ষণের পঞ্চত্বপ্রযুক্ত" এই কথার দ্বারা এই অর্থ ই অর্থাৎ ইন্দ্রিয়ের পঞ্চত্ব সাধক "প্র্বেশিক্ত ইন্দ্রিয়ার্থ পঞ্চত্ব"-রূপ হেতুই অনুদিত হইয়াছে।

বুদ্ধিসমূহই লক্ষণ। কারণ, ইন্দ্রিয়বর্গের বিষয়গ্রহণলিঙ্গত্ব আছে, অর্থাৎ গন্ধাদি বিষয়ের প্রত্যক্ষই ইন্দ্রিয়বর্গের লিঙ্গ বা অনুমাপক হওয়ায়, ঐ প্রত্যক্ষরপ পঞ্চবিধ বুদ্ধিই ইন্দ্রিয়বর্গের লক্ষণ অর্থাৎ সাধক হয়। সেই ইহা অর্থাৎ ইন্দ্রিয়বর্গের বিষয়গ্রহণলিঙ্গত্ব "ইন্দ্রিয়ার্থপঞ্জাৎ"—এই সূত্রে কৃতভাষ্য হইয়াছে। অত এব বিষয়বুদ্ধিরপ লক্ষণের পঞ্জপ্রযুক্ত ইন্দ্রিয় পাঁচটি।

ইন্দ্রিয়সমূহের অধিষ্ঠান অর্থাৎ স্থানও পাঁচটিই। (যথা) স্পর্শের প্রভাক্ষ যাহার লিঙ্গ (সাধক) দেই (১) ছণিন্দ্রিয়, সর্ব্বশরীরাধিষ্ঠান। রূপের প্রত্যক্ষ যাহার লিঙ্গ এবং যাহা বহির্দ্ধেশ নির্গত হয়, সেই

- (২) চক্ষুঃ কৃষ্ণসারাধিষ্ঠান, অর্থাৎ চক্ষুর্গোলকই চক্ষুরিন্দ্রিয়ের স্থান।
- (৩) ছ্রাণেন্দ্রিয় নাসাধিষ্ঠান। (৪) রসনেন্দ্রিয় জ্বিস্থাধিষ্ঠান।
- (৫) **প্রবণে**ন্দ্রিয় কর্ণচ্ছিদ্রাধিষ্ঠান। যেহেতু গন্ধ, রস, রূপ, স্পূর্শ ও শব্দের প্রতাক্ষ (ভ্রাণাদি ইন্দ্রিয়ের) লিঙ্গ।

গতির ভেদপ্রযুক্তও ইন্দ্রিয়ের ভেদ (সিদ্ধ হয়)। কৃষ্ণসারদংযুক্ত চক্ষ্ বহিন্দেশে নির্গত হইয়। রূপবিশিষ্ট দ্রব্যসমূহকে প্রাপ্ত হয়, অর্থাৎ রশ্মির দ্বারা বহিঃস্থ দ্রব্যের সহিত সংযুক্ত হয়। কিন্তু (স্পর্শাদি) বিষয়সমূহই আশ্রেয়-দ্রব্যের উপসর্পণ অর্থাৎ সমীপগমনপ্রযুক্ত ত্বক্ প্রভৃতি ইন্দ্রিয়বর্গকে প্রাপ্ত হয়। সন্তানবৃত্তিবশতঃ, অর্থাৎ প্রথম শব্দ হইতে দ্বিতীয় শব্দ, সেই শব্দ হইতে অপর শব্দ, এইরূপে শ্রবণেন্দ্রিয়ে শব্দের উৎপত্তি হওয়ায়, শব্দের শ্রবণেন্দ্রিয়ের সহিত প্রত্যাসত্তি (সন্নিকর্ষ) হয়।

আরুতি বলিতে পরিমাণ, ইয়ত্তা, (ইন্দ্রিয়ের) সেই আরুতি পাঁচ প্রকার। স্বস্থানপরিমিত ভাণেন্দ্রিয়, রসনেন্দ্রিয় ও ছণিন্দ্রিয়, বিষয়ের (গন্ধ, রস ও স্পর্শের) প্রত্যক্ষের দ্বারা অমুমেয়। কৃষ্ণসারাশ্রিত ও বহির্দ্ধেশে নির্গত চক্ষুরিন্দ্রিয় বিষয়ব্যাপক। শ্রবণেন্দ্রিয় আকাশ হইতে ভিন্ন নহে, শব্দমাত্রের প্রত্যক্ষের দ্বারা অমুমেয় বিভূ অর্থাৎ সর্বব্যাশী সেই আকাশই জীবের অদৃষ্টবিশেষের সহকারিতাবশতঃই অধিষ্ঠানের (কর্ণচ্ছিন্দ্রের) নিয়মপ্রযুক্ত ব্যঞ্জক হয়।

"জাতি" এই শব্দের দারা (পণ্ডিতগণ) যোনি অর্থাৎ প্রকৃতি বলেন। পৃথিবী প্রভৃতি পঞ্চভৃতই ইন্দ্রিয়বর্গের যোনি। অতএব প্রকৃতির পঞ্চত্বপ্রযুক্তও ইন্দ্রিয় পাঁচটি, ইহা সিদ্ধ হয়।

টিপ্পনী। পূর্ব্বোক্ত পূর্ব্বপক্ষ নিরস্ত করিয়। দিজ দিদ্ধান্ত স্থদ্চ কবিবার জন্য মহর্ষি এই সূত্রে পাঁচটি দেতু দারা ইন্দ্রিয়ের পক্ষ-দিদ্ধান্তের সাধন করিয়াছেন। ভাষ্যকার পূর্ব্বসূত্রোক্ত পূর্ব্বপক্ষের অযুক্ততা বুঝাইতে প্রথমে বলিয়াছেন যে, গদ্ধাদি বিষয়দসূতে বিষয়ত্বরূপ একটি সামান্য ধর্ম

থাকিলেও, তদ্যারা কৃতব্যবস্থ অর্থাৎ ঐ বিষয়ৎরূপে এক বলিয়া সংগৃহীত ঐ বিষয়সমূহ একমাত্র ইন্দ্রিয়েরই গ্রাহ্য হয়, ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়ারূপ নান। গ্রাহক অপেক্ষা করে না, এ বিঘয়ে অনুমান-প্রমাণ নাই, অর্থাৎ পূর্ব্বপক্ষ-বাদীর কথিত ইন্দ্রিয়ের এক থবাদে প্রমাণাভাব। কিন্তু গ্রন্ধাদি পঞ্চিধ বিষয় গন্ধত প্রভৃতি পাঁচটি স্বগত-সামান্য বর্মের শারা কৃতব্যবস্থ, অর্থাৎ পঞ্জরপেই সংগৃহীত হটয়৷ ইল্রিয়ান্তরের গ্রাহ্য এর্থাৎ ঘ্রাণাদি ভিন্ন ভিন্ন পাঁচটি ইন্দ্রিরের গ্রাহ্য হয়. এ বিষয়ে অনুমান-প্রমাণ আছে। স্কুতরাং পূ**র্ব্পক্ষবাদী**র কথিত ইন্দ্রিয়ের একড প্রমাণাভাবে অযুক্ত। এ**বং পূর্ব্বে**ই ''ইন্দ্রিয়ার্থপঞ্চবাৎ''—এই সূত্র দারাই পূ**র্ব্র**পক্ষবাদীর কথিত ইন্দ্রিয়ের একত্ব নিবস্ত হওয়ায়, পুন**র্কার ঐ পূর্বেপকে**র কখনও অযুক্ত। পূর্বে ''ইক্রিয়ার্থপঞ্জাৎ''—এই সূত্রের দার। মহদি ইক্রিয়ের পঞ্*ৰ*সাধনে যে হেতু বলিয়াছেন, এই সূত্রে প্রথমে ''বুদ্ধিরূপলক্ষণের পঞ্ছপ্রযুক্ত'' এই কথাব ষারা ঐ হেতুরই অ**নুবাদ** করিয়া পুনর্ববার ঐ পূর্ব্বপক্ষ-কথনের অযুক্ততা প্রকাশ কবিয়া**ছে**ন। পরন্ত, পূর্ব্বোক্ত ঐ সূত্রে ''ইন্দ্রিয়ার্থ'' শব্দেব ছার। ইন্দ্রিয়ের প্রয়োজন গন্ধাদি-বিষদক প্রত্যাক্ষরপ বৃদ্ধিই মহর্ষির বিবক্ষিত, ইহা থকাশ করিতেও মহণি এই স ত্রে তাহার পূর্ব্বেক্তি হেতুর অনুবাদ কবিষ। স্পষ্ট**রূপে** উহা প্রকাশ করিয়াছেন। বাত্তিককার ''ইন্দ্রিয়ার্থপঞ্চাৎ'' এই সূত্রে ভাষ্যকারের ব্যাখ্যা গ্রহণ না করিলেও, ভাষ্যকার মহার্ঘির এই সূত্রে 'বৃদ্ধি-লক্ষণপঞ্জ''—এই হেতু দেখিয়া পুৰ্ব্বোক্ত ''ইন্দ্ৰিয়াৰ্থপঞ্জ''রূপ হেতুর উক্ত রূপই ব্যাখ্যা করিয়া<mark>ছেন। বাত্তিককারের মতে ইন্</mark>রিরের প্রয়োজন গন্ধাদি প্রত্যক্ষের পঞ্চর ইন্দ্রিয়ের পঞ্চের সাধক না হইলে, এই সূত্রে মহিষর প্রথমোক্ত ''বুদ্ধিলক্ষণপঞ্ছ'' কিরূপে ইন্দ্রিয়পঞ্জের সাধক হ**ইবে,** ইহা প্রণিধান করা আবশ্যক। গন্ধাদি-বিষয়ক প্রত্যক্ষ**রপ বু**দ্ধি ঘ্রাণাদি ইক্রিয়ের লিঞ্চ, ইহা পুর্ব্বোক্ত "ই**ল্রিয়ার্থপক্ষতাৎ" এ**ই সূত্রের ভাষ্যেই ভাষকার বু**ঝাই**য়া**ছে**ন । স্থত**রাং** গ**দ্ধাদি-বি**ষয়**ক প**ঞ্বিধ প্রত্যক্ষ রূপ যে বৃদ্ধি, ঐ বৃদ্ধিরস লক্ষণের অর্থাৎ ইন্সিয়সাধকের পঞ্জবশতঃ ইন্সিয়ের পঞ্জ সিদ্ধ হয়। ভাষ্যকারের মতে ইহাই মহর্ষি এই সূত্রে প্রথম হেতুর দারা বলিয়াছেন।

ইন্দ্রিয়ের পঞ্জ সিদ্ধান্ত সাধনে মহানির বিতীয় হেতু ''অবিষ্ঠানপঞ্জ''। ইন্দ্রিয়ের অধিষ্ঠান অর্থাৎ স্থান পাঁচটি। স্পর্শের প্রত্যক্ষ রগিল্রিয়ের নিজ অর্থাৎ অনুমাপক। সমন্ত শরীরই ঐ ছগিল্রিয়ের অধিষ্ঠান অর্থাৎ স্থান। ছগিল্রিয় শরীরব্যাপক। চক্ষুরিল্রিয় কৃষ্ণসাগরে অধিষ্ঠিত থাকিয়াই বহির্দেশে নির্মত ও বিষয়ের সহিত সন্ধিকৃষ্ট হইয়া রূপাদির প্রত্যক্ষ জন্মায় ।
কপাদির প্রত্যক্ষ চক্ষুরিন্দ্রের লিজ অর্থাৎ অনুমাপক। কৃষ্ণসাব উহাব
অবিষ্টান। এইরপ ঘাণেচ্ছিয়ের অবিষ্ঠান নাসিকা নামক স্থান।
বসনেচ্ছিয়ের অবিষ্ঠান জিহ্বা নামক স্থান। শ্রবণেচ্ছিয়ের অবিষ্ঠান
কর্ণচিছ্তা। গন্ধ, রস, রূপ, ম্পর্শ ও শব্দেব প্রত্যক্ষ যথাক্রমে ঘাণাদি
ইন্দ্রিয়ের লিজ, অর্থাৎ অনুমাপক, এজন্য ঐ ঘাণাদি ইন্দ্রিয়নর্গেব পূর্ব্বোভকপ অনুষ্ঠানভেদ সিদ্ধ হয়। ইন্দ্রিয়বর্গেব অবিষ্ঠানভেদ স্বীকাব না
করিলে, অর্থাৎ শরীরমাত্রেই ইন্দ্রিয়ের অবিষ্ঠান হইলে, ভন্ধ ও ববির প্রভৃতি
হইতে পারে না। অবিষ্ঠানভেদ স্বীকার করিলে কোন একটি অবিষ্ঠানেন
বিনাশ হইলেও, অন্য অবিষ্ঠানে অন্য ইন্দ্রিয়েব অবস্থান বলা যাইতে
পাবে। স্ক্তরাং অন্ধ ববির প্রভৃতিব অনুপ্রপত্তি নাই। ভন্ধ হইলেই অথবা
ববিরাদি হইলেই একেবারে ইন্দ্রিয়া হইনাব কানণ নাই। স্ক্তনাং
হন্দ্রিয়ের অবিষ্ঠান বা আধাবের পঞ্জ সিদ্ধ হাওযায়, তৎপ্রমৃক্ত ইন্দ্রিয়ের

নহার্ষিব তৃতীয় হেতু ''গতি-পঞ্চর''। ইন্দ্রিমেন বিষমপ্রাপ্তিই এখানে "গতি**'' শব্দের শ্বা**বা ম**হন্বি**ৰ বিৰক্ষিত। ঐ গতিও সমস্ত ইন্দ্রিমেৰ এক প্রকাব নছে। ভাষ্যকার ঐ গতিভেদপ্রযুক্ত ইন্দ্রিবেব ভেদ গিদ্ধ হয়, এই কথা বলিয়া চক্ষুবাদি ইচ্ছিয়ের মহাবিসন্মত গতিতেদ বর্ণন কবিয়াছেন। তবার। চক্ষ্বাদি সমস্ত ইন্দ্রিয়ই যে প্রাপ্যকানী, ইহাও প্রকটিত হইযাছে। বৌদ্ধ-সম্প্রদায় চক্ষরিন্দ্রিয় এবং শ্রবণেন্দ্রিয়কে প্রাপ্যকানী বলিয়া স্বীকার করেন নাই। জৈন-সম্প্রদায় কেবল চক্ষুরিল্রিয়কেই প্রাপ্যকারী বলিগা ষীকার করেন নাই। কিন্তু ন্যায়, বৈশেঘিক, সাংখ্য, মীমাংসক প্রভৃতি সমস্ত ইন্দ্রিয়কেই প্রাপ্যকারী বলিয়া সমর্থন করিয়াছেন। মহর্মি গোতম ইত:পু**র্বের চক্দরিন্তিরের প্রা**প্যকারিত সমর্থন করিযা, তদুবি। ইন্তিরমাত্তেবই গ্রাপ্যকাবি**ত্বের যুক্তি সূচ**না করিয়াছেন। বা**ত্তি**ককাব এখানে ভাষ্যকারোক্ত "গতিভেদাৎ" এই বাক্যের ব্যাখ্যা কবিয়াছেন, "ভিন্নগতিষাৎ"। তাঁহার বিবক্ষিত যুক্তি এই যে, ইন্সিয়ের গতিতেদ না থাকিলে, এন্ধ-বধিরাদির অভাব হয়। চক্ষরি দ্রিয়ে যদি বহির্দেশে নির্গত ন। হইয়াও রূপের প্রকাশক হইতে পাবে, তাহা হইলে অন্ধবিশেষও দূরস্থ রূপের প্রত্যক্ষ ক্বিতে পারে। আ**ৰ্**তনেত্র ব্যক্তিও **রূ**পের প্রত্যক্ষ ক্রিতে পারে। এইরপ গন্ধাদি প্রত্যক্ষেরও প্রেবাজ্জরপ আপতি হয়। কারণ, গন্ধাদি বিষয়ের সহিত **শ্রাণাদি ইন্দ্রিয়ের সন্নিকর্ষ ব্যতীতও যদি গন্ধাদি** বিষয়ের প্রত্যক্ষ জন্মে, তাহা হইলে অন্যান্য কারণ সম্বেদুরম্ব গদ্ধাদি বিষয়েরও প্রত্যক্ষ জন্মিতে পাবে। স্কৃত্বাং ইন্দ্রিরবর্গের পূর্ব্বোজ্জরপ গতিভেদ গ্রশ্য দ্বীকার্য্য। ঐ গতিভেদপ্রযুক্ত ইন্দ্রিয়ের ভেদ সিদ্ধ হইলে, গদ্ধাদি পঞ্চ বিষয়প্রাপ্তিরূপ গতিব পঞ্চপ্রপুক্ত ইন্দ্রিয়ের পঞ্চই সিদ্ধ হয়।

মহর্ষির চতুর্থ হেতু ''আকৃতি-পঞ্চম্ব''। ''আকৃতি'' শংন্দর শার। এখানে ইন্সিয়ের পরিমাণ অর্থাৎ ইয়তাই নহাঁদির বিবক্ষিত। ইন্সিয়ের ঐ াক্তি পাঁচ প্রকার । কারণ, খ্রাণ, রসন। ও থগিল্রিয় স্বস্থানসমপরিমাণ। অর্থাৎ উহাদিগের অবিষ্ঠানপ্রদেশ হইতে উহাদের পরিমাণ অধিক নহে। কিন্তু চক্ষ্বিন্স্রিয় তাহার অধিষ্ঠান কৃষ্ণসার (গোলক) হইতে ১হির্গত হুইয়া রশ্মির দারা বহিঃস্থিত গ্রাহ্য বিষয়কে ব্যাপ্ত করে, স্ত্তরাং বিষয়ভেদে উহার পরিমাণতেদ স্বীকার্য্য। শ্রবণেক্রিয় সর্ব্বব্যাপী পদার্থ। কারণ, উহা আকা**শ হইতে ভি**ন্ন পদার্থ নহে। স**র্ব্ধদেশেই শব্দের** প্রত্যক হাওয়ায, শবেদর সমবায়ী কারণ আকাশ বিভূ অর্থাৎ সর্বব্যাপী হইলেও, জীবের সংস্কারবিশেষের অর্থাৎ অদৃষ্টবিশেষের সহকারিতাবশতঃই কর্ণচ্ছিদ্রই শ্রবণেক্রিয়ের নিয়ত অধিষ্ঠান হ'ওয়ায়, ঐ স্থানেই আকাশ শ্রবণেক্রিয় সংজ্ঞা লাভ করিয়া, শব্দের প্রত্যক্ষ জন্মায়, এজন্য ঐ **অধিষ্ঠানস্থ আকাশ**কেই শ্রবণেক্রিয় বলা হইরাছে । বস্তত: উহা আকাশই । স্কুতরাং শ্রবণেক্রিয়েব পরম মহৎ পরিমাণই স্বীকার্যা। তাহা হইলে ঘ্রাণাদি ইদ্রিয়ের পূর্ব্বোক্ত-क्षेत्र পরিমাণের পঞ্চপ্রযুক্ত ইন্দ্রিয়ের পঞ্চ দিদ্ধ হয়, ইহা বলা যাইতে পারে। কারণ, একই ইল্রিয় হইলে তাহার ঐরূপ পরিমাণভেদ হইতে পারে না। পরিমাণভেদে দ্রব্যের ভেদ সর্ব্বসিদ্ধ।

মহাঘির পঞ্চম হেতু ''জাতি-পঞ্চম্ব''। ''জাতি'' শব্দের অন্যরূপ অর্থ প্রসিদ্ধ হইলেও, এখানে ভাষ্যকারের মতে যাহা হইতে জন্ম হয়, এইরপ ব্যুৎপত্তি-সিদ্ধ ''জাতি'' শব্দের হারা ''যোনি'' অর্থাৎ প্রকৃতি বা উপাদানই মহাঘির বিবক্ষিত। পৃথিবী প্রভৃতি পঞ্চতুতই যথাক্রমে ঘ্রাণাদি ইন্দ্রিয়েব প্রকৃতি, স্কৃতরাং প্রকৃতির পঞ্চপ্রথাকু ও ইন্দ্রিয়ের পঞ্চম সিদ্ধা হয়। কারণ, নানা বিরুদ্ধ প্রকৃতি (উপাদান) হইতে এক ইন্দ্রিয় জন্মিতে পারে না। এখানে গুরুতর প্রশা এই যে, আকাশ নিত্য পদার্থ, ইহা নহামি গোতনের সিদ্ধান্ত। (মিতীয় আহ্নিকের প্রথম সূত্র প্রথম)। প্রবেশিন্দ্রেয় আকাশ হইতে ভিন্ন পদার্থ নহে, উহা বন্ধত: আকাশই, ইহা ভাষ্যকারও এই সূত্রভাষ্যে বলিয়াছেন। স্কৃতরাং প্রবন্ধন্ধের নিত্যম্ববশতঃ আকাশকে উহার প্রকৃতি অর্থাৎ উপাদানকারণ বলা যায় না। কিন্ত এই

গুত্রে ভাষ্যকারের ব্যাখ্যানুসারে মহধি আকাশকে এবণেক্রিয়ের প্রকৃতি বলিয়াছেন। প্রথম অধ্যায়ে ইন্দ্রিয়বিভাগ সূত্রেও (১ম আ_০, ১২**ন** সূত্রে) মহধির ''ভূতেভাঃ'' এই বাকোর ঘারা আকাশ নামক পঞ্জম ভূত হইতে শ্বণেজিয় উৎপন হইয়াছে, ইহাই সরলভাবে বুঝা যায় ৷ কিন্তু শ্বণেজিয়ের নিত্যত্বশত: উহ। কোনরপেই উপপন্ন হয় না। উদ্যোতকর পূর্বেজ-রূপ অনুপপত্তি নিরাদের জন্য এখানে ভাষ্যকারোক্ত "যোনি" শবের অর্থ বলিয়াছেন, ''তাদাস্থা,''। ''তাদাস্থা'' বলিতে অভেদ। পৃথিব্যাদি পঞ্চ-ভূতের শহিত যথাক্রমে খ্রাণাদি ইন্দ্রিয়ের অভেদ আছে, স্থতরাং ঐ পঞ্-ভূতাত্মক বলিয়া ইন্দ্রিয়ের পঞ্চম গিদ্ধ হয়, ইহাই উদ্যোতকরের তাৎপর্য্য বুঝা নায়। উদ্দ্যোতকর মহধির পরবর্তী সূত্রে ''তাদাস্ব্য'' শব্দ দেখিয়া এখানে ভাষ্যকারোক্ত ''যোনি'' শবেদর ''তাদাম্ব্য'' অর্থের ব্যাখ্যা করিয়াছেন মনে ্য। কিন্তু 'বোনি' শব্দের 'ভোদান্ত্রা' অর্থে কোন প্রমাণ আছে কি না, ^{টহ।} দে**ব। আবশ্যক, এবং ভাষ্য**কার এখানে সূত্রোক্ত **"জ।তি'' শ**ক্ষের অর্থ যোনি, ইহা বলিয়া প**রে ''প্রকৃতিপঞ্জাৎ'' এই কথার হারা তাঁহা**র পূর্ব্বেজি "যোনি" শব্দের প্রকৃতি অর্থই ব্যক্ত করিয়। বলিয়াছেন, ইহাও দেখ। জাবশাক। আমাদিগের মনে হয় যে, গদ্ধাদি যে পঞ্চবিধ গুণের গ্রাহকরূপে ্রাণাদি পঞ্চেন্দ্রের সিদ্ধি হয়, ঐ গন্ধাদি গুণের প্রকৃতি অর্থাৎ উপাদানরূপে পৃথিব্যাদি পঞ্চভূতের সতাপ্রযুক্ত ঘ্রাণাদি পঞ্চেন্দ্রিরের সতা সিদ্ধ হওয়ায়, মহমি এবং ভাষ্যকার এরূপ তাৎপর্য্যেই পৃথিব্যাদি পঞ্চভূতকে ঘ্রাণাদি ইন্দ্রিয়ের **প্রকৃতি বলিয়াছে**ন। <mark>আকাশ শ্রবণেন্দ্রিয়ের উপাণানকারণম্বরূপ</mark> প্রকৃতি না হইলেও যে শব্দের প্রত্যক্ষ প্রবণেক্রিয়ের সাধক, সেই শব্দের উপাদান-কারণরূপে আকাশের সত্তাপ্রযুক্তই যে, শ্রবণেক্রিয়ের সতা ও কার্য্য-কারিতা, ইহা স্বীকার্য্য। কারণ, প্রত্যক্ষ শব্দবিশিষ্ট আকাশই শ্রবণেক্রিয়, আকাশমাত্রই শ্রবণেক্রিয় নতং। স্থতরাং ঐ শব্দের উপাদান-কারণরতপ আকাশের সত্তা ব্যতীত কর্ণবিবরে শব্দ জন্মিতেই পারে না, স্থতরাং শব্দেব প্রত্যক্ষও হইতে পারে না। স্থতরাং আকাশের স্তাপ্রযুক্ত পূর্ব্বাঞ্জরপে শ্রবণেক্তিয়ের সতা সিদ্ধ হওয়ায়, ঐরপে অর্থে আকাশকে শ্রবণেক্তিয়ের প্রকৃতি বল। যাইতে পারে। এইরূপ প্রথম অধ্যায়ে ইন্দ্রিয়-বিভাগ-সূত্রে মহর্ঘির ''ভূতেভাঃ'' এই বাক্যের হার৷ ঘুাণাদি ইচ্ছিয়ের ভূতজ্বন্যত্ব ন৷ বুঝিয়া-পূর্বেনিজরতেপ ভূতপ্রযুক্তবও বুঝা যাইতে পারে। শ্রবণেন্দ্রিয়ে আকাশব্দন্যব ন পাকিলেও, পুৰেবাজকপে আকাশপ্রযোজ্যত অবশ্যই আছে। স্থীগণ বিচার ছার। এখানে মহুদি ও ভাষ্যকারের তাৎপর্য্য নির্ণয় করিবেন।

এখানে সমরণ কর। আবশ্যক যে, মহঘি গৌতমের মতে মন ই জি হইলেও, তিনি প্রথম অধ্যায়ে ইক্রিয়বিভাগ-সূত্রে ইক্রিয়ের মধ্যে মনের উল্লেখ করেন নাই কেন ? তাহা প্রত্যক্ষলকণসূত্রভাষ্যে ভাষ্যকার বলিয়াছেন। মহাঘি ঘাণাদি পাঁচটাকেই ইল্রিয় বলিয়া উল্লেখ করায়, ইল্রিয়নানাৰ-পরীকা-প্রকরণে ইন্দ্রিয়ের পঞ্চর-শিদ্ধান্তেরই সনর্থন করিয়াছেন। তৎপর্যাটীকাকার ইহাও বলিয়াছেন যে, মহাঘি ইন্দ্রিয়ের পঞ্জ-সিদ্ধান্তেরই সমর্থন করায়, বাক্ পাণি, পাদ, পায়ু, ও উপস্থের ইন্দ্রিয়ত্ব নাই, ইহাও স্চিত হইয়াছে। মহত্বি গোতমের এই মত সমর্থন করিতে তাৎপর্যাটীকাকার বলিয়াছেন যে, বাক্ পাণি প্রভৃতি প্রভ্যক্ষের সাধন না হওয়ায়, ইক্রিয়পদবাচ্য হইতে পারে ন। ইন্দ্রিয়ের লক্ষণ বাকু, পাণি প্রভৃতিতে নাই। অসাধারণ কার্য্য-বিশেদের সাধন বলিগা উহাদিগকে কর্ম্মেন্ত্রিয় বলিলে, কণ্ঠ, হাদয়, আমাশয়, পকাশয় প্রভৃতিকেও অসাধারণ কার্য্য-বিশেষের সাধন বলিয়া কর্ম্মেন্দ্রিয়বিশেষ বলিতে হয়, কিন্তু তাহা কেহই বলেন নাই। স্থতরাং প্রত্যক্ষের কারণ না হইলে, তাহাকে ইন্দ্রিয় বল। যায় না। "ন্যায়মঞ্জরী"কার জয়ন্ত ভট্ট ইহা বিশেষরূপে সমর্থন করিয়াছেন। বস্তত: ঘাণাদি ইন্দ্রিয় প্রত্যক্ষের করণ হওয়ায়, 🗓 প্রত্যক্ষের কর্ত্ত্রিপে আত্মার অনুমান হয়, এজন্য ঐ ঘাণাদি "ইক্র" অর্থাৎ আখার অনুমাপক হওয়ায়, ইন্দ্রিয়পদবাচ্য হইয়াছে। শ্রুভিতে আখ্বা অর্থে ''ইন্দ্র'' **শব্দের প্রয়োগ থাকায়, ''ইন্দ্র'' বলিতে আছা বুঝা যায়। ''ই**ন্দ্রে''র নিঙ্গ ব। অনুমাপক, এই অর্থে ''ইন্দ্র'' শব্দের উত্তর তদ্ধিক প্রত্যায়ে ''ইন্দ্রিয়'' শব্দ সিদ্ধ হইয়াছে। বাকু, পাণি প্রভৃতি জ্ঞানের করণ না হওয়ায়, জ্ঞানের কর্ত্তা আছার অনুমাপক হয় না, এইজন্য মহটি কণাদ ও গোতম উহাদিগকে "ইন্দ্রিয়" শব্দের হার। গ্রহণ করেন নাই। কিন্তু মনু প্রভৃতি অন্যান্য মহমিগণ বাক্, পাণি প্রভৃতি পাঁচটিকে কর্মেক্রিয় বলিয়। গ্রহণ করিয়াছেন। শ্রীমদ্ বাচস্পতি নিশ্রও সাংখ্যমত সমর্থন করিতে, ''সাংখ্যতত্তকৌমুদী''তে বাক্, পাণি প্রভৃতিকেও আত্মার লিজ বলিয়াও ইন্দ্রিয়াত্ব সমর্থন করিয়াছেন।

মহ দি গোতৰ এই প্রকরণে ইন্সিয়ের পঞ্চ-গিছান্ত সমর্থন করায়, তাঁহার মতে চকুরিন্সিয় একটি, বাম ও দক্ষিণভেদে চক্ষুরিন্সিয় দুইটি নহে। কারণ, তাহা হইলে ইন্সিয়ের পঞ্চ সংখ্যা উপপন্ন হয় না, মহ দির এই প্রকরণের সিদ্ধান্ত-বিরোধ উপস্থিত হয়, ইহা উদ্যোতকর পুষ্কে মহ দির "চক্ষুরবৈত-প্রকরণে"র ব্যাখ্যায় বলিয়াছেন। কিছ ভাষ্যকারের মতে বাম ও দক্ষিণভেদে চক্ষুরিন্সিয় দুইটি। এক দাতীয় প্রত্যক্ষের সাধন বলিয়া চক্ষুরিন্সিয়ের এক বলিয়া গ্রহণ করিয়াই মহ দি ইন্সিয়ের পঞ্চ সংখ্যা বলিয়াছেন, ইহাই

ভাষ্যকারের পক্ষে বুঝিতে হইবে। তাৎপর্য্য-টীকাকার বান্তিকের ব্যাখ্যা করিতে উদ্দ্যোতকরের পক্ষ সমর্থন করিলেও, ভাষ্যকার একজাতীয় দুইটি চক্ষুরিন্দ্রিয়কে এক বলিয়া গ্রহণ করিয়াই যে, এখানে মহন্দি-কথিত ইন্দ্রিয়ের পঞ্চ সংখ্যার উপপাদন করিয়াছিলেন, এ বিষয়ে সংখ্যা নাই। কারণ, পূর্বোক্ত "চক্ষুরহৈত-প্রকরণে"র ব্যাখ্যায় ভাষ্যকার চক্ষুরিন্দ্রিয়ের দ্বিত্ব-পক্ষই স্বাক্তরূপে সমর্থন করিয়াছেন।। ৬০।।

ভাষ্য। কথং পুনর্জ্ঞায়তে ভূতপ্রকৃতীনীন্দ্রিয়াণি, নাব্যক্তপ্রকৃতী-নীতি।

অমুবাদ। (প্রশ্ন) ইন্দ্রিয়বর্গ ভূতপ্রকৃতিক, অব্যক্ত-প্রকৃতিক নহে, ইহা কিরূপে অর্থাৎ কোন্ হেতুর দারা বুঝা যায় ?

সূত্র। ভৃতগুণবিশেষোপলব্বেস্তাদাল্মং ॥৬১॥২৫৯॥

অমুবাদ। (উত্তর) ভূতের গুণবিশেষের উপলব্ধি হওয়ায়, অর্থাৎ দ্বাণাদি পাঁচটি ইন্দ্রিয়ের দ্বারা পৃথিব্যাদি পঞ্চ ভূতের গন্ধাদি গুণবিশেষের প্রত্যক্ষ হওয়ায়, (এ পঞ্চ ভূতের সহিত যথাক্রমে দ্বাণাদি পঞ্চেন্দ্রিয়ের) দ্বাদান্ত্য অর্থাৎ অভেদ সিদ্ধ হয়।

ভাষ্য। দৃষ্টো হি বাষ্বাদীনাং ভূতানাং গুণবিশেষাভিব্যক্তিনিয়ম:। বায়্ স্পর্শব্যঞ্জকং, আপে। রসব্যঞ্জিকাং, তেন্ধো রপব্যঞ্জকং, পার্থিবং কিঞ্চিদ্দ্রব্যস্ত গন্ধব্যঞ্জকং। অন্তি চায়মিন্দ্রিয়াণাং ভূত-গুণবিশেষোপলব্ধিনিয়মঃ,—তেন ভূতগুণবিশেষোপলব্ধের্মস্তামহে, ভূত-প্রকৃতীনীন্দ্রিয়াণি, নাব্যক্তপ্রকৃতীনীতি।

অঙ্গুবাদ। যেহেতু বায়ু প্রভৃতি ভূতের গুণবিশেষের (স্পর্শাদির)
উপলব্ধির নিয়ম দেখা ধার । যথা—বায়ু স্পর্শেরই ব্যঞ্জক হয়, জ্বল গসেরই ব্যঞ্জক হয়, ভেজঃ রূপেরই ব্যঞ্জক হয় । পাথিব কোন জ্ব্য কোন জ্ব্যবিশেষের গঙ্কেরই ব্যঞ্জক হয় । ইন্দ্রিয়বর্গেরও এই (পূর্বের্বাক্ত প্রকার) গুণবিশেষের উপলব্ধির নিয়ম আছে, মুভরাং ভূতের গুণ- বিশেষের উপলব্ধিপ্রযুক্ত, ইন্দ্রিয়বর্গ ভূতপ্রকৃতিক, অব্যক্তপ্রকৃতিক নহে, ইহা আমরা (নৈয়ায়িক-সম্প্রদায়) স্বীকার করি।

টিপ্রনী। মহাবি ইন্দ্রিয়ের পঞ্চত্ত-সিদ্ধান্ত সাধন করিতে পূর্ক্সেত্রে প্রকৃতির পঞ্চতকে চরম হৈতু বলিয়াছেন। কিন্তু সাংখ্যশাস্ত্রসম্মত অব্যক্ত (প্রকৃতি) ইন্দ্রিরে মূলপ্রকৃতি হইলে, অর্থাৎ সাংখ্যশাল্পসন্মত অহংকারই সর্কেন্তিরের উপাদান-কারণ হইলে, পূর্বস্ত্রোক্ত হেতু অগিদ্ধ হয়, এজনা মহর্ষি এই সূত্রের দার। শেদে পঞ্চতূতই যে, ইক্রিয়ের প্রকৃতি, ইহা যুক্তির বার। সমর্থন করিয়াছেন। পরন্ত, ইতঃপূর্ব্বে ইন্দ্রিয়ের ভৌতিকত্ব সিদ্ধান্ত সার্থন করিলেও, শেষে ঐ বিষয়ে মূলযুক্তি প্রকাশ করিতেও এই সূত্রটী বলিয়াছেন। মহাবির মূলযুক্তি এই যে, যেমন পৃথিব্যাদি পঞ্চ ভূত গদাদি গুণবিশেষেরই ব্যঞ্জক হয়, ভক্রপ ঘাণাদি পাঁচটি ইন্সিয়ও যথাক্রমে ঐ গ্রাদি গুণবিশেষের ব্যপ্তক হয়, স্মতরাং ঐ পঞ্চতের সহিত যথাক্রমে ঘাণাদি श्रु (अक्टिएय कामायारे गिक रहा। भवनवीं धेकवर्ण देश वास कहरता। ফলকথা, ছতাদি পাণিব দ্রবোর ন্যায় ঘাণেন্দ্রিয়া, রূপাদির মধ্যে কেবর গত্তেরই ব্যঞ্জক হওয়ায়, পার্থিব দ্রব্য বলিয়াই সিদ্ধ হয়। এইরপে রসনেন্দ্রিয় ক্রপাদির মধ্যে কেবল রলেরই বাঞ্জক হওয়ায়, জনীয় দ্রব্য বলিয়াই দিল্প হয়। এইরূপ চক্ষ্রিন্তিয়, প্রদীপাদির ন্যায় গছাদির মধ্যে কেবল রূপেরই ব্যঞ্জক হওয়ায়, তৈজস দ্রব্য বলিয়াই সিদ্ধ হয়। এইরূপ ছগিল্রিয় ব্যঞ্জন-বাযুর ন্যায় রূপাদির মধ্যে কেবল স্পর্ণেরই ব্যপ্তক হওয়ায়, বায়বীয় দ্রব্য বলিয়া সিদ্ধ হয় । এইরূপ শ্রবণেন্দ্রিয় আকাশের বিশেষ গুণ শব্দমাত্রের ব্যঞ্জ হ'ওয়ায়, উহা আকাশাল্পক বলিয়াই সিদ্ধ হয়। "তাৎপর্যাটীকা", "ন্যায়-মঞ্জরী" এবং "সিদ্ধান্তমুক্তাবলী" প্রভৃতি গ্রন্থে পুর্ব্বোজন্মপ ন্যায়মতের সাধৰ অনুমান-প্রণালী প্রদর্শিত হইয়াছে। পূর্ব্বোক্ত যুক্তির দার। দ্রাণাদি ইক্লিয়ের পার্থিবত অনীয়ত প্রভৃতি সিদ্ধ হইলে, ভৌতিকত্বই সিদ্ধ হয়। স্থতরাং ঘাণাদি ইন্দ্রিয়বর্গ সাংখ্যসন্ত অহংকার হইতে উৎপন্ন নহে. ইহাও প্রতিপ্র इय ॥ ७५ ॥

रैक्षिय्र-नानाष्ट्रीकद्रभ गर्माश्च ॥ ৮ ॥

ভাষ্য ৷ গন্ধাদয়: পৃথিব্যাদিগুণা ইত্যুদ্দিষ্টং, উদ্দেশ স্থিব্যাদীনা মেকগুণত্বে চানেকগুণত্বে সমান ইত্যুত আহ—

অনুবাদ। গন্ধাদি পৃথিব্যাদির গুণ, ইহা উদ্দিষ্ট হইয়াছে, কিন্তু ঐ উদ্দেশ পৃথিব্যাদির একগুণছ ও অনেকগুণছে সমান, এজন্ম (মহর্ষি ছুইটি সূত্র) বলিয়াছেন।

সূত্র। গন্ধ-রস-রূপ-স্পর্শ-শব্দানাং স্পর্শপর্য্যন্তাঃ পৃথিব্যাঃ ॥৬২॥২৬০॥

সূত্র। অপ্তেজোবায়্নাং পূর্বং পূর্বমপোহ্যাকাশ-স্যোত্তরঃ ॥৬৩॥২৬১॥

অন্তুবাদ। গন্ধ, রস, রপ, স্পর্শ ও শব্দের মধ্যে স্পর্শ পর্য্যন্ত পৃথিবীর গুণ। স্পর্শ পর্য্যন্তের মধ্যে অর্থাৎ গন্ধ, রস, রপ ও স্পর্শের মধ্যে পূর্বের পূর্বের ত্যাগ করিয়া জল, তেজ্ব ও বায়ূর গুণ জ্বানিবে। উত্তর অর্থাৎ স্পর্শের পরবর্তী শব্দ, আকাশের গুণ।

ভাষা। স্পর্শপর্য্যনামিতি বিভক্তিবিপরিণাম:। আকাশস্যোত্রঃ
শকঃ স্পর্শপর্য্যন্তেভ্য ইতি। কথং তহি তরবু নির্দ্দেশঃ ? স্বতন্ত্রবিনিয়োগসামর্থ্যাৎ: তেনোত্রশব্দস্য পরার্থাভিধানং বিজ্ঞায়তে। উদ্দেশসূত্রে হি
স্পর্শপর্য্যন্তেভ্যঃ পরঃ শক্দ ইতি। তন্ত্রং বা, স্পর্শস্য বিবক্ষিত্রাৎ।
স্পর্শপর্যান্তেষু নিযুক্তেষু যোহস্তান্তত্ত্রঃ শক্দ ইতি।

অফুবাদ। "স্পর্শপর্যান্তানাং" এইরূপে বিভক্তির পরিবর্ত্তন (বৃঝিতে হইবে) স্পর্শ পর্যান্ত হইতে উত্তর অর্থাৎ গন্ধ, রস, রপ ও স্পর্শের অনস্কর শব্দ,—আকাশের (গুণ)। (প্রশ্ন তাহা হইলে "তরপ" প্রভারের নির্দ্দেশ কিরূপে হয়। অর্থাৎ এখানে বহুর মধ্যে একের উৎকর্ষ বোধ হওয়ায়, "উত্তম" এইরূপ প্রয়োগই হইতে পারে, সূত্রে "উত্তব" এইরূপ—'তরপ্'প্রভারনিন্সান প্রয়োগ কিরূপে উপপন্ন হয়! (উত্তর) যেহেতু স্বতন্ত্র প্রয়োগে সামর্থ্য আছে, তন্নিমিত্ত 'উত্তর' শব্দের পরার্থের অভিধান অর্থাৎ অনস্তরার্থের বাচকত্ব বুঝা যায়। উদ্দেশ-

স্ত্রেও (১ম আ:,১ম আ:,১৪শ স্ত্রে) স্পর্শ পর্যান্ত হইতে পর অর্থাৎ স্পর্শ পর্যান্ত চারিটি গুণের অনন্তর শব্দ (উদ্দিষ্ট হইয়াছে) অথবা স্পর্শের বিবক্ষাবশত: "ভন্ত্র" অর্থাৎ স্ত্রেন্থ একই "স্পর্শ" শব্দের উভয় স্থলে সম্বন্ধ বুঝা যায়। নিযুক্ত অর্থাৎ ব্যবস্থিত স্পর্শ পর্যান্ত গুণের মধ্যে যাহা অন্তা অর্থাৎ শেষোক্ত স্পর্শ, তাহার উত্তর শব্দ।

টিপ্লনী। মহমি ইন্দ্রিয়-পরীকার পরে যথাক্রমে "অর্থে"র পরীক। করিতে এই প্রকরণের আরম্ভ করিয়াছেন। সংশয় ব্যতীত পরীক্ষা হয় না, তাই, ভাঘ্যকার প্রথমে "অর্থ" বিষয়ে সংশয় সূচন। করিয়া মহাদির দুইটি সূত্রের অবতারণ। করিয়াছেন। মহধি যে গদ্ধাদি গুণের ব্যবস্থার জন্য এখানে দুইটা সূত্ৰই বলিয়াছেন, ইহা উদ্যোতকরও ''নিয়মার্থে সূত্রে'' এই কথার দার। ব্যক্ত করিয়া গিয়াছেন। প্রথম অধ্যায়ে ''অর্ধে''র উদ্দেশসূত্রে (১ম আ:, ১৮ শ সুত্রে) গন্ধ, রস, রূপ, স্পর্শ ও শবদ এই পাঁচটি পৃথিব্যাদির গুণ বলিয়া ''অর্থ'' নামে উদ্দিষ্ট হইয়াছে। কিন্ত ঐ গন্ধাদি গুণের মধ্যে কোন্টি কাহার গুণ, তাহা সেখানে স্পষ্ট করিয়া বলা হয় নাই। মহিছির ঐ উদ্দেশের দার। যথাক্রমে গদ্ধ প্রভৃতি পৃথিব্যাদি এক একটির গুণ, ইহাও ৰুঝা যাইতে পারে। এবং গদ্ধাদি সমস্তই পৃথিব্যাদি সর্বভূতেরই গুণ, অথবা উহার মধ্যে কাহার**ও গুণ** একটি, কাহারও দুইটি, কাহারও তিনটি বা চারিটি, ইহাও বুঝ। যাইতে পারে। তাই মহম্বি এখানে সংশয়নিবৃত্তির জন্য প্রথম স্ত্রে তাঁহার সিদ্ধান্ত ব্যক্ত করিয়াছেন যে, গন্ধ, রস, রূপ, স্পশ ও শবদ, এই পাঁচটি গুণের মধ্যে স্পর্শ পর্যান্ত (গন্ধ, রস, রূপ ও স্পর্শ চারিটিই পৃথিবীর গুণ। স্পষ্টার্ণ বলিয়া ভাষাকার এখানে প্রথম সূত্রের কোন ব্যাখ্যা করেন নাই। দিতীয় সূত্রের ব্যাখ্যায় প্রথমে বলিয়াছেন যে, প্রথম স্ত্রোক্ত 'স্পর্শপর্যান্তাঃ'' এই বাক্যের প্রথমা বিভক্তির পরিবর্ত্তন করিয়া ষ্ঠা বিভক্তির যোগে 'শ্পর্শপর্যন্তানাং" এইরূপে বাকের অনুবৃত্তি মহর্ষির এই সূত্রে অভিপ্রেত। নচেৎ এই সূত্রে 'পূর্ব্বং পূর্ব্বং' এই কথার হার। কাহার পূব্ব পূব্ব, তাহ। বুঝা যায় না। পূর্ব্বাক্ত 'শেশপর্যন্তানাং' এইরপে বাক্যের অনুবৃত্তি বুঝিলে, বিতীয় সূত্রেব ছার। বুঝা যায়, স্পর্শ-পর্যান্ত অর্থাৎ গন্ধ, রদ, রূপ ও স্পর্শের মধ্যে পূর্ব্ব ত্যাগ করিয়। ব্দল ও ৰায়ুর গুণ বুঝিতে হইবে। অর্থাৎ ঐ গন্ধাদি চারিটির মধ্যে সকলের পূর্ব্ব গন্ধকে ত্যাগ করিয়া, উহার শেঘোক্ত রস, রূপ ও স্পর্শ ভলের গুণ বুঝিতে হইবে। এবং ঐ রসাদিব মধ্যে পূর্ব্ব অর্থাৎ রসকে ত্যাগ করিয়া শেষোক্ত রূপ ও স্পর্ণ তেজের গুণ বুঝিতে হ**ইবে**। এবং 🖫 রূপ ও স্পর্শের মধ্যে পূর্ক্ব রূপকে ত্যাগ করিয়। উহার শেষোক্ত স্পর্শ বাযুর গুণ বুঝিতে হইবে। ঐ স্পর্ণ পর্যান্ত চারিটি গুণের ''উত্তর'' অর্থাৎ সর্বশেষোক্ত শব্দ আকাশের গুণ বুঝিতে হইবে। এখানে প্রশু হ**ই**তে পারে যে, ''উৎ'' শব্দের পরে ''তরপ্'' প্রত্যয়যোগে ''উত্তর'' শব্দ নিষ্ণন্ন হয়। কিন্ত দুইটি পদার্ধের মধ্যে একের উৎকর্ঘ বোধন স্থলেই 'তরপু' প্রত্যয়ের বিধান আছে। এখানে ম্পর্ণ পর্যান্ত চারিটি পদার্থ হইতে শব্দের উৎকর্ঘ বোধ হওয়ায়, শব্দকে "উত্তম" বলাই সমুচিত। অর্থাৎ এখানে ''উৎ'' শব্দের পরে ''তমপ্'' প্রত্যয়-নিষ্পন্ন 'উত্তম' শব্দের প্রয়োগ করাই মহষির কর্ত্তব্য। তিনি এখানে ''উত্তর'' শব্দের প্রয়োগ করিয়াছেন কেন ? ভাষ্যকার নিজেই এই প্রশু করিয়া তদুত্তরে প্রথমে বলিয়াছেন যে, যেমন পদার্থদ্যের মধ্যে একের উৎকর্ষবোধনস্থলে "তরপূ" প্রতায়-নিষ্পন্ন "উত্তর" শবেদর প্রয়োগ হয়, ডজ্রপ "উত্তর" শবেদর স্বতন্ত্র প্রয়োগও অর্থাৎ প্রকৃতি ও প্রত্যয়নিরপেক অব্যুৎপন্ন ''উত্তর'' শব্দের প্রয়োগও আছে। স্থতরাং ্র রাচ্ ''উত্তর'' শবন থে, অনস্তর অর্থের বাচক, ইহা বুঝা যায়'। তাহ। হইলে এখানে স্পর্ণ পর্যান্ত চারিটি গুণের ''উত্তর'' অর্থাৎ অনন্তর যে শব্দ আকাশের গুণ, এইরাপ অর্থবোধ হওয়ায়, ''উত্তর'' শব্দের প্রয়োগ এবং তাহার অর্থের কোন অনুপপত্তি নাই। ভাষ্যকার শেষে ''উত্তর'' শব্দে "তরপ" প্রত্যয় স্বীকার করিয়াই, উহার উপপাদন করিতে কল্লাস্তরে বলিয়াছেন, ''তন্ত্রং বা''। ভাষ্যকারের তাৎপর্য্য মনে হয় যে, সূত্রে ''স্পর্ন'' ^{শংদ} এক**বার** উচ্চরিত হইলেও, উভয়ত্ত উহার স**ম্বন্ধ বুঝিতে হই**বে। হর্ষাৎ সূত্রস্থ ''উত্তর'' শব্দের সহিতও উহার সম্বন্ধ বুঝিয়া স্পর্শের উত্তর শব্দ, ইচাই মহমির বিবক্ষিত বুঝিতে হইবে। তাই দিতীয়কল্লে ভাষ্যকার **শেষে উহা**র ব্যাখ্যা করিয়াছেন যে, ব্যবস্থিত যে স্পর্শ পর্য্যন্ত চারিটি গুণ, তাহার মধ্যে যাহ। অস্তা অর্থাৎ শেষোক্ত স্পর্শ, তাহার উত্তব ^{এবদ}। স্পর্শ ও শবন—এই উভয়ের মধ্যে শবন ''উত্তর", এইরূপ বিব**ক্ষ**। হ**ইলে, ''ত**রপ্'' প্রতায়ের অনুপপত্তি নাই, ইহাই ভাষ্যকারের বিতীয় কল্লের মূল তাৎপর্য্য। তাই ভাষ্যকার হেতু বলিয়াছেন, ''ম্পর্শস্য বিবক্ষি-

১। অবাৎপলােধরমুতরশব্দোহনভরবচনঃ, তেন বহুনাং নির্দ্ধারণেহপাুপপনা । -ইতি —তাৎপর্যাটীকা।

তথাং'। অর্থাৎ মহাঘি স্পর্ণ পর্যান্ত চারিটি গুণের মধ্যে স্পর্ণকেই গ্রহণ করিয়া শবদকে ঐ স্পর্ণেরই 'ভিতর'' বলিয়াছেল। সূত্রেস্থ একই 'স্পেন্ট' শব্দের দোষোক্ত ''উত্তর'' শব্দের সহিত্তও সম্বন্ধ মহাঘির অভিপ্রেত : একবার উচ্চরিত একই শব্দের উভয়ত্র সম্বন্ধকে ''ড়ন্ত-সম্বন্ধ'' বলে। পূর্বেমীমাংসা-দর্শনের প্রথম অধ্যায় চতুর্থপাদে বাজপেয়াধিকরণে এই ''ভন্ত-সম্বন্ধে'র বিচার আছে। ''শাজ্রদীপিক।'' এবং ''ন্যায়-প্রকাশ'' প্রভৃতি মীমাংসাগ্রন্থেও এই ''ভন্ত-সম্বন্ধে'র কথা পাওয়া যায়। শব্দশান্তেও দিবিধ ''ভন্ধ'' এবং তাহার উদাংরণ পাওয়া যায়'। অভিধানে ''ভন্থ'' শব্দের প্রধান' প্রভৃতি অনেক অর্থ দেখা যায়। ''ভন্ধ'' শব্দের হার এখানে প্রধান অর্থ বুঝিয়া সূত্রে ''উত্তর'' শব্দটি ''ভরপ্'' প্রত্যানিস্পান যৌগিক, স্কতরাং প্রধান, ইহাও কেহ ভাষ্যকারের ভাৎপর্য্য বুঝিতে পারেন করে ও যৌগিকের মধ্যে যৌগিকের প্রধান্য স্থীকার করিলে, দ্বিভীয় করে সূত্রন্থ ''উত্তর'' শব্দের প্রাধান্য হইতে পারে। কিন্ত কেবল ''ভন্তং বা' এইরপ পাঠের দ্বারা ভাষ্যকারের এরপ ভাৎপর্য্য নিঃসংশ্বন বুলা যায় না।

এখানে প্রাচীন ভাষ্যপুস্তকেও এবং মুদ্রিত ন্যায়বাজিকেও "তন্ত্রং ব' এইরাপ পাঠই আছে। কিন্তু তাৎপর্যাচীকাকাব বাজিকের ব্যাখ্যা করিছে এগানে শেষে লিখিয়াছেন যে, কোন পুস্তকে "তন্ত্রং বা" ইত্যাদি পাঠ আছে, উহা ভাষ্যানুগারে স্পষ্টার্থই। "তন্ত্রং বা" ইত্যাদি পাঠ যে কিন্তুপে স্পষ্টার্থই । "তন্ত্রং বা" ইত্যাদি পাঠ যে কিন্তুপে স্পষ্টার্থই । কিন্তু যদি ভাষ্য ও বাজিকে "তন্ত্র বা" এই স্বলে "তরব্ বা" এইরূপ পাঠই প্রকৃত বলিয়া গ্রহণ করা বার, এবং "তরব্ বা" এইরূপ পাঠ প্রকৃত বলিয়া গ্রহণ করা বার, এবং "তরব্ বা" এইরূপ পাঠ হইলে, বাজিককারের "ভবতু বা তরব্ নির্দ্ধেন্ধাং"— এইরূপ ব্যাখ্যাও স্থাস্কত হয়। ভাষ্যকাব প্রথম কল্পে "উত্তর" শব্দে "তরপ্" প্রতায় অস্বীকার করিয়া, দিতীয় কল্পে উহা স্বীকার করিয়াছেন। স্ক্রাং দিতীয় কল্পে "তরব্ বা" এইরূপ বাক্রের দির্দ্ধেন। স্ক্রাং দিক্রের স্বীকান করিয়াছেন। স্ক্রাং "তরব্ বা" এইরূপ প্রকৃত পাঠ "তন্তরং বা" এইরূপে বিকৃত হইয়া গিয়াছে কিনা, এইরূপ সন্দেহ জন্ম। ত্রীগণ এখানে দিতীয় কল্পে ভাষ্যকারের বক্তব্য এবং বাতিককারের "ভবত্ বা তব্ব

১। ''তছং দেধা শব্দতভ্তমর্থ্তভ্রঞ'' ইত্যাদি — নাগেশ ভটুক্ত ''লঘুশব্দেশ্বর' ফুউব্য ।

নির্দেশঃ" এইরূপ ব্যাখ্যা ববং "ম্পর্শস্য বিবন্ধিতত্বাৎ" এই হেতু-বাক্যের উবাপন এবং তাৎপর্য্যটীকাকারের "ফ্টুটার্ঘ এব" এই কথায় মনোযোগ করিয়া পূর্ব্বোক্ত পাঠকল্পনার সমালোচনা করিবেন। এখানে প্রচলিত ভাষ্যপাঠই গৃহীত হইয়াছে। কিন্ত ভাষ্যে শেষে "যোহন্যঃ" এইরূপ পাঠই সমস্ত পুস্তকে পরিদৃষ্ট হইলেও, "যোহন্তঃ," এইরূপ পাঠই প্রকৃত বলিয়া বিশ্বাস হওয়ায়, ঐ পাঠই গৃহীত হইয়াছে।। ৬৩।।

সূত্র। ন সর্বগুণারুপলক্ষেঃ।।৬৪।।২৬২।।

অনুবাদ। (পূর্ব্বপক্ষ) না, অর্থাৎ পূর্ব্বোক্ত প্রকার গুণ-নিয়ম সাধু নহে। কারণ, (ভ্রাণাদি ইন্দ্রিয়ের দ্বারা) সর্ব্বগুণের প্রত্যক্ষ হয় না।

ভাষ্য। নায়ং গুণনিয়োগঃ সাধুং, কম্মাৎ ? যস্ত ভৃতস্ত যে গুণা ন তে তদাত্মকেনেন্দ্রিয়েণ সর্ব্ব উপলভ্যন্তে,— পার্থিবেন হি ছাণেন স্পর্শপর্য্যন্তা ন গৃহুত্তে, গন্ধ এবৈকো গৃহুতে, এবং শেষেপণীতি।

অমুবাদ। এই গুণনিয়োগ অর্থাৎ পূর্ববসূত্রোক্ত গুণব্যবস্থা সাধু নহে, (প্রশ্ন) কেন ং (উত্তর) যে ভূতের যেগুলি গুণ, সেই সমস্ত গুণই "ভদাত্মক" অর্থাৎ সেই ভূতাত্মক ইন্দ্রিয়ের দারা প্রভ্যক্ষ হয় না। যহেতু পাথিব ভ্রাণেন্দ্রিয়ের দারা স্পর্শ পর্যায় অর্থাৎ গন্ধাদি চারিটি গুণই প্রভ্যক্ষ হয় না; এক গন্ধই প্রভ্যক্ষ হয়। এইরূপ শেষগুলিভেও অর্থাৎ জলাদি ভূতের গুণ রুসাদিভেও বুরিবে।

টিপ্পনী। মহনি পূর্কোভ দুই সূত্রের হার। পৃথিব্যাদি পঞ্চ ভূতের ওণ-ব্যবস্থা প্রকাশ করিয়া, এখন ঐ বিদয়ে মতান্তর খণ্ডন করিবার জন্য প্রথমে এই সূত্রের হারা পূর্ক্রপক্ষ বলিয়াছেন যে, পূর্কোজ্জরপ গুণব্যবস্থা যথার্থ নহে। কারণ, পৃথিবীতে গদ্ধাদি স্পর্ণ পর্যান্ত যে চারিটি গুণ বলা হইয়াছে,

১। তদ্রং বা স্পশ্স্য বিবক্ষিত্তাৎ—ভবতু বা তর্ব্নিদেশিঃ। ননুভমুত্ম ইতি প্লাপ্লেতি? ন, স্পশ্স্য বিবক্ষিত্তাৎ। গলাদিডাঃ পরঃ স্পশঃ, স্পশ্।দয়ং পর ইতি যাবদূরং ভবতি ভাবদুজং ভবতু।তর ইতি।—ন্যায়বার্ডিক।

≇চিৎ পাঠস্তরং যেতি যথা ভাষাং স্ফুটার্থ এব । তাৎপর্যাটীকা ।

তাহা পাথিব ইন্দ্রিয় ব্রাণের বারা প্রত্যক্ষ হয় না, উহার মধ্যে ব্রাণের বারা পৃথিবীতে কেবল গন্ধেরই প্রত্যক্ষ হয়। যদি গন্ধাদি চারিটি গুপই পৃথিবীর নিজের গুণ হইত, তাহা হইলে পাথিব ইন্দ্রিয় ব্রাণের বারা ঐ চারিটি গুণেরই প্রত্যক্ষ হইত। এইরূপে রস, রূপ ও ন্পর্ণ—এই তিনটি গুণই যদি জলের নিজের গুণ হইত, তাহা হইলে জলীয় ইন্দ্রিয় রসনার বারা ঐ তিনটি গুণেরই প্রত্যক্ষ হইত। কিন্তু রসনার বারা কেবল রসেরই প্রত্যক্ষ হইয়া থাকে। এবং রূপের ন্যায় স্পর্ণও তেজের নিজের গুণ হইলে, তৈজ্য ইন্দ্রিয় চক্ষুর বারা স্পর্ণেরও প্রত্যক্ষ হইত। ফলকথা, যে ভূতের যে সমন্ত গুণ বলা হইয়াছে, ঐ ভূতাত্ব দ্বাণাদি ইন্দ্রিয়ের বারা ঐ সমন্ত গুণেরই প্রত্যক্ষ না হওয়ায়, পূর্বেলিক গুণবাবস্থা যথার্থ হয় নাই, ইহাই পূর্বেশক্ষ।

ভাষ্য। কথং ভর্হীমে গুণা বিনিয়োক্তব্যাঃ 📍 ইভি—

অমুবাদ। (প্রশ্ন) তাহ। হইলে এই সমস্ত গুণ (গন্ধাদি) কিরূপে বিনিয়োগ করিতে হইবে?—অর্থাৎ পঞ্চ ভূতের গুণব্যবস্থা কিরূপ হইবে?

সূত্র। একৈকশ্যেনোত্তরোত্তরগুণসভাবাতুত্তরো-ত্তরাণাং তদমুপলব্ধিঃ। ৬৫॥২৬৩॥*

অমুবাদ। (উত্তর) উত্তরোত্তরেব অর্থাৎ যথাক্রমে পৃথিব্যাদি পঞ্চ ভূতের উত্তরোত্তর গুণের (যথাক্রমে গন্ধাদি পঞ্চগুণের) সত্তা বশতঃ সেই সেই গুণবিশেষের উপলব্ধি হয় না।

^{*} কোন পুস্তকে এই সূত্রের প্রথমে "একৈকস্যৈব" এইরূপ পাঠ দেখা যায়। এবং র্ডিকার বিশ্বনাথও এরূপ পাঠই গ্রহণ করিয়া ব্যাখ্যা করিয়াছেন, ইহাও অনেক পুস্তকের দারা বুঝিতে পারা যায়। কিন্ত 'ন্যায়বার্ডিক ও 'ন্যায়সূচীনিবল্লে" 'একৈকশ্যন'' এইরূপ পাঠই পাওয়া যায়। উহাই প্রকৃত পাঠ। ''একৈকশঃ'' এইরূপ অর্থে ''একৈকশান'' এইরূপ প্রয়োগ হইয়াছে। সূত্রগ্রেছ অনেক স্থানে বেদবং প্রয়োগ হইয়াছে। তাই এখানে বার্ডিকারও লিখিয়াছেন—''একৈকশ্যেনেতি সৌল্লোনিদ্দেশঃ''। ঋষিবাক্যে প্রেণিড অর্থে অন্যন্তও এরূপ প্রয়োগ দেখা যায়। যথা ''তেন মায়া সহস্রং তং শ্বরুস্যান্তগামিনা। বালস্য রক্ষতা দেহমেকৈকশ্যেন সূদিতং" (সক্র্দেশনসংগ্রহে 'রোমানুজদর্শনে'' উদ্বৃতা লোক)। কোন মুদ্রিত শ্রীভাষ্যে উজ্লেকে—''একৈকাংশেন'' এইরূপ পাঠ দেখা যায়। কিন্তু স্ক্র্দেশনসংগ্রহে উদ্বৃত্ত গাঠই প্রকৃতার্থবাধক, সূত্রাং প্রকৃত।

ভাষ্য। গন্ধাদীনামেকৈকো যথাক্রমং পৃথিব্যাদীনামেকৈকস্ত গুণঃ, অভস্তদমুপলিকিঃ—তেষাং তয়োক্তস্ত চামুপলিকি'- ভ্রাণেন রস-রূপ-স্পর্শানাং, রসনেন রূপস্পর্শয়োঃ, চক্ষুষা স্পর্শস্তেতি।

কথং তহানেকগুণানি ভূতানি গৃহান্ত ইতি ?

সংসর্গাচ্চানেকগুণগ্রহণং অবাদিসংসর্গাচ্চ পৃথিব্যাং রসাদয়ে। গৃহুন্তে, এবং শেষেপীতি।

অনুবাদ। গন্ধাদিগুণের মধ্যে এক একটি যথাক্রমে পৃথিব্যাদি ভূতের মধ্যে এক একটির গুণ; — অতএব "তদমু শলকি" অর্থাৎ সেই গুণত্রয়েরও, সেই গুণছয়ের এবং সেই এক গুণের উপলক্ষি হয় না (বিশদার্থ)— দ্রাণেন্দ্রিয়ের দ্বারা রস, রূপও স্পর্শেব রসনেন্দ্রিয়ের দ্বারা রূপ ও স্পর্শের, চক্ক্রিন্দ্রিয়ের দ্বারা স্পর্শের উপলক্ষি হয় না।

প্রেশ্ন) ভাষা হইলে অনেকগুণবিশিষ্ট ভূতসমূহ গৃহীত হয় কেন ? অর্থাৎ পৃথিবাাদি চারি ভূতে গন্ধ প্রভৃতি অনেকগুণের প্রত্যক্ষ হয়। কেন ? (উত্তর) সংসর্গবশতঃই অনেকগুণের প্রত্যক্ষ হয়। কিশদার্থ এই যে, জ্বলাদির সংসর্গবশতঃই পৃথিবীতে রসাদি প্রত্যক্ষ হয়। শেষ্ম গুলিতেও অর্থাৎ জল, তেজঃ ও বায়ুতেও এইরপ জ্বানিবে।

১। অনেক মুদ্রিত পৃস্তকে এবং "নাাদুরোদ্ধার" গ্রন্থে "সংসর্গাচ্চ" ইত্যাদি বাকাটি নাায়সূত্ররপেই গৃহীত হইরাছে কিন্ত র্তিকার বিষ্মাথ এবং "নায়সূত্র-বিবরণ"-কার রাধামেহেন গোস্থামী উট্টাচার্যা ঐরগ সূত্র গ্রহণ করেন নাই। "নায়সূত্রীনিবল্ধে" শ্রীমদ্ বাচস্পতি মিশ্রও ঐরগ সূত্র গ্রহণ করেন নাই তদনুসারে "সংসর্গাচ্চ" ইত্যাদি বাক্য ভাষ্য বলিয়াই গৃহীত হইল। কোন পুশুকে কোন টিপ্পনী-কার লিখিয়াছেন যে "ন পাথিবাপায়োঃ" ইত্যাদি পরবর্তি -সূত্রের ভাষারেছে ভাষাকার বলিয়াছেন, "নেতি ব্রিস্থাই প্রত্যাচি স্বরাই গোত্রের ঐ কখা দ্বারাই তাহার মতে "শংস্গাচ্চ" ইত্যাদি বাক্যটি মহর্ষি গোত্রের সূত্র নহে, ইহা স্পট্ট বুঝা যায়। কারপ ঐ বাক্যটি সূত্র হইলে, পূর্কোভে "ন স্বর্জগোপলব্যেঃ" এই সূত্র হইতে গণনা করিয়া চারিটি সূত্র হর, "বিস্তুরী" হয় না। কিন্ত এই যুক্তি সমীচীন নহে। কারণ, ভাষাকারের কথা দ্বারাই "সংস্পাচ্চ" ইত্যাদি বাক্য যে, তাহার মতে সূত্র ইহাও বুঝা যায়। পরে ইহা ব্যক্ত হইবে।

টিপ্লনী। মহিছি এই সূত্র হারা পুর্বোক্ত মত পরিষ্টুট করিবার জন্য,

এ মতে গুণ-বাবস্থা বলিয়াছেন যে, গদ্ধাদি গুণের মধ্যে এক একটি গুণ
যথাক্রমে পৃথিব্যাদি পঞ্চভূতের মধ্যে যথাক্রমে এক একটির গুণ। অর্থাৎ
গদ্ধই কেবল পৃথিবীর গুণ। রসই কেবল জলের গুণ। রূপই কেবল
তেজের গুণ। স্পর্শই কেবল বায়ুর গুণ। স্মৃতরাং পৃথিবীতে রস, রূপ ও
স্পর্ণ না থাকায়, ঘ্রাণেক্রিয়ের হারা এ গুণত্রয়ের প্রতাক্ষ হয় না, কেবল
গদ্ধমাত্রেরই প্রত্যক্ষ হয়। এইরূপ জলে রূপ ও স্পর্ণ না থাকায়, রসনেক্রিয়ের
হারা এ গুণহুয়ের প্রত্যক্ষ হয় না। এবং তেজে স্পর্শ না থাকায়, চক্ষুরিক্রিয়ের হারা স্পর্শের প্রত্যক্ষ হয় না। সূত্রে "তদনুপলিনিং"—এই বাংলা
'তেং'শব্দের হারা যথাক্রমে পূর্বোক্ত গুণহয়, গুণহয় এবং স্পর্শরূপ একটি
গুণই মহিছির বুদ্ধিস্থ। তাই ভাষ্যকারও "তেঘাং, তয়োঃ, ত্যা চ অনুপলিনিং"
—এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। সূত্রে তে চ, তৌ চ, স চ, এইরূপ একশেষবশতঃ "তেং'শব্দের হারা ঐরূপ অর্থ বুঝা যায়।

পূৰ্বেকি সিদ্ধান্তে অবশাই প্ৰশু হইবে যে, পৃথিবী প্ৰভৃতি পঞ্চত্ত যথাক্রমে গন্ধ প্রভৃতি এক একটিমাত্র গুণবিশিষ্ট হইলে, পৃথিব্যাদিতে অনেক গুণের প্রত্যক্ষ হয় কেন ? অর্থাৎ পৃথিবীতে বস্তুত: রসাদি না থাকিলে, তাহাতে রুগাদির প্রতাক্ষ হয় কেন ৷ এবং জনাদিতে রূপাদি না থাকিনে, তাহাতে রূপাদির প্রত্যক্ষ হয় কেন ? এতদুর্ত্তনে ভাষ্যকার শেষে পুর্ক্তি মতবাদীদিগের কথা বলিয়াছেন যে, পৃথিবীতে বস্ততঃ রসাদি না থাকিলেও জনাদি ভূতের সংসর্গ বশত: দেই জনাদিগত রসাদিরই প্রত্যক্ষ হইয়া থাকে পুশাদি পাথিব দ্রব্যে জনীয়, তৈজস ও বায়নীয় অংশও সংযুক্ত থাকায়, ভাহাতে সেই জনাদিদ্রব্যগত রস, রূপ ও স্পর্শের প্রত্যক্ষ হইয়া থাকে। এইরূপ জ্লাদি দ্রব্যেও বুঝিতে হইবে। এর্থাৎ জ্লে রূপ ও স্পর্শ ः থাকিলেও, তাগতে তেজ ও বায়ু সংযুক্ত থাকায়, তাহারই রূপ ও স্পর্শেষ প্রতাক্ষ হইয়া থাকে। এবং তেজে স্পর্শ না থাকিলেও, তাহাতে বাযু সংযুক্ত থাকান, তাহারই স্পর্শের প্রত্যক্ষ হইয়া থাকে। মহন্দি গোত্যের নিজ সিদ্ধান্তেও অনে কম্বলে এইরূপ কল্পনা করিতে হইবে, নচেৎ তাঁহার মতেও গদাদি প্রত্যক্ষের উপপত্তি হয় ন।। স্কুতরাং পূর্ব্বেক্তিরূপে পূথিব্যাদি ভূডে অনেক গুণের প্রত্যক্ষ অসম্ভব বলা যাইবে না।। ৬৫।।

ভাষ্য। নিয়মন্তহি ন প্রাপ্নোতি সংসর্গস্তানিয়মাচ্চতু গুণা পৃথিবী

ত্রিগুণা আপো দিগুণং ভেজ একগুণো বায়ুরিভি। নিয়মশ্চোপপছাতে, कथः १

অফুবাদ। (প্রশ্ন) তাহা হইলে সংসর্গের নিয়ম না থাকায়, পৃথিবী চতু**গুণ-বিশিষ্ট, জল ত্রিগুণ**বিশিষ্ট, তেজ গুণদ্বাবিশিষ্ট, বায়ু একগুণ-বিশিষ্ট, এইরূপ নিয়ম প্রাপ্ত হয় না, অর্থাৎ পূর্ব্বোক্তরূপ নিয়ম উপপন্ন হয় না ? (উত্তর) নিয়মও উপপন্ন হয়। (প্রশ্ন) কিরুপে গ

সূত্র। বিষ্টৎ হ্যপরং পরেণ ॥৬৬॥২৬৪॥

অমুবাদ। (উত্তর) থেহেতু অপর ভূত (পৃথিব্যাদি) পরভূত ' জলাদি) কর্ত্ত**ক "**বিষ্ট**" অর্থা**ৎ ব্যাপ্ত।

ভাষ্য। পৃথিব্যাদীনাং পূর্ব্বপূর্ব্বযুত্তরোত্তরেণ বিষ্টমভ: সংসর্গ-নিয়ম ইভি তচ্চৈতদ্ভূতস্প্টো বেদিতব্যং, নৈতহাঁভি।

অমুবাদ। পৃথিব্যাদির মধ্যে পূর্বব পূর্বব ভূত উত্তরোত্তর ভূত কর্তৃক ব্যাপ্ত, অতএব সংসর্গের নিয়ম আছে। সেই ইহা অর্থাৎ পূর্বে পূর্ব ভূতে পর ভূতের প্রবেশ বা সংসর্গবিশেষ ভূতস্ষ্টিতে জানিবে, ইদানীং নতে।

টিপ্লনী। প্রেবাজ মতে প্রশু হইতে পারে যে, যদি পৃথিব্যাদি ভূটেব মধ্যে একের সহিত অপরের সংসর্গবশতঃই অনেক গুণের প্রত্যক্ষ হয়, তাহা হইলে ঐ সংসর্গের নিয়ম না থাকায়, পৃথিবীতে গন্ধাদি চারিটি গুণের এবং ঘটেল রসাদি গুণত্রয়ের এবং তেছে রূপ এবং স্পর্শের এবং বায়ুতে কেবল স্পর্শেরই প্রত্যক্ষ হয়, এইরূপ নিয়ম উপপন্ন হইতে পারে না । তাই মহ**খি পূর্ব্বোক্ত মতে পুর্ব্বোক্তরপ নিয়মের উপপাদনে**র জন্য এই সূত্রের ষার। পূর্ব্বোক্ত মত্তবাদীদিগের কথা বলিয়াছেন যে, পৃথিব্যাদির মধ্যে পূর্ব্ব পূর্বে ভূত জলাদি উত্তরোত্তর ভূত কর্তৃক ব্যাপ্ত, স্নতরাং ভূতসংসর্গের নিয়ম উপপন্ন হয়। তাৎপর্ব্য এই যে, পৃথিবী জল, তেজ ও বায়ু কর্ত্বক ব্যাপ্ত, অর্থাৎ ব্লন, তেজ ও বায়ুশূন্য কোন পৃথিবী নাই । স্নতরাং পৃথিবীতে যথা-ক্ষে দল, তেজ ও বায়ুর গুণ—রস, রূপ ও স্পর্শের নিয়মত: প্রত্যক্ষ দনেন।

কিন্ত জলাদিতে পৃথিবীর ত্ররূপ সংসূর্গ না থাকায়, পৃথিবীর গুণ গন্ধের নিয়মত: প্রত্যক্ষ জন্মে না। এইরূপ জনে তেজ ও বায়ুর ঐরূপ সংসর্গ বিশেষ থাকায়, জলে তেজ এবং বায়ুর গুণ—রূপ ও স্পর্শের নিয়মত: প্রত্যক জন্মে। বিশ্ব তেজ ও বায়ুতে জনের এরূপ সংসর্গবিশেষ না থাকায়, তাহাতে জলের গুণ রদের নিয়মত: প্রত্যক্ষ জনেম না। এইরূপ তেড়ে ৰায়ুর ঐক্সপ সংগর্গবিশেষ থাকায়, তাহাতে বায়ুর গুণ স্পর্শের নিয়মতঃ প্রত্যক্ষ জ্বনেম, কিন্তু বায়ুতে তেজের এরূপ সংসর্ম না পাকায়, তাহাতে তেজের গুণ রূপের প্রতাক জনেম না। ফলকণা, ভূতস্টিকালে পূর্ব্ব পূর্ব্ব ভূতে পর পর ভূতেরই অনুপ্রবেশ হওয়ায়, পূর্ব্বেভিরূপ সংস্গনিয়ম ও তচ্ছনা ঐরপ গুণপ্রত্যক্ষের নিয়ম উপপন্ন হয়। জলাদি পরভূত কর্জু কই পৃথিব্যাদি পূর্ব্বভূত "বিষ্ট", কিন্ত পূর্ব্বভূত কর্তৃক জলাদি পরভূত "বিষ্ট" নহে। প্রবেশার্থ "বিশ" ধাতু হইতে "বিষ্ট" শব্দ সিদ্ধ হইয়াছে। উদ্দ্যোতকর লিখিয়াছেন,—"বিষ্টম্বং সংযোগবিশেম্বং"। তাৎপর্যাটীকাকার ঐ ''সংযোগবিশেষে''র অর্থ বলিয়াছেন,—ব্যাপ্তি। এবং ইহাও বলিয়াছেন যে, এ সংসর্গ উভয়গত হইলেও, উভয়েই উহ। তুল্য নহে। যেমন, অগ্নি ও ধ্মের সম্বন্ধ ঐ উভয়েই একপ্রকার নহে। অগ্রি ব্যাপক, ধূম তাহার ব্যাপ্য। ধূম থাকিলে সেধানে এগ্রির ভাবই থাকে; অভাব থাকে না, এবং অগ্রিশূন্যস্থানে ধূম থাকে না, কিন্তু ধূমশূন্যস্থানেও অগ্রি **খা**কে। এইরূপ জনাদি ব্যতীত পৃথিবী না থাকায়, পৃথিবীই জনাদির ব্যাপ্য, জনাদি পৃথিবীর ব্যাপক।

ভাষ্যকার এই মতের ব্যাখ্য। করিতে শেষে বলিয়াছেন যে, "ইহা ভূত-ভাষ্টতে জানিবে, ইদানীং নহে"। ভাষ্যকারের ঐ কথার হারা ভূতভাষ্ট-কালেই পূর্ব্ব পূর্ব্ব ভূতে পর পর ভূতের অনুপ্রবেশ হইয়াছে, ইদানীং উহা অনুভব করা যায় না, এইরূপ তাৎপর্যাই সরলভাবে বুঝা যায়। পরবন্ধি-সূত্র-ভাষ্যে ভাষ্যকার এই কথার যে খণ্ডন করিয়াছেন, তদ্ধারাও এই তাৎপর্য্য শেষের অর্থ ব্যাখ্য। কিন্তু তাৎপর্য্য-চীকাকার এখানে ভাষ্যকারের "ভূতভাষ্টি" শব্দের অর্থ ব্যাখ্য। করিয়াছেন, ভূতভাষ্টি প্রতিপাদক পুরাণশাল্প। অর্থাৎ ভূতভাষ্টিপ্রতিপাদক পুরাণশাল্পে ইহা জানিবে, পুরাণশাল্পে ইহা বণিত আছে। পরবন্ধি-সূত্রভাষ্য-ব্যাখ্যায় ঐ পুরাণের কোনরূপে অন্যপ্রকার ব্যাখ্য। করিতে হইবে, ইহাও তাৎপর্যাদীকাকার লিখিয়াছেন। কিন্তু কোন্ পুরাণ-বচনের কিরূপ ব্যাখ্য। করিতে হইবে, ভাহা তিনি কিছুই বনেন নাই। তাৎপর্যাটীকাকার—তাঁহার 'ভামতী'' গ্রন্থে শারীরক-ভাষ্যোক্ত গুণব্যংস্থা সমর্থনের জন্য কতিপয় পুরাণ-বচন উদ্ধৃত করিয়াছেন ?। কিন্তু সেই সমস্ত বচনের **যার। আকাশাদি পঞ্ভূতের য**থাক্রমে শব্দপ্রভৃতি এক একটিই গুণ, এই মত **বুঝা যা**য় না। তদ্বারা অন্যরূপ মতই বুঝা যায়। দেখানে তাঁহার উদ্বৃত বচনের শেষ বচনের খারা ভূতবর্গের পরস্পরানুপ্রবেশও স্পষ্ট বুঝা যায়। গ্ৰশ্য **মহদি মনু ''আকাশং জায়তে ত**ম্মাৎ''—ইত্যাদি ''অদ্ভ্যো গদ্ধগুণা ভূমিরিতোঘা স্টেরাদিত:'' ইতান্ত- (মনুসংহিতা ১ম অ:, ৭০।৭৬।৭৭।৭৮) বচনগুলির বারা স্টাষ্টর প্রথমে আকাশাদি পঞ্চতুতের যথাক্রমে শব্দাদি এক একটি গুণের উল্লেখ করিয়াছেন, কিন্তু মহাঘি গোতম এখানে মতান্তরক্সপে যে গুণব্যবন্থ। প্রদর্শন করিয়াছেন, যাহা পুরাণের মত বলিয়া তাৎপর্যাটীকা-কার প্রকাশ করিয়াছেন, উহ। মনুর মত নহে। কারণ, প্রথমে পঞ্জতে এক **একটি গুণের উৎপত্তি হইলেও, প**রে বায়ু প্রভৃতি ভূতে যে, গুণা**ন্তরে**রও উংপত্তি হয়, ইহা মনু প্রথমেই বলিয়াছেন^২। কেহ কেহ পূর্ব্বোক্ত মতকে আয়ু**ব্বেদের মত বলিয়। প্রকাশ করেন এবং এ মত যে গোত্**মেরও সল্মত, ই**হা গোতমের এই** সূত্র পাঠ করি<mark>য়া সমর্থন করেন। কিন্ত মহর্ষি গো</mark>তম মে, পরব**র্ত্তী সূত্রের দার। এই মতের খণ্ডন করিয়াছেন, ই**ং। তাঁহার নিজের মত নহে, ইহা দেখা আবশ্যক। আমরা কিন্ত পূর্ব্বোক্ত মতকে আয়ুর্বেদের মত ব**লিয়াও বুঝিতে পারি না। কারণ,** চর**ক-**সংহিতায়^ত বায়ু প্রভৃতি পর **প**র ভূতে অন্যান্য ভূতের সংমিশ্রণজন্য গুণবৃদ্ধিই কথিত হইয়াছে। মুশ্বতসংহিতায় ⁸ ''**একোত**র পরিবৃদ্ধা:'' এবং ''পরম্পরানুপ্রবেশাচ্চ'' ইত্যাদি

১। পুরাণেহপি সমর্য্যতে—'আকাশং শব্দমান্ত স্পর্শমান্তং স্মাবিশ্বং' ইত্যাদি। প্রস্পরানুপ্রবেশাক ধারম্ভি প্রস্পরং"।—বেদাভদশন ২। ২। ১৬শ স্ত্রের ভাষ্য ভাষ্তী' দুউব্য!

২। আদ্যাদ্যস্য ভণভেষামবাগোতি পরঃ পরঃ। যো যো যাবতিথকৈষাং স স তাবদ্ ভণঃ স্মৃতঃ॥ ১। ২০।

তষামেকগুণঃ পূর্বো গুণবৃদ্ধিঃ পরে পরে।
 পূর্বাঃ পূর্বাগুণকৈর ক্লমশো গুণিয়ু স্মৃতঃ।।

৪। আকাশপ্রনদহনতোরভূমিষু যথাসংখামেকোতরপরিবৃদ্ধাঃ শব্দ-স্পর্শ-রূপ-রুস-গ্রাঃ, তঙ্মাদাপ্যো রুসঃ পরস্পরসংস্গাঁও পরস্পরানুগ্রহাও পরস্পরানুগ্রবেশাক সর্ক্ষেষ্ট্র সংক্ষিষাং সাদ্ধিধ্যমন্তি ইত্যাদি।

[—]সূশুতসংহিতা, সূত্রস্থান। ২

বাক্যের ঘারাও ঐ সিদ্ধান্তই স্থ্বাক্ত হইয়াছে। আয়ুর্কেদমতে জন্যদ্রব্যমাত্রই পাঞ্চতৌতিক, পঞ্চতুতই সকলের উপাদান। কিন্তু বেদান্তশাস্ত্রোক্ত পঞ্চীকরণ ব্যতীত ঐ সিদ্ধান্ত উপপন্ন হয় ন।। ভূতবর্গের পরম্পরা**নুপ্রবেশ সম্ভব** হয় না। কিন্তু এখানে ''বিষ্টং হ্যপরং পরেণ'' এই সূত্রের হার। পঞ্চীকরণ কথিত হয় নাই এবং পঞ্চীকরণানুসারে বেদান্তশান্ত্রোক্ত গুণবাবস্থাও ঐ সূত্রের দার। সম্থিত হয় নাই, ইহা প্রণিধান কর। আবশ্যক। যাহা হউক, তাৎপর্য্য-টীকাকারের কথানুগারে অনেক পুরাণে অনুগন্ধান করিয়াও উক্ত মতান্তরের বর্ণন পাই নাই। পুরাণে অনেক স্থলে এ বিঘয়ে সাংখ্যাদি মতেরই বর্ণন পাওয়া যায়। কিন্তু নহাভারতের শান্তিপর্কের একস্থানে উক্ত মতা**ন্তরের ব**র্ণন বুঝিতে পার। যায়। সেখানে আকাশাদি পঞ্চতুতে অন্যান্য পদার্থবিশেষও গুণ বলিয়া কথিত হইলেও, শব্দাদি পঞ্জণের মধ্যে যথাক্রমে এক একটি গুণই আকাশাদি পঞ্চূতে কথিত হইয়াছে। সেধানে বায়ু **প্ৰ**ভৃতি ভূডে ক্রমশ: গুণবৃদ্ধির কোন কথা নাই। সেখানে বায়ু প্রভৃতিতে **গুণবৃদ্ধি বুঝি**লে, সংখ্যানির্দেশও উপপন্ন হয় না। স্থাগিই ইছ। প্রণিধান করিয়া মহাভারতের ত্র সমস্ত প্লোকের > তাৎপর্য্য বিচার করিবেন এবং পূর্ব্বোক্ত মতান্তরের মূল অনুসদ্ধান করিবেন।। ৬৬।।

সূত্র। ন পাথিবাপ্যয়োঃ প্রত্যক্ষাত্বং ॥৬৭॥২৬৫॥

অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে, যেহেতু পার্থিব ও জলীয় দ্রব্যের প্রত্যক্ষ হইয়া থাকে।

ভাষ্য। নেতি ত্রিস্ত্রীং প্রত্যাচষ্টে, কম্মাৎ ? পার্থিবস্ত স্তব্যস্ত আপাস্ত চ প্রত্যক্ষত্বাৎ। মহস্বানেকন্দ্রব্যবস্থাদ্রূপাচ্চোপলন্ধিরিতি তৈঞ্জস-

১। শব্দঃ শ্রোরং তথাধানি ররমাকাশসভবং।
প্রাণশ্টের তথা স্পর্শ এতে বার্ডণারয়ঃ।।
রূপং চক্ষুবিপাকশ্চ ত্রিধা জ্যোতিবিধীয়তে।
রুসোহথ রসনং স্লেহো গুণাস্ত্তে ক্রয়োহন্ডসঃ।।
গ্রেয়ং গ্রাণং শরীরঞ্জুমেরেতে গুণাস্তরঃ।
এতাষামিন্তিরগ্রামৈর্ব্যাধ্যাতঃ পাঞ্জৌতিকঃ।।
বায়েঃ স্পর্শো রুসোহন্ডাশ্চ জ্যোতিষো রূপমূচ্যতে।
আবাশপ্রভবঃ শব্দো গজ্যো ভূমিশুণঃ স্মৃতঃ।।

[—]শান্তিপৰ্ব্ব, মেক্ষেধর্ম, ২৪৬ জঃ, ৯। ১০। ১১। ১২

মেব জব্যং প্রভাক্ষং স্থাৎ ন পার্থিবমাপ্যং বা, রূপাভাবাৎ। তৈজ্ঞসবত্ত্ব পার্থিবাপ্যয়োঃ প্রভাক্ষত্বার সংসর্গাদনেকগুণগ্রাঃ গং ভূতানামিতি। ভূতান্তব্বকৃতক পার্থিবাপ্যয়োঃ প্রভাক্ষত্বং ক্রবতঃ প্রভাক্ষে বায়ুঃ প্রসজ্ঞাতে, নিয়মে বা কারণমূচ্যুতামিতি। রসয়োর্কা পার্থিবাপ্যয়োঃ প্রভাক্ষত্বাৎ। পার্থিবো রসঃ ষভূবিধ আপ্যো মধুর এব, ন চৈতৎ সংসর্গাদ্-ভবিতুমইতি। রূপয়োর্কা পার্থিবাপ্যয়োঃ প্রভাক্ষত্বাৎ তৈজ্ঞসরূপানুস্হাতয়োঃ, সংসর্গে হি ব্যঞ্জকমেব রূপং ন ব্যঙ্গ্রমস্তাতি। একানেকবিধত্বে চ পার্থিবাপ্যয়োঃ প্রভাক্ষত্বাজ্ঞপ্রমেশ্বরণং, পার্থিবং হরিত-লোহিত-পীতাভ্যনেকবিধং রূপং, আপ্যন্ত শুক্রমপ্রকাশকং, ন চৈতদেকগুণানাং সংসর্গে সত্যুপপ্রত ইতি।

উদাহরণমাত্রকৈওও। শুভঃপরং প্রপঞ্চঃ। স্পর্শয়োর্কা পাথিব-তৈজ্বয়োঃ প্রত্যক্ষত্বাৎ, পার্থিবোহসুফাশীতঃ স্পর্শঃ উফক্তৈদ্বসঃ প্রত্যক্ষঃ, ন চৈতদ্বেকগুণানামমুফাশীতস্পর্শেন বায়ুনা সংসর্গেণোপপছত ইতি। অথবা পাথিবাপ্যয়োক্র ব্যয়োর্ব্যবস্থিতগুণয়োঃ প্রত্যক্ষত্বাৎ। চতুগুর্ণং পার্থিবং দ্রব্যং ত্রিগুণমাপ্যং প্রত্যক্ষং, তেন তৎকারণা সুমীয়তে তথাভূ ৩-মিতি। তম্ম কার্য্যং লিঙ্গং কারণভাবাদ্ধি কার্য্যভাব ইতি। এবং তৈজসবায়ব্যয়োক্ত ব্যয়োঃ প্রত্যক্ষ ছাদৃগুণব্যবস্থায়ান্তংকারণে দ্রব্যে ব্যব-**স্থানুমানমিতি। দৃষ্টশ্চ বিবেকঃ পার্থিবাপ্যয়োঃ প্রত্যক্ষত্বাৎ,** পার্থিবং দ্রব্যমবাদিভির্বিযুক্তং প্রভ্যক্ষতো গৃহতে, আপ্যঞ্চ পরাভ্যাং, ভৈজ্ঞসঞ্চ বায়ুনা, ন চৈকৈকগুণং গৃহাত ইতি। নিরমুমানঞ্চ "বিষ্টং হাপরং পরে:ণ"-ভ্যেন্ডদিভি। নাত্র লিঙ্গমপুমাপকং গৃহত ইতি, যেনৈভদেবং প্রতি-পছেমহি। যচ্চোক্তং বিষ্টং হুপরং পরেণেতি ভূতস্তেই বেদিভব্যং ন সাম্প্রভমিতি নিয়মকারণাভাবাদযুক্তং। দৃষ্টঞ্চ সাম্প্রতমপরং পরেণ বিষ্টমিতি বায়ুনা চ বিষ্টং তেজ ইতি। বিষ্টত্বং সংযোগঃ, স চ দ্বয়োঃ সমানঃ, বায়ুনা চ বিষ্টত্বাৎ স্পর্শবিত্তেজো ন তু তেল্পসা বিষ্টত্বাদ রূপবান্ বায়ুরিতি নিয়মকারণং নাস্তীতি। দৃষ্টঞ তৈজ্ঞদেন স্পর্শেন বায়ব্যস্ত স্পার্শস্থাভিভবাদগ্রহণমিতি, ন চ তেনৈব তস্থাভিভব ইতি।

অকুবাদ। "ন" এই শব্দের দারা (পূর্ব্বোক্ত) ভিন স্ত্রকে

প্রত্যাখ্যান করিতেছেন, অর্থাৎ পূর্বের্নক্ত তিন সূত্রের দারা সমর্থিত সিদ্ধান্ত গ্রাহ্য নহে, ইহাই মহর্ষি এই সূত্রে প্রথমে "নঞ্" শব্দের দ্বার প্রকাশ করিয়াছেন। (প্রশ্ন) কেন ় (উত্তর) যেহেতু (১) পাথিব ও জ্বলীয় দ্রব্যের চাক্ষ্য প্রত্যক্ষ ইইয়া থাকে। মুহত্ব, অনেকন্দ্রব্যবত্ব ও রূপ-প্রযুক্ত (চাকুষ) উপলব্ধি হয়, এজন্ম (পূর্ব্বোক্ত মতে) তৈজ্ঞস দ্রব্যই প্রত্যক্ষ হইতে পারে, রূপ ন। থাকায় পার্থিব ও জলীয় দ্রব্ প্রত্যক্ষ হইতে পারে না। কিন্তু তৈজস-দ্রব্যের স্থায় পার্থিব ও জলীয় দ্রব্যের প্রত্যক্ষতাবশতঃ সংসর্গপ্রযুক্তই ভূতের অনেকগুণ প্রত্যক্ষ হয় না িঅর্থাৎ তেজের সংসর্গপ্রযুক্তই পৃথিবী ও জলে রূপের প্রভাল হয়, রূপ পৃথিবী ও জলের নিজগুণ নহে, ইহা বলা যায় না,] পরভ পার্থিব ও জলীয় দ্রব্যের "ভূতান্তরকৃত" অর্থাৎ অহা ভূতের (তেজের) সংসর্গপ্রযুক্ত প্রভাক্ষভাবাদীর (মতে) বায়ু প্রভাক্ষ প্রসক্ত ২য়, ্বিত্তাৎ বায়ুতেও তেজের সংসর্গ থাকায়, তৎপ্রযুক্ত বায়ুরও চাক্ষ্য-প্রত্যক্ষের আপত্তি হয়] অথবা তিনি নিয়মে অর্থাৎ তেজেই বায়ুর সংস্থ আছে, বায়ুতে তেজের ঐরপ সংসর্গবিশেষ নাই, এইরপ নিয়মে কার (প্রমাণ) বলুন।

(২) অথবা পার্থিব ও জ্বলীয় রসের প্রত্যক্ষতাবশতঃ (পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে)। পাথিব রস, ষট্প্রকার, জ্বলীয় রস কেবল মধুর, ইহাও সংসর্গবশতঃ হইতে পারে না [অর্থাৎ জ্বলে তিক্তাদি পক্ষরস না থাকায়, জ্বলের সংসর্গবশতঃ পৃথিবীতে তিক্তাদি রসের প্রত্যক্ষ হওয়া অসম্ভব]। (৩) অথবা তৈজ্ঞস রপের দ্বারা অমুগৃহীত পাথিব ও জ্বলীয় রূপের প্রত্যক্ষতাবশতঃ (পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে) যেহেতু সংসর্গ স্বীকৃত হইলে অর্থাৎ তেজ্ঞের সংসর্গপ্রযুক্তই পৃথিবী ও জ্বলের রূপের প্রত্যক্ষ স্বীকার করিলে, রূপ ব্যঞ্জবই হয়, ব্যঙ্গ্য হয় না। এবং পার্থিব ও জ্বলীয় রূপের অনেকবিধত্ব ও একবিধত্বনিয়ে প্রত্যক্ষতাবশতঃ (পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে)। পার্থিব রূপ, হরিত, লোহিত, পীত প্রভৃতি অনেক প্রকার; কিন্তু জ্বলীয় রূপ অপ্রকা

শক শুক্র, কিন্তু ইহা একগুণবিশিষ্ট পাথিব ও জনীয় **ভা**ব্যের সম্বন্ধে (তেন্তের) সংসর্গপ্রযুক্ত উপপন্ন হয় না।

ইহা অর্থাৎ সূত্রে "পার্থিবাপ্যয়োঃ" এই পদটি উদাহরণ মাত্রই। ইহার পরে প্রপঞ্চ অর্থাৎ এই সূত্রের ব্যাখ্যা বিস্তর বলিতেছি — (১) অথবা পাথিব ও তৈজ্ঞস স্পর্শের প্রত্যক্ষতাবশতঃ (পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে)। পার্থিব অনুফাশীত স্পর্শ ও তৈজস উফস্পর্শ প্রত্যক্ষ, ইহাও একগুণবিশিষ্ট পৃথিবী ও তেজের সম্বন্ধে অনুফাশীত-ম্পর্শবিশিষ্ট বায়ুর সহিত সংসর্গপ্রযুক্ত উপপন্ন হয় না। (২ অথবা ব্যবস্থিত গুণবিশিষ্ট পাথিব ও জলীয় দ্রব্যের প্রত্যক্ষতাবশতং (পূর্ব্রোক্ত সিদ্ধান্ত গ্রাহ্ম নহে) চতুর্গুণবিশিষ্ট পার্থিব জব্য ও ত্রিগুণবিশিষ্ট জনীয় দ্রব্য **প্রত্যক্ষ হয়, তদ্ধারা তাহার কারণ তথাভূত অনুমিত হ**য়। কার্য্য ভাহার (তথাভূত কারণের) লিঙ্গ, যেহেতু কারণের সত্তাপ্রযুক্ত কার্যোর সত্তা। (৩) এইরূপ তৈজ্ঞস ও বায়বায় দ্রব্যে গুণনিয়মেব প্রত্যক্ষতা-বশতঃ ভাহার কারণজ্বেয় ব্যবস্থার অর্থাৎ পূর্ব্বোক্ত গুণ-নিয়মের অনুমান হয়। (৪) অথবা পার্থিব ও জলীয় দ্রগ্যের প্রত্যক্ষতাবশতঃ বিবেক অধাৎ অন্য ভূতের সহিত অসংসর্গ দৃষ্ট ২য়। জলাদি কর্ত্তক বিযুক্ত 🛚 অসংস্ঞ) পার্থিব দ্রুব্য প্রত্যক্ষতঃ গৃহীত হয়, এবং তেজ্ব ও বায়ু দুৰ্ত্তক বিষ্ফুক্ত জলীয় দ্ৰব্য প্ৰত্যক্ষতঃ গৃহীত হয়, এবং বায়ু কৰ্ত্তক ^{নিযুক্ত} তৈজ্বস দ্রব্য প্রত্যক্ষতঃ গৃহীত হয়। কিন্তু (ঐ দ্রব্যত্রয়) এক একটি গুণবিশিষ্ট হইয়া গৃহীত হয় না। এবং "যেহেতু অপরভূত শরভূত কর্ত্তক বিষ্টু" ইহা নিরমুমান, এই বিষয়ে অনুমাপক লিঙ্গ ্হীত হয় না, যদ্ধারা ইহা এইরূপ স্বীকার করিতে পারি। আর য় বলা হইয়াছে, "য়েহেতু অপরভূত পরভূত কর্তৃক বিষ্ট' ইহা ষ্ট**্রস্থিতে জানিবে—ইদানীং নহে, ইহা**ও অযুক্ত। কারণ, নিয়মে মর্থাৎ কেবল গন্ধই পুথিবীর বিশেষ গুণ, ইত্যাদি প্রকার নিয়মে কারণ ্রপ্রমাণ) নাই। সম্প্রতিও অপরভূত পরভূত কর্তৃক বিষ্ট দেখা যায়। ভন্ধ: বায়ু কর্ত্তক বিষ্ট হয়। বিষ্টত্ব সংযোগ, সেই সংযোগ কিন্তু উভয়ে এক। বায়ু কর্ত্বক বিষ্ট্রত্বশতঃ তেজঃ স্পর্শবিশিষ্ট, কিন্তু তেজঃ কর্ত্ব বিষ্ট্রত্বশতঃ বায়ু রূপবিশিষ্ট নহে, এইরূপ নিয়মে প্রমাণ নাই। এব তৈজ্বস স্পর্শ কর্ত্বক বায়বীয় স্পর্শের অভিভবপ্রযুক্ত অপ্রত্যক্ষ দেখ যায়। কারণ, তৎকর্ত্বই তাহার অভিভব হয় না, অর্থাৎ কোন পদাদ নিজেই নিজের অভিভবকর্ত্তা হইতে পারে না।

টিপ্লনী। নহাটি পুর্বেলাক্ত নতবিশেষ খণ্ডন করিতে এই সূত্র গাং বলিয়াছেন যে, পাথিব ও জলীয় দ্রব্যের চাকুষ প্রতাক হওয়ায়, পূর্বেল দিদ্ধান্ত গ্রাহা নহে। মহধির তাৎপর্যা এই যে, পাথিব, জলীয় ও তৈজন-এই তিন প্রকার দ্রব্যেরই চাক্ষ্ম প্রত্যক্ষ হইয়। থাকে। কিন্তু পূর্বেছ সিদ্ধান্তে কেবল তৈজ্য দ্ৰব্যেরই রূপ থাকায়, ভাষারই চাক্ষ প্রত্যক্ষ হটা পারে। কারণ, মহতাদির ন্যায় রূপবিশেষও চাক্ষ্ম-প্রত্যক্ষের কাবণ। পাঞ্জি ও জলীয় দ্রব্য একেবারে রূপশ্ন্য হইলে, তাহার চাক্ষ্য প্রত্যক্ষ আল হয়। রূপবিশিষ্ট তৈজন দ্রব্যের সংগর্গবর্ণতঃই পার্থিব ও জলীয় দ্র্যো চাক্ষ প্রত্যক জনেম, ইহা বলিলে বায়ুরও চাক্ষ প্রত্যক হইতে পারে কারণ, রূপবিশিষ্ট তেজের সহিত বায়ুরও সংসর্গ আছে। বায়ুতে তেন্ধে ঐ সংসর্গ নাই, কিন্তু তেজেই বায়ুর ঐ সংসর্গ আছে, এইরূপ নিয়মে লে প্রমাণ নাই। তাৎপর্য্যটাকাকার এখানে প্রেবাক্ত মতে তে**জে**র স্থি সংসর্গবশত: আকাশেরও চাক্ষ্ম প্রত্যক্ষের আপত্তি বলিয়াছেন। ভাষাকা এই সূত্রস্থ "পাথিবাপ্যয়ো:" এই বাক্যের হারা পাথিব ও জ্লীয় রসাণিক গ্রহণ করিয়া, এই সূত্রের হিতীয় প্রকার ব্যাধ্যা করিয়াছেন যে, পার্থি জলীয় রদের প্রত্যক্ষ হওয়ায়, পৃথিবীতে রস নাই ; কেবল জলেই রস আ এই সিদ্ধান্ত গ্রাহ্য নহে। জনের সহিত সংসর্গবশত:ই পথিবীতে রা প্রত্যক্ষ হয়, ইহা বলা যায় না। কারণ, জলে ভিন্তাদি রস না থান ছলের সংবর্গবশতঃ পৃথিবীতে তিক্তাদি রসের প্রতাক্ষ অসম্ভব । স্বর্গ পথিবীতে ঘড় বিধ রদেরই প্রত্যক্ষ হওয়ায়, ঘড় বিধ রসই তাহাতে স্বীকর্ণি ভাষাকার তৃতীয় প্রকার ব্যাখ্য। করিয়াছেন যে, তৈজস রূপের ছারা ^ব গৃহীত অর্থাৎ তৈজ্ঞস রূপ যাহার প্রত্যক্ষে সহায়, সেই পাথিব ও ^{ভা} রূপের চাক্ষ প্রত্যক্ষ হওয়ায়, পৃথিবী ও জলে রূপ নাই, এই পূর্^র সিদ্ধান্ত গ্রাহ্য নহে। তেজের সংসর্গবশতঃই পৃথিবী ও জলে রূপের ^{প্রতা} হয়, ইহা বলিলে বস্তুত: সেই তেজের রূপ সেখানে পৃথিবী ও ^{রুম}

াপ্তকই হয়, স্থতরাং দেখানে ব্যদ্য রূপ থাকে না। কিন্তু পৃথিবী ও নের ন্যায় তাহার রূপেরও প্রত্যক্ষ হওয়ায়, তাহাতে স্থগত ব্যদ্য রূপ নিশ্য স্বীকার্য। পরন্ত পৃথিবীতে হরিত, লোহিত, পীত প্রভৃতি নানাবিধ নিপের এবং জলে কেবল একবিধ শুক্ত-রূপের প্রত্যক্ষ হইয়। থাকে। কিন্তু থিব্যাদি ভূতবর্গ গন্ধ শভৃতি এক একটি গুণবিশিষ্ট হইলে তেজে হরিত, লাহিত প্রভৃতি নানাবিধ রূপ না থাকায়, এবং জলে পরিদৃশ্যমান অপ্রকাশক ক্যন্ত্রপ না থাকায়, তেজের সংসর্গপ্রযুক্ত পৃথিবী ও জলে ঐ সমন্ত রূপেন ব্যক্ষ অসম্ভব। তেজের রূপ ভাস্বর শুক্ত, স্থতরাং উহা অন্য বস্তর প্রকাশক রু অর্থাৎ চাক্ষুদ্ব প্রত্যক্ষের সহায় হয়। তাই ভাষ্যকার পাথিব ও জলীয় প্রেকে ''তৈজ্ব রূপানুগৃহীত'' বলিয়াছেন। জলের রূপ অভাস্বর শুক্ত, নৃত্রাং উহা পরপ্রকাশক হইতে পারে না। ভাষ্যকারের এই তৃতীয় কোর ব্যাখ্যায় সূত্রে 'পাথিব'' ও ''আপ্য'' শব্দের হার। পাথিব ও জলীয় পে বৃথিতে হইবে।

ভাষ্যকার শেষে সূত্রকাবের "পাথিবাপ্যয়ো:' এই বাক্যকে উদাহরণমাত্র ানিয়া এই সূত্রের আরও চারি প্রকার ব্যাধ্যা করিয়াছেন। তন্সধ্যে াথম ব্যাখ্যায় সূত্রে ''পাথিব'' ও ''আপ্য'' শব্দের বারা পাথিব ও তৈজগ র্ণ**ন্ বুঝিতে হইবে। তাৎপর্**য্য এই যে, পাথিব ও তৈজগ-ম্পর্ণের প্রতাক্ষ াওয়ায়, পৃথিনী ও তেজে স্পর্শ নাই, এই সিদ্ধান্ত গ্রাহ্য নহে। বারুর াংস্গ্রশত:ই পৃথিবী ও তেজে স্পর্শের প্রত্যক্ষ হয়, ইহ। বলা যায় না। ারণ, পৃথিবীতে পাকজন্য অনুফাশীত স্পর্ণ এবং তেজে উক্তস্পর্শের প্রত্যক্ষ ^{'ইয়া} **ধাকে। বাযুতে** ঐ**রপে স্পর্শ নাই ; কারণ, বাযুর স্পর্শ অপা**ক**জ** <mark>ানুষাশীত। স্থতরাং বায়ুর সংসর্গবশতঃ পৃথিবী ও</mark>তেজে পূর্ব্বোভরূপ ^{বিষা}তীর স্পর্শের প্রত্যক্ষ অসম্ভব। দিতীয় ব্যাখ্যার তাৎপর্য্য এই যে, ন্ধাদি চারিটি গুণবিশিষ্ট পাথিব দ্রব্যের এবং রসাদিগুণত্রয়বিশিষ্ট ঘলীয় াব্যের প্রত্যক্ষ হওয়ার, ঐ দ্রব্যধ্যের কারণেও এরপ গুণচতুষ্টর ও গুণত্রয াছে, ইহা অনুমিত হয়। কারণ, কাংণের সতাপ্রযুক্তই কার্য্যের সতা। াৰিব ও জনীয় দ্ৰব্যে যে গুণচতুষ্ট্য ও গুণত্ৰয় প্ৰত্যক্ষ কর। যায়, তালার ^{ল কারণ} পরমাণুতেও ঐরূপ ব্যবস্থিত গুণচতুষ্টয় ও গুণত্রয় আছে, ই*হ*। নুমান-প্রমাতেণর দার। সিদ্ধ হয়। স্মতরাং পূর্বের্বাক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে। ্তীয় ব্যাখ্যার তাৎপর্য্য এই যে, তৈজস ও বায়বীয় দ্রব্যে গুণব্যবস্থার অর্থাৎ াৰম্বিত বা নিয়তগুণের প্রতাক্ষ হওয়ায়, তাহার কারণদ্রব্যে ঐ গুণব্যবস্থাব দ্মান হয়। তেজে রূপ ও ম্পর্ণ,—এই দুইটি গুণেরই নিয়মত: প্রত্যক্ষ

ছওয়ায় এবং বায়ুতে কেবল স্পর্শেরই নিয়মত: প্রত্যক্ষ হওয়ায়, তদ্বার তাহার কারণ পরমাণুতেও এরপ গুণব্যবস্থা অবশ্য দিদ্ধ হইবে। স্কুতরাং তেজে রপ ও স্পর্শ—এই গুণমুয়ই আছে, এবং বায়ুতে কেবল স্পর্শই আছে, এইরপে গুণব্যবস্থা দিদ্ধ হওয়ায়, পূর্ক্বোক্ত দিদ্ধান্ত গ্রাহ্য নহে। এই ব্যাখ্যায় সূত্রে 'প্রত্যক্ষত্ব' শবেদর হার। পুর্ক্বোক্তরূপ গুণব্যবস্থার প্রত্যক্ষত্ব ব্রিতে হইবে। এবং 'পাথিবাপ্যয়ো:'' এই বাক্যটি উদাহরণমাত্র॥ উহার হারা 'তৈজস্বায়ব্যয়ো:''ই এইরপ সপ্তমী বিভক্ত্যন্ত বাক্য এই প্রে

ভাষ্যকার শেষে ''দৃষ্টশ্চ বিবেক:" ইত্যাদি ভাষ্যের হার। করান্তরে এই সূত্রের চরম ব্যাখ্যা করিয়াছেন। "দৃষ্টশ্চ" এই স্থলে "চ"শব্দের অর্ধ বিকর। অন্য ভূতের সহিত অসংসর্গই বিবেক। জলাদি ভূতের সহিত অসংস্ট পাথিব দ্রব্যের এবং পৃথিবী ও তেজের সহিত অসংস্ট জনীয় দ্রব্যের এবং বায়ুব সহিত অসংস্ট তৈজস দ্রব্যের প্রত্যক্ষ হওয়ায়, পূর্ব্বোক্ত সিদ্ধান্ত গ্রাহ্য নহে, ইহাই এই কল্পে সূত্রার্থ বুঝিতে হইবে।

১। ভাষ্যকারের "তেজসবায়ব্যয়োর ব্যয়োঃ প্রত্যক্ষ ত্বাৎ" এই সন্দর্ভের ত্বারা তিনি বায়ুর প্রত্যক্ষ স্থীকার করিতেন, এইরূপ এন হইতে পারে। কিন্তু ভাষ্যকার এখান তৈজস ও বায়বীয় দ্বোর প্রত্যক্ষতা বলেন নাই। এরূপ দ্রব্যে গুণবাৰস্থার প্রত্যক্ষতাং বলিয়াছেন। এখানে ভাষ্যকারের তাহাই বজব্য। ভাষ্যে 'বৈজসবায়োব্যয়োঃ'' এই **ছলে সঙ্মী বিভজি প্রযুক্ত হইয়াছে। ন্যায়দশনে বায়্ব প্রত্যক্ষতাবিষয়ে** জোন কথা নাই । বৈশেষিকদৰ্শনে মহৰ্ষি কণাদ বায়ুর অনুমানই একাশ করিয়াছেন তদনুসাবে প্রাচীন বৈশেষিক ও নৈয়ায়িকগণ বায়র অতীন্দ্রিয়ত সিদ্ধান্তই বলিয়াছেন। পুৰেবাজ ৪০শ সূত্রের ভাষে। রূপশূন্য দব্যের বাহা প্রতাক্ষ জল্ম না, ইহাও ভাষাকারে কথার দারা বুঝা যায়। প্রথম অধ্যায়ে (১ম আঃ, ১৪ স্তের বার্ডিকে) উদ্যোতকরে কথার ভারাও বায়ু যে বাহা প্রতাক্ষের বিষয় নহে, ইহা সপ্ট বুঝা যায়। বিং ''তার্কিকরক্ষা''কার বরদরাজ বায়ুর প্রতাক্ষতা স্থাকার করিতেন, ''ইহা তার্কিকরক্ষা''ং টীকায় মল্লিনাথ লিখিয়াছেন । নবানৈয়ায়িক তার্কিকশিরোমনি রঘুনাথ 'পদার্থ^ত্ নিরাপণ''প্রস্থে ছাগিলিয়ের ভারা বায়ুর প্রতাক্ষ জন্মে, এই মতই সমর্থন করিয়াছেন তদন্সারেই ''সিক্কাতমূজাবলী'' গ্রন্থে বিশ্বনাণ নব্যমতে বায়ুর প্রত্যক্ষ এবং ঐ মত্যে **যুজির উ:র**খ করিয়াছেন। কি**ন্ত ন**বা**নৈ**য়ায়িকপ্র**বর জগদীশ তর্কালকার** রঘুনাথের ^{মট} গ্রহণ করেন নাই। তিনি ''শব্দশক্তিপ্রকাশিকা''য় ''বিংশ-কারিকা''র ব্যাখায় বা^{য়ুক} **জাতিকে** অতীন্দ্রিয় বলিয়া_, বায়ুর অপ্রতাক্ষতাই যে তাঁহার সম্মত, ইহা প্র^{কা} করিয়াছেন । সুতরাং, "সিদ্ধান্তমুক্তাবলী"তে বিশ্বনাথের কথানুসারে নব্যনৈয়ায়িক^{মাট্টা} ষে বায়ুর প্রত্যক্ষতা ছীকার করিতেন, ইহা বুঝিতে হইবে না ।

্য পার্থিব দ্রব্যে জনাদির সংসর্গ নাই, তাহাতে রস প্রতাক্ষ হইলে, তাহ। ঐ পাথিব দ্রব্যেরই রদ বলিয়া স্বীকার করিতে হইবে। এবং তাহাতে তেজের সংসর্গ না থাকায়, তাহাতে যে রূপের চাক্ষ্ম প্রত্যক্ষ হয়, তাহাও ঐ পাথিব দ্রব্যের নিজের রূপ বলিয়াই স্বীকার করিতে হইবে। এইরূপ পৃথিবী ও তেজের সহিত অসংসূষ্ট জলীয় দ্রব্যে এবং বায়ুব সহিত অসংসৃষ্ট তৈজস দ্রব্যে রূপ ও ম্পর্শ অবশ্য স্বীকার্যা, উহাতে নংদর্গপ্রযুক্ত রূপাদির প্রত্যক্ষ বলা যাইবে না। পৃথিব্যাদি ভূতের মধ্য হইতে অন্য ভূতের প্রমাণুদম্ভ নিকাশন করিয়। দিলে দেই অন্য ভতেব সহিত পৃথিব্যাদির বিবেক বা অসংসর্গ হইতে পারে। আধুনিক বৈজ্ঞা-নিকদিগের ন্যায় পরমপ্রাচীন বাৎস্যায়নও এতদ্বিদয়ে অজ্ঞ ছিলেন ন:, ইহা এগানে তাঁহার কথায় স্পষ্ট বুঝা যায়। ভাষ্যকাৰ শেষে পুৰেৰ্বাক্ত মতবাদী**দিগের কথার অনুবাদ করিয়া, তাহারও ধণ্ডন ক**নিতে বলিয়া**চে**ন যে, অপর ভূত পরভূত কতু ক বিষ্ট, ইহাও নিবনুমান, এ বিষয়ে অনু-নাপক কোন লিঙ্গ নাই, যদার। উহা স্বীকার করিতে পারি এবং ভূত-সৃষ্টিকালেই অপর ভূত পবভূত কর্ত্ত বিষ্ট হয়. এতৎকালে তাহ। হয না, এই যাহ। বল। হইয়াছে, তাহাও পুর্ব্জেরূপ নিয়ম-বিষয়ে কোন প্রমাণ না থাকায়, অযুক্ত। পরস্ত এতৎকালেও অপরভৃত পবভূত কর্তি বিষ্ট হয়, ইহা দেখা যায়। এগনও বায়ুকর্ত্ক তেজ বিষ্ট হয়, ইহা সর্ক-সম্মত। পরস্ত অন্য ভূতে যে অন্য ভূতের গুণের প্রতাক্ষ হয় বল। হুইয়াছে, তাহা ঐ ভূতৰ্যের ব্যাপ্য-ব্যাপক-ভাবপ্রযুক্তই বলা যায় না। কাৰণ, ব্যাপ্যব্যাপক ভাব না থাকিবেও, অগ্নিসংযুক্ত লৌহপিতে গগ্নির গুণের প্রত্যক্ষ হইয়া থাকে। এবং ব্যাপ্যব্যাপকভাব সর্বেও আ নশস্থ ধুমে ভমিস্থিত অগ্রিব গুণেব প্রত্যক্ষ হয় ন।। স্থতরাং পূর্ব্বেক্তিগতনাদীন। যে ''ৰিপ্তৰ'' বলিয়া≀ছন, তাহ। সংযোগমাত্র ভিন্ন আৰ কিছুই বল। নায় না। অপরভূতে পরভূতের সংযোগই ঐ বিষ্টম, উহা উভয় ভূতেই এক, বানুব সহিত তেজের যে সংশ্যাগ আছে, তেজেব সহিত'ও বায়ুব 🖫 সংযোগই মাছে। স্থৃতরাং তেজঃদংযুক্ত বায়ুতেও রূপের প্রতাক্ষ এবং ভজ্জন্য বায়ুরও চাক্ষু প্রত্যক্ষ হইতে পারে। বায়ুকর্তৃক সংযুক্ত বলিয়া তেজে শার্শের প্রত্যক্ষ হয়, কিন্তু তেজঃকর্তৃক সংযুক্ত হইলেও, বাযুতে রূপের প্রত্যক হয় না, এইরূপ নিয়মে কোন প্রমাণ নাই। ভাষ্যকার পূর্ব্বেজি মত খণ্ডন করিতে সর্বশেষে আর একটি বিশেষ যুক্তি বলিযাছেন যে, বারুর নধ্যে তে**জঃপ**ৰাৰ্থ প্ৰবৃষ্ট হইলে, তখন তাহাতে তেজের উফ স্পশই অন্তৃত হয়, তদ্যারা বায়ুর অনুষ্ণাশীত স্পর্শ অভিভূত হওয়ায়, তাহার অনুভব হয় না ; কিন্তু তেক্তে স্পর্শ না থাকিলে, সেখানে বায়ুর স্পর্শ কিগের দ্বারা অভিভূত হুইবে ? বায়ুর স্পর্শ নিজেই তাহাকে অভিভূত করিতে পারে না। কারণ, কোন পরার্থ নিজেই নিজের অভিভবজনক হয় না। স্ক্তরাং তেজের স্বকীয় উষ্ণস্পর্শ অবশ্য স্বীকার্য্য । ৬৭ ।।

ভাষ্য। তদেবং স্থায়বিরুদ্ধং প্রবাদং প্রতিষিধ্য "ন সর্ববগুণামু-পলব্বে"রিতি চোদি তং সমাধীয়তে 5—

অসুবাদ। সেই এইরূপে স্থায়বিরুদ্ধ প্রবাদ অর্থাৎ যুক্তিবিরুদ্ধ পূর্ব্বোক্ত মত খণ্ডন করিয়া, "ন সর্বস্থিণা মুপলব্ধেং" এই পূত্রোক্ত পূর্ব্বপক্ষ সমাধান করিতেছেন।

সূত্র। পূর্বং পূর্বং শুণোৎকর্ষাৎ তত্তৎপ্রধানং!

অমুবাদ। (উত্তর) পূর্ব্ব পূর্ব্ব অর্থাৎ ছ্রাণাদি ইন্দ্রিয়, গুণের (যথাক্রমে গন্ধাদি গুণের) উৎকর্ষপ্রযুক্ত "তত্তৎপ্রধান" অর্থাৎ গন্ধাদি-প্রধান, (গন্ধাদি বিষয়-বিশেষের গ্রাহক)।

১। এখানে ভাষাকারের এই কথার দ্বারা মহর্ষি পূর্বসূত্র "ন সর্বভণানুপলবেধঃ" এই সূ্রোজ পূর্বপ্লের খন্ডন করেন নাই, পূর্বেজি মতেরই অনুপপত্তি সমধ্ন করিয়াছেন, ইহা বুঝা যায়। এবং ইহা প্রকাশ করিতেই ভাষ্যকার পূর্বসূত্রভাষ্যারছে "নেতি ত্রিসূত্রীং প্রত্যাচন্টে" এই কথা বলিয়াছেন। নচেৎ স্থোনে ঐ কথা বলার কোন প্রয়োজন দেখা যায় না। সূত্রাং ভাষ্যকার পূর্বসূত্রভাষ্যে "ত্রিসূত্রী" শব্দের দ্বার: "ন সর্বভিণ্নুপলবেধঃ" এই সূত্র ত্যাগ করিয়া উহার পরবভী তিন সূত্রকেই গ্রহণ করিয়াছেন. ইহা বুঝা ঘাইতে পারে। তাহা হইলে পূর্বেজ 'সংস্গ্রুচানিকভণ্ গ্রহণং" এই বাকাটি ভাষ্যকারের মতে গোত্যের সূত্রই বলিতে হয়। কিন্তু "ন্যায়সূচীনিবদ্ধে" এররপ সূত্র নাই, পূর্বে ইহা লিখিত হইয়াছে।

^{*} অনেক পুস্তকে এই সূরে ''পূৰ্বপূৰ্ব'' এইরাপ পাঠ থাকিলেও, ''নাায়নিবফ'-প্রকাশে ' বর্দ্ধমান উপাধ্যায় ''পূৰ্বং পূৰ্বং" এইরাপ পাঠ গ্রহণ করিয়া সূত্রার্থ ব্যাখ্যা করায় এবং ঐরাপ পাঠই প্রকৃত মনে হওয়ায়, ঐরাপ পাঠই গুহীত হইল।

ভাষ্য। তত্মাম সর্বগুণোপলির বিণাদীনাং, পূর্বং পূর্বং গন্ধাদেগুণ-জ্যাৎকর্ষাৎ তত্তৎ প্রধানং। কা প্রধানতা । বিষয়গ্রাহকছং। কো গুণোৎকর্ম: । অভিব্যক্তৌ সমর্থছং। যথা, বাহ্যানাং পার্থিবাপ্যতৈজসানাং জ্ব্যাণাং চতুপ্ত ন- ত্রিগুণ-দিগুণানাং ন সর্বস্তিগব্যঞ্জকছং, গন্ধ-রস-রপোৎ-কর্মান্তু যথাক্রমং গন্ধ-রস-রপ-ব্যঞ্জকছং, এবং ভ্রাণ-রসন-চক্ষ্মাং চতুপ্ত নিত্রগুণ-দিগুণানাং ন সর্বস্তিগগ্রাহকছং, গন্ধরসরপোৎকর্মান্তু যথাক্রমং গন্ধরসরপ্রাহকছং, ভত্মাদ্ভাণাদিভিন সর্বেধাং গুণানামুপলির তি। যন্ত্র প্রতিজ্ঞানীতে গন্ধগুণজ্বংদ্ভাণং শন্ধস্থ গ্রাহক্ষেবং রসনাদিদ্বপীতিত বস্তু যথাগুণযোগং ভ্রাণাদিভিন্তিগ্রাহণ প্রস্কৃত্যত ইতি।

ত্রুবাদ। অতএব আণাদি ইন্দ্রিয় বর্তৃক সর্ববিগণের উপলব্ধি হয় না। (কারণ) পূর্বে পূর্বে, অর্থাৎ আণাদি ইন্দ্রিয়, গন্ধাদি-গুণের উৎবর্ষ-প্রযুক্ত তত্তৎপ্রধান। (প্রশ্ন) প্রধানত্ব কি: (উত্তর) বিষয়বিশেষের গ্রাহকত্ব। (প্রশ্ন) গুণের উৎবর্ষ কি: অভিব্যক্তি বিষয়ে সামর্থ্য। তাৎপর্য্য) যেমন চতুর্গুণবিশিষ্ট, ত্রিগুণবিশিষ্ট ও দ্বিগুণবিশিষ্ট পাথির জলীয় ও তৈজস বাহ্যজব্যের সর্ববিগণ ব্যক্তবৃত্ব নাই, কিন্তু গদ্ধ, রস ও রূপের উৎবর্ষপ্রযুক্ত যথাক্রেনে গন্ধ, রস ও রূপের ব্যক্তবৃত্ব আছে: এইরূপ চতুর্গুণবিশিষ্ট, ত্রিগুণবিশিষ্ট ও দ্বিগুণবিশিষ্ট আণ, রসনা ও চক্ষু-রিন্দ্রিয়ের সর্ববিগ্রণগ্রাহকত্ব নাই, কিন্তু গদ্ধ, রস, ও রূপের উৎকর্ষপ্রযুক্ত যথাক্রমে গন্ধ, রস, ও রূপের উৎকর্ষপ্রযুক্ত যথাক্রমে গন্ধ, রস ও রূপের গ্রাহকত্ব আছে, অতএব আণাদি ইন্দ্রিয় বর্তৃক সর্বস্থিণের উপলব্ধি হয় না।

যিনি কিন্তু গন্ধগুণত্বতেতুক হর্ণাৎ গন্ধবত্ব হেতুর দারা স্থাণেন্দ্রিয় গন্ধের গ্রাহক, এই প্রতিজ্ঞা করেন, এইরূপ রসনাদি ইন্দ্রিয়েও (রস-ব্যাদি হেতুর দারা রসগ্রাহক ইত্যাদি) প্রতিজ্ঞা করেন, তাঁহার (মতে) গুণযোগাসুসারে স্থাণাদির দারা গুণগ্রহণ মর্থাৎ রসাদি গুণার প্রত্যক্ষ প্রসক্ত হয়।

টিপ্লনী। মহমি পূর্বেস্ত্রের দারা পূর্বেজি মতের খণ্ডন করিয়া, এখন

তাঁহার নিজ দিদ্ধান্তে "ন সর্বভণানুপনকো" এই স্ত্রোক্ত পূর্বপক্ষের সমাধান বলিয়াছেন। মহাধির উত্তর এই যে, ঘাণাদি ইন্দ্রিয়ের ছার। গদ্ধাদি সর্ব গুণের প্রত্যক্ষ হইতে পারে না। কারণ, যে ইন্দ্রিয়ে যে গুণের উৎকর্ম আছে, সেই ইক্রিয়ের ছাব। সেই গুণবিশেষেরই প্রত্যক্ষ জনিময়। থাকে খ্রাণেক্রিয় পাথিব দ্রব্য বলিয়া তাহাতে গন্ধ, রস, রূপ ও স্পর্শ—এই চারি: গুণ থাকিলেও, তন্মধ্যে তাহাতে গদ্ধগুণের উৎকর্ষ থাকায়, উহ। গদ্ধেরই ব্যঞ্জক হয়। যথাক্রমে গন্ধাদি গুণের উৎকর্মপ্রযুক্ত যথাক্রমে ঘ্রাণাদি ইন্দ্রিয়, প্রধান। গদ্ধাদি-বিষয়বিশেষের গ্রাহকত্বই প্রধানত। এবং ঐ বিষয়-বিশেষের অভিব্যক্তি-বিষয়ে সামর্থ্যই শুণোৎকর্ষ। ভাষ্যকার **এইরূপ ব**লিলেও বাত্তিককার ঘ্রাণ, রসনা ও চক্ষুরিক্রিয়েব যথাক্রমে চতুর্গুণন্ধ, ত্রিগুণন্ধ **বিগুণৰ**ই সত্ৰোক্ত প্ৰধানৰ বলিয়াছেন। গ্ৰাণাদি ইন্দ্ৰিয়ে যথাক্ৰমে পৰ্ব্বোভ গুণ-চতুষ্ট্র, গুণত্রর ও গুণদ্র থাকিলেও, তন্মধ্যে যথাক্রমে গদ্ধ, রস ও রাপের উৎকর্মপুরুই উহাব৷ যথাক্রেয়ে গন্ধ, রস ও রাপেরই ব্যঞ্জক হয় : ভাষ্যকার দুষ্টান্ত ঘার৷ এই দিদ্ধান্তের ব্যাধ্য৷ করিয়াছেন যে, যেমন পার্থিৰ বাহ্য দ্রব্য গদ্ধাদি চতুর্গু পবিশিষ্ট হইলেও, উহা পৃথিবীর 🗓 চারিটি গুণেরই বাঞ্জ হয় না. কিন্তু গদ্ধগুণের উৎকর্মপুক্ত গদ্ধের: বাঞ্জক হয়, তদ্ধপ ঘু।পেন্দ্রি গন্ধা দি চতুও বি বিশিষ্ট হইলেও, তাহাতে গন্ধের উৎকর্ঘপ্রযুক্ত তাহ। গন্ধেরই ব্যঞ্জক হব। এইরূপ রুণাদি-ত্রিগুণ-বিশিষ্ট জনীয় বাহা দ্র:বার নাায় রমনে ক্রিয়ে রমাদি গুণতায় থাকিলেও. বদের উৎকর্ষপ্রয়ক্ত উহ। রদের ই বাঞ্জক হয়, রসাদি গুণতায়েরই ব্যঞ্জ ুয় না। এইরূপ রূপাদি-গুল্মরবিশিষ্ট তৈজ্ঞস বাহ্য দ্রব্যের ন্যায় চক্ষ্ রিক্রিয়ে ঐ গুণরর থাকিনেও, রূপের উৎকর্মপুর উহা রূপেরই বাঞ্জ হয়। মূলকথা, যে দ্রব্যে যে সমস্ত[্]গুণ আছে, সেই দ্রবা**ছক** ইদ্রি নেই সমস্ত গু:পরই ব্যপ্ত হুইবে, এই রূপ নিয়মে কোন প্রমাণ নাই ' ্রাণাদি ইন্দ্রিয়ত্রয়ের পার্থিবহাদি সাধ্যন যে পার্থিব, জলীয় ও তৈজা ভবাকে দুষ্টান্তরূপে গ্রহণ কর। যায়, তাহারাও সর্ব্বজ্পের ব্যঞ্জক নহে তদ্ষ্টাত্তে ঘ্রাণাদি ইক্সিয়ত্রয়ও যথাক্রমে গন্ধাদি এক একটা গুণে^{বই} ব্যঞ্জ হ হইয়। থাকে। কিন্তু ঘ্রাণেক্রিয়ে গন্ধই আছে, অতএব ঘ্রাণেক্রি গদ্ধের**ই গ্রা**হক এবং রসনেন্দ্রিয়ে রসই আছে, অতএব উহ। রসে^র গ্রাহক, ইত্যাদিরপে অনুমান হার। প্রকৃত সাধ্য সিদ্ধ কর। যায় না কারণ, পূর্কোক্ত মতবিশেষ খণ্ডৰ করিয়া মহাথি পৃথিব্যাদি ভূতবর্গের ^{যেক্রণ} . अनिवयं ममर्थन कवियारहन. जननुमारत शाधित द्यारनिक्टिय नह

ন্যায় রুগ, রূপ ও স্পর্ণ ও আছে । স্থতরাং প্রাণেক্রিয় ঐ রুগাদি গুণেরও গ্রাহক হইতে পারে । স্থতরাং ঐরূপ প্রতিজ্ঞা করা যায় না। ঐরূপ প্রতিজ্ঞা করিয়া ঘ্রাণাদি ইক্রিয়ের গদ্ধাদি-গ্রাহকত্ব সাধন করিলে, উহারা স্বগত সর্ব্ব গুণেরই গ্রাহক হইতে পারে । স্থতরাং পূর্ব্বোক্ত গুণোৎকর্মবশত:ই ব্রাণাদি-ইক্রিয় গদ্ধাদি-বিষয়বিশেষের গ্রাহক হয়, ইহাই বলিতে হইবে ।।৬৮।।

ভাষ্য। কিং কৃতং পুনর্ব্যবস্থানং কিঞ্চিৎ পার্থিবমিন্দ্রিয়ং, ন সর্ব্বাণি, কানিচিদাপ্যতৈজ্পবায়ব্যানি ইন্দ্রিয়াণি ন সর্ব্বাণি গ

অহুবাদ। (প্রশ্ন) কোন ইন্দ্রিয়ই পার্থিব, সমস্ত ইন্দ্রিয় নছে, কোন ইন্দ্রিয়বর্গই (যথাক্রমে) জলীয়, তৈজ্ব ও বায়বীয়, সমস্ত ইন্দ্রিয় নহে, এইরূপ ব্যবস্থা কি প্রযুক্ত ? অর্থাৎ এরূপ নিয়মের মূল কি ?—

সূত্র। তদ্ব্যবস্থানন্ত ভূয়স্থাৎ ॥৬৯॥২৬৭॥

অনুবাদ। (উত্তর) সেই ইন্দ্রিয়বর্গের ব্যবস্থা (পাথিবত্বাদি নিয়ম \ কিন্তু ভূয়ত্ত্ব পার্থিবাদি-ভাগের প্রকর্ষ বশতঃ বুঝিবে।

ভাষা। অর্থনির ত্তিসমর্থস্থা প্রবিভক্ত জব্যুন্তা সংসর্গঃ পুরুষসংস্কার-কারিতো ভূয়ত্বং। দৃষ্টো হি প্রকর্ষে ভূয়স্ত্রশক্ষঃ, প্রাকৃটো যথা বিষয়ে। ভূয়ানিত্যচ্যতে। যথা পৃথপর্থক্রিয়াসমর্থানি পুরুষসংস্কারবশাদিয়োলধি-মণিপ্রভৃতীনি জব্যাণি নির্বর্ত্তান্তে, ন সর্ববিষয় গ্রহণসমর্থানীতি।

ত্রুবাদ। পুরুষার্থ-সম্পাদনসমর্থ প্রবিভক্ত । অপর দ্রব্য গইতে বিশিষ্ট) দ্রব্যের পুরুষসংস্কারজনিত অর্থাৎ জীবের অদৃষ্টবিশেষজনিত সংসর্গ "ভূয়ন্ত্ব"। যেগেতু প্রকর্ষ অর্থে "ভূয়ন্ত্ব" শব্দ দৃষ্ট হয়; যেমন প্রকৃষ্ট বিষয় ভূয়ান্ এইরূপ কথিত হয়। (তাৎপর্যা) যেমন জীবের অদৃষ্টবশতঃ বিষ, ওষধি ও মণি প্রভৃতি দ্রব্য পৃথক্ প্রয়োজন-সাধনে সমর্থ হইয়া উৎপন্ন হয়, সমস্ত দ্রব্য সর্বপ্রয়োজন-সাধক হয় না, ভদ্ৰেপ আগাদি ইন্দ্ৰিয় পৃথক্ পৃথক্ বিষয়গ্ৰহণে সমৰ্থ হইয়াই উৎপন্ন হয়, সমস্ত বিষয় গ্ৰহণে সমৰ্থ হইয়া উৎপন্ন হয় না।

টিপ্পনা। ঘ্রাণেক্রিয়ই পাণিব, রসনেক্রিয়ই **ছলী**য়, চক্ষুরিক্রিয়ই এবং ছগিন্দ্রিয়ই বায়বীয়—এইরূপ ব্যবস্থার বোধক কি চ এতদুত্তরে মহধি এই সূত্রের ধার। বলিয়াছেন যে, ভূয়স্তুবশতঃ সেই ইন্দ্রিয়বর্গের ব্যবস্থা বুঝিতে হইবে। পুরুষার্থসম্পাদনসমর্থ এবং দ্রব্যান্তর হইতে বিশিষ্ট দ্রব্যবিশেষের অদৃষ্টবিশেষজ্বনিত যে সংসর্গ, তাহাকেই ভাষ্যকার এখানে বলিয়াছেন—''ভূয়স্তু,'' এবং উহাকেই বলিয়াছেন—প্রকর্ঘ : প্রকৃষ্ট বিষয়কে ''ভূয়ান্'' এইরূপ বলা হয়, স্থতরাং ''ভূয়স্তৃ'' শংদের হারা প্রবর্ষ অর্থ বুঝা যায়। ঘ্রাণেক্রিয়ে গল্পের প্রত্যক্ষরপ পুরুষার্থসম্পাদনসমর্থ এবং দ্রব্যান্তর হইতে বিশিষ্ট যে পাথিব দ্রব্যের সংসর্গ আছে, ঐ সংসর্গ জীবের গন্ধগ্রহণজনক অদৃষ্টবিশেঘভনিত, উহাই খ্রাণেক্রিয়ে পার্থিব দ্রব্যেব ভূমস্ত বা প্রকর্ম, তংপ্রযুক্তই ঘ্রাণেক্রিয় পার্থিব, ইহা সিদ্ধ হয়। এই-রূপ রসনাদি ইন্দ্রিয়ে যথাক্রমে রসাদির প্রত্যক্ষরূপ পুরুষার্থসম্পাদন-সমর্থ এবং দ্রব্যান্তর হইতে বিশিষ্ট যে জলাদি দ্রব্যের সংসর্গ আছে, উহা জীবের রসাদি-প্রত্যক্ষজনক অদৃষ্টবিশেষজনিত, উহাই রসনাদি ইল্রিয়ে জলাদি দ্রব্যের ভূয়স্থা প্রকর্ষ, তৎপ্রযুক্তই ঐ রসনাদি ইল্রিয়-ত্রয় যথাক্রমে জলীয়, তৈত্বস, ও বায়বীয়—ইহা সিদ্ধ হয়। ভাষ্যকার সূত্রোক্ত "ভূয়ন্তু" শব্দের অর্থ ব্যাখ্যা করিয়া শে**ষে মহাঁঘির তাৎ**পর্য্য ব্যাখ্যা করিয়াছেন যে, সমস্ত দ্রব্যই সমস্ত প্রয়োজনের সাধক হয় ন। । জীবের অদৃষ্টবিশেষবণত: ভিন্ন ভিন্ন দ্রব্য ভিন্ন ভিন্ন প্রয়োজন-সম্পাদনে সমর্থ হয়। বিষ, মণি ও ওঘধি প্রভৃতি দ্রাংন **ঘেমন জীবে**র অদৃষ্টবিশেষবশতঃ ভিন্ন ভিন্ন বিষয় প্রয়োজন-সাধনে সমর্থ হইয়াই উৎপন্ন হইয়াছে, ভজ্রপ ঘ্রাণাদি ইন্দ্রিয়ও গদ্ধাদি ভিন্ন ভিন্ন বিষয় গ্রহণে সমর্থ হইয়া উৎপন্ন হইয়াছে। সর্ববিষয়— গ্রহণে উহাদিগের সামর্থ্য নাই। অদৃষ্টবিশেষই ইহার মূল 🛚 ঐ অদৃষ্টবিশেষজনিত পূর্বোক্ত ভূমস্তুবশত: খ্রাণাদি ইন্দ্রিয়ের পাণিবলাদি নিয়ন বুঝা যায়, উহা অমূলক নহে ।।৬৯।।

ভাষ্য। স্বগুণান্নোপলভন্ত ইন্দ্রিয়ানি কম্মাদিতি চেৎ ?

অহুবাদ। (প্রশ্ন) ইন্দ্রিয়বর্গ স্বগত গুণকে উপলব্ধি করে না কেন, ইহা যদি বল ?

সূত্র। সগুণানামিক্রিয়ভাবাৎ ॥৭০॥১৬৮॥

অমুবাদ। (উত্তর) যেহেতু স্বগুণ অর্থাৎ গন্ধাদিগুণ-সহিত ভ্রাণাদিরই ইন্দ্রিয়ত্ব।

ভাষ্য। স্বান্ গন্ধাণীলোপলভন্তে ভাণাদীনি। কেন কারণেনেতি চেৎ ? স্বগুণৈঃ সহ ভাণাদীনামিন্দ্রিয়ভাবাৎ। ভাণং স্বেন গন্ধেন সমানার্থ-কারিণা সহ বাহাং গন্ধং গৃহ্লাতি, তস্তা স্বগন্ধগ্রাহণং সহকারিবৈকল্যান্ন ভবতি, এবং শেষাণামপি।

অসুবাদ। আণাদি ইন্দিয়বর্গ স্বকীয় গন্ধাদিকে উপলব্ধি করে না।
(প্রশ্ন) কি কারণপ্রযুক্ত, ইহা যদি বল ? (উত্তর) যেহেতু আণাদির
স্বকীয় গুণের (গন্ধাদির সহিত ইন্দ্রিয়ত্ব আছে। আণেন্দ্রিয় সমানার্থকারী (একপ্রয়োজন-সাধক) স্বকীয় গন্ধের সহিত বাহ্য গন্ধ গ্রহণ করে,
অর্থাৎ গন্ধ-সহিত আণেন্দ্রিয় অপর বাহ্য গন্ধের গ্রাহক হয়, সহকারিকারণের অভাববশতঃ সেই আণেন্দ্রিয় কর্ত্ত স্বকীয় গন্ধের প্রত্যক্ষ
জন্ম না। এইরূপ অর্থাৎ পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে শেষ অর্থাৎ রসনাদি
ইন্দ্রিয় কর্ত্ত্বও (স্বকীয় রসাদির প্রত্যক্ষ জন্ম না)।

টিপ্পনী। ঘ্রাণাদি ইন্দ্রিয় অন্য দ্রব্যের গন্ধাদি গুণের প্রত্যক্ষ জন্মার, কিন্তু স্বকীয় গন্ধাদির প্রত্যক্ষ জন্মায় না, ইহার কারণ কি? এতদুর্বের মহাঘি এই সূত্রের হারা বলিয়াছেন যে, স্বকীয় গন্ধাদি-গুণ-সহিত ঘ্রাণাদিই ইন্দ্রিয়। কেবল ঘ্রাণাদি দ্রব্যের ইন্দ্রিয়ত্ব নাই। ঘ্রাণাদি ইন্দ্রিয়ে গন্ধাদি গুণ না থাকিলে ঐ ঘ্রাণাদি অন্য দ্রব্যের গন্ধাদির প্রত্যক্ষ জন্মাইতে পারে না। স্বতরাং ঘ্রাণাদি ইন্দ্রিয়ের হারা অন্য দ্রব্যের গন্ধাদি গুণের প্রত্যক্ষ ঐ ধ্রাণাদিগত গন্ধাদি সমানার্থকারী, অর্থাৎ সহকারী কারণ। কিন্তু ঘ্রাণাদিগত গন্ধাদি নিজের প্রত্যক্ষে সহকারী কারণ হইতে পারে না। পরস্ত্রের স্বকীয় গ্রাদির প্রত্যক্ষ জন্মাইতে পারে না। ঘ্রাণাদি ইন্দ্রিয় স্বকীয় গ্রাদির প্রত্যক্ষ জন্মাইতে পারে না। ঘ্রাণাদি ইন্দ্রিয় স্বকীয় গ্রাদির প্রত্যক্ষ জন্মাইতে পারে না। ঘ্রাণাদি ইন্দ্রিয় স্বকীয় গ্রাদের প্রত্যক্ষর এখানে ইন্দ্রিয়ে প্রত্যক্ষের কর্ত্রপ্র বিবক্ষ। করিয়া 'গন্ধং গৃহাতি'' এইরূপ প্রয়োগ করিয়াছেন। করণে

কর্ত্বের উপচারবশত: ভাষ্যকার অন্যত্রও এইরূপ প্রয়োগ করিয়াছেন। নব্যগ্রন্থকারও এরূপ প্রয়োগ করিয়াছেন। যথ। "গৃহাতি চক্ষু: সম্বর্দান-লোকোন্তুত্ররপয়ো:"—ভাষাপরিচেছ্প।।৭০।।

ভাষ্য ৷ যদি পুনর্গন্ধ: সহকারী চ স্থাদ্ঘাণস্থা, গ্রাহস্চেত্যত আহ—

অনুবাদ। গন্ধ যদি ঘাণেন্দ্রিয়ের সহকারীই হয়, তাহা হইলে গ্রাহাও হউক ? এই জন্ম অর্থাৎ এই আপত্তি নিরাসের জন্ম (পরিবতি সূত্র) বলিতেছেন।

সূত্র। তেনৈব তস্তাগ্রহণাচ্চ ॥৭১॥২৬৯॥

অনুবাদ। এবং যেহেতু ভদ্ধারাই তাহার প্রত্যক্ষ হয় না।

ভাষ্য। ন স্বগুণোপলন্ধিবিজিয়াণাং। যো জ্রতে যথা বাহুং দ্ব্রোচকুষা গৃহতে তথা তেনৈব চকুষা তদেব চকুগৃহতামিতি তাদৃগিদং, তুল্যো হ্যভয়ত্র প্রতিপত্তি-হেজভাব ইতি।

অমুবাদ। ইন্দ্রিয় অর্থাৎ দ্রাণাদি চারিটি ইন্দ্রিয় কর্তৃক স্বকীয় গুণের প্রত্যক্ষ হয় না। যিনি বলেন—"যেমন বাহ্য দ্রুব্য চক্ষুর দ্বারা গৃহীত হয়, তত্রপ সেই চক্ষুর দ্বারাই সেই চক্ষুই গৃহীত হউক ?" ইহা তত্রপ, অর্থাৎ এই আপত্তির ন্যায় পূর্ব্বোক্ত আপত্তিও হইতে পারে না, যেহেতু উভয় স্থলেই জ্ঞানের কারণের অভাব তুল্য।

টিপপনী। খ্রাণাদি ইন্দ্রিমের হার। ঐ ব্রাণাদিগত গন্ধাদির প্রত্যক্ষেক হয় না? ঐ গন্ধাদি যুাণাদির সহকারী হইলে, তাহার গ্রাহ্য কেন হইবে না? এতদুত্তরে মহি এই সূত্রের হার। আবার বলিরাছেন যে, তদ্দারাই তাহার জ্ঞান হয় না, এজন্য যুাণাদি ইন্দ্রিমের হার। অকীয় গন্ধাদির প্রত্যক্ষ হইতে পারে না। ভাষ্যকার সূত্র-তাৎপর্য্য বর্ণন করিয়েত্র প্রথমে মহিষির এই সূত্রোক্ত হেতুর সাধ্য নির্দ্দেশ করিয়াছেন। মহিষি পূর্বসূত্রে গন্ধাদি গুণসহিত যুাণাদিকেই ইন্দ্রিয় বলিয়া ঘ্রাণাদিগত গন্ধাদিও এ ইন্দ্রিয়ের অরম্পে, ইহা প্রকাশ করিয়াছেন। তাহা হইতন ঘ্রাণাদি

প্রতাক্ষের আপত্তি কর। যায় না। ঘাণেক্রিয়ের গন্ধ ঘাণেক্রিয়গ্রাহ্য হইলে, গ্রাহ্য ও গ্রাহক এক হইয়া পড়ে, কিন্তু তাহা হইতে পারে না। কোন পদার্থ নিজেই নিজের গ্রাহক হয় না। তাহা হইলে যে চক্ষুর হারা বাহ্য দ্রব্যের প্রত্যক্ষ হইতেছে, সেই চক্ষুর হারা সেই চক্ষুরই প্রত্যক্ষ কেন হয় না? এইরূপ আপত্তি না হওয়ার কারণ কি? যদি বল, ইন্দ্রিয়ের হারা সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষ কথনও দেখা যায় না, স্ত্তরাং তাহার কারণ নাই, ইহা বুঝা যায়। তাহা হইলে ইন্দ্রিয়ের হারা স্বর্গত গন্ধাদি-ভ্রণের প্রত্যক্ষও কুল্রাপি দেখা যায় না। স্ত্তরা তাহারও কারণ নাই, ইহা বুঝিতে পারি। তাহা হইলে সেই ইন্দ্রিয়ের হারা সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষের আপত্তির ন্যায় সেই ইন্দ্রিয়ের হারা সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষের আপত্তির নায় সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষের আপত্তির নায় সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষের আপত্তির নায়া সেই ইন্দ্রিয়ের প্রত্যক্ষের আপত্তির নারা গেই ইন্দ্রিয়ের ভূত গন্ধাদি হারার, এ গন্ধাদির প্রত্যক্ষ হইতে পারে না। কারণ উদ্ভূত গন্ধাদিই প্রত্যক্ষের বিষয় হট্যা থাকে।।৭১।।

সূত্র। ন শব্দগুণোপলক্ষেঃ ॥৭২॥২৭०॥

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) না, অর্থাৎ ইন্দ্রিরের দারা স্বগতগুণের প্রত্যক্ষ হয় না, ইহা বলা যায় না, যেহেতু শব্দরূপ গুণের প্রত্যক্ষ হইয়া থাকে।

ভাষ্য। স্বগুণান্নোপলভন্ত ইন্দ্রিয়াণীতি এতন ভবতি। উপলভ্যতে হিস্বগুণঃ শব্দঃ শ্রোত্রেণেতি।

অমুবাদ। ইন্দ্রিয়বর্গ স্বকীয় গুণকে প্রত্যক্ষ করে না, ইহা হয় না, অর্থাৎ ঐ সিদ্ধান্ত বলা যায় না। কারণ, শ্রবণেন্দ্রিয় কর্তৃক স্বকীয় গুণ শব্দ উপলব্ধ ইইয়া থাকে।

টিপ্পনী। ইন্সিয়ের হারা স্বকীয় গুণের প্রত্যক্ষ হয় না, এই পূর্ব্বোক্ত সিদ্ধান্তে মহর্ঘি এই সূত্ত্তর হারা পূর্ব্বপক্ষ বলিয়াছেন যে, ব্রবণেন্সিয়ের হারা শব্দের প্রত্যক্ষ হওয়ায়, পূর্ব্বোক্ত সিদ্ধান্ত বলা বার না। শ্রবণেক্রিয় আকাশাত্মক, শবদ আকাশের গুণ, শ্রবণেক্রিয়ের হার।
স্থাত শব্দেরই প্রত্যক্ষ জন্মে, ইহা নহাহি গোত্মের সিদ্ধান্ত। স্থ্যরা;
ইক্রিয়বর্গ স্থাত-গুণের প্রত্যক্ষের করণ হয় না, ইহা বলা যাইতে
পাবে না ।।৭২।।

সূত্র। ততুপলব্ধিরিতরেতরদ্রত্ব্যগুণবৈধর্ম্ম্যাৎ।।

অঙ্গুবাদ। (উত্তর) ভিন্ন ভিন্ন দ্রুব্য ও গুণের বৈধর্ম্ম্যবশতঃ তাহার শেকরূপ গুণের) প্রত্যক্ষ হয়।

ভাষা। ন শব্দেন গুণেন সগুণমাকাশমিন্দ্রিয়ং ভবতি। ন শক্ষ শব্দুসাব্যক্তঃ, ন চ ছাণাদীনাং স্বগুণগ্রহণং প্রত্যক্ষং, নাপান্তুমীয়তে, অনুমীয়তে তু শ্রোত্রেণাকাশেন শব্দুস্ত গ্রহণং শব্দগুণত্বজাকাশস্ত্রেতি। পরিশেষশচান্তুমানং বেদিত্বয়ং। আত্মা তাবৎ শ্রোতা, ন করণং, মনসং শ্রোত্রত্বে বধিরত্বাভাবঃ, পৃথিব্যাদীনাং ছাণাদিভাবে সামর্থ্যং শ্রোত্রভাবে চাসামর্থ্যং। অস্তি চেদং শ্রোত্রং, আকাশক্ষ শিষ্যতে, পরিশেষাদাকাশং শ্রোত্রমিতি।

হাত বাৎস্থায়নীয়ে ন্থায়ভায়ে তৃতীয়াধ্যায়স্থাগুমাহ্নিকং।

অনুবাদ। শব্দগুণ হইতে অভিন্নগুণযুক্ত অর্থাৎ শব্দরূপ গুণযুক্ত আকাশ ইন্দ্রিয় নহে। শব্দ শব্দের ব্যঞ্জক নহে। এবং দ্বাণাদি ইন্দ্রিয়ের স্বকীয় গুণের উপলব্ধি প্রভাক্ষ নহে, অনুমিতও হয় না, কিন্তু আকাশর্মণ প্রাবণেন্দ্রিয়ের দারা শব্দের প্রভাক্ষ ও আকাশের শব্দরূপ গুণবন্ধ অনুমিট হয়। "পরিশেষ" অনুমানই জানিবে। (যথা)—আত্মা প্রবণ্টেকর্তা, করণ নহে, মনের শ্রোত্রছ হইলে বধিরছের অভাব হয় পৃথিব্যাদির দ্বাণাদিভাবে সামর্থ্য আচে, প্রোত্রভাবে সামর্থ্যই নাই কিন্তু এই শ্রোত্র আছে, অর্থাৎ প্রাবণিন্দ্রিয়ের অন্তিছ স্বীকার্য্য আকাশই অবশিষ্ট আছে, অর্থাৎ আকাশের প্রবণেন্দ্রিয়েছের বাধক কো

প্রমাণ নাই, (স্বতরাং) পরিশেষ অনুমানবশতঃ আকাশই প্রবণেপ্রিয়, ইহা সিদ্ধ হয়।

বাৎস্থায়ন প্রণীত স্থায়ভাষ্মে তৃতীয় অধ্যায়ের প্রথম আফ্রিক সমাপ্ত ॥

টিপ্রনী। পূর্বসূত্রোজ পূর্ববিক্ষের সমাধান করিতে মহার্ঘ এই স্ত্রের দারা বলিয়াছেন যে, দ্রাণাদি ইন্সিয়ের দারা স্বগত গনাদির প্রত্যক্ষ না হইলেও, শ্রবণেক্রিয়ের বারা স্বগত শব্দের প্রত্যক্ষ হইয়া থাকে, এবং তাহা হইতে পারে। কারণ, সমস্ত দ্রব্য ও সমস্ত গুণই এক প্রকার নহে। ভিন্ন ভিন্ন দ্রব্য ও গুণের পরস্পর বৈধর্ম্ম আছে। ঘাণাদি চারিটি ইন্দ্রিয়রূপ দ্রব্য হইতে এবং উহাদিগের স্বকীয় গুণ গদ্ধাদি হইতে প্রবণেক্রিয়রূপ দ্রব্য এবং তাহার স্বকীয় গুণ শব্দের বৈধর্ম্ম্য থাকায়, শ্রবণেক্রিয় স্বকীয় শব্দের গ্রাহ দ হইতে পারে। ভাষ্যকার এই বৈধর্মা ব্রাইতে প্রথমে বলিগাছেন যে, গুণাদি ইন্দ্রিরের ন্যায় আকাশ স্বকীয় গুণযুক্ত হইয়াই, অর্থাৎ শংলাম্বক ও**ণের সহিত্**ই, ইন্দ্রিয় **নহে**। কারণ, শ্রণেক্রিয়ের স্বগত শব্দ, শ্বেদর প্রত্যক্ষে কারণ হয় না। আকাশরূপ শ্রবণেক্রিয় নিত্য, স্মৃতরাং শব্দোৎপত্তিব পূর্বে হইতেই উহ। বিদ্যমান আছে। শ্রবণেক্রিয়ে শব্দ উৎপন্ন হইলে সেই শবদর**ই প্রত্যক্ষ হইয়া থাকে। স্মৃতরা**ং ঐ শবদ র শবেদর ব্যঞ্জক হইতে না পারায়, ঐ শব্দ-সহিত আকাশ প্রবশেক্রিয় নহে, ইহা স্বীকার্যা। স্পতরাং धवरनिक्टिया छे९भन्न भवन के धवरनिक्टियात अतार्भ ना र अयाय, धवरनिक्टियात মারা স্বকীয় গুণ শবেদর প্রত্যক্ষ হইতে পারে ও হইসা থাকে। কিন্ত গুণাদি ইল্রিক্স গদ্ধ, রস, রূপ ও স্পূর্ণ যথাক্রমে ঘাণাদি চারিচি ইল্রিয়ের স্বরূপ হওয়ায়, ঘাণাদির ঘার। স্বকীয় গদাদির প্রত্যক্ষ জনিমতে পারে না । স্বতরাং ইক্রি**য় স্বকীয় গুণে**র **গ্রাহ**ক হয় না, এই যে দিদ্ধান্ত বলা হইয়াছে, তাহা ব্রাণাদি চারিটি ইন্দ্রিয়ের সম্বন্ধেই বুঝিতে হইবে। ভাষ্যকার মহধির কথ। শ্ম**র্থন করিতে আরও** বলিয়াছেন যে, খ্রাণাদিগত গ**ন্ধা**দিওণের প্রত্যক্ষবিষযে কোন প্রমাণ নাই, উহা প্রত্যক্ষসিদ্ধও নহে, অনুমানসিদ্ধও নহে। কিন্ত এবণেক্রিয়ের ছার। যে স্থগত-শব্দের প্রত্যক্ষ হয়, এবং *শব্দ* যে আকাশেরই গুণ, এ বিষয়ে অনুমান-প্রমাণ আছে। ভাষ্যকার 👌 বিগণে 'পরিশেষ'' অনুমান অ**র্থা**ৎ মহ**খি গোতমো**ক্ত ''শেঘবৎ'' অনুমান প্রবর্ণন করিতে শেঘে বলিয়াছেন যে, আত্ম শবদশ্রবণের কর্ত্তা, স্মৃতরাং তাহা শবদশ্রবণের করণ নহে। মন নিত্য পদার্থ, স্মৃত্রাং মনকে এবণেন্দ্রিয় कি. ল, জীবমাত্তেরই धेरि शिक्ष मर्दिम। विमामान थोकाम, विधिन क्षिण मा। পৃথিব্যাদি-

ভূতচতুইয় ঘাণাদি ইাদ্রয়েয়ই প্রকৃতিরূপে দিন্ধ, স্বতরাং উহাদিগের শোত্রভাবে সামর্থ্যই নাই। স্বতরাং অবশিষ্ট আকাশই শ্রবণেক্রিয়, ইহা দিদ্ধ হয়। তাৎপর্য্য এই যে, শবদ যখন প্রত্যক্ষদিদ্ধ, তখন ঐ শবদপ্রত্যক্ষের অবশ্ব কোন করণ আছে, ইহা সাকার্য্য, উহার নামই শ্রোত্র। কিন্তু আদ্মা, মন এর পথিব্যাদি আর কোন পদার্থকেই শবদ-প্রত্যক্ষের করণ বলা যায় না উদ্যোতকর ইহা বিশদরূপে বুঝাইয়াছেন। অন্য কোন পদার্থই শব্দ প্রত্যক্ষের করণ নহে, ইহা দিদ্ধ হইলে, অবশিষ্ট আকাশই শ্রোত্র, ইহ পেরিশেষ" অনুমানের হার। দিদ্ধ হয় ।। ৭৩ ।।

অর্থপরীক্ষাপ্রকরণ ও প্রথম আহ্নিক সমাপ্ত।।

দিতীয় আহ্নিক

ভাষ্য। পরীক্ষিভানীন্দ্রিয়াণ্যর্থাশ্চ, বুদ্দেরিদানীং পরীক্ষাক্রম: সা কিমনিত্যা নিত্যা বেতি। কুতঃ সংশয়ং ?

অনুবাদ। ইন্দ্রিয়সমূহ ও অর্থসমূহ পরীক্ষিত হইয়াছে, এখন বৃদ্ধির পরীক্ষার স্থান। (সংশয়) সেই বৃদ্ধি কি অনিত্য অথবা নিত্য? (প্রশ্ন) সংশয় কেন, অর্থাৎ ঐ সংশয়ের হেতু কি?

সূত্র। কর্মাকাশসাধর্ম্ম্যাৎ সংশয়ঃ ॥১॥২৭২॥

অমুবাদ। (উত্তর) কর্ম ও আকাশের সমানধর্মপ্রযুক্ত সংশয় হয়,
[অর্থাৎ অনিত্য পদার্থ কর্ম ও নিত্যপদার্থ আক'শের সমান ধর্ম
স্পর্শশৃক্ষতা প্রভৃতি বৃদ্ধিতে আছে, তৎপ্রযুক্ত "বৃদ্ধি কি অনিত্য, অথবা
নিত্য

।

তিয়া

তিয়া

ভাষ্য। অস্পর্শবন্ধং তাভ্যাং সমানো ধর্ম উপলভ্যতে বৃদ্ধৌ, বিশেষশ্চোপজ্জনাপায়ধর্মবন্ধং বিপর্যায়শ্চ যথাস্ব^২মজিত্যনিক্যয়োস্তস্থাং বৃদ্ধৌ নোপলভ্যতে, তেন সংশয় ইতি।

অমুবাদ। সেই উভয়ের অর্থাৎ সূত্রোক্ত কর্ম ও আকাশের সমান ধর্ম স্পর্শশৃত্যতা, বৃদ্ধিতে উপলব্ধ হয়, এবং উৎপত্তি-বিনাশ ধর্মাবন্ধ-রূপ বিশেষ এবং অনিত্য ও নিত্য পদার্থের যথায়থ বিশ্বগ্রয়, অর্থাৎ নিত্যন্ধ, অথবা অনিত্যন্ধ, বৃদ্ধিতে উপলব্ধ হয় না, সুতরাং (পূর্বেবাক্তরূপ) সংশয় হয়।

টিপ্পনী। মহমি এই অধ্যামের প্রথম আছিকে যথাক্রমে পারার, ইন্দ্রিয় ও অর্থ—এই চতুর্বিধ প্রমেয়ের পরীক্ষা করিয়া, দিতীয় আছিকে যথাক্রমে বুদ্ধি ও মনের পরীক্ষা করিয়াছেন। বুদ্ধি-পরীক্ষায় ইন্দ্রিয়-পরীক্ষা ও অর্থ-পরীক্ষা আবশ্যক, ইন্দ্রিয় ও ভাহার গ্রাহ্য অলের তত্ত্ব না জানিলে বৃদ্ধির তত্ত্ব বুঝা যায় না, স্কুতুরাং ইন্দ্রিয় ও অথের পরীক্ষার পরেই মহদিব বৃ**দ্ধির পরীক্ষা সম্পত**। ভাষ্যভার এই সম্পতি সচনার জন্য**ই এখানে** প্রথমে ''ইক্রিয় ও অর্থ পরীকিত ১ই১/ছে'', ইত্যাদি করা বলিয়াছেন। ভাষে ''পরীক্ষাক্রমঃ'' এই স্থানে তাৎপর্যাচীব বিবি 'ক্রম'' শ্বনর অর্থ বলিয়াছেন্ স্থান ।

সংশয় ব্যতীত কেন পরীক্ষাই হয় না, বুদ্ধির প্রীক্ষা করিতে হইলে, ত্রিষয়ে কোন প্রশার সংখ্যা প্রশ্ন আ গ্রাস, এজনা ভাষ্যকার এ বুদ্ধি ি অনিত্য ? অথবা নিত্য ৮—এইরাগ সংশয় প্রদর্শন করিয়া, ঐ সংশ্বেষ কারণ প্রদর্শন করিতে মহাধির এই স*েব* অবতারণা করিয়াছেন। সমদ ধর্মের নিশ্চয় সংশয়ের এন প্রান্ত কারণ, ীহা প্রথম সংগ্রে সংশয়ন্ত্রক সত্তে মহাধি বলিয়াছেল। আনিত্য পদার্থ কর্ম্ম এবং নিতা পদার্থ আকাশ, 🖻 উভয়েই স্পর্শ না থাকাল, স্পর্শশন্তা । উত্যের সাধর্ষ্য বা এমান ধর্ম। বুদ্ধিতেও স্পর্শ না থাকায়, তাহাতে প্রের্বাক্ত এনিভা ও নিভা পদার্থে সমান ধর্ম স্পর্শন্তাতার কিংমজন্য বাদ্ধাকি অভি। " অথবা নিং " এইরূপ সংশয় হইতে পারে। বিজ্ঞ স্থান ধর্মের নিশ্চয় হুটলেও, ফা বিশেষ ধর্মের নিশ্চন অথকা নাশ্রনিধনীভূত ধর্মদ্বনের মধ্যে কোন একনিং বিপর্যায় অর্থাৎ অভাবের নিশ্চর হয়, ভাষা হতুলে। কেবানে সংশয় হট্টটে পারে না । তাই ভাষ্যনার বটালাছেন লে, বন্ধিতে উপাত্তি বা বিনাশ্যক রূপ বিশেষ ধর্মের নিশ্চয় বাটি, এবং মনিভাও নিভা প্রদার্থের স্বরূপের বিপর্যায় অথাৎ নিত্রুর বা সনিত্যানের নিশ্রুর নাই, স্কুতরাং পূর্ব্বোঃ সংশ্যের বাধক না থাকায়, পূর্বেবাক্ত ফলান ধর্মের নিশ্চয়েজন্য বুদ্ধি অনিতা কি নিত্য ?—এইরূপ সংশয় হন। মহদি প্রের্বাক্ত কারণজন্য বুদ্ধিবিগ্^{ছে} পুর্বেক্তিরূপ সংশয় সূচন। করিয়াত্রন।

ভাষ্য। অনুপ্রসারপাং খলমং সংশ্যাং, সর্বেশরীরিণাং হি প্রভ্যাত্ম বেদনীয়া অনিত্যা বৃদ্ধিঃ সুখাদিবং। ভবতি চ সংবিত্তিজ্ঞাস্থামি জানামি অজ্ঞাসিষমতি, ন চোপজনাপায়াবস্থরেণ ত্রৈকাল্যব্যক্তি:, ততশ ত্রৈকালাব্যতে রনিত্যা বৃদ্ধিরিতোতৎ দিন্ধং। প্রমাণসিদ্ধঞ্চেরং শাস্ত্রেং প্যক্ত"মিন্দ্রিয়ার্থসন্নিকর্ষোৎপন্নং" "যুরণজ্ জ্ঞানান্ত্রুৎপত্তির্মন্সো মিত্যেবমাদি। ওস্থাৎ সংশয়প্রতিভামুপপতিরিতি।

দৃষ্টিপ্রবাদোপালস্তার্থন্ত এক শং, এব বিচ প্রজান্ত বনদারু সাংখ্যাঃ পুরুষস্ঠান্তঃকরণভূতা নিত্যা বুদ্ধিক্তি ন দাবনক প্রচক্ষতে –

অমুবাদ। (পূর্ববিপক : এচ সাল্যা ১৯পাশনররপট, (এগাৎ বুদ্ধি অনিত্য কি নিতা ? এই সংগ্ৰের স্বরূপত উৎসন্ন ১২ না ৬চা জন্মিতেই পারে না,) যেহেতু বৃদ্ধি স্থাদির ভার নিতা বলিয়া সর্বভাবের প্রভ্যাত্মবেদনীয়, অর্থাৎ জ্যান্ত্রণ প্রশ্নের বাজা বা জ্ঞানকে সুখ-তৃংখাদির স্থায় অনিত্য বালয়াই শল্পত্র পরে। এবং "পানিন", "জানি তেছি", "জানিয়াছিলান" - এইরার স্বিভি (মৃত্যু অকুভব) জ্মে। কিন্তু (বৃদ্ধির) উৎপত্নি ভালি লোক ব্যক্তি । ট্রেকাল্যেক ্ (অতীতাদিকালত্র্যর 👙 ব্যক্তি 🥬 🕒 হয় না, সেই ইণকাল্যের বোধ বশভঃও বুদ্ধি অনিতা, ইহা সিজ আচেত ত এক সমানসিক, ইহা (বুদ্ধির অনিতাত) শাস্ত্রেও (৮০ আয়দর্শনেও) উক্ত হইয়াতে, (মথা) **"ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষের দ্বারা উৎপল্ল", "যু**লান্ত জ্ঞানের **অনুৎপ**ণ্ডি মনের লিঙ্গ" ইত্যাদি (:ম অঃ, ১৯ গাঃ ১২০ ।) সত্রব ল শ্রপ্রতিয়াব অর্থাৎ পূর্বেরাক্তপ্রকার সংশয়ের উপস্তি হয় না। উত্তর) কিন্ত **"দৃষ্টিপ্রবাদের" অর্থা**ৎ সাংখ্যদৃষ্টি বা শাখ্যদর্শনের ফত্রবি শয়ের সম্ভ**নে**র **জন্ম প্রোকরণ ় অর্থাৎ মহাযি বু**লি বিধয় সংখ্যে এই সম্ভাবের **জন্ম**ই এই প্রকরণটি বলিয়াছেন । যেতে সা খা-সম্প্রদায় এইর ব দর্শন করতঃ বিচার দারা নির্ণয় করত,) প্রয়ের অফঃকরণর্প বন্ধি নিত্য, ইঠা বলেন, (তদ্বিয়ে) সাধনও এখাৎ ঠেতু বা অনুমানপ্রমাণও বরেন।

ািপ্পনী। ভাষাবার প্রথম ব্রার্থ বর্ণন কবিবাং, পরে নিজে পূর্বপ্রক বিলয়াছেন যে, বুদ্ধি-বিন্নয় প্রেবী কর্মপ সংশত জন্মিতেই পারে না। কাণে, বুদ্ধি বলিতে এখাতে জাতা বৃদ্ধি, উপর্যাধি ও জান একই পদার্থ, ইহা নহাছি এখন অধ্যায়ে (১ন আচ. ১৫শ সূত্রে) বিলিবছেন। জ্ঞানু-যারে ঐ বুদ্ধি বা জানই এবানে মহাইর বারীজ্গীয়। ই বুদ্ধি বা জান স্ব্ব-দুংখাদির ন্যায় অনিত্য, ইহা স্ক্রিথীবের অনুভ্রসিদ্ধা। এবং "আমি জানিব", "আমি জানিতেছি", "এটি ধানিয়াছিলাম" এইকাপে ই বুদ্ধিতে ভবিষাৎ প্রভৃতি কালন্তায়ের বোধও হইয়া থাকে। বুদ্ধি বা জ্ঞানের উৎপত্তি ও বিনাশ না থাকিলে, তাহাতে পূর্ক্বোজক্রপে কালন্তায়ের বোধ হইতে পারে না। যাহার উৎপত্তি নাই, তাহাকে ভবিষাৎ বলিয়া এবং বাহার ধ্বংস নাই, তাহাকে অতীত বলিয়া এক্সথ বর্থার্থ বোধ হইতে পারে না। স্থতরাং বুদ্ধিতে পূর্ক্বোজক্রপে কালন্তায়ের বোধ হওয়ায়, বুদ্ধি বে অনিতা, ইহা সিদ্ধই আছে। এবং মহাধি প্রথম অধ্যায়ে প্রত্যক্ষক্ষণে প্রত্যক্ষ জ্ঞানকে 'ইন্দ্রিয়ার্থসন্নিকর্ঘোৎপার' বলিয়া, এ জ্ঞানের উৎপত্তি হয়, স্থতরাং উহা অনিতা, ইহা বলিয়াছেন। এবং 'বুগপৎ জ্ঞানের অনুৎপত্তি মনের লিক্স'—এই কথা বলিয়া জ্ঞানের যে বিভিন্ন কালে উৎপত্তি হয়, স্থতরাং উহা অনিতা, ইহা বলিয়াছেন। স্থতরাং প্রমাণসিদ্ধ এই তম্ব মহাঘি নিছে এই শাল্পেও বাক্ত করিয়াছেন। স্থতরাং প্রমাণসিদ্ধ এই তম্ব মহাঘি কিছে এই শাল্পেও বাক্ত করিয়াছেন। তাহা হইলে পুক্রোজক্রপ অনুভব ও শাস্ত্র হারা যে বুদ্ধির অনিতাম নিশ্চিত, তাহাতে অনিতাম্বের সংশন্ত্র কোনক্রপ্রেই হইতে পারে না। একতর পক্ষের নিশ্চয় থাকিলে সমানধর্মনিশ্চমাদি কোন কারণেই আর সেখাছেন সংশন্ত্র অনিতাদি কোন কারণেই আর সেখাছেন, তাহা উপপন্ন হয় না।

তবে মহামি ঐ সংশয় নিরাস করিতে এখানে এই প্রকরণটি কিরুপে বলিয়াছেন ? এতদুত্তরে ভাষ্যকার তাঁহার নিজের মত বলিয়াছেন যে, সাংখ্য-সম্পূর্ণায় পুরুষের অন্ত:কর**ণকে**ই বুদ্ধি বলিয়া তা**হাকে যে নি**ত্য বলিয়াছেন এবং তাহার নিত্যত্ব-বিদয়ে যে সাধনও বলিয়াছেন, তাহার খণ্ডনের জন্যই মহাধি এখানে এই প্রকরণট বলিয়াছেন। যদিও সাংখ্য-মতেও বৃদ্ধির আবির্ভাব ও তিরোভাব থাকায়, বৃদ্ধি অনিত্য। "প্রকৃতি-পুরুষয়োরন্যৎ সর্বাসনিত্যং"—এই (৫।৭২) সাংখ্যসূত্রের ঘারা এবং 'হেতু মদনিতাত্বমব্যাপি''-ইত্যাদি (১০ম) সাংখ্যকারিকার ঘারাও উজ্জ সিদ্ধান্তই কথিত হইরাছে। তথাপি সাংখ্য-মতে অন্ত:করপের নামই বুদ্ধি। প্রনয়-কালেও মূলপ্রকৃতিতে উহার অন্তিম থাকে। উহার আবির্ভাব ও তিরোভা^ব হয় বলিয়া, উহার অনিতাত কথিত হইলেও, গাংখামতে অসতের উৎপত্তি ও সতের অত্যন্ত বিনাশ না থাকায়, ঐ অন্ত:করণরাপ বৃদ্ধিরও যে কোনরূপে সর্ব্বদা সন্তার্মপ নিত্যছই এখানে ভাষ্যকারের অভিপ্রেত । ভাষ্যকার এখানে সাংখ্যদমত বুদ্ধির পূর্ব্বোক্তরূপ নিতাছই এই প্রকরণের হার৷ মহি^র খণ্ডনীয় বলিয়াছেন। কিন্ত ভাষ্যকার প্রভৃতি এখানে সূত্রকারোক্ত সংশ্যের অনুপপত্তি সমর্থন করিলেও, বহাদি যে তাঁহার পুরের্বাক্ত পঞ্চম প্রমের বুদ্ধি অর্থাৎ জ্ঞানের পরীক্ষার জন্যই এই সুত্রের হার। সেই বুদ্ধিবিদয়েই কোন গংশর প্রদর্শন করিয়াছেন, ইহার সরলভাবে বুঝা যায়। সংশয় ব্যতীত পরীকা হয় না। বিচার মাত্রই সংশয়পবর্তক। তাই মহানি বুদ্ধিবিদয়ে পুরের্বাজরূপ সংশয় সূচনা করিয়াছেন। সংশয়ের বাধক থাকিলেও, বিচারের জন্য ইচ্ছাপুর্বক সংশয় (আছার্য্য সংশয়) করিতে হয়, ইহাও মহানি এই সুত্রের হারা সূচনা করিতে পাবেন। তাই মনে হয়, বৃত্তিকাব বিশ্বনাথ প্রভৃতি নব্যগণ পুরের্বাজ্জরপ চিস্তা করিয়াই এই সুত্রের হারা পূর্বের্বাজ্জরপ সংশ্রের ব্যাখ্যা করিয়াছেন। তাঁলাবা এখানে উল্লের্জ সংশ্রের কোন বাধকের উল্লেখ করেন নাই।

ভাষ্যকারের পুর্বপক্ষ-ব্যাখ্যা ও স্ব্যাধানের তাৎপর্য্য বর্ণন করিতে এখানে তাৎপর্যাটীকাকার বলিয়াছেন যে, যে বুদ্ধি বা জানকে মনের গা**রাই বুঝা যায়, যাহাকে গাংখ্য-সম্পূদা**য় বুদ্ধির বৃত্তি বলিশাছেন, তাহাব অনি<mark>তাত সাংখ্য-সম্পদায়েরও সন্মত। স্থতরাং তা</mark>ধার অনিতাত সংশয় কাহারই হইতে পারে না। পরত সাংখ্য-সম্প্রদায় যে বুদ্ধিকে মহৎ ও খন্ত:করণ বলিয়াছেন, তাহার অন্তি**ং-**বিঘ<mark>য়েই বিবাদ</mark> গাকায়, তাহাতেও নিতাথাদি সংশয় ব। নিতাথাদি বিচার হইতে পারে না। কারণ, ধর্মী অসিদ্ধ হইলে, তাহার ধর্মবিঘয়ে কোন সংশয় ব। বিচার হইতেই পারে না। মুতরাং এই প্রকরণের হার। বৃদ্ধির নিত্যহাদি বিচারই মহাধির মূল উদ্দেশ্য নহে। কিন্তু ঐ বিচারের হারা জ্ঞান হইতে বুদ্ধি যে পৃথক্ পদার্থ, অর্থাৎ বুদ্ধি বলিতে অন্ত:করণ ; জ্ঞান তাহারই বৃত্তি, অর্থাৎ পরিণাম-বিশেষ, এই সাংখ্য-মত নিরস্ত করাই মহর্ঘির মূল উদ্দেশ্য। বুদ্ধির নিতাখ-যাধক কোন প্রমাণ নাই, ইহা সম্থন করিলে, জ্ঞানকেই বৃদ্ধি বলিয়। **খাকা**র করিতে হইবে। স্থতরাং বুদ্ধি, জ্ঞান ও উপলব্ধির কোন^{চ্চ}েডেল **সিদ্ধ ন। হইলে, মহমি গোতমের পূর্বেলি**ভ সিদ্ধাতই সম্থিত হইবে। তাই মহ**দি এখানে উভ** গূঢ় **উদেশে**য়াই অ**ধাৎ পূৰ্বো**জ সাংখ্যমত **বঙ**ন ক্**রিতেই সামান্যতঃ বুদ্ধির** নিত্যথানিতাত বিচার ক্রিয়া অনিত্য**ত** সমর্গন করিয়াছেন। তাই ভাষ্যকার বলিয়াছেন, 'দৃষ্টিপ্রবাদোপালন্তার্থন্ত প্রকরণং '

এখানে সমস্ত ভাষ্যপুত্তকেই কেবল "দৃটি" শব্দই আছে, "সাংখ্য-দৃটি" এইরূপ স্পটার্থ-বোধক শব্দ প্রয়োগ নাই, কিন্তু ভাষ্যকার যে ঐরূপই প্রয়োগ করিয়াছিলেন, ইছাও মনে আদে। সে যাহা হউক, ভাষ্যকারের শেষোক্ত "এবং হি পশান্ত: প্রবদন্তি সাংখ্যা:" এই ব্যাখ্যার দ্বারা তাঁহার পূব্বোক্ত "দৃষ্টি" শব্দের দ্বারাও সাংখ্য-দৃষ্টি বা সাংখ্যদর্শনই নিঃসন্দেহে বুঝা বায়। এবং সাংখ্য-সম্পুদায় যে দৃষ্টি অর্থাৎ দর্শনরূপ জ্ঞানবিশেষ-

প্রযুক্ত "বৃদ্ধি নিত্য" এইরূপ বাক্য বর্নিয়াছেন, তাঁহাদিগের ঐ "প্রবাদ" অর্থাৎ বাকোর 'ভৌপালম্ভ'' অর্থাৎ খণ্ডনের জন্যই মহঘির এই প্রকরণ, এইরূপ অর্থও উহার হার। বুঝা যাইতে পারে। কিন্তু সাংখ্য-সম্প্রদায়ের বাক্য-খণ্ডন না বলিয়া, মতখণ্ডন বলাই সমুচিত। স্মতরাং ভাষ্যে "প্রবাদ" শব্দের **ষার। এখা**নে মতবিশেষ ব। সিদ্ধান্ত**বিশেষ অর্থ**ই ভাষ্যকারের অভি**প্রে**ত বুঝ যায়। ভাষ্যকার ইহার পূর্ব্বেও (এ**ই অধ্যা**য়ের প্র**ণ**ম আছিকের ৬৮ম সূত্রের পূর্ব্বভাষ্যে) মতবিশেষ অর্থেই **''প্র**বাদ'**' শব্দের প্রয়ো**গ করিয়াছেন। "প্রবাদ" শবদ যে মতবিশেষ অর্থেও প্রাচীন কালে প্রযুক্ত হইত, ইহা আমর। 'বাক্যপদীয়'' গ্রান্থ নহামনীমী ভর্তু হরির প্রয়োগের খারাও স্থাপষ্ট বুঝিতে পারি^১। তাহ। হইলে ''দৃষ্টি'' অর্থাৎ সাংখ্যদর্শন বা সাংখ্য-শান্তের যে 'প্রবাদ'' অর্থাৎ মতবিশেষ, তাহার খণ্ডনের জন্যই মহধির এই প্রকরণ, ইহাই ভাষ্যকারের উক্ত বাক্যের **যা**র। **বুঝা যায়। অবশ্য এখানে সাং**খ্যা-চার্য্য মহন্দি কপিলের জ্ঞানবিশেষত্তকও সাংখ্যদৃষ্টি বলিয়া বুঝা যাইতে পারে, জ্ঞানবিশেষ অর্থেও ''দৃষ্টি'' ও ''দর্শন'' শবেরর প্রয়োগ হইডে পারে। বৌষ্ক পালিগ্রন্থেও ঐরূপ অর্থে ''দৃষ্টি'' বুঝাইতে ''দিট্টি'' শব্দের প্রয়োগ দেখা যায়। পরস্ত পরবন্তী ৩৪শ সূত্রের ভাষ্যারন্তে ভাষ্যকারের ''কস্যচিদ্দর্শনং'' এবং এই সূত্তের বাত্তিকে উদ্দ্যোতকরের ''পর্গ্য দর্শনং"-এবং চতুর্থ অধ্যায়ের সর্ব্বশেষে ভাষ্যকারের 'অবন্যান্যপ্রভানীকানি প্রাবাদু কানাং দর্শনানি'' ইত্যাদি প্রয়োগের গারা প্রাচীন কালে যে মত ব সিদ্ধান্তবিশেষ অর্থেও ''দর্শন'' শব্দের প্রয়োগ হইয়াছে, ইহাও বুঝা যায়। স্থতরাং "দৃষ্টি" শব্দের দারাও মতবিশেষ অর্থ বুঝা যাইতে পারে। '**'প্ৰবাদ''** শব্দের কিন্ত ভাঘাকার এখানে যথন পুথক্ করিয়৷ প্রয়োগ করিয়াছেন, তখন ''দৃষ্টি'' শবেদর দার। তিনি এখানে সাংখ্য-শান্তকেই গ্রহ করিয়াছেন মনে হয়। নচেৎ ''প্রবাদ' প্রয়োগের বিশেষ কোন প্রয়োজন বুঝা যায় না। স্থপাচীন কালেও বাক্যবিশেষ বা শান্তবিশেষ বুঝাইতেও ''দর্শন'' শব্দের প্রয়োগ হইরাছে। ভাষ্যকার বাৎস্যায়ন প্রথম অধ্যায়ে ''অন্ত্যাম্বা ইত্তাকং দর্শনং'' এই প্রয়োগে বাক্যবিশেষ অর্থেই 'দর্শন' প্রয়োগ করিয়াছেন (১ম খণ্ড, ২৫৭ পৃষ্ঠা দ্রষ্টব্য)। প্রাচীন বৈশেষিকাচার্য্য প্রশন্তপাদও

১। ''তস্যার্থবাদরাগাণি নিশ্চিত্য হবিকল্পাঃ। একছিনাং ঘৈতিনাঞ প্রবাদা বহুধা মতাঃ''।—বাক্পিদীয় । ৮।

বিশেষ বা শান্তবিশেষ অর্থে ''পর্শন'' শবেদর প্রয়োগ করিয়াছেন । সেধানে 'কিরপাবলী'কার উদয়নাচার্য্য এবং ''ন্যায়কল নী''কার শ্রীধর ভটও ''দর্শন'' শবেদর হার। এরপ অর্থেরই ব্যাখাা করিয়াছেন। শারীয়কভাষ্যে ভগবান্ শঙ্করাচার্য্যও (২য় এঃ, ১ম ও ২য় পাদে) ''ঔপনিঘদং দর্শনং'', ''বৈদিকস্য দর্শনস্য'', অসমপ্রদমিদং দর্শনং'', ইত্যাদি বাংক্য শান্তবিশেষেকেই ''দর্শন'' শবেদর হার। গ্রহণ করিরাছেন, ইহাও বুলা টাহের পারে। ''আত্মভদ্ববিবেকে''র সর্প্রশেষে উদয়নাচার্য্য ''ন্যায়দর্শন্যেশ হার:'' এই বাক্যে ন্যায়শান্তকেই ''ন্যায়দর্শন'' বলিয়াছেন। কলা থা, যদি ভাষ্যকার বাবস্যায়ন ও প্রশন্তপাদ প্রভৃতি প্র'চীনগণের প্রয়োগের হারা বাক্য বা শান্তবিশেষ অর্থেও প্রাচীনকালে ''দর্শন'' শবেদর প্রযোগ হইয়াছে, ইহা স্বীকার্য হয়, ভাহা হইলে এরপ অর্থে ''দৃষ্টি'' শবেদরও প্রযোগ স্বীকার করা যাইতে পারে। ভাহা হইলে এবানে ভাষ্যকারের প্রযুক্ত 'দৃষ্টি'' শবেদর হার। আমর। ভাৎপর্য্যানুসারে সাংখ্যশান্তও বুনিতে পারি। স্বধীগণ পূর্কোক্ত সমস্ত কথাগুলি চিন্তা করিয়া এনানে ভাষ্যকারের প্রযুক্ত 'দৃষ্টি'' শবেদর প্রকৃতার্থ বিচার করিবেন।

এখানে আর একটি বিষয় লক্ষ্য করা আরশ্যে বে, নান্দ্রতে আকাশ নিত্য পদার্থ, ইহাই সমপ্রদায়সিদ্ধ নিদ্ধান্ত । মহন্দির এই সূত্রেন দারাও ঐ সিদ্ধান্ত বুঝিতে পার। যায়। কারণ, কর্ম্মের না। আকাশও অনিতা পদার্থ হইলে, কর্ম্ম ও আকাশের সাধর্ম্মপ্রকু বুদ্ধি কি নিতারে অগবা অনিতা ? এইরূপ সংশয় ইইতে পারে না। নর্মের তাল নিনিতে পারেন না। কিন্তু মহন্দি যখন এই সূত্রে কর্ম্ম ও লাকাশের সাধর্ম্মপ্রকু বুদ্ধি নিতান্থ ও অনিতান্ধ বিষয়ে সংশয় বলিয়াক্তন, ইলা বুঝা যায়, তখন তাঁহার মতে আকাশ কর্মের ন্যায় অনিতা পদার্থ নহে, কিন্তু নিতা, ইলা বুঝিতে পার। যায়। পরস্ক ভাষ্যকার বাংস্টায়ন চতুর্থ অথ্যায়ের প্রথম আহিকে (২৮শ সূত্র ভাষ্যে) ন্যায়মতানুসারে আকালের নিতান্ধ-সিদ্ধান্ত লাইই বলিয়াছেন। স্কৃতরাং এখন কেন্তু কেন্তু যে ন্যায়সূত্র ও বাংস্যায়ন-ভাষ্যের হারাও বেদান্ত-মত সমর্থন করিতে চেন্তা করেন, সে চেন্তা সার্থক হারতে পারে না।।।।।

১। রয়ীদর্শনবিশরীতেষু শাক্যাদি-দর্শনেবিদং শ্রের ইতি মিথ্যা-প্রতায়ঃ। (প্রশন্ত-গাদ ভাষা, কন্দলী-সহিত কাশী-সংক্রণ, ১৭৭ পুঃ। দুশাতে স্থাপ্রগ্রসাধন-ভূতোহংগাঁহনয়া ইতি দর্শনং, এযোব দর্শনং রয়ী দর্শনং, তদ্বিপরীতেষু শাক্যাদি-দর্শনেষু শাক্যভিমক-নির্গ্রক-সংসার-মোচকাদি-শারেষু। কন্দলী, ১৭৯ পুঠা।

সুত্র। বিষয়**-প্রত্য**ভিজ্ঞানাৎ ॥২॥২৭৩॥

অন্থবাদ। (পূর্ব্বপক্ষ) যেহেতৃ বিষয়ের প্রত্যভিজ্ঞা হয় (অঙএন ঐ জ্ঞানের আশ্রয় অস্তঃকরণরূপ বৃদ্ধি নিত্য)।

ভাষ্য। কিং পুনরিদং প্রত্যভিজ্ঞানং ? যং পূর্ব্যজ্ঞাসিষমর্থং তমিমং জানামীতি জ্ঞানয়োঃ সমানেহর্থে প্রতিসন্ধিজ্ঞানং প্রত্যভিজ্ঞানং, এতচ্চা বস্থিতায়া বুদ্ধেরুপপন্নং। নানাত্বে তু বৃদ্ধিভেদেষূৎপদ্মাপবর্গিষু প্রত্যভিজ্ঞানাষ্ট্রপপত্তিঃ, নাম্মজ্ঞাতমস্যঃ প্রত্যভিজ্ঞানাতীতি।

অসুবাদ। (প্রশ্ন) এই প্রভ্যাভিজ্ঞান কি ? (উত্তর) "যে পদার্থকে প্র্রেব জানিয়াছিলাম, সেই এই পদার্থকে জানিতেছি" এই-রূপে জ্ঞানদ্বরের এক পদার্থের প্রভিসন্ধানরূপ জ্ঞান প্রভ্যাভিজ্ঞান, ইহা কিন্তু অবস্থিত বৃদ্ধির সম্বন্ধেই উপপন্ন হয়, অর্থাৎ বৃদ্ধি বা অন্তঃকরণ প্র্রোপরকালস্থায়ী একপদার্থ হইলেই, ভাহাতে প্র্রেবাক্ত প্রভ্যাভিজ্ঞানপর জানবিশেষ জানিতে পারে। কিন্তু নানাত্ব অর্থাৎ বৃদ্ধির ভেদ হইলে, উৎপন্নাপবর্গা অর্থাৎ যাহার। উৎপন্ন হইয়া ভৃতীয় ক্ষণেই বিনষ্ট হয়, এমন বৃদ্ধিভেদগুলিতে প্রভ্যাভিজ্ঞার উপপত্তি হয় না, (কারণ অন্তের জ্ঞাত বস্তু অন্তা ব্যক্তি প্রভ্যাভিজ্ঞা করে না।

ঁটিপ্লনী। সাংখ্য-মতে অন্ত:করণের নামান্তর বুদ্ধি। উহ। সাংখ্যসন্ধত মূলপ্রকৃতির প্রথম পরিণাম। এ বুদ্ধি বা অন্ত:করণ প্রত্যেক
পুরুষের তির তির শরীরের মধ্যে পৃথক্ পৃথক্ এক একটি আছে ,
উহার কর্তা, উহা ছড়পদার্থ হইলেও, কর্ত্ব ও জ্ঞান-স্থাদি উহাবই
বৃত্তি বা পরিণামন্ত্রপ ধর্মা। চৈত্তনাম্মরূপ পুরুষ অর্থাৎ আদাই চেত্তন
পদার্থ। উহা কুটুস্থ নিত্য, অর্থাৎ উহার কোন প্রকার পরিণাম নাই, এজন্য
কর্ত্ব্রাদি উহার ধর্ম হইতে পারে না ; এ পুরুষ অকর্তা, উহার শরীরমধ্যগত অন্ত:করণই কর্তা। এবং তাহাতেই জ্ঞানাদি জন্মে। কানবিশেষে
এ অন্ত:করণ বা বৃদ্ধির মূলপ্রকৃতিতে লর হয়, কিন্ত উহার আতান্তিক
বিনাশ নাই। মুক্ত পুরুষের বৃদ্ধিত্ব মূলপ্রকৃতিতে একেবারে লয়প্রীপ্র
হইলেও উহা প্রকৃতিরূপে তথ্যনও পাকে। সাংখ্য-সমপ্রদায় এই ভাবে

ত্র বৃদ্ধিকে নিত্তা বলিয়াছেন। মহটি গোতম এই সূত্রে সেই সাংখ্যাক্ত ৰ্**দ্ধির নিত্যাদের সাধন ব**লিয়া**ছে**ন, "বিষয়প্রত্যভিজ্ঞান''। কোন একটি भग**र्व**्क **এकवा**त प्रविश्वा भारत जानात प्रतिराज, ''याहारक भरवर्व দেৰিয়াছিলাম, তাহাকে আবার দেৰিতেছি" ইত্যাদি প্ৰকারে পূৰ্বজাত ও প্রজাত দেই জ্ঞানম্বয়ের দেই একই পদার্থে যে প্রতিসন্ধানরূপ তৃতীয় ক্লানবিশেষ **অন্মে, তাহা**কে বলে '<mark>প্রে</mark>ত্যভিজ্ঞান''। ইং। 'প্রত্যভিজ্ঞা'' নামেই ব**হু স্থানে কণি**ত হইয়াছে। বুদ্ধি বা অন্ত:করণেই 🗓 প্রত্য-ভি<mark>জ্ঞারপে জ্ঞানবিশেষ ছন্মে। আত্মা</mark>ণ কোন পরিণান এসম্ভব বলিয়া, তাহাতে জ্ঞানাদি ঘন্মিতে পারে ন।। কারণ, ঐ জ্ঞানাদি পরিণামনিশেষ। তা**হা হইলে পূৰ্ব্বোক্তরূপ** ঐ জ্ঞানের আ**শ্র**য় বুদ্ধিকে এ**বস্থিত** এর্থাৎ পূ**র্ব্বাপর-কালস্থায়ী বলিতেই হইবে।** কাবণ, যে বুদ্ধিতে প্রথম জ্ঞান **জন্মিরাছিল, এ বুদ্ধি পরজাত জ্ঞানের কল পর্যান্ত না প**াদিলে, "যাহা **আমি পূর্ব্বে জানিয়াছিলাম, তা**হা**কে আ**বাৰ জানিতেছি" এইরূপ প্রত্য**ভি**জ্ঞ। হ**ইতে পারে না। পুরুষের বুদ্ধি** নানা হইলে এবং "উৎ**প**রাপবর্গী" হ**ইলে অর্থাৎ ন্যায় মতানুসা**রে উৎপন্ন হ**ই**য়। তৃতীয় ফণে অপবর্গী (বিনা**ণী) হইলে, তাহাতে** পূর্ব্বেজিরপে প্রত্যাভিজ্ঞা হইতে পারে না । কারণ, যে ৰুদ্ধিতে প্রথম জ্ঞান জ্বনেম, গেই বুদ্ধিই পর াত জ্ঞানের কাল পর্য্যন্ত থাকে না, উহা তাহার পর্কেই বিন**ট হইয়া** যায়। একের জাত বস্তু অন্য ব্যক্তি প্রত্যভিজ্ঞ। কনিতে পাবে না। স্কুরাং প্রত্য-ভিজ্ঞার আশ্রয় বুদ্ধির চিরস্থিরছই স্বীকার করিতে হইবে। তাহ। হইলে বুদির বৃত্তি জ্ঞান হইতে ঐ বুদ্ধির পার্থক্যই সিদ্ধ হইতে এবং পূর্ব্বোজ-রপে ঐ বৃদ্ধি বা অন্ত:করণের নিতাম্বই দিদ্ধ হইবে।।২।।

সূত্র। সাধ্যসমত্বাদহেতুঃ।।৩॥২৭৪॥

অসুবাদ। (উত্তর) সাধ্যসমত্প্রযুক্ত অহেতু, তথাং পূর্ববসূত্রোক্ত বিষয়-প্রত্যভিজ্ঞানরূপ হেতু বৃদ্ধি বা অন্তঃকরণে অসিদ্ধ, স্থতরাং উহা সাধ্যসম নামক হেত্বাভাস, উহা বৃদ্ধির নিত্যত্বসাধনে হেতুই হয় না।

ভাষা। যথা খলু নিভাতং বৃদ্ধে: সাধ্যমেবং প্রভ্যভিজ্ঞানমপীতি।

কিং কারণং ? চেতনধর্মস্য করণেহমুপপত্তিঃ। পুরুষধর্মঃ খলমং জ্ঞানাদর্শনমুপলির্কিবাধঃ প্রত্যাহেধ্যবসায় ইতি। চেতনো হি পূর্বজ্ঞাতমর্থঃ প্রত্যাভিষ্ণানাতি, তক্ষৈত্রমান্দেতোনিত্যত্বঃ যুক্তমিতি। করণচৈত্রসাস্থ্যপ্রথমে তু চেতনস্বরূপঃ বচনায়ঃ, নানির্দিষ্টস্বরূপমাত্মান্তরং শক্যমন্তীতি প্রতিপত্ত্বঃ। জ্ঞানঞ্চেন্তঃকরণস্থাভ্যুপগম্যতে, চেতনস্থেদানীঃ কিং স্বরূপঃ, কো ধর্মঃ, কিং তত্বং ! জ্ঞানেন চ বুদ্ধৌ বর্ত্তমানেনায়ং চেতঃ কিং করোতীতি। চেতরত ইতি চেৎ ? ন, জ্ঞানাদর্থান্তরবচনং। পুরুষশেচভয়তে বুদ্ধির্জানাতীতি নেদং জ্ঞানাদর্থান্তরব্যাত্র চিত্তরত, জানীতে, পশ্যতি, উপলভতে ইত্যোকোহয়মর্থ ইতি। বৃদ্ধির্গ্রাণয়তীতি চেৎ অদ্ধা, (১) জানীতে পুরুষ্থেতি সিদ্ধং ভবতি, ন বৃদ্ধেরস্তঃকরণস্থেতি। এবঞ্চাভ্যুপগমে জ্ঞানং পুরুষস্থেতি সিদ্ধং ভবতি, ন বৃদ্ধেরস্তঃকরণস্থেতি।

প্রতিপুরুষণ্ঠ শক্ষান্তরব্যবস্থা-প্রতিজ্ঞানে প্রতিষেধহেতু বিচনং। যশ্চ প্রতিজ্ঞানীতে কশ্চিৎ পুরুষান্তরতে কশ্চিদ্বৃধ্যতে কশ্চিৎহুপলভতে কশ্চিৎ পশ্যতীতি, পুরুষান্তরাণি থলিমানি চেতনো বোদ্ধা উপলব্ধা দ্রুষ্টেতি নৈকস্থৈতে ধর্ম্মা উতি, অত্র কঃ প্রতিষেধহেতুরিতি। অর্থস্থাভেদ ইতি চেৎ, সমানং। অভিন্নার্থা এতে শক্ষা ইতি তত্র ব্যবস্থান্তপণন্তিরিত্যেবঞ্চেন্মগ্রান্ত, সমানং ভরতি, পুরুষশেচতয়তে বৃদ্ধির্জানীতে ইত্যত্রাপ্যর্থো ন ভিন্নতে, তত্রোভয়োশেচতনদ্বাদন্যতরলোপ ইতি। যদি পুনর্ব্ব্রাতেইনয়েতি বোধনং বৃদ্ধির্মন এবোচ্যতে ভচ্চ নিত্যং, অস্থেতদেবং, নতু মনসো বিষয়প্রত্যভিজ্ঞানান্ধিত্যত্বং প্রত্যভিজ্ঞানাণিতি চক্ষ্বেৎ, প্রদীপবচ্চ, প্রদীপান্তরদৃষ্টস্থ প্রদীপান্তরেণ প্রত্যভিজ্ঞানমিতি। তত্মাঞ্জ্ঞাতুরয়ং নিভ্যম্বে হেতুরিতি।

অমুবাদ। যেমন বুদ্ধির নিত্যত্ব সাধ্য, এইরূপ প্রত্যভিজ্ঞা^ও

১। ''আদ্ধা" শব্দের অর্থ তত্ত্বা সত্য—তত্ত্বে জ্লাহঞ্সাদ্ধাং । অমরকোষ অধায়বর্গ । ৩৭।

সাধ্য, অর্থাৎ বৃদ্ধির নিতাত্ব সাধনে যে প্রভাভিজ্ঞাকে হেড় বলা হইয়াছে, তাহাও বৃদ্ধিতে নিত্যত্বের ন্যায় সিদ্ধ পদার্থ নহে, তাহাও সাধ্য, মৃতরাং তাহা হেড় হইতে পারে না। (প্রাণ্ধ) কারণ কি? অর্থাৎ বৃদ্ধিতে প্রত্যাভিজ্ঞা সিদ্ধ নহে, ইহার হেড় কি ও উত্তর) করণে চেতন-ধর্মের অমুপপত্তি। কারণ, জ্ঞান, দর্শন, উপলব্ধি, বোধ, প্রত্যায়, মধ্যবসায়, ইহা পুরুষের (চেতন আলার) ধর্মা, চেতনই অর্থাৎ পুরুষ বা আত্মাই প্রক্জাত পদার্থকে প্রত্যভিজ্ঞা করে, এই হেড্প্রযুক্ত সেই চেতনের (আত্মার) নিত্যত্ব যুক্ত।

করণের চৈত্ত স্থাকার করিছে কিন্তু চেতানের স্বরূপ বলিতে হইবে; অনির্দিষ্ট-স্বরূপ অঘাৎ যাহার স্বরূপ নির্দিষ্ট হয় না, এমন মাগ্রাস্তর আছে, ইহা বৃঝিতে পারা যায় না। বিশ্বদার্থ এই যে যদি জ্ঞান অস্তঃকরণের (ধর্ম) স্বীকৃত হয়, (তাহা হইলে) এখন চেতানের স্বরূপ কি, ধর্ম কি, তত্ত্ব কি, বৃদ্ধিতে বর্তমান জ্ঞানের দারাই বা চেতান কি করে? (ইহা বলা আবহ্যক। চেতানাবিশিষ্ট হয়, ইহা যদি বলা। (উত্তর) জ্ঞান হইতে ভিন্ন পদার্থ বলা হয় নাই। বিশ্বদার্থ এই যে, পুরুষ চেতানাবিশিষ্ট হয়, বৃদ্ধি জ্ঞানে, ইহা জ্ঞান হইতে ভিন্ন পদার্থ বলা হইতেছে না, কারং) (১) চেতানাবিশিষ্ট হয়, (২) দ্ধানে, (৩) দর্শন করে, (৪) উপলব্ধি করে, ইহা একই পদার্থ। বৃদ্ধি জ্ঞাপন করে, ইহা যদি বলা? (উত্তর) সত্যা পুরুষ জ্ঞানে, বৃদ্ধি জ্ঞাপন করে, ইহা মত্যা, কিন্তু এইরূপ স্বীকার করিলে জ্ঞান পুরুষের (ধর্মা), ইহাই সিদ্ধা হয়, জ্ঞান অন্তঃকরণরূপ বৃদ্ধির (ধর্মা), ইহাই সিদ্ধা হয়, জ্ঞান অন্তঃকরণরূপ বৃদ্ধির (ধর্মা),

প্রত্যেক পুরুষে শব্দান্তরব্যবস্থার প্রতিজ্ঞা করিলে প্রতিষ্থেধের হৈছু বলিতে হইবে। বিশদার্থ এই যে—িযিনি প্রতিজ্ঞা করেন, কোন পুরুষ চেতনাবিশিষ্ট হয়, কোন পুরুষ বোধ করে, কোন পুরুষ উপলব্ধি বরে, কোন রুষ দর্শন করে, চেতন, বোদ্ধা, উপলব্ধা ও দ্রষ্টা, ইহারা

ভিন্ন ভিন্ন পুরুষই, এই সমস্ত অর্থাৎ চেতনত্ব প্রভৃতি একের ধর্দ্ম নং, এই পক্ষে অর্থাৎ এইরূপ সিদ্ধান্তে প্রতিষেধের হেতৃ কি ?

অর্থের অভেদ, ইহা যদি বল ? সমান। বিশদার্থ এই যে, এই সমস্ত শব্দ ("চেতন" প্রভৃতি শব্দ) অভিনার্থ, এ জ্বন্স তাহাতে ব্যবস্থার অর্থাৎ পূর্ব্বোক্তরূপ শব্দান্তর-ব্যবস্থার উপপত্তি হয় না, ইহা যদি মনে কর,—(তাহা হইলে) সমান হয়, (কারণ) পুরুষ চেতনাবিশিষ্ট হয়, বৃদ্ধি জানে—এই উভয় স্থলেও অর্থ ভিয় হয় না, তাহা হইলে উভয়েরর চেতনম্প্রপ্রক্ত একতরের অভাব সিদ্ধ হয়।

(প্রশ্ন) যদি "ইহার দারা বুঝা যায়" এই অর্থে বোধন মনকেই "বৃদ্ধি" বলা যায়, তাহা ত নিত্য ! (উত্তর) ইহা (মনের নিত্যত্ব এইরূপ হউক, অর্থাৎ তাহা আমরাও স্বীকার করি, কিন্তু বিষয়ের প্রত্যভিজ্ঞানবশতঃ মনের নিত্যত্ব নহে। যেহেতু করণের অর্থাৎ চক্ষুরাদি জ্ঞানসাধনের ভেদ থাকিলেও জ্ঞাতার একত্ব প্রযুক্ত প্রত্যভিজ্ঞা দেখা যায়, বাম চক্ষুর দারা দৃষ্ট বস্তুর দক্ষিণ চক্ষুর দারা প্রত্যভিজ্ঞান হওয়ায় যেমন চক্ষু, এবং যেমন প্রদীপ, প্রদীপাস্তরের দারা দৃষ্ট বস্তুর অন্ত প্রদীপের দারা প্রত্যভিজ্ঞা হইয়া থাকে। অত এব ইহা অর্থাৎ প্রেক্তাক্ত বিষয় প্রত্যভিজ্ঞান যাংখ্যক্ষপ্রদায় বৃদ্ধির নিত্যত্বসাধনে হেতু বিলয়াছেন, তাহা জ্ঞাতার অর্থাৎ আত্মারই নিত্যত্বে হেতু হয়।

টিপ্লনী। মহমি এই সূত্রের হারা পূর্ব্বেজি সাংখ্যমত খণ্ডন করিবার জন্য বলিরাছেন যে, বুদ্ধির নিতাত্ব সাধনে যে বিষয়প্রত্যাভিজানকে হেত্ বলা হইরাছে, তাহা সাধ্যসম নামক হেছাভাস হওরার হেতুই হয় না। বুদ্ধির নিতাত্ব যেমন সাধ্য, তজ্ঞপ ঐ বুদ্ধিতে বিষয়প্রত্যভিজ্ঞারূপ জ্ঞানও সাধ্য; কারণ, বুদ্ধিই বিষয়ের প্রত্যভিজ্ঞা করে, ইহা কোন প্রমাণের হারাই সিদ্ধ নহে, স্মৃত্রাং উহা বুদ্ধির নিতাত্ব সাধন করিতে পাহের না। বাহা সাধ্যের ন্যায় পক্ষে অসিদ্ধ, তাহা ''সাধ্যসম'' নামক হেছাভাস। তাহার হারা সাধ্যসিদ্ধি হয় না। বুদ্ধিতে বিষয়ের প্রত্যভিজ্ঞারূপ জ্ঞান প্রমাণ্ডনর হারাই সিদ্ধ নহে, ইহার হেতু কি ? ভাষাকার এতদুত্বে বিলিরাছেন যে, যাহা চেত্রন আত্বারাই ধর্ম, তাহা করণে অর্থাৎ জ্ঞানের সাধন

অষ্ট্রতন থদার্থে থাকিতে পারে না। জ্ঞান, দর্শন, উপলব্ধি, বোধ, প্রত্যয়, অধ্যবসায়, চেতন আত্মারই ধর্ম, চেতন আত্মাই দর্শনাদি করে, চেতন আত্মাই পূর্ব্বজ্ঞাত পদার্থকে প্রত্যাভিজ্ঞা কবে। স্থতরাং পূর্ব্বোক্ত বিষয়-প্রত্যাভিজ্ঞা চেতন আত্মারই ধর্ম বলিয়া, ঐ হেতুবশত: চেতন আত্মারই নিত্যত্ব সিদ্ধ হয়, উহা বুদ্ধির নিত্যত্বের সাধক হইতেই পারে না।

ভাষ্যকার সূত্রতাৎপর্য্য বর্ণন করিয়া, পরে ন্যালমত সমর্থনের জন্য নিজে বিচারপূর্ব্ব ক সাংখ্য-সিদ্ধান্ত খণ্ডন করিতে বলিয়াছেন যে, অন্ত:করণেন চৈতন্য স্বীকার করিলে, চেতনের স্বরূপ কি, তাহা বলিতে হ**ইবে**। তাৎপর্ব্য এই যে, জ্ঞানেরই নামান্তর চৈতন্য, চৈতন্য ও জ্ঞান যে ভিন্ন পদার্থ, এ **বিষয়ে কোন প্রমাণ** নাই। এখন যদি এ জ্ঞানকে **অন্ত**,করণের ধর্ম্মই বল। হয়, তাহা হইলে ঐ খন্ত:করণকেই চৈতন্যবিশিট বা চেতন বলিয়া স্বীকার করা হইবে। কিন্তু তাহা হইলে, ঐ অন্ত:করণ হইতে ভিন্ন যে চেতন পুরুষ স্বীকার কর। হইয়াছে, তাহার স্বরূপ নির্দেশ কর। যাই**ত**ে ন। **অর্থাৎ অন্ত:করণে**ই কর্তৃত্ব ও জ্ঞান স্বীকার করিলে এবং ধর্মাধর্ম ও ত**জ্জন্য স্থ্-দুঃ**ধাদিও অন্ত**:ক**রণেরই ধর্ম হইলে, ঐ সকল গুণের দার। আত্মার স্বরূপ নির্দেশ কর। যাইতে পারে না। যাধার স্বরূপ নিদিষ্ট হয় না, এমন কোন আছা আছে, অর্থাৎ নির্ন্তুণ আছা আছে, ইহা বুঝিতে পার। <mark>যার না। পরত্ত এই বুদি বা অন্ত:</mark>করণেই জ্ঞান উৎ<mark>পন্ন হইলে</mark> তদার। ঐ চেতন পুরুষ কি করে, অর্থাৎ পরকীয় 🗓 জ্ঞানের দার। পুরুষের **কি উপকার** হয়, ইহাও বলা আবশাক। যদি বল, পুরুষ অন্ত:করণস্থ ঐ ভানের হার। চেতনাবিশিষ্ট হয় ? কিন্তু তাহ। বলিলেও স্বমত রক্ষা হইবে ৰা। **কারণ, চেতনা বা চৈ**তন্য ও জ্ঞান ভিন্ন পদার্থ নহে। পুরু**ষ** চেতনাবিশিষ্ট হয়, বুদ্ধি জানে, এইরূপ বলিলে জ্ঞান হইতে কোন পুথকৃ थनाई बना इस ना। ८ठछनाविभिष्टे इस, कारन, पर्यन करत, छेशनिक करत्र, ^{ইহা} একই পদার্থ। সাংখ্যাচার্য্যগণ চৈতন্য হইতে বুদ্ধি, উপলব্ধি ও **জানতকে যে পৃথক্ পদাথ বলিয়াছেন, তদিমত্যে** কোন প্রমাণ নাই। যদি ^{ৰল}, **বুদ্ধি জ্ঞাপন করে, তা**হ। হ**ইলে বলিব, তু**মি ঠিক কথাই বলিয়াছ, পু<mark>রুষ জানে, বুদ্ধি ভা</mark>হাকে জানায়, ইহা সত্য, উহ। আমরাও স্বীকার করি। কি**ত্ত** ঐ**রূপ সিদ্ধান্ত স্বীকা**র করি**লে** আমাদিগের মতানুসারে জ্ঞানকে আ**দার ধন্ম বলিয়াই স্বীকার করিতে** হইবে। জ্ঞান অ**ন্ত:**করণের ধর্ম্ম, ইহা শিদ্ধ হইবে না। কারণ, অন্ত:করণ জ্ঞাপন করে, ইহ। বলিলে, আদ্বাতকই **জাপৰ করে, অর্থাৎ আত্মান্তেই জান উৎপ**ন্ন করে, ইহাই বলিতে হইবে।

সাংখ্যসম্পূদায় তৈতন্য, বৃদ্ধি ও জ্ঞানকে বিভিন্ন পদার্থ বলিয়াই স্বীক কবিয়াছেন। চৈতদ্যই আত্মার ত্বরূপ, চৈতন্যত্বরূপ বলিয়াই পুরুষ । আত্মা চেতন। তাহার এন্ত:করণের নাম বৃদ্ধি। জ্ঞান ঐ বৃদ্ধি পরিণামবিশেষ, স্নতরাং বুদ্ধিরই ধন্ম। এই সিদ্ধান্তে আপত্তি প্রদর্শ করিতে ভাষ্যকার শেষে আবার বলিয়াছেন যে, চৈতন্য হইতে জ্ঞান ব বোধ ভিন্ন পদার্থ হইলে পুরুষেরও ভেদ কেন স্বীকার করিবে ন। ? আ চৈতন্যবিশিষ্ট, থানি ব্ঝিতেছি, আমি উপলব্ধি করিতেছি, আমি দর্শ করিতেছি, ইত্যাদি প্রধার অনুভবের দার৷ পুরুষ বা আ**দ্বাই যে ঐবো**দ্ধে কর্তা বা আশ্রয়, ইহা সিদ্ধ হয়। সার্ব্বজনী । ঐ অনুভবতেক বলবৎ প্রমাণ ব্যতীত লম বলা যায় না ৷ তাহা হ**ঁলে** যদি কেহ প্ৰতিজ্ঞা করেন যে, কো পুরুষ চেতন, কোন পুরুষ বোদ্ধা কোন পুরুষ উপলবা, কোন পুরুষ দ্রষ্টা— চেতনম বোদ্ধুত উপলক্ষ ও দ্রষ্টুম এক পুরুমের ধর্ম নহে, পুর্ব্বোক্ত চেতা প্রভৃতি ভিন্ন ভিন্ন চারিটি পরুষ। প্রত্যেক পুরুষে পুর্ব্বোক্ত 'চেতন' প্রভৃতি চারিটি শব্দান্তর পাৎ নামান্তরের ব্যবস্থা বা নিয়ম আছে। যে পুরুষ চেতন, তিনি বোদ্ধ। নংহন, যে পুরুষ বোদ্ধা, তিনি চেতন নহেন, ইত্যাদি প্রকা নিয়ম স্বীকার করিয়া, তাহার সাধনের জন্য কেহ ঐরপ প্র উজা করিনে, তাহার প্রতিমেনের হেতু কি বলিবে ? যদি বন, প্রের্বাক্ত চেতন প্রতৃটি শবদগুলির অর্থের কোন ভেদ নাই, উহার। একার্থবোধক শবদ, স্থতরা: পুরুষে পুর্বেজি ভিন্ন ভিন্ন নামের ব্যবস্থার উপপত্তি হয় না। এইরগ वनिरन छेश आयात कथात भयान धरेरत, वर्षाद शूक्व रहजनाविशिष्ट श्या বিদ্ধি ছানে, এই উভয় স্থলেও চেতন। ও জ্ঞানরূপ পদার্থের কোন ভেদ নাই, ইহা আমিও পূর্কে ব**িয়াছি। বুদ্ধিতে জ্ঞান স্বীকার করিলে, তাহাকে**। চেতন বলিয়াই স্বীকার করিতে হইবে। কিন্তু আছা ও অন্ত:করণ, এই উভয়কেই চেত্রন বলিয়। স্থীকার **কর। নিপ্রাোজন এবং এক দেহে দুই**টি চেতন পদার্থ স্বীকার করিলে উভয়েরই কর্ত্তু নির্ব্বাধ হইতে পারে ন। । স্থতরাং সর্ব্বান্মত ১চতন আত্মাই স্বীকার্যা, প্র্বোক্ত**রূপ সাংখ্য**গন্ধ "বিদ্ধি" প্রমাণাভাবে অসিদ্ধ।

যদি কেন্দ্র বলেন যে, ''যদ্ধার। বুঝা যায়'' এইরূপ ব্যুৎপত্তিতে ''বুদ্ধি" শব্দের অর্থ বোধন অর্থাৎ বোধের সাধন মন,—ঐ মন এবং তান্থার নিত্য ন্যায়াচার্য্যগণও স্থীকার করিয়াছেন। তবে মহাধি গোতম এখানে নিত্য খণ্ডন করেন কিরুপে । এতদুত্তরে ভাষ্যকার বলিয়াছেন যে, বুদ্ধির মনের নিত্য সামরা'ও স্থীকার করি বটে, কিন্তু, সাংখ্যোক্ত বিষয়প্রত্যভিজ্ঞার্মপ হেতুর

রা বনের নিত্যত্ব সিদ্ধ হয় না। কারণ, মন জাবনর করণ, মন জ্ঞাতা হে, মনে বিষয়ের প্রত্যভিজ। জনেম না। মন যদি অনিত্যও হইত, ানভেদে ভিন্ন ভিন্নও হইত, তাহা হইবেও জ্ঞাতা আত্মা এক বলিয়া াহাতে প্রতাভিজ্ঞা হইরত পারিত। কারণ, করণের ভেদ গাঞ্চিলেও াতার একছবশত: প্রত্যাভিজ্ঞ। হইয়া থাকে। যেমন বাম চক্ষুব হার। দৃষ্ট ম্বর দক্ষিণ চক্ষুর হার। প্রত্যাভিজ্ঞ। হয় এবং যেমন এক প্রদীপের হার। দট্ট ন্তুর অন্য প্রদীপের হারাও প্রত্যাভিজ্ঞ। হয়। স্থতরাং বিদয়ের প্রত্যাভিজ্ঞ। াতা আশার নিতাত্বেরই সাধক হয়, উহা বুদ্ধি বা মনের নিতাত্বের সাধক व ना ॥ ७॥

ভাষ্য। যচ্চ মম্যতে বুল্কেরবস্থিতায়া যথাবিষয়ং বৃত্তয়ো জ্ঞানানি শ্চরন্থি, বৃত্তিশ্চ বৃত্তিমতো নাম্মেতি, ভচ্চ—

অমুবাদ। আর যে অবস্থিত বৃদ্ধি হইতে বিষয়ামুসারে জ্ঞানরূপ ত্তিসমূহ আবিভূতি হয়, বুত্তি কিন্তু বুত্তিমান্ হইতে ভিন্ন নহে, ইহা নে করেন অর্থাৎ সাংখ্যসম্প্রদায় স্বীকার করেন, তাহাও—

সূত্র। ন যুগপদগ্রহণাৎ ॥॥২৭৫॥

অমুবাদ। না, যেহেতু একই সময়ে (সমস্ত বিষয়ের) জ্ঞান व्रना ।

ভাষ্য। বৃত্তিবৃত্তিমভোরনন্যত্বে বৃত্তিমতোহৰস্থানাদ্বৃত্তীনামবস্থানমিতি, ানীমানি বিষয়গ্রহণানি তান্যবতিষ্ঠিভ ইডি যুগপদ্বিষয়াণাং গ্রহণং াসজাত ইতি।

অমুবাদ। বৃত্তি ও বৃত্তিমানের অভেদ হইলে বৃত্তিমানের অবস্থান-াযুক্ত বুক্তিসমূহের অবস্থান হয় (অর্থাৎ) এই যে সমস্ত বিষয়-গন, সেগুলি অবন্তিভই থাকে; সুভরাং একই সময়ে সমস্ত বিষয়ের নি প্রসক্ত হয়।

টিপ্পনী। সাংধ্যসম্পুদায়ের সিদ্ধান্ত এই যে, বুদ্ধি অর্ধাৎ **অন্তঃক**রণ 76

অবস্থিতই থাকে, উহা হইতে জ্ঞানরূপ নানাবিধ বৃত্তি আবির্ভূত হয়; ঐ বৃত্তিসমূহ অন্ত:করণেরই পরিণামবিশেষ; স্মৃতরাং উহ। বৃত্তিমানু অন্ত:করণ হইতে বস্তত: ভিন্ন পদার্থ নহে। মহাণি এই সূত্রের দার। এই সিদ্ধান্তের খণ্ডন করিতে বলিয়াছেন যে, তাহাও নহে। ভাষ্যকারের শেষোক্ত ''তচ্চ' এই বাক্যের সহিত স্ত্রের প্রথমোক্ত ''নঞ্'' শব্দের যোগ করিয়া সূত্রার্থ বুঝিতে হইবে। ভাষ্যকার মহর্ষির তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, বুতিমান অন্ত:করণ হইতে তাহার বৃত্তিসমূহের যদি ভেদ না থাকে, উহার। যদি বস্তত: অভিন্ন পদার্থই হয়, তাহা হইলে বৃত্তিমান্ সর্ব্বদ। অবস্থিত থাকায় তাহার বত্তিরূপ জ্ঞানসমূহও সর্ব্বদা অবস্থিত আছে, ইহা স্বীকার করিতে হইবে। নচেৎ ঐ বৃত্তিগুলি অবস্থিত বৃত্তিমান্ হইতে বিভিন্ন হইবে কিন্ধপে 📍 যদি সমস্ত বিষয়জ্ঞানরূপ বুদ্ধিবৃত্তিসমূহ বুদ্ধিবৃত্তি হইতে অভিন বলিয়। সর্বদাই অবস্থিত থাকে, তাহা হইলে সর্ব্বাই সর্ব্বিময়ের জ্ঞান বর্ত্তমানই আছে, ইহাই বলা হয়। তাহা হইলে যুগপৎ অর্থাৎ একই সময়ে সর্ব্বিঘ্যের জ্ঞানের প্রসজিব। আপতি হয়। অর্থাৎ যদি বৃদ্ধির বৃত্তিরূপ জ্ঞানসমূহ ঐ বুদ্ধি হইতে অভিন হয়, ভাহ। হইলে একই সময়ে ব। প্রতিক্ষণেই ঐ সমস্ত জ্ঞান[ু] বর্ত্তমান থাকুক ? এইরূপ আপত্তি হয়। কিন্ত যুগপৎ অর্থাৎ একই সময়ে সর্ব্ববিষয়ক সমস্ত জ্ঞান কাহারট থাকে না. ইহা সকলেরই স্বীকার্য।। ৪ ।।

সূত্র। অপ্রত্যভিজ্ঞানে চ বিনাশপ্রসঙ্গঃ ॥৫॥২৭৬॥

অসুবাদ। প্রত্যাভিজ্ঞার অভাব হইলে কিন্তু (বুদ্ধির) বিনাশের আপত্তি হয়।

ভাষ্য। অতাতে চ প্রত্যভিজ্ঞানে বৃত্তিমানপ্যতীত ইত্যস্তঃকরণস্থ বিনাশঃ প্রসজ্ঞাতে, বিপর্যায়ে চ নানাত্মিতি।

অনুবাদ। প্রত্যভিজ্ঞান অর্থাৎ পূর্ব্বোক্ত বিষয়প্রত্যভিজ্ঞারূপ বৃত্তি আতীত হইলে বৃত্তিমান্ও অতীত হয়। এ জ্বন্য অস্তঃকরণের বিনাশ প্রসক্ত হয়, বিপর্য্যয় হইলে কিন্তু অর্থাৎ বৃত্তি অতীত হয়, বৃত্তিমান্ অবস্থিতই থাকে, এইরূপ হইলে (বৃত্তি ও বৃত্তিমানের) নানাছ (ভেদ) প্রসক্ত হয়।

টিপ্পনী। সাংখ্যসম্পূদায়ের কথা এই যে, প্রত্যাভিজ্ঞা অন্ত:করণেরই াতি। ঐ প্রতাভিজ্ঞ। ও অন্যান্য বৃত্তিসমূহ ৃতিমান্ অন্ত:করণ হইতেই ৰাবিভূতি হইয়া ঐ অন্ত:করণেই তিরোভ্ত হয়। বৃত্তিমান অন্ত:করণ _এৰস্থিত থাকিলেও তাহার বৃত্তিসমূহ অবস্থিত থাকে না। মহ**ঘি এই প**ক্ষেও দ্রাদ প্রদর্শন করিতে এই সূত্রের দার। বলিয়াছেন যে, তাহা হইলে অন্ত:-করণেরও বিনাশ-প্রশঙ্গ হ**া । সূত্রে ''অপ্রত্যাভিজ্ঞান''** শব্দের হার। প্রত্যাভিজ্ঞা ও অন্যান্য বৃত্তিদম্ভের অভাব অর্থাৎ ২ংসই মহর্ষির বিবক্ষিত। সাংখ্যনতে জানাদি বৃত্তির যে তিরোভাব বন। হয়, তাহা বস্ততঃ ধ্বংস ভিন্ন আব কিছুই হুইতে পারে না। ঐ বৃতিদমূহের যেরূপ অভাব হয়, বৃতিমানেরও দেইরূপ খভাৰ হইবে। বৃত্তিমান্ অন্ত:করণ হইতে তাহার বৃত্তিমনূহ বস্তত: অভিয় পদার্থ হইলে বৃত্তির তিরোভাবে বৃত্তিমান্ অস্ত:করণের তিরোভাব কেন হইবে না ? বৃত্তি বিনষ্ট হইবে, িল্ক বৃত্তিমান্ অবস্থিতই থাকিবে, ইহা বলিলে গে প**ক্ষে বৃত্তি ও বৃত্তিমানের ভেদই স্বীকা**ন করিতে হইবে। কারণ, পুদার্থের ভেদ থাকি নেই একের বিনাশে অগরের বিনাশের আপতি হইতে পার না। বত্তি ও বত্তিমান বস্তা : অভিন পদার্থ, এই সিদ্ধান্ত বডি 🗀 শাশ বা ডিরোভাবে বৃত্তিমান্ অন্তঃকরণের বিনাশ ব। তিকোভাব অনিবার্যন। ৫ ।।

ভাষ্য। অবিভূ চৈকং মনঃ পর্য্যায়েণেন্দ্রিয়েঃ সংযুক্ত্যত ইতি— অমুবাদ। কিন্তু অবিভূ অর্থাৎ ও মু এবটি মনঃ ক্রমশঃ ইন্দ্রিয় গরির সহিত সংযুক্ত হয়, এজ্ঞা—

সূত্র। জমর্ত্তিত্বাদযুগপদ্গ্রহণং ॥৬॥২৭৭॥

অসুবাদ। ক্রমবৃত্তিত্বশতঃ হ.থাৎ ইন্দ্রিয়বর্গের সহিত ক্রমশন মনের সংযোগ হওয়ায় (ইন্দ্রিয়ার্থবর্গের) যুগপৎ জ্ঞান হয় না।

ভাষ্য। ইন্দ্রিয়ার্থানাং। বৃত্তিবৃত্তিমতোন নিাম্বাদিতি। একংঘ চ পাছুর্ভাবতিরোভাবয়োরভাব ইতি।

অমুবাদ। ইন্দ্রিয়ার্থবর্গের। (অর্থাৎ সমস্ত ইন্দ্রিয়ার্থের যুগপৎ জান হয় না)। যেহেতু বৃত্তি ও বৃত্তিমানের ভেদ আছে। একছ অর্থাৎ গভেদ থাকিলে কিন্তু আবির্ভাব ও তিরোভাবের অভাব হয়।

্ ৩অ০. ২আ০

টিপ্পনী। মহিদি পূর্ব্বোক্ত চতুর্থ সূত্রে মুগপদগ্রহণের অভাব বলিবাছেন, তাহ। তাঁহার নিজমতে কিব্রূপে উপপন্ন হয় ? তাঁহার মতেও একই সময়ে শমন্ত ইন্সিয়ার্থের প্রতাদের আপতি কেন হয় না ? এতদূত্তরে মহর্ষি এই পুতের খার। বলিয়াছেন যে, মনের জ্বামবৃতিখনশত: যুগপৎ সমস্ত ইচ্ছিয়ার্থের হয় ন।। শূত্রে "অযুগপদ্গ্রহণং" এই বাক্যের পুর্বে ''ইক্রিয়ার্থানাং'' এই বাছকার অধ্যাহার করিয়া সূত্রার্থ ব্যাখ্যা করিতে হইবে। তাই ভাষাকার সুত্রের অবতারণা করিয়া প্রথমেই সূত্র চারের হাদরত্ব 'ইন্সিরার্থানাং" এই বাক্যের উলের করিয়াছেন। ইন্সিয়বর্গের সহিত ক্রমণ: ব্র্বাৎ ভিন্ন ভিন্ন স্মরে মনের সংযোগই মনের ''ক্রমবৃত্তির''। ভাষ্যকার পুত্রোক্ত এই ক্রমবৃত্তিখের হেতু বলিবার খন্য প্রথমে বলিয়াছেন যে, মন প্রতিশরীবর একটি এবং মন অবিভু, অর্থাৎ বিভু বা সর্বব্যাপী পদার্থ নহে, ৰন প্রমাপুর ন্যায় অতিসূক। তাদুণ একটি মনের একই সময়ে নানাম্বানম্ব नमछ देखिरयत निहल नः त्यांन दहेत्व बादत ना, जन्मनः वर्षां कानदिनत्वहे সমত ইক্রিয়ের সহিত মনের সংযোগ হইয়া থাছক। স্নতরাং মনের জ্ঞান-ৰুজিৰই স্বীকাৰ্যা। তাহ। হইলে যুগপৎ সমস্ত ইক্ৰিয়ের সহিত মনেব সংযোগ অসম্ভৰ বনিয়া, কারণের অভাবে যুগপৎ সমন্ত ইন্দ্রিয়ার্থের প্র**ভা**ক धनिमाण पादा ना । ইন্দ্রিयमन:गःयोগ প্রত্যক্ষের অন্যতম কারণ। বে ইচ্ছিম্মর হার। প্রত্যক্ষ ফলিমবে, সেই ইন্সিমের সহিত্র মনের সংযোগি সেই প্রতাহক আবশ্যক, ইহা পূর্নেই বল। হইয়াছে। ভাষ্যকার শেষে এখানে মহাঁদির বিবক্ষিত মূলকণ। বলিয়াছছন যে, বেহেতু বৃত্তি ও বৃত্তিমানের নানাছ (ভেদ) আছে। উহাদিগের অভেদ বনিলে আবি র্রাব ও তিরোভাব হইতে পারে বা। তাৎপর্যা এই যে, অন্ত:করণ ও তাহার বৃত্তি বস্ত এ: অভিন হইলে, অন্ত:করণ হইতে তাহার নিচম্বই আবির্ভাব ও অন্ত:করণে তাহার নিষ্দেরই তিরোভাব বলিতে হয়, কিন্তু তাহা হইতে পারে না। তাহা হুংহল স্বৰ্বদাই অন্তঃকরণের অন্তিহ ক্রিপে থাকিবে ? আর তাহ। থাকিলে উহার আবিত্রাব তিরোভাবই ব। কোন্ সময়ে কিরূপে হইবে? তাহ। কিছুতেই হইতে পারে ন:। নিশুনাণ কল্পনা স্বীকার করা যায় না। স্কুতরাং বৃত্তি ও বৃত্তিমানের ভেদই স্বীকার্যা। তাহা হইলে অন্তঃকরণ সর্ববিশ অবস্থিত আছে বলিয়া তাগর বৃত্তি বা তচ্জন্য সর্ববিষয়ের সম্ভ জ্ঞানও সর্বদ। থাকুক ? বুগপং সমত ই জিয়ার্থের প্রত্যক্ষ হউক ? এইরপ जालेखि क्यांन मराजरे हरेरव ना । गाःशामराज स्य यालेखि हरेशास्त्र, नाग्रमराज তাহা হইতেই পারে ন।। ৬।।

সূত্র। অপ্রত্যভিজ্ঞানঞ্চ বিষয়ান্তরব্যাসঙ্গাৎ ॥।॥২৭৮॥

অমুবাদ। এবং বিষয়াস্তরে ব্যাসঙ্গবশতঃ (বিষয়বিশেষের) অমুপলন্ধি হয়।

ভাষ্য। অপ্রত্যভিজ্ঞানমমুপলব্ধি:। অমুপলবিশ্চ ক্সাচিদর্ধস্য বিষয়াস্তরব্যাসক্তে মনস্থাপপছতে, বৃত্তিবৃত্তিমতোন নাম্বাৎ, একত্বে হি অনর্থকো ব্যাসক্ষ ইতি।

অমুবাদ! "অপ্রতাভিজ্ঞান" বলিতে (এখানে অমুপলন্ধি। কোন পদার্থের অমুপলন্ধি অর্থাৎ অপ্রত্যক্ষ কিন্তু মনঃ বিষয়ান্তরে ব্যাসক্ত হুইলে উপপন্ন হয়। কারণ, বৃত্তি ও বৃত্তিমানের ভেদ আছে, যেহেডু একত্ব অর্থাৎ অভেদ থাকিলে ব্যাসঙ্গ নির্থিক হয়।

টিপ্লনা। মহমি সাংখ্যসন্ত বৃত্তি ও বৃত্তিমানের অভেদবাদ খণ্ডন করিতে এই সূত্রের ধারা শেষ মুক্তি বলিয়াছেন যে, মন কোন একটা ভিন্ন বিষয়ে ব্যাসক্ত থাকিলে তখন সেই ব্যাসক্ষরণতঃ সম্মুখীন বিষয়ে চক্ষু: সংযোগাদি ইইলেও তাহার উপলব্ধি হয় না। স্প্রতবাং বৃত্তি ও বৃত্তিমানের ভেদ আছে, ইহা স্বীকার্যা। কারণ, অন্তঃকরণ ও তাহার বৃত্তি যদি বস্ততঃ অভিন্নই হয়, তাহা হইলে বিষয়ান্তরব্যাসক্ষ নির্ধক। যে বিষয়ে মন ব্যাসক্ত থাকে, তদ্ভিন্ন বিষয়েও অন্তঃকরণের বৃত্তি থাকিলে বিষয়ান্তর-ব্যাসক্ষ সেখানে আর কি করিবে? উহা কিসের প্রতিবন্ধক হইবে? স্বস্তঃকরণ হইতে তাহার বৃত্তি অভিন্ন হইলে অন্তঃকরণ সর্বাণ নামিত আছে বলিয়া, তাহা হইতে অভিন্ন স্ক্রিম্যুক্ত বৃত্তিও সর্বাণাই আছে, ইহা স্বীকার্যা।।।।

ভাষ্য। বিভূতে চান্তঃকরণস্থ পর্য্যায়েণেন্দ্রিয়েণ সংযোগঃ—

সূত্র। ন গত্যভাবাৎ ॥৮॥২৭৯॥

অমুবাদ। অন্তঃকরণের বিভূত্ব থাকিলে কিন্তু গতির অভাববশতঃ ক্রমশঃ ইন্দ্রিয়ের সহিত সংযোগ হয় না। ভাষ্য। প্রাপ্তানীন্দ্রিয়াণান্তঃকরণেনেতি প্রাপ্তার্থস্থ গমনস্থাভাবঃ।
তত্র ক্রমবৃত্তিম্বাভাবাদযুগপদ্গ্রহণামুপপত্তিরিতি। গত্যভাবাচ্চ প্রতিষিদ্ধ
বিভূনোহস্তঃকরণস্থাযুগপদ্গ্রহণং ন লিঙ্গান্তরেণামুমীয়ত ইতি। যা
চক্ষ্যো গতিঃ প্রতিষিদ্ধা সন্ধিকৃষ্টবিপ্রকৃষ্টয়োল্পল্যকালগ্রহণাৎ পাণিচন্দ্রন্দ্রা গতিঃ প্রতিষিদ্ধা সন্ধিকৃষ্টবিপ্রকৃষ্টয়োল্পল্যকালগ্রহণাৎ পাণিচন্দ্রন্দ্রা ব্যবধান - প্রতীঘাতেনামুমীয়ত ইতি। সোহয়ং নান্তঃকরণে বিবাদে
ন তস্থা নিত্যকে, সিদ্ধাং হি মনোহমুংকরণং নিত্যঞ্চেতি। ক তা
বিবাদঃ ? তস্থা বিভূদ্ধে, তচ্চ প্রমাণতোহমুপলব্রেঃ প্রতিষিদ্ধমিতি।
একঞ্চান্তঃকরণ, নানা চৈতা জ্ঞানাত্মিকা বৃত্তয়া, চক্ষ্বিজ্ঞানং, আণ্
বিজ্ঞানং, রূপবিজ্ঞানং, গন্ধবিজ্ঞানং। এতচ্চ বৃত্তির্তিমতোরেকদ্বেহমুপ-প্রমাতি। পুরুষো জানীতে নান্তঃকরণমিতি। এতেন বিষয়ান্তর্ব্যাসঙ্গ
প্রত্যক্তঃ। বিষয়ান্তরগ্রহণলক্ষণো বিষয়ান্তর্ব্যাসঙ্গঃ পুরুষস্থা, নান্তঃকরণ
স্থাতি। কেনচিদিন্দ্রিয়েণ সন্ধিষ্টি কেনচিদসন্ধিধিরিত্যয়ন্ত ব্যাসঙ্গের্জ্যয়তে মনস ইতি।

অমুবাদ। অস্তঃকরণ কর্তৃক সমস্ত ইন্দ্রিয় প্রাপ্ত, অর্থাৎ অস্তঃকরণ বিভু (সর্বব্যাপী পদার্থ) হইলে সর্ববদা সমস্ত ইন্দ্রিয়ের সহিত তাহার প্রাপ্তি (সংযোগ) থাকে, স্কৃতরাং (অস্তঃকরণে) প্রাপ্ত্যর্থ অর্থাং প্রাপ্তি বা সংযোগের জনক গমন (ক্রিয়া) নাই। তাহা হইকে (অস্তঃকরণের) ক্রমবৃত্তিত্ব না থাকায় অযুগপদ্গ্রহণের অর্থাৎ একই সময়ে নানাবিধ প্রত্যক্ষের অনুৎপত্তির উপপত্তি হয় না। এবং বিভূ অস্তঃকরণের গতি না থাকায় প্রতিষিদ্ধ অযুগপদ্গ্রহণ অস্ত্য কোন হেতৃর দ্বারাও অমুমিত হয় না। ধেমন সন্নিকৃষ্ট (নিকটস্থ) হস্ত বিপ্রকৃষ্ট (দূরস্থ) চল্লের একই সময়ে চাক্ষ্ম প্রত্যক্ষ হয় বলিয়া প্রতিষিদ্ধ চক্ষ্মগতি "ব্যবধানপ্রতীঘাত" দ্বারা অর্থাৎ চক্ষ্মর ব্যবধান্ধক ভিত্তি প্রভৃতি ক্রম্বন্ত প্রতিষাত দ্বারা অর্থাৎ চক্ষ্মর ব্যবধান্ধক ভিত্তি প্রভৃতি ক্রম্বন্ত প্রতিষাত দ্বারা অর্থাৎ চক্ষ্মর ব্যবধান্ধক ভিত্তি প্রভৃতি ক্রম্বন্তন্ত প্রতিষাত দ্বারা অর্থাৎ চক্ষ্মর ব্যবধান্ধক ভিত্তি প্রভৃতি ক্রমবৃত্তন্ত প্রতিষাত দ্বারা অর্থাৎ চক্ষ্মর ব্যবধান্ধক ভিত্তি প্রভৃতি

১। এখানে কলিকাতায় মুদ্রিত পৃস্তকের পাঠই গৃহীত হইয়াছে। 'বোবধান' শব্দের অর্থ এখানে বাবধায়ক দ্বা, তজ্জনা প্রতীঘাতই 'বাবধান-প্রতীঘাত''।

ভাহার নিতাছ বিষয়েও নহে। যেহেতু মন, অন্তঃকরণ (অন্তরিন্তিয়)
এবং নিত্য, ইহা সিন। (প্রশা) ভাহা হইলে কোন্ বিষয়ে বিবাদ ?
(উত্তর) সেই অন্তঃকরণের অর্থাৎ মনের বিভুত্ব বিষয়ে। ভাহাও
অর্থাৎ মনের বিভূত্বও প্রমাণের দারা অন্তুপলিরবণতঃ প্রতিষিদ্ধ
হইয়াছে। পরস্ত অন্তঃকরণ এক, কিন্তু এই জ্ঞানাত্মক রন্তিসমূহ নানা,
(যথা) চাক্ষ্য জ্ঞান, দ্রাণজ জ্ঞান, রূপজ্ঞান, গল্পজ্ঞান (ইত্যাদি)।
ইহা কিন্তু বৃত্তি ও বৃত্তিমানের অভেদ হইলে উপপন্ন হয় না। স্থতরাং
পুরুষ জ্ঞানে, অন্তঃকরণ জ্ঞানে না অর্থাৎ জ্ঞান আত্মারই ধর্মা, অন্তঃকরণের ধর্ম্ম নহে। ইহার দ্বারা অর্থাৎ প্রেবাক্ত যুক্তির দ্বারা (অন্তঃকরণের) বিষয়ান্তরব্যাসক নিরস্ত হইল। বিষয়ান্তরের জ্ঞানরূপ
বিষয়ান্তরব্যাসক পুরুষের অন্তঃকরণের নহে। কোন ইন্দ্রিয়ের সহিত
সংবোগ, কোন ইন্দ্রিয়ের সহিত অসংযোগ, এই ব্যাসক কিন্তু মনের
(ধর্ম্ম) স্বীকৃত হয়।

টিপানী। মহাবি পূর্বোক্ত ষষ্ঠ সূত্রে যে "অযুগাপদ্গ্রহণ" বলিয়াছেন, তাহা মন বিভূ হইলে উপপন্ন হয় ন।। কারণ, ''বিভূ'' বলিতে স**র্বব্যাপা**। দিক, কাল, আকাশ ও আত্মা, ইহার। বিভূপদার্থ। বিভূপদার্থের গতি नार, छेरा निष्किय। यन विजु रहेरन जारात गरिज गर्न्वपार गर्स्व लिएयत সংযোগ থাকিৰে, ঐ সংযোগের জনক গতি বা ক্রিয়া মনে না ধাকায় ज्ञान क्रमने: @ गःरयांग हे९भग्न हम्न, देहा वना यदित ना, ञ्रज्बाः सत्नन জনবৃত্তিত্ব সম্ভব না হওয়ার পূর্কোক্ত অযুগপদ্গ্রহণের উপপত্তি হইতে পারে না। একই সময়ে নানা বিষয়ের প্রত্যক্ষ না হওয়াই ''অযুগপদ্গ্রহণ।'' উহাই মহমি গোত্তমের সিদ্ধান্ত। মন অতিসক্ষ হইলেই একই সময়ে সমন্ত ইক্রিয়ের সহিত তাহার সংযোগ হইতে থারে না। ক্রত গতিশীন অতি সূক্ষ ঐ মনের গতি বা ক্রিয়াজন্য কালবিলম্বেই ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়ের সহিত তাহার সংযোগ হওয়ায় কালবিলম্বেই ভিন্ন ভিন্ন বিষয়ের প্রত্যক্ষ হইয়। থাকে। মহৰ্ষি তাঁহার নিজ সিদ্ধান্তানুসারে সাংখ্যমত খণ্ডন প্রশঙ্গে এই স্ত্রের খারা সাংখ্যসম্মত মনের বিভূষবাদ খণ্ডন করিয়াও তাঁহার পূর্ব্বোক্ত ক্পার সমর্থন করিয়াছেন। ভাষ্যকার প্রথমে মহর্ষির জ্বয়স্থ প্রতিষেধ্য প্রকাশ করিয়া সূত্রের অবতারণা করিয়াছেন। ভাষ্যকারের পূর্ব্বোক্ত ''নংযোগঃ'' এই বাক্যের সহিত সূত্রের আদিস্থ ''নঞ্'' শব্দের যোগ করিয় সূত্রার্থ বুঝিতে হুইবে।

মনের বিভূমবাদী পূর্ব্বপক্ষী যদি বলন যে, অযুগপদ্গ্রহণ আম্যা ষীকার না করিলেও, উহা আমাদিগের সিদ্ধান্ত না হইলেও যদি উগ সিদ্ধান্ত বলিয়াই মানিতে হয়, যদি উহাই বাস্তব তব হয়, তাহা হইলে উহাৰ সাধক হেতু যাহা হইবে, তদুধারাই উহা সিদ্ধ হইবে, উহার অনুপপত্তি হইরে কেন ? ভাষ্যকার এই জন্য আবার বলিয়াছেন যে, মন বিভূ হইলে তাহার গতি না থাকায় যে অযুগপদ্গ্রহণ প্রতিমিদ্ধ হইয়াছে, যাহার অনুপ্রপতি বলিয়াছি, তাহা **আর কোন হেত্**ব **হারা সিদ্ধ হইটত পারে না।** এনে, কোন হেতু নাই, যদ্ঘার। মনের বিভূত্বপক্ষেও অযুগ্রন্পুগ্রংণ সিদ্ধ করা যায়। অবশ্য সাধক হেতু থাকিলে তদ্ধার। প্রতিমিদ্ধ পদার্থেরও সিদ্ধি হইয়া থাকে। যেমন চক্ষুরিল্রিয়ের ছাব। একই সময়ে নিকটম্ব হস্ত ও প্রস্থ চল্লের প্রত্যান হওয়ায় বাঁহারা চক্রিক্রিয়ের গতি নাই, ইহা বলিয়াছেন, একই সম নিক্টস্থ ও দূরস্থ ভাষা কোন প্রার্থের গতিজন্য সংযোগ হুইতে পারে না, এই কথা বলিয়া যাঁহার। চক্রিল্রিয়ের গতির প্রতিষেধ করিয়াছেন, তাঁহা-দিগের প্রতিমিদ্ধ চক্ষুর গতি, সাধক হেতুর ঘার। সিদ্ধ হইয়। থাকে। কোন ব্যবধায়ক দ্রবাজন্য চক্ষুরিল্রিয়ের যে প্রতিথাত হয়, তদ্দার। ঐ **চক্ষুরি**ল্রিয়ের গতি আছে, ইহা অনুমিত হয়। অর্থাৎ ভিত্তি প্রভৃতি বাবধায়ক দ্রব্যের স্থান ব্যবহিত দ্রব্যের **প্রত্যক্ষ** না হওয়া**র শেই দ্রব্যের স**হিত সেখানে চক্ষুরিক্রিঞ সংযোগ হয় না, ইহাই স্বীকার করিতে হইবে। স্মৃতরাং চক্ষুরিন্দ্রিয়ের গতি আছে, উহা তেজ:পদার্থ। চক্ষুরিক্রিয়ের রশ্মি নিকটস্থ হাস্তর ন্যায় পুরন্থ চক্রেও:গনন করে, ব্যবধায়ক দ্রব্যের **হা**র। ঐ র**িম**ন প্রতীবাত অর্থাৎ গতিরোধ হয়, ইহা অবশ্য বুঝা যায়। চক্ষুরিক্রিয়ের গতি না থাকিলে তাহার সহিত দ্রস্থ দ্রব্যের সংযোগ না হইতে পারায় প্রত্যক্ষ হইতে পারে না, এবং ব্যবধারক দ্রব্যের দারা তাহার প্রতীয়াতও হইতে পারে ন। স্কুর্রাং পূর্ব্ব পক্ষাদী চক্ষরিশ্রিয়ের গতির প্রতিঘেধ করিছলও পূর্কোক্ত হেতুর ছার। উহা অনু^{মান} সিদ্ধ বলিয়া স্বীকার্যা। কিন্ধ মনকে বিভূ বলিয়া স্বীকার করিলে তাহা নি।দক্রয়ই হইবে, ক্রমশ: মনের ক্রিয়াখন্য ইব্রিয়বর্গের সহিত ভাহার সংযোগ ছনেম, ইহা বলাই যাইবে না, স্থতরাং "অযুগপদ্গ্রহণ"রূপ সিদ্ধান্ত ^{রকা} করা যাইবে না। মন বিভূ হইলে আর কোন হেতুই পাওয়া যাইবে না, বন্ধারা ঐ সিদ্ধান্ত সিদ্ধ হইতে পারে। বেমন প্রতিষিদ্ধ চক্ষুর গতি অনু^{মিত} হয়, তজ্ঞপ মনের বিভূষ পাক্ষে প্রতিষিদ্ধ ''অযুগপদ্গ্রহণ'' কোন হেতুর গারী

অনমিত হয় না। এইরূপে ভাষ্যকার এখানে 'ব্যক্তিরেক দৃষ্টান্ড' প্রদর্শন করিয়া**ছেন। ভাঘ্যকার স্**ত্রকারের তাৎপর্য্য বর্ণন করিয়া শেঘে ফলব থা বলিয়াছেন যে, অন্ত:করণ ও তাহার নিতাম মহমি গোতমেরও সম্মত। কারণ, ''করণ'' শব্দের ইন্দ্রিয় অর্থ ব্ঝিলে ''এন্ত:ফরণ'' শব্দেব হারা ব্ঝা যার অন্তরিন্তিয় । গৌত্যমন্ত মনই অন্তরিন্তিয় এবং উহা নিত্য। স্কুডরাং যাহারক মন বলা হইয়াছে, তাহারই নাম অন্ত:করণ। উহার অন্তির ও নিতাতে বিবাদ নাই, কিন্তু উহার বিভূতেই বিবাদ। মনের নিভূত বোন প্রমাণসিদ্ধ না হওয়ায় মহমি গোত্রম উহা স্বীকার করেন নাই। উহা প্রতিমিদ্ধ হইয়াছে। ঐ অন্ত:করণ বৃতিমানু, জ্ঞান উলাক্য বৃত্তি বা প্রিবান-বিশেষ, ঐ বৃত্তি ও বৃত্তিমানের কোন ভেদ নাই, এই সংগ্যানিদ্ধান্তও মংগি গোতম স্বীকার করেন নাই। অন্ত:করণ প্রতি শবীরে একটী মাত্র। চম্পুর ষারা **রূপজ্ঞান ও ঘ্রাণের যারা** গ্রন্ধজ্ঞান **প্রভৃতি** নানা জ্ঞান **ঐ** অস্থ:কর*ে*র নানা বৃত্তি বলা হইয়াছে। কিন্তু ঐ বৃত্তি ও বৃত্তিমারে মতেদ হটলে ইহাও উপপন্ন হয় না। যাহা নানা, যাহা অগংখ্য; তাহা এক সভ্যাক্ষরণ হুইতে অভিন্ন হুইতে পারে না। এক ও বহু, ভিন্ন প্রদার্থই হ**্যা থা**কে। পরস্ত সকল সময়েই রূপজান গ্রজান প্রভৃতি সমস্ত জান খাজে না। স্থতরাং পুরুষ অর্থাৎ আত্মাই হ্রাতা, এড: করণ জ্ঞাতা নতে, অভ:করণে জ্ঞান উৎশয় হয় না, জ্ঞান অন্ত:করণের বৃাত্ত নহে, এই িদ্ধান্তে কান অনুপূপতি নাই। এই সিদ্ধান্তের হার। বিষয়ান্তর-ব্যাদকও নিরস্ত হইরাছে। তাৎপর্ব্য এই যে, অন্ত:করণ বিষয়ান্তরে ব্যাস্তা হইলে চক্ষ্রাদি-গ্রন্ধ প্রার্থবিশেষেরও ষধন জ্ঞান হয় না, তথন বুঝা যায়, সেই সময়ে অন্তঃ দরণের সেই বিষয়ালাব বৃত্তি হয় নাই, অন্ত:করণের বৃত্তিই জ্ঞান, সাংখ্যসম্প্রদায়ের এই কথাও নিনস্ত হ**ইয়াত**ত্ব। কার**ণ, বিদ**য়ান্তরের জ্ঞানরূপ বিদয়ান্তরব্যাস**জ** অন্ত:করণে খাকেই না, উহা আশ্বার ধর্ম্ম। যে জ্ঞাতা, তাহাকেই বিষয়ান্তরব্যাসক্ত বলা যার। খ**ন্তঃকরণ যথন জ্ঞাতাই নহে, তখন** তাহা**হত** ঐ বিষয়া**ন্ত**রব্যাদ**ঙ্গ** থাকিতেই পারে না। তবে "অন্ত:করণ বিষয়ান্তরে ব্যাসক্ত হইয়াছে' এইরূপ কথা কেন বলা হয় ় এজন্য ভাষ্যকার শেষে বলিয়াছেন যে, কোন ইক্রিয়ের সহিত মহনর সংযোগ এবং কোন ইক্রিয়ের সহিত মচনর অসংযোগ, ইহাকেই য**ের ''বিষয়ান্তরব্যাসঙ্গ' বলা হয়। ঐক্লপ** বিষয়ান্তরব্যাস**ক** মলের ধর্ম বলিয়া ীকৃত আছে। কিন্ত উহাজ্ঞান পদার্থনা হওয়ায় উহার খারা জ্ঞান **অন্তঃকরণে**রই **ধর্ম,** এই সিদ্ধান্ত সিদ্ধ হয় না। তাৎপর্যাটীকাকার বাচম্পতি মিশ্রও এখানে সাংখ্যমতে অন্ত:ফরণের বিভূত বলিয়া জ্ঞানের যৌগপদ্যের আপত্তি সমর্থন করিয়াছেন। কিছ ''অণুপরিমাণং তৎকৃতিশ্রুত:'' (০।১৪।) এই সাংখ্যসূত্রে বৃত্তিকার অনিরুদ্ধের ব্যাখ্যানুগারে মনের অণুত্ব সিদ্ধান্তই পাওয় যায়। মনের বিভূছ পাতয়লসিদ্ধান্ত। যোগদর্শন-ভাষ্যেই ইহা শাই বুঝা যায়। সেখানে ''যোগবার্তিকে'' বিজ্ঞান ভিক্ষু, ভাষ্যকারের প্রথমোজ মতের ব্যাখ্যা করিতে সাংখ্যমতে মন শরীরপরিমাণ, ইহা শাই বলিয়াছেন এবং শেষোক্ত মতের ব্যাখ্যায় আচার্যি অর্থাৎ পতঞ্জলির মতে মন বিভূ, ইহাও শাই বলিয়াছেন। পতঞ্জলির মতে মন বিভূ, মনের সংকোচ ও বিকাশ নাই, কিছ ঐ মনের বৃত্তিরই সংকোচ ও বিকাশ হয়। ভাষ্যকার এখানে প্রাচীন কোন সাংখ্যমতে অথবা সেশ্বর সাংখ্য-পাতঞ্জনমতে মনের বিভূছ সিদ্ধান্ত গ্রহণ করিয়া, ঐ মত খণ্ডন করিয়াছেন, ইহা বুঝা যাইতে পারে। নৈরায়িক গণ মনের বিভূছবাদ বিশেষ বিচারপূর্বেক খণ্ডন করিয়াছেন, পরে ভাষ্য পাণ্ডয়া যাইবে। পরবর্তী ৫৯ম স্ত্রের ভাষ্যানীরানী দ্রষ্টব্য । ৮ ।।

ভাষ্য। একমস্তঃকরণং নানা বৃত্তয় ইতি। সত্যভেদে বৃত্তেরিদ-মুচ্যতে—

অসুবাদ। অন্তঃকরণ এক, বৃত্তি নানা, ইহা (উক্ত হইয়াছে)। বৃত্তির অভেদ থাকিলে অর্থাৎ বৃত্তির অভেদ পক্ষে (মহর্ষি)এই সূত্র বলিতেছেন—

সূত্র। স্ফটিকাশ্রত্বাভিমানবত্তদশ্রত্বাভিমানঃ॥ ॥১॥১৮০॥

অঙ্গুবাদ। পূর্ব্বপক্ষ) ক্ষট্টক মণিতে ভেদের অভিমানের গ্রায় সেই বৃত্তিতে ভেদের অভিমান (ভ্রম) হয়।

ভাষ্য। তস্থাং বৃত্তৌ নানাম্বাভিমানঃ, যথ। দ্রব্যাস্তরোপহিডে স্ফটিকেহক্সম্বাভিমানো নীলো লোহিত ইতি, এবং বিষয়াস্তরোপধানা দিতি।

⁻ ১ । "বৃতিরেবাস্য বিভুনঃ সংকোচবিকাসিনীতাচার্য্যঃ"।

[—]বৈাগদুশন, কৈবলাপাদ, ১০ম সূত্র ভাষা।

অমুবাদ। সেই বৃত্তিতে নানাছের অভিনান (ভ্রম) হয়, যেমন — জব্যাস্থরের দ্বার: উপহিত অর্থাৎ নীল ও রক্ত প্রভৃতি জব্যের সামিধ্যবশতঃ যাহাতে ঐ জব্যের নীলাদি রূপের আরোপ হয়, এমন স্ফটিকমণিতে নীল, রক্ত, এইরূপে ভেদের অভিমান হয়, - তদ্রপ বিষয়াস্তরের
উপধান প্রযুক্ত অর্থাৎ ঘটপটাদি ভিন্ন ভিন্ন বিষয়ের সম্বন্ধবিশেষ প্রযুক্ত
(বৃত্তি অর্থাৎ ঘটপটাদিবিষয়ক জ্ঞানে ভেদের অভিমান হয়: ।

টিপ্রনী। সাংখ্যসন্তবৃত্তি ওবৃত্তিমানের এভেদ মত নিরস্ত হইয়াছে। বৃত্তিমানু অন্তঃকরণ এক, তাহার বৃত্তিজ্ঞানগুলি নানা, স্নতরাং বৃত্তি ও বৃত্তিমান্ অভিন হইতে পারে না, ইহাও পূর্বে সূত্রভাষ্যে ভাষ্যকার বলিয়াছেন। কিন্ত গাংখ্যসম্প্রদায় অন্তঃকরণের বৃত্তিকেও বস্ততঃ এক বলিয়া ঘটপটাদি নানা-বিষয়ক জ্ঞানেব পরম্পর বাস্তব ভেদ স্বীকার ন। করিলে, ভাঁহাদিগেব মতে পুর্বেজি দোষ হইতে পারে না। তাঁহাদিগের মতে বৃত্তি 'ও বৃত্তিমানের অভেদ সিদ্ধির কোন বাধা হইতে পারে না। এজন্য মহমি থেমে এই সুত্তের দার। পুর্ব্বপক্ষরপে বলিয়াত্তন যে, অন্ত:করণের বৃত্তি অর্থাৎ ঘটপটাদি নানা-বিষয়ক জ্ঞানের বাস্তব ভেদ নাই, উগাকে নানা অর্থাৎ ভিন্ন বলিয়া যে জ্ঞান হয়, তাহা ভ্রম। বস্তু এক হইলেও উপাধিব ভেদবশত: ঐ বস্তুকে ভি:। বলিয়া ল্ম হইয়া থাকে, উহাতে নানাত্তর (ভেদের) অভিযান (ল্ম) হয়। যেমন একটি স্ফটিকের নিকটে কোন নীর দ্রব্য থাকিলে, তথন এ নীর দ্রবাগত নীল রূপ ঐ শুভ স্কটিকে আবোপিত হয় এবং উহার নিকটে কোন রত দ্বা থাকিলে তখন ঐ রক্ত দ্বাগত রূপ ঐ ফটাকৈ আবোপিত গ্রু, এজন্য ঐ সফটিক বস্তুত: এক হইলেও ঐ নীল ও রক্ত দ্রন্যরূপ উপাধি-বশত: তাহাতে কানতেদে ''ইহা নীল স্ফটিক,'' ''ইহা রক্ত স্ফটিক,'' এইরাপে ভেদের লম হয়, তাহাকে ভিন্ন বলিয়াই লম জন্মে, তজ্ঞপ যে সকল বিষয়ে অন্ত:করণের বৃত্তি জন্মে, মেই সকল বিষয়রূপ উপাধিবশত: এ বৃত্তিতে ঐ সকল বিষয়ের ভেদ আরোপিত হওয়ায় ঐ বৃত্তি ও জ্ঞান বস্তত: এক श्रेर**न% উशांक जिन्न विनाशे सम कान्य**, जाशांक नानांक्त चिनान श्रा। বস্তত: ঐ বৃত্তিও বৃত্তিমান্ অন্ত:করণের ন্যায় এক ॥১॥

ভাষ্য। ন কেন্তভ বাৎ। ক্ষটিকাশুলাভমানবদয়ং জ্ঞানের নানাত্বা-ভিমানো গৌণে। ন পুনর্গন্ধাঞ্চন্যভাভিমানবদিতি হেতুর্নাঞ্চি, হেত্ব- ভাবাদকুপপন্ন ইতি সমানো হেত্বভাব ইতি চেৎ ? ন, জ্ঞানানাং ক্রমেণো-পঞ্চনাপায়দর্শনাৎ। ক্রমেণ হীক্রিয়ার্থেব্ জ্ঞানাক্যুপজ্ঞায়ন্তে চাপযন্তি চেতি দৃশ্যতে। তত্মাদৃগদ্ধাত্মভূত্বাভিমানবদয়ং জ্ঞানেব্ নানাত্বাভিমান ইতি।

অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ পূর্ববিপক্ষবাদীর কথিত অভিমান সিদ্ধ হয় না, কারণ, হেতু নাই। বিশদার্থ এই যে, জ্ঞানবিষয়ে এই নানাছ জ্ঞান ক্ষাটকমণিতে ভেদভ্রমের স্থায় গৌণ, কিন্তু গন্ধাদির ভেদজ্ঞানের স্থায় (মুখ্য নহে, এ বিষয়ে হেতু নাই, হেতু না থাকায় গ ঐ ভ্রম) উপধান হয় না। প্রথম) হেতুর অভাব সমান, ইয় যদি বলা (উত্তর না। কারণ, জ্ঞানসমূহের ক্রমশঃ উৎপত্তি ও বিনাশ দেখা যায়। যেহেতু সমস্ত ইন্মিয়ার্থ, বিষয়ে জ্ঞানসমূহ ক্রমশঃ উপজাত (উৎপন্ন) হও, এবং অপযাত (বিনষ্ট) হয়, ইহা দেখা যায়। অতএব ভ্রমবিষয়ে এই নানাছজ্ঞান গন্ধাদির ভেদজ্ঞানের স্থায় (মুখ্য)।

টিপদী। ভাষ্যকাৰ মহাযিসুক্রোক্ত পূর্ব্ব পক্ষের ব্যাখ্যা করিয়া পর্বে নিজে খণ্ডন করিতে খানে বলিয়াছেন যে, পূর্ব্বপক্ষরা ীর কথিত ই নানাছ-এম উপপর হয় না। কারণ, উহার সাধক কোন হেতু নাই। তেতু ব্যতীত কেবল দৃষ্টান্ত হারা কোন সাধ্যসিদ্ধি হয় না। যেমন, স্কালি মণিতে নানাছের অভিযান হয়, ডক্রপ গন্ধ, রস, রপে প্রভৃতি বিভিন্ন বিষয়েও নানাছের অভিযান হয়। স্ফটিক-মণিতে পূর্ব্বোক্ত কারণে নানাছের অভিযান এম নহে; উলা যথাথ ভেদজান। অভিযান মাত্রই এম নহে। পূর্ব্বপক্ষরাদী স্কটিক-মণিতে নানাছে এমনে কুলি ভানবিষয়ে নানাছের জানকে ব্যা বিষয়ে নানাছের জানবিষয়ে নানাছের জানকে গ্রানাছ আনের ন্যায় যথার্থিও বলিতে পারি। জানবিষয়ে নানাছের জান গন্ধাদি বিষয়ে নানাছ জানের ন্যায় যথার্থও বলিতে পারি। জানবিষয়ে নানাছের জান গন্ধাদি বিষয়ে নানাছ জানের ন্যায় যথার্থও বলিতে পারি। জানবিষয়ে নানাছের লানাছজানের ন্যায় অম, এ বিষয়ে কোন হেতু নাই, পূর্ব্বপক্ষবাদী ভাঁহার ঐ সাধ্যসাধক কোন হেতু ব্রন্দ নাই, স্থত্যাং উহা উপপন্ন হয় না। হেতু ব্যতীত কেবল দৃষ্টান্ত হার। ঐ সাধ্যসিদ্ধি

করিলে গন্ধাদি বিষয়ে নানাছ-জানত্রণ প্রতিদৃষ্টান্তকে আশ্রয় করিয়া, জান বিষয়ে নানাম জ্ঞানকে যথার্থ বলিয়াও সিদ্ধ করিতে পারি। ঘদি বল, সে পক্ষেও ত হেতু নাই, কেবল দুটাভ হার। তাহাই বা কিরুপে সিদ্ধ হইবে ? এতদূত্তরে বলিয়াছেন যে, গদ্ধাদি ইন্দ্রিয়ার্থ-বিদয়ে যে সমস্ত জ্ঞান জনেম, গেওলির ক্রমশ: উৎপত্তি ও বিনাশ দেখা যায়। অর্থাৎ গদ্ধাদি বিঘয-ভ্যানের ক্রমি**ক উৎপত্তি ও বিনাশ প্র**মাণ<mark>সিদ্ধ। স্বতরাং ঐ হেতুর হারা গদ্ধাদি</mark> িষ য় যথার্থ ভেদজ্ঞানকে দুষ্টান্ত করিয়া জ্ঞান বিষয়ে ভেদজ্ঞানকে যথার্থ ৰলিয়া সিদ্ধ করিতে পারি। জ্ঞানগুলি যখন ক্রমশ: উৎপন্ন ও বিনষ্ট হর, ত্রন উহাদিগের যে পরস্পর বাস্তব ভেন্স্ই আছে, ইছা অবশ্য স্বী । যি। পর্বেক্তি সাংখ্যমত খণ্ডন করিতে উদ্যোতকর এখানে আরও বলিয়াছেন যে,—বদি উপাধির ভেদপ্রযুক্ত ভেদের অভিমান বল, তাহা হইলে 🗷 উপাধিগুলি যে ভিন্ন, ইছা কিরুপে বুঝিছেব ? উপাধিবিদয়ক জ্ঞানের ভেদ-धयुक्त**रे** के छेशाबित एउन छान दस, देश विनास छाटनव एउन चौक्ठरे दहेरे, ল্লানের অভেদ পক বিক্ষিত হইবে না। পূর্বপক্ষাদী যদি বলেন যে — নানাত্বের অভিমানই বৃত্তির একত্মাধক হেতু। ৰাহা নানাত্বের অভিমানের বিষয় হয়, তাহা এক, যেমন স্ফটিক। বৃত্তি বা জ্ঞানও নানাত্তের অভিমানের বিষয় হওয়ায় ভাহাও সফটিকের ন্যায় এক, ইহা সিদ্ধ হয়। এতদত্তরে উদ্যোতকর বলিয়াছেন যে, ঐ নানাথের অভিমান যেমন স্ফটিকাদি এ≆ বিষয়ে দেখ। যায়, তজ্ঞপ গদ্ধাদি অনেক বিষয়েও দেখা যায়। স্থুতরাং নাবের অভিমান হইলেই ভদার। কোন পদার্থের একত বা অভেদ সিছ হইতে পারে না। তাহা হইলে "ইহা এক," "ইহা অনুনক" এইরূপ জ্ঞান অযুক্ত হয় । পরস্ত এক স্ফটিকেও যে নানাম জ্ঞান, তাখাও জ্ঞানেয ভেদ ব্যতীত হইতে পারে না। আরণ, সেধানেও ইহা নীল স্ফটিক, ইয়া রক্ত স্কটিক, এইরূপে বিভিন্ন জান্ট হুইয়া থাকে। জ্ঞানের শতেপ-বাদীর মতে ঐ নীলাদি জ্ঞানের তেও ছইতে পারে না। পরস্ক জ্ঞানের ভেদ না থাকিলে সাংখ্যসম্পুদায়ের প্রনাণত্রয় স্বীকারও উপপন্ন হয় না। জানের ভেদ ন। থাকিবে প্রমাণের ভেদ কখনই সম্ভবপর হয় না। প্রাণের ভেদ ব্যতীত জ্ঞান ও বিষয়ের ভেদও বুঝা যায় না। বিষয়ই জ্ঞানের সহিত ভাদা**দ্য বা অভেদবশত; সেইক্লপে** ব্যব**ন্থিত থা**কিয়া সেইক্লপেই প্রতিভাত ইয়,—জ্ঞান ও বিষয়েও কোন ভেদ নাই, ইছ। বলিলে প্রমাণ ব্যর্থ হয়। বিষয়ক্সপে জ্ঞান বাবস্থিত পাকিলে আর প্রমাণের প্রয়োজন কি ? উদ্যোতকর এইক্সপে বিচারপূর্বক এখানে পূর্ব্বোক্ত সাংখ্যমত খণ্ডন কৰিয়াছেন।

ৰুত্তিকার বিশুনাথ প্রভৃতি নব্যগণ 'ল হেম্বভাবাৎ'' এই বাক্যটিনে মহািদর সূত্ররপেই গ্রহণ করিয়াছেন। কারণ, মহািদ পূর্বেলিজ নবম সূত্রের ষার। যে পূর্ব্বপক্ষ বলিয়াছেন, নিজেই তাহার উত্তর না বলিলে মহধিব শান্তের ন্যুনতা হয়। স্বতরাং ''ন হেছভাবাৎ'' এই সুত্তের হার। মহধিই পুর্বোক্ত পূর্বপক্ষের উত্তর বলিয়াছেন, এ বিষয়ে সলেহ নাই। 'ভিদয়নের ''তাৎপর্য্য-পরিশুদ্ধি'র টীকা ''ন্যায়নিবন্ধপ্রকাশে' বর্দ্ধনান উপাধাায়ও পূর্বোক্ত যুক্তির উল্লেখ করিয়া ''ন হেম্ভাবাৎ'' এই বাক্যকে মহর্ঘির সিদ্ধান্তস্ত্র বলিয়াই প্রকাশ করিয়াছেন। কিন্তু বাত্তিককার প্রাচীন **উদ্যোতকর** ঐ বাক্যকে সূত্ররূপে উল্লেখ করেন নাই। তাৎপর্যটীকাকার বাচপতি নিশ্ৰ, বাত্তিকের ব্যাখ্যার ঐ বাক্যকে ভাষ্য বলিয়াই প্রষ্ট উল্লেখ করিয়াছেন। তিনি ''ন্যায়দূচীনিবন্ধে"ও ঐ বাক্যকে সূত্রমধ্যে গ্রহণ করেন নাই। স্মৃতরাং তদনুশারে এখানে ''ন হেম্বভাবাৎ'' এই বাক্যাট ভাঘাঁ**রপেই গৃহীত** হইরাছে। বাচম্পতি মিশ্রের মতে দিতীর অধ্যায়ে দ্বিতীয় সাহ্নিকে ৪**৩৭ সূত্রের দাবা মহদি,** কোন **প্রকার হেতু না থাকি**লে কেবল দৃষ্টান্ত সাধ্যসাধক হয় না, এই কথা বলিয়াছেন। স্নতরাং তদ্যান: এখানেও পূর্ব্বোজ্ঞ পূর্ব্বপক্ষের সেই পূর্ব্বোক্ত উত্তরই বুঝিতে পারিবে, ইহ: মান করিয়াই মহাথি এখানে অতিরিভ সূত্রের খার। সেই পূৰ্বেভি উত্তরে∘ পুনরুক্তি করেন নাই। ভাষ্যকার "ন হেম্বভাবাৎ" এই বাক্যের দারা মহযি: দ্বিতীয়াধ্যায়োক্ত সেই উত্তরই সমরণ করাই**য়াছেন। বাচম্প**তি মিশ্রেণ পক্ষে ইহাই বুঝিতে হইবে।।১।।

বুদ্ধানিত্যতাপ্রকরণ সমাপ্ত ॥ ১ ॥

ভাষ্য। "ক্ষটিকাত্যখাভিমানব"দিভ্যেতদম্য্যমাণঃ ক্ষণিকবাত্যাহ— অমুবাদ। "ক্ষটিকে নানাখাভিমানের ত্যায়" এই কথা অস্বীকার করতঃ ক্ষণিকবাদী বলিভেছেন—

সূত্র। স্ফটিকেহপ্যপরাপরোৎপত্তেঃ ক্ষণিকত্বাদ্-ব্যক্তীনামহেতুঃ ॥১০॥২৮১॥

অন্থুবাদ। (পূর্ব্বপক্ষ) ব্যক্তিসমূহের (সমস্ত পদার্থের) ক্ষণিকছ-প্রযুক্ত স্ফটিকেও অপরাপরের (ভিন্ন ভিন্ন স্ফটিকের) উৎপত্তি হওয়ায় অহেতু, অর্থাৎ স্ফটিকে নানাছের অভিমান, এই পক্ষ হেতুশৃস্ম।

ভাষা। স্ফটিকস্তাভেদেনাবস্থিতস্তোপধানভেদান্নাছাভিমান ইত্যয় ।

নির্বিল্পমানহেত্ক: পক্ষঃ। কস্মাৎ গ স্ফটিকেইপ্যপরাপরোৎপত্তেঃ।

ক্টিকেইপ্যকা ব্যক্তয় উৎপদ্ধস্তেইকা নিরুধ্যস্ত ইভি। কথং গ ক্ষণিকছাদ্

ব্যক্তীনাং। ক্ষণশ্চাল্লীয়ান্ কালঃ, ক্ষণস্থিতিকাঃ ক্ষণিকাঃ। কথং

পুনর্গম্যতে ক্ষণিকা ব্যক্তয় ইভি গ উপচয়াপচয়প্রবন্ধদর্শনাচ্ছরীরাদিয়ু।

পক্তিনির্ব্বত্বস্তাহাররস্তা শরীরে রুধিরাদিভাবেনোপচয়োইপচয়্মশ্চ

প্রবন্ধন প্রবর্ততে, উপচয়াদ্ব্যক্তানাম্ৎপাদঃ, অপচয়াদ্ব্যক্তিনিরোধঃ।

এবঞ্চ সত্যবয়বপরিণামভেদেন রুদ্ধিঃ শরীরস্তা কালাস্করে গৃহত ইভি।

সোহয়ং ব্যক্তিবিশেষধর্ম্মো ব্যক্তিমাত্রে বেণিতব্য ইভি।

অমুবাদ। অভেদবিশিষ্ট হইয়া অবস্থিত ফটিকের অর্থাৎ একই ক্ষটিকের উপাধির 'ভেদপ্রযুক্ত নানাজের গুলিনান জ্যু, এই পক অবিভ্যমানহেতুক, অৰ্থাৎ ঐ পক্ষে হেতৃ নাই ৷ েপ্ৰাণ চৰেন ৮ (উত্তর) য়েচেতৃ **ক্ষটিকেও স্থান্পরেব**িৎপত্তি হয় এর্থাৎ জিকেও **অত্** ব্যক্তিসমূহ (ক্ষটি সমূহ উৎপন্ন হয়, অন্ত ব্যক্তিসমূহ বিনষ্ট য়ে। (প্রশ্ন) কেন ? যেতেত ব্যক্তিসমূহের পেলার্থনিজের ক্ষণিকত্ব ষছে। "ক্ষণ" বলিতে সর্বাপেক। অল্ল চাল, কণমাত্র গায়ী পদার্থ-সমূহ ক্ষণিক। (প্রশ্ন) পদার্থসমূহ কণিচ, ই া করাপে বুঝা যায় १ (উত্তর) যেহেতু শরীরাদিতে উপচয় ও অপচয়ের প্রবন্ধ অর্থাৎ ধরাবা**হিক বুদ্ধি ও হ্রাস দেখা যায়। "**পত্তি-"র দার। অর্থাৎ *জঠ*রাগ্নি ^{ছত্ত} পাকের দ্বারা নির্ব্বৃত্ত (উৎপন্ন) আংশ্বরণের (ভুক্ত জব্যের ংসের অথবা রসযুক্ত ভুক্ত জ্রব্যের) ক্রধিরালিভা ক্রাতঃ শরীরে প্রবাহ-উপে (ধারাবাহিক) উপচয় ও অপচয় (বৃদ্ধি ও হু:স) এবৃও হইতেছে উৎপন্ন হইতেছে । উপচয়ংশতঃ পদার্থসমূহের উৎপত্তি, অপচয়বশতঃ ^{পদার্থ}সমূহের "নিরোধ" অর্থাৎ বিনাশ (বুঝা যায়**়। এইরূপ** ইইলেই অবয়বের পরিণামবিশেষ-প্রযুক্ত কালাস্তরে শরীরের বৃদ্ধি বুঝা ^{যায়।} সেই এই পদার্থবিশেষের (শরারের) **ধ**র্ম্ম (ক্ষণিকত্ব) ^{পদার্থমাত্রে} বুঝিবে।

় টিপ্লনী। পূৰ্বসূত্ৰোজ সাংখ্য-সিদ্ধান্তে ক্ষণিকৰাদী যে দোঘ বলিয়াছেন, তাহা খণ্ডন করিবার জন্য অর্থাৎ বস্তুমাত্রের ক্ষণিকত্ববাদ খণ্ডন করিয়া विवयताम ममर्थरनद बना महर्षि এই मृत्वित श्राता भूर्सभक वनिवाह्यन त्य, একই স্ফটিকে উপাধিভেদে নানাজের লম যাহ। বলা হইরাছে, ভাহাতে হেড নাই। কারণ, পদার্থমাত্রই ক্ষণিক, স্বত্রাং ফটেকেও প্রতিক্ষণে তির তির স্ফটিকের উৎপত্তি হইতেছে, ইহা ীকার্য্য। তাহা **হইলে শরী**রাদি অন্যান্য দ্রব্যের ন্যায় স্কটিকও নানা হওয়ায় তাহাতে নানাত্বের ভ্রম বলা যায় না। যাহ। প্রতিক্ষণে উৎপন্ন হইয়। বিতীয় ক্ষণেই বিনষ্ট হইতেছে, তাহা এক বস্তু ছইতে পাবে না, ভাষ। অসংখ্যা; স্মৃতরাং তাহাকে নান। বলিয়া। ব্ঝিলে সে বোণ যথার্থই হইবে। যাহা বস্তত: নানা, তাহাতে নানাম্বের লম হয়, এ क्या किছতেই वना यात्र ना, वे सामन दिनु वा कातन नाहे। नर्कालिका অল্ল কালের নাম ক্ষণ, ক্ষণকালমাত্রস্থায়ী পদার্থকে ক্ষণিক বলা যায়। বস্তু-নাত্রই ক্ষণিক, এ বিষয়ে প্রমাণ কি ? এতপুত্তরে ভাষাকার বলিয়াছেন যে, শরীরাদিতে বৃদ্ধি ও হাস দেখা যায়, স্বতরাং শরীরাদি ক্ষণিক, ইহা অনুমা--প্রমাণের হার। দিদ্ধ হয়। জঠরাগ্রির হার। ভক্ত দ্রব্যের পরিপাক হইলে ভজ্জন্য ঐ দ্রব্যের রস শরীবে রুধিরাদিরূপে পরিণত হয়, স্বতরাং শরীবে বিদ্ধি ও হালের প্রবাহ জন্ম। অর্থাৎ শরীরের স্থুলতা ও ক্ষীণতা দর্শনে প্রতিক্ষণে শরীরের সন্ধ্র পরিণামবিশেষ অনুমিত হয়। ঐ পরিণামবিশেষ প্রতিক্ষণে শরীরের উৎপত্তি ও বিনাশ ভিন্ন আর কিছুই হইতে পারে না। শ্রীরেশ বৃদ্ধি হইলে উহার উৎপত্তি বুঝা যায়, হাস হইলে উহার বিনাশ বুঝা বার। প্রতিক্ষণে শরীরের বৃদ্ধি না হইলে শরীরের অব্যুবের পরিণাম-বিশেষপ্রযুক্ত কালাওবে শরীরের বৃদ্ধি বুঝা যাইতে পারে না। অর্থাৎ প্রতি-ক্ৰেই শ্রীরের বৃদ্ধি ব্যতীত বাল্যকালীন শ্রীর হইতে যৌবনকালীন শ্ীরের যে বৃদ্ধি খোধ হয়, তাহা হইতে পারে না। স্থতরাং প্রতিক্ষণেই শবীবের কিছু কিছু ৰুদ্ধি হয়, ইহা স্বীকার্যা। তাহা হইলে প্রতিক্ষণেই শরীরের নাশ এবং ভক্ষাতীয় অন্য শরীরের উৎপত্তি হয়, ইহাই স্বীকার ্বিতে হইবে। কারণ, উৎপত্তি ও বিনাশ ব্যতীত বৃদ্ধি ও স্লাগ ৰলা যায় না। প্রতিক্রে শরীরের উৎপত্তি ও নাশ স্বীকার্যা হইলে প্রতিক্রণে ভিন ভিন্ন শৰীরই স্বীকার করিতে হইবে। স্বতরাং পূর্ব্বোক্ত যুক্তিতে শরীরমাত্রই ক্ষণিক, এই সিদ্ধান্তই সিদ্ধ হয়। শরীরমাত্রের ক্ষণিকত্ব সিদ্ধ হইলে তৃণ্-দ্টান্তে স্ফটিকাদি বস্ত্রনাত্রেরই ক্ষণিকত অনুমান হার। দিদ্ধ হয়। স্কুত্রাং শরীরের ন্যায় প্রতিক্ষণে স্ফটিকেরও ভেদ দিছা হওয়ায় স্ফটিকে নানাম জ্ঞান

যথার্থ জ্ঞানই হইবে, উহা লম জ্ঞান বলা যাইবে না। ভাষ্যকার ইহা প্রতিপন্ন করিতেই শেষে বলিয়াছেন যে, ব্যক্তিবিশেষের অর্থাৎ শরীরের ধর্ম ক্ষণিকম্ব, ব্যক্তিমাত্রে (স্ফটিকাদি বস্তমাত্রে) বুঝিবে। ভাষ্যকার এখানে বৌদ্ধসম্বত ক্ষণিক্ষের অনুমানে প্রাচীন বৌদ্ধ দার্শনিক্গণের যুক্তি এবং শরীরাদি ইণ্ডই অবলম্বন করিয়াছেন। তাৎপর্য্যটীকাকারের কথার ধারাও ইহাই বুঝা যায় । ভাষ্যকারের পরবর্তী নব্য বৌদ্ধ দার্শনিক্গণের যুক্তি-বিচারাদি পরে লিখিত হইবে॥ ১০॥

সূত্র। নিয়মহেত্বভাবাদ্যথাদর্শনমভ্যনুজ্ঞা ॥১১॥২৮২॥

অসুবাদ। (উত্তর) নিয়মে হেতৃ না থাকায় অর্থাৎ শরীরের গ্রায় সর্ব্ববস্তুতেই বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ হইতেছে, এইরূপ নিয়মে প্রমাণ না থাকায় "যথাদর্শন" অর্থাৎ যেমন প্রমাণ পাওয়া যায়, তদকুসারেই (পদার্থের) স্বীকার (করিতে হইবে ।

ভাষা। সর্বাস্থ ব্যক্তিষু উপচয়াপচয়প্রবন্ধঃ শরীরবদিতি নায়ং নিয়ম:। কম্মাৎ ? হেছভাবাৎ, নাত্র প্রত্যক্ষমত্রমানং বা প্রতিপাদক-মন্তীতি। তম্মাদ্"যথাদর্শনমভামুজ্ঞা," যত্র যত্রোপচয়াপচয়প্রবন্ধো দৃশুতে, তত্র তত্র ব্যক্তীনামপরাপরোৎপত্তিরূপচয়াপচয়প্রবন্ধদর্শনেনাভামু-জ্ঞায়তে, যথা শরীরাদিষু । যত্র যত্র ন দৃশুতে তত্র তত্র প্রত্যাখনায়তে যথা প্রাবপ্রভৃতিষু । স্ফটিকেহপ্যাপচয়প্রবন্ধো ন দৃশ্যতে, তম্মাদযুক্তং "ক্ষটিকেহপ্যপরাপরোৎপত্তে"রিতি। যথা চার্কস্থ কটুকিয়া সর্ববিদ্যাণাং কটুকিমানমাপাদয়েৎ তাদুগেতদিতি।

অমুবাদ। সমস্ত বস্তুতে শরীরের স্থায় বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ

অর্থাৎ প্রতিক্ষণে উৎপত্তি ও বিনাশ হইতেছে, ইহা নিয়ম নহে।
(প্রশ্ন) কেন ? (উত্তর) কারণ, হেতু নাই, (অর্থাৎ) এই নিয়ম
বিষয়ে প্রত্যক্ষ অথবা অমুমান, প্রতিপাদক (প্রমাণ) নাই। অতএব

১। য়া সং তা সর্বাং ক্ষণিকং, যখা শরীরং, তথাচ স্কটিক ইতি জ্বাজ্ঞা বৌদাঃ।—তাৎপর্যাদীকা।

"যথাদর্শন" অর্থাৎ প্রমাণাস্থসারেই (পদার্থের) স্বীকার (করিছে হইবে)। (অর্থাৎ) যে যে বস্তুতে বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ দৃষ্ট (প্রমাণ্সিদ্ধ) হয়, সেই সেই বস্তুতে বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ দর্শনের দ্বার বস্তুসমূহের অপরাপরোৎপত্তি অর্থাৎ একজাতীয় ভিন্ন ভিন্ন বস্তুর উৎপদ্ধি স্বীকৃত হয়, যেমন শরীরাদিতে। যে যে বস্তুতে বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ দৃষ্ট হয় না, সেই সেই বস্তুতে অপরাপরোৎপত্তি প্রভ্যাখ্যাত হয়, অর্থাৎ স্বীকৃত হয় না, যেমন প্রস্তুরাদিতে। স্ফটিকেও বৃদ্ধি ও হ্রাসের প্রবাহ অর্থাৎ প্রতিক্ষণে স্ফটিকের বিনাশ ও পরক্ষণেই অপর স্ফটিকের উৎপদ্ধি দৃষ্ট (প্রমাণসিদ্ধ) হয় না, অভএব "স্ফটিকেও অপরাপরের উৎপদ্ধি হওয়ায়" এই কথা অযুক্ত। যেমন অর্কফলের কটুছের দ্বারা অর্থাৎ ক্ অর্কফলের দৃষ্টান্তে সর্বজ্বেরের কটুছ অপাদান করিবে, ইহা তদ্ধেপ।

টিপ্লনী। মহণি পূৰ্বসূত্ৰোক্ত মতের বণ্ডনের জন্য এই সূত্ৰের গাঃ। বলিয়াছেন বে, সমস্ত বস্ততেই প্রতিক্ষণে বৃদ্ধি ও হাস হইতেছে, বর্গং ভজাতীয় ভিন্ন 'ভন্ন বস্তুৰ উৎপত্তি হইতেছে, এইবাপ নিয়মে প্ৰভ্যক এক অনুমান প্রমাণ নাই। ঐরপে নিয়মে কোন প্রমাণ না থাকায় উহা স্বীকা কঝ যায় ন।। স্থতরাং যেখানে বৃদ্ধি ও হাসের প্রমাণ আছে দেখানে ভদনুসারে সেই বস্ততে ভজ্জাতীয় অন্য বস্তর উৎপত্তি ও পূর্ব্বজ্ঞাত বর্ষ বিনাশ স্বীকার করিতে হইবে। ভাষ্যকাৰ দুষ্টান্ত ছারা মহম্মির তাৎপর্য বর্ণনা করিয়াছেন যে, শরীরাদিতে বৃদ্ধি ও হাসের প্রবাহ দেখা যায় অর্থা উহা প্রমাণসিদ্ধ, স্থতরাং তাহাতে উহার বারা ভিন্ন ভিন্ন শরীরাদির উৎপণি শীকার করা যায়। কিন্ত প্রন্তরাদিতে বৃদ্ধি ও হাসের প্রবাহ দৃষ্ট হয় ন উহা বহুকাল পর্যান্ত একরপেই দেখা যায়, স্বতরাং তাহাতে প্রতিক্ষণে জি ভিন্ন প্রস্তরাদির উৎপত্তি স্বীকার করা যার না। এইব্রপ স্ফটিকেও বৃদ্ধি । ছানের প্রবাহ দেখা যায় না, বহুকান পর্যান্ত স্ফটিক এক**রপই** থাকে, স্থুজা তাহাতে ভিন্ন ভিন্ন স্ফটিকের উৎপত্তি স্বীকার করা যায় না। ভদ্বিদ্য কোন প্রমাণ না থাকায় তাহা সিদ্ধ হইতে পারে না। শরীরাদি ক্তি^{গা} नशर्षत्र वृक्षि ७ द्वान प्रविद्या नमछ भगार्षदे छेदा भिक्ष कता वाह ना ভাহা হইলে অৰ্কদলের কটুমের উপলব্ধি করিয়া তণ্দৃষ্টান্তে সমস্ত এবো^ছ ক**টুৰ সিদ্ধ ক**রা বাইতে পারে। কোন ব্যক্তি অর্কফলের কটুৰ উপ^{ন্ধি} क्तिया, जन्मुहोत्स गम्छ अत्वाद क्रिक्त गांधन क्तित्व रायन हत्र, क्रिक

্দীর **শরীরাদি দৃষ্টান্তে** বস্তুমাত্রের ক্ষণিকত্ব সাধনও তক্ষপ হয়। অর্থাৎ গুৰুশ **অনুমান প্ৰত্যক্ষাদি প্ৰমাণ বাধি**ত হওয়ায় তাহা প্ৰমাণই হইতে পারে ।। ভাষ্যকার শরীরাদির ক্ষণিকত্ব স্বীকার করিয়াই এখানে পূর্ব্বপক্ষবাদীর মুদ্ধা**ন্ত (সর্ব্ব বন্ধার কণিকত্ব) অধিদ্ধ বলিয়াছেন। বন্ধত: প্রকৃত** শিদ্ধান্তে होরাদিও ক্ষণিক (ক্ষণকালমাত্র স্থায়ী) নহে। শরীরের বৃদ্ধি ও হ্রাগ ট্যা **থাকে, সন্দেহ নাই, কিন্তু প্ৰ**তিক্ষণেই উহা হইতেছে, প্ৰ**তিক্ষণে**ই এক ারীরের নাশ ও **ভজ্জাতীয় অপর শরী**রের উৎপত্তি হইতেছে, এ বিষয়ে কিছ্-াত প্রমাণ নাই। যে সময়ে কোন শরীরের বৃদ্ধি হয়, তথন প্রক্শরীর ইতে তাহার পরিমাণের ভেদ হওয়ায়, সেখানে পূর্ব্বশরীরের নাশ ও অপর ানীরের উৎপত্তি স্বীকার করিতে হয়, এবং কোন কারণে শরীরের হাস <mark>ইনেও সেখানে শরীরান্তরের উৎপত্তি স্বীকার করিতে হয়। কারণ, পরি-</mark> াণের ভেষ হইলে দ্রব্যের ভেষ হইয়া থাকে। একই দ্রব্য বিভিন্ন পরিমাণ ইতে পারে না । কিন্তু প্রতিক্ষণেই শ্রীরের হাস, বদ্ধি ব। পরিমাণ-ভেদ াত্যক কর। যায় না, তহিঘয়ে অন্য কোন প্রমাণও নাই; স্কুতরাং প্রতিক্ষণে রীরের ভেদ স্বীকার কর। যায় না । কিন্তু ভাষ্যকার এখানে তাঁহার সন্মত 'বত্যুপগম সিদ্ধান্ত' অবলম্বন করিয়া, পূর্ব্বপক্ষবাদীদিগের 🗿 দৃষ্টান্ত মানিয়া টিরাই তাঁহাদিগের মূল মত খণ্ডন করিয়াছেন।। ১১।।

ভাষ্য। **যশ্চাশেষনি**রোধেনাপূর্ব্বোৎপাদং নিরন্নয়ং জব্যসন্তানে ক্ষণি-ম্ভাং মন্ত্যতে তক্তৈত্তৎ—

যুত্র। নোৎপত্তি-বিনাশকারণোপলক্ষেঃ।।১২॥২৮৩॥

অন্থবাদ। পরস্ক যিনি অশেষবিনাশবিশিষ্ট নির্ময় অপ্রেবাৎপত্তিকে
দর্থাৎ পূর্বেক্ষণে উৎপন্ন দ্রব্যের পরক্ষণেই সম্পূর্ণ বিনাশ ও সেই ক্ষণেই
ইর্মজাভকারণ-জ্রব্যের অম্বয়শৃত্ম (সম্বন্ধশৃত্ম) আর একটি অপূর্ববন্ধরের
উৎপত্তিকে জ্বাসস্তানে (প্রতিক্ষণে জ্লায়মান বিভিন্ন দ্রব্যসমূহে) ক্ষণিকত্ব
শীকার করেন, তাহার এই মত অর্থাৎ দ্রব্যমাত্রের ঐরপ ক্ষণিকত্ব নাই,
শহেতু, উৎপত্তি ও বিনাশের কারণের উপলব্ধি হয়।

ভাষ্য। উৎপত্তিকারণং ভাবছপলভ্যহ্বয়বোপচয়ে। বল্মাকাদীনাং,

বিনাশকারণঞোপলভাতে ঘটাদীনামবয়ববিভাগ:। যস্ত অনপচিভাবরু নিরুধ্যতেহসুপচিভাবয়বঞোৎপত্যতে, তস্তাশেঘনিরোধে নিরুদ্বয়ে বাং প্র্বোৎপাদে ন কারণমুভয়ত্রাপ্যুপলভাত ইতি।

অমুবাদ। অবয়বের বৃদ্ধি বল্মীক প্রভৃতির উৎপত্তির কারণ উপদ্ধ হয়, এবং অবয়বের বিভাগ ঘটাদির বিনাশের কারণ উপদ্ধর হয়। কিন্তু, যাঁহার মতে "অনপচিতাবয়ব" অর্থাৎ, যাঁহার অবয়বের কোনমা অপচয় বা হ্রাস হয় না, এমন দ্বা বিনষ্ট হয়, এবং "অমুপচিতাবয়ব অর্থাৎ যাহার অবয়বের কোনরূপ বৃদ্ধি হয় না, এমন দ্বা উৎপদ্ধ হা ভাঁহার (সম্মত) সম্পূর্ণ বিনাশে অথবা নিরম্বয় অপূর্ববিদ্যাের উৎপত্তিয়ে উভয়ত্রই কারণ উপলব্ধ হয় না।

টিপ্পনী। ক্ষণিকবাদীর সম্রত ক্ষণিকত্বের সাধক কোন প্রমাণ না ইহাই পূর্ব্বসূত্রে বল। হইয়াছে। কিন্তু ঐ ক্ষণিক**ন্বের** অভাবসা কোন সাধন বলা হয় নাই, উহ। অবশ্য বলিতে হইবে। তাই মহদি । সূত্রের স্বার। সেই সাধন বলিয়াছেন। ক্ষণিকবাদীর মতে উৎপন্ন দ্র পরক্ষণেই বিনষ্ট হইতেছে, এবং সেই বিনাশক্ষণেই ভজ্জাতীয় আর এৰ অপূর্ব্ব দ্রব্য উৎপন্ন হইতেছে, এইব্রপে প্রতিক্ষণে জায়নান দ্রব্যসমষ্টির ন দ্রবাসন্তান। পূর্বক্রণে উৎপন্ন দ্রবাই পরক্ষণে ভারমান দ্রবোর উপাদা কারণ। কিন্তু ঐ কারণ দ্রব্য পরক্ষণ পর্যান্ত বিদ্যমান না ধাকায়, পরক্ষণে উহার অশেষ নিরোধ (সম্পূর্ণ বিনাশ) হওয়ায়, পরক্ষণে জায়মান কার্যায়ত উহার কোনরূপ অনুয় (সম্বন্ধ) থাকিতে পারে না। তজ্জন্য ঐ অণ্ (পূর্ন্বে যাহার কোনরপে সতা থাকে না)—কার্য্য-দ্রব্যের উৎপত্তিকে নির্ অপূর্বোৎপত্তি বন। হয়, এবং পূর্বজাত দ্রব্যের সম্পূর্ণ বিনাশক্ষণেই ज्ञशृत्वी (अष्ठि दय वित्या, উহাকে অশেষবিনাশ विनागविशिष्टे वना दहेगाव ভাষ্যকার এই মতের প্রকাশ করিয়া, ইহার খণ্ডনের জন্য এই সূটে **অব**তারণা করিয়া**ছে**ন। ভাষ্যকারের শেষোক্ত ''এতৎ'' শব্দের সহিত সূত্র আদিস্থ ''নঞ্'' শব্দের যোগ করিয়া সূতার্থ ব্যাখ্যা করিতে হইটে উদ্যোতকর প্রভৃতির সূত্রব্যাধ্যানুসারে ইহাই বুঝা যায়। মহ্ঘির ব এই যে, বস্তমাত্র ব। দ্রবামাত্রের ক্ষণিক্ত নাই। কারণ, উৎপত্তি ও বিনাট কাৰণের উপলব্ধি হইয়া থাকে। ভাষ্যকার সূত্রকাল্পের তাৎপর্য্য ^ব

ধিয়াছেন বে, বল্মীক প্রভৃতি দ্রব্যের অবরবের বৃদ্ধি 🗿 সমস্ত দ্রব্যের ংপত্তির কারণ উপলব্ধ হয়, এবং ঘটাদি দ্রব্যের অবয়বের বিভাগ এ সমস্ত বোর বিনাশের কারণ উপলব্ধ হয়, অর্থাৎ উৎপত্ন দ্রবোর উৎপত্তি ও देनहे এবোর বিনাশে সর্বব্রই কারণের উপলব্ধি হইয়া থাকে। কিছে. **इविकरामी एकिटीकामि अरवाद या श्रीत्रकरन डे**९मछि ७ विनान वरनन গুহার কোন কারণই উপলব্ধ হয় না, তাঁহার মতে উহার কোন কারণ **াকিতেও পারে না। কারণ, উৎপত্তির কারণ** এবয়বের বৃদ্ধি এবং **বনাশের কারণ, অবয়বের বিভাগ ব। হাস তাঁহা**র মতে সম্ভবই নহে। য় বস্তু কোনরতে বর্ত্তমান থাকে, তাহারই বৃদ্ধি ও হ্রাস বলা যায়। াহা **হিতীয় ক্ষণেই একেবারে বিন**ষ্ট হট্য়। যার - যাহা**র** তথন কিছুই শেষ **াকে না. তাহার তখন হাস** বলা যায় না এবং যাহা পরক্ষণেই উৎপুন্ন होंग। সেই এককণ মাত্র বিদামান থাকে, তাহারও ঐ সমযে বৃদ্ধি বলা যায় ৰি**ভাগ ও হ্রাস ক্ষণিকত্ব পক্ষে স**ম্ভবই নহে। তাহ। হইলে ক্ষণিক্রাদীর াতে অবয়বের হ্রাস ব্যতীতও যে বিনাশ হয়, এবং অবয়বের বৃদ্ধি ব্যতীতও ম **উৎপত্তি হয়, দে**ই বিনা**শ** ও উৎপত্তিতে কোন কারণের উপলব্ধি ন। ংওয়ায় কারণ নাই। স্মৃতরাং কারণের অভাবে প্রতিক্ষণে স্ফটিক দি দ্রব্যের গৈপত্তি ও বিনাশ হইতে না পারায় উহা ফণিক হইতে পারে না। **ক্টকাদি দ্রব্যের যদি প্রতিক্ষণেই একের উৎ**পত্তি ও অপরের বিনাশ হইত. iহা হইলে তাহার কারণের উপলব্ধি হইত। কারণ, সর্বব্রই উৎপত্তি ও বিনাশের কারণের উপলব্ধি হইয়া থাকে। কারণ ব্যতীত কুত্রাপি ৰাংগরও উপে<mark>তি ও বিনাশ দেখা</mark> যায় না, তাহা হইতেই পারে না। সূত্রে নঞ্গ 'ন"শবেদর সহিত সমাস হইলে উৎপত্তি ও বিনাশের কারণের অনুপ্রারিই **থৰানে মহামির কথিত হেতু বুঝ। যায়।** তাহা হইলে স্ফটিকাদি দ্রব্যের **র্যতিক্ষণে উৎপত্তি** ও বিনাশের কারণের উপনব্ধি না হওয়ায় কারণাভাবে **টাহা হইতে পারে** না, স্থতরাং স্ফটিকাদি দ্রব্য**মাত্র ক্ষণিক নহে, ইহাই** এই সবৈ প্রকটিত হয় । পরবর্তী দুই সত্তেও ''অনুপলব্ধি'' শব্দেরই প্রয়োগ দেখা ার। কিন্তুমহমি অন্যান্য সূত্রের ন্যায় এই সূত্রে ''অনুপলরি' শব্দের ব্যাগে ন। করায় উদ্দ্যোতকর প্রভৃতি এখানে উৎপত্তি ও বিনাশের কারণের ঈ্পলব্বিই মহব্বির কথিত হেতু বুঝিয়াছেন এবং দেইক্রপই সূত্রার্থ বলিয়াছেন। ^{এই} অ**র্থে সুত্রকারের তা**ৎপর্য্য পূর্ব্বেই ব্যক্ত করা হইয়াছে। উদ্যোতক**র** করান্তরে এই স্ত্রোক্ত হেতুর ব্যাখ্যান্তর করিয়াছেন বে, করিণ বিল্ আধার, কার্য্য বলিতে আধেয়। সমস্ত পদার্থই ক্ষপিক (ক্ষপকালমাত্রন্থারী। হইলে আধারাধেয়ভাৰ সম্ভব হয় না, কেহ কাহারও আধার হইতে পারে না আধারাধেরভাৰ ব্যতীত কার্য্যকারণ ভাব হইতে পারে না। কার্য্যকারণ ভাবের উপলব্ধি হওয়ায় বস্তু মাত্র ক্ষণিক নহে। ক্ষণিকবাদী যদি বন্ধ যে, আমরা কারণ ও কার্ব্যের আধারাধেয়ভাব মানি না, কোন কার্য্য আমাদিগের মতে সাধার নহে। এত<u>দ্</u>তরে উদ্দ্যোতকর ব**লিয়া**ছেন ৫ সমস্ত কাৰ্য্যই আধারশন্য, ইহা হইতেই পারে না। পরস্ক তাহা বলি ক্ষণিকবাদীর নি**ত্র** সি**দ্ধা**ন্তই ব্যাহত হয়। কারণ, তিনিও **রূপে**র আধা স্বীকার করিয়াছেন। ক্ষণিকবাদী যদি বলেন যে, কারণের বিনাশকণে কাৰ্য্যের উৎপত্তি হওয়ায় ক্ষণিক পদার্থেরও কার্য্যকারণভাব সম্ভব হয় বেমন একই সময়ে তুলানপ্তের এক দিকের উন্নতি ও অপরদিকের অবোগিং হয়, তদ্ৰপ একই ক্ষণে কারণ-দ্ৰবোর বিনাশ ও কার্যা দ্রব্যের উৎপদি অবশ্য হইতে পারে। পূর্বক্ষণে কারণ থাকাতেই সেখানে পরক্ষণে কার্য ঘনিবতে পারে। এতদুত্তরে শেষে আবার উদ্দ্যোতকর বলিরাছেন দে क्रिक्विश्वर्यक् कार्याकांत्रवाचार द्या ना, देश वना द्या नारे। व्यावादास ভাব হয় না, ইহাই বলা হইয়াছে, উহাই এখানে মহণির বিবক্ষিত হেড় কারণ ও কার্য্য ভিন্নকালীন পদার্থ হইলে কারণ কার্য্যের আধার হইতে পাল না। কার্য্য নিরাধার, ইহা কুত্রাপি দেখা যায় না, ইহার দৃষ্টান্ত নাই স্তুতরাং আধারাধেয়ভাবের অনুপপত্তিবশত: বস্তু মাত্র ক্ষণিক নহে ॥ ১২॥

সূত্ৰ। ক্ষীরবিনাশে কার্ণান্তপলব্ধিবদ্ধমূৎ পণ্ডি বচ্চ তদুপপত্তিঃ ॥১৩॥২৪৮॥

অমুবাদ। (পূর্ববিপক্ষ) ছুশ্বের বিনাশে কারণের অমুপলবির ^{ন্তার} এবং দধির উৎপত্তিতে কারণের অমুপলবিব ন্তায় ভাহার (প্রতিক্ষণে স্ফটিকাদি দ্রব্যের বিনাশ ও উৎপত্তির কারণের অমুপলবির) উপপ^{ত্তি} হয়। ভাষ্য। যথা২**র**পলভামানং ক্ষীরবিনাশকারণং দধ্যুৎপত্তিকারণঞাভ্য-কুজায়তে, তথা স্ফটিকে২পরাপরাস্থ ব্যক্তিষ্ বিনাশকারণমূৎপত্তিকারণ-ঞ্চাভাসুজ্যেয়মিতি।

অস্থ্রবাদ। বেমন অস্থপলভামান ছ্রাধ্বংসের কারণ এবং দধির ইৎপত্তির কারণ স্বীকৃত হয়, ডজ্রপ স্ফটিকেও অপরাপর ব্যক্তিসমূহে অর্থাৎ প্রতিক্ষণে জায়মান ভিন্ন ভিন্ন স্ফটিকসমূহে বিনাশের কারণ ও উৎপত্তির কারণ স্বীকার্যা।

টিপ্লনী। নংখির পূর্ব্বোক্ত কথার উত্তরে ক্ষণিকবাদী বলিতে পারেন বে, কারণের উপলব্ধি না হইলেই যে কারণ নাই, ইহা বলা যায় না। বারণ, দধির উৎপত্তির স্থলে দুয়ের নাশ ও দধির উৎপত্তির কোন কারণই উপলব্ধি করা যায় না। যে ক্ষণে দুয়ের নাশ ও দধির উৎপত্তি হয়, ভাগার ব্যাবহিত পূর্ব্বক্ষণে উহার কোন কারণ বুঝা যায় না। কিন্তু ঐ দুয়ের নাশ ও দবির উৎপত্তির যে কারণ আছে, কারণ বাতীত উহা হইতে পারে না, ইহা অবশা স্বীকার্যা। তত্রপ প্রতিক্ষণে স্ফটিকের নাশ ও অন্যান্য ফটিকের উৎপত্তি যাহা বলিয়াছি, ভাহারও অবশা কারণ আছে। ঐ কারণের উপলব্ধি না হইলেও উহা স্বীকার্যা। মহাঘি এই সূত্রের হারা ক্ষণিকবাদীর বক্তব্য এই কথাই বলিয়াছেন। ১১।।

সূত্র। লিঙ্গতো গ্রহণান্নানুপলব্ধিঃ ॥১৪॥২৮৫॥

অমুবাদ। (উত্তর) লিঙ্গের দ্বারা অর্থাৎ অমুমানপ্রমাণের দ্বারা (ছঙ্কের নাশ ও দধির উৎপত্তির কারণের) জ্ঞান হওয়ায় অমুপলব্ধির নাই।

ভাষ্য। ক্ষীরবিনাশলিকং ক্ষীরবিনাশকারণং দধ্যুৎপত্তিলিকং দধ্যুৎ-পত্তিকারণঞ্চ গৃহ্যতেহতো নাকুপলব্ধিঃ। বিপর্যায়স্ত ক্ষটিকাদিযু জব্যেষু, অপরাপরোৎপত্তৌ ব্যক্তীনাং ন লিক্ষমস্তীভামুৎপত্তিরেবেভি।

অমুবাদ। ছঞ্জের বিনাশ যাহার লিঙ্গ অর্থাৎ অনুমাপক হেতু, সেই

তুর্ব বিনাশের কারণ এবং দধির উৎপত্তি যাহার লিঙ্গ, 'সেই দধির উৎপত্তির কারণ গৃহীত হয়, অর্থাৎ অনুসানপ্রমাণের দ্বারা উহার উপলব্ধি হয়, অতএব (ঐ কারণের) অনুপলব্ধি নাই। কিন্তু স্ফটিকাদি দ্বব্যস্মৃহে বিপর্য্যয়, অর্থাৎ তাহাদিগের প্রতিক্ষণে বিনাশ ও উৎপত্তির কারণের অনুমান প্রমাণ দ্বারা উপলব্ধি হয় না। (কারণ) ব্যক্তিসমৃহের অপরা-পরোৎপত্তিতে অর্থাৎ প্রতিক্ষণে ভিন্ন ভিন্ন স্ফটিকাদি দ্বব্যের উৎপত্তিতে লিঙ্গ (অনুমাপক হেতু) নাই, এজন্য অনুহৎপত্তিই (স্বীকার্য্য)।

িপ্পনী। ক্ষণিকৰাদীর পূর্ব্বোক্ত কথার উত্তরে মহবি এই সূত্রের হার। বলিয়াছেন যে, দুগ্ধের বিনাশ ও দধির উৎপত্তিরূপ কার্য্য ভাষার কারণের লিঙ্গ, অর্থাৎ কারণের অনুমাপক, তন্দার। তাহার কারণের অন্মানরপ উপলব্ধি হওয়ায় সেখানে কারণের অনুপলন্ধি নাই। সেখানে ঐ কারণের প্রত্যক্ষরপ উপলব্ধি না হইলেও যখন কাৰ্য্য থার৷ উহার অনুমানক্সপ উপলব্ধি হয়, তখন আর অনুপলব্ধি বলা যায় না। কিন্তু স্ফটিকাদি দ্রব্যের প্রতিক্ষণে যে উৎপত্তি বলা হইয়াছে, তাহাতে কোন লিঙ্গ নাই, তদ্বিময়ে প্রত্যক্ষ প্রমাণে ন্যায় অনুমানপ্রমাণও নাই, আর কোন প্রমাণও নাই । স্নতরাং তাহা অদিঘ হওয়ায় তদারা তাহার কারণের অনুমান অসম্ভব। প্রত্যক্ষরপ উপলব্ধি না হুইলেই অনুপলিক বলা যায় না। দুর্গ্ধের বিনাশ ও দধির উৎপত্তি প্রত্যক্ষ-সিদ্ধ পদার্থ, স্মৃতরাং তদ্ধার। তাহার কারণের অনুমান হইতে পারে। যে কার্য্য প্রনাণদিদ্ধ, যাহা উভয়বাদিসমত, তাহা তাহার কারণের অনুমাপক হয়। কিন্তু ক্ষণিকৰাদীর সন্মত স্ফটিকাদি দ্রব্যে ইহার বিপর্য্যয়। কারণ, প্রতিক্ষণে ভিন্ন ভিন্ন সফটিকাদির উৎপত্তিতে কোন নিঙ্গ নাই। উহাতে প্রত্যক্ষ প্রমাণের ন্যায় অনুমানপ্রমাণও না থাকায় প্রতিক্ষণে স্কটিকাদিব অনুংত্তিই স্বীকার্যা। ফল কথা, ক্ষণিকবাদী স্বমত সমর্থনে যে দুষ্টান্ত বলিয়াছেন, তাহা অলীক। কারণ, দুগ্নের বিনাশ ও দধির উৎপত্তির বারণের অনুপলি নাই, অনুমানপ্রমাণ-জন্য উপলব্ধিই আছে।। ১৪।।

ভাষ্য ৷ অত্র কশ্চিৎ পরীহারমাহ—

অমুবাদ। এই বিষয়ে কেহ (সাংখ্য) পরীহার বলিভেছেন—

সূত্র। ন পয়সঃ পরিণাম-গুণান্তরপ্রাত্নভাবাৎ।,

অসুবাদ। (পৃর্ববিপক্ষ) না, অর্থাৎ ভূগ্ণের যে বিনাশ বলা হইয়াছে, গ্রাহা বলা যায় না, যেহেতু ভূগ্ণের পরিণাম অথবা গুণাস্তরের প্রাভূর্ভাব য়ে।

ভাষা। পয়সঃ পরিণামো ন বিনাশ ইত্যেক আহ। পরিণামশ্চা-াম্বিভস্তা দ্রব্যস্তা পূর্ব্বধর্মনিবৃত্তো ধর্মান্তরোৎপত্তিরিতি। গুণান্তর-প্রান্ত্র্ভাব ইত্যপর আহ। সতো দ্রব্যস্তা পূর্ব্বগুণনিবৃত্তো গুণান্তরমূৎ-গ্রহতে ইতি। স খবেকপক্ষীভাব ইব।

অনুবাদ। তৃগোর পরিণাম হয়, বিনাশ হয় না, ইহা এক আচার্য্য ফলন। পরিণাম কিন্তু অবস্থিত দ্রব্যের পূর্ব্ধর্মের নিবৃত্তি হইলে অন্থ ফার্মের উৎপত্তি। গুণাস্তরের প্রাহর্ভাব হয়, ইহা অন্থ আচার্য্য বলেন। কিন্তুমান দ্রব্যের পূর্ব্বগুণের নিবৃত্তি হইলে অন্থ গুণ উৎপন্ন হয়। তাহা একপক্ষীভাবের তুল্য, অর্থাৎ পূর্ব্বোক্ত তুইটি পক্ষ এক পক্ষ না হইলেও এক পক্ষের তুল্য।

টিপ্লনী। পুর্ব্বোক্ত অয়োদশ সূত্রে ক্ষণিকবাদীর যে সমাধান কথিত হয়াছে, মহমি পূর্ব্বসূত্রের হার। তাহার পরীহার করিয়াছেন। এখন সাংখ্যাদি সম্প্রদায় ঐ সমাধানের যে পরীহার (খণ্ডন) করিয়াছেন, তাহাই এই সূত্রের হার। বলিয়া, পরসূত্রের হার। ইহার খণ্ডন করিয়াছেন। সাংখ্যাদি সম্প্রদায় দুর্যের বিনাশ এবং অবিদ্যমান দধির উৎপত্তি স্বীকার করেন নাই। তাহাদিগের মধ্যে কেহ বলিয়াছেন যে, দুর্যের পরিণাম হয়, বিনাশ হয় না। ব্র ইহতে দধি হইলে দুর্যের ধরংশ হয় না, দুর্য অবন্ধিতই থাকে, কিছ তাহার পূর্ব্বধর্মের নিবৃত্তি ও তাহাতে অন্য ধর্ম্মের উৎপত্তি হয়। উহাই সেখনে দুর্যের 'পরিণাম'। কেহ বলিয়াছেন যে, দুর্যের পরিণাম হয় না, কিছ তাহাতে অন্য গুণের পরিণাম হয় না, কিছ তাহাতে অন্য গুণের নিবৃত্তি ও তাহাতে অন্য গুণের উৎপত্তি হয়। ইহারই নাম তাহার পূর্ব্ব গুণের নিবৃত্তি ও তাহাতে অন্য গুণের উৎপত্তি হয়। ইহারই নাম 'গুণান্তর্বব'' তাঘার পূর্ব্ব গুণান্ত্র্বব'' । ভাষ্যকার সূত্রোক্ত "পরিণাম" ও "গুণান্তর-প্রাদুর্ভ্রাব''কে

ৰুইটি পৃক্ষপে ব্যাধ্যা করিয়া, শেষে বলিরাছেন যে, ইহা দুইটি পক্ষ থাকিলেও বিচার করিলে বুঝা যায়, ইহা এক পক্ষের তুলা। তাৎপর্য্য এই যে, "পরিণাম" ও "গুণান্তরপ্রাদুর্ভাব" এই উভয় পক্ষেই মায় অবন্থিতই থাকে, ম্রব্যের বিনাশ হয় না। প্রথম পক্ষে ম্রব্যের পূর্ব্বর্ধের তিরোভাব ও অন্য ধর্মের অভিব্যক্তি হয়। দিতীয় পক্ষে পূর্ব্বগুণের বিনাশ ও অন্য গুণের প্রাদুর্ভাব হয়। উভয় পক্ষেই সেই ম্রব্যের হবংস না হওয়াই উলা একই পক্ষের তুলাই বল। যায়। স্বতরাং একই যুক্তির হায়া উলা নিরস্ত হইবে। মূলকথা, এই উভয় পক্ষেই দুর্বের বিনাশ ও অবিদ্যান্য ক্ষির উৎপত্তি না হওয়ায় পুর্ক্ষাক্ত ম্রেরোদশ সুত্রে দুর্বের বিনাশ ও দিন্দি উৎপত্তির কারণের অনুপলন্ধিকে যে দুইাস্ত বলা হইয়াছে, তাহা বলাই য়ল না। স্বতরাং ক্ষিকবাদীর ঐ সমাধান একেবারেই অসন্তর।। ১৫ ।।

ভাষা। অত্র তু প্রতিষেধ:— অসুবাদ। এই উভয় পক্ষেই প্রতিষেধ (উত্তর) [বলিতেছেন]

সূত্র। ব্যুহান্তরাদ্দ্রব্যান্তরোৎপত্তিদর্শনং পূর্বদ্রব্য নিরত্তেরন্থুমানং ॥১৬॥২॥৮৭

অনুবাদ। (উত্তর) "বৃ।হাস্তর" প্রযুক্ত অর্থাৎ অবয়বের অন্যরণ রচনা-প্রযুক্ত দ্রব্যাস্তরের উৎপত্তিদর্শন পূর্বব্রেব্যের বিনাশের অনুমান (অনুমাপক)।

ভাষ্য। সংমুর্চ্ছনলক্ষণাদ্বয়ববাহাদ্জব্যান্তরে দধ্যুৎপক্ষে গৃহ্যমাণে প্র্বং পয়োজবামবয়ববিভাগেভ্যো নিব্তুমিতাকুমীয়তে, যথা মুদবয়বানাং ব্যহান্তরাদ্জব্যান্তরে স্থাল্যামুৎপন্নায়াং প্র্বং মুৎপিগুজব্যং মুদবয়ববিছালেভ্যো নিবর্ত্ত ইতি। মুদ্দেরারবাহয়ঃ পয়োদপ্রোন হিশেষনিরোধে নিরন্তরা জব্যান্তরোৎপাদে। ঘটত ইতি।

অনুবাদ। সংমৃচ্ছিনরপ অবয়ববৃাহজন্য অর্থাৎ তুগ্ধের অবয়বসমূ^{হের} বিভাগের পরে পুনর্বার ভাগদিগের বিলক্ষণ-সংযোগ**-জন্**য উৎপ^{দ্ধ} দধিরপে জব্যান্তর গৃহুমাণ (প্রভাক্ষ) হ**ইলে** অবয়বসমূহের বিভাগ প্রযুক্ত গ্রন্ধরূপ পূর্ববন্ধবা বিনষ্ট হইয়াছে, ইহা অনুমিত হয়। বেমন
মৃত্তিকার অবয়বসমূহের অশুরূপ বৃাহ-জন্ম অর্থাৎ ঐ অবয়বসমূহের
বিভাগের পরে পুনর্ববার উহাদিগের বিলক্ষণ-সংযোগ জন্ম জব্যাস্তর স্থালী
উৎপন্ন হইলে মৃত্তিকার অবয়বসমূহের বিভাগপ্রযুক্ত পিণ্ডাকার মৃত্তিকারপ
পূর্বব্রেরা বিনষ্ট হয়। কিন্তু হুগ্ন ও দধিতে মৃত্তিকার ন্যায় অবয়বের
অগ্নয় অর্থাৎ মূল পরমাণুর সম্বন্ধ থাকে। (কারণ) অশেষনিরোধ
হইলে অর্থাৎ জব্যের পরমাণু পর্যাস্ত সম্পূর্ণ বিনষ্ট হইলে নিরম্বয় জব্যাস্থরোৎপত্তি সম্ভব হয় না।

টিপ্রনী। মহিষি পূর্ব্বসূত্রোক্ত মতের খণ্ডন করিতে এই সূত্রের বার। বলিয়া**ছে**ন যে, দ্রব্যের অবয়বের অন্যক্রপ ব্যহ-জন্য দ্রব্যান্তর উৎপুর হয়, উহা **দেখিয়া দেখানে** পৃ**ৰ্ব্**দ্ৰোর বিনাশের অনুমান কর। যায়। ঐ দ্রব্যা**ন্তরোৎপত্তিদশন** সেখানে পূর্ব্বস্তব্য বিনাশের অনুমাপক। ভাষ্যকার প্রকৃতত্বলে মহমির কথা বুঝাইতে বলিয়াছেন যে, দধিরূপ দ্রবান্তর উৎপন্ন হ**ইর। প্রত্যক্ষ হইলে সেখানে দু**গ্নের অবয়বসমূহের বিভাগ**ন্ধ**ন্য **দেই পূর্ব্ব**-দ্রব্য দুর্ম বে বিনষ্ট হইয়াছে, ইহ। অনুমান বারা বুঝা যায়। ভাষাকার ইহার ণৃষ্টান্ত বলিয়াছেন যে, পিণ্ডাকার মৃত্তিক। নইয়া স্থানী নির্মাণ করিলে, গেখানে এ পিণ্ডাকার মৃত্তিকার অবয়বগুলির বিভাগ হয়, তাহার পরে ঐ সকল অবয়বের পুনর্কার অনারূপ বূাহ (সংযোগবিশেষ) হইলে তচ্ছনা স্থানীনামক দ্রব্যান্তর উৎপন্ন হয়। সেধানে ঐ পিণ্ডাকার মৃত্তিক। থাকে না, উহার অবয়বসমূহের বিভাগজন্য উহার বিনাশ হয়। এইরূপ দধির উৎপাত্ত-খনেও পুরুর্দ্রবা দুঝ বিনষ্ট হয়। ভাষাকার দৃষ্টান্ত বার। দধির উৎপত্তিস্থলে পুথের বিনাশ সমর্থন করিয়া, শেষে বলিয়াছেন যে, দুগ্ধ ও দধিতে মৃত্তিকার ন্যায় অবয়বের অনুয় থাকে। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, দধির উৎপত্তি-খনে দুগ্ধ বিনষ্ট হইলেও বেমন মৃত্তিকানিশ্বিত স্থানীতে ঐ মৃত্তিকার মূল পরমাণুরূপ অবয়বের অনুয় থাকে, স্থানী ও মৃত্তিকার মূল পরমাণুর ভেদ না ধাৰার স্থানীতে উহার বিলক্ষণ সম্ভ অবশাই থাকিৰে, তক্রপ দুগ্ধ ও দৰির ^{ৰুল} পরমাণুর ভেদ না থাকায় দুগ্ধ ও দধিতে সেই মূল পরমাণুর অনুয় ব। বিলক্ষ**ণ সম্বন্ধ অবশ্যই থাকিবে।** ভাষ্যকারের গঢ় অভিসন্ধি এই যে, আমর। ^{দ্}ধির উৎপত্তিম্বলে দুর্যোর ২বংস স্বীকার করিলেও বৌদ্ধসম্প্রদায়ের ন্যায় "অশেষনিরোধ" অর্ধাৎ মূল প্রমাণু পর্যান্ত সম্পূর্ণ বিনাশ স্বীকার করি না,

একেবারে কারণের সর্ব্বপ্রকার সম্বন্ধশূন্য (নিরন্মুর) দ্রবান্তরোৎপত্তি আমর। স্বীকার করি না। ভাষ্যকার ইহার হেতুরুপে শেষে বলিয়াছেন বে, এব্যের ''অশেঘনিরোধ'' অর্থাৎ পরমাণু পর্য্যন্ত সম্পূর্ণ বিনাশ হইলে নিরনুর प्रवाखित्वादेशिव घटि ना, वर्शेष जाहा मछवरे हम ना, वाशांत ना शिकित কিছুই উৎপন্ন হইতে পারে না। বস্তমাত্র ক্ষণিক হইলে কোন বস্তরই আধার থাকে ন।। স্থতরাং ঐ মতে কোন বস্তুরই উৎপত্তি হইতে পারে ন।। মূলকথা, দুধির উৎপত্তিস্থলে পূর্বভ্রা দুর্গ্নের পরিণাম বা গুণান্তর-প্রাদুর্ভাব হয় না, দুর্গ্বের বিনাশই হইয়া থাকে। স্থতরাং দুর্গ্বের বিনাশ ও দধির উৎপত্তি বলা যাইতে পারে। কিন্ত টহার কারণের অনুপনন্ধি বলা যাইতে পারে না। কারণ, অমু দ্রব্যের সহিত দুর্গ্নের বিলক্ষ**ণ-সংযোগ হইলে** ক্রমে ঐ দুধ্বের অবয়বগুলির বিভাগ হয়, উহা সেখানে দুগ্ধ ধ্বংসের কারণ। দুগারপ অবয়বীর বিনাশ হইলে পাকজন্য ঐ দুগোর মূল প্রমাণুসমূহে বিলক্ষণ র্বাদি জনে, পরে দেই সমন্ত প্রমাণুর বারাই হাণুকাদিক্রমে সেধানে দধি-নামক দ্রব্যান্তর উৎপন্ন হয় । 🔘 হাণুকাদিজনক ঐ সমন্ত অবয়বের পুনর্ব্বার যে বিলক্ষণ সংযোগ, উহাই সেখানে দধির অসমবায়ি-কারণ। উহাই সেখানে দুধের অবয়বের "বাহান্তর" । উহাকেই ভাষ্যকার বলিয়াছেন "সংমূর্চ্ছন''^১। ''ব্যহ'' শবেদর ঘার। নির্মাণ বা রচনা বুঝা যার । অবয়বসমূছের বিলক্ষণ সংযোগরূপ আকৃতিই উহার ফলিতার্থ^৩। উহাই জন্যমব্যের অসমবায়ি-কারণ। উহার ভেদ হইলে ভচ্জন্য দ্রব্যের ভেদ হইবেই। অ**তএব** দধি^র উৎপত্তিস্থলে ঐ ব্যহ ব। আকৃতির ভেদ হওয়ায় দধিনামক দ্রব্যান্তরের উৎপত্তি স্বীকার্য্য। স্মৃতরাং সেখানে পূর্ব্বদ্রব্য দুগ্নের বিনাশও স্বীকার্য্য। দুগ্নের বিনাশ না হইলে সেখানে দ্রব্যান্তরের উৎপত্তিও হইতে পারে না। কার^ব, দুগ্ধ বিদ্যমান থাকিলে উহা সেখানে দধির উৎপত্তির প্রতিবন্ধকই হয়। কিছ দধির উৎপত্তি যথন প্রত্যক্ষসিদ্ধ, তথন উহার ছার। সেখানে পূর্ব্যন্তুর্কের বিনাশ অনুমানসিদ্ধও হয়। বস্তত: দুধ্যের বিনাশ প্রত্যক্ষসিদ্ধ হই**লেও** যাঁহার। তাহা মানিবেন না, তাঁহাদিগের জন্যই মহটি এখানে উহার অনুমান বা যুক্তি বলিয়াছেন ।।১৬।।

১। বিতীয়াধ্যায়ের বিতীয় আফিকের ৬৭ সূত্রভাষো "মুক্তিতাবয়ব" শব্দের ব্যাখায় তাৎপর্যাতীকাকার লিখিয়াছেন—"মুক্তিতাঃ পরস্পরং সংশৃক্তা অবয়বা য়স্ত"।

২। বৃহঃ স্যাদ্ বলবিন্যাসে নির্মাণে রুদ্তর্কয়োঃ 1—মেদিনী া

ভ। দিতীয় অধ্যায়ের শেষে আকৃতিলক্ষণস্থের ব্যাখ্যায় তাৎপর্যাচীকাকার
য়য়কৃতিকে অবয়বের "বাহ" বলিয়াছেন।

ভাষ্য। অভ্যস্থ্জায় চ নিষার্ণং ক্ষীরবিনাশং দধ্যৎপাদঞ্চ প্রতিষেধ উচাতে—

অসুবাদ। ছুশ্কের বিনাশ ও দধির উৎপত্তিকে নিষ্কারণ স্বীকার করিয়াও (মহর্ষি) প্রতিষেধ বলিতেছেন—

সূত্র। কচিদ্বিনাশকারণানুপলব্ধেঃ কচিচ্চোপ-লব্ধেরনেকান্তঃ ॥১৭॥২৮৮॥

অস্থবাদ। (উত্তর) কোন স্থলে বিনাশের কারণের অসুপলব্ধিবশতঃ এবং কোন স্থলে বিনাশের কারণেব উপলব্ধিবশতঃ (পূর্ব্বোক্ত দৃষ্টাস্ত) একাস্ত (নিয়ত) নহে।

ভাষ্য। ক্ষীরদ্ধিবন্নিক্ষারণী বিনাশোৎপাদী ফাটকাদিব্যক্তীনামিতি
নায়মেকান্ত ইতি। কম্মাৎ । হেছভাবাৎ, নাত্র হেতুরন্তি। অকারণী
বিনাশোৎপাদী ফাটকাদিব্যক্তীনাং ক্ষীরদ্ধিবৎ, ন পুনর্যথা বিনাশকারণভাবাৎ কুস্তস্থা বিনাশ উৎপত্তিকারণ ভাবাচ্চ উৎপত্তিরেবং ফাটকাদিব্যক্তীনাং বিনাশোৎপত্তিকারণ ভাবাদ্বিনাশোৎপত্তি ইতি। নির্মিষ্ঠানথ্য দৃষ্টান্তবচনং। গৃহ্মাণয়োর্বিবনাশোৎপাদয়োঃ ফাটকাদিয়ু স্থাদয়মাত্র্যয়বান্ দৃষ্টান্তঃ ক্ষীরবিনাশকারণান্তপলিরিবৎ দধ্যুৎপত্তিকারণান্তপলিরিবচেতি, তৌ তু ন গৃহহাতে, তম্মানির্ধিষ্ঠানোহয়ং দৃষ্টান্ত ইতি।
অভ্যক্তর্যায় চ ফাটিক স্যোৎপাদ বিনাশো যোহতা সাধকস্তস্যাভাক্তরানাদপ্রতিষধঃ। কুস্তবন্ন নিক্ষারণী বিনাশোৎপাদী ফাটকাদীনামিত্য ভাক্তরেয়োহয়ং দৃষ্টান্তঃ, প্রতিষেকু মশক্যত্বাৎ। ক্ষীরদধিবন্তু নিক্ষারণী বিনাশোৎপাদাবিতি শক্যোহয়ং প্রতিষেকুং; কারণভো
বিনাশোৎপত্তিদর্শনাৎ। ক্ষীরদধ্যোবিনাশোৎপত্তী পশ্যতা তৎকারণমন্ত্রমেয়ং। কার্যালিক্ষং হি কারণমিতি। উপপন্নমনিত্যা বুদ্ধিরিতি।

অমুবাদ। স্ফটিকাদি জ্রব্যের বিনাশ ও উৎপত্তি, ছ্গ্ধ ও দধির

বিনাশ ও উৎপত্তির স্থায় নিষ্কারণ, ইহা একাস্ত নহে অর্থাৎ ঐরপ দৃষ্টান্ত নিয়ত নছে। (প্রশ্ন) কেন ! (উত্তর) হেতুর অভাবপ্রযুক্ত তথ্য বিষয়ে হেতু নাই। (কোন্ বিষয়ে হেতু নাই, তাহা বলিতেছেন ফাটিকাদি অব্যের বিনাশ ও উৎপত্তি, হ্লয় ও দধির বিনাশ ও উৎপত্তির স্থায় নিষ্কারণ, কিন্তু যেমন বিনাশের কারণ থাকায় কুন্তের বিনাশ হয়, এবং উৎপত্তির কারণ থাকায় কুন্তের উৎপত্তি হয়, এইরপ ক্ষটিকাদি অব্যের বিনাশ ও উৎপত্তির কারণের সন্তাপ্রযুক্ত বিনাশ ও উৎপত্তি হয়, ইহা নহে।

পরস্ক দৃষ্টান্ত বাক্য নিরাশ্রয়। বিশাদার্থ এই যে, স্ফটিকাদি দ্বেষ্
বিনাশ ও উৎপত্তি গৃহুমাণ (প্রত্যক্ষ) হইলে "হুশ্নের বিনাশে কারণের অমুপলন্ধির স্থায়" এবং "দধির উৎপত্তির কারণের অমুপলন্ধির স্থায়" এই দৃষ্টান্ত আশ্রয়বিশিষ্ট হয়, কিন্তু (স্ফটিকাদি দ্বব্যে) সেই বিনাশ ও উৎপত্তি প্রভাক্ষ হয় না, অভএব এই দৃষ্টান্ত নিরাশ্রয় অর্থাৎ উহার আশ্রয় ধর্মীই নাই। স্মৃতরাং উহা দৃষ্টান্তই হইতে পারেনা।

পরস্ক ক্ষাটকের উৎপত্তি ও বিনাশ স্বাকার করিয়া, এই বিষয়ে যাগ্য সাধক অর্থাৎ দৃষ্টান্ত, ভাহার স্বীকারপ্রযুক্ত প্রভিষেধ হয় না। বিশদার্থ এই যে, ক্ষাটকাদি জব্যের বিনাশ ও উৎপত্তি, কুস্কের বিনাশ ও উৎপত্তির স্থায় নিক্ষারণ নহে, অর্থাৎ ভাহারও কারণ আছে, এই দৃষ্টান্তই স্বীকার্য্য। কারণ, (উহা) প্রভিষেধ করিতে পারা যায় না। কিছু ক্ষাটিকাদি জব্যের বিনাশ ও উৎপত্তি, ভ্রন্ধ ও দধির বিনাশ ও উৎপত্তির স্থায় নিক্ষারণ, এই দৃষ্টান্ত প্রভিষেধ করিতে পারা যায়, যেহেতু কারণ-জ্বস্থাই বিনাশ ও উৎপত্তি দেখা যায়। ভ্রন্ধ ও দধির বিনাশ ও উৎপত্তি দর্শন করতঃ ভাহার কারণ অনুমেয়, যেহেতু কারণ কারণ অনুমেয়, যেহেতু কারণ কারণ আনুমেয়, যেহেতু কারণ কারণ আনুমেয়, যেহেতু কারণ কারণ আনুমেয়, হিং।

हिश्रेनी। मर्श्व, मुरक्षंत्र विनाम ७ मधित छे९भछित्र कात्रानत जनमनिक নাই, অনুমান দার। উহার উপলব্ধি হয়, স্মৃতরাং উহার কারণ আছে, এই গিলান্ত বলিয়া, পূর্ব্বোক্ত ত্রেয়াদশ সূত্রোক্ত ক্ষণিকবাদীর দৃষ্টান্ত খণ্ডন করিরা, গ্রহার মতের খণ্ডন করিয়াছেন। এখন ঐ দুগ্নের বিনাশ ও দধির উৎপত্তির (बान कावन नारे-छर। निकाबन, रेश श्रीकात कवियाल क्रिनिकवानीत मराजत ৰণ্ডৰ করিতে এই সূত্রের হার। বলিয়াছেন যে, ক্ষণিকবাদীর ঐ দুষ্টান্তও একান্ত নহে। অর্থাৎ স্ফটিকাদি দ্রব্যের প্রতিক্ষণে বিনাশ ও উৎপত্তির কারণ আছে 存 না, ইহা বুঝিতে যে, তাঁহার কথিত ঐ দুটান্তই গ্রহণ ক্ষিতে হইবে, ইহার নিয়ম নাই। কারণ, যেখানে বিনাশের কারণের টুগুলুজি হয়, এমন দুষ্টান্তও আছে। কুন্তের বিনাশ ও উৎপত্তির কারণ প্রত্যক্ষ কর। যায়। সেই কারণ জন্যই কুন্তের বিনাণ ও উৎপত্তি হইয়া ধাকে, ইহা সর্ব্ধবিদ্ধ। স্থতরাং প্রতিক্ষণে স্ফটিকাদি দ্রব্যের বিনাশ ও উৎপত্তি স্বীকার করিলে কুন্তের বিনাশ ও উৎপত্তির ন্যায় তাহারও কারণ আৰণ্যক ; কাৰণ ব্যতীত তাহা হইতে পাৰে না, ইহাও বনিতে পাৰি। কার**ণ, প্রতিক্ষণে** স্ফটিকাদি স্রব্যের বিনাশ ও উৎপত্তি, দুগ্ধ ও *দধির বিনা*ণ ও উৎপত্তির ন্যায় নিফারণ, কিন্ত কুন্তের বিনাশ ও উৎপত্তির ন্যায় সকারণ নচে, এ বিষয়ে কোন হেতু নাই। কেবল দৃষ্টান্ত নাত্ৰ উভয় পক্ষেই ৰাছে !

ভাষ্যকার সূত্রকারের তাৎপর্য্য বর্ণন করিয়া শেষে ক্ষণিকবাদীর দৃষ্টান্ত ব ন করিবার ভন্য নিজে আরও বলিয়াছেন যে, ঐ দৃষ্টান্ত-বাক্য নিরাশ্রয়। তাৎপর্য্য এই যে, কোন ধর্মীকে আশ্রয় করিয়াই তাহার সমান ধর্মবিশিষ্ট পদার্থ দৃষ্টান্ত হইরা থাকে। প্রকৃতস্থলে প্রতিক্ষণে স্ফটিকের বিনাশ ও উৎপত্তিই ক্ষণিকবাদীর অভিমত ধর্মী, তাহার সমান-ধর্মতাবশতঃ দুগ্রের বিনাশ ও দধির উৎপত্তি দৃষ্টান্ত হইবে। কিন্তু পূর্ব্বোক্ত ঐ বর্মী প্রত্যক্ষ হয় না, উহা অন্য কোন প্রমাণসিদ্ধও নহে, স্কৃতরাং আশ্রয় অসিদ্ধ ইওরায় ক্ষণিকবাদীর ক্ষণিত ঐ দৃষ্টান্তই হইতে পারে না। তাম্যকার প্রেয়া ক্ষণিকবাদীর ক্ষণিত ঐ দৃষ্টান্তই হইতে পারে না। তাম্যকার প্রেয়া ক্ষণিকবাদীর ক্ষণিত ঐ দৃষ্টান্তই হইতে পারে না। তাম্যকার প্রেয়া ক্ষণিকবাদী স্কটিকাদির ঐ উৎপত্তি ও বিনাশ স্বীকার করিলে ভাষার সাধক কোন দৃষ্টান্ত অবশ্য স্বীকার করিতে হইবে। তাহা হইজে আর ক্ষণিকবাদী স্কটিকাদির ঐ উৎপত্তি ও বিনাশের কারণের প্রতিমেধ করিতে পারিবেন না। তাৎপর্য্য এই যে, স্ফটিকাদি দ্রব্যের বিনাশ ও উৎপত্তির ন্যায় সকারণ, এইরপে দৃষ্টান্তই অবশ্য স্বীকার্ষ্য; কারণ, উহা প্রতিমেধ করিতে পার। যায় না। সর্ক্তিক কারণ-

জনাই বস্তর বিনাশ ও উৎপত্তি দেখ। যায়। স্থতরাং সফটিকাদির বিনাশ 🖫 উৎপত্তি, দুর্য ও দধির বিনাণ ও উৎপত্তির ন্যায় নিকারণ, এইরূপ দুটার স্বীকার করা যায় না। দুর্গ্ধের বিনাশ ও দধির উৎপত্তি যখন প্রত্যক্ষ্_{ণিয়} তথৰ ঐ প্রত্যক্ষসিদ্ধ কার্যোর দার৷ তাহার কারণের অনুমান করি_{টে} হ**ইবে। কারণ** বাতীত কোন কার্য্যই **জ**ন্মিতে পারে না, স্থতরাং কারণ কার্যালিজ, অর্থাৎ কার্য্য হার। অপ্রত্যক্ষ কারণ অনুমানসিদ্ধ হয়। পুরের্বাট চতুর্দ্ধণ সূত্র ও তাহার ভাষ্যেও এইরূপ যুক্তির ছার। ক্ষণিকবাদীর দুটা **ৰণ্ডিত হইয়াছে।** ফলকথা, প্ৰতিক্ষণেই যে স্ফটিকাদি দ্ৰ:ব্যৱ বিনাশ % উৎপত্তি হইবে, তাহার কারণ নাই। কারণের অভাবে তাহা হইতে পার না। প্রতিক্ষণে এরাপ বিনাশ ও উৎপত্তির প্রত্যক্ষ হয় না, তহিদয়ে আন কোন প্রমাণও নাই, স্থতরাং তদ্বার। তাহার কারণের অনুমানও সম্ভব নহে। দু**র্ত্তে**র বিনাশ ও দধির উৎপত্তি প্রত্যক্ষসিদ্ধ, স্থতরাং তদ্দু^ণর৷ তাহার কারণে जनुमान হয়,—উহা নিফারণ নহে। মূল কথা, বস্তুমাত্রই ক্ষণিক, ইং। কোনকপেই গিদ্ধান্ত হইতে পারে ন।। ঐ বিষয়ে কোন প্রমাণ নাই, ইয় পুর্ব্বোক্ত একাদশ সূত্রে বল। হইয়াছে। এবং পূর্ব্বোক্ত হাদশ সূত্রে বস্তুনাত ষে ক্ষণিক হইতেই পারে না, এ বিষয়ে প্রমাণও প্রদর্শিত হইয়াছে।

প্রাচীন ন্যায়াচার্য্য উদ্দ্যোতকরের সময়ে বৌদ্ধ দার্শনিকগণের বিশেষরণ অভাদর হওয়ায় তিনি পূর্বে।জ চতুর্দশ সূত্রের বাত্তিকে বস্তমাত্রের ক্ষণিক্ষ পক্ষে নব্য বৌদ্ধ দার্শনিকগণের অনেক কথার উল্লেখপূর্বক বিস্তৃত বিচা বারা তাহার খণ্ডন করিয়াছেন। নব্য বৌদ্ধ দার্শনিকগণ ঐ সিদ্ধান্ত সমর্ফ করিবার জন্য সন্ম যুক্তির উদ্ভাবন করিয়াছেন। তাহাদিগের কথা এ বে. বছ ক্ষণিক না হইলে তাহা কোন কাৰ্য্যন্তনক হইতে পারে না। সুতা ষাহা সং, তাহা সমস্তই ক্ষণিক। কারণ, ''সং'' বলিতে অর্থক্রিয়া কারী ষাহা অর্থক্রিয়া অর্থাৎ কোন প্রয়োজন নির্ব্বাহ করে অর্থাৎ যাহা কোন কার্যো ত্বনক, তাহাকে বলে অর্থক্রিয়াকারী। অর্থক্রিয়াকারিত অর্থাৎ কোন কার্যা ছনকত্বই বস্তুর সন্ত। যাহা কোন কার্য্যের জনক হয় না, তাহা "সং" নংং,। (स्मन नतमुक्रापि । ऄ অর্থক্রিয়াকারিছ ক্রম অথব। যৌগপদেয়র ব্যাপা। অর্থাৎ যাহ। কোন কার্য্যকারী, হইবে, তাহা ক্রমকারী অথবা যুগপংকারী হ**ইবে।** যেমন বীজ অন্তুরের জনক, বীজে অন্তুর নামক কার্যাকারি **থাকার** উহা "সং"। স্বতরাং বীজ ক্রে-কালবিলমে অস্তুর জন্মাইবে, অথবা যুগপৎ সমস্ত অভুর জন্মাইবে। অর্থাৎ বীজে ক্রমকারিত অ^{থবা} যুপ্তপংকারিম থাকিবে। নচেৎ বীজে অভুরজনকম থাকিতে পারে না।

ত্র ক্রমকারিছ এবং যুগপৎকারিছ ভিন্ন তৃতীয় আর কোন প্রকার নাই— ষেরপে বী বাদি সংপদার্থ অঙুরাদির কারণ হইতে পারে। এখন যদি বীভকে ক্ষণমাত্র-স্থায়ী স্বীকার করা না যায়, বীভ যদি স্থির পদার্ভ হয়, তাহ। হ**ইলে উহা অত্ব-**জনক হইতে পারে না। কারণ, বীজ স্থির পদা**র্ঘ** ংইলে গৃহস্থিত বীজ ও ক্ষেত্ৰস্থ বীজের কোন ভেদ না থাকায় গৃহস্থিত বীজ হাতেও অনুর জনিমতে পারে। অন্তুরের প্রতি বীজ্যক্সপে বীজ কার**ণ** ংইলে গৃহস্থিত বীজেও বীজ**ত পাকা**য় তাহাও অন্ধুর জন্মায় না কেন ! यि तन (य, मुखिका ও जनांनि मम्ख महकात्री कातन हिनश्चित इटेरन्हें वीख বহুর জন্মায়, স্থুতরাং বীজে ক্রমকারিছই আছে। তাহা হইলে জিপ্তাস্য এই যে, ঐ স্থির বীজ কি অন্তুর জননে সমর্থ ? অথবা অসমর্থ ? যদি উহা युजावजः हे जकुत्रक्रनात भगर्ष हम, जाहा हहेति छह। मर्कात मर्काहि जकुत बन्गारेट । त्य वञ्च नर्क्वारे त्य कार्या जन्मारेट नमर्थ, त्न वञ्च क्रमनः কালবিলম্বে ঐ কার্য্য জন্মাইবে কেন ? পরন্ত স্থির বী**জ অন্তর**জননে সম**র্থ** হ**ইলে ক্ষেত্রস্থ বীজ যেমন অন্তব্ন জন্মায়, তন্ধ্রপ ঐ বীজই** গুহে থাক। কালে .कन जकत जन्माय ना ? जात यनि चित्र तीक जकुत जनरन जममर्थेहे हत्र, তবে তাহা ক্রমে কানবিলয়েও অকুর জন্মাইতে পারে না। যাহ। অসমর্থ, যে কার্যান্তননে যাহার সামর্থই নাই, ভাহা সহকারী লাভ করিলেও সে কার্যা জন্মাইতে পারে না। যেমন শিলাখণ্ড কোন কালেই অঙ্কুর জন্মাইতে পারে না। মৃত্তিকা ও জ্বাদি ক্রমিক সহকারী কারণগুলি লাভ কবিলেই **বীজ** बङ्ग्रजनत्त সমর্থ হয়, ইহা বলিলে জিঞাসা এই যে, ঐ সহকারী কারণগুলি কি বীজে কোন শক্তিবিশেষ উৎপন্ন করে ? অথবা শক্তিবিশেষ উৎপন্ন করে না ? যদি বল, শক্তিবিশেষ উৎপন্ন করে, তাহা হইলে ঐ শক্তিবিশেষই কারণ হইবে। বীভের অঙ্রকারণত থাকিবে না। কাবণ, গহকারী কারণজন্য ঐ শক্তিবিশেষ জন্মিলেই একুর জন্মে। উহার অভাবে অঙুর জনেম না, এইরপ ''অনুয়''ও ''ব্যতিবেরকে''র নি≁চয়বশৃত: ঐশক্তি--বিশে**ষেরই অকুরজনকত গিদ্ধ হ**ধ। যদি বল, সহকারী কারণগুলি বী**জে** কোন শক্তিবিশেষ উৎপন্ন করে না। তাহ। হইলে অস্কুরকার্য্যে উহার। অপেক্ষণীয় নছে। কারণ, যাহার। অঙ্কুরজননে কিছুই করে না, তাহার। অঙুরের নিমিত্ত হইতে পারে না । পরন্ত সহকারী কারণগুলি বীজে কোন শক্তিবিশে**ঘই উৎপন্ন করে, এ**ই **পক্ষে** ঐ শক্তিবিশেষ **আবা**র অন্য কোন শক্তিবিশেঘকে উৎপন্ন করে কি না, ইহা বস্তব্য। যদি বল, অন্য শক্তি-বিশেদকে উৎপন্ন করে, তাহ। হইলে পূর্বোক্ত দোদ অনিবার্য। কারণ,

তাহা হইলে সেই অপর শক্তিবিশেষই অত্বরকার্যো কারণ হওয়ায় বীছ অছুরের কারণ হইবে না। পরন্ধ ঐ শক্তিবিশেম-জন্য অপর শক্তিবিশেষ, তচ্চন্য আবার অপর শক্তিবিশেষ, এইরূপে অনন্ত শক্তির উৎপত্তি স্বীকারে শ্বপ্রামাণিক অনবস্থা-দোম অনিবার্য্য হইবে। যদি বল যে, প্রত্যেক কান্দ্র কার্যাজননে সমর্থ, নচেৎ তাহাদিগকে কারণই বলা যায় না। কারণভুট কারণের সামর্থ্য বা শক্তি, উহা ভিন্ন আর কোন শক্তি-পদার্থ কারণে নাই। কিন্তু কোন একটি কারণের বারা কার্যা জন্মে না, সমস্ত কারণ মিলিত্র ছইলেই তদুধার। কার্য্য জনেম, ইহা কার্য্যের স্বভাব । স্বভরাং মতিক। ও জনাদি সহকারী কারণ ব্যতীত কেবল বীজের শ্বান অঙ্কর ঘনেম না। কিন্ত ইহাও বলা যায় না। কারণ, যাহা যে কার্য্যেব কারণ হইবে, তাল সেই কার্যোর স্বভাবের অনীন হইতে পারে না , তাহা হইলে তাগ কারণ্ডই থাকে না। কার্য্যই কারণের অভাবের অধীন, কাবণ কার্য্যের **ন্মভাবের অধীন নহে। যদি বল যে, কারণের**ই স্বভাব এই যে, তাহা সহন কার্য্য অনুনায় না, কিন্তু ক্রমে কালবিলয়ে কার্য্য অনুনায়। কিন্তু ইহাও বলা बाग्र न।। কারণ, তাহা হইলে কোনু সময়ে কার্য্য জন্মিবে, ইহা নিশ্চয় **কর। গেল না। পরস্ক যদি কতিপয় ক্ষণ অপেক্ষ। করি**াই, কার্য্যজনকং কারণের স্বভাব হয়, তাহা হইলে কোন কার্যান্তননকালেও উক্ত স্বভাবেং ্বনুবর্ত্তন হওরায় তখন আরও কতিপয় ক্ষণ অপেক্ষণীয় হইবে, এইক্রপে গেই ধকন ক্ষণ অতীত হইলে আরও কতিপয় ক্ষণ অপেক্ষণীয় হইবে, স্কুতরাং কোন কালেই কার্য্য অন্মিতে পারিবে ন।। কারণ উহা কোনু সময় হইডে কত কাল অপেকা করিয়া কার্য্য জন্মায়, ইহা জির করিয়া বলিতে ন পারিলে তাহার পুর্বেলিডরেপ স্বভাব নির্ণয় করা যায় না। সহকারী কারণ গুলি সমস্ত উপস্থিত হইলেই কারণ কার্যা জন্মায়, উহাই কারণের স্বভাব ইহাও বলা যায় না। কারণ, কে সহকারী কারণ, আর কে মুখ্য কারণ, ইহ। কিরাপে বুঝিব ? যাহ। অন্য কারণের সাহায্য করে, তাহাই সহকারী कातन, देश वनित्न के गांदाया कि, छांदा वना **वाद**गाल। मुखिका ध खनापि वारक्षत य শक्तिविरमघ উৎপন্ন করে, छेराই ग्रেथारन माहाया. इहा वना খায় না। কারণ তাহা হইলে ঐ মৃতিকাদি অঙ্করের কারণ হয় না, ঐ **प**िक्वितिराष्ट्रिक कांत्रन दश, देहा भुर्क्क वना इहेशाए । भन्न के नेज महकाने কারণগুলির সহিত মিলিত হইয়াই অঙ্কুর জন্মায়, ইহা তাহার স্বভাব হইনে **ঐ স্বভাববশত: কখনও সহকারী কারণগুলিকে ত্যাগ ক**রিবে না, উহা^র 'পলায়ৰ করিতে গেলেও অভাববশত: উহাদিগকে ধরিয়া লইয়া আসিয়া অহু^ৰ

🖚 কারণ, স্বভাবের বিপর্যার হইতে পারে না, বিপর্যায় বা ২বংস हरेल তাহাকে অভাবই বলা यात्र ना। मून कथा, সহকাৰী কারণ বলিরা কোন কারণ হইতেই পারে না। বীজই অঙ্কুরের কারণ, কিন্তু উহা বীজ্ঞ্ব-ৰূপে অনুবের কারণ হইলে গৃহৰিত বীজেও বীজন্ব থাকায় তাহ। হইতেও অঙ্কুব জন্মিতে পারে। এজন্য বীক্ষবিশেষে জ্বাতিবিশেষ স্বীকার করিতে চইবে। এ জা[ি] বিশেষের নাম "কুর্বজ্ঞপত্ত"। বীজ ঐরপেই অন্করের কারণ, বীজ্বরূপে কাবণ নথে। যে বীজ হইতে অন্ধর জনেন, তাহাতেই ঐ ছাতিবিশেষ (অঙ্কুকুৰ্ব্জ পম্ব) আছে, গৃহস্থিত বীজে উহ। নাই, স্লুত্রাং ভাহা ঐ জাতিবিশিষ্ট ন। হওয়ায় অঙ্কুব জন্মাইতে পারে না, ভাহা। এঙ্কুরের ৰারণই নহে। বীজে ঐ<mark>র</mark>প জাতিবিশেষ স্বীকার্য্য হইলে অঙ্কুরো**ৎ-**পত্তির পূর্ব্বক্ষণবর্তী বীদ্দেই তাহা স্বীকার করিতে হইবে। কারণ, অঙ্কুরোৎপত্তির পূর্ব্বক্ষণবর্তী এবং তৎপূর্ব্ব কালবর্তী বীদ্দে ঐ ৰাতিবিশেষ (অঙ্কুরকুর্বাজ্ঞপত্ব) থাকিলে পুর্বেও অঙ্কুরের কারণ থাকায় গস্কুরোৎপত্তি অনিবার্য্য হয়। যে ক্ষণে অঙ্কুব **জ**ন্মে, তাহার পূর্বপূর্বকণ হইতে পূর্বকণ পর্যান্ত স্বায়ী একই বীল হইলে তাহা ঐ জাতিবিশেষবিশিষ্ট বলিয়া পূর্বেও অন্ধর জন্মাইতে পারে। স্থতরাং बहুরোৎপত্তির অব্যবহিতপুর্বক কণবর্তী বীদেই ঐ ভাতিবিংশম স্বী দার্যা। उৎপূर्व्ववर्षी वीरक के कार्किवरनम ना श्रीकात छाहा अबूद्वत कात्रवर नरह ; इंजताः भूट्य वद्र पट्य न। । जोहा हरेटन वद्र्दराष्ट्रित वरावहिछ-প্ৰ্ৰক্ষণৰতী বাজ তাহার অব্যবহিত পূৰ্বক্ষণৰ ী বীজ হইতে বিজাতীয় ভিন্ন, ইহা অবশ্য স্বীকার করিতে হইল। কারণ, বিক্ষণস্থায়ী একই বী**দ ঐ ভাতিবিনিট** হইলে ঐ **দুই ক্ষণেই** অঙ্কুরের কা**রণ থাকে**। ঐ এক*ই* ৰীছে পূৰ্বক্তি এ ভাতিবিশেষ থাকে না, দ্বিতীয় ক্ষণেই ঐ ভাতিবিশেষ ধাকে, ইহা কথনই হইতে পারে না। স্ন্তরাং একই বীজ দিকণাদারী নহে; বীজনাত্রই একক্ষণমাত্রস্থায়ী ক্ষণিক, ইহা সিদ্ধ য়। অর্থাৎ **পদু**বোৎপত্তির অব্যবহিত পূর্ব্বকণবর্ত্তী বী**জ তাহা**র পূর্ব্বক্ষণে ছিল না, উহা ভাহার অব্যবহিত পূর্বকণবর্তী বীজ হইতে পরকণেই জান্মরাছে, ৰবং তাহার পরক্ষণেই অঙ্কুর জন্মাইন। বিন**ট হ**ইয়াছে। বীজ হই**তে** প্রতিক্ষণে বীজের উৎপত্তির প্রবাহ চলিতেছে, উহার মধ্যে যে ক্ষণে সেই বিলাতীয় (পূর্ব্বোক্ত জাতিবিশেঘবিশিষ্ট) বীজটি জনেম, তাহার পরক্ষণেই তজ্বনা একটি অন্ধুর অনেন। এইরূপে একই ক্ষেত্রে ক্রমণ: ঐ বিদ্বাতীয় ৰানা বী**ত জ**ন্মিলে প্রক্ষণে তাহা ছইতে নাৰা অ**ভু**র জন্মে এবং ক্রমশঃ বছ কেত্রে ঐরপ বছ বীজ হইতে বছ অভুর জন্মে। পূর্ব্বেভিরূপ বিজাতীর बीखरे यथन प्रकृत्तत कातन, जबन छेशा जकन जमत्त ना शाकात जकन সমন্ত্র অন্তর জন্মিতে পারে না, এবং ক্রমশ: ঐ সমন্ত বিজাতীয় বীজের উৎপত্তি হওরার ক্রমশ:ই উহার। সমস্ত অন্তর দ্বন্যায়। স্মৃতরাং বীক্ত ক্ষণিক ব। ক্ষণকালমাত্রস্থায়ী পদার্থ হইলেই তাহার ক্রমকারিছ সম্ভব হয়। পুর্বেই ৰলিয়াছি যে, যাহা কোন কার্য্যের কারণ হইবে, তাহা ক্রমকারী হইবে, व्यवता युगं न १ को इंटर । किन्ह वीख चित्र ने नार्थ देश वादा का का को वीख হইতে পারে না, অর্থাৎ তাহা ক্রমশ: কানবিলম্বে অন্কর জন্মাইবে, ইহার কোন যুক্তি নাই। কারণ, গৃহস্থিত ও ক্ষেত্রস্থিত একই বীক্ত হুইলে অধন অন্ধুরোৎপত্তির পূর্ব্ব পূর্ব ক্ষণ হইতে তাহার অব্যবহিত পূর্ব্বক্ষণ পর্যায় স্বায়ী একই বীজ হইলে পূর্বেও তাহ। অন্তর জন্মাইতে পারে। সহকারী কারণ কল্পনা করিয়া ঐ বীজের ক্রমকারিখের উপপাদন করা যায় না. ইহা প্রেবই বলা হইয়াছে। এইরূপ বীজের যুগপৎকারিছও সম্ভব হয় না। कांत्रन, वीष्य এक्ट नमस्य नमस्य वक्त प्रन्माय ना, व्यथवा लाहात्र वन्याना সমস্ত কার্য্য জনমার না, ইহা সর্ব্ধসিদ্ধ । বীজের একই সময়ে সমস্ত কার্য্য-জনন স্বভাব থাকিলে চিরকালই ঐ স্বভাব থাকিবে, স্বতরাং ঐক্সপ স্বভাব স্বীকার করিলে পুন: পুন: বীচ্ছের সমস্ত কার্য্য জন্মিতে পারে, তাহার ৰাধক কিছুই নাই। ফল কথা, বীজের যুগপৎকারিত্বও কোনরূপেই স্বীকার কর। যায় না, উহা অসম্ভব। বীদ্ধকে স্থিৱ পদার্থ বলিলে যখন তাহার ক্রম-। কারিত্ব ও যুগপৎকারিত্ব, এই উভয়ই অসম্ভব, তথন তাহার ''অপক্রিয়াকারিত্ব" অর্থাৎ কার্য্যজনকম্ব থাকে না। স্থতরাং বীজ ''সং'' পদার্থ হইতে পারে না। কারণ, অর্থক্রিয়াকারিছই সন্ধু ক্রমকারিদ অথবা যুগপংকারিদ উহার ব্যাপক পদার্থ। ব্যাপক পদার্থনা পাকিলে তাহার অভাবের হার। ব্যাপ্য পদার্থের অভাব অনুমানসিদ্ধ হয়। যেমন বহিং ব্যাপক, ধুম ভাহার ব্যাপা; ৰহিং না থাকিলে সেখানে ধুম থাকে না, বহিংর অভাবের হারা ধুমের অভাব অনুমান সিদ্ধ হয়। এইরূপ বীজ স্থির পদার্থ হইলে তাহাতে ক্রমকারিৎ এবং যুগপৎকারিক, এই ধর্ম্মরেরই অভাব থাকায় তদারা তাহাতে অর্থক্রিয়া-কারিছরপ "সছে"র অভাব অনুমান সিদ্ধ হইবে। তাহ। হইলে বীচ্চ "সং" নছত. উহা "অসং", এই অপসিদ্ধান্ত স্বীকার করিতে হয়। কিন্তু বীজ ক্ষণিক পদার্থ হইলে ভাষা পূর্ব্বোক্তরূপে ক্রমে অন্তর জন্মাইতে পারায় ক্রম-কারী হইতে পারে। স্মতরাং তাহাতে অর্ধক্রিয়াক।রিছক্রপ সম্বের বাধা হয় वा। এতএব বীष क्विक, देशारे चीकार्या। वीष्णत नाम "ज्रु" श्रुपार्थ

মাত্রই ক্ষণিক। কারণ, "সং" পদার্থ মাত্রই কোন না কোন কাষ্যের জনক, নচেৎ ভাহাকে "সং"ই বলা যায় না। সং পদার্থ মাত্রই ক্ষণিক না হইলে পূর্কোজ যুক্তিতে ভাহা কোন কার্য্যের জনক হইতে পারে না, শ্বির পদার্থে ক্রমকারিত্ব সম্ভব হয় না। স্কৃতরাং "বীজাদিকং সর্বাং ক্ষণিকত্ব সিদ্ধ হয়। ক্রিকাপ অনুমানের ছারা বীজাদি সং পদার্থমাত্রেরই ক্ষণিকত্ব সিদ্ধ হয়। ক্ষণিকত্ব বিদয়ে ঐরপ অনুমানই প্রমাণ, উহা নিপ্রমাণ নহে। বৌদ্ধমহাদার্শনিক জ্ঞানশ্রী "যং সং ভং ক্ষণিকং যথা জনধর: সভশ্চ ভাবা অমী" ইত্যাদি কারিকার ছারা উহা প্রতিপাদন করিরাছেন। বীজাদি সং পদার্থ-মাত্রের ক্ষণিকত্ব প্রমাণসিদ্ধ হইতে প্রতিক্ষণে উহাদিগের উৎপত্তি ও বিনাশ স্বীকার করিতেই হইবে! স্কৃতরাং পূর্বক্ষণে উৎপত্র বীজই পরক্ষণে অপর বীজ উৎপত্ত হাইবে! প্রত্যাং পূর্বক্ষণে উৎপত্র বীজের উৎপত্তি ও বিনাশ উহার করিতেই হুইবে! স্কৃতরাং পূর্বক্ষণে উৎপত্র বীজের উৎপত্তি ও বিনাশ উহার পূর্বক্ষণেৎপত্র বীজাকেই করণ বলিতে হুইবে।

পুৰ্বোজন্তপে বৌদ্ধ দার্শনিকগণের সম্বিত ক্ষণিক্ত সিদ্ধান্তের খণ্ডন क्तिए देनिक पार्मिनिकशेर नान। श्रष्ट वह विठात्रशृक्वक वह कथा बनियारहन । जौहामिरात क्षेत्र कथा এই यে, बीक्षापि गकन शर्पार्थ ऋषिक হইলে প্রত্যভিজ্ঞা হইতে পারে না। বেমন কোন বীলকে পুর্বেব দেখিয়া পরে আবার দেখিলে তখন "লেই এই বীজ' এইরূপে যে প্রত্যক্ষ হয়, তাহা সেখানে বীদের "প্রত্যভিজ্ঞা" নামক প্রত্যক্ষবিশেষ। উহার বারা ৰুঝা যায়, পূৰ্বদৃষ্ট সেই বীজ্ঞ পরজাত ঐ প্রত্যক্তক বিদয় হইয়াছে। উহা गुर्स्वाशतकानचार्यो अकरे वीख। প্রতিক্ষণে वीख्य विनाग रहेल शुर्सपृष्टे সেই ৰীজ বহু পূৰ্বেই বিনষ্ট হওয়ায় "নেই এই বীজ" এইরূপ প্রত্যক হইছত থারে না। কিছ একথ প্রত্যক্ষ সকলেরই হইয়া থাকে। বৌদ্ধ-স**ম্পুদার**ও ঐ**রপ প্রত্যক্ষ করিয়া থাকেন। স্থতরাং বীব্দের ক্ষণিকদ সিদান্ত** প্রত্যক্ষ-বাধিত হওয়ায় উহা অনুমানসিদ্ধ হইতে পারে না । বৌদ্ধ দার্শনিক-গণ পর্ব্বোক্তরপ প্রত্যাভিজ্ঞার উপপাদন করিতেও বহু কথা বলিয়াছেন। ব্ৰথম কথা এই বে, প্ৰতিক্ষণে বীদাদি বিনষ্ট হইলেও গেই ক্ৰে তাহার সভাতীর অপর বীজাদির উৎপত্তি হইতেছে; স্তরাং পূর্ব্দৃষ্ট বীজাদি ন। থাকিচলও তাহার সজাতীয় বীজাদি বিঘয়েই পূর্ব্বোজক্লথ প্রত্যাভিজ। হইতে পারে। যেমন পূর্ব্বদৃষ্ট প্রদীপশিখা বিনষ্ট হইলেও প্রদীতপর খন্য শিখা দেখিলে "সেই এই দীপশিখা" এইব্লপ সজাতীয় শিখা বিষয়েই প্রত্যভিজ্ঞ। হইয়া থাকে। এইরপ বছ স্বলেই সম্বাতীয় বিষয়ে পূর্<mark>কোন্ত-</mark> রপ প্রত্যভিজ্ঞ। জন্মে, ইহা সকলেরই স্বীকার্য্য। এতপুতরে স্থিরবাদী ্বৈদিক দার্শনিকদিগের কথা এই যে, বহু স্থান সন্ধানীয় বিষয়েও প্রতাভিন্ত परिम, সলেহ নাই। কিছু বস্তমাত্র ক্ষণিক হইলে সর্বব্রেই সম্বাতীয় বিষয়ে প্রত্যাভিজ্ঞা স্বীকার করিতে হয়, মুখ্য প্রত্যাভিজ্ঞা কোন স্থলেই হইছে পারে না। পরন্ত পূর্ববৃষ্ট বস্তুর সমরণ ব্যতীত তাহার প্রত্যভিজ্ঞ। হইছে পারে না, এবং এক দাবার দৃষ্ট বস্তুতেও অন্য আবা সমরণ ও প্রত্যভিজ্ঞ। করিতে পারে না। কিছ বস্তুমাত্রের ক্ষণিকত্ব সিদ্ধান্তে যখন ঐ সংস্থাৰ ও তজ্জন্য সমরণের কর্ত্তা আত্মাও ক্ষণিক, তখন গেই পূর্ব্বিদ্রষ্টা আত্মা ও তাহার পূর্ব্বজাত সেই সংস্থার, দিতীয় ক্ষণেই বিনষ্ট হওয়ায় কোন রূপেই ঐ প্রত্যাভিজ্ঞা হইতে পারে না। যে **বাদ্রা** পূর্ব্বে দেই বন্ধ দেখিয়া ত্রিময়ে সংস্কার লাভ করিয়াছিল, সেই আছা ও তাহার সেই সংস্কার ন পাকিলে আবার ভিছিমের বা তাহার সম্ভাতীয় বিষয়ে সমরণাদি কিরাপে ছইবে ৷ পরত্ত একটিমাত্র ক্ষণের মধ্যে আত্মার জন্ম, তাহার বস্তু দর্শন ও ত্রিময়ে সংস্থারের উৎপত্তি গ্রহতেই পারে না। কারণ, কার্য্য ও কারণ একই সময়ে জনমতে পারে না। স্বতরাং ক্ষণিকত্ব সিদ্ধান্তে কার্য্য-কার্থ ভাবই হইতে পারে না। বৌদ্ধ দার্শনিকগরণের কথা এই যে, বীজাদি ব্যতি প্রতিক্ষণে বিনষ্ট হইলেও তাহাদিগের "সন্তান" থাকে । প্রতিক্ষণে ভায়মান এক একটি বস্তুর নাম ''সন্তানী''। এবং জারমান ঐ বস্তুর প্রবাহের নাম "সন্তান"। এইরূপ প্রতিক্ষণে আদার সন্তানীর বিনাণ হইলেও বন্তত: ভাহার সন্তানই আছা, তাহা প্রত্যাভিজ্ঞাকালেও আছে, তথন তাহার সংস্কার-সন্তানও আছে। কারণ, সন্তানীর বিনাণ হুইলেও সন্তানের অন্তিম থাকে। এতদুত্তরে বৈদিক দার্শনিকগণের প্রথম কথা এই যে, বৌদ্ধসন্তত ঐ সন্তানের ষরপ ব্যাখ্যাই হইতে পারে না। কারণ, ঐ "দন্তান'' কি উহার অন্তর্গত প্রত্যেক ''সম্বানী'' হইতে বম্বত: ভিন্ন পদার্থ ? অথবা অভিন্ন পদার্থ ! ইহা জিজাস্য। অভিন্ন হইলে প্রত্যেক ''সন্তানী''র ন্যায় ঐ ''সন্তানে''রঙ প্রতিক্ষণে বিনাশ হওয়ায় পূর্ববিদশিত স্বরণের অনুপপত্তি দোঘ অনিবার্যা। খার যদি ঐ ''সন্থান'' কোন খতিরিজ্ঞ পদাধই হয়, তাহা হইলে উহার শ্বন্ধপ বলা আবশ্যক। যদি উহা পূর্ব্বাপরকাল স্বায়ী একই পদার্থ হয়, তাহা হইলে উহা ক্ষণিক হইতে পারে না। স্থতরাং বস্তুমাত্রের ক্ষণিক্ষ সিদ্ধান্ত ব্যাহত হয়। পরন্ত সমরণাদির উপপত্তির অন্য পর্বাশরকাল স্থায়ী কোন "সন্তান"কে আছা বলিয়া উহার নিত্যা স্বীকার করিতে ^{ছইলে} উহা বেদসিদ্ধ নিত্য আত্বারই নামান্তর হইবে। ফলকণা, বস্তুমাত্ত্রের ক্ষণিক্ত সিদ্ধান্তে কোন প্রকারেই প্রেনিজরণ সর্বসন্ত প্রত্যভিঞা ^৬

সারণের উপপত্তি হ'ইতেই পারে না। বৌদ্ধ সম্প্রায় সমুদায় ও সমুদায়ীর ভেন স্বীকার করিয়া পুর্ব্বোক্ত "সন্তানী" হইতে ''সন্তানে''র ভেদই স্বীকার করিয়া**ছে**ন এবং প্রত্যেক দেহে পৃথক্ পৃথক্ "সন্তান" বিশেঘ স্বীকার ৰবিয়া ও পূৰ্বতন ''সন্তানী''র সংস্কারের সংক্রম স্বীকার করিয়া সমরপাদির উপপাদন করিয়াছেন। তাঁহার। ইহাও বলিয়াছেন যে, যেমন কাপাস-বীঙ্গকে লাক্ষারসসিক্ত করিয়া, ঐ বীঞ্চ বপন করিলে অঙ্কুরাদি-পরম্পরায় সেই ৰুক্**জা**ত কাপুাগ রক্তবর্ণই হয়, তজ্ঞপ বিজ্ঞানসন্তানরূপ আত্মতেও পূর্ব্ব পূর্ব গন্তানীর সংস্কার সংক্রান্ত হইতে পারে। তাঁহার। এইরূপ আরও দুটান্ত হার। নিজ यत সমর্থন করিয়াছেন। মাধবাচার্য্য ''সর্ব্বদর্শন-সংগ্রহে" ''আইত দর্শনে''র প্রারম্ভে তাঁহাদিগের ঐক্সপ সমাধানের এবং "যসিমন্নেবহি সম্ভানে" ইত্যাদি বৌদ্ধ কারিকার? উল্লেখ করিয়। জৈন-মতানুসারে উহার সমীচীন খণ্ডন ৰুরিয়াছেন। দৈন গ্রন্থ ''প্রমাণনয়-তথালোকালফারে''র ৫৫ণ সূত্রের চীকার দার্শনিক রত্নপ্রভাচার্যও উক্ত কারিক। উদ্ধৃত করিয়া, বিস্তৃত বিচারপূর্ব্বক ঐ নমাধানের খণ্ডন করিয়াছেন। শ্রীমদ্বাচম্পতি মিশ্র প্রভৃতিও পুৰেবাঞ দ্টান্তের উল্লেখ পূর্ব্বক প্রকৃত স্বলে উহার অসংগতি প্রদশন করিয়াছেন। বস্তত: কার্পাদ্ধীক্তে লাকারস দার। সিজ্ঞ করিলে উহার মূলপরমাণুতে রঞ্জ রপের উৎপত্তি হওরায় অঙ্কুরাণিক্রমে রক্তরপের উৎপত্তি স্বীদার করিয়া, ণেই বৃক্ষজাত কাপাদেও রক্তরূপের উংপত্তি সমর্থন করা যাইতে পারে। নিম্ব মাঁহার। প্রমানুপুঞ্জ ভিন্ন অবয়বী স্বীকার করেন নাই, এবং ঐ পরমাণু-পুঞ্জ যাঁহাবিদের মতে ক্ষণিক, তাঁহাদিগের মতে ঐরবে স্থলে কার্পাদের রুড় রপের উৎপত্তি কিরুপে হইবে, ইহ। চিতা কর। আবশ্যক। পরত পূর্ব্ব তন বিজ্ঞানগত সংস্থার পরবর্ত্তী বিজ্ঞানে কিরুপে সংক্রান্ত হইবে, এই সংক্রমই ৰ। কি, ইহাও বিচার কর। আবশ্যক। অনন্ত বিজ্ঞানের ন্যায় পর পঞ্চ वि<mark>ष्ठात्न जनस्र ग</mark>्रसादतत्र উৎপত্তি कन्नन। यथरा ঐ जनस्र विष्ठात्न जनस्र *िक्किविर क्या कि कि कि निर्भागि महादेशीय अनिवासी । श्रेष दोक ধার্ণনিকগণ বস্তুনাত্ত্রের ক্ষণিকত্ব সাধন করিতে যে অনুমান প্রদর্শন করিয়াছেন, তাহাও প্রমাণ হয় না। কারণ, বীজাদি স্থির পদার্থ হইলেও "অর্থক্রিয়া-কারী'' ছইতে পারে। সহকারী কারণের সহিত মিলিত হইয়াই বীজাদি

১। ষ্টিময়েবহি সন্তানে আহিতা কর্মবাসনা।
ফলং তারেব বপ্নাতি কার্পাসে রক্তা যথা।।
কুসুমে বীলপুরাদের্যলাক্ষাদ্যবসিচাতে।
শক্তিরাধীয়তে তর কাচিতাং কিং ন পশ্যসি? ।।

অস্থ্রাদি কার্য্য উৎপন্ন করে। স্ত্তরাং বীম্বাদির ক্রমকারিম্বই আছে। কাব্যমাত্রই বছ কার্পুসাধ্য, এক্মাত্র কারণ হার। কোন কার্যাই ঘটন্য না, ছিল স্বৰ্বত্ৰই দেখা যাইতেছে। কাৰ্য্যের জনকন্বই কারণের কার্য্যজনৰে সামর্থ্য। উহা প্রত্যেক কারণে থাকিলেও সমস্ত কারণ মিলিত না হইনে তাহার কার্য্য জন্মিতে পারে না। যেমন এক এক ব্যক্তি স্বতন্ত্রভাবে শিবিকাবহৰ করিতে না পারিলেও তাহার। মিলিত হইলে শিবিকাবহন করিতে পারে, অথচ প্রত্যেক ব্যক্তিকেই শিবিকাবাহক বল। হয়, তন্ত্রপ ৰুত্তিকাদি সহকারী কারণগুলির সহিত মিলিত হইয়াই বী**দ** অ**ন্ধুর** উৎপন্ন করে. ঐ সহকারী কারণগুলিও অভ্রের জনক। স্থতরাং উহাদিগের অভাবে গৃহস্থিত বীজ অন্ধুর জন্মাইতে পারে না। ঐ সহকারী কারণগুনি বীজে কোন শক্তিবিশেষ উৎপন্ন করে ন।। কিন্তু উহার। পাকিলেই অঙ্ ব্দন্মে, উহার। না থাকিলে অন্তুর জন্মে না, এইরূপ অনুয় ও ব্যতিরের নিশ্চরবশত: উহারাও অভ্রের কারণ ইহা সিদ্ধ হয়। ফলকথা, সহকারী কারণ অবশ্য স্বীকার্য। উহা স্বীকার না করিয়া একখাত্র কারণ স্বীকার করিলে বৌদ্ধনম্পদায়ের কল্পিড জাতিবিশেষ (কুর্বজ্ঞাপছ) অবলম্বন করিয়া তক্রপে মৃত্তিকাদি যে কোন একটি পদার্থকেও অন্ধুরের কারণ বলা যাইতে পারে। এক্সপে বীদ্ধকেই যে অস্ক্রের কারণ বলিতে হইবে, ইহার নিয়াম কিছুই নাই। তুল্য ন্যায়ে মৃত্তিকাদি সমস্তকেই অন্তবের কারণ বনিয়া স্বীকার করিতে হইলে গৃহন্থিত বীজ হইতে অঙ্গুরের উৎপত্তির আপ ি হইনে ৰা। স্থতরাং বীজের ক্ষণিক্দ গিদ্ধির আশা থাকিবে না।

পুর্ব্বোজ বৌদ্ধ মত খণ্ডন করিতে "ন্যায়বাজিকে" উদ্যোতকর অন্য ভাবে বহু বিচার করিয়াছেন। তিনি 'শের্ক্রং ক্ষণিকং" এইরূপ প্রতিষ্ঠা এবং বৌদ্ধসম্পুদায়ের হেতু ও উদাহরপ সম্যক্রপে খণ্ডন করিয়াছেন। প্রতিক্তা। খণ্ডন করিতে তিনি ইহাও বলিয়াছেন বে, ঐ প্রতিক্তার "ক্ষণিক" শব্দের কোন অর্থই হইতে পারে না। যদি বন, "ক্ষণিক" 'বলিতে এখানে আশুতর-বিনাশী, তাহা হইলে বৌদ্ধ মতে বিলম্ব বিনাশী কোন পদার্থ না থাকায় আশুতর্ম বিশেষণ ব্যর্থ হয় এবং উহা সিদ্ধান্ত-বিরুদ্ধ হয়। উৎপন্ন হইয়াই বিনষ্ট হয়, ইহাই ঐ "ক্ষণিক" শব্দের অর্থ বলিলে উৎপত্তির ন্যায় বিনাশের কায়ণ বলিতে হইবে কিন্তু একটিমাত্র ক্ষণের মধ্যে কোন পদার্থের উৎপত্তি ও বিনাশো কারণ সন্তব হইতেই থারে না। যদি বল "ক্ষণ" শব্দের অর্থ ক্ষয়—ক্ষণ অর্থাৎ ক্ষম বা বিনাশ বাহার আছে, এই অর্থে (অন্তার্থে ''ক্লণ ''শব্দের উত্তর তদ্ধিত প্রত্যায়ে ঐ "ক্ষণিক" শব্দ সিছ इटेग्राइ । किन्त य कारन क्या, तारे कारनरे क्या, तारे कारनरे क्यी সেই বন্ধ না থাকায় এক্সপ প্রয়োগ হইতে পারে না। কারণ, বিভিন্নকালীন প্লার্থছয়ের সম্বন্ধে অন্তর্যপ্তিদ্ধিত-প্রত্যার হয় ন।। যদি বল, সর্ক্ষান্ত্য কালই "क्र**ा'** वर्षा९ यादा गर्का (श्रंका यह कान, यादात मरश्र व्यात कानटाउन গন্তখ্ই হয় না, তাহাই "ক্ষণ" শবেদ অর্ধ, এরপে ক্ষণকালম্বায়ী পরার্থই ''ক্ষণিক''শবেদর অর্থ। এতদ্তারে উদ্যোতকর বলিয়াছেন যে, বৌদ্ধ-সম্পূদার কালকে সংস্তাভেদ মাত্র মলিয়াছেন, উহা কোন বান্তব পদার্থ নহে। মুতরাং সর্বান্ত্য কালও যখন সংজ্ঞাবিশেষমাত্র, উহা বান্তব কোন পদার্থ নতে, তথন উহা কোন বন্ধর বিশেষণ হইতে পারে না। বস্তমাত্রের ক্ষণিকত্বও তাঁহাদিগের মতে বস্তু, স্মুভরাং উহার বিশেষণ সর্ব্বান্ত্য কালরূপ ক্ষণ হইতে পারে না ; কারণ, উহা অবস্ত । উদ্দ্যোতকর শেষে বলিয়াছেন य, वोक्रमण्येमारम्ब क्विक्यमार्थन कान मुष्टास्त नाष्ट्र। कान्न, मर्क् मन्त्रज কোন ক্ষণিক পদার্থ নাই, যাহাকে দৃষ্টান্ত করিয়া বস্তুমাত্রের ক্ষণিকত্ব সাধন করা যাইতে পারে। জৈন দার্শনিকগণও ঐ কথা বলিয়াছেন। তাঁহারাও ক্ষণিক কোন পদার্ঘ স্থীকার করেন নাই। পরস্ত তাঁহার। "অর্থক্রিয়া-কারিত'ই সম্ব, এই কথাও স্বীকার করেন নাই। তাঁহার। বলিয়াছেন যে, বিধ্যা সর্পদংশনও যথন লোকের ভয়াদির কারণ হয়, তথন উহাও অর্থক্রিয়া-কারী, ইহা স্বীকার্ষ্য। স্থতরাং উহারও ''দম্ব'' স্বীকার করিতে হয়। কিন্ত যাহা মিধ্যা ব। অনীক, তাহাকে "দং" বনিয়া তাহাতে "সম্ব" স্বীকার করা বায় না। স্মৃতরাং বৌদ্ধসম্প্রদায় বে 'অর্থক্রিয়াকারিছই সম্ব' ইহা বলিয়া ব**ন্ধমান্ততার ক্ষণিকত্ব সাধন ক**রেন, উহাও নিমূর্ণন।

এখানে ইহাও চিন্তা করা আবশ্যক বে, উদ্যোতকর প্রভৃতি ক্ষণিক পদার্থ একেবারে অখীকার করিনেও ক্ষণিক্য বিচারের জন্য যখন ''শংনাদি: ক্ষণিকোন বা'' ইত্যাদি কোন বিপ্রতিপত্তিবাক্য আবশ্যক, ''বৌদ্ধাধিকারে''র টীকাকার তগীরথ ঠাকুর, শন্তর মিশ্র, রখুনাথ শিরোমণি ও মথুরানাথ তর্ক-বাগীশও প্রথমে ক্ষণিক্য বিধয়ে ঐরপ নানাবিধ বিপ্রতিপত্তিবাক্য প্রদর্শন করিয়াছেন, তথম উভয়বাদিসক্ষত ক্ষনিক পদার্থ স্থীকার করিতেই হইবে। পুর্বোক্ত টীকাকারগণও সকলেই তাহা প্রদর্শন করিয়াছেন। শবনপ্রবাহের উৎপত্তিশ্বনে বেটি ''অন্তা শবদ'' অর্থাৎ সক্রশেষ শবদ, তাহা 'ক্ষণিক,'' ইহাও তাঁহারা মতান্তর বলিয়। প্রকাশ করিয়াছেন। সেধানে টীকাকার মধুরানাথ তর্কবাগীশ কিছ ক্ষষ্ট করিয়া বলিয়াছেন বে, প্রাচীন নৈয়ায়কের

মতে অন্তঃ শবদ ক্ষণিক, নব্য নৈয়ায়িক মতে পূর্ব্ব পূর্ব্ব শব্দের ন্যায় অন্ত্য শবদ ক্ষণহয়স্থায়ী। মধুরানাথ এখানে কোন্ সম্প্রদায়কে প্রাচীন শবেনর পার। লক্ষ্য করিয়াছেন, ইহা অনুসন্ধেয়। উন্দ্যোতকর প্রভৃতি প্রাচীন লৈয়ায়িকগণ "ক্ষণিক" পদা ই অপ্রসিদ্ধ বলিয়াছেন। স্থতরাং তাঁহাদিগের মতে অস্ত্য শবদও ক্ষণিক নহে। এজন্যই তাঁহার পরবর্তী নব্য নৈয়ায়িকগণ অন্তঃ শব্দকে ক্ষণিক বলিয়াছেন, এই কথা দ্বিতীয় খণ্ডে একস্থানে লিখিড হইয়াছে এবং ঐ মতের যুক্তিও সেধানে প্রদর্শিত হইয়াছে। (বিভীয় খণ্ড, ৪৫৩ পৃষ্ঠা দ্রষ্টব্য)। উদ্দোতকরের পরবর্তী নব্য নৈয়ায়িকগণ, রঘুনাধ শিরোমণি প্রভৃতি নব্য নৈয়ায়িকসম্পুদায়ের অপেক্ষায় প্রাচীন সন্দেহ নাই। **সে যাহ। হউক, ক্ষণিক পদার্ঘ যে একেবারেই অসিন্ধ, স্মতরাং বৌদ্ধসম্প্রদায়ের** ক্ষণিকত্ব'নুমানে কোন দৃ**ষ্টান্ত**ই নাই, ইহা ব**লিলে ক্ষণিকত্ব** বিচারে বিপ্রতি-পত্তিবাক্য কিন্নপে হইবে, ইহা চিন্তনীয়। উদয়নাচার্য্য ''কিরণাবলী'' এবং ''বৌদ্ধাধিকার'' গ্রন্থে অতি বিস্তৃত ও অতি উপাদেয় বিচারের হার। বৌদ্ধ-সম্মত ক্ষণভঙ্গৰাদের সমীচীন খণ্ডন করিয়াছেন এবং ''শারীরক-ভাঘ্য'', "ভাষতী", "ন্যায়মঞ্জী", "শাক্ষদীপিকা" প্রভৃতি নানা গ্রম্থেও বহু বিচার-পূর্ব্বক ঐ মতের খণ্ডন হইয়াছে। বিশেষ জিজ্ঞান্ত ঐ সমস্ত গ্রন্থে এ বিষয়ে অনেক কথা পাইবেন।

এখানে এই প্রদক্ষে একটি কথা বিশেষ বক্তব্য এই যে, ন্যায়দর্শনে বৌদ্ধসম্প্রদায়ের সম্পতি বস্তুমাত্রের ক্ষণিকত্ব দিদ্ধান্তের খণ্ডন দেখিয়া, ন্যায়দর্শন
কার মহিষি গোত্রম গৌত্রম বৃদ্ধের পরবর্ত্তী, অথবা পরবর্ত্তী কালে বৌদ্ধ মত
খণ্ডনের জন্য ন্যায়দর্শনে অন্য কর্ত্তুক কতিপয় সত্র প্রক্ষিপ্ত হইয়াছে, এই
সিদ্ধান্ত ত্বীকার করা যায় না। কারণ, গৌত্রম বৃদ্ধের শিষ্য ও তৎপরবর্ত্তী
বৌদ্ধ দার্শনিকগণ বস্তুমাত্রের ক্ষণিকত্ব গৌত্রম বৃদ্ধের মত বলিয়া সমর্থন
করলেও ঐ মত যে তাঁহার পূর্ব্বে কেইই জানিতেন না, উহার অন্তিষ্টই ছিল
না, ইহা নিশ্চয় করিবার পক্ষে কিছুমাত্র প্রমাণ নাই। বহু বহু স্থাচীন গ্রম্ব
বিলুপ্ত হইয়া গিয়াছে, স্মৃতরাং অনেক মতের প্রথম আবির্ভাবকাল নিশ্চয়
করা এখন অসম্ভব। পরস্ক গৌত্রম বৃদ্ধের পূর্বেও যে অনেক বৃদ্ধ আবির্ভূত
হইয়াছিলেন, ইহাও বিদেশীয় বৌদ্ধসম্প্রদার এবং অনেক পুরাত্তক্তর ব্যক্তি
প্রমাণ হার। সমর্থন করেন। আমরা স্প্রাচীন বাল্মীকি রামায়ণেও বৃদ্ধের
নাম ও তাঁহার মতের নিশা দেখিতে পাইই। পূর্ব্বিগলে দেবগণের প্রার্থনার

১। "যথা হি চৌরঃ স তথা হি বুদ্ধরখাগতং নান্তিকমত্ত বিদ্ধি"—ইত্যাদি (অ্যোধ্য্যাকান্ত, ১০৯ সর্গ, ৩৪শ শ্লোক) ।

ভগবান বিষ্ণুর শরীব হইতে উৎপন্ন হইয়া মায়ামোহ অস্ত্রদিগের প্রতি বৌদ্ধ ধর্মেন উপদেশ করিয়াছিলেন, ইহাও বিষ্ণুপুরাণের তৃতীয় অংগে ১৮শ অধ্যায়ে ৰণিত দেখা যায়। পরন্ত যাঁহার। ক্ষণিক বুদ্ধিকেই আত্ম বলিতেন, উহা হইতে ভিন্ন আছা মানিতেন না, তাঁহারা ঐ জন্য 'বৌদ্ধ" আখ্যালাভ কবিয়াছিলেন। বৌদ্ধ গ্রন্থেও 'বৌদ্ধ'' শব্দের ঐরপে ব্যাখ্যা পাওয়া যায়^১। মুত্বাং পূর্ব্বোক্ত মতালম্বী ''বৌদ্ধ'' গোত্ম বুক্ষর পূর্ব্বেও থাকিতে পারেন। বুদ্ধদেবের শিষ্য বা সম্পুদায় না হইলেও পূর্ব্বোক্ত অর্থে "বৌদ্ধ" নামে পরিচিত হইতে পারেন। বস্তত: স্থচিরকাল হইতেই তব নির্ণয়ের জন্য নান। পুরুপক্ষের উদুভাবন ও বওনাদি হইতেছে। উপনিঘদেও বিচারের হার। তম নির্ণয়ের উদ্দেশ্যে নান। অবৈদিক মতের উল্লেখ দেখা যায়। দর্শনকার মহিদিগণ পূর্ব্বপক্ষরপে ঐ সকল মতের সমর্থনপূর্ব্ব ক উহার খণ্ডনের বার। বৈদিক সিদ্ধান্তের নির্ণয় সমর্থন করিয়া গিয়া ছিন। যাঁহার। নিত্য আছা স্বীকার করিতেন না, তাঁহার। "নৈরাষ্মবাদী" বলিয়া অভিহিত হইয়াছেন। কঠ প্রভৃতি উপনিষদেও এই ''নৈরাশ্ব্যবাদ'' ও তাহার নিন্দা দেখিতে পাওয়া যায়^ও। বস্তমাত্রই ক্ষণিক হইলে চিরম্বায়ী নিত্য আত্ম। থ কিতেই পারে না, স্থত াং পূর্ব্বোক্ত ''নৈরাত্মবাদ''ই সম্পিত হয়। जारे दे ब बारांनी coin राष्ट्रि श्रेथरम रखमारत्वत क्रिनिक्य निकास नमर्थन করিয়াছেন, ইহা বুঝা যায়। ''আত্মতম্ববিবেকে''র প্রারম্ভে উদয়নাচার্য্যও নৈরাশ্বাবাদের মূল সিদ্ধান্তের উল্লেখ করিতে প্রথমে ক্ষণভঙ্গবাদেরই উল্লেখ করিখাছেন⁸। নৈরাখ্যদর্শ[ু]ই মোক্ষের কারণ, ইহা বৌদ্ধ মত বলিয়া খনেকে লিখিলেও ''আত্মতত্ববিবেকে''র চীকায় রঘুনাথ শিরোমণি ঐ মতের ৰুক্তির বর্ণন করিয়া ''ইতি কেচিৎ'' ব:লিয়াছেন। তিনি উহ। কেবল ৰৌদ্ধ মত বলিয়া জানিলে ''ইতি বৌদ্ধা:'' এইরূপ কেন বলেন নাই, ইহাও চিন্তা করা থাবশ্যক। বিশু ক্ষণভঙ্গুর, অথবা অনীক, ''আমি'' বনিয়া কোন

১। "বুদ্ধিতত্ত্ব ব্যবস্থিতো বৌদ্ধঃ" (বিবাহ্ধুর সংক্ত গ্রন্থমালায় 'প্রপঞ্চাদয়" নামক গ্রন্থের ৬১ম প্রচা দ্রন্থব্য)।

২। ''কালঃ বভাবো নিয়তির্যদৃদ্ধা, ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিদ্তাং ।"—— দ্বেতাশ্বতর ।১।২। ''বভাবমেকে কবয়ো বদন্তি কালং তথান্যে পরিমুহ্যমানাঃ''—— দ্বেতাশ্বতর ।৬।১।

৩। ''যেয়ং প্রেতে বিচিকিৎসা মনুষেছ্ডীতোকে নায়মন্তীতি চৈকে।''—কঠ।১।২০। ''নৈরাত্মাবাদকুহকৈমিথ্যাদৃশ্বীতহেতুভিঃ'' ইত্যাদি।— মৈগ্রায়ণী।৭৮৮।

৪। 'তর বাধকং ভবদাত্মনি ক্ষণভঙ্গো বা'' ইত্যাদি।...আত্মতত্বিবেক ।

বদার্থ নাই, এইরপে দুচ নিশ্চর জন্মিতন কোন বিষয়ে কামনা জন্মে না। স্থতরাং কোন কর্ম্মে প্রবৃত্তি ন। হওয়ায় ধর্মাধর্মের ঘার। বন্ধ হয় না, স্থতরাং बुक्ति नाज करत । এইরূপ ''देनत्राष्ट्रापर्गन'' মোক্ষের কারণ, ইহাই রঘুনাং শিরোমণি সেখানে বলিয়াছেন । কিন্ধ বুদ্ধদেব যে কর্ম্মের উপদেশ করিয়াছেন, এচেকবারে কর্ম্ম হইতে নিবৃত্তি ব। আত্মার অলীকত্ব যে তাঁহার মত নহে, কর্মবাদ যে তাঁহার প্রধান সিদ্ধান্ত, ইহাও চিন্তা করা আবশ্যক। আমাদিগ্রের মনে হয়, বৈরাগ্যের অবভার বুদ্ধদেব মানবের বৈরাগ্য দম্পাদনের জনাই এবং বৈশ্বাগ্য উৎপাদন করিয়। মানবকে মোক্ষলাভে প্রকৃত অধিকারী করিবার জন্যই প্রথমে 'ব্যর্কাং ক্ষণিকং ক্ষণিকং'' এইরূপ ধ্যান করিতে উপদেশ ক্রিয়াছেন। সংসার অনিত্য, বিশু ক্ষণভঙ্গুর, এইরূপ উপদেশ পাইয়া, ঐরপ সংসার লাভ করিলে মানব যে বৈরাগ্যের শান্তিময় পথে উপস্থিত হইতে পারে, এ বিষয়ে সংশয় নাই। কিন্তু বুদ্ধদেব, আত্মারও ক্ষণিক্ষ বাস্তব সি**দ্ধান্তরূপেই** বলিয়াছেন, ইহা আমাদিগের মনে হয় না। দে যাহা হউক, মূলকখা, উপনিঘদেও যখন ''নৈরাশ্বাবাদের'' সূচনা আছে, তখন অঙি প্রাচীন কালেও যে উহ। নানাপ্রকারে সমর্থিত হইয়াছিল, এবং উহার সমর্থনের অন্যই কেহ কেহ বস্তমাত্রের ক্ষণিকত্ব সিদ্ধান্ত করিয়াছিলেন, গৌতম প্রভৃতি মহর্ষিগপ বৈদিক সিদ্ধান্ত সমর্থন করিতেই ঐ করিত গিদ্ধান্তের ৰাওন করিয়া গিয়াছেন, ইহা বুঝিবার পক্ষে কোন বাৰক দেখি না। কেং বলিয়াছেন যে, শ্রুতিতে ''নেহ নানান্তি কিঞ্চন'' এই বাক্যের হার। বস্তমান্তের ক্ষণিকদ্বাদই প্রতিষিদ্ধ হইয়াছে। তাহা হইলে বস্তুমাত্রের ক্ষণিকদ্ব অতি প্রাচীন কালেও আলোচিত হইয়াছে। শুতিতে উহার প্রতিষেধ থাকায় ঐ ৰত পূৰ্ব্বপক্ষরপেও শ্রুতির হার। সূচিত হইরাছে। বস্তমাত্র ক্ষণিক হইনে প্রত্যেক বন্ধই প্রতি ক্ষণে ভিন্ন হওয়ায় নানা স্বীকার করিতে হয় । তাই শ্রুতি বলিয়াছেন, ''নেহ নানান্তি কিঞ্চন'' অর্থাৎ এই জগতে নানা বিছু নাই। উক্ত শ্রুতির এরপে তাৎপর্য না হইলে "কিঞ্চন" এই বাক্য বার্ ছয়, ''নেহ নানান্তি'' এই পর্যন্ত বলিলেই বৈদান্তিক সন্মত অর্ধ বুঝা যায়, ইহাই তাঁহার কথা। সুধীগণ এই নবীন ব্যাখ্যার বিচার করিবেন।

পরিশেষে এখানে ইহাও বক্তব্য যে, উদ্যোতকর ও বাচম্পতি নির্ব প্রভৃতি বৌদ্ধবিরোধী আচার্য্যগণ, নহামি গোতনের সুত্রের হারাই বৌদ্ধসমত ক্ষণিক্ষবাদের ধণ্ডন করিবার জন্য সেইরপেই মহামি-সুত্রের ব্যাখ্যা করিয়াছেন। তদনুসারে তাঁহাদিগের আশ্রিত আমরাও সেইরূপ ব্যাখ্যা করিয়াছি। কিন্তু মহামি গোতমের পূর্কোভ্য দশম সুত্রে 'ক্ষণিক্ষাং" এ ৰাক্যে ''ক্ষণিকদ্ব'' শব্দের ছার। ৰৌদ্ধসন্মত ক্ষণিকদ্বই *যে* ভাঁ<mark>হার</mark> বিবক্ষিত, ইহা বুঝিবার পক্ষে বিশেষ কোন কারণ বুঝি না ৷ বাহা নর্বাপেক। অল্ল কাল অর্ধাৎ যে কালের মধ্যে আর কালভেদ সম্ভবই নহে, लाषृगं कानविर्ण**घरकरे ''क्व''** वनिमा, खे क्रवकानमाजसारी, এইরূপ **पर्रवर**े ৰৌদ্ধসম্পুদায় ব**ন্ধ**মাত্ৰকে ক্ষণিক বলিয়াছেন। অবশ্য নৈয়ায়িকগ**ণ**ও প্ৰেৰ্বাক্তরূপ কালবিশেঘকে "কণ" বলিয়াছেন। কিন্তু ঐ অর্থে "কণ" শব্দটি পারিভাষিক, ইহাই বুঝা যায়। কারণ, কোষকার অমরসিংহ ত্ৰিংশৎকলাত্মক কালকেই "কণ" বলিয়াছেন^১। মহ**ঘি** মনু "ত্ৰিংশৎকলা মুহূর্ত্ত: স্যাৎ" (১।৬৪) এই বাক্যের খার। ত্রি:শৎকলাত্মক কালকে মুহ্ত বনিলেও এবং ঐ বচনে "ক্ষণে'র কোন উল্লেখ ন। করিলেও অমরসিংহের ঐব্লপ উক্তির অবশ্যই মূল আছে ; তিনি নিজে কল্পনা করিয়া। ঐব্লপ বলিতে পারেন না। পরস্ক মহামনীঘী উদয়নাচার্য্য "কিরণাবলী" গ্রন্থে "কণ্ডয়ং **নব: প্রোক্তে। নিমেমন্ত লবহ**য়ং'' ইত্যাদি যে প্রমাণগুলি উদ্ধৃত করিয়াছেন, উহারও অবশ্য মূল আছে। দুইটি ক্ষণকে ''লব'', বলে, দুই ''লব'' এক "নিমেঘ", অষ্টাদশ "নিমেঘ" এক "কাষ্ঠা", ত্রিংশৎকাষ্ঠা এক "কলা", ইহা উদয়নের উদ্ধৃত প্রমাণের হারা পাওয়। যায়। কিন্তু এই মতেও সংবাপেক। অল্প কালই যে কণ, ইহা ৰুঝা যায় না। সে যাহা হউক, "ক্ষণ" শবেদর নানা অর্থের মধ্যে মহাঘি গোতম যে সর্বোপেক্ষা অল্পকালরূপ ''ক্ষপ''-কেই গ্রহণ করিয়া ''ক্ষণিকভাৎ" এই বাক্যের প্রয়োগ করিয়াছেন, ইহা শপথ করিয়া কেন্থ বলিতে পারিবেন না। স্ন্তরাং মহর্ঘিসূত্রে যে, বৌদ্ধসন্মত ক্ষণিকত্ব মতই ৰণ্ডিত হইয়াছে, ইহা নিশ্চয় করিয়া বলা যায় না। ভাষ্য-কার বাৎস্যায়ন সেখানে ''ক্ষণিক'' শব্দের অর্থ ব্যাখ্যা করিতে ''ক্ষণশ্চ ষন্ত্রীয়ানু কাল:" এই কথার খারা অন্নতর কালকেই "ক্লণ" বলিয়া, সেই ক্ষণমাত্রস্থায়ী পদার্থকেই ''ক্ষণিক'' বলিয়াছেন, এবং শরীরকেই উহার দৃষ্টান্তরাপে আশ্রয় করিয়। স্ফটিকাদি দ্রব্যমাত্রকেই ক্ষণিক বলিয়া সমর্থন করিয়াছেন। ঋষিগণ কিন্ত শরীরের বৌদ্ধদমত ক্ষণিকত্ব স্বীকার না করিলেও ''শরীরং ক্ষণবিধ্বংসি'' এইরূপ বাক্য প্রয়োগ করিয়াছেন। সূতরাং ''কণ'' শ্ৰে≀র দার। সংৰ্বতাই যে বৌদ্ধসমত ''কণই'' বুঝা যায়, ইহ।

১। অ্ভাদশ নিমেষান্ত কাচান্তিংশতু তাঃ কলাঃ।
তান্ত রিংশৎক্ষণন্তে তু মূহুর্তো দ্বাদশাহনিয়াং ।।
—অমরকোষ, দ্বর্গবর্গ, ৩য় ভবক ।

কিছুতেই ৰলা যায় না। ভাষ্যকার বে "অন্নীয়ান্ কাল" বলিয়া "ক্ষণের" পরিচয় দিয়াছেন, তাহাও বে, সর্বাপেকা তল্প কাল, ইহাও স্পষ্ট বুঝা যায় না। পরস্ক ভাষ্যকার সেখানে সফটিকের ক্ষণিকত্ব সাধনের জন্য শতীরকে বে ভাবে দৃষ্টান্তরূপে প্রদর্শন করিয়াছেন, তাহা চিন্তা করিলে সর্বাপেকা অন্তকালরূপ ক্ষণমাত্রস্থায়িত্বই যে, সেখানে ভাঁহার অভিমত "ক্ষণিকত্ব", ইহাও মনে হয় না। কারণ, শরীরে সর্বমতে ঐরপ "ক্ষণিকত্ব" নাই। দৃষ্টান্ত উভয়পক্ষ-সন্মত হওয়া আবশ্যক। সুধীগণ এ সকল কথাবও বিচার ক্রিবেন। ১৭।।

ক্ষণভঙ্গপ্রকরণ সমাপ্ত ।। ২।।

ভাষ্য। ইদন্ত চিষ্টাতে, কন্মেয়ং বুদ্ধিরাত্মেন্দ্রিয়মনোহর্থানাং গুণ ইতি। প্রসিদ্ধোহপি খন্মমর্থং পরীক্ষাশেষং প্রবর্ত্তয়ামীতি প্রক্রিয়তে। সোহয়ং বুদ্ধৌ সন্নিকর্ষোৎপত্তেঃ সংশয়ং, বিশেষস্থাগ্রহণাদিতি। তত্রায়ং বিশেষ:—

অমুবাদ। কিন্তু ইহা চিন্তার বিষয়, এই বৃদ্ধি,—আত্মা, ইন্দ্রির, মন ও অর্থের (গন্ধাদি ইন্দ্রিয়ার্থের) মধ্যে কাহার গুণ ? এই পদার্থ প্রদিদ্ধ হইলেই অর্থাৎ পূর্বের আত্মপরীক্ষার দারাই উহা দিন্ধ হইলেও পরীক্ষার শেষ সম্পাদন করিব, এই জ্বন্স প্রাস্তুত হইতেছে। সন্নিকর্ষের উৎপত্তি হওয়ায় বৃদ্ধি বিষয়ে সেই এই সংশয় হয়, কারণ, বিশেষের জ্ঞান নাই। (উত্তর) তাহাতে এই বিশেষ (পরস্ত্র দ্বারা কথিত হইয়াছে)।

সূত্র। নেব্রিয়ার্থয়োস্তাদ্বনাশেহপি জ্ঞানাবস্থানাৎ

অমুবাদ। (জ্ঞান) ইন্দ্রিয় অথবা অর্থের (গুন) নহে—যেহেড় সেই ইন্দ্রিয় ও অর্থের বিনাশ হইলেও জ্ঞানের (স্মৃতির) অবস্থান (উৎপত্তি) হয়। ভাষা। নেন্দ্রিয়াণামর্থানাং বা গুণো জ্ঞানং, ভেষাং বিনাশেহপি জ্ঞানস্থ ভাষাৎ। ভবতি খবিদমিন্দ্রিয়েহর্থে চ বিনষ্টে জ্ঞানমন্ত্রাক্ষমিতি। ন চ জ্ঞাতরি বিনষ্টে জ্ঞানং ভবিত্মহঁতি। অত্যৎ খলু বৈ তদিন্দ্রিয়ার্থ সিমিবর্ধজ্ঞং জ্ঞানং; যদিন্দ্রিয়ার্থবিনাশে ন ভবতি, ইদমত্যদাত্মমনঃসন্ধি—কর্মজং, তস্থ যুক্তো ভাব ইতি। স্মৃতি, খবিয়মদ্রাক্ষমিতি প্র্বৃত্তবিষয়া, ন চ জ্ঞাতরি নষ্টে প্র্বোপলব্যেং স্মরণং যুক্তং, ন চাত্যদৃষ্টমন্থ্যং স্মরতি। ন চ মনসি জ্ঞাতরি অভ্যুপগম্যমানে শক্যমিন্দ্রিয়ার্থয়োজ্ঞাত্ত্বং প্রতিপাদয়িত্য়।

অমুবাদ। জ্ঞান, ইন্দ্রিয়সমূহ অথবা অর্থসমূহের গুণ নহে; কারণ, সেই ইন্দ্রিয় বা অর্থসমূহের বিনাশ হইলেও জ্ঞানের উৎপত্তি হয়। ইন্দ্রিয় অথবা অর্থ বিনষ্ট হইলেও "আমি দেখিয়াছিলাম" এইরূপ জ্ঞান জন্মে, কিন্তু জ্ঞাভা বিনষ্ট হইলে জ্ঞান হইতে পারে না। (পূর্ব্রপক্ষ) ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্ষজন্ম সেই জ্ঞান অন্য, যাহা ইন্দ্রিয় অথবা অর্থের বিনাশ হইলে জ্বমে না। আত্মা ও মনের সন্নিকর্ষজ্ম এই জ্ঞান অর্থাৎ "আমি দেখিয়াছিলাম" এইরূপ জ্ঞান অন্য, তাহার উৎপত্তি সম্ভব। উত্তর) "আমি দেখিয়াছিলাম" এই প্রকার জ্ঞান, ইছা পূর্ব্বদৃষ্টবস্তুবিষয়ক স্মরণই, কিন্তু জ্ঞাভা নষ্ট হইলে পূর্ব্বোপলবিপ্রযুক্ত স্মরণ সম্ভব নহে, কারণ, অন্যের দৃষ্ট বস্তু অন্য বাক্তি স্মরণ করে না। পরস্তু মন জ্ঞাভা বলিয়া স্থীক্রিয়মাণ হইলে ইন্দ্রিয় ও অর্থের জ্ঞাভূম্ব প্রাণিদন করিতে পারা যায় না।

িপ্লনী। বুদ্ধ অনিতা, ইহা উপপন্ন হইণাছে^ই। কিন্তু ঐ বুদ্ধি বা াহার ৬০, ২হা এখন চিহার বিধয়, অর্থাৎ ভদ্বিময়ে সংক্রহ হওয়ায়,

১। সমস্ত পুস্তকেই ভাষাকারের 'উপপল্লমনিত্যা বৃদ্ধিরিতি'' এই সন্দর্ভ পূর্ব্বসূত্র-ভাষোর শেষেই দেখা যায়। কিন্ত এই সূত্রের অবতারণার ভাষাারভে 'উপপল্লমনিত্যা বৃদ্ধিরতি। ইদন্ত চিন্তাতে" এইরাপ সন্দর্ভ লিখিত হইলে উহার দ্বারা এই প্রকরণের সংগতি স্পাট্রাপে প্রকটিত হয়। সূত্রাং ভাষাকার এই সূত্রের অবতারণা করিভেই ইখনে উক্ত সন্দর্ভ লিখিরাছেন, ইহাও বুঝা ষাইতে পারে।

পরীকা আবশ্যক হইয়াছে। যদিও পূর্ব্বে আত্মার পরীক্ষার ছারাই বৃদ্ধি যে আশ্বারই গুণ, ইহা ব্যবস্থাপিত হইয়াছে, তথাপি মহণি ঐ পরীক্ষার শেষ সম্পাদন করিতেই এই প্রকরণটি বলিয়াছেন। অর্থাৎ বৃদ্ধি বিঘয়ে অবান্তর বিশেষ পরিজ্ঞানের জন্যই পুনর্কার বিবিধ বিচারপূর্বক বৃদ্ধি আশারই গুণ, ইহা পরীকা করিয়াছেন। তাৎপর্য্যটীকাকারও এখানে ঐরূপ তাৎপর্য্যই বর্ণন করিয়াছেন। ফল কথা, বুদ্ধি অর্থাৎ জ্ঞান কি আত্মার গুণ ? অথব। वाशांनि ইक्तिरात छन ? जर्थना मरनत छन । जर्थना शक्कांनि ইक्तियार्थित গুণ ? এইরপ সংশয়বশত: বুদ্ধি আশ্বারই গুণ, ইহা পুনবর্বার পরীকিত হ**ইয়াছে।** ঐ**র**প সং**ণ্**যের কার**ণ** কি ? এতদুন্তরে ভাষ্যকার বলিয়াছেন বে, সন্নিকর্ষের উৎপত্তিপ্রযুক্ত সংশয় হয়। তাৎপর্য্য এই বে, জন্যজ্ঞানমাত্তে আত্মা ও মনের সংযে'গরাপ সন্নিকর্ম কারণ। লৌকিক প্রত্যক্ষ মাত্রে ইচিত ও মনের সংযোগরূপ সল্লিকর্ঘ ও ইক্রিয় ও অর্থের সন্নিকর্ঘ কারণ। স্থতরাং জ্ঞানের উৎপত্তিতে কারণরূপে যে সন্নিক্র্ম আবশ্যক, তাহা যথন আত্মা ইন্দ্রিয়, মন ও ইন্দ্রিয়ার্থে উৎপন্ন হয়, তখন ঐজ্ঞান ঐ ইন্দ্রিয়াদিতেও উৎপক্ল হইতে পারে। কারণ, যেখানে কারণ থাকে. গেখানেই কার্য্য উৎপক্ল ह्य । खान-हेल्यि, मन ७ शकांपि हेल्यियार्ष উৎপन्न हम ना. खान-हेल्यि মন ও অর্থের গুণ নহে, এইরূপে বিশেষ নিশ্চয় ব্যতীত ঐরূপ সংশ্যের নিবৃত্তি হইতে পারে না। কিন্তু এরপ সংশয়নিবর্ত্তক বিশেষ ধর্মের নিশ্চয ন। পাকায় এরপে সংশয় জনেন। মহঘি এই স্ত্রের ছারা জ্ঞান-ইচ্চিয় ও অর্থের গুণ নহে, ইহা সিদ্ধ করিয়া এবং পরস্ত্রের দ্বারা জ্ঞান, মনের গুণ নহে, ইহা সিদ্ধ করিয়া ঐ সংশয়ের নিবৃত্তি করিয়াছেন। কারণ, ঐরূপ বিশেষ নিশ্চয় হইলে আর ঐরপ সংশয় জনিমতে পারে না। তাই মহর্ষি সেই বিশেষ সিদ্ধ করিয়াছেন। ভাষ্যকারও এই তাৎপর্য্যে "তত্তায়ং বিশেষ:'' এই কথা বলিয়া মহধি-সূত্রের অবতারণা করিয়াছেন। সূত্রার্থ বর্ণন করিতে ভাষ্যকার বলিয়াছেন যে, ইন্দ্রিয় অথবা অর্থ বিন্ঠ হইলেও ষ্থন ''আনি দেখিয়াছিলান'' এই**রূপে জান জ**নেম, ত্**খ**ন <mark>জান, ই</mark>ল্মিয়ে অথবা অর্থের গুণ নহে, ইহা সিদ্ধ হয়। কারণ, জ্ঞাতা বিনষ্ট হইলে জ্ঞান উৎপন্ন হইতে পারে না। এই কথা বিশদ করিয়া ব্যাইবার জন্য ভাঘ্যকার শেষে পূৰ্বপক বলিয়াছেন যে, ইন্দিয় অথবা তাহার গ্রাহ্য গদ্ধাদি অর্থ বিনষ্ট হইনে ঐ উভয়ের সন্নিকর্ম হইতে ন। পারায় তচ্চন্য বাহ্য প্রত্যক্ষরপ জ্ঞান অবশা জনিমতে পাৰে না, বি জ আত্মা ও মনের নিত্যতাবশতঃ বিনাশ না হওয়ায় সেই আত্ম ও মনের সন্নিক্ষ্কন্য "আমি দেখিয়াছিলাম" এইরূপ মানস ভা^ন

এবশ্য হইতে পারে, উহার কারণের অভাব নাই। স্বতরাং ঐক্সপ জ্ঞান কেন হইবে না? ঐরপ মানস প্রত্যক্ষ হইবার বাধ। কি? এতদুত্তরে ভাষ্যকার বলিয়াছেন যে, ''আমি দেখিয়াছিলাৰ'' এইরূপ যে জ্ঞান বলিয়াছি, উহা সেই পূর্বনৃষ্টবিষয়ক সমরণ, উহ। মানস প্রত্যক্ষ নহে। কিন্তু যদি জ্ঞান-ইচ্চিয় অথব। অর্থের গুণ হয়, তাহা হইলে ঐ ইন্সিয় অথব। অর্থই জ্ঞাত। হইবে. সুতরাং ঐ জ্ঞানজন্য তাহাতেই সংস্কার জন্মিবে। তাহা হইলে ঐ ইল্রিয় অথবা অর্থ বিনষ্ট হইলে তদাশ্রিত সেই সংস্কার্ড বিনষ্ট হইবে, উহাও থাকিতে পাবে না। স্থতরাং তখন আর পূর্বেপিলবিপ্রযুক্ত পূর্বদৃষ্ট্ বিষয়ক সমরণ হইতে পারে না। জ্ঞাতা বিনষ্ট হই<mark>লে তথন</mark> আর কে সমরণ করিবে ? অন্যের দৃষ্ট বস্তু অন্য ব্যক্তি সমরণ করিতে পারে না, ইহা স্বর্বসিদ্ধ। যে চক্ষুর দারা যে রূপের প্রত্যক্ষ জ্ঞান জন্মিয়াছিল, সেই চক্ষু বা সেই রূপকেই ঐ জ্ঞানের আশ্রয় বা জ্ঞাত। বলিলে, সেই চক্ষু অথবা সেই রূপের বিনাশ স্তাতার বিনাশ হওয়ায় তখন আর পূর্বোক্ত**রপ স্মরণ হইতে পারে না, কি**ন্ত তথনও এরূপ সমরণ হওয়ায় জ্ঞান, ইন্দ্রিয় অথবা অর্থের গুণ নহে, কিন্তু চির-शांशी त्कान भनार्थत थन, देश निक्व हरा। जायाकात स्थल वनियारहन व्य, প্রের্জ অনুপপত্তি নিরাসের জন্য যদি মনকেই জ্ঞাতা বলিয়া স্বীকার কর। যায়, তাহ। হইলে আর ইন্দ্রিয় ও অর্থের জ্ঞাতৃত্ব প্রতিপাদন কর। যাইবে না। অর্থাৎ তাহা হইলে ঐ দুইটি পক্ষ ত্যাগ করিতেই श्हेरव ॥ ५৮॥

ভাষ্য। অস্তু তহি মনোগুণো জ্ঞানং ? অসুবাদ। (পূর্ববপক্ষ) তাহা হইলে জ্ঞান মনের গুণ হউক ?

সূত্র। যুগপজ্জেয়ানুপলক্ষেশ্চ ন মনসঃ।।১৯।।২৯০।।

অসুবাদ। (উত্তর) এবং (জ্ঞান) মনের (গুণ) নহে, —বেহেতু যুগপৎ নানা জ্ঞেয় বিষয়ের উপলব্ধি হয় না।

ভাষা। যুগপজ ভ্রেয়ামুপলব্ধিরস্তঃকরণস্থা লিঙ্গং, তত্র যুগপজ ্ জ্বেয়ামুপলব্যা যদমুমীয়তেহস্তঃকরণং, ন তস্থা গুণো জ্ঞানং। কস্থা তর্হি ? জ্বস্থা, বশিষাৎ। বশী জ্ঞাতা, বশ্যং করণং, জ্ঞানগুণছে চ করণ- ভাবনিবৃত্তি: । জ্বাণাদিসাধনস্থ চ জ্ঞাতুর্গন্ধাদিজ্ঞানভাবাদমুমীয়তে অন্তঃকরণসাধনস্থ সুখাদিজ্ঞানং স্মৃতিশ্চেতি, তত্ত্র যজ্জ্ঞানগুণং মনঃ স্
আত্মা, যত্ত্ব, সুখাগ্যুপলন্ধিসাধনমন্তঃকরণং মনন্তদিতি সংজ্ঞাভেদমাত্রং,
নার্থভেদ ইতি ।

যুগপজ জেয়োপলবেশ্চ যোগিন ইতি বা "চা"র্থ:। যোগী ংলু ঝাজো প্রান্তভূতি য়াং বিকরণংশ্ম নির্দান সেন্দ্রিয়াণি শরীরান্তরাণি তেষ্ যুগপজ জেয়াস্থাপলভতে, তাজেতদ্বিভৌ জ্ঞাতযু গপপজতে, নাণো মনসীতি। বিভূজে বা মনসো জ্ঞানস্থ নাত্মগুণৎপ্রতিষধঃ। বিভূ চ মনত দত্তঃকরণভূতমিতি তন্ত সংক্ষেত্রিয়ে গুণিৎসংযোগাদ্যুগপজ জ্ঞানাস্থাৎ-প্রেরমিতি।

তমুবাদ। যুগপ্থ ছেয়ে বিষয়ের তমুপলিন্ধি (অপ্রভাক্ষ) অন্তঃবরণের (মনের) দিক্স (অর্থাৎ) অনুমাপক, তাহা হইলে যুগপ্থ
ছেয়ে বিষয়ের অনুপলিন্ধি প্রযুক্ত যে অন্তঃকরণ অনুমিত হয়, জ্ঞান
তাহার গুণ নহে। (প্রশ্ন) তবে কাহার গু অর্থাৎ জ্ঞান কাহার গুণ গ
(উত্তর) জ্ঞাভার,—যেহেতু বিশিষ্ব আছে, জ্ঞাতা বলী । স্বতন্ত্র ।, করণ
বশ্বা পেরতন্ত্র)। এবং (মনের) জ্ঞানগুণ্ম ইইলে করণছের নির্নিত্ত
হয় অর্থাৎ মন, জ্ঞানরপ্রগাবিশিষ্ট বা জ্ঞাতা হইলে তাহা বরণ হইতে
পারে না। পরস্ত্র ভ্রাণ প্রভৃতিসাধনবিশিষ্ট জ্ঞাতার গন্ধাবিষয়ক জ্ঞান
হওয়ায় (ঐ জ্ঞানের করণ) অনুমিত হয়,—অন্তঃকরণরপ্রসাধনবিশিষ্ট
জ্ঞাতার স্থ্যাদিবিষয়ক জ্ঞান ও স্মৃতি জ্বমে, (এজ্ব্যু তাহারও করণ
অনুমিত হয়) তাহা হইলে যাহা জ্ঞানরপ্রণবিশিষ্ট মন, তাহা আত্মা,
যাহা কিন্তু স্থাদির উপলব্ধির সাধন অন্তঃকরণ, তাহা মন, ইহা সংজ্ঞাভেদমাত্র, পদার্থভেদ নহে।

অথবা "যেছেতু যুগপৎ জ্ঞের বিষয়ের উপলব্ধি হয়" ইহা "চ" শব্দের অর্থ, অর্থাৎ স্তুত্ত "চ" শব্দের দ্বারা ঐরপ আর একটি ছেতুও এখানে মহর্ষি বলিয়াছেন। ঋদ্ধি অর্থাৎ অণিমাদি সিদ্ধি প্রান্থর্ভ্ ভ হইলে বিকরণধর্মা তথাৎ বিলক্ষণ বরণবিশিষ্ট যোগী বহিরিদ্রিয় সহিত নানা শরীর নির্মাণ করিয়া, সেই সমস্ত শরীরে যুগপৎ নানা জ্রের নানা স্থু হংখ) উপলব্ধি করেন, কিন্তু সেই ইহা অর্থাৎ যোগীর সেই যুগপৎ নানা সুখ হুঃখ জ্ঞান, জ্ঞাতা বিভূ হইলে উপপন্ন হয়,—অনুমনে উপপন্ন হয় না। মনের পিভূছ পক্ষেও অর্থাৎ মনকে জ্ঞাতা বিলয়া বিভূ বলিলে জ্ঞানের আত্মাৎণছের প্রতিষেধ হয় না। মন কিছু, বিল্ত তাহা অন্তঃকরণভূত— অর্থাৎ অন্তরিন্দ্রিয়, এই পক্ষে তাহার যুগপৎ সমস্ত বহিরিদ্রেরে সহিত সংযোগ প্রযুক্ত (সকলেরই) যুগপৎ নানা জ্ঞান উৎপন্ন হইতে পারে।

টিপ্রনী। যুগপৎ অর্থাৎ একট সময়ে গদ্ধাদি নানা বিষয়ের প্রত্যক্ষ হয় না, ইহা মহদি গোতেনের সিদ্ধান্ত। যুগপৎ গদ্ধাদি নানা বিষয়ের অপ্রত্যক্ষই মনের লিক্ষ অর্থাৎ অভিসূক্ষ মনের অনুমপাক, ইহা মহদি প্রথম অব্যারে ঘোড়শ সুত্রে বলিয়াছেন (১ম খণ্ড, ১৮৩ পৃষ্ঠা ফ্রইব্য)। এই সূত্রেও এ হৈতুর দ্বারাই জ্ঞান মনের ওল নহে, ইহা বলিয়াছেন। ভাষ্যকার মহদিব ভাৎপর্য্য বুঝাইতে বলিয়াছেন যে, যুগগৎ জ্ঞায় বিষয়ের প্রভাক না হওয়ায় যে মন অনুমিত হয়, জ্ঞান ভাহার গুণ নহে, অর্থাৎ সেই মন জ্ঞাত হ

১। 'তিতা মনোজবিত্বং বিকরণভাবঃ প্রধানজয়ন্ট'' এই মোলসূত্রে । বিভূতিপাদ ।
১৮) বিদেহ যোগীব 'বিকরণভাব'' কথিত হটয়াছে। নক্লীণ পাওপত-সম্প্রদায় ক্লিয়াশজিকে 'মনোজবিত্ব'', 'কামরাপিত্ব'' ও 'বিকরণভাবিত্ব'' এই নাময়য় তিনয়কার বলিয়াছেন ৷ 'সকাদশন-সংগ্রহে' মাধবাদার্যাও নকুলীশ পাওপত দর্শনে''
উহার উল্লেখ করিয়াছেন ৷ কিন্তু মুদ্রিত পুন্তকে সেখানে 'বিক্রমণ্যার্থং'' এইরূপ্র পাঠ আছে ৷ ঐ পঠ অন্তক্ষ ৷ শৈবাচার্য্য ভাসকাজেয় 'গণকারিকা'' গুরুর 'রিতু লীকায়'' ঐ ছলে 'বিকরণধর্মাত্বং'' এইরূপ বিজ্ঞ পাঠই আছে ৷ কিন্তু ভাষ্যকার কায়য়ুহকারী যে যোগীকে 'বিকরণধর্মাত্বং'' এইরূপ বিজ্ঞ পাঠই আছে ৷ কিন্তু ভাষ্যকার কায়য়ুহকারী যে যোগীকে 'বিকরণধর্মা'' বলিয়াছেন, তাহার তখন প্রেলিজ 'বিকরণভাব'' বা 'বিকরণধ্যাত্ব'' সন্তব হয় না ৷ কারণ, কায়য়ুহকারী যোগী ইন্দ্রিয় সহিত্ত নানা শরীর নিম্মাণ করিয়া ইন্দ্রিয়াদি করণের সাহায্যেই যুগপ্ত নানা বিষয় জান করেন ৷ তাই এখানে তাৎপর্যাটীকাকার ব্যাখ্যা করিয়াছেন,—'বিশিন্তং করণং ধর্মো যাসা স 'বিকরণধর্মা,'' 'অক্স্পাদিকরণবিক্ষণকরণঃ যেন ব্যবহিত-বিপ্রকৃত্ব-স্ক্রাদিবেদী ভবতীত্যপ্তঃ ৷ তাৎপর্যাটীকাকার আবার অন্যন্ত ব্যাখ্যা করিয়াছেন—'বিবিধং করণং ধর্মো যস্য স তথে।জ্যঃ ৷'' পরবর্তী ৩৩ণ সুত্রের ভাষ্য দ্রন্তব্য ৷'বিবিধং করণং ধর্মো যস্য স তথে।জ্যঃ ৷'' পরবর্তী ৩৩ণ সুত্রের ভাষ্য দ্রন্তব্য ৷'বিবিধং করণং ধর্মো যস্য স তথে।জ্যঃ ৷'' পরবর্তী ৩৩ণ সুত্রের ভাষ্য দ্রন্তব্য ৷

ভানের কর্তা না হওয়ায় জ্ঞান তাহার গুণ হইতে পারে না। যিনি জাতা অর্থাৎ জ্ঞানের কর্ত্তা, জ্ঞান তাঁহারই গুণ। কারণ, জ্ঞাতা খতম, জ্ঞানের কবণ ইন্সিয়াদি ঐ জ্ঞাতার বশ্য। স্বাতন্ত্রাই কর্তার **লক্ষণ**ী। স্বচেতন পদার্থের স্বাতম্ব্য না থাকায় তাহা কর্তা হইতে পারে না। ক্ষরণাদি মিলিত হইলে তন্মধ্যে কর্তাকেই চেতন বলিয়া বুঝা যায়। করণাদি সংচতন পদার্থ ঐ চেতন কর্তার বশ্য। কারণ, চেতনের অধিষ্ঠান ব্যতীত ুচেতন কোন কার্য্য জন্মাইতে পারে না। জ্ঞাতা চেতন, সুতরাং বদী पर्थाः याज्यः। छाजा, रेलियापि क्वरनंत्र यात्रा छानापि करतनः अकना ই ক্রিয়াদি তাঁহার বশা। অবশা কোন স্থলে জাতাও অপর জাতার বশা হইয়া থাকেন, এইজন্য উদ্দ্যোতকর এখানে বলিয়াছেন যে, জ্ঞাত। বশীই হইবেন, এইরূপ নিয়ম নাই। কিন্তু অচেতন সমস্তই বণ্য, তাহার। কথনও বশী অর্থাৎ স্বতন্ত্র হয় না, এইরূপ নিয়ম আছে। জ্ঞান যাহার গুণ, এই অর্থে জাতাকে 'ভানগুণ' বলা যায়। মনতক 'ভানগুণ' বলিলে মনের করণৰ থাকে না, জ্ঞাতুর স্বীকার করিতে হয় । কিন্তু মন অচেতন, স্থতরাং তাহার छ'তৃष হইতে পাবে न। । यपि क्टर वानन त्य, मनक काजनहें विनेत, ননকে জ্ঞানগুৰ বলিয়া স্বীকার করিলে তাহা চেতনই হইবে। এইজনা ভাষ্যকার আবার বলিয়াছেন যে, খ্রাণাদি করণবিশিষ্ট জ্ঞাতারই গন্ধাদিবিষয়ক প্রত্যক্ষ হওয়ায় ঐ প্রত্যক্ষের করণরূপে ঘ্রাণাদি বহিরিন্তিয় সিদ্ধ হয়, এবং স্থাদির প্রতাক্ষ ও স্মৃতির করণরূপে বহিরিন্দির হইতে পৃথকু অন্তরিদ্রিয় সিদ্ধ হয়। সুখাদির প্রতাক্ষ ও স্মৃতির করণক্রপে যে অন্ত:করণ বা অন্তরিন্দ্রিয় সিদ্ধ হয়, তাহা মন নামে কথিত হইয়াছে। তাহা জ্ঞানের কর্ত্ত। নহে, তাহা জ্ঞানের করণ, স্থতরাং জ্ঞান তাহার গুণ নাহে। যদি বল, জ্ঞান মনেরই श्वन, यन किन अपार्थ, जाहा हरेटन वि यनटकरे खाना वनिक हरेटा। কিন্তু একই শরীরে দুইটি চেতন পদার্থ থাকিলে জ্ঞানের ব্যবস্থা হইতে পারে না। স্মতরাং এক শরীরে একটি চেতনই স্বীকার করিতে হইবে। তাহা হইলে পূৰ্ব্পক্ষবাদীর ক্ষিত জ্ঞানব্নপ গুণবিশিষ্ট মনের নাম ''আছা' এবং স্থুখ দু:খাদি ভোগের সাধনরূপে স্বীকৃত অন্ত:করণের নাম ''মন'' এইরূপে সংজ্ঞাভেদই হইবে, পদার্থ-ভেদ হইবে না। জ্ঞাতা ও তাহার স্থ ব:খাদি ভোগের সাধন পৃথকু ভাবে স্বীকার করিলে নামমাত্রে কোন বি^{বাদ} নাই। মূল কথা, মহাধি প্রথম অধ্যায়ে যে বনের সাধক বলিয়াছেন, তাহা

১। খতত কর্তা। পাণিনিসূর। ২র খড, ৮০ পৃঠা দুউব্য।

জ্ঞাত। হইতে পারে না, জ্ঞান তাহার গুণ হইতে পারে না। সহমি পূর্বেণ ও (এই অধ্যায়ের ১ম আ: ১৬শ ১৭শ সুত্রে) ইহা সমর্থন করিয়াছেন। মহমিব তাৎপর্যা সেখানেই সুব্যক্ত হইয়াছে।

ভাষ্যকার শেষে কল্লান্তরে এই সূত্রোক্ত "চ" শক্তের দাব। অন্য হেতুরও ব্যাখ্য। করিতে বলিয়াছেন যে, অথবা যেহেতু যোগীর যুগপং নানা জেয় বিষয়ের উপলব্ধি হয়, ইহা ''চ'' শব্দের অর্থ। অর্থাৎ জ্ঞান মনের তুণ নকে, ইহা সিদ্ধ করিতে মহিদি এই সুত্রে সর্কমনুদে র যুগপৎ নানা জেয বিষয়ের অনুপলন্ধিকে প্রথম হেতুবলিয়া "চ" শব্দের দার। কায়বার স্থার যোগীর নানা দেহে যুগপৎ নান। জ্ঞেয় বিষয়ের উপলব্ধি হয়, উচাংক দিতীয় হেতু বলিয়াছেন। তাহা হইলে ভাষ্যকারের অপন করের ন্যাংক-নুসারে সূত্রের তর্থ বুঝিতে হইবে, "যুগপং নান। জ্ঞের বিষয়ের অনুপ্রকি-ৰশতঃ এবং কায়ব্যহকারী যোগীর যুগপৎ নান। জ্রেয় বিষয়ের উপলচ্চি-ৰশতঃ জ্ঞান মনের গুণ নহে''। ভাষ্যকাব তাঁহার ব্যাখ্যাত দ্বিতীয় হেত্ ব্ঝাইতে বলিয়াছেন যে, অণিমাদি সিদ্ধির প্রাদুর্ভাব হইলে যোগী তখন "বিকর ণধর্মা" অর্ধাৎ অযোগী ব্যক্তিদিগের ইন্দ্রিয়াদি করণ হইতে বিলক্ষণ করণবিশিষ্ট হইয়া ঘাণাদি ইন্দ্রিয়যক্ত নানা শরীর নির্দ্রাণপর্কক গেই সমস্ত गुत्रोदत युरा**न९ नाना (छार विषद**स्त छेननिक करतन । अर्था९ द्यांनी अविनः प्रदे নিৰ্ব্বাণলাভে ইচ্ছক হইয়া নিজ শক্তির হারা নানা স্থানে নানা শরীর নির্দ্ধাণ করিয়া সেই সমস্ত শরীরে যুগপৎ তাঁহার অবশিষ্ট প্রারন্ধ কর্ম্মফল নানা স্থা-সুংধ ভোগ করেন। যোগীর ক্রমশ: বিলম্বে সেই সমস্ত স্থবদুঃখ ভোগ করিতে হইলে ভাঁহার িব্বাণলাভে বহু বিলয় হয়। তাঁহার কায়বাহ নির্দ্রাণের উদ্দেশ্য সিহ হয় না। পুর্বেবভিরূপ নান। দেহ নির্মাণই যোগীর "কায়ব্যুহ"। 😌 যোগশান্ত্রসিদ্ধ হিদ্ধান্ত। যোগদর্শনে মহাষি পতঞাল ''নির্দ্ধাণচিত্তান্যস্মিত্র-মাত্রাৎ" (৪)৪) এই সত্তেব খার৷ বারবু।হকারী যোগী <mark>তাঁহার সেই নিজ</mark>নি[ি]ত শরীর-সমসংখ্যক মনেরও যে স্বষ্ট সংক্রন, ইহা বলিয়াছেন। যোগীর েই প্রথম দেবস্থ এক মনই তথন তাঁহার নিছনিশ্মিত সমস্ত শরীরে প্রদীকেত ন্যায় প্ৰ**স্ত হয**় ইহা প্ৰস্তুলি বলেন নাই। "'যোগবা**তি**কে" বিভান-ভিক্ ঐ সিদ্ধান্ত ও প্রমাণের হাবং পতঞ্জলির যুক্তি সমর্থন করিয়াছেন। কিন্ত ন্যায়মতে মনের নিত্যভাবশতঃ মনের উৎপত্তি ও বিনাশ নাই, মুক্তি হইলেও তথন আত্মার ন্যার মনও থাকে। এই জন্যই মনে হয়, তাৎপর্যাটীকাকাব ৰাচম্পতি মিশ্ৰ ন্যায়নতানুধারে বলিয়াছেন যে, ায়বূঢ়৹কারী <mark>যোগ</mark>া মুভ পুরুষদিগের মনঃসমূহকে াকর্ষণ করিয়া তাহার নিজনিমিত শ্রীরুষমূহে

্ ৩ম• ২আ

₹23

প্রবিষ্ট করেন। মন:শূন্য শরীরে স্থবদু:খ ভোগ হইতে পারে না। স্মৃত্যা: যোগীৰ দেই সমন্ত শরীরেও মন থাকা আবশ্যক। তাই তাৎপর্যাটীকাকার ঐরপ কল্পন। করিয়াছেন। আবশ্যক বুঝিলে কোন যোগী নিজ শক্তির ঘার। মুক্ত পুরুষদিগোর মনকেও আকর্ষণ করিয়া নিজ শরীরে গ্রহণ করিতে পাবেন, ইহ। অসম্ভব নহে ৷ কিন্তু এ বিষয়ে অন্য কোন প্রমাণ পাওয়া যায় ন।। সে যাহাই হউক, যদি কায়বূহকারী যোগী তাঁহার সেই নিজ-নিশ্বিত শরীরসমূহে মুক্ত পুরুষদিগের মনকেই আকর্ষণ করিয়া প্রবিষ্ট করেন, তাহ। হইলেও ঐ সমস্ত মনকে তথন তাহার স্থ্র দু:থের ভোক্তা বল। योग्र ना । কারণ, মুক্ত পুরুষ দিগের মনে অদৃষ্ট না থাকায় উহা সুখদু:খ-ভোক্তা হইতে পারে না। স্থতরাং সেই সমস্ত মনকে জ্ঞাতা বল। বার না, ই সমস্ত মন তথন দেই যোগীর দেই সমস্ত জ্ঞানের আশ্রয় হইওত পারে ন।। আর যদি পতঞ্জলির দিদ্ধান্তানুদাবে যোগীব দেই সমন্ত শরীরে পূথক্ মনের স্থাষ্ট্রই স্বীকার করা যান, তাহা হইলেও ঐ সমন্ত মনকে জ্ঞাতা বলা ষায় না। কারণ, পূর্বোজ নানা যুজির ছার। জ্ঞাতার নিত্যছই সিদ্ধ হটয়াছে। কায়বূহকারী যোগী প্রারন্ধ কর্ম ব। অদৃষ্টবিশেষপ্রযুক্ত নান। শরীরে যুগপৎ নানা স্থপদুঃগ ভোগ কবেন, নেই অদৃষ্টবিশেষ তাঁহার নিজ-নিস্মিত দেই সমস্ত মনে না থ কায় ঐ সমস্ত মন, তাঁহার স্থ্রপুরংখের ভোক্ত। ছইতে পারে না। স্থতরাং ঐ স্থলে ঐ সমস্ত মনকে জ্ঞাত। বলা যায় না। -জ্ঞান[্] ঐ সমস্ত মনের গুণ হইতে পারে না। স্বতরাং মনকে জ্ঞাতা বলিতে হইলে অর্থাৎ জ্ঞান মনেরই গুণ, এই দিদ্ধান্ত সমর্থন করিতে হইলে পুর্বোজ স্থান কায়ব্যহকারী যোগীর পূর্ব্বদেহস্থ সেই নিত্য মনকেই জ্ঞাত৷ বলিতে হইবে। কিন্তু ঐ মনের অণুত্বশত: শেই যোগীর সমন্ত শরীরের সহিত যগপৎ সংযোগ না থাকায় ঐ মন যোগীর সেই সমস্ত শরীরে যুগপৎ নানা জ্ঞেয় বিষয়ের জ্ঞাতা হইতে পারে না। সমস্ত শরীরে জ্ঞাত। না থাকিলে সমস্ত শরীরে যুগপৎ জ্ঞানোৎপত্তি অগন্তর। কিন্তু পুর্ব্বোক্ত যোগী যখন यशने नाना मंत्रीरत नाना छित्र विवस्यत छनल के करवन, देश चौकात করিতে এইবে, তথন এ গোগীর সেই সমস্ত শ্রীরদংযুক্ত কোন জাত। আছে, অর্থাৎ জাতা বিভু, ইহাই দিদ্ধান্তরূপে স্বী গর্যা। তাই ভাঘাকার ৰলিয়াছেন যে, যোগীর নানাস্থানস্থ নানা শরীরে যে, যুগপৎ নানা জ্ঞানের উংপত্তি, তাহ। বিভুজাত। হইলেই উপার হয়, অতি সৃক্ষু মন জাত। হইলে উহ। উপপন্ন হয় না। কারণ, যোগীব সেই সমস্ত শরীরে এ মন थाকে ना। পূর্ব্রপকবারী यनि বলেন যে, মন্কে জাত। বলিয়া ত'হাকে

বিভু বলিয়াই স্বীকার করিব। তাহ। হইলে পুর্ব্বোক্ত স্থলে অনুপপত্তি নাই। এজন্য ভাষ্যকার বলিয়াছেন যে, মনকে জ্ঞাত। বলিয়া বিভু বলিলে সে পক্ষে জ্ঞানের আত্মগুণডের বণ্ডন হইবে না। অর্থাৎ তাহ। বলিলে ¹ আমাদিগের অভিমত আশ্বারই নামান্তর হইবে ''মন''। স্থতরাং বিভূ ভাতাকে 'মন'' বলিয়া উহার জ্ঞানের সাধন পুথকু অভিস্**ন্ধ অন্ত**রিক্রিয় অন্য নামে স্বীকার করিলে বস্তুত: জ্ঞান আছারই গুণ, ইহাই স্বীকৃত হইবে। ন'মমাত্রে আমাদিগের কোন বিবাদ নাই। যদি বল, যে মন অন্ত:করণভূত অর্থাৎ অন্তরিক্রিয় বনিয়াই স্বীকৃত, তাহাকেই বিভু বলিয়। তাহাকেই জ্ঞাত। বলিব, উহ। হইতে অতিরিক্ত জ্ঞাত। স্বীকার করিব না, অন্তরিন্তির মনই ন্ত্র'ত। অর্থাৎ কর্ত্তা, ইহাই আমাদিনের সিদ্ধান্ত। এতনুষ্করে ভাষ্যকার সর্বাশেষে বলিয়াছেন যে, ভাহা হইলে ঐ বিভুমনের সর্বাশ সর্বেঞ্জিরের সহিত সংযোগ থাকায় সকলেরই মুগাপৎ সর্ব্বেক্তিয় জন্য নান। জ্ঞানের উংপত্তি হইতে পারে। অর্থাৎ ঐ আপত্তিবশত: অন্তরিক্রিয় মনকে বিভূ वन। य'र न। । भगीं कशान ७ ल्यां छात्तत योगनेता समीकार कतिया মনের অনুষ সিদ্ধান্তই প্রভাশ করিয়াছেন। তারনুবারে ভাষ্যভার বাৎব্যায়ন न ना छ'टन छा'टनत अटबोरांशिता निकाटछ । छेटल ४ कतिया निका वछा वात গমর্থন করিয়াছেন। কায়ব্যহ স্থানে বোগীর মুগার্থ নানা জ্ঞানের উৎপত্তি হটলেও অন্য কোন স্থান কাহারই যুগপৎ নান। জ্ঞান জনেম না, ইহাই বাৎদ্যায়নের কথা। কিন্ত অন্য সম্পুদায় ইহা একেবারেই অস্বীকার করিয়াছেন । সাংখ্য, পাতঞ্জ প্রভৃতি সম্প্রনায় স্থানবিশেষে জ্ঞানের যৌগপদ্যও স্বীকার করিয়াছেন। স্মতরাং তাঁহার। মনের অণুষও স্বীকার করেন নাই। সাংখ্যানুত্রের বুরিকার অনিক্লম, নৈয়ায়িকের ন্যায় মনের অণুর সিমান্ত শুমর্থন করিলেও "বোগবাভিকে" বিজ্ঞানতিক ব্যাগভাষ্যের ব্যাখ্যা করিয়া গাংখ্যমতে মন দেহপরিমা**ণ, এবং পাতঞ্জনমতে মন বিভু, ইছ**। স্প**ট** প্রকাশ করিয়াছেন। সে যাহ। হউ হ, প্রকৃত কথ। এই যে জ্ঞানের যৌগপদ্য সীকার করিয়। মনকে অণুনা বলিলেও দেই মতেও মনকে জ্ঞাত। বন। যায় ন।। কারণ, ধেমন, জ্ঞানের করণ বনিয়া সিদ্ধ, তাহ। জ্ঞানের কর্ত্ত। হইতে পারে ন।। অন্তরিন্সিয় মন, জ্ঞানকর্ত্ত। জ্ঞাতার বশ্য, স্থতরাং উহার স্বাতন্ত্র্য ন। পাকায় উহাকে জ্ঞানকর্ত্তা বলা যায় না। জ্ঞানকর্ত্তা না হইলে স্তান উহার গুণ হইতে পারে না। ভাঘ্যকারের পূর্ব্বোক্ত এই যুক্তিও, এখানে সমরণ করিতে হইবে।

সমস্ত পুস্তকেই এধানে ভাষ্যে ''যুগপজ্জেয়ানুপলজে*চ যোগিন:''

এবং কোন পুন্তকে ঐ স্থলে "অযোগিন:" এইরপ পাঠ আছে। কিন্তু বি সমন্ত পাঠই অন্তম, ইহা বুঝা যায়; কারণ, ভাষ্যকার প্রথম করে সূত্রানুসারে অযোগা ব্যক্তিদিগের যুগপৎ নানা জ্যের বিষয়ের অনুপলিরিকে হেতুরপে ব্যাখ্যা করিয়া, পরে কল্লান্তরে সূত্রন্থ "চ" শব্দের হারা কায়-ব্যুহকারী যোগীর যুগপৎ নানা জ্যের বিষয়ের উপলব্ধিকেই যে, অন্য হেতুরপে মহার্ষির বিবন্ধিত বলিয়াছেন, এ বিষয়ে সংশয় নাই। ভাষ্যকারের "তেমু যুগপজ্জ্যোনাপলভতে" এই পাঠের হারাও তাঁহার শেষ করে ব্যাখ্যাত ঐ হেতু স্পষ্ট বুঝা যায়। অতরাং "যুগপজ্জ্যোপলরেশ্চ যোগিন ইতি বা 'চা'র্থং" এইরপ ভাষ্যপাঠই প্রকৃত বলিয়া গৃহীত হইয়াছে। মুদ্রিত "ন্যায়বান্তিক" ও "ন্যায়সূচীনিবন্ধে" এই সূত্রে "চ" শব্দ না থাকিলোও ভাষ্যকার শেষে "চ" শব্দের অর্থ বলিয়া অন্য হেতুর ব্যাখ্যা করায় 'ড়" শব্দমুক্ত সূত্রপাঠই প্রকৃত বলিয়া গৃহীত হইয়াছে; "তাৎপর্য্যপরিশুদ্ধি" গ্রেছেই উদয়নাচর্য্যের কথার হারাও এখানে সূত্র ও ভাষ্যের পরিগ্হীত্র পাঠই যে প্রকৃত, এই বিষয়ে কোন সংশয় থাকে না ।। ১৯ ।।

সূত্র। তদাত্মগুণত্বেহপি তুল্যং ॥২০॥২৯১॥

অমুবাদ। (পূর্বেপক্ষ) সেই জ্ঞানের আত্মগুণত ইইলেও কৃলা। অর্থাৎ জ্ঞান আত্মার গুণ হইলেও পূর্বেবৎ যুগপৎ নানা বিষয়-ভুলনেব আপত্তি হয়।

ভাষ্য। বিভুরাত্মা সর্বেন্ডিয়ৈঃ সংযুক্ত ইতি বুগণজ্জানোৎপ^{িতৃ}। প্রসঙ্গ ইতি।

অসুবাদ। বিভূ আত্মা সমস্ত ইন্দ্রিয়ের সহিত সংযক্ত, এ জন্ম যুগপং নানা জ্ঞানের উৎপত্তির আপত্তি হয়।

টিপ্রনী। মনকে বিভু বলিলে এ মনের সহিত সমস্ত ইন্সিন্ট

১। 'ব্পপজ্ভেয়ানুপলকেশ্চ ন মনস'' ইতি পূর্বসূত্রস্সা ''চ', কারস্যাগ্র ভ'রা-কারণে 'ব্রপজ্ভেয়োপলকেশ্চ যোগিন ইতি বা ''চা''থ ইতি বিচরিষ্যমানরাও —তাৎপর্যাপরিস্তিভি।

সংযোগ থাকায় যুগপৎ নানা জ্ঞানের আপতি হয়, এজন্য মহণি গোত্ম মনকে বিজু বলিয়া স্থীকার করেন নাই, অণু বলিয়াই স্থীকার করিয়াছেন এবং যুগপৎ নানা জ্ঞান জন্মে না, এই দিদ্ধান্তানুসারে পূর্ব্বসূত্রের হার। জ্ঞান মনের গুণ নহে, ইহা প্রতিপন্ন করিয়াছেন। কিন্তু মনকে অণু বলিয়া স্থীকার করিলেও যুগপৎ নানা জ্ঞান কেন জন্মতে পারে না, ইহা বলা আবশ্যক। তাই মহণি তাঁহার পুর্ব্বোক্ত দিদ্ধান্ত সমর্থনের জন্য এই সূত্রের হার। পূর্ব্বপ্রক বলিয়াছেন যে, জ্ঞান আজার গুণ হইলেও, পূর্ব্বণ্ড যুগপৎ নানা ক্রান হইতে পারে। কারণ, আজা বিজু, স্থতরাং সমস্ত ইন্দ্রিয়ের সহিত তাঁথের গ্রেগা থাকায় সমস্ত ইন্দ্রিয়েলনা সমস্ত জ্ঞানই একই সময়ে হইতে পারে। মনের বিজুম্ব পক্ষে যে দোব বলা হইয়াছে, দিদ্ধান্ত পক্ষেত্র লোম তুন্য। ২০।।

সূত্র। ইন্দ্রির্মনসঃ সন্নিকর্ষাভাবাৎ তদনুৎপত্তিঃ। ॥২১॥২১২॥

অনুবাদ। (উত্তর) সমস্ত ইন্দ্রিয়ের সহিত মনের সন্নিক্ষ না থাকায় সেই সমস্ত জ্ঞানের উৎপত্তি হয় না।

ভাষ্য। গন্ধাছ্যপলনেরি ভ্রিয়ার্থসন্নিকর্যবদিন্দ্রিয়মনঃসন্নিকর্ষে হিপ্ত কারণং, তস্ত চাযৌগপত্তমণুছান্মনসং। অযোগপতাদকুৎপত্তিযু গপজ্ জ্ঞানানামাত্মগুণত্তেইপীতি।

অমুবাদ। ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্যের স্থায় ইন্দ্রিয় ও মনের সন্নিকর্যও গন্ধাদি প্রভ্যক্ষের কারণ, কিন্তু মনের অণুত্বশতঃ সেই ইন্দ্রিয়ননঃসন্নিকর্যের যৌগপত্ম হয় না যৌগপত্ম না হওয়ায় আত্মভণত্ব হইলেও অর্থাৎ জ্ঞান বিভূ আত্মার গুণ হইলেও যুগপৎ সমস্ত জ্ঞানের (গন্ধাদি প্রভ্যক্ষের) উৎপত্তি হয় না।

টিপ্লনী। মহাঘি পূৰ্বোজ পূৰ্বপক্ষের উত্তরে এই সূত্রের ছার। বলিয়াছেন যে, গদ্ধাদি ইন্দ্রিয়ার্থবর্গের প্রত্যক্ষে যেমন ইন্দ্রিয়ার্থ-সন্নিকর্ম কারণ, তক্ষপ ইন্দ্রিয়ননঃসন্নিকর্মও কারণ। অর্থাৎ যে ইন্দ্রিয়ের ছার। তাহার

্গ্রাহ্য বিষয়ের **প্রত্যক্ষ হয়, সেই ইন্দ্রি**য়ের সহিত ম**নের সংযোগ না** হইনে সেই প্রত্যক্ষ হইতে পারে না। কিন্তু মন অতি সন্ম বলিয়া একই সময়ে নানা স্থানস্থ সমস্ত ইন্সিয়ের সহিত তাহার সংযোগ অসম্ভব হওয়ায় একই সময়ে সমস্ত ইক্লিয়জন্য সমস্ত প্রত্যক্ষ হইতে পারে না 1 – জ্ঞান আছারট গুণ এবং ঐ আত্মাও বিভূ, স্কুতরাং আত্মার সহিত সমস্ত ইচ্লিয়ের সংযোগ সর্ব্বদাই আছে, ইহা সত্য : কিন্ত ইন্সিয়ের সহিত মনের সংযোগ যাহ। প্রত্যক্ষের একটি অসাধারণ কারণ, তাহার যৌগপদ্য সম্ভব না হওয়ার তচ্ছন প্রত্যক্ষের যৌগপদা সম্ভব হয় না ॥ ২১ ॥

ভাষ্য। যদি পুনরাত্মেন্দ্রিয়ার্থ-সন্নিকর্ষমাত্রাদৃগন্ধাদি-জ্ঞানমুৎপত্তেত ?

অফুবাদ। (প্রশ্ন) যদি আত্মা, ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্ষমাত জন্য গন্ধাদি জ্ঞান উৎপন্ন হয় ? অর্থাৎ ইহা ৰলিলে দোষ কি ?

সূত্র। নোৎপত্তিকারণানপদেশাৎ॥ ২২॥২৯৩॥

অমুবাদ। (উত্তর) না,—অর্থাৎ আত্মা, ইন্দ্রিয় ও অর্থের সন্ধি-কর্ষ-মাত্রজ্বস্তুই গন্ধাদি জ্ঞানের উৎপত্তি হয়, ইহা বলা যায় না ; কারণ, উৎপত্তির কারণের (প্রমাণের) অপদেশ (কথন) হয় নাই।

ভাষ্য । আস্মেন্সিয়ার্থসন্নিকর্ষমাত্রাদগন্ধাদিজ্ঞানমূৎপ**ন্ঠত ইতি, না**ত্রোৎ পদ্দিকারণমপদিশাতে, যেনৈতৎ প্রতিপত্মেমহীতি।

অমুবাদ। আত্মা, ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্ষমাত্রজন্য গন্ধাদি জ্ঞান উৎপদ্ম হয়, এই বাক্যে উৎপত্তির কারণ (প্রমাণ) কথিত হইতেছে না, ্রদ্ভারা ইহা স্বীকার করিতে পারি।

টিপ্রনী। পূর্ব্পক্ষবাদী যদি বলেন যে, প্রত্যক্ষে ইন্দ্রিয় ও মনেব স্মিকর্ঘ অনাবণ্যক,—আত্মা, ইন্দ্রিয় ও অর্থের স্মিকর্ঘ্যাত্রত্বন্যই গন্ধাণি প্রত্যক্ষের উৎপত্তি হয়। এতদুত্তরে মহর্ষি এই সূত্রের ধার। বলিয়াছেন ^{(ম,} ঐকধা বলা যায় না । কারণ, আত্মা, ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্ঘমাত্র-জন্ট যে গন্ধাদি প্রত্যক্ষের উৎপত্তি হয়, সেই উৎপত্তি বিষয়ে কারণ অর্থাৎ প্র^{মাণ}

বলা হয় নাই। যে প্রমাণের ঘারা উহা স্বীকার করিতে পারি, সেই প্রমাণ বলা আৰশাক। সূত্রে "কারণ" শব্দ প্রমাণ অর্থে প্রযুক্ত হইয়াছে। প্রথমা-शास्त्र তর্কের লক্ষণসূত্ত্বেও (৪০শ সূত্ত্বে) মহন্দি প্রমাণ অর্থে ''কারণ'' শব্দের প্রয়োগ করিয়াছেন। তাৎপর্যাটীকাকারের কথার দ্বারাও 'কারণ' শব্দের প্রমাণ অর্থই এখানে মহাধির অভিপ্রেত, ইহা বুঝা যায়?। ভাষ্যকারের শেষোক্ত ''যেনৈতং'' ইত্যাদি সন্দর্ভের ঘারাও ইহা ব্রা যায়। ফলক্ণা. পর্ব্বোক্তরাপ সন্নিকর্ঘমাত্রজন্য গন্ধাদি প্রত্যক্ষের উৎপত্তি বিষয়ে কোন প্রমাণ নাই, পরস্ক বাধক প্রমাণই আছে, ইহাই ভাষ্যকার প্রভৃতি প্রাচীন-গণের মতে এই সুত্রের তাৎপর্য্য। উদ্যোতকর সর্ম্বশেষে এই সূত্রের আরও এক প্রকার ব্যাখ্য। করিয়াছেন যে, যে সময়ে ইন্সিয় ও আছু। কোন অর্থের সহিত যুগপৎ সম্বন্ধ হয়, তথন সেই জ্ঞানের উৎপত্তিতে কি ইক্রিয়ার্থসন্নিকর্মই কারণ ? অথবা আত্ম ও অর্থের সন্নিকর্মই কারণ, অথবা আছা, ইন্দ্রিয় ও অর্থের সন্নিকর্ঘই কাবণ ৷ এইরূপে কারণ বলা যায় না। অর্থাৎ ইন্সিয়ের সহিত মনের সন্নিকর্য না গাকিলে প্রেব্যক্তি কোন সন্নিকর্ঘই প্রত্যক্ষের উৎপাদক হয় না, উহার। সকলেই তথ ব্যভিচারী হওয়ায় উহাদিগের মধ্যে কোন সনিকর্ষেরই কারণত কলনায় নিয়ামক হেতু ন। পাকায় কোন সন্নিকর্ঘকেই বিশেষ করিয়। প্রতাক্ষের क्ट्रिन वना यात्र ना ॥ २२ ॥

সূত্র। বিনাশকারণানুপলকোশ্চাবস্থানে তল্লিত্যস্ব-প্রসঙ্গ ॥২৩॥২৯৪॥

অন্তুবাদ। (পূর্ব্বপক্ষ) এবং (জ্ঞানের) বিনাশের কারণের অন্তুপ-লব্ধিবশতঃ অবস্থান (স্থিতি) হইলে তাথার (জ্ঞানের) নিত্যত্বের আপত্তি হয়।

ভাষা। "তদাত্ম গুণত্বেহপি তুল্য"মিত্যেত কনেন সমুচ্চীয়তে। দ্বিবিধো হি গুণনাশহেতু:, গুণানামাশ্রয়াভাবো বিরোধী চ গুণ:। নিত্যুত্বাদাত্ম-

১। নোৎপতীতি। নার প্রমাণমপদিশ্যতে, প্রত্যুত বাধকং প্রমাণমন্তীতার্গি। —জঃৎপ্রসূচীকা।

নে ২মুপপন্ন: প্র্বঃ, বিরোধী চ বৃদ্ধেগুণো ন গৃহতে, তস্মাদাত্মগুণছে সতি বৃদ্ধেনিত্যত্বপ্রসঙ্গঃ।

অমুবাদ। "তদাত্মগুণত্বেংপি তুল্যাং" এই প্রেবাক্ত স্ত্র, এই স্ত্রের সহিত সম্চিত হইতেছে। গুণের বিনাশের কারণ দ্বিধিই, (১) গুণের আশ্রায়ের অভাব, (২) এবং বিরোধী গুণ। আত্মার নিত্যত্বশতঃ প্রে অর্থাৎ প্রথম কারণ আশ্রয়নাশ উপপন্ন হয় না, বৃদ্ধির বিরোধী, গুণও গৃহীত হয় না, অর্থাৎ গুণনাশের দ্বিতীয় কারণও নাই। অত্প্রস্কির আত্মগুণত্ব হইলে নিত্যত্বের আপত্তি হয়।

টিপ্রনী। বুদ্ধি অর্থাৎ জ্ঞান মনের গুণ নহে, িল্ত আত্মার গুণ, এই শিদ্ধান্তে মহাধি এই সূত্রেব দার। আর একটি পূর্ব্বপক্ষ বলিয়াছেন যে, বুদ্ধির বিনাশের কারণ উপলব্ধ না হওয়ায় কারণাভাবে বৃদ্ধির বিনাশ হয় না, বুদ্ধির অবস্থানই হয়, ইহা সীকার্যা। তাহা হইলে বুদ্ধির নিত্যক স্বীকার করিতে হয়, পূর্ব্বে যে বুদ্ধির ্ননিতাম পরীক্ষিত হইয়াছে, তাহ। ব্যাহত হয়। বুদ্ধির বিনাশের কারণ নাই কেন? ইহা বুঝাইডে ভাষ্যকার বলিয়াছেন যে, দুই কার**ে গুণপদার্থের বিনাশ হ**ইয়া থাকে । কোন স্থানে সেই গুণের আশ্রর দুখা নাই হাইলে আশ্রয়নাশজন্য সেই গুণের নাশ হয়। কোন স্থানে বিরোধী গুণ উৎপত্ন হইলে তাহাও পূর্ব্বজাত গুণের নাশ করে। কিন্ত বুদ্ধিকে আত্মার গুণ বলিলে আত্মাই তাহার আশ্রয় দ্রব্য হইবে। আল্লা নিত্য, তাহার বিনাশই নাই, স্কুতরাং আশ্রয়নাশরূপ প্রথম কারণ অসম্ভব । বৃদ্ধির বিরোধী কোন গুণেরও উপলব্ধি ন। হওয়ায় সেই কারণও নাই। স্থতরাং বৃদ্ধির বিনাশেব কোন কারণই না থাকায় বৃদ্ধির নিত্যথেব আপত্তি হয়। ভাব পদার্থের বিনাশের কারণ না থাকিলে তাহা দিতাই হইয়া থাকে। এই পূর্ব্বপক্ষসূত্রে "চ" শব্দের বারা মহটি এই সূত্রের গহিত পূর্ব্বেক্তি "তদাত্বগুণবেহপি ত্ল্যং" এই পূর্ব্বপক্ষ্যুত্রের সমুচ্চয় (পরম্পর সম্বন্ধ) প্রকাশ করিয়াছেন, ইহাই এখানে ভাষ্যকার প্রথান বলিয়াছেন । তাৎপর্য্য এই যে, বদ্ধি আত্মার গুণ, এই সিদ্ধান্ত পক্ষে যেমন প্রেবাক্ত "তদাত্বগুণছেহপি তুল্যং" এই স্ত্রের হার। প্রবিপক্ষ বলা

১। অন্ত পূর্ব্বপক্ষসূত্রে চকারঃ পূর্ব্বপূর্বসূত্রাপেক্ষয়া ইত্যাহ তদামাওলত্ব ইতি
—তাৎপর্যাটীকা।

ইয়াছে, তজ্ঞপ এই সুত্রের ঘারাও ঐ সিদ্ধান্তপক্ষেই পূর্ব্রপক ব বা হইয়াছে। র্থাৎ বৃদ্ধি আত্মার গুণ হইলে যেমন আত্মার বিভূত্বশতঃ যুগপৎ নানা চনের উৎপত্তির আপত্তি হয়, তজ্ঞপ আত্মার নিত্যত্বশতঃ কথনও উহার নাশ হইতে না পারায় তাহার গুণ বৃদ্ধিরও কখনও বিনাশ হইতে পারে না, ই বৃদ্ধির নিত্যত্বের আপত্তি হয়। স্কৃতরাং বৃদ্ধিকে আত্মার গুণ বলিলেই ক্রেজি ঐ পূর্ব্বপক্ষের ন্যায় এই সূত্রোক্ত পূর্ব্বপক্ষ উপস্থিত হয়। হিতীয় ক্র্যায়েও মহর্ঘির এইরূপ একটি সূত্র দেখা যায়। ২য় আঃ, ১৭শ সূত্র গুইবা।। ২১।।

সূত্র। অনিত্যত্বগ্রহণাদ্বুদ্ধেরু ক্যন্তরাদ্বিনাশঃ শব্দবৎ ॥ ॥২৪॥২৯৫॥

অসুবাদ। (উত্তর) বৃদ্ধির অনিভ্যত্বের জ্ঞান হওয়ায় বৃদ্ধান্তর প্রযুক্ত অর্থাৎ দ্বিতীয়ক্ষণোৎপন্ন জ্ঞানান্তরজন্য বৃদ্ধির বিনাশ হয়, যেমন শব্দের (শব্দান্তর জন্ম বিনাশ হয় ।

ভাষ্য । অনিত্যা বৃদ্ধিরিতি সর্বশরীরিণাং প্রত্যাত্মবেদনীয়মতেৎ। গৃহতে চ বৃদ্ধিসস্তানস্তত্র বৃদ্ধেবৃদ্ধ্যিস্তরং বিরোধা গুণ ইত্যসুমীয়তে, যথা শব্দসস্তানে শব্দঃ শব্দাস্তরবিরোধীতি।

অসুবাদ। বৃদ্ধি অনিত্য, ইহা সর্ববিপ্রাণীর প্রত্যাত্মবেদনীয়, অর্থাৎ প্রত্যেক প্রাণী নিজের আত্মাতেই বৃদ্ধির অনিত্যত্ব বৃদ্ধিতে পারে। বৃদ্ধির সন্তান অর্থাৎ ধারাবাহিক জ্ঞানপরম্পরাও গৃহীত হইতেছে, ভাহা হইলে বৃদ্ধির সম্বন্ধে অপর বৃদ্ধি অর্থাৎ দিত্তীয়ক্ষণোৎপন্ন জ্ঞানান্তর বিরোধী গুণ, ইহা অসুমিত হয়। যেমন শব্দের সন্তানে শব্দ, শব্দান্তরের বিরোধী, অর্থাৎ দিত্তীয় শব্দ প্রথম শব্দের বিনাশক।

টিপ্পনী। মহণ্ডি এই সূত্রের দার। পূর্বসূত্রোজ্ঞ পূর্ব্বপক্ষের নিরাশ করিতে বলিয়াছেন যে, ৰুদ্ধিন্দ অনিত্যত্ব প্রমাণসিদ্ধ হওয়ায় উহার বিনাশের কারপও সিদ্ধ হয়। এই আহিকের প্রথম প্রকরণেই বুদ্ধির অনিত্যত্ব পরীক্ষিত

হইয়াছে। বুদ্ধি বে অনিতা, ইহা প্রতোক প্রাণী নিজের আত্মতেই বুঝিতে পারে। "আমি বুঝিয়াছিলাম, আমি বুঝিব" এইরূপে বুদ্ধি ব জ্ঞানের ধ্বংস ও প্রাগভাব মনের মারাই বুঝা যায়। স্থ্তরাং বুদ্ধির উৎপত্তি কার**ণের ন্যায় তা**হার বিনাশে**র কারণও অবশ্য আছে। বৃদ্ধির সন্তা**ন অর্থাৎ ধারাবাহিক নান। জ্ঞানও জন্মে, ইহাও বুঝা যায়। স্থতরাং সেই নান। জ্ঞানের মধ্যে এক জ্ঞান অপর জ্ঞানের বিরোধী গুণ, ইহ। অনুমান দার। দিদ্ধ হয়। অর্থাৎ ধারাবাহিক জ্ঞানের উৎপত্তি স্থলে বিতীয়ক্ষণে উৎপন্ন জ্ঞান প্রথমক্ষণে উৎপন্ন জ্ঞানের বিরোধী গুণ, উহাই প্রথম ক্ষণে উৎপন্ন জ্ঞানের বিনাশের কারণ। যেমন বীচিতরজের ন্যায় উৎপন্ন শ্বদ मसारनंत्र मरशा विजीय भरम क्षेत्रम भरमद्भ विद्यांधी श्वन ७ विनारमंत्र कावन्, তক্ষপ জ্ঞানের উৎপত্তিশ্বলেও বিতীয় জ্ঞান প্রথম জ্ঞানের বিরোধী গুণ ও বিনাশের কারণ। এইরূপ তৃতীয় জ্ঞান বিতীয় জ্ঞানের বিৰোধী ও বিনাশের কারণ বুঝিতে হইবে অর্থাৎ পরক্ষণজ্ঞাত শবদ যেমন তাহার পূর্বক্ষণজাত শব্দের নাশক, তক্ষপ পরক্ষণজাত জানও তাহার পূর্ব-ক্ষণজাত জ্ঞানের নাশক হয়। যে জ্ঞানের পারে আর জ্ঞান জ্বনেম নাই, সেই চরম জ্ঞান কাল ব। সংস্কার ছারা বিনষ্ট হয়। মহাঘি শব্দকে দৃষ্টান্তক্সং উল্লেখ করায় শব্দনাশের ন্যায় জ্ঞানান্তরজ্বন্য জ্ঞান নাশ বলিয়াছেন। কিছ জ্ঞানের পরক্ষণে স্থধ দু:বাদি মনোগ্রাহ্য বিশেষ গুণ জন্মিলে তদ্ধারাও পূর্বভাত জ্ঞানের নাশ হইয়। থাকে। পরবর্তী প্রকরণে এ সকল কথা পরস্ফুট হইবে।। ২৪।।

ভাষ্য। অসংখ্যেষ্ জ্ঞানকারিতেষ্ সংস্কারেষ্ স্মৃতিহেতুষা ফ্র সমবেতেষাত্মমনসোশ্চ সন্নিকর্ষে সমানে স্মৃতিহেতে সৃতি ন কারণস্থ যৌগপত্মস্তীতি যুগপৎ স্মৃত্যঃ প্রাত্মভূতিবেয়্র্যদি বুদ্ধিরাত্মগুণঃ স্থাদিতি। তত্র কশ্চিৎ সন্নিকর্ষস্থাযৌগপত্মমুপপাদয়িষ্যন্নাহ।

অসুবাদ। (পূর্ব্বপক্ষ) আত্মাতে সমবেত জ্ঞানজ্জনিত অসংখ্য সংস্কাররূপ স্মৃতির কারণ থাকায় এবং আত্মা ও মনের সন্ধিক্ষ্রূপ সমান স্মৃতির কারণ থাকায় কারণের অযৌগপৃত্য নাই, স্কুতরাং যদি বৃদ্ধি আত্মার গুণ হয়, তাহা হইলে যুগপৎ সমস্ত স্মৃতি প্রাত্নভূতি হউক ? তন্নিমিত্ত অর্থাৎ এই পূর্বপক্ষের সমাধানের জ্বন্ত সন্ধিকর্মের (আজ্মা ও মনের সন্ধিকর্ষের) অযৌগপত্ত উৎপাদন করিতে কেহ বলেন—

সূত্র। জ্ঞানসমবেতাত্ম-প্রদেশসন্নিকর্ষামনসঃ স্মৃত্যুৎ-পত্তেন্ যুগপত্তুৎপত্তিঃ ॥২৫॥২৯৬॥

অসুবাদ। (উত্তর) "জ্ঞানসমবেত" অর্থাৎ সংস্থারবিশিষ্ট আস্থার প্রদেশ বিশেষের সহিত মনের সন্নিকর্ষজন্ম স্মৃতির উৎপত্তি হওয়ায় ফুগপ্ত (স্মৃতির) উৎপত্তি হয় না।

ভাষ্য। জ্ঞানসাধনঃ সংস্কারো জ্ঞানমিত্চ্যতে। জ্ঞানসংস্কৃতৈ-রাত্মপ্রদেশৈঃ পর্য্যায়েণ মনঃ সন্নিকৃষ্যতে। আত্মমনঃসন্নিকর্ধাৎ স্মৃতয়োহপি পর্য্যায়েণ ভবস্তীতি।

অসুবাদ। জ্ঞান যাহার সাধন, অর্থাৎ জ্ঞানজন্য সংস্কার, "জ্ঞান" এই শব্দের দ্বারা উক্ত হইয়াছে। জ্ঞানদ্বারা সংস্কৃত অর্থাৎ সংস্কারবিশিষ্ট আত্মার প্রাদেশগুলির সহিত ক্রমশঃ মন সন্নিকৃষ্ট হয়। আত্মা ও মনের (ক্রমিক) সন্নিক্ষজন্য সমস্ত স্মৃতিও ক্রমশঃ জন্মে।

টিপ্লনী। মনের অণুত্বশতঃ যুগপৎ নানা ইন্দ্রিয়ের সহিত মনের সংযোগ হইতে না পারায় ঐ কারণের অভাবে যুগপৎ নানা প্রত্যক্ষ হইতে পারে না, ইহ। পূব্বে বলা হইয়াছে এবং জ্ঞান আত্মার গুণ, এই সিদ্ধান্তে পূর্ব্বপক্ষবাদীর আশক্ষিত দোঘও নিরাকৃত হইয়াছে। এখন ভাঘাকার ঐ সিদ্ধান্তে আর একটি পূর্ব্বপক্ষের অবতারণা করিতে বলিয়াছেন যে, জ্ঞান আত্মার গুণ হইলে স্মৃতিরাপ জ্ঞান যুগপৎ কেন জনেম না । সমৃতিকার্য্যে ইন্দ্রিয়ান কারণ নহে। পূর্ব্বানুভবজনিত সংস্কারই সমৃতির সাক্ষাৎ কারণ। আত্মার ও মনের সিয়িকর্ম, জন্য জ্ঞানমান্তের সমান কারণ, স্থতরাং উহা সমৃতিরও সমান কারণ। অর্থাৎ একরপ আত্মন:স্মিকর্মই সম্ভরং উহা সমৃতিরও সমান কারণ। অর্থাৎ একরপ আত্মন:স্মিকর্মই সমন্ত সমৃতির কারণ। জীবের আত্মাতে অসংখ্যবিষয়ক অসংখ্য জ্ঞানজন্য অসংখ্য সংস্কার বর্ত্তমান আছে, এবং আত্মা ও মনের সংযোগরাপ সমিকর্ম,

ষাহা সমস্ত সমৃতির সমান কারণ, তাহাও আছে, স্মৃতরাং সমৃতিরূপ জানের যে সমস্ত কারণ, তাহাদিগের যৌগপদাই আছে। তাহা হ**ই**লে **কোন** একটি मः श्वातकता दर्गन विषयात स्पत्र निर्माण विषयात स्वाति । स्थातकता विषयात स्वाति । स्थातकता विषयात स्वाति । स्थातकता विषयात स्वाति । स्थाति । स्वाति নানা বিষয়েরও সমরণ হউক ? সমৃতির কারণসমূহের যৌগপদ্য হইনে স্মৃতিরূপ কার্য্যের যৌগপদ্য কেন হইবে ন। ? এই পূর্ব্বপক্ষের নিরাদের জন্য কেহ বলিয়াছিলেন যে, আত্মা ও মনের সরিকর্ঘ সমস্ত সমৃতির কারণ হইলেও বিভিন্নরূপ আত্মন:গনিকর্ঘই বিভিন্ন স্মৃতির কারণ, সেই বিভিন্নরূপ আত্মন: সল্লিকর্ষের যৌগপদ্য সম্ভব না হওয়ায় তজ্জন্য নানা সমৃতির যৌগ-পদ্য হইতে পারে না। অর্থাৎ একই সময়ে নানা সমৃতির কারণ নানাবিং আত্মন:স্ত্রিকর্ঘ হইতে না পারায় নানা স্মৃতি জন্মিতে পারে না। মহিছ এই সূত্রের বার। পরোক্ত এই সমাধানের উল্লেখ করিয়। বিচারপূর্ব্বক এই সমাধানের **খণ্ডন** করি**য়াছেন। ভাষ্য**কারও পূর্ব্বোক্ত তাৎপর্যোই এই সূত্রের অবতারণা করিয়াছেন। যাহার ঘারা স্মরণরূপ জ্ঞান **জন্মে, এই অর্থে** সূত্রে সংস্থার অর্থে 'জ্ঞান'' শবদ প্রযুক্ত হইয়াছে । ''জ্ঞান'' অর্থাৎ সংস্থার বাহাতে সমবেত, (সমবায় সম্বন্ধে রর্ত্তমান), এইরূপ যে আত্মপ্রদেশ, অর্থাৎ আত্মার ভিন্ন ভিন্ন স্থান, তাহার সহিত মনের সন্নিকর্ষজন্য স্মৃতির উৎপত্তি হয়, ্স্তিরাং যুগপৎ নান। স্মৃতি জন্মিতে পারে না, ইহা**ই এই সূত্রের খার। ব**না হইয়াছে। প্রদেশ শবেদর মুখ্য অর্থ কারণদ্রব্য, জন্য দ্রব্যের অবয়ব ব তংশই তাহার কারণ দ্রব্য, তাহাকেই ঐ দ্রব্যের প্রদেশ বলে। স্থতরাং নিত্য দ্রব্য আত্মার প্রদেশ নাই। 'আত্মার প্রদেশ' এইরূপ প্রয়োগ সমীচীন নহে। মহবি বিতীয় অধ্যায়ে (২য় আ:, ১৭শ সূত্রে) একথা বলিয়াছেন। কিন্ত এখানে অন্যের মত বলিতে তদনুসারে গৌণ অর্থে আছার প্রদেশ বলিয়াছেন। স্মৃতির যৌগপদ্য নিরাদ করিতে মহাণি এই সূত্রের ^{হারা} অপরের কথা বলিয়াছেন যে, স্মৃতির কারণ ভিন্ন ভিন্ন সংস্কার আত্মার একই ম্বানে উৎপন্ন হয় না। আম্বার ভিন্ন ভিন্ন প্রদেশেই ভিন্ন ভিন্ন সংস্কার উৎপ হয়। এবং যে সংস্কার আত্মার যে প্রদেশে জনিময়াছে, সেই প্রদেশের সহিত মনের সন্নিকর্ঘ হইলে সেই সংস্কারজন্য স্মৃতি জন্মে। একই সময়ে আৰা সেই সমস্ত প্রদেশের সহিত অতি হ্মননের সংযোগ হ**ইতে থারে** না ক্রমশ:ই সেই সমস্ত সংস্কারবিশিষ্ট আত্মপ্রদেশের সহিত মনের সংযোগ হওয়ায় ক্রমশ:ই ভজ্জন্য ভিন্ন ভিন্ন নান। স্মৃতি জন্মে। স্মৃতির কারণ নানা সংস্থাবের যৌগপদ্য থাকিলেও পুর্ব্বোজরূপ বিভিন্ন আত্মন:সংযোগে বৌগপ**দ্য সম্ভব না** হওয়ার স্মৃতির যৌগপদ্যের আ**পত্তি করা যা**য় না ।। ২৫ ।।

সূত্র। নান্তঃশরীরম্বতিত্বান্মনসঃ ॥২৬॥২৯৭॥

অন্থবাদ। (উত্তর) না, অর্থাৎ পূর্ব্বোক্ত উত্তর বলা যায় না, যেহেতু মনের শরীরমধ্যেই বর্তমানছ আছে।

ভাষ্য। সদেহস্তাত্মনে। মনসা সংযোগো বিপচ্যমানকর্ত্মাশয়সহিতো দ্বীবনমিষ্যতে, তত্রাস্থ্য প্রাক্প্রায়ণাদস্তঃশরীরে বর্ত্তমানস্থ মনসঃ শরীরা-দ্বহির্জ্জানসংস্কৃতিরাত্মপ্রদেশেঃ সংযোগো নোপপগুত ইতি।

অসুবাদ। "বিপচ্যমান" অর্থাৎ যাহার বিপাক বা ফলভোগ হইতেছে, এমন "কর্মাশয়" অর্থাৎ ধর্মাধর্মের সহিত দেহবিশিষ্ট আত্মার মনের সহিত সংযোগ, জীবন স্বীকৃতৃ হয়, অর্থাৎ পূর্ক্বাক্তরূপ আত্মনঃ- সংযোগবিশেষকেই জীবন বলে। তাহা হইলে মৃত্যুর পূর্কেব অর্থাৎ পূর্ক্বাক্তরূপ জীবন থাকিতে শরীরের মধ্যেই বর্ত্তমান এই মনের শরীরের বাহিরে জ্ঞান-সংস্কৃত নানা আত্মপ্রদেশের সহিত সংযোগ উপপন্ন হয় না।

টিপ্লনী। পূর্ব্বসূত্রোক্ত সমাধানের খণ্ডন করিতে মহন্বি এই সূত্রের বারা বলিয়াছেন যে, মন ''অন্তঃশরীরবৃত্তি'' অর্থাৎ জীবের মৃত্যুর পূর্ব্বে মন 'বীরের বাহিত্রে যায় না, স্থতরাং পূর্ব্বসূত্রোক্ত সমাধান হইতে পারে না। মৃত্যুর পূর্ব্বে অর্থাৎ জীবনকালে মন শরীরের মধ্যেই থাকে, নচেৎ জীবনই খাকে না, ইহা বুঝাইতে ভাষ্যকার এখানে জীবনের স্বরূপ বলিয়াছেন যে, দেহবিশিষ্ট আত্মার সহিত মনের সংযোগই জীবন, দেহের বাহিত্রে আত্মার সহিত মনের সংযোগই জীবন, দেহের বাহিত্রে আত্মার সহিত মনের সংযোগ আত্মার সহিত পারে। স্থতরাং দেহবিশিষ্ট আত্মার সহিত অর্থাৎ দেহের মধ্যে আত্মার সহিত মনের সংযোগকেই 'জীবন'' বলিতে হইবে। কিন্তু শরীরবিশিষ্ট আত্মার সহিত বেক ক্ষেণিকের শত্মীবন ব্যবহার হয় না, ধর্মাধন্দের ফলভোগারন্ত হইনেই জীবন-ব্যবহার হয়। এজন্য ভাষ্যকার "বিপ্রচামানকর্দ্মাশ্রসহিতঃ'' এই বাক্ষের হার পূর্ব্বিকরূপ মন:সংযোগকে

বিশিষ্ট করিয়া বলিয়াছেন। ধর্ম ও অধর্মের নাম "কর্মাশয়" । d কর্মাশয়ের বিপাক অর্থাৎ ফলভোগ হইতেছে, তাহাই বিপচ্যমান কর্মাণ্য তাদুশ কর্মশার সহিত যে দেহবিশিষ্ট আত্মার সহিত মন:সংযোগ, তাহা ^{জৌবন}। ধর্মাধর্মের ফলভোগারন্তের প**র্ববর্তী আত্মন:গংযোগ**া নহে। জীবনের পুর্বোক্ত স্বরূপ নির্ণীত হইলে জীবের 'প্রায়ণের'' (মৃত্যু शृद्ध्व पर्वा९ कीवनकारन मन मंत्रीरतद मरमाष्ट्र थारक, देश श्रीकांगा স্থতরাং শরীরের বাহিরে সংস্কারবিশিষ্ট ভিন্ন ভিন্ন আ**ত্মপ্রদেশের সহিত** মনে সংযোগ উপপন্ন হইতে পারে না। মহ্মির গুচু তাৎপুর্যা এই যে, আগ ভিন্ন ভিন্ন প্রদেশে ভিন্ন ভিন্ন শংস্কারের উৎপত্তি হয়, এইরূপ করন। করিনে যে প্রদেশে একটি সংস্থার জনিমাছে, সেই প্রদেশেই অন্য সংস্থারের উৎপরি বলা যাইবে না। তাহা বলিলে আত্মার একই প্রদেশে নানা সংস্কার বর্তকা পাকায় সেই প্রদেশের সহিত মনের সংযোগ হইলে—সেথানে একই সম সেই নানাসংস্কারজন্য নান। সমৃতির উৎপত্তি হইতে পারে। স্কুতরাং ৫ আপত্তির নিরাসের জন্য প্রেবাক্তিরূপ কল্পনা করা হইয়াছে, সেই আপঙি নিরাস হয় না । স্থতরাং আম্বার এক একটি প্রদেশে ভিন্ন ভিন্ন এক একা সংস্কারই জনেম, ইহাই বলিতে হইবে। কিন্তু শরীরের মধ্যে আছার প্রদেশ গুলিতে অসংখ্য সংস্কার স্থান পাইবে না। সূত্রাং শ্রীরের মধ্যে আর যতগুলি প্রদেশ গ্রহণ করা যাইবে, সেই সমস্ত প্রদেশ সংস্কারপূর্ণ হইলে তা শরীরের বাহিরে সংর্বব্যাপী আত্মার অসংখ্য প্রদেশে ক্রমশ: অসংখ্য সংখ্য জন্মে এবং শরীরের বাহিরে আত্মার সেই সমন্ত প্রদেশের সহিত ক্রমশঃ মনে সংযোগ হইলে সেই সমস্ত সংস্কারজন্য ক্রমশঃ নানা সমৃতি জনেম, ইয়া বলিতে হইবে। কিন্ত জীবনকাল পর্যান্ত মন ''অন্ত:শরীরবৃত্তি''; সূত্র মৃত্যুর পর্বের মন শরীরের বাহিরে না যাওয়ায় প্রেরাজরাপ সমাধান উপগ মনের অন্ত:শরীরবৃত্তিত কি? এই বিঘয়ে বিচারপূর্বক উদ্দোত কর শেষে বলিয়াছেন যে, শরীরের বাহিরে মনের কার্য্যকারিতার অভাব মনের অন্ত:শরীরবৃত্তিছ। যে শরীরের হারা আত্মা কর্ম করিতেছেন, ^{গে} শরীরের সহিত সংযুক্ত মনই আত্মার ভানাদি কার্য্যের সাধন ^{হইট} थारक ।। २७॥

১। ক্লেশ্যুলঃ কর্মাশয়োঃ দৃউাদৃউজয়বেদনীয়ঃ।—য়োগসূয়, সাধনপাদ, ১২।
পুল্যাপুলাকর্মাশয়ঃ কামলোভমোহজ্যোধয়সবঃ।—ব্যাসভায়।
আশেয়তে সাংসায়িকাঃ পুরুষা অফিমন্ ইত্যাশয়ঃ, কর্মাপামাশয়ৌ ধর্মাধর্মে
—বাচস্পতি মিল টীব

সূত্র। সাধ্যত্বাদহেতৃঃ ॥২৭॥২৯৮॥

অসুবাদ। (পূর্বেপক্ষ) সাধ্যত্বশতঃ অর্থাৎ পূর্বেপুত্রে যে হেতৃ বলা হইয়াছে, তাহা সাধ্য, সিদ্ধ নহে, এ জন্ম অহেতৃ অর্থাৎ উহা হেতৃই হয় না।

ভাষ্য। বিপচ্যমানকর্মাশয়মাত্রং জীবনং, এবঞ্চ সভি সাধ্যমন্তঃ-শরীরবৃত্তিত্বং মনস ইতি।

অঙ্কুবাদ। বিপচ্যমান কর্মাশয়মাত্রই জীবন। এইরূপ হইলে মনের অন্তঃশরীরবৃত্তিছ সাধ্য।

টিপ্রনী। পূর্বসূত্রে যে মনের "অভ:শরীরবৃত্তিত্ব" হেতু বলা হইয়াছে, তাহা প্রেবাক্ত উত্তরবাদী স্বীকার করেন না। তাঁহার নতে সমরণের জন্য মন শরীরের বাহিরেও আত্মার প্রদেশবিশেষের সহিত সংযক্ত হয়। বিপচ্যমান क्त्रामग्रमाज्ये जीवन, मंत्रीद्रविभिष्टे जाजात महिल मरनत मः राया कीवन नरह । সূতরাং মন শরীরের বাহিরে গেলেও তখন জীবনের সন্তার হানি হয় না। তথনও জীবের ধর্মাধর্ম্মের ফলভোগ বর্ত্তমান থাকায় বিপচ্যমান কর্মাণয়রূপ জীবন থাকে। মৃত্যুর পরে পূর্বেদেহে আত্মার পূর্বোক্ত ধর্মাধর্মরূপ জীবন না পাকিলেও দেহান্তরে জীবন পাকে। মৃত্যুর পরে তথনই দেহান্তর-পরিগ্রহ শাস্ত্রসিদ্ধ । প্রশয়কালে এবং মুজিলাভ হ**ই**লেই পূর্বের্যাক্তরূপ জীবন থাকে না। ফলকথা, জীবনের স্বরূপ বলিতে শরীরবিশিষ্ট আত্মার মহিত মনের সংযোগ, এই কথা বলা নিপ্রাভন। স্থতরাং মন গরীরের বাহিরে গেলে জীবন থাকে না, ইহার কোন হেডু না থাকায় মনের অন্তঃশবীরবৃত্তিত অন্য যুক্তির ঘার। সাধন করিতে হইবে, উহা সিদ্ধ নহে, কিন্তু সাধ্য, সুতরাং উহা হেতু হইতে পারে না। উহার বারা পূর্বেকি দ্যাধানের খণ্ডন করা যায় না। পূৰ্বেভিভ মতবাদীর এই কথাই মহদি এই সূত্তের দার। বলিয়াছেল ।৷ ২৭ ৷৷

606

সূত্র। স্মরতঃ শরীরধারণোপপত্তেরপ্রতিষেধঃ॥ コイトコインショ

অমুবাদ। (উত্তর) শারণকারী ব্যক্তির শরীর ধারণের উপপত্তি-বশতঃ প্রতিষেধ নাই।

ভাষ্য। স্থুস্মুর্যয়া খব্দ্যং মনঃ প্রাণিদধানশ্চিরাদাপি কঞ্চিদর্থং স্মরতি, মারত চ শরীরধারণং দৃশাতে, আত্মমনঃসন্ধিকর্ষজ্ঞ প্রথাত্মে ভিবিধো ধারকঃ প্রেরকশ্চ, নি:স্তে চ শরীরাদ্বহির্মনসি ধারকস্ত প্রযত্নসাভাবাৎ গুরুত্বাৎ পতনং স্থাৎ শরীরস্থ স্মরত ইতি।

অমুবাদ। এই মার্তা সারণের ইচ্ছাপ্রাযুক্ত মনকে প্রণিহিত করত: বিলম্বেও কোন পদার্থকে স্মরণ করে, স্মরণকারী জ্লীবের শরীর ধারণও দেখা যায়। আত্মা ও মনের সন্নিকর্ষজ্ঞকা প্রযত্নও দিবিধ,—ধারক ও প্রেরক : কিন্তু মন শরীরের বাহিরে নির্গত হইলে ধারক প্রযত্ন না থাকায় গুরুত্বশত: স্মরণকারী ব্যক্তির শরীরের পতন হউক ?

টিপ্রনী। পৃথ্বসূত্রোজ দোমের নিরাসের জন্য মহমি এই সুজের হার। वनियार्ट्य (य, महनत ज्ञानतीत्रवृक्तियत প्रक्रिय कता यात्र ना वर्षाः कोवनकारल बन त्य भंदीरतत्र मताष्टे शांक, भंदीरतत्र वाहिरत बाग्न ना, देश অবশ্য **স্বীকার্য্য। কারণ, সমরণকারী ব্যক্তির সমরণকালেও শরীদ্ধ ধা**রণ দেখা যায়। কোন বিষয়ের সমরপের ইচ্ছ। হইলে তৎপ্রবৃদ্ধ তখন প্রণিহিত-मना इट्रेंगा विवासिक राष्ट्रे विषयात्र स्मत्ये करते । किन्न जर्मन मनी स्त्री বাহিরে গেলে শরীর ধারপ হইতে পারে না। শরীরের গুরুষবশত: তথন ভমিতে শরীরের পতন অনিবার্য্য হয় । কারণ, শরীরবিশিষ্ট আত্মার সহিত মনের সন্নিকর্ষজন্য আত্মাতে শরীরের প্রেরক ও ধারক, এই বিবিধ প্রয় क्यत्न । जन्मर्था बादक श्रेयपुष्टे भंदीरबद शंजरनद श्रेजियहरू । यन भंदीरिव वाद्यित र्शाल उर्थन धे बातक श्रेयापत कांत्रण ना बाकात छेटात जान हुए। সূতরাং তথন শরীরের ধারণ হইতে পারে না। গুরুষবিশিষ্ট রুব্যের প্তনের অভাৰই তাহার থতি বা ধারণ। কিন্ত ঐ পতনের প্রতিবন্ধক ধারক প্রমণ না থাকিতল সেখানে পাতন অবশাস্তাবী। কিছ যে কাল পর্যান্ত মনের হার। কোন বিষয়ের সমরণ হয়, তৎকাল পর্যান্ত ঐ সমরণ ও শরীর-ধারণ যুগপৎ দন্দে, ইহা দৃষ্ট হয়;—বাহা দৃষ্ট হয়, তাহা সকলেরই স্বীকার্যা। ২৮।।

সুত্র। ন তদাশুগতিত্বাম্মনসঃ ॥২৯॥৩০০॥

অসুবাদ। (পূর্ব্বপক্ষ) ভাহা হয় না, অর্থাৎ মন শরীরের বাহিরে গেলেও শরীরের পতন হয় না। কারণ, মনের আশুগতিত আছে।

ভাষা। আশুগতি মনস্তস্তা বহি:শরীরাদাত্মপ্রদেশেন জ্ঞানসংস্কৃতেন সন্ধিকর্মা, প্রত্যাগতস্তা চ প্রয়ম্মেশিনমূভয়ং যুক্তাত ইতি, উৎপাত্ত বা ধারকং প্রয়ম্মং শরীরান্ধি:সরণং মনসোহতস্তরোপপন্নং ধারণমিতি।

অমুবাদ। মন আশুগতি, (সুতরাং) শরীরের বাহিরে জ্ঞান
দারা সংস্কৃত অর্থাৎ সংস্কারবিশিষ্ট আত্মার প্রদেশবিশেষের সহিত তাহার
সন্ধিকর্ম, এবং প্রত্যাগত হইয়া প্রযত্নের উৎপাদন, উভয়ই সম্ভব হয়।
অথবা ধারক প্রযত্ন উৎপন্ন করিয়া মনের শরীর হইতে নির্গমন হয়,
অভএব সেই স্থলে ধারণ উপপন্ন হয়।

টিপ্পনী। মহাদি পূর্ব্বসূত্রোক্ত দোঘের নিরাদ করিতে এই সূত্রের খার পূর্বপক্ষদানীর কথা বলিরাছেন যে, মন শরীরের বাহিরে গেলেও শরীর ধারণের অনুপাপত্তি নাই। কারণ, মন অতি ক্রতগতি, শনীরের বাহিরে গংস্কারবিশিষ্ট আছার প্রদেশবিশেষের সহিত মনের সংযোগরূপ সন্নিকর্ষ জনিমলেই তথনই আবার শরীরের প্রত্যাগত হইয়া, এ মন শরীরধারক প্রয়ত্ত উৎপন্ন করে। মুতরাং শরীরের পতন হইতে পারে না। যদি কেহ বলেন যে, যে কাল পর্যান্ত মন শরীরের বাহিরে থাকে, সেই সময়ে শরীরধারণ কিরূপে হইবে? এছন্য ভাষ্যকার পূর্ব্বপক্ষবাদীর পক্ষ সমর্থনের জন্য শেষে করান্তরে বলিয়াছেন যে, অথবা মন শরীরধারক প্রয়ত্ত উৎপন্ন করিছাই শরীরের বাহিরে নির্গত হয়, এ প্রবৃত্তই তৎকালে শরীর পতনের প্রতিষ্ঠিক রাণে বিদ্যান থাকায় তথান শরীর ধারণ উৎপন্ন হয়। সূত্রে 'তেং'শবেষর বারা শরীরের পতনই বিবিক্ষিত। পরবর্তী রাধানোহন

গোস্বামি-ভট্টাচার্য্য ''ন্যায়সূত্রবিবরণে' ব্যাখ্যা করিয়াছেন,—''ন ए मनोता**धात्रगः'' ॥** २৯ ॥

. সূত্র। ন স্মর্ণকালানিয়মাৎ ॥৩০॥৩০১॥

অমুবাদ । (উত্তর) না, অর্থাৎ মনের আশুগতিত্বশত: শরীঃ ধারণ উপপন্ন হয় না। কারণ, স্মরণের কালের নিয়ম নাই।

ভাষ্য। কিঞ্চিৎ ক্ষিপ্রং স্মর্য্যতে, কিঞ্চিচরেণ ; যদা চিরেণ, তন সুস্মর্ধ য়। মনসি ধার্যামাণে চিম্ভাপ্রবন্ধে সতি কস্তচিদেবার্থক্ত লিক্সভূতন্ত চিন্তনমারাধিতং স্মৃতিহেতুর্ভবতি। তবৈতচ্চিরনিশ্চরিতে মনসি নোণ প্ৰজ্ঞত ইতি ৷

শ্রীরসংযোগানপেক্ষশ্চাত্মনঃসংযোগে ন স্মৃতি-হেতুঃ, শরীরস্যোপভোগায়তনত্বাৎ।

উপভোগায়তনং পুরুষস্থ জ্ঞাতুঃ শরীরং, ন ততো নিশ্চরিতস্থ মন আত্মসংযোগমাত্রং জ্ঞানস্থাদীনামূৎপত্ত্যৈ কল্পতে, কুপ্তৌ চ শরীঃ বৈয়র্থামিতি।

অমুবাদ। কোন বস্তু শীঘ্ৰ স্মৃত হয়, কোন বস্তু বিলম্বে স্মৃত হয় যে সময়ে বিলপ্তে স্মৃত হয়, সেই সময়ে স্মরণের ইচ্ছাবশত: ম ধার্যামাণ হইলে অর্থাৎ স্মরণীয় বিষয়ে মনকে প্রণিহিত করিলে তখ চিন্তার প্রবন্ধ (স্মৃতির প্রবাহ) হইলেং লিঙ্গভূত অর্থাৎ অসাধারণ

১। প্রচলিত সমস্ত পুস্তকেই "উৎপত্তৌ" এইরাপ পাঠ আছে। কিন্তু এখানে সামর্থ্যবোধক কৃপ ধাতুর প্রয়োগ হওয়ায় তাহার যোগে চতুর্থী বিভজিই প্রযোজ, ভাষ্যকার এইরাপ ছলে অন্যন্ত চতুর্থী বিভভিরই প্রয়োগ করিয়াছেন ৷ তাই এখানেও ভাষ্যকার "উংপভ্যৈ" এইরূপ চতুথী বিভব্তিযুক্ত প্রয়োগ করিয়াছেন মনে হওয়ায় ঐরূপ পাঠই গৃহীত হইল। (১ খণ্ড ২৩০ পৃঠায় পাদটীকা দুন্টব্য)।

২। ভাষো ''চিভারবন্ধঃ'' স্মৃতিরবন্ধঃ। ''কস্যচিদেবার্থস্য নিরভূতস্য'', চিহ'-ভূতস্য অসাধারণস্যেতি যাবৎ। ''চিন্তনং'' স্মরণং, ''আরাধিতং'' সিদ্ধং, চিম্প্রতা সম্ভিহেত্র্ভবভীতি।—ভাৎপর্যাচীকা।

হ্নভূত কোন পদার্থের চিন্তন (স্মরণ) আরাধিত (সিদ্ধ) হইয়া নরণের হেতু হয় (অর্থাৎ সেই চিহ্ন বা অসাধারণ পদার্থটির স্মরণাই নখানে সেই চিহ্নবিশিষ্ট পদার্থের স্মরণ জন্মায় সেই স্থলে অর্থাৎ ক্রন্ত বিলম্বে স্মরণস্থলে মন (শরীর হইতে) চিব্রনির্গত হইলে ইং। বর্থাৎ পূর্ববৃত্তিত শরীর ধারণ উপপন্ন হয় না।

এবং শরীরের উপভোগায়তনত্বনত: শবীরসংঘোগনিরপেক্ষ আন্ধ্রনঃসংযোগ, স্মরণের হেতু হয় না। বিশদার্থ এই যে—শরীর জ্ঞাতা পূরুষের উপভোগের আয়তন অর্থাৎ অধিষ্ঠান, সেই শরীর হইতে নির্গত মনের আত্মার সহিত সংযোগমাত্র, জ্ঞান ও সুখাদির উৎপত্তির নিমিত্ত সমর্থ হয় না, অর্থাৎ শরীরের বাচিরে কেবল আত্মার সহিত যে মনসংযোগ, তাহার জ্ঞান ও সুখাদিব উৎপাদনে সামর্থ্যই নাই, সামর্থ্য থাকিলে কিন্তু শরীরের বৈয়র্থ্য হয়।

টিপ্পনী। পূর্ব্বস্ত্রোক্ত সমাধানের খণ্ডন করিতে মহাঘি এই স্ত্রের গারা বলিয়াছেন যে, সমরণের কালনিয়ন না থাকায় মন আশুগতি হইলেও শরীর ধারণের উপপত্তি হয় ন)। যেখানে অনেক চিন্তার পরে বিলম্বে সেরণ হয়. সেথানে মন শরীর হইতে নির্গত হইয়। স্মর**ণ**কাল পর্য্যন্ত শরীরের বাহিত্রে থাকিতন তৎকালে শরীর-ধারণ হইতে পারে ন।। ভাষ্য-কার ইহা বুঝাইতে বলিয়াছেন যে, যে দময়ে বিলম্বে কোন পদার্থের শরণ হয়. সেই সমন্তর সমরণের ইচ্ছাপ্রযুক্ত ত্র্বিষয়ে মনকে প্রণিহিত করি**লে চিন্তার প্রবাহ** অর্থাৎ নান। স্মৃতি জ**ে**ন্ম। এইরূপে যখন সেই স্বরণীয় পদার্থের কোন অসাধারণ চিচ্ছের স্মরণ হয়, তথন সেই স্মরণ, গেই চিহ্নবিশিষ্ট সমরণীয় পদার্থের সমৃতি জন্মায়। তাগ হইলে সেই চরম ম্মরণ না হওরা পর্যান্ত মন শরীরের বাহিরে থাকে, ইহা স্বীকার্য্য। স্বতরাং তৎকাল পর্যান্ত শরীর ধারণ হইতে পারে না। মন ধারক প্রয়ত্ত উৎপাদন করিয়া শরীরের বাহিরে গেলেও ঐ প্রয়ত্ন তৎকাল পর্যান্ত ধাকিতে পারে না। কারণ, তৃতীয় ক্ষণেই প্রয়ত্তর বিনাশ হইয়া থাকে। ভাষ্যকার শেষে নিচ্ছে আরও একটি যুক্তি বলিয়াছেন বে, মন শরীরের বাহিরে গেলে মনের সহিত শরীরের সংযোগ থাকে না, কেবল আত্মার শহিতই মনের সংযোগ থাকে। স্থতরাং ঐ সংযোগ, জ্ঞান ও স্থধাদির

উৎপাদনে সমর্থই হয় না। কারপ, শরীর আত্মার উপভোগের আয়জ শরীরের বাহিরে আত্মার কোনরাপ উপভোগ হইতে পারে না। শরীরে বাহিরে কেবল আত্মার সহিত মনের সংযোগ-জন্য জ্ঞানাদির উৎপত্তি হইনে শরীরের উপভোগায়তনত্ব থাকে না, তাহা হইলে শরীরের উৎপত্তি ব্যর্থ হয়। অর্থাৎ যে উপভোগ সম্পাদনের জন্য শরীরের স্বাষ্টি হইয়াছে, তাহা যদি শরীরের বাহিরে শরীর বাতিরেকেও হইতে পারে, তাহা হইলে শরীর স্বাতিরেকেও হইতে পারে, তাহা হইলে শরীর স্বাতিরেকেও হইতে পারে, তাহা হইলে শরীর স্বাতিরেকেও হইতে পারে, তাহা হইলে শরীর স্বাতিরেক বাহিরে আত্মার স্বাত্রের বাহিরে বাহিরে বাহিরে বাহিরে কার্যা। অত এব মন শরীরের বাহিরে যাইয়া আত্মার প্রবাদেশবাদের সহিত সংযুক্ত হইলে তথনই বিদ্যাবিশেদ্যে স্বৃতি জনের, ঐরপ মন:সংযোগের যৌগপদ্য না হওয়ার স্বৃতিরও যৌগপদ্য হইতে পারে না, এইরূপ সমাধান কোনরপেই সম্ভব নহে ।।৩০।।

সূত্র। আত্মপ্রেরণ-যদৃচ্ছা-জ্ঞতাভিশ্চ ন সংযোগ-বিশেষঃ।।৩১।।৩০২।।

অঙ্কুবাদ। আত্মা কর্তৃক প্রেরণ, অথবা যদূচ্ছা অর্থাৎ অকস্মাৎ, অথবা জ্ঞানবত্তাপ্রযুক্ত (শরীরের বাহিরে মনের) সংযোগবিশেষ হয় না।

ভাষ্য। আত্মপ্রেরণেন বা মনসো বহি: শরীরাৎ সংযোগবিশেষ আৎ ? যদৃচ্ছায়া বা আকস্মিকতয়া, জ্ঞতয়া বা মনসঃ ? সর্ব্ধা চাঙ্গুপপত্তি:। কথং ? স্মর্ত্রব্যভাদিচ্ছাত: স্মরণাজ্জানাসম্ভবাচচ। যদি তাবদাত্ম। অমুয্যার্থস্য স্মৃতিহেতু: সংস্কারোহমুম্মিয়াত্মপ্রদেশে সমবেতত্তেন মনঃ সংযুজ্যভামিতি মনঃ প্রেরয়তি, তদা স্মৃত এবাসাবর্থো ভবতি ন স্মর্ত্রব্য:। ন চাত্মপ্রভাক্ষ আত্মপ্রদেশঃ সংস্কারো বা, ভত্রাঙ্গুপ-পয়াত্মপ্রভাক্ষেণ সংবিত্তিরিতি। সুস্মূর্বয়া চায়ং মনঃ প্রণিদ্ধানশ্চিরাদপি কঞ্চিদর্থং স্মরতি নাকস্মাৎ। জ্ঞত্বণ মনসো নাস্তি, জ্ঞান-প্রতিষেধাদিতি।

অঙ্গুবাদ। শরীরের বাহিরে মনের সংযোগবিশেষ কি (১) আগ্না কর্ত্ত্ব মনের প্রেরণবশতঃ হয় । অথবা (২) যদৃচ্ছাবশতঃ (অর্থাৎ) আক্ষমিকভাবে হয় । (৩) অথবা মনের জ্ঞানবত্তাবশতঃ হয় । সর্ব- প্রকারেই উপপত্তি হয় না। (প্রশ্ন) কেন! অর্থাৎ পূর্ব্বোক্ত তিন প্রকারেই শরীরের বাহিরে মনের সংযোগবিশেষ উপপন্ন হয় না কেন! (উত্তর) (১) শারণীয়ত্বপ্রফুর, (২) ইচ্ছাপূর্ব্বক শারণপ্রযুক্ত, (৩) এবং মনে জ্ঞানের অসম্ভব প্রযুক্ত। তাৎপর্য্য এই যে, যদি (১) আত্মা "এই পদার্থের শ্বৃতির কারণ সংস্কার এই আত্মপ্রদেশে সমবেত আছে, তাহার সহিত মন: সংযুক্ত হউক," এইরূপ চিন্তা করিয়া মনকে প্রেরণ করে, তাহা হইলে এই পদার্থ অর্থাৎ মন:-প্রেরণের জন্ম পূর্ব্বচিন্তিত সেই পদার্থ শ্বৃতই হয়, শারণীয় হয় না। এবং আত্মার প্রত্যক্ষর দারা সংবিত্তি (জ্ঞান) উপপন্ন হয় না। এবং (২) শারণের ইচ্ছাবশতঃ এই শার্থা মনকে প্রণিহিত করতঃ বিদান্তে কোন পদার্থকে শারণ করে; অকশ্মাৎ শারণ করে না। এবং (৩) মনের জ্ঞানবত্তা নাই। কারণ, জ্ঞানের প্রতিষেধ হইয়াছে, অর্থাৎ জ্ঞান যে মনের গুণ নহে, মনে জ্ঞান জন্মে না, ইহা পূর্ব্বেই প্রতিপন্ন হইয়াছে।

টিপ্লনী। বিষয়বিশেষের সমরপের জন্য মন শরীরের বাহিরে যাইয়।

মাদ্ধার প্রদেশবিশেষের সহিত সংযুক্ত হয়, এই মত খণ্ডিত হইয়াছে। এখন

ঐ মত-খণ্ডনে মহামি এই সূত্রের হারা অপরের কথা বলিয়াছেন যে, আত্মাই

মনকে শরীরের বাহিরে প্রেরণ করেন, তচ্জন্য শরীরের বাহিরে আত্মার

প্রদেশবিশেষের সহিত মনের সংযোগ জনেন, ইহা বলা যায় না। মন

অকসমাৎ শরীরের বাহিরে যাইয়া আত্মার প্রদেশবিশেষের সহিত সংযুক্ত হয়,

ইহাও বলা যায় না। এবং মন নিজের জ্ঞানবত্তাবশতঃ নিজেই কর্ত্তরা বুরিয়া

শরীরের বাহিরে যাইয়া আত্মার প্রদেশবিশেষের সহিত সংযুক্ত হয়,

ইহাও

বলা যায় না। পুর্কোক্ত কোন প্রকারেই যখন শরীরের বাহিরে মনের

ঐরপ সংযোগবিশেষ উপপর হয় না, তথন আর কোন প্রকার না থাকায

সর্কপ্রসারেই উহা উপপর হয় না, ইহা স্বীকার্য্য। আত্মাই শরীরের বাহিরে

মনকে প্রেরণ করায়, মনের পুর্কোক্তরূপ সংযোগবিশেষ জন্মে, এই প্রথম

পক্ষের অনুপ্রপত্তি বুঝাইতে ভাষ্যকার "সমর্ত্ব্যত্বাহা" এই কথা বলিয়া, প্রের

ভাহার ভাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, আত্মা যে পদার্থকে সমরণ করিবার

জন্য মনকে শরীরের বাহিরে প্রেরণ করিবেন, সেই পদার্থ তাঁহার সমর্ভবা' অর্থাৎ মন:-প্রেরণের পূর্বে তাহ। সমৃত হয় নাই, ইহা স্বীকার্যা। কিন্ত আছা ঐ পদার্থকে সমরণ করিবার জন্য মনকে শরীরের বাহিরে প্রেরণ করিলে ''এই পদার্থের স্মৃতির জনক সংস্কার এই আত্মপ্রদেশে সময়েবত আছে, সেই আত্মপ্রদেশের সহিত মন: সংযুক্ত হউক" এইরূপ চিন্তা করিয়াই মনকে প্রেরণ করেন, ইহা বলিতে হইবে। নচেৎ আত্মার প্রেরণজন্য যে কোন প্রদেশে মন:সংযোগ জনমলে সেই সমর্ত্ব্য বিষয়ের সমরণ নির্বাহ হুইতে পারে ন।। কিন্ত আত্ব। পুৰ্বেৰ্বাজন্ত্ৰপ চিন্তা করিয়া মনকে প্রেরণ করিলে তাহার সেই সমর্ভব্য বিষয়টি মন: প্রেরণের পূর্ব্বেই চিন্তার বিষয় হইয়া সমৃতই হয়, তাহাতে তথন আর সমর্ত্ব্যত্ব থাকে না। স্মৃত্রাং আত্মাই তাঁহার সমর্ত্ব্য বিষয়-विराधित स्मत्रत्वेत जना मनरक भन्नीरतत विष्टित (श्रेत्रण करतन, उच्छना আত্মার প্রদেশবিশেষের সহিত মনের সংযোগ ছনেম, এই পক্ষ উপথয় হয় না। পূর্ট্বোক্ত যুক্তিবাদী যদি বলেন যে, আত্মা তাঁহার স্মৃতির জনক সংস্কার ও সেই সংস্কারবিশিষ্ট আজুপ্রদেশকে প্রত্যক্ষ করিয়াই त्मेरे थेएएएमे मनरक थ्येत्रन करतन, मन: (श्वेतरनेत चना शृर्स्व जीशांत त्मेरे স্মর্ত্রের বিষয়ের স্মরণ অনাবশ্যক, এই জন্য ভাষ্যকার বলিয়াছেন যে,—অন্থার সেই প্রদেশ এবং সেই সংস্কার আন্থার প্রত্যক না, ঐ সংস্কার অতীন্দ্রিয়, স্মৃতরাং তৃষ্কিয়ে আত্মার মানস প্রত্যক্ষণ্ড ছইতে পারে না। মন অ্কস্মাৎ শরীরের বাহিরে যাইয়া আশার প্রদেশবিশেষের সহিত সংযুক্ত হয়, এই দিতীয় পক্ষের অনুপপত্তি বুঝাইতে ভাষ্যকার পূর্কে (২) ''ইচ্ছাত: সমরণাৎ'' এই কথা বলিয়া, পরে তাহার তাৎপর্য্য ব্যাধ্যা করিয়া**ছেন যে,** সম**র্ত্ত। সমন্ত্রণের ইচ্ছাপূর্বকি বিলয়েও** . কোন পদার্থকে সমরণ করেন, অকসমাৎ সমরণ করেন না। তাৎপর্য্য এই যে, সমর্ত্তা যে স্থানে সমরণের ইচ্ছ। করিয়া মনকে প্রণিহিত করত: विनम्ब कान अमर्थिक स्मत्र करत, त्मरे चारन शुर्क्वाक बुक्किवामीत मत्त শরীরের বাহিরে আত্মার প্রদেশবিশেষের সহিত মনের সংযোগ অকসমাৎ इस ना. न्यतरानेत्र देख्या इटेरन ७९थयुक्तरे मरनत के नःरयांशविराध चरान्य, ইহা স্বীকার্যা। পরন্ধ অকসমাৎ মনের ঐ সংযোগবিশেষ জনেম, এই কথার शाता विना कांत्र नरे के ग्रांचार्गविर क करन्म, এই वर्ष वृतिराख भाति না। কারণ, বিনা কারণে কোন কার্য্য জন্মিতে পারে না। অকস্মাৎ মনের ঐক্সপ সংযোগবিশেষ জনেন, অর্থাৎ উহার কোন প্রতিবন্ধক নাই, ইহ। বলিলে স্বরপের বিষয়-নিয়ম থাকিতে পারে না। ঘটের সময়ত্বের কারণ

উ**ণদ্বিত**ুহইলে তথন পটবিষয়ক সংস্কারবিশিষ্ট আত্মার প্রদেশবিশেষে অকস্মাৎ মনের সংযোগ-জন্য পটের স্মর্পও হইতে পারে। মন নিজের জানবত্ত। প্রযুক্তই শরীরের বাহিরে যাইয়া আত্মার প্রদেশবিশেষের সহিত গংৰুক্ত হয়, এই তৃতীয় পক্ষের অনুপপত্তি বুঝাইতে ভাষ্যকার পূর্কে (৩) 'জ্ঞানাসম্ভবাক্ত'' এই কথা বলিয়া, পরে উহার তাৎপর্য্য ব্যাখ্যা করিয়াছেন বে, মটেবর জ্ঞানবতাই নাই, পুৰেব ই মনের জ্ঞানবত। ,খণ্ডিত হইয়াছে। মুতরাং মন নিচেত্রর জ্ঞানবতাপ্রযুক্তই শরীরের বাহিবে যাইয়া আতার প্রদেশ-বিশেষের সহিত সংযুক্ত হয়. এই ততীয় পক্ষও বলা যায় না। প্রচলিত ব**বন্ধ ভাষ্যপুত্তকেই '**'স্মর্ত্তব্যথাদিচ্ছাত: স্মরণজ্ঞানাসম্ভবাচ্চ'' এইরূপ পাঠ আছে। কিন্তু সূত্রোক্ত বিতীয় পক্ষের অনুপপন্তি বুঝাইতে ভাষ্যকার **''ইচ্ছাত: স্মরণাং'' এইরূপ** বাক্য এবং তৃতীয় পলের অনুপত্তি ব্রাইতে "জ্ঞানাসভ্তৰাচ্চ'' এইরূপে বাকাই বলিয়াছেন, ইহাই বুঝা যায়। কোন জ্ঞানই মনের গুণ নহে, মনে প্রত্যক্ষাদি জ্ঞানমাত্রেরই অসভব, ইহাই <mark>'জোনাসম্ভবাৎ'' এই বা</mark>ক্য দারা ভাষ্যকার বলিয়াছেন। পরে ভাষ্যকারের "জ্ঞত্বঞ্চ মনসো নান্তি" ইত্যাদি ব্যাখ্যর হার। এবং হিতীয় পক্ষে "সুসমূর্ঘ্য। চারং.....সমরতি' ইত্যাদি ব্যাখ্যা বারাও ''ইচ্ছাত: সমরণাৎ'' এইরূপ পাঠই প্রকৃত বলিয়া বুঝা যায়। স্থতরাং প্রচলিত পাঠ গৃহীত হয় নাই।। ৩১॥

ভাষা। এওচ

সূত্র। ব্যাসক্তমনসঃ পাদব্যথনেন সংযোগবিশেষেণ সমানং । ৩২॥৩০৩॥

অসুবাদ। (উত্তর) ইহা কিন্তু ব্যাসক্তমনাঃ ব্যক্তির চরণ ব্যথা-জনক সংযোগবিশেষের সহিত সমান।

ভাষ্য। যদা খব্দাং ব্যাসক্তমনা: কচিদ্দেশে শর্করয়া কর্টকেন বা পাদব্যথনমাপ্নোতি, ভদাত্মন:সংযোগবিশেষ এষিতব্যঃ। দৃষ্টং হি ছুংখং

১। 'রৌ শর্করা শর্করিনঃ'' ইত্যাদি। অমরকোষ, ভূমিবর্গ।

ছংখসংবেদনঞ্চে, ভত্রায়ং সমানঃ প্রা**ডি**ষেধঃ। যদ্চছরা তুন বিশেষে। নাকস্মিকী ক্রিয়া নাকস্মিকঃ সংযোগ ইতি।

কর্মাদৃষ্টমুপ্ভোগার্থং ক্রিয়াহেতুরিতি চেৎ ? সমানং। কর্মাদৃষ্টং পুরুষন্থং পুরুষোপভোগার্থং মনসি ক্রিয়াহেতুরেবং ছঃখং ছঃখ-সংবেদনঞ্চ সিধ্যতীত্যেবঞ্চেমগুদে ? সমানং, স্মৃতিহেতাবপি সংযোগ-বিশেষো ভবিতুমইতি। তত্র যত্নক্তং "আস্প্রেরণ-যদৃচ্ছা জ্ঞতাভিশ্চ ন সংযোগবিশেষ" ইত্যয়মপ্রতিষেধ ইতি। প্র্বন্ধ প্রতিষেধা নাস্তঃশরীরর্জিত্বান্মনস" ইতি।

অনুবাদ। যে সময়ে ব্যাসক্তচিত্ত এই আত্মা কোন স্থানে শর্করার দারা অথবা কণ্টকের দারা চরণব্যথা প্রাপ্ত হন, তৎকালে আত্মা ও মনের সংযোগবিশেষ স্বীকার্য্য। যেহেতু (তৎকালে) ছঃথ এবং ছঃথের বোধ দৃষ্ট অর্থাৎ মানস প্রত্যক্ষসিদ্ধ। সেই আত্মমনঃসংযোগে এই প্রতিষেধ অর্থাৎ পূর্ব্বস্ত্রোক্ত প্রতিষেধ তুল্য। যদৃচ্ছাপ্রযুক্ত কিন্তু বিশেষ হয় না। (কারণ) ক্রিয়া আক্সিক হয় না, সংযোগ আক্সিক হয় না।

প্রবিপক্ষ) উপভোগার্থ কর্মানৃষ্ট ক্রিয়ার হেতু, ইহা যদি বল ?
(উত্তর) সমান। বিশদার্থ এই যে, পুরুষের (আত্মার) উপভোগার্থ
(উপভোগ-সম্পাদক) পুরুষস্থ কর্মানৃষ্ট অর্থাৎ কর্মাজন্ম অনৃষ্টবিশেষ, মনে ক্রিয়ার কারণ, (অর্থাৎ অনৃষ্টবিশেষই ঐ স্থালে মনে ক্রিয়া জন্মাইয়া চরণপ্রদেশে আত্মার সহিত মনের সংযোগবিশেষ জন্মায়)। এইরূপ হইলে (পুর্বেরাক্ত) হু:খ এবং হু:খের বোধ সিদ্ধ হয়, এইরূপ যদি স্বীকার কর ? (উত্তর) তুল্য। (কারণ) স্মৃত্তির হেতু (আনৃষ্টবিশেষ) থাকাত্তেও সংযোগবিশেষ হইতে পারে। তাহা হইলে "আত্মা কর্তৃক্ত প্রেরণ, অথবা যান্ট্ছা অথবা জ্ঞানবস্তাপ্রযুক্ত সংযোগবিশেষ হয় না" এই যাহা উক্ত হইয়াছে, ইহা প্রতিষেধ নহে। "মনের অন্তঃশরীরবৃত্তিছ-

বশতঃ (শরীরের বাহিরে সংযোগবিশেষ) হয় না" এই পূর্বেই অর্থাৎ গুর্বেবাক্ত ঐ উত্তরই প্রতিষেধ।

টিপ্পনী। মহাঘি এই স্ত্রের হার। পূর্বস্ত্রোক্ত অপরের প্রতিঘেধের ৰঙন করিয়াছেন। ভাষ্যকার মহিষির তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, যে সমন্তম কোন ৰ্যক্তি স্থিনটিভ হইমা কোন দৃশ্য দৰ্শন অথবা শব্দ শ্ৰবণাদি করিতেছেন, তৎকালে কোন স্থানে তাঁহার চরণে শর্কর। (বন্ধর) অধবা কণ্টক ৰিছ হইলে তথন সেই চরপপ্রদেশে তাহার আশ্বাতে তজ্জন্য দুঃৰ এবং ঐ দু:ধের বোধ দৃষ্ট অর্ধাৎ মানস প্রত্যক্ষসিদ্ধ। যাহা প্রত্যক্ষসিদ্ধ, তাহার -অ**পলাপ ক**রা যায় না। স্থতরাং পুর্ব্বোক্ত স্থলে সেই ব্যক্তির মন অন্য বিষয়ে ন্যাসক্ত **ধাকিলেও তৎক্ষ**ণাৎ তাঁহার চরণপ্রদেশে উপস্থিত হয়, ইহা স্বীকার্যা। কার**ণ, তথন সেই** চর**ণপ্রদেশে আত্মার সহিত মনের সংযোগ না হই**লে দেই চরণপ্রদেশে দু:খ ও দু:খের বোৰ জনিমতেই পারে না। কিন্ত পুর্ক্রোক্ত ম্বলে তৎক্ষণাৎ চরণপ্রদেশে আত্মার সহিত মনের যে সংযোগ, তাহাতেও প্রবস্ত্রোক্ত প্রকারে তুল্য প্রতিষেধ (খণ্ডল) হয় । অর্থাৎ ঐ আত্মন:-____ গংযোগও তথন আত্বা কর্তৃক মনের প্রেরণবশত: হয় না, যদৃচ্ছাবশত: অর্থাৎ অকস্মাৎ হয় না, এবং মনের জ্ঞানবভাপ্রযুক্ত হয় না, ইহা বল। যার। কিন্তু পূর্ব্বোক্ত স্থলে চরপপ্রদেশে আশ্বার সহিত মনের সংযোগ কোনক্সৰে উপপন্ন হইলে শ্রীদের বাহিরেও আত্মার সহিত মনের সংযোগ উপ**ৰ্ণন ছই**তে পারে। ঐ উভয় স্থলে বিশেষ কিছুই নাই। যদি বল, পুৰ্বেজি ছলে চরপপ্রদেশে আশার সহিত মনের সংযোগ প্রমাণসিদ্ধ, উহ। উভর পচক্ষরই স্বীকৃত, স্থতরাং ঐ সংযোগ বদুচ্ছাবশত: অর্থাৎ অকসমাৎ ছন্মে, ইহাই স্বীকার করিতে হইবে। কিন্ত শরীরের বাহিরে আদ্বার শহিত **ৰন:সংযোগ কোন প্ৰমাণসিদ্ধ হয় নাই, স্কুতৱাং অকস্মাৎ তাহা**র উৎপত্তি হয়, এইক্লপ কল্পনার কোন প্রমাণ নাই। এই ছন্য ভাষ্যকার শেষে বলিরাছেন বে, বণুচ্ছ।প্রযুক্ত ঐ সংযোগের বিশেষ হয় না। অর্থাৎ পূৰ্ব্বোক্ত ছলে বদৃচ্ছাবণত: অৰ্থাৎ অকস্মাৎ চরপপ্রদেশে আনার সহিত गत्बद ग्राह्माश च्यान्य, अहे कथा विनिष्ठा के ग्राह्मारशत विराम ध्रमम्ब कत्र। ষায় না। কারণ, ক্রিয়া ও সংযোগ আকস্মিক হইতে পারে না। षकम्बार वर्षार विना कांब्रहभेरे मत्न किया छटन्य, वर्षना मर्त्याच छटन्य, ইহা ৰলা বার না। কারণ ব্যতীত কোন কার্য্যই হইতে থারে না। যদি বল, পুৰ্বেশিক স্বৰল বে দুৰদৃষ্টবিশেষ চন্দ্ৰপ্ৰদেশে আমাতে দু:খ এবং ঐ দুংধবোধের জনক, তাহাই ঐ স্থলে মদে ক্রিয়া জন্মাইয়া ধাকে, স্বতরাং ঐ ক্রিয়াজন্য চরপপ্রদেশে তৎক্ষণাৎ আত্মার সহিত মনের সংযোগ জনের, উহা আকস্মিক বা নিজারপ নহে। ভাষ্যকার শেষে এই সমাধানেরও উল্লেখ করিয়া তদুত্তরে বলিয়াছেন যে, ইহা সমান। কারণ সমৃতির জনক অদৃষ্টবিশেষপ্রযুক্ত ও শরীরের বাহিরে আত্মার সহিত মনের সংযোগবিশেষ জনিতে পারে। অর্থাৎ অদৃষ্টবিশেষজন্যই পূর্ব্বোক্ত স্থানে চরপপ্রদেশে আত্মার সহিত মনের সংযোগ জনেম, ইহা বলিলে যিনি সমৃতির যৌগপাদ্য বারণের জন্য শরীরের বাহিরে আত্মার ভিন্ন ভিন্ন প্রদেশের সহিত ক্রমিক মন:সংযোগ স্থীকার করেন, তিনিও ঐ মন:সংযোগকে অদৃষ্টবিশেষজ্মার বলিতে পারেন। তাঁহার ঐরপ বলিবার বাধক কিছুই নাই। স্বতরাং পূর্ব্বোক্ত ''আত্মপ্রর্বাণ'' ইত্যাদি সূত্রোক্ত যুক্তির হারা তাঁহাকে নিরভ করা যায় না। ঐ সূত্রোক্ত প্রতিষেধ পূর্ব্বাক্ত মতের প্রতিষেধ হয় না। উহার পূর্ব্বক্থিত ''নান্ত:শরীরবৃত্তিমান্মনসং'' এই সূত্রোক্ত প্রতিষেধ প্রকৃত প্রতিষেধ। ঐ সূত্রোক্ত যুক্তির হারাই শরীরের বাহিরে মনের সংযোগবিশেষ প্রতিষিদ্ধ হয় ।। ৩২।।

ভাষ্য। কঃ থন্দিননীং কারণ-যৌগপত্মসন্তাবে যুগপদশ্মরণস্ত হেতুরিতি।

অনুবাদ। (প্রাশ্ন) কারণের যৌগপত্ত থাকিলে এখন যুগপং অম্মরণের অর্থাৎ একই সময়ে নানা স্মৃতি না হওয়ার হেতু কি ?

সূত্র। প্রণিধার্নালঙ্গাদিজ্ঞানানামযুগপদ্ভাবাদ যুগপদস্মরণং॥৩৩॥৩০৪॥

অসুবাদ। (উত্তর) প্রণিধান ও লিঙ্গাদি-জ্ঞানের বৌগপঞ্চ ই হওয়ায় যুগপৎ স্মরণ হয় না।

ভাষ্য। যথা খম্বাত্মমনসোঃ সন্ধিকর্ধঃ সংস্কারশ্চ স্মৃতিহেত্রের প্রশিধানলিঙ্গাদিজ্ঞানানি, তানি চ ন যুগপদ্ভবন্তি, তৎকৃতা স্মৃতীন যুগপদসূৎপত্তিরিতি। অসুবাদ। যেমন আত্মা ও মনের সন্নিকর্ধ এবং সংস্কার স্মৃতির কারণ, এইরপে প্রণিধান এবং লিঙ্গাদিজ্ঞান স্মৃতির কারণ, সেই প্রণি-ধানাদি কারণ যুগপৎ হয় না, তৎপ্রযুক্ত অর্থাৎ সেই প্রণিধানাদি কারণের অযৌগপদ্মপ্রযুক্ত স্মৃতিসমূহের যুগপৎ অনুৎপত্তি হয়।

টিপ্পনী । নান। সমৃতির কারণ নানা সংস্কার এবং আম্বমন:সংযোগ, যুগপৎ আশ্বাহত থাকায় যুগপৎ নান। স্মৃতি উৎপন্ন হউক? স্মৃতির কারণের যৌগপদ্য কেন হইবে না ? কারণ সত্তেও যুগপৎ নানা স্মৃতি না হওয়ার হেতু কি ? এই পূর্ব্পক্ষে নহটি প্রথমে অপরের সমাধানের উল্লেখপুর্বক তাহার খণ্ডন করিয়া, এখন এই সূত্রের দারা প্রকৃত সমাধান বলিয়াছেন। মহাধির কথা এই যে, সমৃতির কারণ্সমূহের যৌগপদ্য সম্ভব না হওরার স্মৃতির যৌগপদা গন্তব হয় ন।। কারণ, সংস্কার ও আত্মন:-সংযোগের ন্যায় প্রণিধান এবং লিঙ্গানিজ্ঞান প্রভৃতিও স্মৃতির কারণ। সেই প্রণিধানাদি কারণ যুগপৎ উপস্থিত হইতে না পারায় সমৃতির কারণসমূহের যৌগপদ্য হইতেই পারে না, স্থতরাং যুগপৎ নান। সমূতির উৎপত্তি হইতে পারে না। এই প্রণিধানাদির বিবরণ পরবর্তী ৪১শ সূত্রে পাওয়া যাইবে। বৃত্তিকার বিশ্বনাথ এই সত্রস্থ 'আদি'' শব্দের 'জ্ঞান'' শব্দের পরে যোগ করিয়া "লিক-জানাদি" এইরপ ব্যাখ্য। করিয়াছেন এবং লিকজানকে উনুবোধক বলিয়া ৰ্যাখ্য। করিয়াছেন। কিন্ত মহর্থির পরবর্তী ৪১শ সুত্রে লিম্বজানের ন্যায় লক্ষণ ও সাদৃশ্যাদির জ্ঞানও স্মৃতির কারণরূপে কথিত হওয়ায় এই স্তবে "আদি" শবেদর দার। ঐ লক্ষণাদিই মহাধির বিবক্ষিত বুঝা যায়। এবং যে সকল উদ্বোধক জ্ঞানের বিষয় না হইয়াও স্মৃতির হেতু হয়, সেইগুলিই এই সূত্রে বছবচনের হার। মহন্দির বিবক্ষিত বুঝা যায়। "न্যায়-পুত্রবিষরণ''কার রাধামোহন গোম্বামিভটাচার্য্যও শেষে ইহাই বলিয়াছেন।

ভাষ্য। প্রাতিভবত্ত প্রণিধানাদ্যনপেকে সার্ত্তে যৌগ-পদ্যপ্রসঙ্গঃ। যৎ থবিদং প্রাতিভমিব জ্ঞানং প্রণিধানাছনপেকং স্মার্ত্ত-মূৎপছতে, কদাচিত্তিস্থ যুগপত্ত্ৎপত্তিপ্রসঙ্গো হেঘভাবাৎ। সতঃ স্মৃতিহেতোরসংবেদনাৎ প্রাতিভেন সমানাভিমানঃ। বহুবর্থ-বিষয়ে বৈ চিস্তাপ্রবন্ধে কশ্চিদেবার্থ: কস্তাচিৎ স্মৃতিহেতুং, তস্তাঙ্গুচিন্তনাৎ তক্ত স্মৃতিভবতি, ন চায়ং স্মর্তা সর্ববং স্মৃতিহেতুং সংবেদয়তে এবং মে স্মৃতিরুৎপক্ষেতি,—অসংবেদনাৎ প্রাতিভূমিব জ্ঞানমিদং স্মার্গ্তমিত্যভি-মন্ত্যতে, ন ছম্ভি প্রণিধানাত্মনপেক্ষং স্মার্গ্তমিতি।

অসুবাদ। (পূর্ব্বপক্ষ) কিন্তু প্রাতিভ জ্ঞানের স্থায় প্রাণিধানাদিনিরপেক্ষ স্মৃতিতে যৌগপছের আপত্তি হয়। বিশদার্থ এই যে, প্রাতিভ জ্ঞানের স্থায় প্রণিধানাদিনিরপেক্ষ এই যে স্মৃতি উৎপন্ধ হয়, কদাচিৎ ভাহার যুগপৎ উৎপত্তির আপত্তি হয়; কারণ, হেতু নাই, অর্থাৎ সেখানে ঐ স্মৃতির বিশেষ কোন কারণ নাই। (উত্তর) বিগ্নমান স্মৃতি-হেতুর জ্ঞান না হওয়ায় প্রাতিভ জ্ঞানের সমান বলিয়া অভিমান (অম) হয়। বিশদার্থ এই যে, বহু পদার্থবিষয়ক চিন্তার প্রবন্ধ (স্মৃতিপ্রবাহ) হইলে কোন পদার্থ ই কোন পদার্থবিষয়ক চিন্তার প্রযোজক হয়, তাহার অর্থাৎ সেই চিহ্নত্বতি অসাধারণ পদার্থটির অসুচিন্তন (স্মরণ)-জ্ম্ম তাহার অর্থাৎ সেই চিহ্নবিশিষ্ট পদার্থের স্মৃতি জ্ঞান। কিন্তু এই স্মর্ত্তা প্রকারে সমস্ত স্মৃতির কারণ ব্যুবা না, সংবেদন না হওয়ায় অর্থাৎ ঐ স্মৃতির কারণ থাকিলেও তাহার জ্ঞান না হওয়ায় অর্থাৎ ঐ স্মৃতির কারণ থাকিলেও তাহার জ্ঞান না হওয়ায় "এই স্মৃতি প্র্রাতিভ জ্ঞানের স্থায়" এইরূপ অভিমান করে। কিন্তু প্রণিধানাদি-নিরপেক্ষ স্মৃতি নাই।

১। যোগীদিগের লোকিক কোন কারণকে অপেক্ষা না করিয়া কেবল মনের দারা অতি দীঘ এক প্রকার যথার্থ জান জন্মে, উহার নাম 'প্রাতিভ"। যোগশান্তে উহা 'ভারক" নামেও কথিত হইরাছে। ঐ 'প্রাতিভ" জানের উৎপত্তি হইকেই যোগী সক্ষাভ্যা লাভ করেন। প্রশন্তপাদ 'প্রাতিভ" জানকে 'অার্য'' জান বলিয়া উল্লেখ করিয়াছেন, এবং উহা কদাচিৎ লৌকিক ব্যক্তিদিগেরও জন্মে, ইহাও বলিয়াছেন। 'ন্যায়কন্দনী'তে প্রীধর ভট্ট প্রশন্তপাদের কথিত 'প্রাতিভ" জানকে 'প্রতিভা"বলিয়া, ঐ 'প্রতিভা"রাপ জানই 'প্রাতিভ' নামে কথিত হইয়াছে, ইহা বলিয়াছেন। ('ন্যায়কন্দনী', কাদীসংকরণ, ২৫৮ পূষ্ঠা, এবং এই প্রস্তের প্রথম খণ্ড, ২২৪ পূষ্ঠা দ্রন্থীয়া)। কিন্তু যোগভাষ্যের টীকা ও যোগবান্তিকাদি প্রস্তের দ্বারা যোগীদের 'প্রতিভা" অর্থাৎ উহজন্য জানবিশেষই 'প্রাতিভ' ইহা বুঝা যায়। 'প্রাতিভাদ্যা সক্ষ'ং"।—যোগসূর। বিভূতিপাদ। ৩০। 'প্রাতিভং নাম তারকং" ইত্যাদি। ব্যাসভাষ্য। 'প্রতিভা উহঃ, তদ্ভবং প্রাতিভং"। টীকা। প্রাতিভং স্বপ্রতিভাধং অনৌপদেশিকং জানং" ইত্যাদি। যোগবান্তিক। 'প্রতিভায়া উহ্যান্তেন জাতং প্রাতিভং জানং ভ্রতি''—মনিপ্রভা।

টিপ্রনী। ভাষ্যকার মহিষ্পুত্রোক্ত সমাধানের ব্যাখ্যা করিয়া, ঐ সমাধানের সমর্থনের জন্য এখানে নিজে পূর্বপক্ষের অবতারণা করিয়াছেব। পূর্বপক্ষের তাৎপর্য্য এই যে, যে সকল সমৃতি প্রণিধানাদি কারণকে অপেক। করে, তাহাদিগের যৌগপদ্যের আপত্তি মহণি এই সূত্রহার। নিরন্ত করিলেও যে সকল স্মৃতি যোগীদিগের "প্রাতিভ" নামক জানের ন্যায় প্রণিধানাদি কারণকে অপেক। না করিয়া সহস। উৎপন্ন হয়, সেই সকল স্মৃতির কদাচিৎ যুগপৎ উৎপত্তির আপ**ত্তি হইতে পারে। কারণ,** ঐ ম্বলে ৰুগপৎ বৰ্ত্তমান নানা সংস্কার ও আত্মনঃসংযোগাদি ব্য**তীত** স্মৃতির আর কোন বিশেষ হেতু (প্রণিধানাদি) নাই। স্থতরাং ঐরপে নানা স্মৃতির যুগপৎ উৎপত্তির আপত্তি অনিবার্য্য। ভাষ্যকার 'হেম্বভারাৎ'' এই কথার ৰার। পূর্কোজ্জরপ স্মৃতির প্রেবাজ প্রণিধানাদি বিশেষ কারণ নাই, ইহাই বলিয়াছেন বুঝা যায়। ভাষাকার এই পূর্ব্বপক্ষের ব্যাখ্যা (স্থপদবর্ণন) করিয়া, তদুত্তরে বলিয়াছেন যে, পুর্ব্বোক্ত স্থলেও স্মৃতির হেতু অর্থাৎ প্রণিধানাদি কোন বিশেষ কারণ আছে, কিন্তু তাহার জ্ঞান না হওরায় ঐ স্মৃতিকে "প্রাতিভ" জ্ঞানের তুল্য অর্থাৎ প্র**বিধানাদি**নির**পেক বলি**য়। ল্রম হয়। ভাষ্যকার এই উত্তরের ব্যা**খ্যা (স্বপদবর্ণন) করিতে ব**লিয়া**ছে**ন যে, বহু পদার্থ বিষয়ে চিন্তার প্রবাহ অর্থাৎ ধারাবাহিক নানা সমৃতি ম্বন্মিলে কোন একটি অসাধারণ পদার্থবিশেষ তদ্বিশিষ্ট কোন পদার্থের স্মৃতির প্রযোজক হয়। কারণ, সেই অসাধারণ পদার্ঘটির সমরণই সেখানে সমর্তার অভিনত বিষয়ের সমরণ জনমায়। স্মৃতরাং যেখানে প্রণিধানাদি বিশেষ কারণ ৰাতীত দহসা স্মৃতি উৎপন্ন হয়, ইহা বলা হইতেছে, বস্তুত: সেধানেও তাহ। হয় ন।। শেখানেও নান। বিষয়ের চিন্তা করিতে করিতে স্মর্তা কোন অসাধারণ পদার্থের সমরণ করিয়াই তচ্জন্য কোন বিষয়ের সমরণ করে। (প্ৰেৰ্বাক্ত ৩০শ সূত্ৰভাষ্য দ্ৰষ্টব্য)। সেই অসাধারণ পদাৰ্থটির স্বরণই সেখানে ঐক্লপ স্মৃতির বিশেষ কারণ। উহার যৌগপদ্য সম্ভব না হওয়ায় ঐরূপ স্মৃতিরও যৌগপদ্য হইতে পারে না। মহমি "প্রণিধানলিকাদিজ্ঞানানাং" এই কথার হার৷ পূর্কোঞ্জরপ অসাধারণ পদার্থবিশেষের সমরণকেও স্মৃতি-বিশেঘের বিশেষ কারণক্রপে গ্রহণ করিয়াছেন। মূল কথা, প্রণিধানাদি বিশেষ কারণ-নিরপেক্ষ কোন স্মৃতি নাই। কিছ সমর্তা **পু**র্বো<mark>জরপ</mark> দ্যুতি স্থলে ঐ দ্যুতিব সমস্ত কারণ লক্ষ্য করিতে পারে না। অর্ধাৎ 'এই সমস্ত কারণ-জন্য আমার এই **স্মৃতি উৎপন্ন হই**নাছে' এইরছপ ঐ স্মৃতির সমস্ত কারণ বুঝিতে পারে না, এই জনাই তাহার ঐ স্মৃতিকে "প্রাতিভ" দামক জানের তুল্য বলিয়া শ্রম করে। বছত: তাহার ঐ স্মৃতিও "প্রাতিভ" লামক জানের তুল্য নহে। "প্রাতিভ" জানের ন্যায় প্রণিধানাদিনিরপেক কোন সমৃতি নাই। ভাষ্যে "সমৃতি" শব্দের উদ্ভর স্বার্থে তদ্ধিত প্রত্যয়নিশার "সমার্ভ" শব্দের দারা সমৃতিই বুঝা যায়। "ন্যায়সূত্রোদ্ধার" গ্রছে "প্রাতিভবজু "যৌগপদ্যপ্রয়ক্তঃ" এই সক্ত সূত্ররূপেই গৃহীত হইয়াছে। কিছ "ভাৎপর্যাটীক।" ও "ন্যায়সূত্রীনিব্রে" ঐ সক্ত সূত্ররূপে গৃহীত হয় নাই। বৃত্তিকার বিশ্বনাথও ইহার ব্যাখ্যা ব্রেন নাই। বৃত্তিকার বিশ্বনাথও ইহার ব্যাখ্যা ব্রেন নাই। বৃত্তিকার বিশ্বনাথও ইহার ব্যাখ্যা

ভাষা। প্রাতিতে কথমিতি চেৎ ? পুর যকর্মাবিশেষা তুপভোগবির্মিঃ। প্রাভিভমিদানীং জ্ঞানং যুগপৎ ক্সামোৎপছতে ? যথোগভোগার্থ কর্মা যুগপত্পভোগং ন করোতি, এবং পুরুষকর্মবিশেষঃ প্রাভিভয়েত্ব যুগপদনেকং প্রাভিভয়ে জ্ঞানমুৎপাদয়তি।

হেওভাবাদযুক্তমিত চেৎ ? ন, করণস্য প্রত্যরপর্যায়ে সামর্থ্যাৎ। উপভোগবিদিয়ম ইত্যক্তি দৃষ্টান্তো হেতুর্নাজীতি চেদ্মন্তমে ? ন, বরণস্থা প্রত্যয়পর্য্যায়ে সামর্থ্যাৎ। নৈকস্মিন্ জ্ঞেয়ে যুগপদনেকং জ্ঞানমুৎপঞ্চতে ন চানেকস্মিন্। তদিদং দৃষ্টেন প্রত্যয়পর্য্যায়েণামুমেরং করণস্থা সামর্থ্যমিখন্ত ভমিতি ন জ্ঞাতুর্কিকরণধর্মণো দেহনানাত্বে প্রত্যয়ব্যাপঞ্চাদিতি।

অমুবাদ। (প্রশ্ন) "প্রাতিভ" জ্ঞানে (অযৌগপত্ব) কেন, ইহা যদি বল ? (উত্তর) পুরুষের অদৃষ্টবিশেষবশতঃ উপভোগের গ্রায় নিয়ম আছে। বিশদার্থ এই যে, (প্রশ্ন) ইদানীং অর্থাৎ "প্রাতিভ" জ্ঞান প্রাণিধানাদি কারণ অপেক্ষা করে না, ইহা স্বীকৃত হইলে প্রাতিভ জ্ঞান যুগপৎ কেন উৎপন্ন হয় না ! (উত্তর) যেমন উপভোগের জনক

১। প্রচলিত সমন্ত পুন্তকে 'করণসামর্থাং" এইরাপ পাঠ থাকিলেও এখানে 'করণসা সামর্থাং' এইরাপ পাঠই প্রকৃত বলিয়া বুঝিয়াছি। তাহা হইলে ভাষ্যকারের শেষোজ 'ন ভাতুঃ' এই বাক্যের পরে পুকোঁজে 'সামর্থাং' এই বাক্যের অনুষদ করিয়া ব্যাখ্যা করা যাইতে পারে। অধ্যাহারের অপেক্ষায় অনুষদই শ্রেষ্ঠ।

৩২৩

অদৃষ্ট, যুগপৎ (অনেক) উপভোগ জমায় না, এইরূপ "প্রাতিভ" জ্ঞানের কারণ পুরুষের অদৃষ্টবিশেষ, যুগপৎ অনেক "প্রাতিভ" জ্ঞান জ্মায় না।

(পূর্বপক্ষ) হেতুর অভাববশত: অযুক্ত, ইহা যদি বল ! (উত্তর)
না, যেহেতু করণের (জ্ঞানের সাধনের) প্রভায়ের পর্য্যায়ে অথাৎ
জ্ঞানের ক্রমে সামর্থ্য আছে, [অর্থাৎ জ্ঞানের করণ ক্রমিক জ্ঞান
জ্বনাইতেই সমর্থ, যুগপৎ নানা জ্ঞান জ্বনাইতে সমর্থ নহে।] বিশদার্থ
এই যে, (পূর্বপক্ষ) উপভোগের স্থায় নিয়ম, ইহা দৃষ্টান্ত আছে, হেতু
নাই, ইহা যদি মনে কর ! (উত্তর) না, যেহেতু করণের জ্ঞানের
ক্রমে অর্থাৎ ক্রমিক জ্ঞান জননেই সামর্থ্য আছে। একটি জ্ঞেয় বিষয়ে
যুগপৎ জনেক জ্ঞান উৎপন্ন হয় না, অনেক জ্ঞেয় বিষয়েও যুগপৎ অনেক
জ্ঞান উৎপন্ন হয় না। করণের অর্থাৎ জ্ঞানের করণ ইন্দ্রিয়াদির সেই
এই ইঅ্স্টুত (পূর্ব্বোক্ত প্রকার) সামর্থ্য দৃষ্ট অর্থাৎ অমুভবদিদ্ধ জ্ঞানক্রমের দ্বারা অমুমেয়,—জ্ঞাতার অর্থাৎ জ্ঞানের কর্ত্তা আ্ঞার (পূর্ব্বোক্ত
প্রকার সামর্থ্য) নহে, যেহেতু "বিকরণধর্মার" অর্থাৎ বিবিধ করণবিশিষ্ট
(কায়ব্যুহকারী) যোগীর দেহের নানাত্ব প্রযুক্ত জ্ঞানের যৌগপত্ব হয়।

টিপ্লনী। প্রশুহইতে পারে যে, সমৃতিমাত্রই প্রণিধানাদি কারণবিশেঘকে অপেক্ষা করায় কোন সমৃতিরই যৌগপদ্য সম্ভব না হইলেও পূর্বেজি "প্রাতিভ" জ্ঞানের যৌগপাদ্য কেন হয় না ? "প্রাতিভ" জ্ঞানে প্রণিধানাদি কারণবিশেদের অপেকা না থাকায় যুগপৎ অনেক "প্রাতিভ" জ্ঞান কেন ছনেম না ? ভাষ্যকার নিজেই এই প্রশোর উল্লেখপুর্ব্বক তদুত্তরে বিনিয়াছেন যে, পুরুদের অদুইবিশেষবশতঃ উপভোগের ন্যায় নিয়ম আছে। ভাষ্যকার এই উত্তরের ব্যাখ্যা (অপদবর্ণন) করিয়াছেন যে, বেমন ছীবের নানা অথ দুঃখ ভোগের জনক অদৃষ্ট যুগপৎ বত্তমান থাকিলেও উহা যুগপৎ নানা অথ দুঃখের উপভোগে জনমায় না, তত্ত্রপ "প্রাতিভ" জ্ঞানের কারণ যে অদৃষ্টবিশেষ, ভাষাও যুগপৎ নানা "প্রাতিভ" জ্ঞান বায় না। অর্থাৎ অধ্বং বাংবার উপভোগের ন্যায় "প্রাতিভ" জ্ঞান প্রভৃতিও জ্বমান । অর্থাৎ অংশ দুঃবের উপভোগের ন্যায় "প্রাতিভ" জ্ঞান প্রভৃতিও জ্বমান ছেনেম, যুগপৎ ছনেম না, এইরূপ নিয়ম স্বীকৃত হইয়াছে। ভাষ্য-

কার পুর্ব্বোক্তরূপ নিয়ম সমর্থনের জন্য পরে পূর্ব্বপক্ষ বলিয়াছেন খে, পুৰ্ব্বোক্ত নিয়মের সাধক হেতু ন। থাকায় কেবল দৃষ্টান্ডের ছার। উহা সিদ্ধ হইতে পারে না । হেতু ব্যতীত কোন সাধ্য-সিদ্ধি হয় না । ''উপভোগের ন্যায় নিয়ম'' এইরপে দুটান্তমাত্রই বলা হইরাছে, হেতু বলা হয় নাই। এতদুত্তরে ভাষ্যকার বলিয়াছেন বে, জানের যাহ। করণ তাহা জনশ:ই खानक्रे कार्या बन्माइर्फ ममर्थ इम, यूगे न नाना खान बन्माइर्फ ममर्थ হয় না। একটি জ্ঞেয় বিষয়ে যুগপৎ নানা জ্ঞানের উৎপাদন বার্থ। जरनकरछाः-विषयक नान। छ।न जन्माद्रेरु छात्नत कत्रर्गर नामर्थारे नारे। জ্ঞানের করণের ক্রমিক জ্ঞান জননেই যে সামর্থ্য আছে, ইহার প্রমাণ কি ? এই জন্য ভাষ্যকার বলিয়াছেন বে প্রত্যয়ের পর্য্যায় অর্থাৎ জ্ঞানের ক্রম দৃষ্ট অর্থাৎ জ্ঞান বে যুগপৎ উৎপন্ন হয় না, ক্রমশ:ই উৎপন্ন হয়, ইহা অনুভবসিদ্ধ অ্তরাং ঐ অনুভবগিদ্ধ জ্ঞানের ক্রমের ঘারাই জ্ঞানের করণের পূর্কোক্তরূপ সামর্থ্য অ**নুমানসিদ্ধ** হয় । কিন্ত জ্ঞানের কর্ত্তা জ্ঞাতারই পূর্ব্বোক্তরূপ সামর্থ্য বলা যায় না। কারণ, যোগী কায়ব্যুহ নির্ম্মাণ করিয়া ভিন্ন ভিন্ন শরীরের সাহাহয্য যুগপৎ নান। সুখ দু:খ ভোগ করেন, ইহা শান্ত্রিদ্ধ আছে। (পুর্ব্বেজি ১৯শ সূত্রভাষ্যাদি দ্রইব্য)। সেই স্থলে জ্ঞাতা এক হইলেও জ্ঞানের করপের (দেহাদির) ভেদ প্রযুক্ত তাহার যুগপৎ নানা জ্ঞান জনেন। স্থতনাং সামান্যত: জ্ঞানের যৌগপদ্যই নাই, কোন স্থলেই কাহারই যুগপৎ নান জ্ঞান জন্মে না, এইরূপ নিরম বলা যার না। স্তরাং ক্লাতারই ক্রমিক জ্ঞান জননে সামর্থ্য কল্পনা কর। যায় না। কিছ জ্ঞানের কোন একটি করণেব হারা যুগপৎ নানা জ্ঞান জনেম না, ক্রমশ:ট নানা জ্ঞান জনেম, ইহা অনুভবসিদ্ধ হওয়ায় ঐ করণেরই পূর্ব্বোতকরপ সামর্থ্য দিদ্ধ হয়। তাহ হইলে স্থুখ দু:খের উপভোগের ন্যায় যে নিয়ম অর্থাৎ "প্রাতিভ" জ্ঞানেরং অযৌগপদ্য নিয়ম বল। হইয়াছে, তাহাতে হেতুৰ অভাব নাই। যোগী একটি মনের হার। যে ''প্রাতিভ'' জ্ঞান **জন্মে, তাহারও** অযৌগ**পদ**্য ও করণজন্যত হেতুর বারাই সিদ্ধ হয়। কায়ব্যুহ স্থাল করণের ভেদ প্রযুৎ যোগীর যুগণৎ নান। জ্ঞান উৎপন্ন হইলেও অন্য সময়ে তাঁহারও নানা "প্রাতিভ জ্ঞান যুগ**ৰ**ৎ উৎ**ৰ**ল হইতে পারে না। কিন্তু সর্ববিদয়ক একটি সমূহালফ জ্ঞান উৎপন্ন হইয়া থাকে। কিছ সর্ক্রিময়ক একটি সমূহাবলম্বন জ্ঞান যোগীর সর্ব্বজ্ঞত।। এইরপ কোন স্থলে নানা পদার্থবিষয়ক স্মৃতির কারণ সমূহ উপস্থিত হইলে সেখালে সেই সমস্ত পদার্থবিষয়ক "সমূহালম্বন" একাঁ স্মৃতিই **ঘনেম। স্মৃতির করণ মনের ক্রেমিক স্মৃতি জননেই সামর্থ্য থাক**া

যুগপৎ নানা স্মৃতি জনিতে পারে না। ভাদ্যকার এখানে "প্রাতিভ'' জ্ঞানের অযৌগপদ্য সমর্থন করিয়া স্মৃতির অযৌগপদ্য সমর্থনে পূর্ব্বাক্ত-রূপ প্রধান যুক্তি প্রকাশ করিয়াছেন। এবং ঐ প্রধান যুক্তি প্রকাশ করিবার উদ্দেশ্যেই 'প্রাতিভ'' জ্ঞানের অযৌগপদ্য কেন? এই প্রশ্নের অবতারণা করিয়াছেন। প্রশন্তপাদ প্রভৃতি কেহ কেহ 'প্রাতিভ'' জ্ঞানকে "আর্ঘ'' বলিয়া একটি পূথক প্রমাণ স্বীকার করিয়াছেন। কিন্ত ন্যায়মঞ্জরীকার জয়ন্ত ভট্ট ঐ মত প্রত্নপূর্বক উহাকে প্রত্যক্ষ প্রমাণ বলিয়াই সমর্থন করিয়াছেন। অন্তরিন্দ্রিয় মনের হারাই ঐ জ্ঞানের উৎপত্তি হওয়ায় উহা প্রত্যক্ষই হইবে, উহা প্রমাণান্তর নহে। নায়াচার্য্য মহনি গোত্র ও বাৎস্যায়ন প্রভৃতিরও ইহাই দিদ্ধান্ত। "শ্লোকবার্ত্তিকে" ভট্ট কুমারিল "প্রাতিভ" জ্ঞানের অন্তিহেই পঞ্জন করিয়াছেন। তাঁহার মতে সর্ব্বজ্ঞতা কাহারই হইতে পারে না, সর্ব্বজ্ঞ কেহই নাই। জয়ন্ত ভট্ট এই মতেরও খণ্ডন করিয়া ন্যায়নতের সমর্থন করিয়াছেন। (ন্যায়মঞ্জরী, কাশী সংস্করণ, ১০৭ পৃষ্ঠা দ্রইবা)।

ভাষ্য। অয়য়য় দ্বিতীয়: প্রতিষেধঃ অবস্থিতশ্রীরস্য চানেকজ্ঞানসমবারাদেকপ্রদেশে যুগপদনেকার্থস্মরণং স্যাৎ।
কচিদ্দেশেহবস্থিতশরীরস্থ জ্ঞাতৃরিন্দ্রিয়ার্থপ্রবন্ধেন জ্ঞানমনেকমেকস্মিন্নাত্মপ্রদেশে সমবৈতি। তেন যদা মনঃ সংযুদ্ধ্যতে তদা জ্ঞাতপূর্বস্থানেকস্থ
যুগপৎ স্মরণং প্রসজ্ঞোতে। প্রদেশসংযোগপর্য্যায়াভাবাদিতি। আজা—
প্রদেশানামন্দ্রব্যান্তরত্বাদেকার্থসমবায়স্থাবিশেষে সতি স্মৃতিযৌগপঞ্জ্য
প্রতিষেধান্ধপাতিঃ। শব্দসন্থানে তুং শ্রোত্রাধিষ্ঠানপ্রত্যাসত্ত্যা শব্দশ্রবণবং
সংস্কারপ্রত্যাসত্ত্যা মনসঃ স্মৃত্যুৎপত্তেন যুগপত্বপত্তিপ্রসঙ্গঃ। পূর্বব এব
ত্ব প্রতিষেধা নানেকজ্ঞানসমবায়াদেকপ্রদেশে যুগপৎস্মৃতিপ্রসঙ্গ ইতি।

অমুবাদ। পরন্ত ইহা দ্বিতীয় প্রতিষেধ [অর্থাৎ স্মৃতির যৌগপত

১। ''অয়ঞ বিতীয়ঃ প্রতিষেধঃ'' ভানসংক্তাঅপ্রদেশভেদস্যাসুগপজ্ভানোপ-পাদকস্য ৷—তাৎপর্যাটীকা ।

২। ''শ্বদসন্তানে ডি''তি শ্রহানিরাকরণভাষ্যং। ''তু'' শ্বদঃ শ্রহাং নিরাকরোতি।
—তাৎপর্যাটীকা।

নিরাসের জন্ম কেছ যে, আত্মার সংস্কারবিশিষ্ট প্রদেশভেদ বলিয়াছেন উহার দ্বিতীয় প্রতিষেধও বলিতেছি] "অবস্থিতশরীর" অর্থাৎ যে আত্মার কোন প্রদেশবিশেষে তাহার শরীর অবস্থিত আছে, সেই আত্মারই একই প্রদেশে অনেক জ্ঞানের সমবায় সম্বন্ধপ্রযুক্ত যুগপৎ অনেক পদাহির্ব স্মরণ হউক ৷ বিশদার্থ এই যে, (আত্মার) কোন প্রদেশবিশেষে **"**অবস্থিতশরীর" আত্মার, ইন্দ্রিয় ও অর্থের (ইন্দ্রিয়গ্রাহ্য গন্ধাদি বিষয়ের ৷ প্রবন্ধ (পুন: পুন: সম্বন্ধ) বশত: এক আত্মপ্রদেশেই অনেক জ্ঞান সমবেত হয়। যে সময়ে সেই আত্মপ্রদেশের সহিত মন সংযুক্ত হয়, সেই সময়ে পূর্বাকুভূত অনেক পদার্থের যুগপৎ স্মরণ প্রসক্ত হউক ্ কারণ, প্রদেশসংযোগের অর্থাৎ তথন আত্মার সেই এক প্রদেশের সহিত মন:সংযোগের পর্য্যায় (ক্রম) নাই। [অর্থাৎ আত্মার যে প্রদেশে নানা ইন্দ্রিয়ন্ত্রতা নানা জ্ঞান জ্বন্মিয়াছে, সেই প্রদেশেই ঐ সমস্ত জ্ঞানজ্বতা নানা সংস্কার উৎপন্ন হইয়াছে এবং সেই প্রদেশে শরীরও অবস্থিত থাকায় শরীরস্থ মন:সংযোগও আছে ; স্মৃতরাং তথন আত্মার ঐ প্রদেশে পূর্ববামু-ভূত সেই সমস্ত বিষয়েরই যুগপৎ স্মরণের সমস্ত কারণ থাকায় উহার আপত্তি হয়।।

প্রবিপক্ষ) আত্মার প্রদেশসমূহের দ্রব্যান্তরত্ব না থাকায় অর্থাৎ আত্মার কোন প্রদেশই আত্মা হইতে ভিন্ন দ্রব্য নহে, এ জ্বন্স একই অর্থে (আত্মান্তে) সমবায় সম্বন্ধের অর্থাৎ পূর্বেরাক্ত নানা জ্ঞানের সমবায় সম্বন্ধের বিশেষ না থাকায় স্মৃতির যৌগপত্মের প্রতিষেধের উপপত্তি হয় না। (উত্তর) কিছু শব্দসন্থান-স্থলে শ্রবণন্দ্রিয়ের অধিষ্ঠানে (কর্ণবিবরে) প্রত্যাসত্তিপ্রযুক্ত অর্থাৎ প্রাব্য শব্দের সহিত শ্রবণন্দ্রিয়ের সমবায় সম্বন্ধ প্রযুক্ত যেমন শব্দ শ্রবণ হয়, তত্মপ মনের "সংস্কারপ্রত্যাসত্তি"প্রযুক্ত অর্থাৎ মনে সংস্কারের সহকারী কারণের সমস্বাবিশেষ প্রযুক্ত স্মৃতির উৎপত্তি হওয়ায় যুগপ্রথ উৎপত্তির আপত্তি হয় না। এক প্রদেশে অনেক জ্ঞানের সমবায় সম্বন্ধ প্রযুক্ত যুগপ্রৎ স্মৃতির আপত্তি হয় না। এক প্রদেশে প্রনেক জ্ঞানের সমবায় সম্বন্ধ প্রযুক্ত যুগপ্রৎ স্মৃতির আপত্তি হয় না, এই প্রেরিধ কিন্তু পূর্বেই অর্থাৎ পূর্বেরাক্তই জ্ঞানিবে।

টিপ্লনী। যুগপৎ নানা স্মৃতির কারণ থাকিলেও যুগপৎ নানা স্মৃতি কেন জনেম ন। ? এ তদুত্তরে কেহ বলিয়াছিলেন বে, আছার ভিন্ন ভিন্ন প্রদেশেই ভিন্ন ভিন্ন সংকার জনেম, স্বভরাং সেই ভিন্ন ভিন্ন নানা প্রদেশে যুগপৎ মনঃসংযোগ সম্ভৰ ন। হওয়ায় ঐ কারণের অভাবে যুগপং নান। সমৃতি জনেম না। মহমি পুর্বেলিজ ২৫শ সূত্রের হারা এই সনাবানের উল্লেখ করিয়া, ২৬শ স্ত্রের ধার। উহার খণ্ডন করিতে বলিয়াছেন যে, মৃত্যুর পূর্ব্বে মন শ্রীরের বাহিবে যার ন।। অর্থাৎ আত্মার ভিন্ন ভিন্ন প্রদেশে সংস্থারের উৎপত্তি श्रोकात कतिरत महीरतत बाहिरत् पाषात नाना धरमरन नाना সংস্কার জনেম, ইহা স্বীকার করিতে হইবে। কিন্তু তাহা হইবে শরীরের বাহিরে আৰার ঐ সমস্ত প্রদেশের সহিত মন:সংযোগ সম্ভব না হওয়ায় ঐ गगरु थेर्तमोह मःकाद्रकार म्युजित छे९ मेखि मछ वरे चरा ना । स्वादाः जात्रात ভিন্ন ভিন্ন প্রদেশে ভিন্ন ভিন্ন শংকার জন্মে, এইরূপ করন। কর। যায় না। মগমি ইং। সমর্থন কবিতে পরে কতিপয় স্তেরে বার। মা যে, মৃত্যর প্রের্ শরীরের বাহিরে যায় ন।, ইহা বিচারপূর্বক প্রতিপন্ন করিয়াছেন। কিন্ত পर्ट्सिख नमाधाननामी वनिएक शास्त्रन त्य. जामि महोत्रत मध्यारे जानात ভিন্ন ভিন্ন প্রদেশে ভিন্ন ভিন্ন সংস্থাতরর উৎপত্তি স্বীকার করি। আমার মতেও শরীরের বাহিরে শান্তার কোন প্রদেশে সংস্কার ছনেম ন।। এই জন্য ভाषाकात भुत्व महर्षित मुख्जा क श्रीलिपासत नाथा। ও मप्यंन कतिया, এখানে স্বতন্ত্রভাবে নিম্বে ঐ মতান্তরের বিতীয় প্রতিমেধ বলিয়'ছেন। ভাষ্যকারের গঢ় তাৎপর্য্য মনে হয় যে, যদি শরীরের মধ্যেই আশ্বার নানা প্রদেশে নানা সংস্কারের উৎপত্তি স্বীকার করিতে হয়, তাহা হইলে শরীরের মধ্যে আত্মার এক প্রদেশেও নানা সংস্কার স্বীকার করিতেই হুইবে। কারণ, আত্মার ভিন্ন ভিন্ন প্রবেশেই ভিন্ন ভিন্ন সংস্কারের উৎপত্তি হইলে শরীরের মধ্যে আদার অসংখ্য সংস্কাটোৰ স্থান হইবে না। স্ত্তরাং শরীরের মধ্যে আত্মার এক প্রদেশেও বহু সংস্কারের উৎপত্তি স্বীকার করিতেই হইবে। তালা ল্টালে শরীরের মধ্যে আত্মার যে কোন এক প্রদেশে নান। জ্ঞানজন্য ৫য়, নান। সংস্কার অনিময়াছে, সেই প্রদেশেও আত্মার শরীর অবস্থিত থাকায় সেই প্রদেশে শ্বীরত্ব মনের সংযোগ জনিমলে তথন সেধানে ঐ সমন্ত সংস্কার-জন্য যগপৎ নান। স্মতির ঘাপতি হয়। অর্থাৎ যিনি আন্থার ভিন্ন ভিন্ন প্রদেশ কল্পনা করিয়া, তাহাতে ভিন্ন ভিন্ন সংস্কারের উৎপত্তি স্বীকারপূর্ব্বক পুৰ্ব্বেক্তি সম্ভিযৌগপদ্যের আপত্তি নিরাধ করিতে জীবনকালে মনের শরীর-মধ্যৰবিদ্বই স্বীকার করিষেন, তাঁহার মতেও শরীরের মধ্যেই আদার যে

কোন প্রদেশে যুগপৎ দানা স্মৃতির আপজির নিরাস হইবে না। কারপ, আদার ঐ প্রদেশে একই সময়ে মানর যে সংযোগ জানিয়ের, ঐ মন:সংযোগর ক্রম নাই। অর্থাৎ আদার ভিন্ন ভিন্ন প্রদেশে অপু মনের সংযোগ হইবল সেই সমস্ত সংযোগই ক্রমশঃ কালবিলম্বে জন্মে, একই প্রদেশে যে মন:সংযোগ, তাহার কালবিলম্ব না থাকায় সেখানে ঐ সময়ে যুগপৎ নানা স্মৃতির অন্যতম কারণ আদ্বমন:সংযোগের অভাব নাই। স্বতরাং সেখানে যুগপৎ নানা স্মৃতির সমস্ত কারণ সন্তব হওয়ায় উহার আপত্তি অনিবার্য্য হয়। ভাষাকার "অবস্থিতপরীরস্য" এই বিশেষণবোধক বাক্যের হার। পুর্ন্বোক্ত আদ্বার সেই প্রদেশবিশেষে যে শরীরম্ব মনের সংযোগই আছে, ইহা উপপাদন করিয়াছেন। এবং "অনেকজ্ঞানসম্বার্থাৎ" এই বাক্যের হারা আদ্বার সেই প্রদেশে যে অনেকজ্ঞানজন্য অনেক সংস্কার বর্ত্তমান আছে, ইহাও প্রকাশ করিয়াছেন।

পুর্ব্বোক্ত বিবাদে তৃতীয় ব্যক্তির আশব। হইতে পারে যে, শরীরের ভিন্ন ভিন্ন অবয়ৰ গ্ৰহণ করিয়া, তাহাতে আত্মার যে ভিন্ন ভিন্ন প্রদেশ বনা হইতেছে, ঐ সমন্ত প্রদেশ ত আত্বা হইতে ভিন্ন ক্রব্য নহে। স্কুতরাং আত্বার যে প্রদেশেই জ্ঞান ও ভজ্জন্য সংস্কার উৎপন্ন হাউক, উহা সেই এক আত্মাতেই সমবায় সম্বন্ধে জন্মে। সেই একই আত্মাতে নানা জ্ঞান ও তজ্জন্য সংস্কারের সমবায়সবদ্ধের কোন বিলেঘ নাই। আত্মার প্রকাশভেদ কল্পনা করিলেও ভাহাতে সেই নান। জ্ঞান ও তজ্জন্য নান। সংস্কারের সমবায় সম্বন্ধের কোন বিশেষ ৰা ভেদ হয় না। স্বত্তরাং আত্মার ভিন্ন ভিন্ন প্রদেশে ভিন্ন ভিন সংস্কার থাকিলেও ভজ্জনা ঐ আত্মাতে বুগপৎ নান। স্মৃতির আপত্তি অনিবার্য। আত্মার যে কোন প্রদেশে মন:সংযোগ জনিমলেই উহাকে আত্মমন:সংযোগ বলা যায়। কারণ, আত্মার প্রদেশ আত্মা হইতে ভিন্ন দ্রব্য নহে। ত্মতরাং ঐরপ স্থলে আত্মন:সংযোগরপ কারণেরও অভাব ন। থাকায় মহমির নিচ্ছের মতেও স্মৃতির যৌগপদাের আপত্তি হর, স্মৃতির যৌগপদাের প্রতিষেধের উপপত্তি হয় না। ভাষ্যকার এখানে শেষে এই আশতার উল্লেখ করিয়া, উজ বিষয়ে মহমির প্রেবিজ সমাধান দুটালমার। সমর্থনপর্বক প্রকাশ করিয়াছেন। ভাষ্যকার বলিয়াছেন বে, প্রথম শব্দ হইতে পরক্ষণেই দিতীয় শ্বদ ঘটেন, এবং ঐ বিতীয় শ্বদ হইতে পরক্ষণেই তৃতীয় শ্বদ ঘটেন, এইরূপেই ক্রমণ: যে শবনসভানের (ধারাবাহিক শবন-পরম্পরার) উৎপত্তি হয়, ঐ সমন্ত শবদ একই আকাশে উৎপন্ন হুইলেও যেমন ঐ সমন্ত শবেদরই ध्वत राम्न ना, किन्न छेरात मरशा (व गरन धेरानिस्तात छे९**नम रा**म, वर्षा९ भरियम गरिए धेवर्पिस्यात गमवात गमक ह्या. छोटातरे धेवर्ग रग्न-

কারণ শংদ-শ্রবণে ঐ শব্দের সহিত শ্রবাণিন্তিয়ের সরিকর্ঘ আবশ্যক, তন্ত্রপ একই আত্মান্তে নানা জ্ঞানজন্য নানা সংস্কার বিদ্যমান থাকিলেও একই গ্রায়ে ঐ সমস্ত সংস্থারজন্য অথবা বহু সংস্কারজন্য বছু সমৃতি ন। কারণ, একই আছাতে নানা সংস্কার থাকিলেও একই সময়ে নানা গংস্কার স্মৃতির **কারণ** হয় না। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, – সংস্কার-মাত্রই সমুতির কারণ নহে। উবুদ্ধ সংস্থারই সমৃতির কারণ। ''প্রণিধান'' প্রভৃতি সংস্কারের উদ্বোধক। স্নতরাং স্মৃতি কার্য্যে ঐ "প্রণিধান" প্রভৃতিকে সংস্কারের সহকারী কারণ বলা বায়। (পরবর্তী ৪১শ স্**ত্র** দ্রষ্টব্য)। ঐ "প্রণিধান" প্রভৃতি যে কোন কারণজন্য যথন যে সংকার উৰুদ্ধ হয়, তখন সেই সংস্থারজনাই তাহার ফল সমৃতি **জন্মে।** ভাষ্যকার "সংস্কারপ্রত্যাসতা মনস;'' এই বাক্যের হার। উক্ত স্থলে মনের যে ''সংকার-প্রত্যাসন্তি" বলিয়াছেন, উহার অর্থ সংস্কারের সহকারী কারণের সমবধান। উদ্যোতকর ঐক্সপই ব্যাখ্যা করিয়াছেন । অর্ধাৎ ভাষ্যকারের কথা এই যে, সংস্কারের সহকারী কারণ যে প্রণিধানাদি, উহা উপস্থিত হইলে তৎপ্রযুক্ত স্মৃতির উৎপত্তি হওয়ায় যুগপৎ নানা স্মৃতি ছন্মিতে পারে না। কারণ, ঐ প্রণিধানাদির যৌগপদ্য সম্ভব হয় না। যুগপৎ নানা সংস্কারের নানাবিধ উদ্বোধক উপন্থিত হইতে না পারিলে যুগপৎ নানা স্মৃতি কিরপে জনিমবে ? যুগপৎ নানা সমৃতি জনেম না, কিন্তু সমন্ত কারণ উপস্থিত হইলে **সেখা**নে এ**কই সময়ে বহু পদা**র্থবিষয়ক একটি সমূহালয়ন সমৃতিই **জ**নেম, ইহাই যখন অনুভৰসিদ্ধ সিদ্ধান্ত, তখন নান। সংস্কারের উদ্বোধক "প্রণিধান" প্রভৃতির যৌগপদ্য সম্ভব হয় না, ইহাই অনুমানশিদ্ধ। মহাঘি নিজেই পুর্ব্বোক্ত ৩৩শ সূত্রে উক্তরূপ যুক্তি আশ্রয় করিয়া স্মৃতির যৌগপদ্যের প্রতিষেধ করিয়াছেন। ভাষ্যকার শেষে "পূর্ব্ব এব তু" ইত্যাদি সন্দর্ভের হার। এই কথাই বলিয়াছেন বুঝা যায়। পরস্ক ঐ সন্দর্ভের হার। ইহাও বুঝা যায় যে, আত্মার একই প্রদেশে অনেক জানজন্য অনেক সংস্কার বিদ্যমান থাকায় এবং একই সময়ে সেই প্রদেশে মন:সংযোগ সম্ভব হওয়ায় একই সময়ে যে, নান। স্মৃতির আপত্তি পূর্ব্বে বল। হইয়াছে, ঐ

১। সংক্ষারস্য স্থক।রিকারণস্মবধানং প্রত্যাস্তিঃ, শব্দবং। যথা শব্দাঃ
স্তান্বতিনঃ স্কা এবাকাশে সমবয়তি, স্মানদেশতেহিদ যস্যোপলংধঃ কারণানি স্তি,
স উপলভাতে, নেতরে, তথা সংক্ষারেংগীতি।—ন্যায়বাতিক। নিজ্বদেশতেহিদ
আছ্মনঃ সংক্ষারস্য অব্যাপ্যবৃতিত্বমুগ্গাদিতং, তেন শব্দবং সহকারিকারণস্য স্থিধানা—
স্থিধানে করোতে এবেতার্থঃ। তাৎপ্যাচীকা।

ভাপতি হয় না, এই প্রতিষেধ কিন্তু পূর্ব্বোক্তই ভানিবে। ভর্মাৎ মহন্বি
(৩০শ সুত্রের হারা) ইহা পূর্ব্বেই বলিয়াছেন। পরত্ত মহন্বি যে প্রতিষেধ
বলিয়াছেন, উহাই প্রকৃত প্রতিষেধ। উহা ভিন্ন অন্য কোনরূপে ঐ আপত্তির
প্রতিষেধ হইতে পারে না। মহন্বির ঐ সমাধান বুঝিলে আর ঐরপ
ভাপতি হইতেও পারে না, ইহাও ভাষ্যকারের তাৎপর্য্য বুঝা যায়। পরত্ত
ভাষ্যকার ''অবস্থিত-শরীরদ্য'' ইত্যাদি সন্দর্ভের হারা যে ''বিতীয় প্রতিষেধ"
বলিয়াছেন, উহাই এখানে পূর্ব্বাক্ষরণে গ্রহণ করিলে ভাষ্যকারের শেষোক্ষ
কথার হারা উহারও নিরাস বুঝা যায়। কিন্তু নানা কারণে ভাষ্যকারের ঐ
সন্দর্ভের অন্যরূপ ভাৎপর্য্য বর্ণন করিয়াছি। স্থাপাণ এখানে বিশেষ চিত্তা
করিয়া ভাষ্যকারের সন্দর্ভের ব্যায়াও ভাৎপর্য্য বিচার করিবেন।।১০।।

ভাষ্য। পুরুষধর্মো জ্ঞানং, অন্তঃকরণস্তেক্সা-দ্বেষ-প্রযত্ত্ব-স্কুখ-ত্বংখানি ধর্মা ইতি কস্তচিদ্দর্শনং, তৎ প্রতিষিধ্যতে—

অমুবাদ। জ্ঞান পুরুষের (আত্মার) ধর্ম; ইচ্ছা, দ্বেষ, প্রযন্ত্র, সুখ ও ছুঃখ, অন্ত:করণের ধর্ম, ইহা কাহারও দর্শন, অর্থাৎ কোন দর্শনকারের মত. > তাহা প্রতিষেধ (খণ্ডন) করিতেছেন।

১। তাৎপর্যাটীকাকার এই মতকে সাংখ্যমত বলিয়াই সমর্থন করিয়াছেন। কিন্তু ভাষ্যকার এখানে ভানকে প্রশ্যের ধর্ম বলিয়াছেন। সাখ্যমতে প্রশ্ব নির্তুণ নির্দ্ধাক ৷ সাংখ্যমতে যে পৌরু:বয় বে'ধকে প্রমাণের ফল বলা হইয়াছে, উহাও বস্ততঃ পরুষররাশ হইলেও পরুষের ধর্ম নহে। পাস্ত এখানে যে জ্ঞান পদার্থ-বিষয়ে বিচার হইয়াছে, ঐ জান সাংখামতে অন্তঃকরণের রুত্তি, উহা অন্তঃকরণেরই ধম। ভাষাকার এই আহিশ.কর প্রথম সূত্রভাষো ''সাংখ্য'' শব্দের প্রয়োগ করিয়াই সাংখ্যমতের প্রকাশপূর্কাক তৃতীয় সূত্রভাষো ঐ সাংখ্যমতের খণ্ডন করিতে ভান প্রাধেরই ধর্মা, অন্তঃকরণের ধর্মানতে, চেতনের ধর্মা অচেতন অন্তঃকরণে থাকিতেই পারে না, ইত্যাদি কথার ভারা সংখ্যতে যে জ্ঞান প্রায়ের ধর্মা নহে, ন্যায়্মতেই জান পুরুষের ধর্মা, ইহা ব্যক্ত করিয়াছেন। সূত্রাং এখ'নে ভাষাকার সাংখ্যমতে জান পুরুষের ধর্মা, এই কথা কিরাপে বলিবেন, এবং সাংখ্যমত প্রকাশ করিতে পুর্বের ন্যায় ''সাংখা''শব্দের প্রয়োগ না করিয়া 'ক্ল্যাচিদ্দর্শনং" এইরাপ কথাই বা কেন বলিবেন, ইহা আমরা বুঝিতে পারি নাই। এবং অনুস্ধান করিয়াও এখানে ভাষাকারোজ্য মতের অন্য কোন মূলও পাই নাই। ভাষ্যকার অভি প্রাচীন কোন মতেরই এখানে উল্লেখ করিয়াছেন মনে হয়। স্থীসৰ প্রেছাক্ত তৃতীয় সুবভাষ্য দেখিয়া এখানে তাৎপর্বাটী কাক রের কথার বিচার করিবেন।

সূত্র। জ্ঞােচ্ছাদেষনিমিত্তথাদারম্ভনিরত্যোঃ॥ 11300118011

অমুবাদ। (উত্তর) থেহেতৃ আরম্ভ ও নিবৃত্তি জ্ঞাতার ইচ্চা ও দেষনিমিত্তক (অতএব ইচ্ছা ও দ্বেযাদি জ্ঞাতার ধর্মা)।

ভাষ্য। অয়ং খলু জানীতে ভাবদিদং মে সুখসাধনমিদং মে দুঃখ-সাধনমিতি, জ্ঞাত্বা স্বস্থা স্থপাধনমাপ্ত,মিচ্ছতি, চুঃথসাধনং হাতুমিচ্ছতি। প্রাপ্তীচ্ছাপ্রযুক্তস্থান্ত সুথদাধনাবাপ্তয়ে সমীহানিশেষ আরম্ভ: জিহাসা-প্রযুক্তন্য ছঃথসাধনপরিবর্জনং নিবৃত্তিঃ। এবং জ্ঞানেচ্ছা-প্রযত্ন-দ্বেষ-মুখ-ত্বংখানামেকেনাভিদম্বন্ধ এককর্ত্তকত্বং জ্ঞানেচ্ছাপ্রবুতীনাং সমানাশ্রহত্বক. তস্মাজ্জস্মেচ্ছা-দ্বেষ-প্রযত্ন-সুখ-দুঃখানি ধর্ম। নাচেতনস্মেতি। আরম্ভ-নিরুত্ত্যোশ্চ প্রত্যগাত্মনি দৃষ্টত্বাৎ পরত্রানুমানং বেদিতব্যমিতি।

অসুবাদ। এই আত্মাই "ইহ। আমার সুধসাধন, ইহ। আমার ছু:খুসাধন" এইরপ জানে, জানিয়া নিজের মুখুসাধন প্রাপ্ত হটতে ইচ্ছা করে, ছ:খসাধন ত্যাগ করিতে ইচ্ছা করে। প্রাপ্তির ইন্ধাবশতঃ **"প্রযুক্ত" অর্থাৎ কুত্ত**যত্ন এই আত্মার সুখদাধন লাভের নিমিত্ত সমীহাবিশেষ অর্থাৎ শারীরিক ক্রিয়ারূপ চেষ্টাবিশেষ "আরম্ভ"। ত্যাগের ইচ্ছাবশত: "প্রযুক্ত" অর্থাৎ কুত্রযুত্র এই আল্লার দুঃখসাধনের পরিবর্জন "নিবৃত্তি"। এইরূপ হটলে জ্ঞান, ইক্সা, প্রযন্ত্র, দ্বেষ, সুখ ও তুঃখের একের সহিত সম্বন্ধ, জ্ঞান, ইচ্ছা ও প্রবৃত্তির (প্রায়ত্ত্ব) এককর্ত্তকত্ব এবং একাশ্রয়ত্ব (সিদ্ধ হয়)। অভ এব ইচ্ছা, দ্বেষ, সুখ ও জ্ঞাভার (আত্মার) ধর্ম, অচেতনের (অন্তঃকরণের) ধর্ম নতে। পরস্ক আরম্ভ ও নিবৃত্তির স্বকীয় আত্মাতে দৃষ্টহবণতঃ অর্থাৎ নিঙ্গ

১। ইক্ছার পরে ঐ ইক্ছাজনা আত্মাতে প্রয়ত্বরপ প্রবৃত্তি জন্মে, তজ্জনা শরীরে চেউারাপ প্রবৃত্তি জমে। ১ম অঃ, ১ম আঃ, ৭ম স্রভাষো ^কচিখ্যাপরিষয়া প্রযুক্তঃ" এই **ছানে তাৎপর্যাটীকাকার** ''প্রযু**ড'' শব্দের ব্যাখা। করিয়াছেন**ু ''প্রযুক্ত'' উৎপাদিতপ্রয়তঃ।

আত্মাতে আরম্ভ ও নিবৃত্তির কর্তৃত্বের মানস প্রত্যক্ষ হওয়ায় অক্সত্র (অক্সান্ত সমস্ত আত্মাতে) অনুমান জানিবে। অর্থাৎ স্বকীয় আত্মাকে দৃষ্টান্ত করিয়া অক্সান্ত সাত্মাতেও কর্তৃত্ব সম্বন্ধে আরম্ভ ও নিবৃত্তির অনুমান হওয়ায় তাঙার কারণরূপে সেই সমস্ত আত্মাতেও ইচ্ছা ও দ্বেষ সিদ্ধ হয়।

টিপ্রনী। বুদ্ধি অর্থাৎ জ্ঞান আভারই গুন, এই সিদ্ধান্ত প্রতিপন্ন করিতে মহর্ষি অনেক কথা বলিয়া, ঐ দিছান্তে স্মৃতির যৌগপদ্যের আপত্তি খণ্ডনপূৰ্বক এখন নিজ সিদ্ধান্ত সমৰ্থনের জন্য এই স্ত্রের হারা ঐ বিষয়ে মতান্তর খণ্ডন করিয়াছেন। কোন দর্শনকারের মতে জ্ঞান আত্মারই ধর্ম, কিন্ত ইচ্ছা থেম, প্রযন্ত্র, সুখ, দুঃখ আত্মার ধর্ম নহে, ঐ ইচ্ছাদি অচেতন অন্ত:করণেরই ধর্ম। মহণ্ডি এই সূত্রোক্ত হেতুর শারা ঐ ইচ্ছাদিও যে জ্ঞাতা আত্মারই ধর্ম, ইহা প্রতিপন্ন করিয়াছেন। ভাষ্যকার মহবির যুক্তি প্রকাশ করিবার জন্য বলিয়াছেন যে, আত্মাই ''ইহা আমার সুখের সাধন'' এইরপ বুঝিয়া, তাহার প্রাপ্তির ইচ্ছাবশত: ত্রিষয়ে প্রযন্তরয়া, তাহার প্রাপ্তির জন্য আরম্ভ (চেষ্টা) করে এবং আত্মাই "ইহা আমার দু:ধের সাধন'' এইরূপ বুঝিয়া, তাহার পরিত্যাগের ইচ্ছাবশত: তহিদয়ে প্রযুদ্ধান্ হইয়া **যেঘবশ**ত: তাহার পরিব**জ**র্ল করে। পূর্কোক্তরূপ "আরম্ভ" ও ''নিবৃত্তি'' শারীরিক ক্রিয়াবিশেষ হইলেও উহা আত্মারই ইচ্ছ। ও বেষজন্য। কারণ, উংার মূল অুগসাধনত-জ্ঞান ও দু:খসাধনত-জ্ঞান আত্মারই ধর্ম। এরপে জ্ঞান না হইলে তাহার এরপে ইচ্ছা ও শ্বেষ জ্ঞানিমতে পারে না। একের এরপ জ্ঞান হইলেও ভজ্জন্য অপরের এরপ ইচ্ছাদি ভন্মে ন। I স্থতরাং জ্ঞান, ইচ্ছা, প্রযত্ন, হেষ ও সুখদু:বের এক আত্মার সহিতেই সমন্ধ এবং জ্ঞান, ইচ্ছা ওপ্রয়ত্ত্বের এককর্ত্রত্ব ও একাশ্রয়ত্বই সিদ্ধ হয়। আৰাই ঐ ইচ্ছাদির আশ্রয় হইলে ঐ ইচ্ছাদি যে, আৰারই ধর্ম, ইহা স্বীকার্য্য। অচেতন অন্ত:করণে জ্ঞান উৎপন্ন হইতে না পারায় তাহাতে জ্ঞানজন্য ইচ্ছাদি গুণ জন্মিতেই পারে ন। স্বতরাং ইচ্ছাদি অন্তঃকরণের শৰ্ম হইতেই পারে ন।। উদ্যোতকর ৰলিয়াছেন যে, ইচছ। প্রভৃতির মানস প্রতাক্ষ হইয়া থাকে। কিন্তু ঐ ইচ্ছাদি মনের গুণ হইলে আছা তাহার প্রতাক্ষ করিতে পারে না। কারণ, অন্যের ইচ্ছাদি অনা কেহ প্রত্যক করিতে পারে না। পরস্ক ইচ্ছাদি মনের গুণ হইলে উহার প্রত্যক্ষও হইতে পারে না। কারণ, মনের সমস্ত গুণই অতীন্ত্রিয়। ইচ্ছাদি মনের

গুণ হইলে মনের অণুত্বশত: তদুগত ইচ্ছাদি গুণও অতীক্রিয় হইবে। **জ্ঞানের ন্যায়** ইচ্ছাদি গুণও যে, সমস্ত আত্মানই ধর্ম, উহা কোন আত্মার**ই** অস্তঃকরণের ধর্ম নহে, ইহা বুঝাইতে ভাষ্যকার শেষে বলিয়াছেন যে, আরম্ভ ও নিবৃত্তির স্বকীয় আম্বাতে দৃষ্ট্রবশত: এন্যান্য সমস্ত আম্বাতে ঐ উভয়ের অনুমান ব্ঝিবে। অর্থাৎ অন্য সমস্ত আত্মাই যে নিজের ইচ্ছা-বশত: আরম্ভ করে এবং ছেঘবশত: নিবৃত্তি করে, ইহা নিজের আত্মাকে *দৃষ্টা*ন্ত করিয়া অনুমান করা যা**র**। স্বতরাং অন্যান্য সমস্ত আছাও পুর্ব্বোক্ত ইচ্ছাদি গুণবিশিষ্ট, ইহাও অনুমানিদিদ্ধ। এখানে কঠিন প্রশু এই বে, স্ত্রোক্ত "আরম্ভ" ও "নিবৃত্তি" প্রযত্নবিশেষই হইলে উহা নিজের আত্মাতে দৃষ্ট অর্থাৎ মান্য প্রত্যাক্ষসিদ্ধ, ইহা বলা যাইতে পারে। উপয়নাচার্য্যের "তাৎ-পর্যাপরিশুদ্ধিব" টীক। "ন্যায়নিবদ্ধপ্রকাশে" বর্দ্ধমান উপাধ্যায় এবং বৃত্তিকার বিশুনাথ প্রভৃতি অনেকেই এখানে সূত্রোক্ত আরম্ভ ও নিবৃত্তিকে প্রয়ত্ববিশেষ বলিয়াই ব্যাখ্য। করিয়াছেন। কিন্তু ভাষ্যকার ৰাৎস্যায়ন এই সুভোক্ত আরম্ভ ও নিব্তিতে হিত প্রাপ্তি ও অহিত পরিহারার্থ ক্রিয়াবিশেষই বলিয়াছেন। উদদ্যোতকর ও বাচম্পতি মিশ্রও ঐরূপ ব্যাখ্যা করিয়াছেন। পরবর্তী ৩৭শ সূত্রভাষ্যে ইহা স্থব্যক্ত আছে। স্থতরাং ভাষ্যকারের ব্যাধ্যানুসারে এখানে ক্রিয়া বিশেষরূপ ''আরম্ভ'' ও ''নিবৃত্তি'' নিষ্ক্রিয় আত্মাতে না থাকায় উহা স্বক্**র** আশ্বাতে দৃষ্ট অর্থাৎ মানস প্রত্যক্ষণিদ্ধ, এই কথা কিরূপে সংগত হইবে ? বৈশেষিক দর্শনে মহাষি কণাদের এক ি সূত্র আছে—''প্রবৃত্তিনিবৃত্তী চ প্রত্যগান্থনি দৃষ্টে পরতা লিকং" ১।১।১৯। শকর মিশ্র উহার ব্যাখ্য। করিয়াছেন যে, "প্রত্যগান্ধ।" অর্থাৎ স্বকীয় আন্থাতে যে 'প্রবৃত্তি ও নিবৃত্তি' নামক প্রয়ম্ববিশেষ অনুভূত ২য়, উচা অপর আদার লিজ অর্থাৎ অনুমাপক। তাৎপর্য্য এই বে, পরশরীরে ক্রিয়াবিশেষরূপ চেষ্টা দর্শন করিয়া, এ চেষ্টা প্রযুদ্ধন্য, এইরূপ অনুমান হওয়ায় ঐ প্রযুদ্ধের কারণ বা আশ্রুরূপে পরশরীরেও যে আছা আছে, ইহা অনুমানসিদ্ধ হয়। এখানে ভাষ্যকারের "আরম্ভনিবত্ত্যোশ্চ" ইত্যাদি পাঠের বার। মহমি কণাদের ঐ স্তাটি স্মরণ হইলেও ভাষ্যকারের ঐ রূপ তাৎপর্য্য বুঝা যায় না। ভাষ্যকার এখানে পরশরীরে আশার অনুমান বলেন নাই, তাহা বলাও এখানে নিষ্পু য়োজন। আমাদিগের মনে হয় যে, ''আমি ভোজন করিতেছি'' এইরূপে স্বকীয় আত্মাতে ভোজনকর্ত্ত্বর যে মানগ প্রত্যক্ষ হয়, গেখানে যেমন ঐ ভোজনও এ মানদ প্রত্যক্ষের বিষয় হইয়া থাকে, ভদ্রপ ''আমি আরম্ভ করিতেছি''. "বামি নিবৃত্তি করিতেছি" এইরূপে স্বকীয় আত্মাতে ক্রিয়াবিশেষরূপ আরম্ভ ও নিবৃত্তির কভু দের যে মানস প্রত্যক্ষ হয়, সেখানে ঐ আরম্ভ ও নিবৃত্তিও ঐ প্রত্যক্ষের বিষয় হওয়ায় ভাষ্যকার ঐরপ তাৎপর্য্যে এখানে তাঁহার বাাখ্যাত ক্রিয়াবিশেষরূপ আরম্ভ ও নিবৃত্তিকে স্বকীয় আশ্বাতে "দৃষ্ট' অর্থাৎ মানস প্রত্যক্ষসিদ্ধ বলিয়াছেন। স্বকীয় আশ্বাতে কর্তৃত্ব সম্বন্ধে ঐ আরম্ভ ও নিবৃত্তি মানস প্রত্যক্ষসিদ্ধ হইলে তদ্দৃষ্টান্তে অন্য আশ্বাতে কর্তৃত্ব সম্বন্ধেই ঐ আরম্ভ ও নিবৃত্তির অনুমান হয়। অর্থাৎ আমি যেমন কর্তৃত্ব সম্বন্ধে আরম্ভ ও নিবৃত্তিবিশিষ্ট, তক্ষপে অপর সমস্ত আশ্বাও কর্তৃত্ব সম্বন্ধে আরম্ভ ও নিবৃত্তিবিশিষ্ট, তক্ষপে অপর সমস্ত আশ্বাও আমার ন্যায় ইচ্ছাদি গুণবিশিষ্ট, ইহা অনুমান হারা বুঝিতে পারা যায়, ইহাই এখানে ভাষ্যকারের বক্তব্য। স্থাগাণ পরবর্তী এ৭শ সুত্রের ভাষ্য দেখিয়া এখানে ভাষ্যকারের তাৎপর্য্য নির্ণয় করিবেন ।।১৪।।

ভাগ্য। অত্র ভূতচৈতনিক আহ—

অসুবাদ। এই স্থলে ভূতচৈতন্মবাদী (দেহাত্মবাদী নাস্তিক) বলিতেছেন।

সূত্র। তল্লিঙ্গত্বাদিচ্ছাদ্বেষয়োঃ পার্থিবাছেন্ধ– প্রতিষেধঃ॥৩৫॥৩০৬॥

অমুবাদ। (পূর্ববিশক্ষ) ইচ্ছা ও দেষের "তল্লিঙ্গত্" বশতঃ অর্থাৎ পূর্ববোক্ত আরম্ভ ও নিবৃত্তি ইচ্ছা ও দেষের লিঙ্গ (অমুমাপক), এ জন্ম পার্থিবাদি শরীরসমূহে (চৈতন্মের) প্রতিষেধ নাই।

ভাষ্য। আরম্ভনিবৃত্তিলিঙ্গাবিচ্ছাদ্বেয়বিতি যস্তারম্ভনিবৃত্তী, তম্প্রেচ্ছা-দ্বেষৌ, তম্ম জ্ঞানমিতি প্রাপ্তং। পার্থিবাপ্যতৈজ্বসবায়বীয়ানাং শরীরাণা-মারম্ভনিবৃত্তিদর্শনাদিচ্ছাদ্বেষ্জ্ঞানৈর্যোগ ইতি চৈতন্তং।

অঙ্গুবাদ। ইচ্ছা ও দ্বেষ আরম্ভলিঙ্গ ও নিবৃত্তিলিঙ্গ, অর্থাৎ আরম্ভের দারা ইচ্ছার এবং নিবৃত্তির দারা দেষের অঙ্গুমান হয়, স্কৃতরাং যাহার আরম্ভ ও নিবৃত্তি, তাহার ইচ্ছা ও দেষ, তাহার জ্ঞান, ইহা প্রাপ্ত হয়, অর্থাৎ বুঝা যায়। পাথিব, জলীয়, তৈজ্পস ও বায়বীয় শরীরসমূহের মারম্ভ ও নিরত্তির দ**র্শন হওয়ায় ইচ্ছা,** দ্বেষ ও জ্ঞানের সহিত সম্বন্ধ সিদ্ধ হয়)। এ জ্বস্তু (ঐ শরীরসমূহেরই) চৈতক্স (স্বীকার্য্য)।

টিপ্রনী। মহাঘি পূর্বে স্থানে যে যুক্তির হার। স্থমত সমর্থন করিয়াছেন, চাহাতে দেহাম্ববাদী নান্তিকের কথা এই যে, ঐ যক্তির হার। আমার মত দর্থাৎ দেহের চৈতন্যই সিদ্ধ হয়। কারণ, যে আরম্ভ ও নিবৃত্তির দারু। হৈছে। ও বেষের জনুমান হয়, ঐ আরম্ভ ও নিবৃত্তি শরীরেরই ধর্ম, শরীরেই উহা প্রতাক্ষসিষ, স্বতরাং উহার কারণ ইচ্ছা ও দ্বেঘ এবং তাহার কারণ ্ঞান, শ্র[ী]রেই সিদ্ধ হয়। কার্য্য ও কারণ একই আধারে অবস্থিত থাকে. ইহা সকলেরই স্বীকার্য। স্থতরাং যাহার আরম্ভ ও নিবৃত্তি, তাহারই ইচ্ছা ও বেঘ. এবং তাহারই ভান. ইহা স্বীকার করিতেই হইবে। তাহা হইলে পাথিবাদি চতুব্বিধ শরীরই চেতন, ঐ শরীর হইতে ভিন্ন কোন চেতন বা াত্মা নাই, ইহা সিদ্ধ হয়। তাই বৃহস্পতি বলিয়াছেন, ''চৈতনাবিশিটঃ কায়: পুরুষ:।'' (বার্হস্পত্য সূত্র)। চতুর্বিষ ভূত (পৃথিবী, জন, তেজ: বায়) দেহাকারে পরিণত হইলে ভাহাতেই চৈতন্য অর্থাৎ জ্ঞাননামক গুণ-বি**শেষ জ্বন্মে। স্থতরাং দেহের** চৈতন্য **স্বীকা**র করিলেও ভূতচৈতন্যই খীকৃত হয়। দেহের মূল পরমাণুতে চৈতন্য খীকার করিয়াও চার্কাক নিজ দিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। মহিদ এখানে তাঁহার পূর্ব্বোক্ত সিদ্ধান্ত সমর্থনের জন্য এই নাস্তিক মতের খণ্ডন করিতে এই স্তের ঘার। পর্বপক্ষ-রূপে এই মতের উল্লেখ করিয়াছেন ।।এ৫।।

সূত্র। পরশ্বাদিষারস্তনির্ত্তিদর্শনাৎ ॥৩৬॥৩০৭॥

অমুবাদ। (উত্তর) কুঠারাদিতে আরম্ভ ও নিবৃত্তির দর্শনবশতঃ (শরীরে চৈতক্য নাই)।

ভাষ্য। শরীরে চৈততানিবৃত্তি:। আরম্ভনিবৃত্তিদর্শনাদিচ্ছাদ্বেষজানৈর্যোগ ইতি প্রাপ্তং পরশ্বাদে: করণস্থারম্ভনিবৃত্তিদর্শনাচৈচততামিতি।
অথ শরীরস্থাচ্ছাদিভির্যোগঃ, পরশ্বাদেশু করণস্থারস্তনিবৃত্তী ব্যভিচরতঃ,
ন তহর্বায়ং হেতৃঃ "পার্থিবাপ্যতৈজ্বসবায়বীয়ানাং শরীরাণামারস্তনিবৃত্তিদর্শনাদিচ্ছাদ্বেষ্জানৈর্যোগ" ইতি।

অয়ং তহ্যক্রোহর্ধ: "তলিঙ্গতাদিচ্ছাদেষ্ট্রোঃ পার্থিবাদ্যেষ্ট্র-প্রতিষ্বেধঃ" — পৃথিব্যাদীনাং ভূতানামারদ্ধস্তাবৎ ত্রসংস্থাবরশরীরেষ্ তদবয়বব ্যুহলিঙ্গঃ প্রবৃত্তিবিশেষঃ, লোষ্টাদিষু লিঙ্গাভাবাৎ প্রবৃত্তিবিশেষঃ লোষ্টাদিষু লিঙ্গাভাবাৎ প্রবৃত্তিবিশেষভাবে। নিবৃত্তিঃ। আরম্ভনিবৃত্তিলিঙ্গাবিচ্ছাদেষাবিতি। পার্থিবাছেছণ্যু তদ্দর্শনাদিচ্ছাদেষ্ট্রোগস্তদ্যোগাঞ্জ্ঞান্যোগ ইতি সিদ্ধং ভূতিক্তিক্সমিতি।

অনুবাদ। শরীরে চৈততা নাই। আরম্ভ ও নির্ত্তির দর্শনবশতঃ
ইচ্ছা, দ্বেষ ও জ্ঞানের সহিত সম্বন্ধ সিদ্ধ হয়, ইহা বলিলে কুঠারাদি
করণের আরম্ভ ও নির্ত্তির দর্শনবশতঃ চৈততা প্রাপ্ত হয় অর্থাৎ কুঠারাদি
করণেরও আরম্ভ ও নির্ত্তি থাকায় তাহারও চৈততা স্বীকার করিতে
হয়। যদি বল, ইচ্ছাদির সহিত শরীরের সম্বন্ধই সিদ্ধ হয়, কিন্তু আরম্ভ
ও নির্ত্তি কুঠারাদি করণের সম্বন্ধে ব্যভিচারী, অর্থাৎ উহা কুঠারাদির
ইচ্ছাদির সাধক হয় না। (উত্তর) তাহা হইলে "পার্থিব, জ্লীয়,
তৈজ্প ও বায়বীয় শরীরসমূহের আরম্ভ ও নির্ত্তির দর্শনবশতঃ ইচ্ছা,
দ্বেষ ও জ্ঞানের সহিত সম্বন্ধ সিদ্ধ হয়" ইহা হেতু হয় না, অর্থাৎ
পূর্ব্বোক্ত এ বাক্য দেহ-চৈততত্যের সাধক হয় না।

১। ভূতচৈতনিকস্তলিস্থাদিতি হেতুং অপক্ষসিদার্থমন্যথা ব্যাচন্টে, ''অয়ং তহী''তি। শরীরেববয়বব্যুহদর্শনাদদশ্নাচ লোটাদিযু, শরীরার্ডকানামণুনাং প্রবিভেদোহনুমীয়তে, ততংকেছাদেযৌ, তাভাাং চৈতন্যমিতি। তাৎপর্যাটীকা।

২। "ভ্রদ্য" শবেদর অর্থ স্থাবরের বিপরীত জন্ম। তাৎপর্যাটীকাকার ব্যাখা করিয়াছেন—"লসং জন্মং বিশরাক অন্থিরং কৃমিকাটপ্রভূতীনাং শরীরং। স্থাবরং স্থিরং শরীরং দেবমনুয্যাদীনাং, তদ্ধি চিরতরং বা ধ্রিয়তে"। জৈন শান্তেও অনেক স্থানে "ভ্রস্থাবর" এইরাপ প্রয়োগ দেখা যায়। মহাভারতেও প্ররাপ অর্থে "ভ্রস" শবেদর প্রয়োগ আছে, বথা—"ভ্রসানাং স্থাবরাণাঞ্চ বচ্চেলং যচ্চ নেসতে।"—বনপ্রবর্গ ১৮৭।৩০। কোষকার অমরসিংহও বলিয়াছেন, "চরিফুর্জুলমচর-ভ্রসমিলং চরাচরং।" জনরকোর, বিশেষানিম্ম বর্গ। ৪৫। সূতরাং "ভ্রস" শবেদর জন্ম অর্থে প্রমাণ ও প্রয়োগরে অভাব নাই। উহা কেবল জৈন শান্তেই প্রযুক্ত নহে। "ভ্রসরেণু" এই শবেদর প্রথমে যে "ভ্রস" শবেদর প্রয়োগ হয়, উহার অর্থও জন্ম। জন্ম রেণুবিশেষই "ভ্রসরেণু শবেদর স্থারা কথিত হইয়াছে মনে হয়। সুধীগণ ইহা চিন্তা করিবেন।

প্র্বেপক্ষ) তাহা হইলে এই অন্ত অর্থ বলিব, (পূর্ব্বাক্ত "তল্লিঙ্গবাং" ইত্যাদি প্রাটির উদ্ধারপ্র্বেক উহার অর্থান্তর ব্যাখ্যা করিতেছেন)
"ইচ্ছা ও দ্বেষের তল্লিঙ্গন্তবশতঃ পার্থিবাদি পরমাণুসমূহে (চৈতন্তের)
প্রতিষেধ নাই"—(ব্যাখ্যা) জঙ্গম ও স্থাবর শরীরসমূহে সেই শরীরের
অব্যবব্যুহ-লিঙ্গ অর্থাৎ সেই সমস্ত শরীরের অব্যবের ব্যুহ বা বিশক্ষণ
সংযোগ যাহার লিঙ্গ বা অন্তুমাপক, এমন প্রবৃত্তিবিশেষ, পৃথিব্যাদি ভূতসমূহের অর্থাৎ শরীরারম্ভক পার্থিবাদি পরমাণুসমূহের "আরম্ভ", লোষ্ট
প্রভৃতি দ্বব্যে (শরীরাব্যবব্যুহরূপ) লিঙ্গ না থাকায় প্রবৃত্তিবিশেষের
অভাব "নিবৃত্তি"। ইচ্ছা ও দ্বেষ আরম্ভ-লিঙ্গ ও নিবৃত্তি দ্বেষের অন্তুমাপক।
পার্থিবাদি পরমাণুসমূহে সেই আরম্ভ ও নিবৃত্তির দর্শন (জ্ঞান) হওয়ায়
অর্ধাৎ শরীরারম্ভক পার্থিবাদি পরমাণুসমূহে পূর্বেবাক্তরূপ প্রবৃত্তি ও নিবৃত্তি
দিদ্ধ হওয়ায় ইচ্ছা ও দ্বেষের সম্বন্ধ সিদ্ধ হয়, তৎসম্বন্ধবশতঃ জ্ঞানসম্বন্ধ বা
জ্ঞানবত্তা সিদ্ধ হয়, অতএব ভূতিচৈতন্তা সিদ্ধ হয়।

টিপ্লনী। ভূততৈতনাবাদীর অভিমত শরীরের তৈতনাসাধক পূর্ব্বোক্ত হৈতৃতে বাভিচার প্রদর্শন করিতে এই সূত্রেষার। মহিদ বলিয়াছেন যে, কুঠারাদিতে আরম্ভ ও নিবৃত্তির দর্শন হওয়ায় শরীরে তৈতন্য নাই। ভাদ্যকার প্রথমে ''শরীরে তৈতন্যনিবৃত্তি:' এই বাক্যের পূরণ করিয়া, এই সূত্রে মহিদির বিষক্ষিত সাধ্যের প্রকাশ করিয়াছেন। ভাদ্যকারের মতে মহিদির ত'ৎপর্যা এই যে, ভূততৈতন্যবাদী ''আরম্ভ'' শব্দের বারা ক্রিয়ামাত্র অর্থ বুঝিয়া এবং ''নিবৃত্তি' শব্দের বারা ক্রিয়ার অভাব মাত্র অর্থ বুঝিয়া তদ্ধারা শরীরে চৈতন্যের অনুমান করিয়াছেন, কিন্ত পূর্ব্বোক্তরূপ ''আরম্ভ'' ও ''নিবৃত্তি'' ছেদনাদির করণ কুঠারাদিতেও আছে, তাহাতে চৈতন্য না পাকায় উহা চৈতন্যের সাধক হইতে পারে না। পুর্ব্বোক্তরূপ আরম্ভ ও নিবৃত্তি দেখিয়া ইছা ও বেষের সাধন করিয়া, তদ্ধারা চৈতন্য সিদ্ধ করিলে কুঠারাদিরও চৈতন্য সিদ্ধ হয়। ইচ্ছাদি গুণ শরীরেরই ধর্ম্ম, কুঠারাদি করণে আরম্ভ ও নিবৃত্তি পাক্রিতেও উহা দেখানে ইচ্ছাদি গুণের ব্যভিচারী হওয়ায় ইচ্ছাদি গুণের সাধক হয় না, ইহা স্বীকার করিয়ন ভূতচৈতন্যবাদীর সহিত ঐ হেতু শরীরের ও ইচ্ছাদি-গুণের সাধক হয় না উহা ব্যভিচারী হওয়ায় হেতুই হয় না।

ভাষ্যকার মহম্বির তাৎপর্য্য বর্ণন করিয়া শেষে ভূতচৈতন্যবাদার প্র সমর্থন করিতে পূর্ব্বোক্ত 'ভেল্লিছবাং' ইত্যাদি পূর্ব্বপক্ষসূত্তের অধীক্ষ ব্যাখ্যা করিয়াছেল যে, যে "তারন্ত" ইচ্ছার লিক অর্থাৎ অনুমাপক, তাহা কিংামাত্র নহে। এবং যে "ানৰুত্তি" ছেমের লিজ, তাহা ঐ কিয়ার অভাষ মাত্র নছে। প্রবৃত্তিবিশেষই পৃথিব্যাদি ভূতের অর্থাৎ পাথিবাদি প্রমানুসমূহে ''আরভ''। ''অস'' তথাৎ অভির বা তল্পকায়ী কৃমি বীট প্রভৃতিয় শরীর এবং "স্বাহর' অর্থাৎ দীর্ঘকাল স্থায়ী দেবতা ও মনুষ্যাদির শরীরের অবয়বের ব্যুহ অর্থাৎ বিলক্ষণ সংযোগ হার৷ পুর্ব্বোক্ত প্রবৃত্তিবিশেষের অনুমান হয়। শরীরের আরভক প্রমাণুসমূহে পূর্বোক্ত প্রবৃতিবিশেষ না জনিমার সেই প্রমাণসমূহ পুর্ব্জেরপ শরীরের উৎপাদন ব হিতে পারে না। শরীরের **অবয়েরে যে বূচহ দেখা যায়, তাহ। লো**ষ্ট প্রভৃতি দেখে দেখা যায় ন **মুত্রাং শরীরের আর্ভক পাথিবাদি পর্মাশুস্মূহেই প্রবৃতিবিশেষ অনু**মিত হয় ৷ ঐ পরমাশুসমূহ যে সময়ে শ্রীরের উৎপাদন করে না, তখন তাহাতেও নিবৃত্তি অনুনিত হয়। পুৰেবাছরাপ প্রবৃত্তিবিশেষের ভভাই ''নিবৃত্তি'। শহীরাভক প্রমাণুসমূহে প্রুতি ও নিবৃতি ফিছ ইইলে ত্রুছার। তাহাতে ঐ প্রতির বারণ ইচ্ছ। এবং নিবৃতির কারণ গেম সিদ্ধ হয়। তুতরাং ঐ প্রমাণুসমূহে চৈত্নাও সিদ্ধ হয়। কারণ, চৈত্না বাতীত ইচ্ছা ও ংঘ ভণিষতে পারে না। শরীরারভক পাণিবাদি পরমাশুসমূহে চৈত্ন্য সিদ হইলে ভৃতচৈতন্যই সিদ্ধ হয়।

ভাষা। কুভাদিষ্কুপলাকেরতেতুঃ । কুভাদিম্দব্যবানাং ব্যুহলিঙ্গঃ প্রবৃতিবিশেষ আরন্তঃ, সিকভাদিষু প্রবৃতিবিশেষাভাবো নির্তিঃ। ন চ মুৎসিকভানামারভনিবৃতিদর্শনাদিচ্ছাছেযপ্রযুক্তানৈর্যোগঃ, ভস্মাৎ ভিল্লিঙ্গাদিচ্ছাছেযথোঁ বিভাহেতুঃ)

জমুবাদ। (উত্তর) কুন্ডাদি জব্যে (ইচ্ছাদির) উপলব্ধি না হওয়ায় (ভূতহৈতক্যবাদীর ব্যাখ্যাত হেতু) অহেতু। বিশদার্থ এই যে, কুন্ডাদির মৃতিকারণে অবয়বসমূহের "ব্যহলিক" অর্থাৎ বিলক্ষণ সংযোগ

১। ''ন্যায়সূটোভার' গ্রছে এই স্কভি সূহমধ্যে উলিখিত হইয়াছে। বিভ উদ্দোতকর এভৃতি কেহই উহাকে সূহরণে গ্রহণ করেন নাই। ''ন্যায়সূচীনিবয়ে' ও উহা সূহমধ্যে গুহীত হয় নাই।

ন্ধারা অমুমের প্রবৃত্তিবিশেষ "আরক্ত" আছে, বাসুকা প্রভৃতি দ্রব্যে প্রবৃত্তিবিশেষের অভাবরূপ "নিবৃত্তি" আছে। কিন্তু মৃত্তিকা ও বাসুকাদি দ্রব্যের আরম্ভ অর্থাৎ পূর্বেবাক্ত প্রবৃত্তিবিশেষ ও নিবৃত্তির দর্শনবশতঃ ইচ্ছা, দ্বেষ, প্রয়ত্ম ও জ্ঞানের সহিত সম্বন্ধ সিদ্ধ হয় না, অতএব "ইচ্ছা ও দ্বেষের তল্লিদ্ধ ত্বশতঃ" ইছা অর্থাৎ "তল্লিদ্ধতাৎ" ইত্যাদি সূত্রোক্ত হেতু, অহেতু।

টিপ্রনী। ভাষ্যকার ভূতচৈতন্যবাদীর মতানুসারে স্বতম্ব ভাবে তাহার ক্থিত হেতুর বাৃাখ্যা**ন্ত**র করিয়া, এখন ঐ হেতুতেও ব্যভিচার প্রদর্শনের জন্য বলিয়াছেন যে, কুন্তাদি দ্রব্যে ইচ্ছাদির উপলব্ধি না হওয়ায় প্রেকাক্ত প্রবৃত্তি ও নিৰুত্তিরূপ হেতুও ইচ্ছাদির ব্যভিচারী, স্নতরাং উহাও হেতু হয় না। **ংবয়বের** বাহ বা বিলক্ষণ সংখোগ ছারা প্রবৃত্তি সিদ্ধ হইলে। কুন্তাদি দ্রবোর আঃভক মৃতিবারাপ অবয়বের ব্যুহহার। তাহাতেও প্রবৃত্তি সিদ্ধ হইবে, কুছাাদর উপাদান মৃত্তিকাতেও প্রবৃত্তিবিশেষরপে আরম্ভ স্বীকার করিতে হইবে। এবং বালুকাদি জব্যে পুৰ্বেজিরপ অবয়বব্যুহ ন। থাকায় ভাহাতে ঐ প্রবৃত্তিবিশেষ সিদ্ধ হয় না। চূর্ণ বালুকাদিদ্রব্য পরস্পর বিলক্ষণ সংযোগের অভাববশতঃ কোন দ্রব্যান্তরের আরম্ভক ন। হওয়ায় পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে তাহাতে পূর্ব্বোক্ত প্রবৃত্তিবিশেষরূপ আরম্ভ সি**দ্ধ হ**ইতে পারে না। স্থতরাং ভাষতে ঐ প্রবৃত্তিবিশেষের অভাব নিবৃত্তিই স্বীকার্য্য । স্কুতরাং ভূতচৈতন্য-বাদীন কথিত যুক্তির দারা কুন্ডাদি দ্রব্যের আরম্ভক মৃত্তিকাতেও প্রবৃত্তি এবং ৰালুকাদিতেও নিৰৃত্তি সিদ্ধ হওয়ায় ঐ প্ৰবৃত্তি ও নিবৃত্তি ইচ্ছাদির ব্যভিচারী, ইহা স্বীকার্য্য। কারণ, ঐ মৃত্তিক। ও বালুকাদিতে প্রবৃত্তি ও নিৰুত্তি পাকিলেও তাহাতে ইচ্ছ। ও বেম নাই, প্রযন্ত ও জ্ঞানও নাই। ভূতচৈতন্য-বাদীও ঐ মৃত্তিকাদিতে ইচ্ছাদি গুণ স্বীকার করেন ন।। তিনি শরীরারম্ভক পরমাণু ও তজ্জনিত পার্থিবাদি শরীরসমূহে চৈতন্য স্বীকার করিবলও মৃত্তিকাদি অন্যান্য সমস্ত বস্ত তাঁহার মতেও চেতন নহহ। ফলকৰা, পূর্ব্বাক্ত ''তলিঙ্গদ্বাৎ'' ইত্যাদি সূত্রধারা ভূতুচৈতন্যবাদ সমর্থন করিতে যে হেতু বলা হুইয়াছে, উহা ব্যভিচার প্রযুক্ত হেতুই হয় না, উহা হেখাভাস, স্তরাং উহার হার। ভূতচৈতন্য সিদ্ধ হয় না।।৩৬।।

সূত্র। নিয়মানিয়মৌ তু তদ্বিশেষকৌ ॥৩৭॥৩০৮॥

অমুবাদ। কিন্তু নিয়ম ও অনিয়ম সেই ইচ্ছা ও দ্বেষের বিশেষক অর্থাৎ ভেদক।

ভাষ্য। তয়োরিচ্ছাদেষয়োর্নিয়মানিয়মো বিশেষকৌ ভেদকৌ, জ্ঞকে-চ্ছাদেষনিমিত্তে প্রবৃত্তিনিবৃত্তী ন স্বাশ্রয়ে। কিং তর্হি ? প্রয়োজ্যাশ্রয়ে। তত্র প্রযুজ্যমানেষু ভূতেষু প্রবৃত্তিনিবৃত্তী স্তঃ, ন সর্ব্বেষিত্যনিষ্কমোপপত্তিঃ। ষস্ত তু জ্ঞত্বাদৃভূতানামিচ্ছা-দ্বেষ-নিমিত্তে আরম্ভনিবৃত্তী স্বাশ্রয়ে তস্ত্র নিয়ম: স্থাৎ। যথা ভূতানাং গুণাস্তরনিমিত্তা প্রবৃত্তিগুর্ণপ্রতিবন্ধাচ্চ নিবৃত্তিভূতি । মাত্রে ভবতি নিয়মেনৈবং ভূতমাত্রে জ্ঞানেচ্ছাদ্বেধনিমিত্তে প্রবৃত্তিনিবৃত্তী স্বাশ্রয়ে স্থাতাং, নতু ভবত:, তত্মাৎ প্রযোজকাশ্রিতা জ্ঞানেচ্ছাদেষপ্রযত্না:, প্রযোজ্যাশ্রয়ে তু প্রবৃত্তিনিবৃত্তী, ইতি সিদ্ধং।

একশরীরে জ্ঞাতৃবহুত্বং নির্মুমানং। ভূতচৈতনিকস্থৈক-শরীরে বহুনি ভূতানি জ্ঞানেচ্ছাদেষপ্রযত্নগুণানীতি জ্ঞাভূবহুছং প্রাপ্তং। ওমিতি ক্রবত: প্রমাণং নাস্তি। যথা নানাশরীরেষু নানাজ্ঞাতারে। বুদ্ধ্যাদিগুণব্যবস্থানাৎ, এবমেকশরীরেহপি বুদ্ধ্যাদিগুণব্যবস্থাহমুমানং স্থান্ধ জ্ঞাতৃবহুত্বস্থেতি।

অমুবাদ। নিয়ম ও অনিয়ম সেই ইচ্ছা দেষের বিশেষক কি না ভেদক। জ্ঞাতার ইচ্ছা ও দেষনিমিত্তক প্রবৃত্তি ও নিবৃত্তি অর্থাৎ ক্রিয়া-বিশেষ ও তাহার অভাব "সাশ্রয়ে" অর্থাৎ ঐ ইচ্ছা ও দেষের আশ্রয় ন্তব্যে থাকে না। (প্রশ্ন) তবে কি ? (উত্তর) প্রযোদ্যারূপ আঞ্জরে অর্থাৎ কুঠারাদি দ্রব্যে থাকে। তাহা হইলে প্রযুক্ত্যমান ভূতসমূহে অর্থাৎ কুঠারাদি যে সমস্ত জব্য জ্ঞাতার প্রযোক্ষ্য, সেই সমস্ত জব্যেই প্রবৃত্তি ও নিবৃত্তি **থাকে, সমস্ত** ভূতে <mark>থাকে না, এ ছন্ম অনিয়মের</mark> উপপত্তি হয়। কিন্তু যাহার মতে (ভূতচৈতশ্যবাদীর মতে) ভূতসমূহের জ্ঞানবতাপ্রযুক্ত ইচ্ছা ও দ্বেষনিমিত্তক আরম্ভ ও নিবৃত্তি স্বাশ্রয়ে অর্থাৎ শরীরাদিতে থাকে, তাহার মতে নিয়ম হউক ? (বিশদার্থ) যেমন ভূতসমূহের (পৃথিব্যাদির)

গুণান্তরনিমিত্তক (শুরুত্বাদিজ্ব) প্রবৃত্তি (পতনাদি ক্রিয়া) এবং গুণ-প্রতিবন্ধবশতঃ অর্থাৎ পূর্বেবাক্ত গুণান্তর গুরুত্বাদির প্রতিবন্ধবশতঃ নিবৃত্তি (পতনাদি ক্রিয়ার অভাব) নিয়মতঃ ভূতমাত্রে অর্থাৎ স্বাশ্রয় সমস্ত ভূতেই হয়,—এইরূপ, জ্ঞান, ইচ্ছা ও দেযনিমিত্তক প্রবৃত্তি ও নিবৃত্তি স্বাশ্রয় ভূতমাত্রে অর্থাৎ ঐ জ্ঞানাদির আশ্রয় সর্বভূতে হউক ? কিন্তু হয় না, অতএব জ্ঞান, ইচ্ছা, দেয় ও প্রয়ত্ন প্রযোজকাশ্রিত, কিন্তু প্রবৃত্তি ও নিবৃত্তি প্রযোজ্যাশ্রিত, ইহাই সিন্ধ হয়।

পরন্ত একশ্রীরে জ্ঞাতার বহুছ নিরমুমান অর্থাৎ নিপ্রমাণ। বিশদার্থ এই যে, ভূত চৈত গুবাদীর (মতে) একশরারে বহু ভূত বহু পরমাণু) জ্ঞান, ইচ্ছা, দ্বেষ ও প্রয়ন্তরূপ গুণবিশিষ্ট, এ জ্ঞা জ্ঞাতার বহুছ প্রাপ্ত হয়। "এন্" এই শব্দবাদীর প্রমাণ নাই অর্থাৎ "এন্" এই শব্দ বিলিয়া জ্ঞাতার বহুছ স্বীকার করিলে তির্বিয়ে প্রমাণ নাই। (কারণ) যেমন বৃদ্ধ্যাদিগুণের ব্যবস্থাবশতঃ নানা শরীরে নানা জ্ঞাতা অর্থাৎ প্রতিশরীরে ভিন্ন ভিন্ন জ্ঞাতা সিদ্ধ হয়, এইরূপ একশরীরেও বৃদ্ধ্যাদিগুণের ব্যবস্থা, জ্ঞাতার বহুছের অনুমান (সাধক) হইবে, অর্থাৎ বৃদ্ধ্যাদিগুণের ব্যবস্থাই জ্ঞাতার বহুছের সাধক, কিন্তু এক শরীরে উহা সম্ভব না হওয়ায় একশরীরে জ্ঞাতার বহুছে প্রমাণ নাই।

টিপ্লনী। মহাদি ভূতটেত ন্যবাদীর সাধন বঙান কারয়া, এখন এই সূত্রছারা পুর্ব্বোক্ত যুক্তির সমর্থন করিয়াছেন। মহাদির কথা এই যে, পূর্ব্বোক্ত এ৪শ
সূত্রে ক্রিয়াবিশেদরূপ প্রবৃত্তিকেই ''আইন্ড'' বলা হইয়াছে। এবং ঐ ক্রিয়াবিশেদের অভাবকেই ''নিবৃত্তি'' বলা হইয়াছে। প্রযুদ্ধপ প্রবৃত্তি ও নিবৃত্তি
ইচ্ছা ও হেদের আধার আত্মাতে জন্মিলেও পূর্ব্বোক্তরূপ প্রবৃত্তি ও নিবৃত্তি
ইচ্ছা ও হেদের আধার আত্মাতে জন্মিলেও পূর্ব্বাক্তরূপ প্রবৃত্তি ও নিবৃত্তি
হৈদের অনাধার দ্বেনাই জন্মে। অর্থাৎ প্রাতার ইচ্ছা ও হেদবশত: অন্তেতন
শরীর ও কুঠারাদি দ্বব্যেই ঐ প্রবৃত্তি ও নিবৃত্তি জন্মে। প্রাতা প্রযোজক,
শরীর ও কুঠারাদি তাহার প্রযোজ্য। ইচ্ছা ও হেদ প্রাতার ধর্ম্ম, পূর্ব্বোক্ত
প্রবৃত্তি ও নিবৃত্তি ঐ প্রাতার প্রযোজ্য শরীরাদির ধর্ম । পূর্ব্বোক্ত প্রবৃত্তি ও

১। "ওম্" শব্দ ছীকারবোধক অবায়। ওমেবং পরমং মতে। অমংকেশ্ব, বায় বর্গ, ৩৮ শ্লোক।

নিৰুত্তি স্থলে তাহার কারণ ইচ্ছা ও ৰেমের এই যে ভিন্নাশন্তৰক্ষপ বিশেষ, তাহার বোধক ''নিয়ম" ও 'অনিয়ম"। তাই মহণি নিয়ম ও অনিয়মকে ঐ স্বলে ইচ্ছা ও বেদের বিশেষক বলিয়াছেন। "নিয়ম'' বলিছত এখানে সাব্বত্রিক্**ষ, এবং ''অনিয়ম''** বলিতে অপার্ব্বত্রিক্**ষ্**ই ভাষ্যকারের মতে এখানে নহাঁদির বিবক্ষিত। ভাষ্যকার প্রথমে ঐ অনিয়নের স্থাখ্য। করিতে বলিরাছেন যে, জাতার ইচছ। ও বেগজনা বে প্রবৃত্তি ও নিবৃত্তি, তাহ। ঐ জ্ঞাতার প্রযোজ্য কুঠারাদি দ্রব্যেই দেখা যায়, সর্বত্র দেখা যায় ন।। স্মৃতরাং উহা সার্ব্বত্রিক নহে, এ ঘন্য ঐ প্রবৃত্তি ও নিবৃত্তির অসার্ব্বত্রিকত্বরূপ অনিয়ম উপাপন্ন হয়। যে দ্রব্য ইচ্ছাদিজনিত ক্রিয়ার আধার, তাহা ইচ্ছাদির আধার নহে, কুঠারাদি দ্রব্য ইহার দৃষ্টান্ত। ঐ দৃষ্টান্তে শরীরও ইচ্ছাদির আধার নহে, ইহা সিদ্ধ হয়। পুত্রোক্ত নিয়মের ব্যাখ্যা করিতে ভাঘ্যকার বলিয়াছেন যে, ভূতচৈতন্যবাদীর মতে ভূতসমূহের নিঞ্চেরই স্তানবতা বা চৈতন্যপ্রযুক্ত ইচ্ছ। ও বেষঞ্চন্য স্বাথ্য অর্থাৎ ঐ ইচ্ছা ও বেষের আধার শরীরাদিতেই প্রবৃত্তি ও নিবৃত্তি দলেম। স্মৃতরাং তাঁহার মতে ঐ জ্ঞান ও ইচ্ছাদি সর্বভূতেই দ্দিমনে, ইচ্ছা ও খেমদন্য প্রবৃত্তি ও নিৃত্তিও সর্ব্বভূতে জনিলে উহার সার্ব্বত্রিকদ্বর্ম নিয়মের আপত্তি হইবে। ভাষ্যকার ইহা দুষ্টান্ত হার। সমর্থন করিছত বলিয়াছেন যে, যেমন গুরুষাদি গুণান্তরজন্য পতনাদি ক্রিয়ারূপ প্রবৃদ্ধি এবং কোন কারণে ঐ গুণাখরের প্রতিবৃদ্ধ হইলে ঐ ক্রিয়ার অভাবরূপ নিবৃত্তি, নিয়মত: ঐ গুরুহাদি গুণান্তবের আশ্রয় ভূত-মাত্রেই খনেম, তত্মপ জান, ইচ্ছা ও ছেমজন্য যে প্রবৃত্তি ও নিবৃত্তি, তাহাও ঐ ল্লানাদির আশ্রয় সর্ব্যভাতেই উৎপন্ন হউক ? কিছ ভূতচৈতন্যবাদীর মতেও সর্বভূতে ঐ জ্ঞানাদি ঘছন্ম না, সুতরাং জ্ঞানাদি, প্রযোদক জ্ঞাতারই धर्म, मुर्त्साक श्रेवृष्ठि ও निवृष्ठि श्रेरामा क्ठाबानिबरे धर्म, रेशरे निष रय। ভাষ্যকারের গুচু তাৎপর্ব্য এই বে, পৃথিব্যাদি ভুতের বে সমস্ত ধর্ম, তাহা गमछ गृबिवानि जूटजरे बाटक, यमन छक्क्षानि । शृबिवी ७ वटन य छङ्ग আছে, তাহা সমন্ত পৃথিবী ও সমন্ত অনেই আছে। জ্ঞান ও ইচ্ছাদি যদি পৃথিব্যাদি ভূতেরই ধর্ম হয়, তাহা হইলে শর্কভূতেরই ধর্ম হইবে, উহাদিগের সার্ব্বত্রিকস্বরূপ নিয়মই হইবে। কিন্তু ঘটাদি জবে জানানি নাই, ভূতচৈতন্য-বাদীও ঘটাদি দ্রহা জানাদি স্বীকার করেন নাই। স্বত্তরাং জানাদি, ভূতধর্ম হইতে পান্তর না। জানাদি ভূতধর্ম হইলে গুরুষাদিগুণের ন্যায় ঐ জ্ঞানাদিরও সার্ব্ব ত্রিকদল্লপ নিয়মের আপতি হয়। কিন্তু অপ্রামাণিক ঐ নিয়ম ভূত্তচৈতন্যবাদীও শীকার করেন না । স্বতরাং জ্ঞাতার জ্ঞানজন্য ইচ্ছ।

বুদ্ধ্যা**দ্বগুণ্যপ্র**করণ সমাপ্ত ।।৩॥

-0-

ভাষ্য। অনিত্যায়াঞ্চ বুদ্ধে উৎপদ্মাপবর্গিত্বাৎ কালান্তরাবস্থানা-চ্চানিত্যানাং সংশয়ঃ, কিমুৎপদ্মাপবর্গিণী বৃদ্ধিঃ শব্দবৎ ? আহো স্থিৎ কালান্তরাবস্থায়িনী কুম্ভবদিতি । উৎপদ্মাপবর্গিণীতি পক্ষঃ পরিগৃহ্যতে কন্মাৎ ?

অমুবাদ। অনিত্য পদার্থের উৎপন্নাপবর্গিত্ব এবং কালান্তরস্থায়িত্ব প্রযুক্ত অনিত্য বৃদ্ধি বিষয়ে সংশয় হয়—বৃদ্ধি কি শব্দের ন্যায় উৎপন্ধাপ বর্গিণী অর্থাৎ ভৃতীয়ক্ষণবিনাশিনী ! অথবা কুন্তের ন্যায় কালান্তরছায়িনী ! উৎপন্ধাপবর্গিণী, এই পক্ষ পরিগৃহীত হইতেছে। (প্রশ্ন) কেন !

সূত্র। কর্মানবস্থায়িগ্রহণাৎ ॥ ৪২॥ ৩১৩॥

অঙ্গুবাদ। (উত্তর) যেহেতু অস্থায়ী কর্ম্মের প্রভাক্ষ হয়।

ভাষ্য। কর্মণোহনবস্থায়িনো গ্রহণাদিতি। ক্ষিপ্তস্থেষোরাপতনাং ক্রিয়াসস্থানো গৃহতে, প্রভার্থনিয়মাচ্চ বুদ্ধীনাং ক্রিয়াসস্থানবদ্বুদ্ধি-সস্থানোপপত্তিরিতি। অবস্থিতগ্রহণে চ ব্যবধীয়মানস্থ প্রভাক্ষনিবৃত্তে:। অবস্থিতে চ কুস্তে গৃহ্যমাণে সম্থানেনৈব বৃদ্ধির্বর্ততে প্রাগ্ব্যবধানাং, তেন ব্যবহিতে প্রভাক্ষং জ্ঞানং নিবর্ততে। কালাস্তরাবস্থানে তু বৃদ্ধেদৃণ্ডি-ব্যবধানেহপি প্রভাক্ষমবভিষ্ঠেভেতি।

স্থৃতিশ্চালিঙ্গং বুদ্ধ্যবস্থানে, সংস্কারস্থ বুদ্ধিজ্ঞ স্থৃতিহেতৃত্বাৎ। যক্ষ মত্যেতাবতিষ্ঠতে বৃদ্ধিঃ, দৃষ্টা গি বৃদ্ধিবিষয়ে স্মৃতিঃ, সা চ বুদ্ধাবনিত্যায়াং কারণাভাবান স্থাদিতি, তদিদমলিঙ্গং, ক্স্মাৎ ? বৃদ্ধিজো হি সংস্কারে গুণান্তরং স্মৃতিহেতুর্ব বৃদ্ধিরিতি।

হেত্বভাবাদযুক্তমিতি চেৎ ? বুদ্ধ্যবস্থানাৎ প্রত্যক্ষতে স্মৃত্যভাব:। যাবদবতিষ্ঠতে বুদ্ধিস্তাবদসৌ বোদ্ধব্যার্থ: প্রত্যক্ষঃ, প্রত্যক্ষতে চ স্মৃতি-রম্পুপুরেতি।

অমুবাদ। (সূত্রার্থ) যেতেতু অস্থায়ী কর্মের প্রভাক্ষ হয় (ভাৎপর্যা)
নিঃক্ষিপ্ত বাণের পতন পর্যান্ত ক্রিয়াসন্তান অর্থাৎ ঐ বাণে ধারাবাহিব
নানা ক্রিয়া প্রভাক্ষ হয়। বৃদ্ধিসমূহের প্রতি বিষয়ে নিয়মবশতঃই ক্রিয়া
সন্তানের স্থায় বৃদ্ধিসন্তানের অর্থাৎ সেই ধারাবাহিক নানা ক্রিয়া বিষয়ে
ধারাবাহিক নানা জ্ঞানের উপপত্তি হয়। পরস্ত যেহেতু অবস্থিত বস্তুর
প্রভাক্ষ স্থলেও ব্যবধীয়মান বস্তুর প্রভাক্ষ নির্বত্তি হয়। বিশ্বদার্থ এই
যে, অবস্থিত কুন্ত প্রভাক্ষবিষয় হইলেও ব্যবধানের পূর্বের অর্থাৎ কোন
ক্রেরে দ্বারা ঐ কুন্তের আবরণের পূর্বেকাল পর্যান্ত সন্তানক্রপেই অর্থাৎ
ধারাবাহিকরূপেই বৃদ্ধি (ঐ প্রভাক্ষ) বর্ত্তমান হয় অর্থাৎ জন্মে, স্মৃতরাং
ব্যবহিত হইলে অর্থাৎ ঐ কুন্ত আবৃত হইলে প্রভাক্ষ জ্ঞান নির্ত্তহয়।

কিন্তু বৃদ্ধির কালান্তরে অবস্থান অর্থাৎ চিরস্থায়িত্ব হুইলে দৃশ্যের ব্যবধান হুইলেও প্রত্যক্ষ (পূর্ব্বোৎপন্ন কুন্তপ্রত্যক্ষ) অবস্থিত হুউক ?

শ্বৃতি কিন্তু বৃদ্ধির স্থায়িছে লিক্ষ (সাধক) নহে; কারণ, বৃদ্ধিজ্ঞ সংস্থারের শ্বৃতিহেতুছ আছে। বিশদার্থ এই যে, (পূর্ব্বপক্ষ) যিনি মনে করেন, বৃদ্ধি অবস্থিত অর্থাৎ স্থায়ী পদার্থ, যেহেতু বৃদ্ধির বিষয়ে অর্থাৎ পূর্বামুভূত বিষয়ে শ্বৃতি দৃষ্ট হয়, কিন্তু বৃদ্ধি অনিত্য হইলে কারণের অভাববশতঃ সেই শ্বৃতি হইতে পারে না। (উত্তর সেই ইহা অর্থাৎ পূর্বোক্ত হেতু (বৃদ্ধির স্থায়িছে) লিক্ষ হয় না। (প্রশ্ন) কেন ? (উত্তর) যেহেতু বৃদ্ধিজ্ঞ সংস্কাররূপ গুণান্তর শ্বৃতির কারণ, বৃদ্ধি শ্বৃতির সাক্ষাৎ কারণ) নহে।

(পূর্ববিপক্ষ) হেতুর অভাববশতঃ অযুক্ত, ইহা যদি বল ? (উত্তর)
বুদ্ধির স্থায়িত্ববশতঃ প্রত্যক্ষত্ব থাকিলে স্মৃতি গইতে পারে না। বিশদার্থ
এই যে, যে কাল পর্যান্ত বৃদ্ধি অবস্থিত থাকে, সেই কাল পর্যান্ত এই
বোদ্ধব্য পদার্থ প্রত্যক্ষ অর্থাৎ ঐ প্রত্যক্ষ বৃদ্ধিরই বিষয় হয়, প্রত্যক্ষতা
থাকিলে কিন্তু স্মৃতি উপপন্ন হয় না।

টিপ্লনী। বুদ্ধি অর্থাৎ জ্ঞান আন্থাবই গুণ এবং উহ। সনিত্য পদার্থ, ইহা ধহনি নানা যুক্তির হার। প্রতিপন্ন করিয়াছেন। বুদ্ধি অনিত্য, ইহা পরীক্ষিত হইয়াছে। এবং পুর্বেজি চতুর্বিংশ সূত্রে ঐ বুদ্ধি যে অন্য বুদ্ধির হার। বিনট্ট হয়, ইহাও মহান্ধি বলিয়াছেন। কিন্তু বুদ্ধি যে, শব্দের ন্যায় তৃতীয় ক্ষণেই বিনট্ট হয় না, আরও আধক কাল স্থায়ী হয় না, এই সিদ্ধাছের বিশেষ যুক্তি কথিত হয় নাই। স্প্তরাং সংশয় হইতে পাবে যে, বুদ্ধি কি শব্দের ন্যায় তৃতীয় ক্ষণেই বিনট্ট হয় ? অথবা কুন্তের নায় বহুকাল স্থায়ী হয় ? মহান্ধি এই সংশয় নিরাম করিতে এই প্রকরণের আরছে এই সূত্রের হার। বুদ্ধি যে, কুন্তের ন্যায় বহুকাল স্থায়ী হয় না, কিন্তু শব্দের ন্যায় তৃতীয় ক্ষণেই বিনট্ট হয়, এই সিদ্ধান্তে বিশেষ যুক্তি বলিয়াছেন। ভাষ্যকান এই সূত্রের অবতারণা করিতে প্রথমে পরীক্ষাক্ষ সংশয় প্রকাশ করিয়াছেন যে, বুদ্ধি কি শব্দের ন্যায় উৎপল্লাপবর্গিণী ? অথবা কুন্তের ন্যায় কালান্তর-স্থায়িনী ? ''অপবর্গ'' শব্দের হার। নিবৃদ্ধি বা বিনাশ বুঝিলে ''অপবর্গী'' বলিলে বিনাশী বুঝা যাইতে পারে। স্প্তরাং যাহা উৎপল্ল হইয়াই বিনাশী,

তাহাকে ''উৎপন্নাবৰ্গী'' বলা যাইকত পাছর। কিন্তু গৌতম সিদ্ধান্তে ব্রি অনিতা হইৰলও উহা উৎপন্ন হইয়াই দিতীয় ক্ষণে বিনষ্ট হয় না। উদ্হদ্যাতকর বলিয়াছেন যে, অন্যান্য বিনাশী পদার্থ হইতেও যাহ। শীদ্র বিনষ্ট হয়, ইহাই ''উৎপন্নাপবর্গী'' এই কধার অর্থ। যাহা উৎপদ্ধি পরক্ষণেই বিনষ্ট হয়, ইহা ঐ কথার অর্থ নহে। উদূরণ্যাতকর এই কা বলিয়া পরে বুদ্ধির আশুতর বিনাশিত্ব বিঘয়ে দুইটি অনুমান প্রদর্শন করিয়াছেন। প্রথম অনুমানে শবদ এবং বিতীয় অনুমানে সুধকে দুটাতরপ্র উল্লেখ করিয়া, উদ্দ্যোতকর বুদ্ধিকে তৃতীয়ক্ষণবিনাশী বলিয়াই সিদ্ধা করিয়াছেন, ইহা বুঝা যায়। পরত্ত নৈয়ায়িকগণ শবদ ও সুখাদি আত্বগুণ্ তৃতীয়ক্ষণবিনাশী, এই অর্থেই ক্ষণিক বলিয়াছেন। উদ্দ্যোতকরও এ বিচারে উপদংহারে (পরবর্ত্তী ৪৫শ সূত্র-বান্তিকের শেষে) ''ব্যবন্থিত ক্ষণিকা বৃদ্ধিরিতি" এই কথা বলিয়া, বৃদ্ধি যে তৃতীয় ক্ষপেই বিনষ্ট হয়, বুদ্ধির তৃতীয়ক্ষণবিনাশিষরূপ ক্ষণিকছই যে ন্যায়দর্শনের সিদ্ধান্ত, ইহা স্থা প্রকাশ করিয়াছেন। তাহা হইলে বঝা যায়, যে পদার্থ উৎপন্ন হইয়া হিতীং ক্ষণমাত্রে অবস্থান করিয়া, তৃতীয় ক্ষণেই বিনষ্ট হয়, সেই পদার্থকেই ঐক্সপ অর্থে ''উৎপন্নাপবর্গী'' বন। হইয়াছছ । বুদ্ধি অর্থাৎ জ্ঞান ঐক্স পদার্থ। ''নপেকাবুদ্ধি' নামক বুদ্ধিবিশেষ চতুর্থ ক্ষণে বিন**ট** হয়, ইয় বৈয়ায়িকগণ সিদ্ধান্ত করিয়াছেন^১। স্থতরাং চতুর্ণকণবিনাশী, এই ^{মর্গে} ঐ বুদ্ধিবিশেঘকে "উৎপ্রাপবর্গী" বলিতে হইবে। কিন্ত কোন বুদ্ধি তৃতী। ক**ণে**র পরে থাকে না, এবং অপেকাবুদ্ধি ভিন্ন সমস্ত জন্য জানই শব্দ । অ্থদ:খাদির ন্যায় তৃতীয়ক্ষণবিনাশী, ইহা ন্যায়াচার্য্যগরণর সিদ্ধান্ত।

বুদ্ধির পূহের্বাক্তরপে "উৎপন্নাপবণিড'' সিদ্ধান্ত সমর্থন করিতে এ সূত্রে মহন্দি যে যুক্তির সূচন। করিয়াছেন, ভাষ্যকার তাহার ব্যাখ্যাপূর্বন্ তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, একটি বাণ নিক্ষেপ করিলে যে কাল পর্য্য ঐ বাণটি কোন স্থানে পতিত না হয়, তৎকাল পর্যান্ত ঐ বাণে ও ক্রিয়ার প্রত্যক্ষ হয়, উহা একটি ক্রিয়া নহে। ঐ ক্রিয়া বিভিন্ন কার্

১। দ্রব্যের গণনা করিতে ''ইহা এক'' ''ইহা এক'' ইত্যাদি প্রকারে যে যুদ্ধিবিশি জন্মে, তাহার নাম ''অপেকাবৃদ্ধি ।'' ঐ অপেকাবৃদ্ধি দ্রব্যে বিহাদি সংখ্যা উৎগ করে এবং উহার নাংশ দিছাদি সংখ্যার নাশ হয়। সূতরাং ঐ বৃদ্ধি তৃতীয় কণে বিনার ইইলে পরকণে বিভাদি সংখ্যার বিনাশ অবশ্যভাবী হওয়ায় দ্বিভাদি সংখ্যা প্রত্যক্ষ কোন দিনই সন্তব হয় না, এ জন্য তৃতীয় ক্ষণ পর্যন্ত অপেকা বৃদ্ধির সংখ্যাবৃদ্ধির সংখ্যাবিদ্ধির সংখ্যাবৃদ্ধির সংখ্যাবিদ্ধির সংখ্যাবৃদ্ধির সংখ্যাবৃদ্ধির সং

ভিন্ন ভিন্ন দেশের সহিত ভিন্ন ভিন্ন সংযোগ উৎপন্ন করে, স্মৃতরাং উহাকে বিভিন্ন **কালে উৎপন্ন ভিন্ন** ভিন্ন নানা ক্রিয়াই বলিতে হইবে। ঐরূপ **ক্রিয়াকেই ''**ক্রিয়াসস্তান'' বলে। ক্র ক্রিয়াসন্তানের অন্তগত কোন ক্রিয়াই অধিকক্ষণস্থায়ী নছে, এবং এক ক্রিয়ার বিনাশ ুই**লেই অপর ক্রিয়ার উ**ৎপত্তি হয়। পূর্ব্বোক্ত ক্রিয়াস্ভানের নানাত্ব ও ৰম্বায়ি**ত তীকাৰ্যা হইলে** ঐ ক্ৰিয়াণভানের যে প্ৰতাক্ষরপ বুদ্ধি **জ**নেম, ্র বৃদ্ধিও নানা ও অস্থায়ী, ইহা স্বীকার করিতে হইবে। কারণ, জ**ন্য বুদ্ধি মাত্রই ''প্রত্যর্থনিয়ত''** এর্থাৎ যে পদার্থ যে বুদ্ধির নিয়ত বি**ষয়** য়ৰ, তাহা হইহত অতিরিক্ত কোন পদার্থ ঐ বুদ্ধিব বিষয় হয়। । নি:ক্ষিপ্ত বাণের ক্রিয়াগুলি যুখন ক্রমশ: নানা কালে বিভিন্নরূপে উৎ**থন্ন** য়ে, এবং উহার প্রত্যেক ক্রিয়াই অস্থায়ী, তথন ঐ সমস্ত ক্রিয়াই একটা রায়ী **প্রত্যক্ষের বিষ**য় হইতে পারে না। কারণ, **অতীত ও ভবিষ্যৎ** াদার্থ লৌকিক প্রত্যহক্ষর বিষয় হয় ন:। স্থতরাং বাণের অতীত, ভবিষ্যৎ ও র্ত্মান ক্রিয়াসমূহ একটি লৌকিক প্রত্যক্ষের বিষয় হইতে পারে ন। ব্যন্ত ঐ ক্রিয়া বিষয়ে প্রত্যক জন্মিলে তখন বে সমস্ত ভবিষ্যৎ ক্রিয়া ঐ **প্রত্যক্ষ-বুদ্ধির বিষয় হয়** নাই, পরেও তাহ। ঐ বুদ্ধির ধি**ম**য় হ**ইতে** পারে না। কারণ, জন্য বুদ্ধি মাত্রই 'প্রত্যর্থনিয়ত''। স্বতরাং পূর্বের্গঞ ছলে নি:ক্ষিপ্ত বাণের ভিন্ন ভিন্ন ক্রিয়াস্নতান বিদরে যে, প্রত্যক্ষরপ বুদ্ধি জনেন, উহা ঐ সমস্ত বিভিন্ন ক্রিয়াবিষয়ক বিভিন্ন বন্ধি, বহুকালম্বানী একটি বৃদ্ধি নহে। ভিন্ন ভিন্ন ক্রিয়া বিষয়ে অনিচ্ছিন্ন ভাবে ক্রমশ: উৎপন্ন ঐ বুদ্ধির ^{সমষ্টিকে} বুদ্ধিসন্তান বলা যায়। উহায় অন্তৰ্গত কোন বুদ্ধিই বছৰাল স্থায়ী হইতে পারে না । কারণ, অনবস্থায়ী (অস্থায়ীন) কর্ম্মের (ক্রিয়ার) প্রত্যক্ষরূপ ^{বে} বুদ্ধি, সেই বুদ্ধিও ঐ কর্মের ন্যায় অস্থায়ী ও বিভিন্নই হইবে। তাহা হইলে পুর্বেজি স্থলে ঐ ক্রিয়াবিষয়ক বৃদ্ধির শীঘ্রতর বিনাশিছই সিদ্ধ ইওয়ায় ঐ বৃদ্ধির নাশক খলিতে হইবে। বৃদ্ধির সমবায়িকারণ আশ্বার নিত্যত্বশতঃ তাহার বিনাশ অসম্ভব, স্নৃত্রাং আত্মার নাশকে বুদ্ধির নাশক ^{বল।} যা**ইবে না, বুদ্ধির বি**রোধী গুণকেই উহার নাশক বলিতে হইবে। মুহুদি গৌতমও পুর্ব্বোক্ত চতুদ্বিংশ সূত্রে এই সিদ্ধান্তের সূচনা করিতে অপর ^{বুদ্ধিকেই} বুদ্ধির বিনাশের কারণ বলিয়াছেন। বস্তুত: কোন বুদ্ধির পরক্ষণে মুখাদি গুণবিশেষ উৎপন্ন হইলে উহাও প্রের্বাক্ষণোৎপন্ন দেই বৃদ্ধিকে তৃতীয় ক্ষণে বিনষ্ট করে। তুলানাায়ে এবং নহমি গোতমের দিমান্তানুসারে ^{ইহাও} **তাঁহার অভিধ্রেত** বুঝিতে হইবে। ফলকণা, বুদ্ধির **হিতী**য়

ক্ষণে উৎপন্ন অন্য বুদ্ধি অথবা ঐক্লপ প্রত্যক্ষযোগ্য কোন আত্ম-বিশেষ্ট্র (স্থবাদি) ঐ পূর্বক্ষণোৎপন্ন বুদ্ধির নাশক, ইহাই বলিতে হইনে অপেকাবুদ্ধি ভিন্ন জন্য জ্ঞানমাত্রের বিনাশের কারণ কল্পনা করিতে হইনে আর কোনরূপ কল্পনাই সমীচীন হয় না। ভিন্ন ভিন্ন স্থানে বুদ্ধির ডি: ভিন্ন বিনাশকারণ কল্পনা পক্ষে নিছপ্রমাণ মহাগোরব গ্রাহ্য নহে পূক্বোজ্রূপে বুদ্ধির তৃতীয়ক্ষণবিনাশির (অপেকাবুদ্ধির চতুর্থক্ষণবিনাশির দির হইলে উহার পূর্ব্বোজ্রূপ উৎপন্নাব্যাহিই দিদ্ধ হয়, স্ত্রাং বুদ্ধিবিষ্ট পূর্ব্বোজ্রূপ সংশ্য নিবৃত্ত হয়।

আপত্তি হইতে পাবে যে, অম্বায়ী নান। ক্রিয়াবিষয়ে যে প্রতাক বুদ্ধি জন্মে, তাহার অস্থায়িত্ব স্বীকার করিলেও স্থায়ী পদার্থ বিষয়ে 🕫 প্রতাক্ষ বৃদ্ধি জ্বন্মে, তাহার স্থায়িত্বই স্বীকার্য্য। অবস্থিত কোন একা কুম্ভকে অবিচ্ছেদে অনেকক্ষণ পর্য্যস্ত প্রত্যক্ষ করিলে ঐ প্রত্যক্ষ অনেক ক্ষণ স্থায়ী একই প্রত্যক্ষ, ইহাই স্বীকার করা উচিত। কারণ, এর: প্রত্যক্তের নানাথ ও অস্থায়িত্ব স্বীকারের পক্ষে কোন হেতু নাই। এতদূত্ত ভাষ্যকার মহর্ষির সিদ্ধান্ত সমর্থনের জন্য বলিয়াছেন যে, অবস্থিত কুড়ে এরপ প্রত্যক্ষরনেও 🖫 কুন্ডের ব্যবধানের পূব্বকাল পর্যান্ত বুদ্ধিসন্তা অর্থাৎ ধারাবাহিক নান। প্রত্যক্ষই জন্মে, অর্থাৎ প্রত্যক্ষও সেই ম্বলে এক প্রত্যক্ষ নহে, উহাও পুর্বোক্ত ক্রিয়াপ্রত্যক্ষেব ন্যায় নানা, স্নতবাং অস্বায়ী। কারণ, ঐ ক্তু কোন দ্রব্যের **হার। ব্যবহিত বা আবৃত** হইরে তখন আর তাহার প্রত্যক্ষ জন্মে না,—ব্যবহিত হইলে উহার প্রত্যক নিৰুত্ত হয়। কিন্তু যদি অবস্থিত অৰ্থাৎ বছক্ষণস্থায়ী কুন্তাদি পদাৰ্থো প্রত্যক্ষকে ঐ কুম্ভাদির ন্যায় স্থায়ী একটি প্রত্যক্ষই স্বীকার কর৷ যায়, তাহা হ**ই**লে কুন্তাদি পদার্থের স্থিতিকা**ল পর্যান্তই** সেই **প্রত্যক্ষের স্থা**য়িং স্বীকার করিতে হয় । তাহা হইলে ঐ কুম্ভাদি পদার্থ ব্যবহিত হইতনও তথনও মেই প্রত্যক্ষ থাকে, তাহ। বিনষ্ট হয় না, ইহা স্বীকার করিতে হয়। তাহা <mark>হইলে ভ</mark>খনও "ৰামি **কুন্তের প্রত্যক্ষ** করিতেছি" এইরূপে ^{দেই} প্রত্যক্ষের মানস প্রত্যক্ষ হইতে পারে না। কিন্তু তাহা কাহারই হয় না। স্থতরাং প্র্বোক্ত স্থলে কুন্তাদি স্থায়ী পদার্থের ঐ**রূপ পত্যক্ষও স্থা**য়ী এক^ট প্রত্যক্ষ বলা যায় না, উহাও ধারাবাহিক নানা প্রত্যক্ষ, ইহাই স্বীকার্য্য। ভ ষ্যকারের যুক্তির খণ্ডন করিতে বলা যাইতে পারে যে, অবস্থিত কুম্ভা^{দি} **प्रका** नार्व**ष्टिल इट्टेरन ज्थन वार्यानक्या लाहारल टेक्टिय-मित्रकर्घ** विगर **ছও্যার** কার্যণের অভাবে আরু তথ্ন ঐ কুন্তাদির প্রত্যক্ষ জনেম না

পরস্ক ঐ ইন্দ্রিয়-সন্নিকর্দরপ নিমিত্তকারণের বিনাশে ঐ স্থলে পূর্ব্বপ্রত্যক্ষের বিনাশ হয়। স্থলবিশেষে (অপেকাবুদ্ধির নাশক্ষন্য দিও নাশের ন্যায়) নিমিত্ত কারণের বিনাশেও কার্য্যের নাশ হইয়া থাকে। ফলকথা, অবস্থিত কুষাদি পদার্থ বিষয়ে ব্যবধানের পূর্বকাল পর্যান্ত স্থায়ী একটি প্রতাক্ষই স্বীকার্য্য, ঐ প্রত্যক্ষের নানাম্ব স্বীকারের কোন কারণ নাই। তাৎপর্য্য-টীকাকার এখানে এই কথার উল্লেখপূর্ব্বক বলিয়াছেন যে, খন্য বুদ্ধিমাত্তের ক্ষণি**কত্ব অন্য হেতুর হারাই** সিদ্ধ হওয়ায় ভাষ্যকার **শেঘে** গৌণভাবেই পূর্ব্বে**জি যুজির উন্নেখ করিরাছে**ন। পূর্ব্বে কণবিনাশি ক্রিয়াবিষয়ক বুদ্ধিৰ ক্ষণিক্ত সমৰ্থনের হারাই স্থায়-ক্ডাদিপদার্থবিষয়ক বুদ্ধির ক্ষণিক্ত সমর্থনও সূচিত হইয়াছে । অর্থাৎ পুর্বোক্ত ক্রিয়াবিষয়ক বুদ্ধির দৃষ্টাত্তে স্থায়ি-পদার্থবিষয়ক বুদ্ধির ক্ষণিকত্বও অনুমান দার। **শিদ্ধ হয়। বস্ততঃ** কুন্তাদি স্বায়ি-পদার্থবিষয়ক বুদ্ধির স্বায়িত স্বীকার করিলে ঐ বুদ্ধি কোনু সময়ে কোনু কারণঘার৷ বিনষ্ট হয়, এবং কত কাল পর্য্যন্ত স্থায়ী হয়, ইহা নিয়তক্তথে নির্দারণ কর। যায় না,—এ বুদ্ধির বিনা**লে কোন নিয়ত কারণ বলা যা**য় না। বিতীয়ক্ষণোৎপর প্রত্যক্ষ-যোগ্য গুণবিশেষকে ঐ বৃদ্ধির বিনাশের কারণ বলিলেই নিঃত **কারণ বলা যায়। স্থতরাং** অপেক্ষাবুদ্ধি ভিন্ন জন্য বৃদ্ধিয়াত্তের বিনা**েশ দিতীয় ক্ষণোৎ**পন্ন বুদ্ধি প্রভৃতি কোন গুণবিশেষকেই ৰলা **উচিত। তাহা হইলে ঐ বুদ্ধির** তৃতীয়ক্ষণবিনাশিষরূপ ক্ষণিক**খ**ই ^{সি}দ্ধ হয়।

বৃদ্ধির স্থায়িত্বাদীর কথা এই যে, বৃদ্ধি ক্ষণিত পর্নার্থ হইলে ঐ বৃদ্ধির বিষয় প্রণাণ্ডের কালান্ডরে সমরণ জনিমতে পারে না। কারণ, সমরণের পূর্বক্রণ প্রযান্ত বৃদ্ধি না থাকিলে তাতা ঐ সমরণের কারণ তইতে পারে না। স্কুতরাং কারণের অভাবে সমরণ জনিমতে পারে না। ভাষ্যকার শেষে এই কথার প্রওন করিতে বলিয়াছেন যে, স্মৃতি বৃদ্ধির স্থায়িত্বের লিক্ষ অর্থাৎ সাধক নহে। কারণ, বৃদ্ধিজন্য সংস্কার ক্ষণিক প্রণাণ নতে, উহা সমরণকাল পর্যান্ত পায়ক, উহাই স্মৃতির সাক্ষাৎ কারণ। প্রণিধানাদি কারণায়প্রক্রকাল সংস্কারজ্বনাই সমৃতি জনেম। বৃদ্ধি ঐ সংস্কার জনমায়

১। তথাহি ক্ষণবিধ্বংসিবস্ত্রবিষয়বুদ্ধিক্ষণিকত্বসমর্থনেনৈব স্থায়িবস্ত্রবিষয়বুদ্ধিক্ষণি-কত্ব-সমর্থনমণি সূচিতং। স্থিরগোচরা বুদ্ধায়ঃ ক্ষ্নিকাঃ বুদ্ধিত্বাৎ কর্মাদিবুদ্ধিবদিতি।
—তাৎপর্যাচীকা।

কিন্ত উহ। স্মৃতির কর্ত্ত্রীও নহে, অন্য কোন জ্ঞানের কর্ত্ত্রীও নহে আত্মাই সর্ব্ববিধ জন্য জানের কর্ত্ত।। চিরস্থায়িত্বশত: সমর্প-জানে কর্তার অভাব কখনই হয় না। ফলকথা, বুদ্ধির ক্ষাপিকত সিদ্ধান্তে স্মৃতি অনুপপত্তি নাই। স্থতরাং স্মৃতি, বৃদ্ধির স্থায়িত্ব সাধনে লিঞ্চ হয় না। পূর্ব্পক্ষবাদী বলিতে পারেন যে, সংস্কারজন্যই স্মৃতি জনেন, স্থায়ি-বৃদ্ধিজন্য স্মৃতি জনেম না, এই সিদ্ধান্তে হেতৃ কি ? উহার নি•চায়ক হেতৃ ন থাকার 🖸 সিদ্ধান্ত অযুক্ত। ভাষ্যকার শেষে এই প্**র্বেপক্ষের**ও উল্লেখ পূর্ব্ব তদুত্তরে বলিয়াছেন যে, বুদ্ধি স্থায়ী পদার্থ হইতল যে কাল পর্যা পাকে, প্রত্যক্ষরতা তৎকাল পর্য্যন্ত সেই বুদ্ধির বিষয় পদার্থ প্রত্যক্ষই থাকে, স্বতরাং সেই পদার্থের সমৃতি হইতে পারে না। তাৎপর্য্য এই যে, প্রতাক্ষ জ্ঞান বিনষ্ট হইলেই তখন তাহার বিষয়ের সমৃতি হইতে পারে। যে প্রয়ন্ত প্রত্যক্ষ জ্ঞান বর্ত্তমান থাকে, সেই কাল পর্যান্ত সেই প্রতাক্ষ তাহার বিষয়ের সমৃতির বিরোধী থাকায় ঐ সমৃতি কিছুলতই হইতে পারে না। প্রত্যক্ষাদি জ্ঞানকালে কোন ব্যক্তিরই বিষয়ের সমরণ হয় না, ইহা অনুভবসিদ্ধ সভ্য। স্বভরাং প্রত্যক্ষাদিজান স্মৃতির বিরোধী, ইছা স্বীকার্য। তাহা হইলে প্রত্যক্ষাদি জ্ঞান স্মৃতিকাল পর্যান্ত স্থামী হয় না, উহা স্মৃতির পূর্বেই বিন্টু হয়, তভত্রন্য সংস্কারই স্মতিকাল পর্যান্ত স্থায়ী হইয়া স্মৃতি **জন্মায়, এই দিদ্ধান্তই স্বী**কার্য্য ॥৪২॥

সূত্র । অব্যক্তগ্রহণমনবস্থায়িত্বাদিত্ব্যুৎসম্পাতে রূপাব্যক্তগ্রহণবৎ ॥৪৩॥৩১৪॥

অনুবাদ। (পূর্ব্বপক্ষ) অনবস্থায়িত্বশতঃ অর্থাৎ বৃদ্ধির ক্ষণিকত্ব-বশতঃ বিত্যুৎপ্রকাশে রূপের অব্যক্ত জ্ঞানের স্থায় (সর্ব্ববিষয়েরই) অব্যক্ত জ্ঞান হউক ?

ভাষ্য। যত্ন্যৎপদ্মাপবর্গিণী বৃদ্ধিঃ, প্রাপ্তমব্যক্তং বোদ্ধব্যক্ত গ্রহণং, যথা বিছ্যুৎসম্পাতে বৈছ্যুভস্থ প্রকাশস্থানবস্থানাদব্যক্তং রূপগ্রহণমিতি ব্যক্তম্ভ জব্যাণাং গ্রহণং, তত্মাদযুক্তমেতদিতি।

অনুবাদ। বৃদ্ধি যদি উৎপদ্মাপবর্গিণী (তৃতীয়ক্ষণবিনাশিনী) হয়, ভাহা হইলে বোদ্ধব্য বিষয়ের অব্যক্ত গ্রহণ প্রাপ্ত হয়, অর্থাৎ অস্পই জ্ঞানের আপত্তি হয়। যেমন বিদ্যুতের আবির্ভাব হইলে বৈহ্যুত

আলোকের অনবস্থানবশত: অব্যক্ত রূপজ্ঞান হয়। কিন্তু দ্রব্যের ব্যক্ত জ্ঞান হইয়া থাকে, অতএব ইহা অযুক্ত।

টিপ্পনী। মহমি এই সূত্রের হারা পুর্বেলি সিদ্ধান্তে বুদ্ধর স্থায়িষবাদীর আপত্তি বলিয়াছেন যে, বুদ্ধি যদি তৃতীয় কণেই বিনষ্ট হয়, অর্থাৎ উৎপার হইয়া হিতীয় কণ পর্যান্তই অবস্থান করে, তাহা হইলে বোদ্ধরা বিষয়ের বাজ জ্ঞান হইতে পারে না। যেমন বিদ্যুত্তের আবির্ভাব হইলে বৈদ্যুত আলোকের অস্থায়িষবশতঃ তথান এ অস্থায়ী আলোকের সাহায্যে রূপের অব্যক্ত জ্ঞান হয়, তত্রপ সর্ব্বরিষয়েবই অব্যক্ত জ্ঞানের আপত্তি হয়, কুরোপি কোন বিষয়ের ব্যক্ত গ্রহণ অর্থাৎ ক্ষান্ত জ্ঞান হইতে পারে না। কিছ দ্বেরার ক্ষান্ত হয়া থাকে, অ্তরাং বৃদ্ধি অর্থাৎ জ্ঞানের স্থায়িছ অবশ্য স্থাকার্যা। পূর্বেজি বৃদ্ধির ক্ষণিক্য সিদ্ধান্ত ন্যুক্ত ।। ৪০।।

সূত্র। হেতূপাদানাৎ প্রতিষেদ্ধব্যাভ্যনুজ্ঞা।। ।।৪৪।।**৩১**৫।।

অমুবাদ। (উত্তর) হেতুর গ্রহণবশতঃ অর্থাৎ বৃদ্ধির স্থায়িত্ব সাধন করিতে পূর্বেবাক্ত দৃষ্টান্তরূপ সাধকের গ্রহণবশক্তই প্রতিষেধ্য বিষয়ের বেদ্ধির ক্ষণিকত্বের) স্বীকার হইতেছে।

ভাষ্য। উৎপদ্মাপবর্গিণী বৃদ্ধিরিতি প্রতিষেদ্ধব্যং, তদেবাভ্য**ম্-**জায়তে, বিদ্যুৎসম্পাতে রূপাব্যক্তগ্রহণবদিতি।

অমুবাদ। বৃদ্ধি উৎপদ্মাপবর্গিণী অর্থাৎ ভৃতীয় ক্ষণেই বৃদ্ধির বিনাশ হয়, ইহা প্রতিষেধ্য, "বিদ্ব্যুতের আবির্ভাব হইলে রূপের অব্যক্ত জ্ঞানের স্থায়" এই কথার দ্বারা তাহাই স্বীকৃত হইতেছে।

টিপ্পনী। পূর্ব্বসূত্রোক্ত আপত্তির খণ্ডন করিতে মণ্টি এই সূত্তের ঘার।
বলিয়াছেন যে, বুদ্ধির ক্ষণিকত্ব খণ্ডন করিতে যদি তহা স্বীভারই করিতে হয়,
তাহা হইলে আর সেই হেতুর ঘার। বুদ্ধির ক্ষণিকত্ব খণ্ডন করা যায় না।
প্রকৃত স্থলে বুদ্ধির স্থায়িতবাদী বুদ্ধির ক্ষণিকত্ব পক্ষে সর্ব্বত বোদ্ধব্য বিষয়ের
অস্পষ্ট জ্ঞানের আপত্তি করিতে বিদ্যুতের আবির্ভাব হইলে রূপের অস্পষ্ট
জ্ঞানকে দৃষ্টান্তরূপে উল্লেখ করিয়াছেন। তাহা হইলে বিদ্যুতের আবির্ভাবস্থলে ক্সপের যে অস্পষ্ট জ্ঞান, ভাহার ক্ষণিকত্ব স্বীকার করাই হইতেছে।

কারণ, ঐ স্থালে রূপজ্ঞান অধিকক্ষণ স্থায়ী হইলে উহা অস্পষ্ট জ্ঞান হইছ পারে না, স্পতরাং ঐ জ্ঞান যে ক্ষণিক, ইহা স্বীকার্য্য। তাহা হইলে বুদ্ধি স্থায়িত্ববাদীর যাহা প্রতিষেধ্য অর্থাৎ বুদ্ধির ক্ষণিকত্ব তাহা তাঁহার গৃহী দৃষ্টান্তে (বিদ্যুতের আবির্ভাবকালে রূপের দুস্পষ্ট জ্ঞানে) স্বীকৃতই হওদ, তিনি উহার প্রতিষেধ করিতে পারেন না। বুদ্ধিনাত্তের স্থায়িত প্রতিজ্ঞ করিয়া বিদ্যুতের আবির্ভাবকালীন বুদ্ধিবিশেষের অস্থায়িত্ব বা ক্ষণিকন্ধে

ভাষ্য। যত্রাব্যক্তগ্রহণং তত্রোৎপন্নাপনর্গিনী বৃদ্ধিরিতি। **গ্রহ**ণ **হেতৃবিকলাদ্গ্রহণবিকল্পো ন বুদ্ধিবিকলাৎ।** যদিদং কচিদব্যক্ত **কচিদ**ব্যক্তং প্রহণময়ং বিকল্পো গ্রহণহেতৃবিকল্পাৎ, যত্রানবস্থিতো গ্রহণ হেতৃষ্ঠত্রাব্যক্তং গ্রহণং, যত্রাবস্থিতস্তত্র ব্যক্তং, নতু বুদ্ধেরবস্থানানবস্থানা ভ্যামিতি। ক্সাৎ ? অর্থগ্রগণ চি বুদ্ধি: যত্তদর্থগ্রাহণমব্যক্তং ব্যক্তং ব বৃদ্ধিং সেতি। বিশেষাগ্রহণে চ শামাখ্যগ্রহণমাত্রমব্যক্তগ্রহণং, তন্ত্র বিষয়ান্তরে বৃদ্ধ্যন্তরান্ত্রপত্তির্নিমিত্তা ভাবাৎ। যত্র সমানধর্মযুক্তশ্চ ধর্মা গুহাতে বিশেষধর্মযুক্তশ্চ, তদ্ব্যক্ত° গুহুণং। যত্র তু বিশেষেহগুহুমাণ সামান্তগ্রহণমাত্রং, তদব্যক্তং গ্রহণং। সমানধর্মযোগাচ্চ বিশিষ্টধর্মযোগে। বিষয়ান্তরং, তত্র যদ্গ্রহণং ন ভবতি তদ্গ্রহণনিমিত্রভাবার বুদ্ধেরনবস্তা-নাদিতি। যথাবিষয়ঞ্চ গ্রহণং বাজনেব প্রত্যর্থনিয়ত্তাচ বৃদ্ধীনাং। সামাক্তবিষয়ঞ্জ গ্রহণ স্ববিষয়ং প্রতি ব্যক্তং, বিশেষবিষয়ঞ্চ গ্রহণং স্ববিষয়ং প্রতি ব্যক্তং, প্রত্যর্থনিয়তা হি বৃদ্ধয়:। তদিদমব্যক্ত-প্রাহণং দেশিতং ক বিষয়ে বৃদ্ধানবস্থানকারিতং স্থাদিতি। **ধন্মিণ**স্থ **ধর্মাভেদে বুদ্ধিনানাত্বস্ত ভা**নাভাবাভ্যাং ত**ন্তপপাতঃ।** ধর্মিণা খৰ্থস্য সমানাশ্চ ধর্মা বিশিষ্টাশ্চ, তেয় প্রত্যর্থনিয়তা নানাব্দ্ধয়:, তা উভযো। যদি ধর্ম্মিণি বর্তন্তে, তদা ব্যক্তং গ্রহণং ধর্ম্মিণনভিপ্রেত্য। यहा ত সামান্তগ্রহণমাত্রং তদাহবাক্তং গ্রহণমিতি। এবং ধর্ম্মিণমভিপ্রেতা বাক্রাবাক্তয়োগ্র হণয়োরুপপত্তিরিতি।

অঙ্গুবাদ। (পূর্ব্বপক্ষ) যে স্থলে অব্যক্ত জ্ঞান হয়, সেই স্থলে বুদ্ধি উৎপদ্মাপবর্গিণী, অর্থাৎ সেই স্থলেই বুদ্ধির ক্ষণিকত্ব স্বীকার্য্য। (উত্তর)

এহণের হেতুর বিকল্ল (ভেদ) বশতঃ গ্রহণের বিকল্ল হয়, বৃদ্ধির বিকল্পবশতঃ নতে, অর্থাৎ বুদ্ধির স্থায়িত্ব ও ফণিকত্ব প্রযুক্ত ই বাক্ত ও অব্যক্তরূপে গ্রহণের বিবল্প হয় না। (বিশদার্থ) এই যে, কোন স্থলে অব্যক্ত ও কোন স্থলে ব্যক্ত গ্রহণ হয়, এই বিকল্প গ্রহণের হেতুব বিকল্প-বশতঃ যে স্থলে গ্রহণের হেতু অস্থায়ী, সেই স্থলে অন্যক্ত গ্রহণ হয়, যে স্থলে গ্রহণের হেতু স্থায়ী, সেই স্থলে ব্যক্ত গ্রহণ হয়, কিন্তু বুদ্ধির স্থায়িত্ব ও অস্তায়িত্বপ্রযুক্ত নহে। (প্রশ্ন) কেন ? (উত্তর) যেহেতু অর্থের গ্রহণই বৃদ্ধি, সেই যে অব্যক্ত অথবা ব্যক্ত অর্থ গ্রহণ, তাহা বৃদ্ধি । কিন্তু বিশেষ ধর্মের অজ্ঞান থাকিলে সামাতা ধর্মের জানমাত্র শ্বাক্ত গ্রহণ, সেই স্থলে নিমিত্তের অভাববশতঃ বিনয়ান্তরে জ্ঞানান্তরের উৎপত্তি হয় না। যে স্থলে সমানধর্মযুক্ত এবং বিশিষ্ট্যর্ম্বর ধর্মী গছীত স্থা, ভাষা অর্থাৎ এরপ জ্ঞান ব্যক্ত গ্রহণ। কিন্তু যে স্থলে বিশেষ কর্ম মুগুরুনার থাকিলে সামাত্র ধর্মের জ্ঞান মাত্র হয়, তাহা অব্যক্ত গ্রহণ। সঞ্চারধর্ম-বতা হইতে বিশিষ্টধর্মবত্তা বিষয়ান্তর সর্থাৎ ভিন্ন নিষয়, দেই নিয়য়ে অর্থাৎ বিশিষ্ট গস্তব্ধপ বিষয়াস্তবে যে জ্ঞান হয় না, ভাগ্ন স্পানের নিমিত্তের অভাবপ্রযুক্ত, বৃদ্ধির অস্থায়িত্ব প্রযুক্ত নহে **।**

পরস্ত বৃদ্ধিসমূহের প্রতার্থনিয়তত্বণতঃ জ্ঞান যথানিয় ব্যক্তই হয়, বিশদার্থ এই যে,—সামান্য ধর্মবিষয়ক জ্ঞান নিজের বিষয়-বিষয় ব্যক্ত, বিশেষ ধর্মবিষয়ক জ্ঞানও নিজের বিষয়বিষয়ে ব্যক্ত, যেহেতু বৃদ্ধিসমূহ প্রত্যর্থনিয়ত (অর্থাৎ বৃদ্ধি বা জ্ঞান মাত্রেরই বিষয় নিয়ম আছে, যে বিষয়ে যে জ্ঞান জন্মে সেই জ্ঞানে অভিনিক্ত হ্যার কোন পদার্থ বিষয় হয় না)। স্মৃতরাং বৃদ্ধির অস্থায়িত্ব প্রযুক্ত "দেশিও" অর্থাৎ পূর্ববিশক্ষবাদীর আপত্তির বিষয়ীভূত এই অব্যক্ত গ্রহণ কোন্ বিষয়ে হইবে ? অর্থাৎ সর্ব্বত্ত নিজ্ঞবিষয়ে ব্যক্ত জ্ঞানই হইয়া থাকে, স্মৃতরাং বৃদ্ধি ক্ষণিক হইলেও কোন্ বিষয়ে অব্যক্ত জ্ঞানের আপত্তি হইতে পারে না)।

কিন্তু ধর্মীর ধর্মভেদ বিষয়ে অর্থাৎ বিভিন্ন ধর্ম্ম বিষয়ে বৃদ্ধির নানাছের (নানা বৃদ্ধির) সত্তা ও অসত্তাবশতঃ সেই ব্যক্ত ও অব্যক্ত জ্ঞানের উপপত্তি হয়। বিশদার্থ এই যে, ধর্মী পদার্থেরই অর্থাৎ এক ধর্মীরই বহু সমান ধর্ম ও বহু বিশিষ্ট ধর্ম আছে, সেই সমস্ত ধর্মবিষরে প্রত্যর্থ-নিয়ত নানা বৃদ্ধি জন্মে, সেই উভয় বৃদ্ধি অর্থাৎ সমানধর্মবিষয়ক ও বিশিষ্টধর্মবিষয়ক নানা জ্ঞান যদি ধন্মবিষয়ে থাকে, তাহা হইলে ধর্মীকে উদ্দেশ্য করিয়া ব্যক্ত জ্ঞান হয়। কিন্তু যে সময়ে সামান্য ধর্মের জ্ঞানমাত্র হয়, সেই সময়ে অব্যক্ত জ্ঞান হয়। এইরূপে ধর্ম্মীকে উদ্দেশ্য করিয়া ব্যক্ত প্রানহয়। এইরূপে ধর্ম্মীকে উদ্দেশ্য করিয়া ব্যক্ত প্রব্যক্ত জ্ঞানের উপপত্তি হয়।

টিপ্পনী। বুদ্ধিমাত্রের ক্ষণিকত্ব স্বীকার করিলে সর্ব্বতা সর্ব্বত্তা অব্যক্ত গ্রহণ হয়, এই আপত্তির খণ্ডন করিতে নহাঁদি প্রথনে ২লিয়াছেন যে, সম্ব্র অব্যক্ত গ্রহণের আপত্তি সমর্থন করিতে যে দ্বীন্তকে সাধকরূপে গ্রহণ কর। হইয়াছে, তদ্খার। বৃদ্ধির ক্লিক্র--যাহ। পূর্ব্লক্ষ্ণাদীর প্রতিমেধ্য, ভাহা স্বীকৃতই হইয়াছে। ইহাতে পূর্ব্বপক্ষবাদী বলিতে পারেন বে, যে ম্বলে অব্যক্তগ্রহণ উভয়বাদিসম্মত, সেই স্থনেই বৃদ্ধির ফাণিকত স্বীকার করিব। বিদ্যুতের আবির্ভাব হইলে তখন রূপের যে অব্যক্ত গ্রহণ হয়, তদ্বার। ঐরপ স্থলেই ঐ বুদ্ধির ক্ষণিক্ত সিদ্ধ হ'ইতে পারে। কিন্ত যে **ম্বলে অব্যক্ত গ্রহণ হয় না, পর**ত্ত ব্যক্ত গ্রহণই অনুভ্রনিদ্ধ, সেই স্থলে বুদ্ধির ক্ষণিকত্ব স্বীকারের কোন যুক্তি নাই। পরন্ত বুদ্ধিমাত্রই ক্ষণিক হইলে স্বৰ্বতে স্বৰ্ব বিষয়েরই অব্যক্ত গ্ৰহণ হয়। বিদ্যুতের আধিভাবস্থালে রুপের অব্যক্ত গ্রহণ হইতে মধ্যাহ্মকালে ঘটাদি স্বায়ী পদার্থের চাক্ষ গ্রহণের কোন বিশেষ থাকিতে পারে না। ভাষ্য গার স্ত্রকারের কথার ব্যাখ্যা করিয়া শেষে প্রবিপক্ষবাদীর প্রেবাক্ত কথার উল্লেখপ্রবিক তদুত্তরে বলিয়াছেন যে, কোন ম্বলে অব্যক্ত গ্রহণ এবং কোন ম্বলে ব্যক্ত গ্রহণ হয় : এই যে গ্রহণ-বিকল্প, ইহা গ্রহণের হেতর বিকল্পবশত ই হইয়। থাকে। অর্থাৎ গ্রহণের হেতু অম্বায়ী হইলে দেখালে অব্যক্ত গ্রহণ হয়, এবং গ্রহণের হেতু স্বায়ী হইলে সেখানে ব্যক্ত গ্রহণ হয়। বিশৃতের আবির্ভাব হইলে তথন ঐ বিদ্যুতের আলোক, যাহা রূপ গ্রহণের হেত এর্থাৎ সহবারী কারণ, তাহা স্থায়ী না হওরার ভাহার অভাবে পরে আর রূপের গ্রহণ হইতে পারে না। ঐ चारनाक जन्नकाता श्रामी राज्याम जनकार के तार्थन श्रम, अ बना উহার ব্যক্ত গ্রহণ হইতে পারে না, অব্যক্ত গ্রহণই হইয়া থাকে। ঐ স্থলে বৃদ্ধি বা জ্ঞানের ক্ষণিক্ষনশত:ই যে রূপের এবাক্ত গ্রহণ হয়, তাহা নহে। এইরপ মধ্যাক্ষকালে স্বায়ী ঘটাদি পদার্থের যে চাক্ষ গ্রহণ হয়, তাহা এ গ্রহণের কারণের স্থায়িম্ববণত: অর্থাৎ সেখানে দীর্ঘকাল পর্য্যন্ত আলোকাদি কারণের সতাবশত: ব্যক্ত গ্রহণই হইয়। **থাকে**। সেখানে বুদ্ধির **স্থায়িত্**-বশত:ই যে ব্যক্ত গ্রহণ হয়, তাহ। নহে । ভাষ্যকার ইহা সমর্থন করিবার জন্য পরে বলিয়াছেন যে, অব্যক্ত অথব। খ্যক্ত অর্থ-গ্রহণই বৃদ্ধি পদার্থ। যে ভানে বিশেষ ধর্ম্মের জ্ঞান হয় না, কেবল সামান্য ধর্মের জ্ঞান হয়, সেই ভালে ঐরপ বৃদ্ধি ব। জানকেই অবাড গ্রহণ বলে। সামান্য ধর্ম হইতে বিশেষ ধর্ম বিষয়ান্তর মর্থাৎ ভিন্ন বিষয় ; স্কুতরাং উহার বোধের কারণও ভিন্ন। প্রেবাক্ত স্থলে বিশেষ ধর্মজ্ঞানের বারণের অভাবেট ভদ্বিয়ে জ্ঞান ছনেন না। কিন্তু যে স্থলে সামান্য ধর্ম ও বিশেষ ধর্মের জ্ঞানের কারণ থাকে. গেখানে সেই সামান্য ধর্মযুক্ত ও বিশেষ ধর্মযুক্ত ধর্মীয় জ্ঞান হওয়ায় সেই জানকে ব্যক্ত গ্রহণ বলে। ফলকখা, ুদ্ধির অস্থাত্তিবশত:ই যে বিশেষ ধর্মবিষয়ক জ্ঞান জনেম না, তাহ। নহে। বস্তুর বিশেষ ধর্মবিষয়ক জ্ঞানেরকারণ না থাকতেই তি**হিময়ে** জ্ঞান জনেন না। স্থতৱাং সেখানে ব্যক্তজ্ঞান **জ**নিমতে বাবে না। মূলকথা, ব্যক্তজ্ঞান ও অব্যক্তজানের পর্বেকিরপে উপপত্তি হওয়ায় উহার দার। স্থলবিদেষে বুদ্ধিৰ স্থায়িত্ব ও স্থলবিশেষে বুদ্ধির ক্ষণিকত্ব সিদ্ধ হইতে পারে না। ভাষা কার প্রথমে এইরাপে পূর্ব্বপক্ষবাদীর কথার খণ্ডন করিয়। পরে বাস্তব তম্ব বলিনাছেন বে, সর্বব্রই সর্ববস্তর গ্রহণ স্ব স্ব বিময়ে ব্যক্তই হয়, অব্যক্ত গ্রহণ ক্ত্রাপি হয় না। কারণ, বুদ্ধি বা জ্ঞানসমূহ প্রত্যর্থ-নিয়ত। অর্থাৎ জ্ঞানমাত্রেরই বিষয়-নিয়ম আছে। যে বিষয়ে যে জ্ঞান জনেম, সেই বিষয় ভিন্ন আর কোন বস্তু সেই জ্ঞানের বিষয় হয় ন।। সামান্য ধর্মবিষয়ক জ্ঞান হইলে সামান্য ধর্মই তাহার বিষয় হয়, বিশেষ ধর্ম উহার বিষয়ই নহে। স্নতরাং ঐ জ্ঞান ঐ সামান্য ধর্মরূপ নিজ বিষয়ে ব্যক্তই হয়, ত**হিষয়ে** উহাকে অব্যক্ত গ্রহণ বলা যায় না। বিদ্যুতের আবির্ভাব **হইলে** তথন যে সামান্যত: রূপের জ্ঞান হয়, ঐ জ্ঞানও নিজবিষয়ে ব্যক্তই হয়। ঐ স্থালে রাপের বিশেষ ধর্ম ঐ জ্ঞানের বিষয়ই নহে, স্থ:রাং তিমিয়ে ঐ জ্ঞান ना प्रन्मिरल७ উহাকে অব্যক্ত গ্রহণ বলা यात्र ना । এইরপ বিশেষ ধর্মবিষয়ক জ্ঞানও নিজ বিষয়ে ব্যক্তই হয়। ঐ জ্ঞানে সেই ধর্মীর অন্যান্য ধর্ম বিষয় ना इहेरन ७ উहारक अवाङ शहर वना योग्न ना। कन कथा, मर्का गमख জ্ঞানই আ আ বিদয়ে ব্যক্তই হয়। স্ত্রাং পূর্ব্বপক্ষবাদী বুদ্ধির ক্ষণিকত্ব সিদ্ধান্তে সর্ব্বত্র যে এব্যক্ত গ্রহণের যাপত্তি করিয়াছেন, তাহ। কোনু বিদরে হইবে ? তাৎপর্য্য এই যে, যথন সমস্ত জ্ঞান তাহার নিজ বিষয়ে ব্যক্ত জানই হয়, তৰন জান ক্ষণিক পদাৰ্থ হইলেও কোন বিষয়েই অব্যক্ত জান

বলা যায় না। অব্যক্ত জ্ঞান অলীক, স্মৃতরাং উহার আপত্তিই হইতে পানে। না। প্রশু হইতে পারে বে, ব্যক্ত জান ও অব্যক্ত জ্ঞান লোকপ্রসিদ্ধ আছে। জ্ঞানমাত্ৰই ব্যক্ত জ্ঞান হইলে অব্যক্ত জ্ঞান বলিয়া যে লোকব্যবহার আছে তাহার উপপত্তি হয় না। এতদুত্তরে সর্বশেষে ভাষ্যকার বলিয়াছেন যে ধর্মী পদার্থের সামান্য ও বিশেষ বহু ধর্ম আছে। ঐ ভিন্ন ভিন্ন ধর্মবিষয়ে ভিন্ন ভিন্ন নান। বৃদ্ধির সন্ত। ও অসত্তাবশতঃই ব্যক্ত জ্ঞান ও অব্যক্ত জ্ঞানে উপপত্তি হয়। অর্থাৎ একই ধর্মীর যে বহু সামান্য ধর্ম ও বহু বিশেষ ধর্ম আছে, তহিষয়ে নানা বৃদ্ধি **ভট্নে। যেখানে কোন এক ধল্মীর সা**মান্য ধর্ম ও বিশেষ ধর্মবিষয়ক উভয় ৰুদ্ধি অর্থাৎ ঐ উভয় ধর্মবিষয়ক নানা বুদ্ধি জন্মে, সেখানে ঐ ধন্মীকে আশ্রয় করিয়া তিহিদয়ে উৎপন্ন ঐ জ্ঞানকে ব্যক্ত জ্ঞান বলে। কিন্তু যেখানে কেবল ঐ ধর্মীর সামান্য ধর্মমাত্রের জ্ঞান হয়, সেখানে ঐ জ্ঞানকে অব্যক্ত জ্ঞান বলে। সেখানে ঐ জ্ঞান তাহার নিজ বিষয়ে ব্যক্ত জ্ঞান হইটেলও সেই ধর্ম্মীকে আশ্রয় করিয়া উহার নানা সামান্য ধর্মবিষয়ক ও নান। বিশেষধর্মবিষয়ক নানা জ্ঞান ঐ স্থলে উৎপন্ন না হওয়ায় ঐ জ্ঞান পর্কোজ ব্যক্তগ্রহণ হইতে বিপরীত। এ ঘন্যই ঐ জ্ঞানকে অব্যক্ত গ্রহণ বলে। এইরূপেই ধর্মীকে আশ্রয় কবিয়া ব্যক্ত ও অব্যক্তগ্রহণের ব্যবহার হয়।।৪৪॥

ভায়া। ন চেদমব্যক্তং গ্রহণং বুদ্ধের্কোদ্ধব্যস্থ বাহনবস্থায়িছাগ্ল্প-পদ্মত ইতি। ইদং হি—

সূত্র। ন প্রদীপার্চিঃসন্তত্যভিব্যক্তগ্রহণবন্তদ্-গ্রহণং॥ ৪৫॥ ৩১৬॥%

অসুবাদ। পরস্ত বুদ্ধি অথবা বৈদ্ধিব্য বিষয়ের অস্থায়িত্বশতঃ এই

^{* &#}x27;ন্যায়বাতিক'' ও 'ন্যায়সূচীনবন্ধে'' "ন প্রদীপাচিয়ঃ" ইত্যাদি সূত্রপাঠই পৃহীত হইয়াছে। কেহ কেহ এই সূত্রের প্রথমে নঞ্ শব্দ গ্রহণ না করিলেও 'নঞু' শব্দুক্ত সূত্রপাঠই প্রকৃত বলিয়া বুঝা যায়। কারণ, পূর্ব্বপক্ষবাদীর আপত্তির বিষয় অব্যক্ত গ্রহণের প্রতিষেধ করিতেই মহর্ষি এই সূত্রটি বলিয়াছেন। পূর্ব্বেজি ৪৩শ সূত্র হইতে ''অব্যক্তগ্রহণং" এই বাক্যের অনুর্ত্তি এই সূত্রে মহর্ষির অভিপ্রেত। নব্য ব্যাখ্যাকার রাধামোহন গোল্বামিভট্টাচার্য্যও এখানে ''নঞ্" শব্দুক্ত সূত্রপাঠ গ্রহণ করিয়া ''নাব্যজগ্রহণং" এইরাপ ব্যাখ্যা করিয়াছেন। ভাষ্যকারও প্রথমে 'ইদ্দ্" শব্দের ভারা তাহার পূর্বোক্ত অব্যক্ত গ্রহণকেই প্রহণ করিয়া ''নঞ্" শব্দুক্ত সূত্রেরই অব্তারণা করিয়াছেন বুঝা যায়। ভাষ্যকারের ঐ 'ইদ্দ্" শব্দের স্হিত সূত্রের প্রথমন্থ "নঞ্" শব্দের যোগ করিয়া সূত্রার্থ ব্যাখ্যা করিতে হইবে। 'প্রদীপাত্রিয়ং" এইরাপ পাঠ ভাষ্যসন্মত বুঝা যায় না।

অব্যক্ত গ্রহণ উপপন্ন হয় না। যে হেতু এই অব্যক্ত গ্রহণ নাই, প্রদীপের শিখার সন্ততির অর্থাৎ ধারাবাহিক ভিন্ন ভিন্ন প্রদীপশিখার অভিব্যক্ত গ্রহণের ভায়ে সেই বোদ্ধব্য বিষয় দ্বির গ্রহণ হয়, অর্থাৎ সর্ববিষয়ে ব্যক্ত জ্ঞানই হইয়া থাকে।

ভাষ্য। অনবস্থায়িকেইপি ব্দেল্ডেষাং দ্রন্যাণাং গ্রহণং ব্যক্তং প্রতিপত্তব্যং। কথং: "প্রদীপার্চিঃসম্ভত্যভিব্যক্তগ্রহণবং", প্রদীপার্চিষাং সম্ভত্যা বর্ত্তমানানাং গ্রহণানবস্থানং গ্রাহ্যানবস্থানঞ্চ, প্রত্যর্থনিয়তত্বাদৃব্দ্ধীনাং, যাবন্ধি প্রদীপার্চিংধি ভাবত্যে বুদ্ধয় ইতি। দৃশতে চাত্র ব্যক্তং প্রদীপার্চিষাং গ্রহণমিতি।

অন্ধবাদ। বৃদ্ধির অস্থায়িত্ব হইলেও সেই দ্রন্থসমূহের প্রহণ ব্যক্তই শীকার্য্য। (প্রশ্ন) কির্পেণ্ণ (উত্তব) প্রদাপের শিথাসন্ততির অভিব্যক্ত (ব্যক্ত) গ্রহণের স্থায়। বিশদার্থ এই যে, বৃদ্ধিসমূহের প্রভার্থনিয়ভত্বনভঃ সন্ততিরূপে বর্ত্তমান প্রদীপশিথাসমূহের গ্রহণের অস্থায়িত্ব ও গ্রান্থের (প্রদীপশিথার) অস্থায়িত্ব স্থীকার্য্য। যতগুলি প্রদীপশিথা, ভতগুলি বৃদ্ধি। কিন্তু এই স্থলে প্রদীপশিথাসমূহের ব্যক্ত গ্রহণ দৃষ্ট হয়।

টিপ্লনী। জন্য জ্ঞানমাত্রই ক্ষণিক ২ইলে সর্ব্বতি সর্ব্বস্থার অব্যক্ত জ্ঞান হয়, এই আপত্তির খণ্ডন করিতে মহিদি শেদে এই সূত্রহারা প্রকৃত উত্তর বলিয়াছেন যে, বুদ্ধির স্থায়িছ না থাকিলেও তৎপ্রযুক্ত বিষয়ের অব্যক্ত জ্ঞান হয় না। ভাষ্যকার পূর্ব্বসূত্রভাষ্যেই স্বতন্ত্রভাবে মইদির এই সূত্রোক্ত তম্ব প্রকাশ করিয়া শেষে মইদির সূত্রহার। তাঁহার পূর্ব্বক্থার সমর্থন করিবার জন্য এই সূত্রের অবতারণা করিতে বলিয়াছেন যে, বুদ্ধি অথবা বোদ্ধব্য অস্থায়িত্বস্থুক্ত অব্যক্ত গ্রহণ উপপন্ন হয় না। অর্থাৎ বুদ্ধি অথবা বোদ্ধব্য স্থায়িত্বস্থুক্ত অব্যক্ত গ্রহণ উপপন্ন হয় না। অর্থাৎ বুদ্ধি অথবা বোদ্ধব্য পদার্থ অস্থায়ী হইলেই যে সেখানে অব্যক্ত গ্রহণ হইবে, এইরূপ নিয়ম না থাকায় বুদ্ধির অস্থায়িত্বপ্রযুক্ত অব্যক্ত গ্রহণের আপত্তি হইতে পারে না। বুদ্ধি এবং বোদ্ধব্য পদার্থ অস্থায়ী হইলেও ব্যক্ত গ্রহণ হইয়া থাকে, ইহা বুমাইতে সহন্ধি প্রদীপের শিখাসন্ততির ব্যক্ত গ্রহণকে দৃষ্টান্তরূপে উল্লেখ করিয়াছেন। প্রতিক্ষণে প্রদীপের যে ভিন্ন ভিন্ন শিখার উদ্ভব হয়, তাহাছক

বলে প্রদীপশিখার সন্ততি। প্রদীপের ঐ সমস্ত শিখার ভেদ থাকিলে অবিচেছ্দে উহাদের উৎপত্তি হওয়ায় একই শিখা বলিয়। শ্রম হয় ৷ বন্ধতঃ অবিচ্ছেদে ভিন্ন ভিন্ন শিখার উৎপত্তিই ঐ স্থলে স্বীকার্য্য। ঐ শিখার মধ্যে কোন শিখা হইতে কোন শিখা দীৰ্ঘ, কোন শিখা খৰ্ব, কোন শিখা খন, ইহা প্রত্যক্ষ কর। যায়। একই শিখার ঐরূপ দীর্ঘছাদি সম্ভব হয় না। **স্তরাং প্রদীপের শিখা এক নহে, সম্ভতিরূপে অর্ধাৎ প্রবাহরূপে উৎপ**ন্ন নান। শিখাই স্বীকার্য্য। তাহা হটলে প্রদীপের ঐ সমস্ত শিখার যে প্রত্যক্ষ-বুদ্ধি परन्य, ঐ বুদ্ধিও নানা, ইহা স্বীকার্যা। কারণ, বুদ্ধিমাত্রই প্রত্যর্থনিয়ত। প্রথম শিখামাত্রবিষয়ক যে বুদ্ধি, দিতীয় শিখা ঐ বুদ্ধির বিষয়ই নহে। স্থ<mark>তরাং বিতীয় শিখা বিদয়ে বিতীয় বৃদ্ধিই জন্ম। এইরূপে প্রদীপে</mark>ৰ ৰতগুলি শিখা, ততগুলি ভিন্ন ভিন্ন বৃদ্ধিই ত্রিমুয়ে মুনেন, ইহা স্বীকার করিতে হইবে। তাহ। হইলে ঐ স্থলে প্রদীপের শিখাসমূহের যে ভিন্ন ভিন্ন বুদি, তাহার স্বায়িত্ব নাই, উহার কোন বৃদ্ধিই বহুক্ষণ স্বায়ী হয় না, ইহাও মীকার্যা। কারণ, ঐ স্থলে প্রদীপের শিখারূপ যে গ্রাহ্য অর্থাৎ বোদ্ধব্য পদার্থ, তাহা অস্থায়ী, উহার কোন শিখাই বহুক্ষণস্থায়ী নহে। কিন্তু ঐ ম্বলে প্রদীপের শিখাদমূহের পুর্কোজ্জরপ ভিন্ন ভিন্ন অম্বায়ী জ্ঞান ও ব্যক্ত জ্ঞানই হইয়া থাকে। প্রদীপের শিখাসমূহের পুর্ব্বোক্তরূপ প্রত্যক্ষকে কেচ্ট অব্যক্ত গ্রহণ অর্থাৎ অস্পষ্ট জ্ঞান বলেন না। স্মৃতরাং ঐ দুষ্টান্তে সর্ব্বএই ব্যক্ত গ্রহণই স্বীকার্য্য। বিদ্যুতের আবির্ভাব হুইলে তখন যে অতি অলক্ষণের জন্য কোন বস্তুর প্রত্যক্ষ জন্মে, ঐ প্রত্যক্ষও তাহার নিজ বিষয়ে ব্যক্ত অর্থাৎ স্পষ্টই হয়। মূলকথা, প্রদীপের ভিন্ন ভিন্ন বিধাসন্ততির ভিন্ন ভিন্ন অস্থায়ী প্রত্যক্তলিও যথন ব্যক্ত গ্রহণ বলিয়া স্কলেরই স্বীকার্য্য, তথন বৃদ্ধি বা বৌদ্ধব্য পদার্থের অস্থায়িত্ববর্ণত: অব্যক্ত গ্রহণের আ**পত্তি হুইতে পারে** ন।। ভাষ্যকারও প্রথমে মহধির এই তাৎপর্য্যই প্রকাশ করিয়া সূত্রের অবতারণা कत्रियाट्यन ॥ ८७ ॥

বুদ্যুৎপন্নাপবগিত্ব-প্রকরণ সমাপ্ত।। ৪।।

ভাষা। চেতনা শরীরগুণ:, সতি শরীরে ভাবাদসতি চাভাবাদিতি। অমূবাদ। (পূর্ব্বপক্ষ) চৈতত্য শরীরের গুণ, যেহেতু শরীর থাকিলেই চৈতত্ত্বের সতা, এবং শরীর না থাকিলেই চৈতত্ত্বের অসন্তা।

সূত্র। জব্যে স্বগুণ-পরগুণোপলক্ষেঃ সংশ্য়ঃ॥।। ৪৬॥ ৩১৭॥

অমুনাদ। দ্বো পদার্থে স্বকীয় গুণ ও পরকীয় গুণের উপন্তরি হয়, সূতরাং সংশয় জন্মে।

ভাষ্য। সাংশয়িকঃ সতি ভাবঃ, স্বগুণোহপ্দ্ জব্তমুপলভাতে, পর-গুণশ্চোঞ্চতা। তেনাহয়ং সংশয়ঃ, কিং শরীরগুণশ্চেলনা শরীরে গৃহুতে ? হাথ জব্যাস্তরগুণ ইতি।

সকুবাদ। সত্তে সত্তা অর্থাৎ থাকিলে থাকা সন্দিশ্ধ, (কারণ) জ্বলে দকীয় গুণ জবছ উপলব্ধ হয়, পরের গুণ সর্থাৎ জলের সন্তর্গত স্থানির গুণ উষ্ণভাও (উষ্ণ স্পর্শত) উপলব্ধ হয়। সত্তব কি শরীরের গুণ চেতনা শরীরে উপলব্ধ হয় ? স্থানা জব্যাস্তরের গুণ চেতনা শরীরে উপলব্ধ হয় ? এই সংশয় জন্মে:।

हिश्रनी । टेठजना व्यर्था९ खान मंत्रीद्वत छन नत्त्र, वह निकाच शुनर्वात বিশেষরপে সমর্থন কবিবার জন্য মহর্ষি বুদ্ধি পরীকার শেঘ ভাগে এই পুকরপের আরম্ভ করিয়াছেন। তাই ভাষ্যকার এই প্রকরণের অবভারণ। क्रिएड श्रेथरम पर्वेशक विनिद्यारक्त रग, भरीत थाकित्नरे यथन टेडडना থাকে, শরীর না থাকিলে চৈতন্য থাকে না, অতএব চৈতন্য শরীরেরই গুণ। পূর্ব্বপক্ষবাদীর কথা এই যে, যাহ। থাকিলে যাহা থাকে, বা জন্মে, **ভাহা তাহারই ধর্ম, ইহা ব্ঝা যায়। যেমন ঘটাদি দ্র**ব্য থা**কিচ্নই** রপাদি গুণ বাকে, এজনা রূপাদি ঘটাদির ধর্ম বলিয়াই বুঝা বায়। মছমি এই পূর্বেপতকর খণ্ডন করিতে প্রথমে এই সূত্র বার। বলিয়াচছন যে, টেতনা শরীরেরই গুণ, অথবা দ্রবান্তরের গুণ, এইরূপ সংশয় জন্ম। ভাষাকারের ব্যাধ্যান সারে মহর্ষির তাৎপর্য্য এই যে, যাহা থাকে, অথবা যাহার উপলব্ধি হয়, তাহা ভাহারই ধর্ম, এইরূপ নিশ্চয় কর। যায় না ; উহা সন্দিগ্ধ। কারণ, জালে খেমন তাহার নিজ্পুণ দ্রবত্ব উপলব্ধ হয়, তত্ৰপ ঐ पन উষ্ণ করিলে তথন তাহাতে উষ্ণ স্পর্শও উপলব্ধ হয়। কিছ ঐ উষ্ণ স্পর্শ দেলের নিজের গুণ নহে, উহা ঐ দলের মধ্যগত অগ্রির খণ। এইরতেপ শরীরে যে চৈতন্যের উপনন্ধি হইতেছে, তাহাও ঐ শরীরের

মধ্যগত কোন দ্রব্যান্তরেরও গুণ হইতত পারে। যাহা থাকিলে যাহা থাতক ন যাহার উপলব্ধি হয়, তাহা তাহার ধর্ম হইবে, এইরূপ নিয়ম যথন নাই তখন প্রের্জ যুক্তির ঘার৷ চৈতন্য শরীরেরই গুণ, ইহা সিদ্ধ হইছে পারে ন।। পরত শরীরের নিজের গুণ চৈতন্যই কি শরীরে উপন্ত हम, अथेवा क्वान अवा**ष्ट्रदंश धर्ग हैछनाई पं**बीदन छे**लनक** हम? **এইরপে সংখ্য জন্ম। উদ্যোতক**র এখানে মহর্মির তাৎপ্রা বর্ণন করিয়াছেন যে, শ্রীর থাকিলেই চৈতন্য থাচক, শ্রীর না থাকিনে চৈতন্য পাৰক না, এই যুক্তির বারা চৈতন্য শরীষ্করই গুণ, ইহা সিদ্ধ হয় ন।। কারণ, ক্রিয়াব্দন্য সংযোগ, বিভাগ ও বেগ ব্দন্মে, ক্রিয়া ব্যতীত ঐ সংযোগাদি ष्यत्म ना ; কিন্তু ঐ সংযোগ ও বিভাগাদি ক্রিয়ার গুণ নহে। স্থতরাং যাহা থাকিলেই বাহা থাতক, যাহার অভাতে যাহা থাতক না, ভাহা ভাহারই **গুণ, এইরূপ** নির্ম বলা যায় না। অবশ্য যাহাতে ব্রমানরূপে যে গুণের উপলব্ধি হয়, উহা তাহারই গুণু এইরূপ নিয়ম বলা যায়। কিন্তু শরীরে বর্ত্তমানরপে চৈতন্যের উপলব্ধি হয় না. চৈতন্যমাত্রের উপলব্ধি হইয়া থারক। তদারা চৈতন্য যে শরীরেরই ওণ, ইহা সিদ্ধ হয় না। কারণ, শরীরে চৈতন্যের উপলব্ধি স্বীকার করিলেও চৈতন্য কি শরীরেরই তার ? অ**থবা দ্রব্যান্তরের গুণ ? এইরূপ সংশ্য় ভ্রনেম।** স্থতরাং ঐ সংশ্যের নিৰ্ত্তি ৰাতীত প্ৰেৰ্বাক্ত সিদ্ধান্ত গ্ৰহণ করা যায় না।।৪৬।।

ভাষ্য। ন শরীরগুণশেততনা। কম্মাৎ ? অমুবাদ। চৈতক্য শরীরের গুণ নহে। (প্রশ্ন) কেন ?

সূত্র। যাবদূদ্রব্যভাবিত্বাদ্রপাদীনাং।।৪৭।।৩১৮।।

অনুবাদ। (উত্তর) যেহেতু রূপাদির যাবদ্দ্রব্যভাবিত্ব আছে,
[অর্থাৎ যাবৎকাল পর্যান্ত দ্রব্য থাকে, তাবৎকাল পর্যান্ত তাহার গুণ
রূপাদি থাকে। কিন্তু শরীর থাকিলেও সর্ব্বদা তাহাতে চৈতন্ত শরীরের
গুণ হইতে পারে না]।

ভাষ্য: ন রূপাদিহীনং শরারং গৃহতে, ।চেতনাহীনস্ক গৃহতে, যথোঞ্চতাহীনা আপ:, তত্মান্ন শরীরগুণশ্চেতনেতি।

সংস্থারবদিতি চেৎ ? ন, কারণানুচ্ছেদাৎ। यथाविर

দ্রব্যে সংস্কারস্তথাবিধ এবোপরমো ন, তত্র কারণোচ্ছেদাদতাস্তং সংস্কারামূপপত্তির্ভবিত, যথাবিধে শরীরে চেতনা গৃহতে তথাবিধ এবাতাস্তোপরমশ্চেতনায়া গৃহতে, তত্মাৎ সংস্কারবদিত্যসমঃ সমাধিঃ। অথাপি শরীরস্থং চেতনোৎপত্তিকারণ স্থাদ্দ্রব্যাস্তরস্থং বা উভয়স্থং বা তন্ন, নিয়মহেছভাবাৎ। শরীরস্থেন কদাচিচ্চেতনোৎপত্ততে কদাচিন্নেতি নিয়মে হেতুনাস্তীতি। দ্রব্যাস্তরস্থেন চ শরীর এব চেতনোৎপত্ততে ন লোষ্টাদিছিত্যত্র ন নিয়মে হেতুরস্তীতি। উভয়স্থ্য নিমিত্তছে শরীরসমানভাতীয়দ্রব্যে চেতনা নোৎপত্ততে শরীর এব চোৎপত্তত ইতি নিয়মে গেতুর্নাস্তীতি।

অমুবাদ। রূপাদিশৃত্য শরীর প্রত্যক্ষ হয় না কিন্তু চেতনাশৃত্য শরীর প্রত্যক্ষ হয়, যেমন উষ্ণত।শৃত্য জল প্রত্যক্ষ হয়, — অতএব চেতন। শরীরের গুণ নহে।

প্রবিপক্ষ) সংস্থারের স্থায়, ইহা যদি বলং । উত্তর । না, অর্থাৎ ভিত্র সংস্থারের তুলা গুণ নহে, যেহেতু (চৈতন্তের) কারণের উচ্ছেদ হয় না। বিশ্বদার্থ এই যে, যাদৃশ অব্যে সংস্কার উপলব্ধ হয়, তাদৃশ অব্যেই সংস্কারের নিবৃত্তি হয় না। সেই অব্যে কারণের উচ্ছেদবশতঃ সংস্কারের অত্যন্ত অনুপপত্তি । নিবৃত্তি) হয়। (কিন্তু) যাদৃশ শরীরে চৈতন্তের অত্যন্ত নিবৃত্তি উপলব্ধ হয়, তাদৃশ শরীরেই চৈতন্তের অত্যন্ত নিবৃত্তি উপলব্ধ হয়, অত্যন্ত নিবৃত্তি উপলব্ধ হয়, অত্যন্ত নিবৃত্তি উপলব্ধ হয়, অত্যন্ত শংক্ষার ও চিত্তা তুলা পদার্থ না হওয়ায় সংস্কারকে দৃষ্টান্তরূপে গ্রহণ করিয়া যে দিমাধান বলা হইয়াছে, তাহা ঠিক হয় নাই]। আর যদি বল, শরীরস্থ কোন বল্প চৈতন্তের উৎপত্তির কারণ হয়, অথবা অব্যান্তরন্ত অথবা দিরীর ও অব্যান্তর, এই উভয় অব্যান্ত কোন বল্প চৈতন্তের উৎপত্তির কারণ হয় ? (উত্তর) তাহা নহে, অর্থাৎ ঐরূপ কোন বল্পই চৈতন্তের উৎপত্তির কারণ হয় ? (উত্তর) তাহা নহে, অর্থাৎ ঐরূপ কোন বল্পই চৈতন্তের উৎপত্তির কারণ হয় ? (উত্তর) তাহা নহে, অর্থাৎ ঐরূপ কোন বল্পই চৈতন্তের উৎপত্তির কারণ হয় হ কোন বল্পর হার। কোন কালে চৈতন্ত উৎপন্ম হয়, কোন কালে চেতন্ত উৎপন্ম হয়,

দ্রব্যান্তরস্থ কোন বস্তুর দ্বারা শরীরেই চৈতন্য উৎপন্ন হয়, লোষ্ট প্রভৃতিরে চৈতন্য উৎপন্ন হয় না, এইরপ নিয়মে হেতু নাই। উভয়স্থ কো বস্তুর কারণছ হইলে অর্থাৎ শরীর এবং দ্রব্যান্তর, এই উল দ্রব্যস্থ কোন বস্তু চৈতন্মের কারণ হইলে শরীরের সমানজাতীয় দ্রন্থে চৈতন্ম উৎপন্ন হয় না, কিন্তু শরীরেই চৈতন্য উৎপন্ন হয়, এই নিয়ম হেতু নাই।

টিপ্লনী। তৈতন্য শরীরের গুণ নহে, এই সিদ্ধান্ত পক্ষ সমর্থন করিছে
মগদি প্রথমে এই সূত্রের বার। বলিয়াছেন যে, শরীরক্সপ দ্রব্যের রে
ক্রপাদি গুণ আছে, তাহা ঐ শরীরক্সপ দ্রব্যের স্থিতিকাল পর্যান্ত বিদ্যান্ন
থাকে। ক্রপাদিশূণ্য শরীর কখনও উপলক্ষ হয় না। কিন্তু যেমন উল্লেখ শীতল হইলে তখন তাহাতে উক্ত স্পর্শের উপলব্ধি হয় না, তল্প
সময়বিশেদে শরীরেও চৈতন্যের উপলব্ধি হয় না। চৈতন্যহীন শরীরের
প্রত্যক্ষ হইয়া থাকে। স্পত্রাং চৈতন্য শরীরের গুণ নহে। চৈতন
শরীরের গুণ হইলে উহাও ক্রপাদির ন্যায় ঐ শরীরের শ্বিতিকাল পর্যান
সর্ব্বদা ঐ শরীরে বিদ্যান থাকিত।

পূর্ব্বপক্ষবাদী চার্ব্বাক বলিতে পাৰেন যে, শরীরের গুণ হইটো যে, তাহা শরীরের ম্বিতিকাল পর্যান্ত সর্ব্বদাই বিদ্যমান থাকিবে, এইরা নিয়ম দাই। শরীরে যে বেগ নামক সংস্কারবিশেষ দানে, উহা শরীরে গুণ হইলেও শরীর বিদ্যমান থাকিতেও উহার বিনাশ হইরা থাকে এইরাপ শরীর বিদ্যমান থাকিতে কোন সময়ে চৈতন্যের বিনাশ হইটো সংস্কারের ন্যায় চৈতন্যও শরীরের গুণ হইতে পারে। ভাষ্যকার পূর্ণ পক্ষবাদীর এই কথার উল্লেখপূর্ব্বক তদুত্তরে বলিয়াছেন যে, কার্টো উচ্চেদ না হওয়ায় কোন সময়েই শরীরের চৈতন্যের অভাব হইতে পারেনা। কিন্তু কারণের উচ্চেদ হওয়ায় শরীরের বেগের অভাব হইতে পারেনা। কিন্তু কারণের উচ্চেদ হওয়ায় শরীরের বেগের অভাব হইতে পারেনা। কিন্তু কারণান্তর উপস্থিত হইলে শরীরে বেগের অভাব হইতে পারেনা। প্রত্তি কারণান্তর উপস্থিত হইলে শরীরে বেগ নামক সংস্কার জন্মে প্রত্তি কারণান্তর উপস্থিত হইলে শরীরে এই বেগ নামক সংস্কার জন্মে তাদুশ শরীরের ঐ সংস্কারের নিবৃত্তি হয় না। ঐ ক্রিয়া প্রভৃতি কারণে বিনাশ হইলে তথন ঐ শরীরের ঐ সংস্কারের অত্যন্ত নিবৃত্ত হয়। কি

নিবৃত্তি **উপলব্ধ হয়। শরীবে চৈতন্য স্বীকার করিলে ক্থন্ও তাহাতে** চৈতনোর নিবৃত্তি হইতে থারে না। কারণ, শরীরের চৈতন্যবাদী চার্কারকর মতে যে ভূতসংযোগ শরীরের *ৈ*তল্যোৎপত্তির কারণ, তাহ। মত শরীরেও থারক। স্থতরাং ভাহার মতে শরার বিদ্যমান থাকিতে ুলায়ত চৈতন্যের কারণের উচ্ছেদ সম্ভব ন। হওয়ায় শরীরের স্থিতিকাল পর্যান্তই তাহাতে চৈতন্য বিদ্যমান থাকিতব। চৈতন্য সংস্কারের ন্যায় গুণ না হওয়ায় ঐ সংস্কারতেক দুষ্টান্তরতেপ গ্রহণ করিয়া পর্কোক্ত সমাধান বলা যাইবে না । সংস্থার চৈত্তবন্যর সমান গুণ না হওয়ায় উহ। বিষম সমাধান বলা হইয়াছে। পূৰ্ব্ৰপক্ষৰাদী চাৰ্ব্ৰাক যদি বলেন যে, শ্রীরে যে চৈতন্য জনেন, তাহাতে অন্য কারণও আছে, কেবল শরীর বা ज्ज-**मः त्यांगवित्मपरे छेरा**त्र **कात्रम नहर । भ**तीतस्र प्रथय। प्यना स्रवास অথবা শরীর ও অন্য দ্রব্য, এই উভয় দ্রব্যস্থ কোন বস্তুও শরীরে চৈতন্যের উৎ**পত্তিতে কারণ।** ঐ **কারণান্তরে**র অভাব হইলে পর্ব্বোক্ত **সংস্থারে**ন ন্যায় সময়বি**রশান্যে শরীরে চৈতন্যের**ও নিবৃত্তি হুইতে পারে। স্মৃতরাং চৈত্রতাও শরীরস্থ বেগ নামক সংস্থারের ন্যায় শরীরের গুণ হইতে পারে। ভাষ্য**কার শেষে পূর্ব্বপক্ষবাদীর এই** কথারও উল্লেখ করিয়া ভদুত্তরে বলিরাছেন যে, নির্মে হেতু ন। থাকায় পুর্বোক্ত কোন বস্তুকে শরীরে ेहलतात छेप्पेखिइल कांत्रण वना बाग्र ना। कांत्रण, श्रेषण परक विष শরীরত্ব কোন প্রদার্থবিশেষ শরীরে চৈতন্যের উৎপত্তির কারণ হয়, তাহ। গুটুলে ত্র **প্রার্থ কোন সময়ে শরী**রে চৈত্রন্য উৎপন্ন করে, কোন সমন্তয় চৈত্রন্য উৎপ্রা করে না, এইরূপ নিয়মে কোন হেতু নাই। সর্ব্বদাই শরীরে হৈত্তবন্যর উৎপত্তি হইতে পাতর। কালবিশেরে শরীতর চৈত্তবন্যর উৎপত্তির কোন নিয়ামক নাই। আর যদি (২) শরীর ভিন্ন অন্য কোন দ্রব্য**ন্থ কোন পদার্থ শরী**রে চৈতন্যের উৎপত্তির কারণ হয়, তাহা হ**ই**লে উহা শরীরেই টেচতনা উৎপন্ন করে. লোট প্রভৃতি দ্রব্যান্তরে চৈতনা উৎপন্ন করে না, এইরপে নিয়মে হেতু নাই। প্রব্যান্তরস্থ বস্তবিদেশ চৈতন্যের বিংপত্তির কারণ হইলে, তাহা সেই দ্রবান্তরেও চৈতনা উৎপন্ন করে না কেন ? আর যদি (৩) শরীর ও দ্রবান্তর, এই উত্তয় দ্রব্যস্থ কোন পদার্থ চৈত্রনার উৎপত্তির কারণ হয়, তাহা হইলে শরীবের সঞ্চাতীয় দ্রব্যাত্তরে চৈতন্য উৎপন্ন হয় না. শরীরেই চৈতন্য উৎপন্ন হয়, এই রূপ নিমুদ্ধে হেতু নাই। উল্লোতকর আরও বলিয়াছেন যে, শরীরত্ব কোন বস্তু শরীরের হৈতনেৰে উৎপত্তিৰ কাৰণ চইমল ঐ বন্ধ কি শৰীবের স্থিতিকাল পর্যাত্ত ৰৰ্জমান পাৰেক অপৰা উহা নৈমিত্তিক, নিমিতের অভাব হইলে উহারও অভাব ছয় ? ইছা বক্তব্য। ঐ বস্ত শরীরের স্থিতিকাল পর্য্যন্তই বর্ত্তমান থাকে, ইছ। বলিংল সর্বাদা কারংগর সন্তাবশত: শরীরে কখনও চৈতন্যের নিবৃত্তি হইতে থারে না। আর ঐ শরীরত্ব বস্তুকে নৈমিত্তিক বলিলে যে নিমিত্ত জন্য উহা জন্মিবে, সেই নিমিত সর্ব্বদাই উহা কেন জন্মায় না ? ইয় বলা আৰশ্যক। সেই নিমিত্তও অর্থাৎ দেই কারণত নৈমিত্তিক, ইহ। বলিলে বে নিমিভান্তরজন্য সেই নিমিত্ত জন্মে, তাহা ঐ নিমিত্তকে সর্ব্বদাই কেন জন্মার না, ইত্যাদি প্রকার আপত্তি অনিবার্ষ্য। এবং দ্রব্যান্তরত্ব কোন পদার্থ শরীরে চৈতনোর উৎপত্তির কারণ বলিলে ঐ পদার্থ নিতা, কি অনিতা? অনিতা হইলে কালান্তরন্থায়ী ? অথবা ক্ষণবিনাশী ? ইহাও বলা আৰশ্যক। কিন্তু উহার সমন্ত পক্ষেই প্ৰেবাক্ত প্ৰকার আপত্তি অনিবার্য। ফলকথা, শরীয়ের চৈতন্য স্বীকার করিলে তাহার পুর্বেলিত প্রকার **আর কোন কারণান্তরই** বলা যায় না। স্মৃতবাং শরীর বর্ত্তমান থাকিতে কারণের উচ্ছেদ বা অভাব না হওয়ায় শরীরের স্থিতিকাল পর্যায় **শরীহর চৈতন্য স্বীকার** করিতে হয়। কাবণান্তরের নিবৃত্তিবশত: সংস্কারের নিবৃত্তির ন্যায় শরীরে চৈতনোর নিবৃত্তি হইতে পারে না, ইহাই এখানে ভাষ্যকার ও বাত্তিককারের মূল তাৎপর্যা।

বস্তুত: বেগ নামক সংস্কার সামান্য গুণ, উহা রূপাদিব ন্যায় বিশেষ গুণের অন্তর্গত নহে। চৈত্র্য মর্থাৎ জ্ঞান, বিশেষ গুণ বলিয়াই স্বীকৃত। কিন্তু চৈত্ত্রের আধার দ্রব্য সম্বেই চৈত্ত্রের নাশ হওয়ায় চৈত্র্য রূপাদির ন্যায় "যাবদূর্যভাবী" বিশেষ গুণ নহে। আধার দ্রব্যের নাশজনাই বে সকল গুণের নাশ হয়, তাহাকে বলে "যাবদ্রব্যভাবী" গুণ; যেমন অপাকত্ব রূপ, রস, গন্ধ, স্পর্শ ও পরিমাণাদি। আধার দ্রব্য বিদ্যুমান থাকিতেও যে সকল গুণের নাশ হয়, তাহাকে বলে 'আযাবদ্রব্যভাবী'' গুণ (প্রশন্তপাদ-ভাষ্য, কাশী সংস্করণ, ১০০ পৃষ্ঠা দ্রইব্য)। মহামি এই সূত্রে রূপাদি বিশেষ গুণের "যাবদ্রব্যভাবিত" প্রকাশ করিয়া, প্রশন্তব্যালাকী পুরুষ্ট্রান্তর্ম বিশেষ গুণ নহে, এই চিত্রা, রূপাদির ন্যায় ''যাবদ্রব্যভাবী'' বিশেষ গুণ নহে, এই সিদ্ধান্ত সমর্থন করিয়াত্বন। যাহা শরীরের বিশেষগুণ হইবে, তাহা রূপাদির ন্যায় "যাবদ্রব্যভাবী"ই হইবে। চৈত্র্য যথন রূপাদির ন্যায় "যাবদ্রব্যভাবী"ই হইবে। চৈত্র্য অধ্যুম্ব আধার বিদ্যুমান "যাবদ্রব্যভাবী'' বিশেষ গুণ নহহ, আহা রূপাদির ন্যায় "যাবদ্রব্যভাবী"ই হইবে। চৈত্র্য অধ্যুম্ব আধার বিদ্যুমান

াকিতেও যখন চৈতদাের বিনাশ হয়, তখন উহা শরীরের বিশেষ ওপ নহে, ইহাই মহাঘিব মূল তাৎপর্যা। বেগা নামক সংস্কার শরীরের বিশেষ ৪০ নহে। স্ক্তরাং উহা চৈতনাের নাায় "এযাবদ্দাব্যভাবী" হইবেও রীরের ওপ হইবেত পারের। চৈতনা বিশেষ ওপ, স্ক্তরাং উহা শরীবের বিশেষ ওপ নহে, ইহা সিদ্ধ হইবে শরীরের ওপই নহে, ইহাই সিদ্ধ ইহবে। বৃত্তিকাব বিশানার প্রভৃতি কেহ কেহ এই সূত্র "বাবছহনীর-ভাবিবারে" এইরূপ পাঠ গ্রহণ করিলেও মহাঘির পূর্ণোক্ত তাংপর্য্যানুসারের গ্যাবদ্দ্রব্যভাবিষার্থে এইরূপে পাঠই প্রকৃত ব্যক্তিয়া বুঝা যায়। "ন্যায়-নাত্তিক"ও "ন্যায়সূচীনির্দ্ধে"ও ঐরপে পাঠই গুহীত হইয়াছে। এব।।

ভাষ্য। যচ্চ মন্ত্রেত সতি শ্রামাদিগুণে প্রব্যে শ্রামান্ত্রাপরমো দৃষ্ট:,
এবং চেতনোপরমঃ স্থাদিতি।

অসুবাদ। (পূর্ব্বপক্ষ) আর যে মনে করিবে শ্যামাদি গুণবিশিষ্ট দ্রব্য বিভ্যমান থাকিলেও শ্যামাদি গুণের বিনাশ দেখা যায়, এইরূপ (শরীর বিভ্যমান থাকিলেও) চৈতন্তোর বিনাশ হয়।

সূত্র। ন পাকজগুণান্তরোৎপত্তেঃ ॥৪৮॥ ৩১৯॥

অনুবাদ। (উত্তর) না, অর্থাৎ শ্রামাদি রূপবিশিষ্ট দ্রব্যে কোন সময়ে একেবারে রূপের অভাব হয় না, কারণ, ্ ঐ দ্রব্যে । পাকজ্য খণাস্থরের উৎপত্তি হয়।

ভাষ্য। নাত্যন্তং রূপোপরমো দ্রবস্থা, শ্রামে রূপে নিবৃত্তে পাক**লং** গুণান্তরং রক্তং রূপ^১মূৎপঞ্জতে। শরীরে তু চেতনামাত্রোপরমোহত্যন্ত। মিতি।

অসুবাদ। জ্বব্যের আত্যন্তিক রূপাভাব হয় না, শ্রাম রূপ নষ্ট

১। ওণবাচক ''গুরু'' 'রক্ত'' প্রভৃতি শব্দ অন্য প্দার্থের বিশেষণবোধক না

ইবৈই পৃংলিল হইয়া থাকে । এখানে ''রক্ত'' শব্দ রূপের বিশেষণ-বোধক হওয়ার
''রক্তং রূপং" এইরূপ প্রয়োগ হইয়াছে। দৌধিতিকার রঘুনাথ শিরোমণিও ''রক্তং
রূপং" এইরূপই প্রয়োগ করিয়াছেন। সেখানে টীকাকার জগদীশ তর্কাল্ভার লিখিয়াছেন,
''বত্তরবিশেষণতানাপ্রস্তাব গুরুলিপ্দস্য পুংস্থানুশাসনাও''।—ব্যধিকর্ণ-ধর্মাবিদ্যান্
ভাব, ভাগদীনী।

695

্হ**ইলে পাকজন্ম গুণান্ত**র রক্ত রূপ উৎপন্ন হয়: কিন্তু শরীরে ১৮০০ মাত্রের অতাস্কাভাব হয়।

টিপ্লনী। পূর্ব্ব পূত্রোক্ত সিদ্ধান্তে পূর্ব্ব পক্ষবাদী বলিতে পারেন । क्रभाषि विरम्भ छन या यावनुस्रवाजावी, हेटा वना यात्र ना। कावन यहि দ্রব্য বিদ্যমান থাকিতেও তাহার শ্যাম রক্ত প্রভৃতি রূপের বিনাশ হইয়া থাকে ইহা প্রত্যক্ষসিদ্ধ। এইরূপ চৈতন্য শরীরের বিশেষ গুণ হইলেও এটা বিদ্যমান থাকিতেও উহা বিনষ্ট হইতে পারে। শরীরের বিভাগ জ হইলেই বে শরীর থাকিতে উহা বিনষ্ট হইতে পারে না, এইরূপ নিয়ম স্বীকা করা যায় না। মহাধি এতদুত্তরে এই সূত্র ঘার। বলিয়াছেন যে, ঘটাদি দুং বিদ্যমান থাকিতে কখনই ভাহাতে একেবারে রূপের অভাব হয় ন। । করে ঐ ঘটাদিপ্রব্যে এক রূপের বিনাশ হইলে তথনই তাহাতে পাকজ গুণাস্ত অর্থাৎ অগ্নিসংহযাগজন্য রক্তাদি রূপের উৎপত্তি হই**রা** থাকে ৷ শ্যামর আগুকুতে পক হইটল যথন তাহার শ্যাম রূপের নাশ হয়, তথনই 🔄 য রক্ত রূপ উৎপন্ন হওয়ায় কোন সময়েই ঐ ঘট রূপশ্ন্য হয় না। কি সময়বিশেঘে একেবারে চৈতন্যশূন্য শরীরও প্রত্যক্ষ করা যায়।

অগি প্রভতি কোন তেজ্ব:পদার্থের যেরপে সংযোগ ফলিমলে পার্থিব পদার্থে রূপাদির পরিবর্ত্তন হয়, অর্থাৎ পূর্ব জাত রূপাদির বিনাশ এবং অপর রূপাদি উৎ**থতি হয়, তাদুশ তেজ:**সংযো**গের নাম পাক। বটাদি দ্রব্যে প্রথম যে**রুশা গুণ জনেম, তাহা ঐ ঘটাদি দ্রেব্যের ''কারণগুণপূর্ব্বক'' অর্থাৎ ঘটাদি দ্রবো কারণ কপালাদি দ্রব্যের রূপাদিগুণ-জন্য। পরে অগ্নিপ্রভৃতি তে**ত**পেদর্থে বিলক্ষণ সংযোগ-জন্য যে রূপাদি গুণ জন্মে, উহাকে ৰলে 'পাকজ গুণ (বৈশেষিক দর্শন, ৭ম অ:, ১ম আ:, ষষ্ঠ সূত্রে দ্রষ্টব্য)। পৃথিবী দ্রবো পুর্ব্বোক্তরূপ পাক জন্মে। জলাদি দ্রব্যে পাকজন্য রূপাদির নাশ না হওয় উহাতে পুৰ্বোক্ত পাক স্বীকৃত হয় নাই। বৈশেষিক মতে ঘটাদি ^{ন্ত} অগ্রিমধ্যে নিক্ষিপ্ত হইলে তখন ঐ ঘটাদির বাহিরে ও ভিতরে ফর্ম প্ৰেৰ্বান্তরপ বিলক্ষণ অগ্রিসংযোগ হইতে না পারায় কেবল ঐ ঘটাদি এবে আরম্ভক পরমাণুসমূহেই পর্ব্বোক্ত পাকজন্য পূর্ব্বরূপাদির বিনাশ ও অগ রূপাদির উৎপাত্ত হয়। পরে ঐ সমস্ত বিভক্ত পরমাণুসমূহের হার। পুন^{র্ক} বাপুকাদির উৎপত্তিক্রমে অভিনৰ ঘটাদিক্রব্যের উৎপত্তি হর। পর্বভাত ঘটেই অমা রূপাদি জনে মা, নবজাত জনা ঘটেই রূপাদি জনে ''প্রশন্তপাদভাঘ্য'' ও ''ন্যায়কললী''তে এই মততর ব্যা**খ্যা ও** সমর্থন দ্র^{ট্রা}

জনন্ত অপুিকুণ্ডের মধ্যে পূর্ববটের নাশ ও অপর ঘটের উৎপত্তি, এই অন্তত ব্যাপার কিরপে সম্পন্ন হয়, তাহা বৈশেষিকাচার্য্য প্রশন্তপাদ প্রভৃতি বর্ণন করিয়াছেন। বৈশেষিক মতে ঘটাদি দ্রব্যের পুনরুৎপত্তি বল্পনায় মহাগোরব বলিয়া ন্যায়াচার্য্যপশ এ মত স্থীকার করেন নাই। তাহাদিগের মত এই যে, ঘটাদি দ্রব্য অলিজ্য যা ঘটাদি দ্রব্য অলিজ্য বিরা বিরাধি দ্রব্য অলিজ্য বিরাধি দ্রব্য বিরাধি দ্রব্য বিরাধি দ্রব্য করের মধ্যেও অলিগ প্রবিধি হয়, স্থতরাং উহার পরমাণুর ন্যায় ঘাণুকাদি অবয়বী দ্রব্যেও পাক হইতে পারে ও হইয়া ঝাকে। এরপার রাগা ঘাণুকাদি ভ্রমেন। সেগানে পূর্ব্ব লাভ সেই ঘটাদি দ্রব্য বিনাধির নাশ ও অপন্ধ রূপাদি দ্রব্যেন সেখিত এই সিদ্ধান্ত বেই ঘটাদি দ্রব্য বিনাধি হয় না। ন্যায়াচার্য্যগণের সম্পিত এই সিদ্ধান্ত মহাদি গোত্মের এই সূত্র পরবন্তী সূত্রের ঘার। ম্পান্ত বুঝা যায়। কারব, যে দ্রব্যে শামাদি গুণের নাশ হয়, ঐ দ্রব্যেই পাকজন্য গুণান্তরের উৎপত্তি হয়, ইহাই মহাদির এই সূত্রের ঘার। বুঝিতে হটবে, নচেৎ এই স্তর্যার। পূর্ববিক্তের নিরাস হইতে পারে না। স্থনীগণ ইছা প্রনিধান করিবেন।। ৪৮।।

ভাষা। তথাপি -

়**সূত্র। প্রতিদ্বন্দিসিদ্ধেঃ পাকজানামপ্রতি**স্বেধঃ।। ।।୨৯।।৩২০।।

অমুবাদ। পরস্তু পাকজ গুণসমূহের প্রক্রিদ্দ্রীর সর্থাৎ বিবোধী গুণের সিদ্ধিবশতঃ প্রতিষেধ হয় না।

ভাষ্য। যাবৎস্ক জব্যেষু পূর্ব্বগুণপ্রতিদ্বন্দিসিদ্ধিসাবৎস্ক পাকজোৎ-পতিদৃশ্যিতে, পূর্ব্বগুলৈঃ সহ পাকজানামবস্থানস্থাগ্রণাৎ। ন চ শরীবে চেতনা-প্রতিদ্বন্দিদ্ধীে সহানবস্থায়ি গুণান্তরং গৃহতে ক্ষেনাস্কুমীকেড তেন চেতনায়া বিরোধ:। তত্মাদপ্রতিযিদ্ধা চেতন মানচ্চরীকং বর্ত্তে গ্ নতু বর্ত্তে, তত্মান্ন শরীরগুণশেচতনা ইতি।

অসুবাদ। যে সমস্ত জব্যে পৃধ্বগুণের প্রতিদদ্ধীন (বিরোধী গুণের) সিদ্ধি আছে, সেই সমস্ত জব্যে পাকজ্বগুণের উৎপত্তি দৃষ্ট হয়। কারণ, পূর্ববিশ্বশসমূহের সহিত পাকজ্ব গুণসমূহের অবস্থানের অর্থাৎ একই সময়ে একই দ্রব্যে অবস্থিতির জ্ঞান হয় না । কিন্তু শরীরে চৈতপ্তের প্রতিদ্বন্দিসিদ্ধিতে "সহানবস্থায়ি'' (বিরোধী) গুণাস্তর গৃহীত হয় না, যদ্বারা সেই গুণাস্তরের সঠিত চৈত্রোর বিরোধ অমুমিত হইবে। স্থতরাং অপ্রতিষিদ্ধ (শরীরে স্বীকৃত) চৈতন্য ["]যাবচ্ছরীর" অর্থাৎ শরীরের স্থিতিকাল পর্য্যন্ত বর্ত্তমান থাকুক ? কিন্তু বর্ত্তমান থাকে না, অতএব চৈতনা শরীরের গণ নতে।

টিপ্রনী। শরীরে রূপাদি গুণের কখনই আত্যন্তিক অভাব হয় না, বিঙ্ক চৈত্রন্যর আত্যন্তিক অভাব হয়। মহমি পূর্ব্বসূত্রের হার। রূপাদি গুণ ও চৈতন্যের এই বৈধর্ম্ম্য বলিয়া, এখন এই সত্তের হার। অপর একটি বৈধর্ম্ম বলিরাছেন। মহর্ষির বন্ধব্য এই যে, শরীরশ্ব রূপাদি গুণ সপ্রতিষ্টা, কিন্তু চৈতন্য অপ্রতিষ্ণরী। পাকজন্য র**পাদি খণ যে সমস্ত দ্রব্যে উৎপন্ন হ**য়, সেই সকল দ্রব্যে ঐ রূপাদি গুণ পূর্ববিগুণের সহিত অবস্থান করে ন।। পূর্ব-গুণের বিনাশ হইলে তখনট ঐ সকল দ্রব্যে পাকজন্য রূপাদি গুণ অবস্থান করে। স্থতরাং পূর্বজাত রূপাদি গুণ যে পাক্তনা রূপাদি গুণের প্রতিহন্দী অর্ধাৎ বিরোধী, ইহা সিদ্ধ হয়। কিন্তু চৈতন্য শরীরের গুণ হইলে শরীরে উহার বিরোধী অনা কোন গুণ প্রমাণসিদ্ধ না হওয়ায় সেই গুণে চৈতন্যের বিরোধ সিদ্ধ হয় না। অর্থাৎ শরীরে চৈতন্যের প্রতিবন্দী কোন গুণান্তর নাই। স্থতরাং শরীরে চৈতন্য স্বীকার করিলে উহা শরীরের স্থিতিকাল পর্যান্ত বর্ত্তমান থাকিবে। পাকজন্য রূপাদি গুরুণর ন্যায় চৈতন্যের বিরোধী গুণান্তর না থাকায় শরীবের স্থিতিকাল পর্যান্ত শরীরে চৈতন্যের যে স্থায়িত্ব. তাহার প্রতিষেধ হইতে পারে না। কিছু চৈতন্য শরীরের স্থিতিকাল পর্যান্ত স্থায়ী হয় না। শরীর বিদ্যমান থাকি তেও চৈতল্যের বিনাশ হয়। স্মৃতরাং চৈত্রনা শরীরের গুণ নহে।। ৪৯ ॥

ভাষা। ইতশ্চ ন শরীরগুণশ্চেতন।— অমুবাদ। এই হেতৃবশতঃও চৈত্ত শরীরের গুণ নহে-

সূত্র। শরীরব্যাপিত্বাৎ ॥৫০॥৩২১॥

অমুবাদ। যেহেতু (চৈতম্মের) শরীরব্যাপিত্ব আছে। ভাষ্য। শরীরং শরীরাবয়বাশ্চ সর্বেব চেতনোৎপত্ত্যা ব্যাপ্তা ইতি ন কচিদসুৎপত্তিশ্চেতনায়া:, শরীরবচ্ছরীরাবয়বাশেচতনা ইতি প্রাপ্তং ্তনব**ন্তহং। তত্র ধথা** প্রতিশরীরং চেতনবন্তত্বে সুখদ্ধংখজ্ঞানানাং বিস্থা লিঙ্গং, এবমেকশরীরেহিপি স্থাৎ । নতু ভবতি, তত্মান্ন শরীর গুণশেচতনেতি।

অসুবাদ। শরীর এবং শরীরের সমস্ত অবয়ব চৈতত্যের উৎপত্তি চর্তৃক ব্যাপ্ত; স্থাতরাং (শরীরের) কোন অবয়বে চৈতত্যের অসুৎপত্তি গঠ, শরীরের স্থায় শরীরের সমস্ত অবয়ব চেতন এ জন্ম চেতনের বছছ প্রাপ্ত হয় অর্থাৎ শরীর ও ঐ শরীরের প্রত্যেক অবয়ব চেতন হইলে এফই শরীরে বছু চেতন স্বীকার করিতে হয়। তাহা হইলে এমন প্রতিশরীরে অর্থাৎ ভিন্ন ভিন্ন শরীরে চেতনের বছুছে স্থুখ, ছুংখ ও জানের ব্যবস্থা নিয়ম) লিঙ্কা, অর্থাৎ অনুমাপক হয়. এইরূপ এক শরীরেরও হউক ? কিন্তু হয় না, অতএব চৈতন্য শরীরের গুণ নহে।

টিপ্রনী। চৈতন্য শরীরের গুণ নহে, এই শিক্ষান্ত সমর্থন স্বরিতে মহাঘি এই **সূত্রের দার। আর একটি যুক্তি বলিয়াছেন যে, শবীর এবং শরী**ের প্রত্যেক অবয়বেই চৈতনোর উৎপত্তি হওযায় চৈত্যা সর্ব্রধনীরব্যাদী, ইহা শীবার্যা। স্পতরাং চৈতন্য শরীরের গুণ হইলে শরীর এবং শনীরের প্রত্যেক ^{অবস্}বকেই চেতন বলিতে হইবে। তাহা হইলে একই শ্বীবে বহু চেতন শীণার করিতে হয়। স্নতরাং চৈতন্য শরীদ্বের গুণ, ইহা বলা যায়।। এক শরীরে বছ চেতন স্বীকারে বাধা কি ৫ এতদুত্তরে ভাষ্যকার শনে ^{ৰ্নিয়া}**ছেন যে, উহা নি<u>পু</u>মাণ। কাৰণ, সুধ দুঃধ ও জ্ঞানের ব্যবস্থা**ই আজার ^{(ডদের} লি**ন্স বা অনুমাপক। অর্থা**ৎ একের স্থুখ দু:খ ও জ্ঞান ঞ্চনিম*ে*। অপরের **স্থ দু:খ ও জ্ঞান জনেম** না, **অপরে উহা**র প্রত্যা**ক** করে না, এই যে ব্য**ৰম্বা ব। নিয়ম আ**ছে, উহাগ ভিন্ন ভিন শরী**হ**ন ভিন্ন ভিন্ন থাছার ^{জনুমা}পক। পৃৰ্বেৰাজ্ঞ এ**ন্ধপ নিয়মবশত:ই প্ৰতিশরী**রে বিভিন্ন আত্মা আছে, ^{ইল অনুমান হার। সিদ্ধ হয় । এইরূপ এক শরীরে বছ চেতন স্বীকার} ^{ৰবিতে} **হইলে এনশরীরেও পূর্বোজক্রপ স্থধ দুঃখাদি**র ব্যবস্থাহ ভ**হিম**য়ে ^{নিজ} বা **অনুমাপক হইবে। কারণ, উ**হা**ই আত্মার বহুত্বের িজ়। কিন্তু** একশরীরে পূর্বেভিরূপ স্থধদুঃখাদির ব্যবস্থা নাই । কারণ, একশরীরে স্থুখ, ^{পুরে} ও **জান জনিবলে গেই শরীত**র গেই একই চেত্র তাহার সেই সমস্ত ^{মুখ্}ৰু:খাদির মান্স প্রত্যক্ষ করে। মুত্রাং সেই স্থানে ৰছ চেতন স্থীকাংরের

কোন কারণ নাই। ফলকথা, যাহা আত্মার বহুছেব প্রমাণ, তাহা (মুং. **দঃখাদির ব্যবস্থা) একশরী**রে না থাকায় এক শরীরে আ**ন্থা**র বহুত্ব নিষ্পু মাণ্ চৈতন্য শরীরের গুণ, ইহা স্বীকার করিলে এন শরীরে ঐ নিপামাণ চেতন বহুত্ব স্বীকার করিতে হয়। প্রের্ভি ৩৭শ গুত্রের ভাষ্যেও ভাষ্যকার এই যুক্তি প্রকাশ করিয়াছেন। পরবর্তী ৫৫শ সূত্রের বাতিকে উদ্দ্যোতকা বলিয়াছেন যে, এই দুত্রে মহর্ষির কথিত ''শ্রীবব্যাপিত্ব' চৈতন্য শ্রীরে, গুণ নহেছ, এই িদ্ধান্তের সাধক হেতু নহে ৷ কিন্তু শরীরে চৈতন্য স্বীরা করিলে এক শরীরেও বছ চেত্র স্বীকার করিছে হয়, ইহাই ঐ সত্তের স্থা মহ্মির বিব্যক্তিত ।। ৫০ ।।

ভাষ্য। যত্নকং ন কচিক্ষরীরাশয়বে চেতনারা অমুৎপত্তিরিতি সং

সূত্র। ন কেশনখাদিধনুপলব্ধেঃ॥৫১॥৩২২॥

অস্তুবাদ। (পূর্ব্বপক্ষ । শরীরের কোন অবয়বেই চৈতম্মের অনুৎ-পত্তি নাই, এই যে উক্ত হইয়াছে, ভাহা অর্থাৎ শরীরের সর্ব্বাবয়কে **চৈতন্মের উৎপত্তি নাই, কারণ, কেশ ও ন্থাদিতে (চৈতন্মের**) উপলব্দি হয় না।

ভাষ্য। কেশেষু নথাদিষু চাকুৎপত্তিশেচতনায়া ইত্যকুপপন্নং শরীক ব্যাপিত্বমিতি।

অসুবাদ। কেশসমূহে ও নথাদিতে চৈতত্তোর উৎপত্তি নাই, এ এনা (চৈতক্ষের) শরীরব্যাপকত্ব উপপন্ন হয় না।

টিপ্লনী । পূর্ব্বপক্ষবাদীর কথা এই যে, পূর্ব্বসূত্রে চৈতনোর যে শবীক ব্যাপিত বলা হইয়াছে, উহ। উপপ্তা হয় না। এর্থাৎ শ্রীরের কোন ষায় না। কারণ, শরীরের অবধন কেশ ও নথাদিতে চৈত্রের উপলব্ধি হয না.—স্থতরাং কেশ ও নথাদিতে তৈতন্য ক্রেন্য না, ইছা স্বী নার্য্য। উদ্দোজ কর এই সূত্রকে দৃষ্টান্তসূত্র বলিগাল্ডন। উদ্দ্যোতকরের কথা এই যে, কেণ নথাদিকে দুষ্টান্তরতপ গ্রহণ কৰিয়। শ্রীরাধ্যবহ হেত্র হারা হন্ত গ্^{রাদি} শরীবাবরতে অতেতনত্ব সাধন করাই পর্বপ্রাধীর এভিতপ্রত । অর্থাৎ

১ ৷ দুউ।ভস্তানিতি ন করেচরণাদয়শেততনাঃ, শ্রীরাবয়বত্বাৎ কেশনখাদিব্দি^{তি} দৃষ্টান্তর্থং সূত্রমিতার্থঃ।—তাৎপর্যাটীকা।

্যেগুলি শরীরের অবয়ব, দেগুলি চেতন নহে, যেমন কেশ নর্বাদি। ছন্ত প্লাদি শরীরের অবয়ব, স্থতবাং উহা চেতন নহে। তাহা হইলে শরীর ও তাহার ভিন্ন ভিন্ন অবয়বগুলির চেতনম্বরশত: এক শরীরে যে চেতনবছম্বের আ**পত্তি বলা হইয়াছে, তা**চা বলা যায় না। কারণ, শরীরের **অবয়বগুলি** চেতন নহে, ইহা কেশ নথাপি বুঠান্তের দার। সিদ্ধা হয়, ইহাই প্রর্থক্ষবাদীর গঢ় তা**ৎপর্যা। এই** সূত্রের পূত্র্বাক ভাষ্যে অনেক পুস্তকে "দা ন" এইরূপ পঠি আছে। কোন পৃতকৈ "ব ন' এইরূপ পঠিও দেখা যায়। কিন্ত "ন্যায়সূচীনিবন্ধ" প্রভৃতি প্রয়ে এই স্তোর এনমে 'নিঞ্'' শবদ গৃহীত হওয়ায়, "গা" এই পর্যান্ত ভোষ্যপাঠি গুলীত হুইনাছে। ভাষ্যকারের "গা" এই পদের সহিত সূত্রের প্রথম হ নঞ্ ধ্যেনর বোগ করিল। সূত্রার্থ ব্যাখ্য। করিতে হ**ইবে। ''গা"** এই গলে ''ড়ং'' নামের মান্য সুবের্বাজ অনুৎপত্তির অভাব উৎ**পত্তিই** ভাষ্যকারের বন্ধির । ০০ ।।

সূত্র। তৃক্পর্যান্তর ভিত্তবীরস্তা কেশনখাদিষ প্রসঙ্গঃ॥ 11/2 2 11/2 2 11

অন্তবাদ। : উত্তর পালী দেৱ 'ছফ্লর্যাত্রত্ব'বশতঃ অর্থাৎ যে পর্য্যন্ত চর্দ্ম আছে, সেই প্রয়ন্ত্রনী করার অজক ভ্রম ও মহাদিতে চেততোর) প্রসঙ্গ (আপত্তি নাটা

ভাষা। ইন্দ্রিণাশাগ্র শ্রীর কণা, স্কল্যান্থ জীব-মনাস্থ-ছাখ-সংবিত্তাায়তনভূতং শরীর', তথাঃ কেশাদিয়ু চেওনোৎপভাতে। অর্থকারি-তম্ব শরীরোপনিবন্ধঃ কেশাদীনামিতি।

অমুবাদ। ইন্দ্রিয়াশ্রয়ত শ্রীরের লগ্ধন, জীব, মনঃ, সুথ, ছুংথ ও সংবিত্তির (জ্ঞানের) আয়ত্রভৃত অর্থাৎ আশ্রয় বা অধিষ্ঠানরূপ শরীর—ত্বপর্যান্ত, অভত্তর েশানিকে চৈত্যা উৎপন্ন হয় না। কিন্তু কেশাদির শরীরের সভিত "উপনিক্ষা" সংযোগসম্বন্ধবিশেষ) অর্থ-কারিত অর্থাৎ প্রযোজনজনি ।।

টিপ্লনী। পূর্বপক্ষবাদীর পূর্বের্ড কা। গণ্ডন করিতে মহমি এই সূত্রের হার৷ বলিগাভেন যে, শরীর অকুপর্যান্ত, অর্থাৎ চর্মাই শরীদের পর্যান্ত বা শেষ সীমা। যেখানে চর্ল্ল নাই, তারা শ্বীতও নহে, শ্রীরের অবয়বও లిపేకా

নছে। কেশ নথাদিতে চর্ম্ম না থাকায় উহা শরীরের অবয়ব নহে। স্মৃতরাং উহাতে চৈতন্যের আপত্তি হ**ইতে পারে ন।।** মহ**র্ঘি**র **কথার** সমর্থন করিছে ভাষ্যকার বলিয়াছেন যে,—শরীরের লক্ষণ ইন্সিয়াশ্রয়ত্ব।—(১ম অ: ১ম আ: ১১শ সূত্র দ্রষ্টব্য)। যেখানে চর্ল্ন নাই, সেখানে কোন ইন্দ্রিয় নাই। স্ত্রাং জীবাত্মা, মন: ও স্থ্রপু:খাদির স্থিষ্ঠানক্রপ শ্রীর ত্তৃপ্র্যান্ত, ইহাই স্বীকার করিতে হইবে। অর্থাৎ যে পর্যান্ত চর্ম্ম আছে, সেই পর্যান্তই শরীর। কারণ, কেশ নথাদিতে চর্দ্ম ন। থাকায় তাহাতে কোন ইন্দ্রিয় নাই। স্থতরাং উহা ইক্রিয়াশ্র না হওয়ায় শরীর নহে, শরীরের কোন অবয়বও নহে। এই জনাই কেশ নথাদিতে চৈতনা জন্মে না। কেশ নথাদি শরীরের অবয়ব না হইলে উহাতে শরীরাবয়বত্ব অগিদ্ধ । স্থতরাং শরীরাবয়বত হেতুর বারা হস্ত পদাদির অবয়বে চৈতন্যের অভাব সাধন করিতে কেশ ন**ধা**দি দুষ্টান্তও হ**ৈতে পারে না। কেশ ন**ধাদি শরীরের অবয়ব না হইলেও উহাদিগের বার। বে প্রয়োজন দিদ্ধ হয়, ঐ প্রয়োজনবশত:ই উহার। শরীরের সহিত তাই ও শরীরে উপনিবদ্ধ হইয়াছে। তাই ভাষ্যকার শেষে বলিয়াছেন य.—ে भोनित भेत्रीरतंत्र गदिल गः योगितिस्थ ''वर्षकातिल्'। ''वर्ष' में ८२५त वर्ष अर्थातन श्रेरप्राक्षन । त्कम नर्थापत्र एव श्रेरप्राक्षन वर्षाः कन, তাগার সিদ্ধির জন্যই অদ্টবিশেষত: শরীরের সহিত কেশ নখাদির সংযোগ-বিশেষ জন্মিয়াছে। স্থতরাং ঐ সংযোগবিশেদকে অর্থকারিত বা প্রয়োজন-জনিত বলা যায় ॥ ৫২ ॥

ভাষা। ইতশ্চ ন শরীরগুণশ্চেতনা – অমুবাদ। এই হেতুবশতঃও চৈতন্য শরীরের গুণ নহে –

সূত্র। শরীরগুণবৈধর্ম্ম্যাৎ ॥৫৩॥৩২৪॥

অমুবাদ। যেহেতু (চৈতম্যে) শরীরের গুণের বৈধর্ম্ম্য আছে।

ভাষা। দ্বিবিধ: শরীরগুণোহপ্রতাক্ষণ্ড গুরুত্বং, ইন্দ্রিয়গ্রাহান্চ রূপাদি:। বিধান্তরম্ভ চেতনা, নাপ্রত্যক্ষা সংবেল্লছাৎ, নেপ্রিয়গ্রাহা মনোবিষয়ত্বাৎ, তত্মাদুদ্রব্যাস্তরগুণ ইতি।

্রত্বাদ। শরীরের গুণ দ্বিবিধ, (১) অপ্রত্যক্ষ (যেমন) গুরুত্ব, এবং ২) বহিরিন্দ্রিয়গ্রাহা, (যেমন) রূপাদি। কিন্তু চৈতক্য প্রকারান্তর অর্থাৎ পূর্ব্বোক্ত ছুইটি প্রকার হইতে ভিন্ন প্রকার। (কারণ) সংবেষ্ণত্ব অর্থাৎ মানস-প্রভাক্ষবিষয়ত্ববশতঃ হৈত্য্য (১) অপ্রভাক্ষ নহে। মনের বিষয়ত্ব অর্থাৎ মনোগ্রাহাত্ববশতঃ (২) বহিরিন্দ্রিয়গ্রাহ্য নহে। অভএব (হৈত্ত্যু) দ্রব্যান্তরের অর্থাৎ শরীরভিন্ন দ্রব্যের গুণ।

টিপ্লনী। চৈতন্য শরীরের গুণ নহে, এই গিদ্ধান্ত সমর্থন কবিতে মহমি শেষে এই সূত্ৰ বার। আরও একটি হেতু বলিরাছেন যে, শরীরের গুণ-গম্ভের সহিত চৈতন্যের বৈধর্ম্ম আছে, স্থতবাং চৈতন্য শরীরের গুণ হুইতে থালে না। মহাদির তাৎপর্যা ব্ঝাইতে ভাষ্যকার বলিয়াছেন যে. শরীরের গুণ দুই প্রকার – এক প্রকার অতীক্রিয়, অন্য প্রকার বহিরিক্রিয়গ্রাহ্য। ওক্ষের প্রত্যক্ষ হয় না, উহা অনুমান হার। বুঝিতে হয়। স্থতরাং শ্রীরে যে গুরুবরূপ গুণ আছে, উহা অপ্রত্যক্ষ বা অতীন্ত্রিয় গুণ। এবং শরীরে যে রূপাদি গুণ আছে, উহা চক্ষুরাদি বহিরিক্রিয়গ্রাহ্য গুণ। শরীরে এই দিবিধ ওপ ভিন্ন তৃতীয় প্রকার আর কোন গুণ সিদ্ধ নাই। কিন্ত চৈতন্য এর্থাৎ দ্রান পর্বেজি প্রকাবহয় হইতে ভিন্ন তৃতীয় প্রকার গুণ। কারণ, জ্ঞান গানগ প্রত্যাক্ষর বিষয় হওয়ায় অপ্রতাফ বা অতীক্রিণ গুণ নহে। মহনামাত্র-গ্রাহ্য বলিয়া বহিরিন্দ্রিরগ্রাহ্যও দহে। স্থতবাং শরীরের পূর্ক্বোক্ত দিবিধ গুলুর সন্থিত হৈতন্যের বৈধর্ম্মাবশতঃ চৈতন্য শরীরের গুণ হইটত পারে না। শরীরের গুণ হইলে তাহা গুরুত্বের ন্যায় একেবারে অতীন্সিয় হইবে. এথব। রূপাদির ন্যায় বছিরিন্দ্রিয়গ্রাহ্য হ**ইবে। পরত শ**ীরের যেওলি বিশেষ গুণ (রাপ, রস, গদ্ধ, म्पर्ग), দেগুলি চক্ষাদি বহিরিন্তিরগ্রাহ্য। চৈতন্য অর্থাৎ জানও বিশেষ গুণ বলিয়াই সি , স্থতরাং উহ। শরীরের গুণ হইলে রূপাদির ন্যায় শরীরের বিশেষ গুণ হইবে। কিন্তু উহা বহিবিদ্রিয়গ্রাহ্য নহে। এই তাৎপর্যোই উদ্যোতকর শেষে অনুমান প্রমাণ প্রদর্শন করিয়াছেন যে.> চৈতন্য বহিবিক্রিয়গ্রাহ্য ন। হওরার স্থাদির ন্যায় শরীরের গুণ নছে। ভাষ্যে "ইল্রিয়" শব্দের ছার। বহিরিল্রিয়ই বুঝিতে হইবে। মন ইল্রিয় १इटल७ नाम्मान इलिय-विजान-मृत्व ()म थः,)म थाः,)२म गृत्व) रेक्टिएयत मरना महनत छेटलथ ना थाकाय, नाम्यपर्णरन ''रेक्टिय'' गरनत चाता বহিরিন্দ্রিয়ই বিবক্ষিত বুঝা যায়। প্রথম অধ্যায়ে প্রত্যক্ষলকণসূত্রভাষ্যের শেष जान सहेवा ॥ ७०॥

ঠ। ন শরীরগুণশেততনা, বাহ্যকরণাপ্রত্যক্ষতাৎ সুখাদিবদিতি।—ন্যায়বাত্তিক।

সূত্র। ন রূপাদীনামিতরেতরবৈধর্ম্ম্যাৎ।।৫৪।।৩২৫।।

অসুবাদ। (পূর্ব্বপক্ষ) না, অর্থাৎ পূর্ববসূত্রোক্ত হেতুর দ্বারা চৈতত্ত শরীরের গুণ নহে, ইহা সিদ্ধ হয় না। যেহেতু রূপাদির অর্থাৎ শরীরের গুণ রূপ, রুস, গন্ধ ও স্পর্শের্ও প্রস্পুর বৈধর্ম্ম্য আছে।

ভাষ্য । যথা ইতরেতরবিধর্মাণো রূপাদয়ো ন শরীরগুণত্বং জহতি, এবং রূপাদিবৈধর্ম্মাচেচতনা শরীরগুণত্বং ন হাস্মতীতি।

অনুবাদ। বেমন পরস্পার বৈধর্ম্ম্যযুক্ত রূপাদি শরীরের গুণত্ব ত্যাগ করে না, এইরূপ রূপাদির বৈধর্ম্ম্যপ্রযুক্ত চৈত্ত শরীরের গুণত্ব ত্যাগ করিবে না।

টিপ্লনী। পূর্বেসুত্রোক্ত যুক্তির খণ্ডন করিতে পূর্ব্বপক্ষবাদীর কথা এই থে, শরীরের গুণের বৈধর্ম্য থাকিলেই যে তাহা শরীরের গুণ হয় না, ইহা বলা যায় না। কারণ, তাহা হইলে রূপ, রদ, গদ্ধ ও স্পর্শের পরম্পর বৈধর্ম্ম থাকায় ঐ রূপাদিও শরীরের গুণ হইতে পারে না। রূপের চাক্ষুম্ম আছে, কিছে রদ, গদ্ধ ও স্পর্শের চাক্ষুম্ম নাই। রসের রাসনম বা রসনেক্রিয়গ্রাহ্যম আতে, রূপ, গদ্ধ ও স্পর্শে উহা নাই। এইরূপ গদ্ধ ও স্পর্শে যথাক্রমে যে ঘ্রাণেক্রিয়-গ্রাহ্যম গুলুরে, রূপ এবং রসে তাহা নাই। মুত্রাং রূপাদি পরস্পর বৈধর্ম্মাধিশিষ্ট। কিছ ভাহা হইলেও যেমন উহারা শরীরের গুণ হইতে পারে। ফলকথা, পূর্বস্থাক্ত "শরীরগুণবৈধর্ম্মা" শরীরগুণমাভবের সাধক হয় না। কারণ, রূপাদিতে উহা ব্যভিচারী।। ৫৪।।

সূত্র। ঐব্দিয়কত্বাদ্রপাদীনামপ্রতিষেধঃ।।৫৫।।

অমুবাদ। (উত্তর) রূপাদির ইন্সিয়গ্রাহত্ববশতঃ (এবং অপ্রভ্যক্ষত্বশতঃ) প্রতিযেধ (পূর্ববস্ত্রোক্ত প্রতিষেধ) হয় না।

ভাষ্য। অপ্রভাক্ষতাচেতি। যথেতরেতরবিধর্মাণো রূপাদয়ো ন ছৈবিধ্যমতিবর্ত্তন্তে, তথা রূপাদিবৈধর্ম্মাচেতনা ন দৈবিধ্যমতিবর্ত্তেত যদি শরীরগুণঃ স্থাদিতি, অতিবর্ত্ততে তু, তত্মাম শরীরগুণ ইতি।

ভূতেব্রিয়মনসাং জ্ঞান-প্রতিষেধাৎ সিদ্ধে সত্যারস্তে। বিশেষজ্ঞাপনার্থঃ। বছ্ধা পরীক্ষামাণং তত্ত্বং স্থানিশ্চিততরং ভবতীতি।

অমুবাদ। এবং অপ্রভাক্ষত্বশত:। (ভাৎপর্য্য) যেমন পরস্প্র ্বৈধর্ম্মাবিশিষ্ট রূপাদি দ্বৈবিধ্যকে অভিক্রম করে না, ভদ্রূপ চৈতগ্য যদি শরীরের গুণ হয়, তাহ। হইলে রূপাদির বৈধর্দ্ম্যপ্রযুক্ত দৈবিধ্যকে অতিক্রম না করুক? কিন্তু অতিক্রম করে: মৃতরাং (চৈতন্য) শরীরের পাণ নতে।

ভূত, ইন্দ্রিয় ও মনের জ্ঞানের প্রতিষেধপ্রযুক্ত সিদ্ধ হইলে অর্থাৎ চৈতন্য শরীরের গুণ নহে, ইহা পূর্বে সিদ্ধ হইলেও আরম্ভ মর্থাৎ শেষে আবার এই প্রকরণের আরম্ভ বিশেষ জ্ঞাপনের জ্বন্স। বহু প্রকারে পরীক্ষামাণ তত্ত্ব স্থানিশ্চিততর হয়।

টিপ্রনী। পূর্ব্সুত্রোক্ত পূর্ব্পক্ষের নিরাস করিতে মহ্ছি এই সূত্রের ষারা বলিয়াছেন যে, ক্লপাদি শুণের ''ঐক্রিয়কম্ব'' অর্থাৎ বহিরিক্রিয়গ্রাহ্যম থাকায় উহাদিগের শরীবগুণত্বের প্রতিষেধ হয় না। মহষির সূত্র পাঠের দার। সরলভাবে তাঁহার তাৎপর্য্য বুঝা যায় যে, রূপ, রস, গদ্ধ ও স্পর্শের পরস্পর বৈধর্ম্ম থাকিলেও ঐ বৈধর্ম্ম উহাদিগের শরীরগুণত্বের বাধক হয় না। কারণ, চাক্র্যত্ব প্রভৃতি ধর্ম শরীরের গুণবিশেষের বৈধর্ম্ম্য হইলেও সামান্যত: শরীরগুণের বৈধর্ম্মা নছে। শরীরে যে রূপ রস গন্ধ ও স্পর্শের বোধ হয়, ঐ চারিটি গুণই বহিরিন্সিয় খন্য প্রত্যক্ষের বিষয় হইয়া থাকে। স্কুতরাং উহার। শরীরের গুণ হইতে পারে। প্রতাক্ষের বিষয় হইবে, কিন্তু বহিরিন্দ্রিয়জনা প্রত্যক্ষের বিষয় হইবে না, এইরূপ হইলেই সেই গুণে গামান্যতঃ শরীরগুণের বৈধর্ম্মা থাকে। রূপাদি শুণে ঐ বৈধর্ম্মা নাই। কিন্তু চৈতন্যে সামান্যত: শরীরগুলের ঐ বৈধর্ম্মা থাকায় চৈতন্য শরীরের গুণ নহে, ইহা সিদ্ধ হয়। বৃত্তিকার বিশুনাথ এই ভাবেই মহর্ষির তাৎপর্য্য বর্ণন করিয়াছেন। ভাষ্যকার মহবির সুত্রোক্ত ''এক্রিয়কডাৎ'' এই হেতুবাক্যের পরে ''অপ্রত্যক্ষতাচ্চ'' এই বাক্যের পূরণ করিয়া এই সূত্রে অপ্রত্যক্ষমণ্ড মহর্ষির অভিমত আর একটি হেতু, ইহা প্রকাশ করিয়াছেন। ভাষ্যকারের তাৎপর্য্য বুঝা যার যে, শ্রীতর ক্রপাদি যে সমস্ত গুণ আছে, সে সমস্ত ৰহিরিক্রিয়গ্রাহ্য অধ্ব পতীচিমা। এই দুই প্ৰকার ভিন্ন শরীৰে আৰ কোন প্ৰকাৰ গুণ নাই।

পুর্ব্বোক্ত ৫৩ণ সুত্রভাব্যেই ভাষ্যকার ইহা বলিয়াছেন। এখানে পুর্ব্বোক্ত বিদ্যান্তকেই আশ্রয় করিয়া ভাষ্যকার মহিদির তাৎপর্য্য বর্ণন করিয়াছেন যে, শরীরম্ব রূপাদি গুণগুলি পরস্পর বৈধর্ম্মবিশিষ্ট হইলেও উহারা পূর্ব্বোক্ত দ্বৈবিধ্যকে অতিক্রম করে না, অর্থাৎ বহিরিন্দ্রিয়গ্রাহ্য এবং অতীন্দ্রিয়, এই প্রকারম্ব হইতে অতিরিক্ত কোন প্রকার হয় না। স্বত্বাং শরীরম্ব রূপাদি গুণের পরস্পর বৈধর্ম্ম যেমন উহাদিগের তৃতীয়প্রকারতার প্রয়োজক হয় না, তক্ষপ চৈতন্যে যে রূপাদি গুণের বৈধর্ম্ম আছে, উহাও চৈতন্যের তৃতীয়প্রকারতার প্রযোজক হইবে না। স্বত্রাং চৈতন্যকে শরীরের গুণ বলিলে উহাও পূর্ব্বোক্ত দুইটি প্রকার হইতে ভিন্ন তৃতীয় প্রকার গুণ হইতে পাবে না। চৈতন্যে রূপাদির বৈধর্ম্ম থাকিলেও তৎপ্রযুক্ত উহা পূর্ব্বোক্ত হৈবিধ্যকে প্রতিক্রম কবিতে পারে না। অর্থাৎ চৈতন্য শরীরের গুণ হইলে উহা স্বতীন্দ্রিয় হইবে অথবা বহিরিন্দ্রিয়গ্রাহ্য হইবে। কিন্ধ চৈতন্য ঐরপ হিরিধ গুণের অন্তর্গত কোন গুণ নহে। উহা অতীন্দ্রিয়ও নহে, বহিরিন্দ্রিয়গ্রাহ্য গুণ হইতে পারে না। উহা স্বর্ধদুঃধাদির ন্যায় মনোমাত্রগ্রাহ্য; স্বত্রাং চৈতন্য শরীরেব গুণ হইতে পারে না।

পূর্বেই ভূত, ইন্দ্রিয় ও মনের হৈতন্য প্রতিধিদ্ধ হণ্ডয়ায় শরীরে হৈতন্য নাই, ইহা দিদ্ধ হইয়াছে। অর্থাৎ ভূতের হৈতন্য-খণ্ডনের ঘারাই হৈতন্য যে ভূতাত্মক শরীরের গুণ নহে, ইহা মহাধি পূর্বেই প্রতিপন্ন করিয়াছেন। তথাপি শরীর চেতন নহে অর্থাৎ চেতন বা আত্মা শরীর হইতে ভিন্ন, এই সিদ্ধান্ত অন্যপ্রকারে বিশেষরূপে বুঝাইবার জন্য মহাধি শেষে আবার এই প্রকরণটি বলিয়াছেন। ভাষ্যকার মহাধির উদ্দেশ্য সমর্থনের জন্য শেষে বলিয়াছেন যে, তথা বছপ্রকারে পরীক্ষ্যমাণ হইলে স্থানিশ্চিতত্য হয়, অর্থাৎ ঐ তত্ম বিষয়ে পূর্বের যেরূপ নিশ্চয় জন্মে। বস্তাত্ম শরীরে আত্মবৃদ্ধিরূপ যে মোহ বা মিথ্যা জ্ঞান সর্বেজীবের অনাদিকাল হইতে আজনমসিদ্ধ, উহা নিবৃত্ত করিতে যে আত্মপর্শন আবশ্যক, তাহাতে আত্ম। শরীর নহে, ইত্যাদি প্রকারে আত্মার মনন আবশ্যক। বহু হেতুর ঘারা বহুপ্রকারে মনন করিলেই উহা আত্মপর্শনের সাধন হইতে পারে। শাজ্মেণ্ড বহু হেতুর ঘারাই মননের বিধি পাণ্ডয়৷ যায় । স্থতরাং মননশাজ্মের বক্তা মহাধি গোত্মণ্ড ঐ

১। "মন্তব্যাশ্চাপপভিডিঃ"। "উপপভিভিঃ" বছভিহেঁতুভিরনুমাতবাঃ, অন্যথা বছৰচনানুপপভেঃ। পক্ষতা—মাথুরী টীকা।

্ৰুতিসিদ্ধ মননের নির্ব্বাহের জন্য নান। প্রকারে নানা হেতুর হারা আস্থা শরীরা**দি হইতে** ভিন্ন, ইহা দি**দ্ধ** করিয়াছেন।।৫৫।।

भंदीद्रश्चनवाजिद्यकश्चकद्वन ममाश्च ॥६।।

ভাষ্য। পরীক্ষিতা বৃদ্ধিং, মনস ইদানীং পরীক্ষাক্রমং, তৎ কিং প্রতি-শরীরমেকমনেকমিতি বিচ্যাব -

অমুবাদ। বুদ্ধি পরীক্ষিত হইয়াছে, এখন মনের পরীকার "ক্রম" অর্থাৎ স্থান উপস্থিত, সেই মন প্রতিশরীরে এক, কি অনেক, এই বিচারে : মহর্ষি বলিতেছেন).—

সূত্র। জ্ঞানাযৌগপদ্মাদেকং মনঃ।।৫৬।।৩২৭।।

অমুবাদ। জ্ঞানের অযৌগপল্পবশত: অর্থাৎ একই ক্ষণে অনেক ইন্দ্রি**রন্ধ**ন্ম অনেক জ্ঞান জন্মে না, এ জ্বন্ম মন এক।

ভাষ্য। অন্তি थनु रेन জ्ঞानारयोगभन्नार्यारककरम्यन्त्रियम् यथानियमः, করণস্থৈকপ্রভায়নির্ব্ব ত্ত্রৌ সামর্থ্যাৎ, ন তদেকছে মনসো লিঙ্গং। ষত্ত্ব খবিদমিশ্রিয়ান্তরাণাং বিষয়ান্তরেষু জ্ঞানাযৌগপগুমিতি ভল্লিঙ্গং। ক্সাৎ ? সম্ভবতি খলু বৈ বছ্বু মন:বিজ্ঞায়-মন:সংযোগ্যোগপভামিতি জ্ঞানযৌগপত্যং স্থাৎ, নতু, ভবতি, তস্মাদৃবিষয়ে প্রত্যয়পর্য্যায়াদেকং यनः ।

অমুবাদ। করণের অর্থাৎ জ্ঞানের সাধনের (একট ক্ষণে) একমাত্র জ্ঞানের উৎপাদনে সামর্থ্যবশতঃ এক এক ইন্দ্রিয়ের নিজ বিষয়ে জ্ঞানের অযৌগপত্ত আছেই, তাহা মনের একত্বে লিঙ্গ (সাধক) নহে। কিন্তু এই যে, ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়বর্গের ভিন্ন ভিন্ন বিষয়সমূহে জ্ঞানের অযৌগপত্ত, তাহা (মনের একত্বে) লিক্স। (প্রশ্ন) কেন ? (উত্তর) মন বহু হইলে ইন্দ্রিয়ের সহিত মনের সংযোগের যৌগপদ্য সম্ভব হয়, এ জন্ম জ্ঞানের (প্রত্যক্ষের) যৌগপদ্য হইতে পারে, কিছু হয় না; অতএব বিষয়ে অর্থাৎ ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়বর্গের নিজ বিষয়ে প্রত্যক্ষির ক্রমবর্শতঃ মন এক।

টিপ্রনী। মহবি তাঁহার কথিত পঞ্চম প্রমের বৃদ্ধির পরীক্ষ। সমাধ করিয়া, জেমানুগারে ঘট প্রমেয় মনের পরীক্ষা করিতে প্রথমে এই স্ত্রের বার। প্রতিশরীরে মনের একড সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন। ঘ্রাণাদি পঞ্চেন্ত্রজনা যে পঞ্চবিধ প্রত্যক্ষ জনেন, তাহাতে ইন্দ্রিয়ের সহিত মনের সংযোগও কারণ। কিন্ত প্রতিশরীরে একই মন ক্রমশ: পঞ্চেল্রয়ের সহিত সংযুক্ত হয়, অধব। পৃথক্ পৃথক্ পাঁচটি মনই পৃথক্ পৃথক্ পাঁচটি ইচ্লিয়ের সহিত সংযুক্ত হয়, ইহা বিচার্য্য। কেহ কেহ প্রত্যক্ষের যৌগপদ্য স্বীকার করিয়া উহা উপপাদন করিতে প্রতি শরীরে পাঁচটি মনই স্বীকার করিয়া-ছিলেন, ইহা বৈশেষিক দর্শনের "উপস্থারে" শঙ্কর মিশ্রের কথার শ্বারাও ৰঝিতে পার। যায়। (বৈশেষিক দর্শন, এয় অ:, ২য় আ:, এয় সূত্রের "উপস্কার" দ্রষ্টবা)। স্মৃতরাং বিপ্রতিপত্তিবশতঃ প্রতি শরীরে মন এক অথব। মন পাঁচটি, এইরূপ সংশয়ও হ**ই**তে পারে। মহর্ষি গোতম ঐ সংশয় নিরাসের জন্যও এই সূত্রের হার। প্রতিশরীরে মনের একছ সিদ্ধান্ত সমর্থন করিয়াছেন। মহুদি গোত্ম, মহুদি কুণাদের ন্যায় প্রত্যক্ষের যৌগপদ্য অস্থীকার করিয়া সিদ্ধান্ত বলিয়াছেন যে, মন এক। কারণ, জ্ঞানের অর্থাৎ মনঃসংযুক্ত रेक्षिप्रधना (य প্রত্যক্ষ জ্ঞান ছনেম, তাহার যৌগপদ্য নাই। একই ক্ষণে जातक हे क्रिया करा जातक थे का का का ना, जातक हे क्रिया करा जातक প্রত্যক্ষের যৌগপদ্য নাই, ইহ। মহর্ষি ক্লাদ ও গোত্রের সিদ্ধান্ত। মনের একদ সমর্থনের জন্য মহর্ষি কণাদ ও গোতম 'জ্ঞানাযৌগপদ্য'' হেতুর উল্লেখ করিয়া এই সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন। মহিদ গোতম আরও অনেক সূত্রে এই সিদ্ধান্ত প্রকাশ করিয়াছেন। এবং যুগপৎ বিজাতীয় নান। প্রত্যক্ষের অনুৎপত্তিই মনের লিঙ্গ বলিয়াছেন (১ম খণ্ড, ২২২-২২৩ পৃষ্ঠা ডাইব্য)। মহখি গোত্য যে জ্ঞানের অযৌগপদ্যকে এই স্ত্রে মনের একত্বের হেত্ বলিয়াছেন, তাহ। ৰুঝাইতে ভাষ্যকার বলিয়াছেন যে, এক একটি ইন্সিয় যে, তাহার নিজ বিষয়ে একই ক্ষণে অনেক প্রত্যক্ষ জন্মায় না, ইহা সর্বসন্মত, কিন্তু উহা ৰনের একত্বের সাধক নহে। কারণ, যাহা জ্ঞানের করণ, তাহা একই ক্ল[ে] একটিমাত্র জ্ঞান प्रन्यांटरज्हे न्यर्थ, একই স্পণে একাধিক জ্ঞান प्रन्यांटरज জ্ঞানের করণের সামর্থ্যই নাই। স্মতরাং মন বহু হুইলেও একই ক্ষণে এক

ইলিমের মারা একাধিক জ্ঞানোৎপত্তির আপত্তি হইতে পারে না। কিন্তু একই ক্ষণে অনেক ইলিমেজনা অনেক প্রত্যক্ষের যে উৎপত্তি হয় না, জ্পাৎ অনেক ইলিমেজনা প্রত্যক্ষের যে অযৌগপদ্য, তাহাই মনের একত্বের লাধক। কারণ, মন বহু হইলে একই ক্ষণে অনেক ইলিমের সহিত ভিন্ন তিন্ন মনের সংযোগ হইতে পারে, স্ত্তরাং একই ক্ষণে মন:সংযুক্ত অনেক ইলিমেজনা অনেক প্রত্যক্ষ হইতে পারে। কিন্তু একই ক্ষণে একাপ অনেক প্রত্যক্ষ জানেম না, উহা অনুভবসিদ্ধ নহে, একই মনের সহিত ক্রমণা তিন্ন তিন্ন ইলিমেজনা কাহতেদেই তিন্ন তিন্ন ইলিমেজনা তিন তিন্ন প্রত্যক্ষ জানেম, ইহাই অনুভবসিদ্ধ, স্ত্তরাং প্রতিশানীরে মন এক। মন এক হইলে অতিসক্ষ একই মনের একই ক্ষণে অনেক ইলিমের সহিত সংযোগ অসম্ভব হওয়ান কারণের অভাবে একই ক্ষণে অনেক ইলিমেজনা অনেক প্রত্যক্ষ জনিমতে পারে না ।। ৫৬ ।।

मूज। न যুগপদনেককিয়োপলদ্ধেঃ॥११॥৩২৮॥

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) না, অর্থাৎ প্রতি শরীরে মন এক নহে। কারণ, (একই ব্যক্তির) যুগপৎ অনেক ক্রিয়ার উপলব্ধি হয়।

ভাষ্য। অয়ং খবধ্যাপকোহধীতে, ব্রন্ধতি, কমণ্ডলুং ধারয়তি, পদ্মনং পশুতি, শৃণোত্যারণ্যজ্ঞান্ শব্দান্, বিভ্যদ্ ব্যাললিঙ্গানি বৃভূৎসতে, অরতি চ গন্তব্যং স্থানীয় মিতি ক্রমস্থাগ্রহণাদ্যুগপদেতাঃ ক্রিয়া ইভি প্রাপ্তং মনসো বহুত্মিতি।

অমুবাদ। এই এক অধ্যাপকই অধ্যয়ন করিতেছেন, গমন করিতেছেন, কমণ্ডলু ধারণ করিতেছেন, পথ দেখিতেছেন, আরণ্যঞ

১। অনেক পুস্তকেই এখানে 'বিভেতি'' এইরূপ পাঠ থাকিলেও কোন প্রাচীন পুস্তকে এবং জয়ন্ত ভট্টের উদ্ধৃত পাঠে ''বিভাৎ'' এইরূপ পাঠই আছে। ন্যায়মঞ্জরী, ৪৯৮ পৃষ্ঠা দুক্তব্য।

২। এখানে বহু পাঠান্তর আছে। কোন পুস্তকে ''স্থানীয়ং" এইরাণ পাঠাই পাওয়া যায়। ''স্থানীয়'' শব্দের দ্বারা নগরী বুঝা যায়। অমরকোষ, পুরবর্গ, ১ম শ্লোক দ্বকীরা। ''তাৎপর্যাদীকায়" পাওয়া যায়, ''সংস্থায়নং স্থাপনং"।

অর্থাৎ অরণ্যবাসী সিংহাদি হইতে উৎপন্ন শব্দ প্রবণ করিতেছেন, ভীত হইয়া ব্যাললিক অর্থাৎ হিংস্র জন্তুর চিক্ত বুঝিতে ইচ্ছা করিতেছেন, এবং গস্তব্য নগরী স্মরণ করিতেছেন, এই সমস্ত ক্রিয়ার ক্রমের জ্ঞান না হওয়ায় এই সমস্ত ক্রিয়া যুগপৎ জন্মে, এ জন্ম মনের বহুত্ব প্রাপ্ত হয়, অর্থাৎ ঐ অধ্যাপকের একই শরীরে বহু মন আছে, ইহা বুঝা যায়।

টিপ্রনী। প্রতি শরীরে মনের বহুওবাদীর যুক্তি এই যে, একই ব্যক্তিব ষ্ণাপৎ অর্থাৎ একই সময়ে অনেক ক্রিয়া জনেম, ইহা উপলব্ধি করা যায়, স্তরাং প্রতিশরীরে বছ মনই বিদ্যমান থাকে। প্রতি শরীরে একটিমাত্র মন হুইলে যুগপৎ অনেক ক্রিয়া জন্মতে পারে না। মহধি এই যুক্তির উল্লেখ-পূর্বক এই সূত্রের দার। পূর্ববিক সমর্থন করিয়াছেন। ভাষ্যকার পূর্ববিক ব্যাখ্যা করিতে বলিয়াছেন যে, কোন একই অধ্যাপক কমণ্ডলু ধারণ করত: কোন গ্রন্থ বা ন্তবাদি পাঠ করিতে করিতে এবং পথ দেখিতে দেখিতে গন্তবা স্থানে যাইতেছেন, তথন অরণ্যবাদী কোন হিংমা জন্তর শবদ এবণ করিয়। ভয়বশত: ঐ হিংশ্র জন্ত কোথার, কি ভাবে আছে এবং উহ। বন্ধত: হিংস্ৰ জন্ত কি না, ইহা অনুমান করিবার জন্য ইচছুক হইয়। হিংস্ **ভদ্ধর** অসাধারণ চিহ্ন বুঝিতে ইচ্ছ। করেন এবং প্রবই গন্তব্য স্থানে পৌছিতে ব্যগ্র হইয়া পুন: পুন: গন্তব্য স্থানকে ম্মরণ করেন। ঐ जशां भरकत এই সমস্ত किया काना एए क्रम न: घरन्य, हेश बुता यात्र ना ঐ সমস্ত ক্রিয়াই একই সময়ে জনেম, ইহাই বুঝা যায়। স্থতরাং ঐ অধ্যাপকের শরীরে এবং ঐক্সপ একই সময়ে বছক্রিয়াকারী জীবমাত্তেরই শরীরে বহু মন আছে, ইহা স্বীকার্য্য। কারণ, একই মনের দার। যুগপং নানালাতীয় নানা ক্রিয়া জন্মিতে পারে না । সুত্রে ^{*}ক্রিয়া^{**} শব্দের ছারা ধাতর্থকপ ক্রিয়াই বিবক্ষিত ।।৫৭॥

সূত্র। অলাতচক্রদর্শনবত্তত্বপলব্ধিরাশুসঞ্চারাৎ॥ ।।৫৮।।৩২৯॥

অ**সু**বাদ। (উত্তর) **আশুস**ঞ্চার অর্থাৎ অতিক্রেতগতিপ্রযুক্ত "অলাতচক্রে" দর্শনের **গ্রীয় সে**ই (পূর্ববস্থুত্রোক্ত) অনেক ক্রিয়া^র উপলব্ধি হয়, অর্থাৎ একই ব্যক্তির অধ্যয়নাদি অনেক ক্রিয়া ক্রেমণঃ উৎপন্ন হইলেও তাহাতে বৌগপছ ভ্রম হয়।

ভাষ্য। আশুসঞ্চারাদলাতস্থ ভ্রমতো বিজ্ঞমান: ক্রমো ন গৃহতে, ক্রমস্থাগ্রহণাদবিচ্ছেদবৃদ্ধ্যা চক্রবদ্বৃদ্ধির্ভবতি, তথা বৃদ্ধীনাং ক্রিয়াণাঞ্চাশু-বৃত্তিছাদ্বিজ্ঞমান: ক্রমো ন গৃহতে, ক্রমস্থাগ্রহণাদ্যুগপৎ ক্রিয়া ভবস্থী-তাভিমানো ভবতি।

কিং পুন: ক্রমস্থাত্র হণাদ্যুনপৎক্রিয়াভিমানোহথ যুগপদ্ ভারাদেব যুগপদনেকক্রিয়োপলির্নির্নিত । নাত্র বিশেষপ্রতিপত্তে: কারণমূচ্যত ইতি। উক্তমিন্দ্রিয়ায়ৢরাণাং বিষয়ায়্তরেষু পর্য্যায়েণ বৃদ্ধয়ে। ভবস্তীতি, তচ্চাপ্রত্যাথ্যয়মায়প্রত্যক্ষত্বাহ । অথাপি দৃষ্টক্রতানর্থাংশিচন্তয়তঃক্রমেণ বৃদ্ধয়া বর্ততে ন যুগপদনেনাকুমাতবার্মাত । বর্ণপদনাক্রমাতবার্মাত । বর্ণপদনেনাকুমাতবার্মাত । বর্ণপদনাক্রমাতবার্মাত । বর্ণপদনাক্রমাতবার্মাত । বর্ণপদনাক্রমাতবার্মাত । কথং ! বাক্যম্থেষ্ খলু বর্ণেয় চরহম্বং প্রতিবর্ণং ভাবচ্চ্রবণং ভবতি, ক্রতং বর্ণমেকমনেকং বা পদভাবেন প্রতিসন্ধতে, প্রতিসন্ধায় পদং ব্যবস্ততি, পদব্যবসায়েন স্মৃত্যা পদার্থং প্রতিপত্ততে, পদসমূহপ্রতিসন্ধানাচ্চ বাক্যং ব্যবস্ততি, সম্বদ্ধাংশ্চ পদার্থান্ গৃহীত্বা বাক্যার্থং প্রতিপত্ততে । ন চাসাং ক্রেমেণ বর্তমানানাং বৃদ্ধীনামাশুর্ত্তিত্বাহ ক্রমো গৃহততে, তদেতদমুমানম্মত্র বৃদ্ধিক্রিয়াযৌগপত্তাভিমানস্তেতি । ন চান্তি মুক্তসংশয়া যুগপত্তহৎপত্তির্বৃদ্ধীনাং, যয়া মনসাং বৃদ্ধত্বমেকশরীরেহসুমীয়েত ইতি ।

অন্ধুবাদ। ঘূর্ণনকারী অলাতের (অলাতচক্র নামক যন্ত্রবিশেষের)
বিভাষান ক্রম অর্থাৎ উহার ঘূর্ণনক্রিয়ার ক্রম থাকিলেও উহা ক্রতগতি
প্রযুক্ত গৃহীত হয় না, ক্রমের জ্ঞান না হওয়ায় অবিচেছন-বুদ্ধিবশতঃ
চক্রের স্থায় বুদ্ধি জ্বশে। তক্রপ বুদ্ধিসমূহের এবং ক্রিয়াসমূহের আণ্ড-

১। ''উৎ''শব্দপূৰ্বক চর ধাতু সক্ষাকি হইলেই তাহার উত্তর আত্মনেপদের বিধান আছে। ভাষ্যকার এখানে উৎপত্তি অর্থেই ''উৎ''শব্দপূৰ্বক ' চর''ধাতুর প্রয়োগ করিয়াছেন ব্ঝা যায়। ''উচ্চরৎসু'' এই বাকে।র ব্যাখ্যা 'উৎপদ্যানেষু''।

বৃত্তিত্ব অর্থাৎ অতি শীঘ্র উৎপত্তিপ্রযুক্ত বিশ্বমান ক্রেম পৃথীত হয় না। ক্রেমের জ্ঞান না হওয়ায় সমস্ত ক্রিয়া যুগপৎ হইতেত্তে, এইরপ ভ্রম জ্বয়ো।

(প্রশ্ন) ক্রমের অজ্ঞানবশতংই কি যুগপৎ ক্রিয়ার ভ্রম হয় অথবা যুগপৎ উৎপত্তিবশত:ই যুগপৎ অনেক ক্রিয়ার উপলব্ধি হয় ? এই বিষয়ে বিশেষ জ্ঞানের কারণ কথিত হইতেছে না। (উত্তর) ভিন্ন ভিন্ন ইন্দ্রিয়বর্গের ভিন্ন ভিন্ন বিষয়সমূহ বিষয়ে ক্রমশঃ প্রভাক জন্মে, ইহা উক্ত হইয়াছে, ভাহা কিন্তু অর্থাৎ পূর্ব্বোক্তব্ধপ প্রভাক্ষের অযৌগপত আত্মপ্রতাক্ষত্বশতঃ (মানস প্রতাক্ষসিদ্ধবশতঃ) প্রতাাখ্যান করা যায় না, অর্থাৎ একই ক্ষণে যে নানা ইন্দ্রিয়ন্তন্য নানা প্রভ্যক্ষ জমে না, ইহা মনের দ্বারা অস্কুভবসিদ্ধ, স্থতরাং উহা অস্বীকার করা যায় না। পরস্কু দৃষ্ট ও শ্রুত বহু পদার্থবিষয়ক চিস্তাকারী ব্যক্তির ক্রমশঃ বুদ্ধিসমূহ উৎপন্ন হয়, যুগপৎ উৎপন্ন হয় না, ইহার ছারা (অস্তত্রও বুদ্ধির অযৌগপত্ত) অনুমেয়। [উদাহরণ দারা জ্ঞানের অযৌগপন্ত বুঝাইতেছেন] বর্ণ, পদ ও বাকাবিষয়ক বুদ্দিসমূহের এবং সেই পদ ও বাক্যের অর্থবিষয়ক বুদ্ধিসমূহের "আশুবৃত্তিত্ব"বশত: অর্থাৎ অবিচ্ছেদে অতিশীঘ্র উৎপত্তিপ্রযুক্ত ক্রমের জ্ঞান হয় না। (প্রশ্ন) কিন্ধপ ? (উত্তর) বাক্যস্থিত বর্ণসমূহ উৎপত্মমান হইলে অর্থাৎ বাকোর উচ্চারণকালে প্রত্যেক বর্ণের প্রবণ হয়,—শ্রুত এক বা অনেক বর্ণ পদরূপে প্রতিসন্ধান করে, প্রতিসন্ধান করিয়া পদ নিশ্চয় করে,— পদ নিশ্চয়ের দারা স্মৃতিরূপ পদার্থ বোধ করে, এবং পদসমূহের প্রতি-সন্ধানপ্রযুক্ত বাক্য নিশ্চয় করে, এবং সম্বদ্ধ অর্থাৎ পরস্পার যোগ্যভা-বিশিষ্ট পদার্থসমূহকে বুঝিয়া বাক্যার্থ বোধ করে। কিন্তু ক্রমশঃ বর্ত্তমান অর্থাৎ ক্ষণবিলম্বে ক্রমশঃ জায়মান এই (পূর্ব্বোক্ত) বৃদ্ধি-সমূহের আশুবৃত্তিত্ববশত: ক্রম গৃহীত হয় না,-- সেই ইহা অর্থাৎ পূর্বেবাক্ত স্থলে বর্ণশ্রবণাদি জ্ঞানসমূহের অযৌগপন্ত বা ক্রমিক**ত্ব অ**ক্সত্র বৃদ্ধি ও ক্রিয়ার যৌগপছ ভ্রমের অনুমান অর্থাৎ অনুমাপক হয়। বৃদ্ধিসমূহের

নি:সংশয় যুগপত্নৎপত্তিও নাই, যদ্ধারা এক শরীরে মনের ব**হুত্ব অনুমি**ত হুটবে ।

টিপ্পনী। পূর্বসূত্রোজ পূর্বপক্ষের নিরাস করিতে মহাঘি এই সূত্রের हाता विनियास्त्रिन (य, এक्टे वाक्तित्र त्कान गमर्स व्यवायन, शमन, श्रेपेनर्मन প্রভৃতি যে অনেক ক্রিয়ার উপলব্ধি হয়, ঐ সমস্ত ক্রিয়াও যুগপৎ জ্বন্মে न।—व्यविष्टिप क्रम्भः जिल्ल चित्र कर्मरे खर्म्स किन्न व्यविष्टिप মতিশীযু ঐ সমন্ত ক্রিয়ার উৎপত্তি হওয়ায় উহার ক্রম থাকিলেও ঐ ক্রমের জ্ঞান হয় না, এজন্য উহাতে যৌগপদ্য লম জনেম অর্থাৎ একই ক্ষণে গমনাদি ঐ সমন্ত ক্রিয়া জন্মিতেছে, এইরূপে লম হয়। মহাদি ইহা সমর্থন করিতে দৃষ্টান্ত বলিয়াছেন—''অলাতচক্রদর্শন''। ''অলাত'' শব্দের অর্থ অঙ্গার, উহার অপর নাম উলমুক?। প্রাচীন কালে মধ্যভাগে অঞ্গার গলিবিষ্ট করিয়া এক প্রকার যন্ত্রবিশেষ নিশ্মিত হইত। উহাতে অগ্রি গংযোগ করিয়। উর্দ্ধে নি:ক্ষেপ করিলে তথন (বর্ত্তথান দেশপ্রসিদ্ধ আত্সবাজীর ন্যায়) উহা অতি ক্ষতবেগে চক্রের ন্যায় ঘূণিত হওয়ায় উহা "অলাতচক্র' নামে কথিত হইয়াছে। স্থপ্রাচীন কাল হইতেই নানা শাস্তের নান। গ্রন্থে ঐ "অলাতচকা" ৃষ্টান্তরপে উলিখিত হইয়াছে। যুদ্ধবিশেষে পুৰ্ব্বোক্ত ''অলাতচক্ষের'' প্রয়োগ হইত । ''ধনুর্ব্বেদসংহিতা' র ঐ ''অলাত-চক্রে'র উল্লেখ দেখা যায়^হ। মহবি গোতম এই সুত্রের **ধার। বলি**য়াছেন যে, ''ললাতচক্রের'র ঘূর্ণনকালে যেমন ক্রমিক উৎপন্ন ভিন্ন ভিন্ন ঘূর্ণনক্রিয়া একই ক্ষণে জায়মান বলিয়া দেখা যায়, एक्सभ यानक श्वरत क्रिया ও वृद्धि বস্তুত: ক্রমশ: উৎপন্ন হইলেও একই ক্ষণে উৎপন্ন বলিয়া ব্রা যায়। বস্তত: এক্সপ উপলব্ধি ভ্রম। মহাথির তাৎপর্য্য এই যে, ''অলাভচফে ''র ঘর্ণন ক্রিয়াজন্য যে যে স্থানের সহিত উহার সংযোগ জন্মে, তন্মধ্যে প্রথম দ্বানের সহিত সংযোগের অনন্তরই দিতীয় স্থানের সহিত সংযোগ জন্মে, ইহা স্বীকার করিতেই হইবে। কারণ, পর্ব্ব দংযোগের ধ্বংস ব্যতীত উত্তরগংযোগ জন্মিতে পারে না । স্মৃত্রাং পূর্বসংযোগের অনন্তরই অপর দংযোগ, তাহার অনন্তরই অপর সংযোগ, এইরূপে আকাশে নানা খীনের সহিত ক্রমশ:ই ঐ অলাভচকের বিভিন্ন নানা সংযোগ স্বীকার্য্য হওয়ায় ঐ সমস্ত বিভিন্ন সংযোগের জনক যে অলাতচক্রের বুর্ণনক্রিয়া,

ठ । जनारणार्नात्रम्म कर ।—जमत्राकात्र, रिमावर्ग ।

২। গজানাং প্ৰবঁতারোহণং অলাতচক্লাদিভিভীতিবারণং।—ধন্ৰেৰ্দসংহিতা।

উহাও ক্রমিক উৎপন্ন ভিন্ন ভিন্ন ক্রিয়া, ইহা একটিমানে ক্রিয়া নহে, ইহা অবশ্য স্বীকার্য্য। তাহা হইলে ঐ বুর্ণনক্রিয়াসমূহের যে ক্রম আছে, ইহাও অবশ্য স্বীকার্যা। কিন্তু ঐ অনাতচ্চক্রের আশুসার অর্থাৎ অতিক্রন্ত ঘূর্ণন-প্রযুক্ত 🗓 সমন্ত ঘূর্ণন-ক্রিয়ার ক্রম বুঝিতে পার। যায় না। 🛭 প্র্ণন-ক্রিয়ার বিচ্ছেদ ন। থাকায় অবিচ্ছেদবৃদ্ধিবশত: ঐ শ্বলে চক্রের ন্যায় বৃদ্ধি জন্ম। স্থুতরাং এ সমস্ত ক্রিয়ার ক্রমের জ্ঞান না হওয়ায় উহাতে যৌগপদ্য লয ष्टरन्य । অর্থাৎ একই ক্ষণে ঐ ঘূর্ণনক্রিয়াসমূহ জন্মিতেছে, এইরূপ স্তম জান হইয়া থাকে। ''দোঘ'' ব্যতীত ব্যম হইতে পারে না। ব্রমের বিশেষ কারণের নাম দোঘ। তাই মহবি এই সূত্রে পূর্ব্বোক্ত এমের কারণ দোঘ বলিয়াছেন ''যাশুসঞ্চার''। অলাতচক্রের অতিক্রত সঞ্চার অর্ধাৎ অতিক্রত ষুর্ণনই তাহাতে যৌগপদা স্তমের বিশেষ কারণ, উহাই সেখানে দোষ। এইরপে স্থলবিশেষে যে সমন্ত বৃদ্ধি ও যে সমন্ত ক্রিয়া অবিচ্ছেদে भীষু শীষু উৎপন্ন হয়, তাহার ক্রম থাকিলেও অবিচ্ছেদে অতিশীষু উৎপত্তি-বশত: সেখানে ঐ সমস্ত ক্রিয়া ও বৃদ্ধির ক্রমের জ্ঞান না হওয়ায় তাহাতেও योगभामात सम रय। कनकथा, अनाउठरकत पूर्वनिक्या मुष्टीरस भर्कभक-ৰাদীর ক্ধিত একই ব্যক্তির অধ্যয়ন, গমন, পথদর্শন প্রভৃতি অনেক ক্রিয়াও ক্রমশ: জনেন, এবং উহার ক্রমের জ্ঞান ন। হওয়ায় ঐ সমস্ত ফ্রিয়া যুগপৎ অর্থাৎ একই ক্ষণে জন্মিতেছে, এইরূপ লম জ্বনে, ইহা স্বীকার্য। ঐ ক্রিয়াসমূহ ও বুদ্ধিসমূহের যৌগপদ্য লমের কারণ দোঘ—এ. ক্রিয়াসমূহ ও বুদ্ধিদম্হের ''আশুবৃত্তিব''। ভাষ্যকার উৎপত্তি অর্থেও ''বৃত'' ধাতু ও "ৰৃত্তি" শব্দের প্রয়োগ করিয়াছেন। অতি শীঘু যাহার বৃত্তি অর্থাৎ উৎপত্তি হয়, তাহাকে ''আঙ্কৃত্তি'' বলা যায়। অবিচ্ছেদে অতি শীৰূ উৎপত্তিই ''থাগুৰুতিছ'', তৎপ্ৰযুক্ত অনেক ক্ৰিয়াবিশেষ ও অনেক বৃদ্ধি-वित्नदेशव दशेशश्रेषा जम खटनम ।

পূর্ব্বপক্ষবাদী অবশাই প্রশু করিবেন যে, ক্রিয়ায়মূহের ক্রমের জ্ঞান না
হওরাতেই তাহাতে যৌগপদ্য শ্রম হয় অথবা ক্রিয়ায়মূহের বস্ততঃ যুগপৎ
উৎপত্তি হয় বলিয়াই যুগপৎ অনেক ক্রিয়ার উপলব্ধি হয়, ইহা কিরপে
বুঝিব ? এ বিষয়ে সংশয়নিবর্ত্তক বিশেষ জ্ঞানের কারণ কিছুই বলা
হয় নাই। ভাষাকার মহর্ষির সূত্রের তাৎপর্যা বর্ণন করিয়া, শেষে নিজেই
পূর্ব্বোক্ত প্রশো্র উল্লেখপূর্ব্বক তদুত্তরে বলিয়াছেন যে, ভিয় ভিয় ইচ্ছিয়ের
ভিয় বিষয়ে সেই সেই ইল্রিয়জন্য নানাজাতীয় নানা বুদ্ধি যে, ক্রমশংই
জনেম, উহা একই ক্রণে অন্ম না, ইহা পর্বেই উক্ত হইয়াছে। প্রত্যক্ষের ঐ

অযৌগপদ্য অস্বীকার কর। যায় না। কারণ, উহা আত্মপ্রত্যক্ষ অর্থাৎ উহা মান্দ প্রতাক্ষসিদ্ধ, মনের ধারাই ঐ অযৌগপদ্য বুঝিতে পার। যায়। "আজুন্" শ**েদের বা**রা এখানে মন ব্ঝিলে "আজুপ্রত্যক্ষ" শ্বেদর হারা সহজেই মানস প্রত্যকের বিষয়, এইরূপ অর্থ বুঝা যাইতে পাবে: পূর্ব-পক্ষবাদীর। সর্ব্বত্রই জ্ঞানের অযৌগপদা স্বীকার করেন না। তাঁহাদিগের কথ। এই যে, যে স্থলে বিষয়বিশেষে একাগ্রমন। হইয়া সেই বিষয়ের पर्मनापि करत, रम चरल विलासि नाना छान छरना, এवः रमहेजाल चरलहे সেই সমস্ত নানা জ্ঞানের অযৌগপদ্য মনের ছার। বুঝা যায়। সর্বব্রেই সকল জ্ঞানের গ্রেটাগপদ্য মান্স প্রত্যাক্ষমিদ্ধ নহে! পর্ত্ত অনেক স্থনে অনেক জ্ঞান যে যুগপৎই জনেন, ইহা আনাদিগের মানস প্রতাক্ষসিদ্ধ। ভাষাকার এইজনাই শেষে মহটি গোত্মের গিছাত সমর্থন করিতে অনুমান প্রমাণ প্রদর্শন কবিবার জন্য বলিখাছেন যে, দৃষ্ট ও শুতত বছ বিষয় চিম্ব। করিবো তখন ক্রমশঃই নানা বৃদ্ধি জনেন, যুগপৎ নানা বৃদ্ধি জনেন না, স্থতবাং ঐ দৃষ্টান্তে সর্ব্বেট জ্ঞানের অযৌগপদ্য অর্থাৎ ক্রমিকত্ব অনুমানসিদ্ধ হয়। ভাষ্যকাৰ উপাহরণের উল্লেখপুর্বক শেষে তাঁহার অভিমত অনুমান বুঝাইতে বলিযাছেন যে,—কেহ কোন বাকোর উচ্চারণ করিলে, ঐ বাক্যার্থবোদ্ধা ব্যক্তির প্রথমে ক্রমশ: ঐ বাক্যস্থ প্রত্যেক বর্ণের শ্রবণ হয়, তাহার পরে শ্রুত এক ব। অনেক বর্ণকে এক একটি পদ বলিয়। বুঝে, ভাহার পরে পদজ্ঞানজন্য প্ৰাৰ্থিৰ সমন্ত্ৰণ কৰে, তাহাৰ পৰে সেই বাকাস্থ সমস্ত পদগুলির জ্ঞান ছইলে ঐ পদসম্চকে একট বাক্য বলিয়া বুঝে, তাহার পরে পূর্ব্বজ্ঞাত পদার্থগুলির পরস্পর যোগ্যত। সম্বন্ধের জ্ঞানপূর্ব্বক বাক্যার্থ বোধ করে। পূর্ব্বেক্তি বর্ণজ্ঞান, পদজ্ঞান ও বাক্যজ্ঞান এবং পদার্থজ্ঞান ও বাক্যার্থজ্ঞান, এই সমস্ত বৃদ্ধি যে ক্রমশঃই জনেন, ইহা সর্ক্রিমত। এ সমস্ত বৃদ্ধিব আশু-বৃত্তিস্বপ্রযুক্ত অর্থাৎ অবিচেছ্দে শীঘ্র উৎপত্তি হওয়ায় উহাদিগের ক্রম থানি লেও ঐ ক্রম ৰুঝা যায় না। স্থতবাং ঐ সমস্ত বুদ্ধিতে যৌগপদা লম জনেম। প্ৰেৰ্বাক্ত স্থলে বৰ্ণজ্ঞান হইতে বাকাাৰ্থজ্ঞান পৰ্যান্ত সমস্ত জ্ঞানগুলি যে, একই ক্ষণে জনেম না, ক্রমশ: ভিন্ন ভিন্ন ক্ষণেই জনেম, ইহা উভয় •পদের দল্পত, সূত্রাং ঐ দৃষ্টাত্তে অন্যান্য জ্ঞানমাত্রেরই ক্রমিক্ত অনুযান-সিদ্ধ হয়। এবং পুৰেবজি স্বলে বৰ্ণজ্ঞানাদি বুদ্ধিসমূহের ক্রমের জ্ঞান না হওয়ায় তাহাতে যৌগপদ্যের বন হয়, ইহাও উভয় পক্ষের স্বী নার্যা, স্তরা: এ পৃষ্টাতত অন্যত্তও বুদ্ধিসমূহ ও ক্রিয়াসমূহের যৌগপদ্য লম হয়,— ইহা অনুমানসিদ্ধ হয়। তাই ভাষ্যকার বলিয়াছেন বে, ইহা অন্যত্র বৃদ্ধি ও ক্রিয়ার যৌগপান্য ব্রমের অনুমান অর্থাৎ অনমাপক হয়। ভাষ্যকার শেষে বলিয়াছেন যে, বুদ্ধিসমূহর যুগপৎ উৎপত্তি মুক্তসংশ্য অর্থাৎ নি:সংশয় বা উভয় পক্ষের স্বীকৃত নহে। অর্থাৎ এক ক্ষণেও যে নানা বুদ্ধি জন্মে, ইহা কোন দৃঢ়তর প্রমাণের হারা নিশ্চিত নহহ। স্কুতরাং উহার হারা এক শরীরে বহু মন আছে, ইহা অনুমানসিদ্ধ হইতে পারে না। ক্ষলকথা, কোন স্থলে বুদ্ধিসমূহের যুগপৎ উৎপত্তি হয়, ইহার দৃষ্টান্ত নাই। স্কুতরাং বুদ্ধির যৌগপদ্যবাদী তাঁহার নিজ সিদ্ধান্তের অনুমান করিতে পারে না। বাদী ও প্রতিবাদী উভয়ের স্বীকৃত না হইলে তাহা দৃষ্টান্ত হয় না। বুদ্ধিসমূহের যুগপৎ উৎপত্তি হয় না এবং ক্রমশঃ নানা বুদ্ধি জন্মিলেও অবিচ্ছেদে অতি শীঘ্র উৎপত্তিবশতঃ বুদ্ধির ক্রম বুঝা যায় না, স্কুতরাং তাহাতে যৌগপদ্যের ব্রম জন্ম, ইহার পূর্বোক্তরূপ দৃষ্টান্ত আছে। স্কুতরাং তদ্হারা অন্য বুদ্ধিমাত্রেরই যৌগপদ্যের অনুমান হইতে পারে ।।ওচা।

সূত্র। যথোজহেতুত্বাচ্চাণু।।৫১।।৩৩০।।

অञ्चाम । এবং যথোক্তহেতুছবশত: (মন) অণু।

ভাষ্য। অণু মন একঞেতি ধর্মসমূচ্চয়ো জ্ঞানাযৌগপছাৎ। মহন্তে
মনসঃ সর্বেবিদ্রুমসংযোগাদ্যুগপদ্বিষয়গ্রহণং স্থাদিতি।

অসুবাদ। জ্ঞানের অযৌগপদ্যবশতঃ মন অণু এবং এক, ইহা ধর্মসমূচ্চয় (জ্ঞানিবে)। মনের মহত্ত থাকিলে মনের সর্ব্বেল্ডিয়ের সহিত সংযোগবশতঃ যুগপৎ বিষয়জ্ঞান হইতে পারে।

টিপ্লনী। পূর্বসূত্রোক্ত জ্ঞানাযৌগপদ্য হেতুর দার। যেমন প্রতিশরীরে মনের একদ্ব সিদ্ধ হয়, তজ্ঞপ মনের অণুষ্ঠ সিদ্ধ হয়। তাই মহদি এই সূত্রে "যথোক্তহেতুদ্বাং" এই কথার দারা পূর্বসূত্রোক্ত হেতুই প্রকাশ করিয়। "চ" শতকের দার। মনে অণুদ্ধ ও একদ্ব, এই ধর্মহায়ের সমুচ্চয় (সম্বদ্ধ) প্রকাশ করিয়াছেন। অর্থাৎ মন অণু এবং প্রতি শরীরে এক । প্রতি শরীরে বহু মন থাকিলে যেমন একই সময়ে নান। ইন্তিয়ের সহিত্ত নান। মনের সংযোগ-

১। মহর্ষি চরকও এই সিদ্ধান্তই বলিয়াছেন। ''অণুসমধ চৈকছং দৌ ঙণৌ সনসঃ স্মৃত্যে"—চরকস্ংহিতা—শারীরস্থান, ১ম অঃ, ১৭শ শ্লোক দ্রুত্য।

বশত: নান। প্রত্যক্ষের উৎপত্তি হইতে পারে, তজ্জপ মন মহৎ ব। বৃহৎ পদার্থ হইলেও একই সময়ে সমস্ত ইন্সিয়ের সহিত ঐ একই মনের সংযোগবশত: সর্ব্ব-বিধ প্রত্যক্ষ হইতে পারে। কিন্তু প্রত্যক্ষের যখন যৌগপদ্য নাই, জ্ঞানমাত্রেরই অবৌগপদ্য যথন অনুমান প্রমাণ ছার৷ নিশ্চিত হইয়াছে, তথন মনেব অণুছও স্বীকার করিতে ছইটেব। মন প্রমাণুর ন্যায় অতি সন্ধা পদার্থ হইলে একই গময়ে ভিন্ন ভিন্ন স্থানস্থ অনেক ইন্দ্রিয়ের সহিত তাহার সংযোগ সম্ভবই হয় না, স্মৃত্রাং ই ক্রিয়মন: সংযোগরপ কারণের অভাবে একই সময়ে অতনক প্রতাক জনিমতে পারে না। মহর্ঘি গোত্ম প্রথম অধ্যামে যুগপৎ নানা প্রত্যক্ষের অনুৎপত্তিই মনের অন্তিম্বের সাধক বলিয়াছেন। এখানে এই সূত্রের বারা ভাঁহার পুর্ব্বোক্ত হেতু যে অণু অর্ধাৎ অতি সূদ্ধ মনেরই সাধক হয়, ইছা সুবাক্ত করিয়াছেন। মূলকথা, অনেক• সম্পুদায় স্থলবিশেষে জ্ঞানের যৌগপদ্য স্বীকার করিলেও মহর্ষি কণাদ ও গোতম কুত্রাপি জ্ঞানের যৌগপদ্য স্বীকার না করায় প্রতি শরীরে মনের একত্ব ও অণুস্বই সমর্থন করিয়াছেন। ভ্ঞানের অযৌগপদ্য সিদ্ধান্তই পুর্ব্বোক্ত সিদ্ধান্তের মূল। ভাষ্যকার বাৎস্যায়ন অনেক স্থলেই এই দিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। উদ্দোতকর, উদয়ন ও **গজেশ প্র**ভৃতি ন্যায়াচার্য্য**গণও মহাঁথ গোত**মের সিদ্ধান্তানুসারে মনের অণুত্ব সিদ্ধান্তই সমর্থন করিয়াছেন। প্রশন্তপাদ প্রভৃতি বৈশেষিকাচার্য্যগ**ণ**ও ঐ সিদ্ধান্তই সমর্থন করিয়াছেন। কি**ন্ত নব্য** নৈয়ানিক র্বুনাথ শিরোমণি ''পদার্থতব্দিরপেণ'' গ্রন্থে নিরবয়ব ভূতবিশেষকেই মন বলিয়াছেন^১। তিনি পরমাণু ও হ্যপুক স্বীকার করেন নাই। তাঁহার মতে পৃথিবী, জল, তেজ ও নায়ুর যাহা চরম অংশ, তাহা প্রত্যক্ষ হর, অর্থাৎ যাহ। ''ত্ৰসবেণু'' নামে কথিত হয়, তাহাই সৰ্ব্বাপেক্ষা সূক্ষ, নিত্য, উহ৷ হইতে সন্ম ভূত আর নাই, উহাই নিরবয়ব ভূত। মন ঐ নিরবয়ব ভূত (অগরেণু)-বিশেষ। সুতরাং তাঁহার মতে মনের মহত্ত অর্থ মহৎ পরিমাণ আছে। তিনি বলিয়াছেন যে, মনের সহত্তপ্রযুক্ত একই সময়ে চক্ষুরিন্সিয় ও ত্বগিন্সিয়ের সহিত মনের সংযোগ হইলেও অদৃষ্ট-বিশেষবশতঃ তথন চাকুষ প্রত্যক্ষই ছনেন। মনের অণুত পক্ষেও ইহাই বলিতে হইবে। কারণ, তুগিদ্রিয়ের সহিত মন:সংযোগ এ সিদ্ধান্তেও স্বীকার্য্য। রদুনাথ শিরোমণি এইরূপ নবীন মতের **স্বষ্টি ক**রিলেও **আর কোন নৈয়ায়িক মনকে** ভূতবিশেষ বলেন নাই।

১। মনোহপি চাসমবেতং ভূতং। অদ্উ্বিশেষোপপ্রহৃদ্য নিয়ামকছাক ইত্যাবয়ে।ঃ সমানং।—পদার্থতভ্বনিরাপণ।

कातन, मतीतमधाच निवनशन जनाचा जुल न। जनाचा जनातन्त्र मध्य कान् ভূতবিশেষ মন, ইহা নিশ্চয় করিয়। বলা যায় না। স্কুতরাং ঐরপে অনন্ত ভূতবিশেষকেই মন বলিতে হয়। পরন্ত রন্থনাথ শিরোমণির ঐ নবীন মত মহর্षি গোত্রমের সিদ্ধান্ত-বিরুদ্ধ। মহৃত্যি মনকে অণুই বলিয়াছেন এবং জ্ঞানের অযৌগপদাই মনের এবং তাহার অণুবের সাধক বলিয়াছেন। অদৃষ্ট-বিশেষের কারণত অবলম্বন করিয়া জ্ঞানের অযৌগপদ্যের উপপাদন করিলে মহবি গোতমের ূর্ব্বাক্ত যুক্তি উপপন্ন হয় ন।। পরস্ত মনের বিভূত গিদাস্ত স্বীকারেরও কোন বাধা থাকে না। মনের বিভূষও অতি প্রাচীন মত। পাতঞ্জন দর্শনের কৈবল্যপাদের দশম স্ত্রের ব্যাসভাষ্যে এই মত পাওয়। যায়। উদয়নাচার্য্য "ন্যায়কুসুমাঞ্চলি"র তৃতীয় স্তবকের প্রথম কারিকার ব্যাখ্যায় মনেত্র বিভুম্ব গিন্ধান্তের অনুমান প্রদর্শনপূর্ব ৮ বিস্তৃত হিচারহার। ঐ নতেব খণ্ডন করিয়া, মনের অণুত্ব সিদ্ধান্ত দমর্থন করিয়াছেন। সেখানে তিনি ইহাও বলিয়াছেন যে^১, যদি নন বিভূ হইলেও অর্থাৎ সর্বদ। সর্বেক্তিয়ের সহিত মনের সংযোগ থাকিলেও অনুষ্টবিশেষবশত:ই ক্রমশ: প্রত্যক্ষ জনেম, যুগপৎ नाना প্রত্যক্ষ জনেম, না, ইহা বলা যায়, তাহা হইলে মনের অভিত্রই সিদ্ধ হা না, স্মৃতবাং মন অধিদ্ধ হইলে আশ্রয়াণিদ্ধিবশতঃ তাহাতে বিভূষের অনুমানই চইতে পারে ন।। কেহ কেহ জ্ঞানের অযৌগপদ্যের উপপাদন করিতে বলিয়াছিলেন যে, একই ক্ষণে খনেক ইন্দ্রিয়ঞ্চন্য খনেক জ্ঞানের সমস্ত কারণ থাকিলেও তথন যে বিষয়ে প্রথম জিজ্ঞাসা জনিময়াছে, সেই বিঘয়েরই প্রত্যক্ষ জনেম, জিজ্ঞাসাবিশেষই জ্ঞানের ক্রমের নিবর্বাহক। উদ্দ্যোতকর এই মতের উল্লেখ করিয়া, উহার খণ্ডন করিতে বলিয়াছেন যে, তাহ। হইলে মন স্বীকারের কোনই প্রয়োজন থাকে না। বিজ্ঞানাবিশেষের অভাবেই একই ক্ষণে অনেক ইন্সিয়জন্য অনেক প্রত্যক্ষের উৎপত্তি না হয়, তাহা হইলে মন না থাকিলেও ক্ষতি নাই । পরন্ত যেখানে অনেক ইন্দ্রিয়জনা অনেক প্রতাকেরই ইচ্ছা জনেম, সেখানে জিল্পাসার অভাব না থাকায় ঐ অনেক প্রত্যক্ষের যৌগপদ্যের আপত্তি অনিবার্য্য। স্থতরাং ঐ আপত্তি নিরাসের জন্য অতি সক্ষ্মন অবশ্য স্বীকার্য্য। উদ্যোতকর আর । বিশেষ বিচারের যার। মন এবং মনের অণুষ্ঠিদ্ধান্তের সমর্থন করিয়াছেন। (১ম আ:, ১ম আ:, ১৬ म मृत्यात वांखिक प्रष्टेवा)। विख्वानावित्नघटे छात्नत

১। যদি চ মনসো বৈভবেহপাণ্ভবশাৎ ক্লম উপপাদেতে, তদা মনসোহসিজেরা-স্থাসিজিরেব বৈভবহেতুনামিতি।—নাায়কুসুমাঞ্জি।

ক্লম নির্বাহ করে, এই মত উদয়নাচার্য্যও (মনের বিভুম্বাদ খণ্ডন করিতে)
এন্যারপে যুক্তির হার। খণ্ডন করিয়াছেন। বস্তুত: কেবল পূর্ব্বোক্ত যুগপৎ
নানাজাতীয় নান। প্রত্যক্ষের অনুৎপত্তিই মনের অন্তিপ্তের সাধক নহে। স্মৃতি
প্রভৃতি বছবিধ জ্ঞান মন না থাকিলে জনিমতে পারে না। স্মৃত্রাং সেই
সমস্ত জ্ঞান্ও মনের অন্তিম্বের সাধক। ভাষ্যকারও প্রথমাধ্যায়ে ইহা
বনিয়াছেন। পরস্ক যুগপৎ নানাজাতীয় নান। প্রত্যক্ষের অনুৎপত্তি মনের
অনূর্বের সাধক হওয়ায় মহিদি প্রথম অধ্যায়ে উহাকে তাঁহার সন্মৃত অতিসন্ম
মন:পদার্থের নিজ (সাধক) বনিয়াছেন। শেষে এই মন:প্রীক্ষাপ্রকরণে
তাঁহার অভিমত জ্ঞানাথোগপদ্য যে সাক্ষাৎ সম্বন্ধে মনের এবং প্রতিধ্রীরে একত্বেরই সাধক, ইহা ব্যক্ত করিয়াছেন।। তেওা।

यन: পরীক্ষাপ্রকরণ সমাপ্ত ॥७॥

ভাষ্য। ননসঃ থলু ভোঃ সেন্দ্রিয়ন্ত শরীরে বৃদ্ধিলাভো নাম্বত্র শরীরাৎ, জ্ঞাতুশ্চ পুরুষস্ত শরীরায়তনা বৃদ্ধ্যাদয়ো বিষয়োপভোগো জিহাসিতহানমভীপ্সিতাবাপ্তিশ্চ সর্বের্ব চ শরীরাশ্রয়া ব্যবহারাঃ। তত্র থলু বিপ্রতিপত্তেঃ সংশয়ং, কিময়ং পুরুষকর্মানিমিত্তঃ শরীরসর্বঃ ! আহে৷ স্বিদ্ভূতমাত্রাদকর্মানিমিত্ত ইতি। শ্রায়তে থলত্র বিপ্রতি-পত্তিরিতি।

অমুবাদ। ইন্দ্রিয়-সহিত মনের শরীরেই বৃত্তিলাভ হয় অর্থাৎ শরীরের মধ্যেই মনের কার্য্য জ্বামা, শরীরের বাহিরে মনের বৃত্তিলাভ হয় না। এবং জ্ঞাতা পুরুষের বৃদ্ধি প্রভৃতি, বিষয়ের উপভোগ, জ্বিহাসিত বিষয়ের পরিভাগ এবং অভীক্ষিত বিষয়ের প্রাপ্তি শরীরাশ্রিভ এবং সমস্ত ব্যবহারই শরীরাশ্রিভ অর্থাৎ শরীর ব্যতীত পূর্ব্বোক্ত কোন কার্য্যই হইতে পারে না। কিন্তু সেই শরীর-বিষয়ে বিপ্রতিপত্তিপ্রযুক্ত সংশায় জ্বামা,—"এই শরীর-সৃষ্টি কি আত্মার কর্মানিমিত্তক অর্থাৎ অদৃষ্টবিশেষজ্বয় । অথবা কর্মানিমিত্তিক নহে, ভূতমাত্রজ্বয়, অর্থাৎ অদৃষ্টনিরপেক্ষ পঞ্চভূতজ্বয় ? বেহেতু এই বিষয়ে বিপ্রতিপত্তি শ্রুত

ভায়া। ভত্রেদং তত্ত্বং— অমুবাদ। তমধ্যে ইহা তত্ত্ব—

সূত্র। পূর্বকৃত-ফলানুবন্ধাৎ ততুৎপত্তিঃ ॥৬০॥৩৩১॥*

অনুবাদ। (উত্তর) পূর্বেকৃত কর্মাফলের (ধর্মা ও অধর্ম নামক অদৃষ্টের) সম্বন্ধপ্রাযুক্ত সেই শরীরের উৎপত্তি হয় (অর্থাৎ শরীর-সৃষ্টি আত্মার কর্ম বা অদৃষ্টনিমিত্তক, ইহাই তম্ব)।

^{*} পূর্বাপ্রকরণে মহয়ি মনের পরীক্ষা করায় এই সূরে 'তেং' শব্দের দ্বারা পূর্বোল মনকেই সরলভাবে বুঝা যায়, ইহা সভা। কিন্ত মহ**য়ি যে**রাপ যু**ভির ভারা পূর্ব্ত**পকরণ মনের অপুত সিভাভ সমর্থন করিয়াছেন, তাহাতে তাঁহার মতে মন যে নিরবয়ব চব্য ইহা বুঝা যায়। মনের অবয়ব ন[ু] থাকিলে নিরবয়ব-দ্রবাজ হেত্র **মা**র। মনের নিতাত্বই অনুমানসিদ্ধ হয়। মনের নিতাত স্বীকার-পক্ষে লাঘ**ৰ**ও আ**ছে।** পর্য মহর্ষি গোতম পুর্বেশ মনের আত্মছের আশক্ষা করিয়া যেরূপ যুক্তির ভারা উহা খণ্ডন করিয়াছেন, তদ্মারাও তাঁহার মতে মন নিতা, ইহা বুঝিতে পারা যায়। কারণ মনের উৎপত্তি ও বিনাশ থাকিলে মনকে আত্মা বলা যায় না। দেহাদির ন্যায় মনে? অস্থায়িত্বের উ**রেধ** করিয়। মহয়ি মনের আত্মত্বাদের স্থওন করেন না**ই** কেন? ইহা প্রপিধান করা আবশ্যক। পরত নাায়দর্শনের সমান তচ্চ বৈশেষিক দর্শনে মহিষ কণাদের "তস্য দ্রবাছনিত্যতে বায়ুনা ব্যাখ্যাতে"।৩।২।২। এই সুরের ভারা মনের নিতা**ছই তাঁহার সিদ্ধান্ত বুঝা যায়। এই সমন্ত কারণে ভাষ্যকার বাৎস্যায়**ন প্রভৃতি কোন ন্যায়াচার্সাই এই সূত্রে 'ভেৎ" শব্দের **দার। মহাযির পুর্বোজ্য মনকে গ্রহণ করে**ন নাই। কিন্তু মনের আশ্রয় শরীরকেই প্রহণ করিয়া পূর্ব্বপ্রকরণের সহিত এই প্রকরণের সংগতি প্রদর্শন করিয়াছেন। মহর্ষির এই প্রকরণের শেষ সূত্রগুলিতে প্রণিধান করিলেও শরীরস্টির অদুউজনাছই যে, এখানে তাঁহার বিবন্ধিত, ইহা ব্ঝিতে গারা ষায়। অবশ্য শ্রুতিতে মনের সৃষ্টিও কথিত হুইয়াছে, ইহা শ্রুতির দারা সরল ভাবে বুঝা ষায়। কিন্তু ন্যায়াচার্যাগণের কথা এই ষে, অনুমানপ্রমাণের দ্বারা যথন মনের নিত্যত্বই সিদ্ধ হয়, তথন শ্রুতিতে যে মনের সৃষ্টি বলা হইয়াছে, উহার অর্থ শরীরের সহিত সর্ব্রেথম মনের স্ংযোগের সৃষ্টি, ইহাই বুঝিতে হইবে। ঐতির ঐরাপ তাৎপর্যা বুঝিলে পূর্কোজ্যরপ অনুমান ও যুজি জাতিবিরুদ্ধ হয় না। ঐতিতে যে, অনেক ছানে ঐরূপ লাক্ষণিক প্রয়োগ আছে, ইহাও অন্বীকার করিবার উপায় নাই। শ্রতিব্যাশ্রাকার জাচার্যাপণও নানা স্থানে ঐরপ ব্যাখ্যা করিয়াছেন। পরত আত্মার জন্মান্তর প্রহণ মনের সাহারেটে হইয়া থাকে। স্তরাং মৃত্যুর পরক্ষণেই মনের বিনাশ স্বীকার করা যায়

ভাষ্য। পূর্ব্বশরীরে যা প্রবৃত্তির্বাগ্রৃদ্ধিশরীরারম্ভলক্ষণা, তৎ পূর্ববৃত্তং কর্মোক্তং, তন্ত ফলং তজ্জনিতৌ ধর্মাধর্মেী, তৎকলন্তামূবদ্ধ আত্মসমবেতস্থাবস্থানং, তেন প্রযুক্তেভ্যো ভূতেভ্যস্তস্থোৎপত্তিঃ শরীরস্তা, ন স্বতন্ত্রেভ্য ইতি। যদধিষ্ঠানোহয়মাত্মাহয়মহমিতি মহামানো যত্রাভিযুক্তো যত্রোপভোগতৃষ্ণয়া বিষয়ামূপলভ্যানো ধর্মাধর্মেী সংস্করোতি, তদস্ত শরীরং, তেন সংস্কারেণ ধর্মাধর্মালক্ষণেন ভূতসহিতেন পতিতেহিমান্ শরীরে শরীরান্তরং নিম্পাদ্যতে, নিম্পদ্মন্ত চাস্ত পূর্ববিশরীরবৎ পুরুষার্থক্রিয়া, পুরুষস্ত চপূর্বব শরীরবৎ প্রবৃত্তিরিতি। কর্মাপেক্ষেভ্যো ভূতেভ্যঃ শরীরসর্চে সত্তেভ্যঃ প্রক্রার্থনিং ক্রয়াদ্যর্থানাং ক্রয়াণাং রথপ্রভৃতীনা্ত্রপতিঃ, তয়ামুমাতব্যং শরীরমপি পুরুষার্থক্রিয়াদ্যর্থম্থনিং প্রস্কান্ত্রাপ্রসাদ্যানং পুরুষ্যান্ত গুণান্তরাপ্রান্তিরা ভূতেভ্য উৎপদ্যত ইতি।

অমুবাদ। প্র্বশ্বরারে বাক্য, বৃদ্ধি ও শ্রীরের দ্বারা আরম্ভ অর্থাৎ কর্মন্ত থে প্রবৃত্ত, তাহা পূর্বকৃত কর্ম উক্ত হইয়াছে, সেই কর্মান্ত ধর্ম ও অধর্ম তাহার ফল। আত্মাতে সমবেত অর্থাৎ সমবায় সম্বন্ধে বর্তমান হইয়া তাহার অবস্থান সেই ফলের "অমুবন্ধ"। তৎপ্রযুক্ত অর্থাৎ সেই পূর্বকৃত কর্মফলের অমুবন্ধ-প্রেরিত ভূতবর্গ হইতে সেই শ্রীরের উৎপত্তি হয়, স্বতন্ত্র অর্থাৎ ধর্মাধর্ম্মন্ত্রপ অদৃষ্টনিরপেক্ষ ভূতবর্গ হইতে শ্রীরের উৎপত্তি হয় না। "যদ্ধিষ্ঠান" অর্থাৎ যাহাতে অধিষ্ঠিত এই আত্মা "আমি ইহা" এইরূপ অভিমান করতঃ যাহাতে অভিযুক্ত

না। নৃত্যুর পরেও যে মন থাকে, ইহাও শ্রুতিসিদ্ধ। মহর্ষি কণাদ ও গোতম সূক্ষ্ণ-শরীরের কোন উল্লেখ করেন নাই। ইহাঁদিগের সিদ্ধান্তে নিতা মনই অদুউবিশেষবশতঃ নিতনৰ শরীরের মধ্যে প্রবিষ্ট হয়, এবং মৃত্যুকালে বহিগত হয়। প্রাচীন বৈশেষিকাচার্য্য প্রশ্তিপাদ বলিয়াছেন যে, মৃত্যুকালে জীবের আতিবাহিক শরীর নামে এক শনীরের উৎপত্তি হয়। তাহার সহিত সম্মা হইয়া জীবের মনই বর্গ ও নরকে, গমন করিয়া শরীরাজরে প্রবিষ্ট হয়। (প্রশন্তপাদভাষা, কন্দলী সহিত, ৩০১ প্র্চা প্রভিব্য)। গ্রমভাবের উত্ত মতই বৈশেষিকসম্প্রদায়ের নাায় নৈয়ায়িক সম্প্রদায়েরও সম্মত বুঝা যায়। মৃত্যুকালে আতিবাহিক শরীরবিশেষের উৎপত্তি ধর্মশান্ত্রেও কথিত হইয়াছে।

অর্থাৎ আসক্ত হইয়া, যাহাতে উপভোগের আকাজ্ফাপ্রযুক্ত বিষয় সমূহকে উপলব্ধি করতঃ ধর্ম ও অধর্মকে সংস্কৃত করে অর্থাৎ সফল করে, তাহা এই আত্মার শরীর, এই শরীর পতিত হইলে ভূতবর্গদহিত ধর্ম ও অধর্মরূপ সেই সংস্কারের দারা শরীরান্তরে উৎপন্ন হয়, এবং উৎপ্র এই শরীরের অর্থাৎ পরজাত শরীরান্তরের পূর্ববশরীরের ত্যায় পুরুষাধি ক্রিয়া অর্থাৎ পুরুষের প্রয়োজনসম্পাদক চেষ্টা জ্বনো, এবং পুরুষের পূর্বশরীরের তায় প্রকৃষের পূর্বশরীরের তায় প্রকৃষের প্রয়োজনসম্পাদক চেষ্টা জ্বনো, এবং পুরুষের পূর্বশরীরের তায় প্রয়ারের ফ্রিক্রামারের ক্রায় প্রয়ার্থাকি ক্রয়াম্বর্গ অর্থাৎ পুরুষের প্রয়োজন সম্পাদন-সমর্থ রথ প্রভৃতি জ্বব্যের উৎপত্তি দৃষ্ট হয়,—তদ্দারা পুরুষার্থক্রিয়াসমর্থ উৎপদ্যমান শরীরও পুরুষের গুণান্তরসাপেক্ষ ভূতবর্গ হইতে উৎপন্ন হয়, ইহা অনুসান করা যায়।

টিপ্রনী। মহাদি পূর্ববিধকদণে প্রতিশরীরে ননের একত ও অণুত সিদ্ধান্ত সমর্থন করিয়া শেষে ঐ মনের আশ্রয় শ্রীরের অণুষ্টঞ্চন্যত্ব সমর্থন করিতে এই প্রকরণের আরম্ভ করিয়াছেন। পূর্ব্বপ্রকরণের সহিত এই প্রকরণের সংগতি প্রদর্শনের জন্য ভাষ্যকার প্রথমে বলিয়াছেন যে, ইন্দ্রিয়সহিত মনের শরীরেই বৃত্তিলাভ হয়, শরীরের বাহিরে অন্য কোন স্থানে খ্রাণাদি ইাদ্রয় এবং ননের বৃত্তিলাভ হয় না। ঘ্রাণাদি ইক্রিয় এবং মনের হারা যে বিষ্ফ জ্ঞান ও সুখদু:খাদির উৎপত্তি, তাহাই ইন্দ্রিয় ও মনের বৃত্তিলাভ। পর্জ পুরুষের বুদ্ধি, সুখ, দু:খ, ইচ্ছ। প্রভৃতি এবং বিষয়ের উপভোগ, অনিষ্ট-বর্জ্যন ও ইষ্টপ্রাপ্তিও শরীররূপ আশ্রমেই হইয়। থাকে, শরীরই ঐ বৃদ্ধি প্রভৃতির আয়তন বা অধিঠান, এইরূপ প্রুমের সমস্ত ব্যবহারই শরীরাশ্রিত। ভাষ্য-কারের তাৎপর্য্য এই যে, পূর্ব্বপ্রকরণে মহাদি যে মনের পরীক্ষা করিয়াছেন, ঐ মন, ঘাণাদি ইন্দ্রিয়ের ন্যায় শরীরের মধ্যে থাকিয়াই তাহার কার্য্য সম্পাদন করে। শরীবের বাহিরে মনের কোন কার্য্য হইতে পারে না। শরীর্ট মনের আশ্রয়। স্থতরাং শরীরের পরীক্ষা করিলে শরীরাশ্রিত মনেরই পরীক্ষা হয়, এ জন্য মহিষ মনের পরীক্ষা করিয়া পুনর্কার শরীরের পরীক্ষা করিতেছেন। তাৎপর্যা**টাকা**কার বলিয়াছেন যে, সর্ব্বতোভাবে ঈক্ষাই পরীক্ষা, স্থতরাং কোন বস্তর স্বব্ধপের পরীক্ষার ন্যায় ঐ বস্তর সমন্ধী অর্থাণ অধিকরণ বা আশ্রামের পরীক্ষাও প্রকারান্তরে ঐ বস্তুরই পরীক্ষা। অতএব নহামি পূর্ব্প্রকরণে মনের স্বরূপের পরীকা করিয়া, এই প্রকরণে যে শরীর পরীক্ষা করিয়াছেন, তাহা প্রকানান্তরে মনেরই পরীক্ষা। স্থতরাং মনের ম্বরপের পরীক্ষার পরে এই প্রকরণের আরম্ভ অসংগত হয় নাই। সংশয় ব্যতীত পরীক। হইতে পারে ন। ; বিচারমাত্রই সংশ্রপূর্ব্বক, স্ত্রাং পুনর্ব্বাব শরীরের পরীক্ষার মূল সংশ্য ও তাহাব কারণ বল। আবশ্যক ভাষ্যকার বলিয়াছেন যে, বিপ্রতিপত্তিপ্রযুক্ত শরীর-বিদয়ে আরও একপ্রকার গংশর জন্মে। নান্তিকসম্পুদার ধর্মাধর্মরূপ অদৃষ্ট স্বীকার করেন নাই, তাঁহার। বলিয়াছেন,—''শরীরস্টে কেবল ভূতজন্য, অদৃষ্টজন্য নহে''। **মান্তিক-সম্প্রদায় বলিয়াছেন,—"শরীর-স্টাট্ট পুরুষের পূর্বজন্মকৃত ক**র্মাকল এদৃষ্টজন্য।" স্থতরাং নান্তিক ৬ আন্তিক, এই উভয় সম্প্রদায়ের প্রেবাক্ত-রূপ বিপ্রতিপত্তিপ্রযুক্ত শরীর-স্বাষ্ট বিষয়ে সংশয় **ছন্দের যে, ''এই শরীর-স্ব**ষ্ট কি আত্মার পূর্বকৃত-কর্মফল-জন্য অথব। কর্মফল-নিরপেক ভূতমাত্রজন্য ।'' এই পক্ষমমের মধ্যে মহটি এই সূত্রের মার। প্রথম পক্ষকেই তত্তরূপে প্রকাশ করিয়াছেন। বস্তত: পূর্কোক্তরপ সংশয় নিরাসের জন্যই মহঘি এই প্রকরণের আরম্ভ করিয়াছেন। ইহার হার। প্রকারান্তরে পূর্বজন্ম এবং ধর্ম ও অধর্মরূপ অদৃষ্ট এবং ঐ অদৃষ্টের আত্মগুণম এবং আত্মার অনাদিম প্রভৃতি গি**দ্ধান্ত সমর্থন** করাও মহার্ঘির গুঢ় **উদ্দেশ্য বুঝা** যায়।

সূত্রে "পূর্বকৃত" শবদের হার। পূর্বশরীবে অর্থাৎ পূর্বজ্বনে পরিগৃহীত শরীরে অনুষ্ঠিত শুভ ও অশুভ কর্মন্ত বিবক্ষিত। মহাধি প্রথম অব্যায়ে বাক্যা, নন ও শরীরের হারা আরম্ভ অর্থাৎ শুভাশুভ কর্মন্তপ যে "প্রবৃত্তি" বনিয়াছেন, পূর্বশরীরে অনুষ্ঠিত সেই প্রবৃত্তিই পূর্বকৃত কর্ম। সেই পূর্বকৃত কর্মজন্য নর্ম ও অধর্মন্ত ঐ কর্মের ফল। ঐ ধর্ম ও অবর্মন্তপ কর্মজন্য আত্মান্তেই সমবায় সহক্ষে থাকে। আত্মান্তে সমবায় সহক্ষে অবন্ধিতিই কর্মজন্তর "অনুবন্ধ"। ঐ পূর্বকৃত কর্মজন্তর "অনুবন্ধই" প্থিব্যাদি ভূতবর্গের প্রেরক বা প্রয়োজক হইয়া তদ্হার। শরীরের স্পষ্টি করে। স্বতম্ম এর্থাৎ পূর্বেলিক্ত কর্মজনানুবদানিরপেক্ষ ভূতবর্গ হইতে শরীরের স্পষ্টি হইতে গারে না। ভাষ্যকার ইহা যুক্তির হারা সমর্থন করিতে বলিয়াছেন যে, যাহা গাত্মার অধিষ্ঠান অর্থাৎ প্রপূত্ব হারা সমর্থন করিতে বলিয়াছেন যে, যাহা গাত্মার অধিষ্ঠান অর্থাৎ প্রথদুঃখ ভোগের স্থান, এবং যাহাতে "আমি ইহা" এইরূপ অভিমান অথাৎ বনাত্মক আত্মবৃদ্ধিবশতঃ যাহাতে আগক্ত হইয়া, যাহাতে উপভোগের আকাজ্জায় বিষয় ভোগ করতঃ আ্মা—ধর্ম ও অধর্মের ফলভোগ করে, তাহাই শরীর। স্বত্রাং কেবল ভূতবর্গই পূর্ব্বাক্তরূপ শরীরের ফলভোগ করে, তাহাই শরীর । স্বত্রাং কেবল ভূতবর্গই পূর্ব্বাক্তরূপ শরীরের

্তিঅণ, ২আ•

উৎপাদক হইতে পারে না। ভূতবর্গ এবং ধর্ম ও অধর্মন্ত্রপ সংস্কারই পূর্বেণরীর বিনষ্ট হইলে অপর শরীর উৎপন্ন করে। দেই একই আশারই পূর্বকৃত কর্মফল ধর্ম ও অধর্মরূপ সংস্কারজন্য ভাগারই অপর শরীরের উৎপত্তি হওয়ায় পর্বণরীরের ন্যায় গেই অপর শরীরেও সেই আন্থারই প্রয়োজন-সম্পাদক ক্রিয়া জন্মে, এবং পূর্ব্ধরীরে যেনন সেই আম্বারই প্রবৃত্তি (প্রয়ত্মবিশেষ) হইয়াছিল, তজ্ঞপ দেই অপর শরীরেও দেই অংশাঃই প্রবৃতি জন্ম। কিন্তু পূর্বকৃত কর্মফলকে অপেক। না করিয়া কেবল ভূতবর্গ হইতে শবীরের স্বষ্ট হইলে পূর্ব্বোক্ত ঐ সমস্ত উপপন্ন হইতে পারে ন।। কারণ, সমস্ত শরীবই কেবল ভূতমাত্রজন্য হইলে সমস্ত আত্মার পরেক সমস্ত শরীরই তুল্য হয়। সকল শরীরের সহিত্য বিপুন্যাপী সমস্ত আয়া**র** সংযোগ থাকার সকল শরীরেই সকল আত্মার প্রথদুঃধাদি ভোগ হুইতে পারে। কিন্ত অদৃষ্টবিশেষসাপেক ভুত্তবর্গ হইতে শাীরবিশেষের স্থাই হুট্রে যে আত্মার পূর্বকৃত কর্মকন নদুট্রিশেঘজনা যে শ্বীবের উৎপত্তি হয়, দেই শরীরই সেই আত্মার নিভ শরীর,—অবট**াশের-জ**ন্য **দেই শরীরে**র সহিত্য সেই আম্বার বিরক্ষণ সংযোগ **জন্ম,** প্রুর**রাং** সেই শবীবই সেই আত্মাৰ পুৰদুঃখাদি-ভোগের অধিগান হয়। পাৰ্ক্তিক নিদ্ধান্ত অনুমান প্রমাণের ছাবা সমর্থন করিবাব জন্য ভাষাকার শোলে বর্নিবাছেন যে,— পুরুষের প্রয়োজন-নির্দ্ধাহে নমর্থ না পুরুষের উপত্তেলেকপার হারথ প্রভৃতি যে সালে দ্রবোর উৎপত্তি হয়, তাহা কেবল ভূতবর্গ হইতে উৎপন্ন হয় না। কোন পুক্ৰেৰ প্ৰযন্ত্ৰ বাতীত কেবল কাঠেৰ ছাৱা বৰ্থ প্ৰভূতি এবং পুপের ছার। মাল্য প্রভৃতি দ্রব্য জনেম ন।। ঐ সক্তর দ্রব্য সাক্ষাৎ বা পরপারায় যে পুরুষের উপভোগ সম্পাদন করে, সেই পুরুষের প্রয়ন্ত্রপ গুণ-প্রেরিত ভূত হটতেই উগদিগের উৎপত্তি হয়, ইহা দৃষ্ট। অর্থাৎ পুরুমের গুণ-বিশেষ যে, তাহার উপভোগদনক দ্রব্যের উৎপত্তিতে কারণ, তাহ। সর্ব-সন্মত। রথাদি দ্রবোর উৎপত্তি ইহাব দৃষ্টান্ত। স্মৃতরাং ঐ দুষ্টান্তের মারা পুরুষের উপভোগদনক শরীরও ঐ পুরুষের কোন গুণনিশেষনাপেক ভূত-বর্গ হইতে উৎপত্ন হয়, ইহা অনুমান কর। যায় । তাহা হইতে পুক্ষো শরীর যে ঐ পুক্ষো পূর্যকৃত কর্মকর বর্মাধর্মনাপ গুণবিশে।জন্য, ইংটি দিম '

১। পুরুষবিশেষগুণাপ্ররিতভূত ুর্ক কং শরীরং, কার্যাত্মে সতি পুরুষার্থক্রিয়াদামধ্যাৎ য়াৰ পুরুষার্যক্রিয়াসমর্যং তাৰ পুরুষবিশেষখণপ্রিরিচ্ছুচপুর্বকং দুউং ষ্থা র্থাদি. ইত্যাদি।--নায়-বাতিক।

হয়। কারণ, শরীর স্থান্টির পুনের্ব আত্মান্তে প্রয়ন্ত প্রভৃতি গুণ ফান্মিতে পারে না। পূর্বেশরীরে আত্মার যে প্রয়ন্তাদি গুণ ফান্মিয়াছিল, অপর শরীরের উৎপত্তির পূর্বে তাহা ঐ আত্মান্তে থাকে না। স্কৃতরাং এমন কোন গুণবিশেঘ স্থালার কবিতে হইতে, যাহা পূর্বেশনীরের বিনাশ হুইলেও ঐ আত্মাতেই কিনামান থাকিয়া অপর শরীরের উৎপাদন এবং সেই অপর শরীরের সেই আত্মারই স্বদুংখাদি ভোগ সম্পাদন করে। সেই গুণবিশেঘের নাম অদৃষ্ট , উহা ধর্ম ও আর্ম নামে বিবিধ, উহা "সংস্কার" নামে এবং "কর্ম্ম" নামেও কথিত হুইরাছে। ঐ কর্ম অর্থাৎ অদৃষ্ট নামক গুণবিশেঘন সাম্বেক্ষ ভত্বর্গ হুইতেই শরীরের স্থান্ট হয়।।৬০।।

ভাষ্য। সত্ৰ নাস্তিক আহ— অহুবাদ। এই সিদ্ধান্তে নাস্তিক বলেন,—

সূত্র। ভূতেভ্যো মূর্ত্ত্বপাদানং।।৬১।।৩৩২।।

অন্ধুবাদ। (পূর্ব্বপক্ষ) ভূতবর্গ হইতে (উৎপন্ন) "মূর্ত্তিদ্রবার" অর্থাৎ সাবয়ৰ বালুকা প্রভৃতি দ্রব্যের গ্রাহণের স্থায় ভাহার (শরারের) গ্রহণ হয়।

ভাষ্য। যথা কর্মনিরপেকেভ্যো ভ্তেভ্যো নির্কৃতা মূর্ত্তয়ঃ সিকতা-শর্করা-পাষাণ গৈরিকাঞ্জনপ্রভৃতয়ঃ পুরুষার্থকারিম্বার্পাদায়ন্তে, তথা কর্ম-নিরপেকেভ্যো ভূতেভ্যঃ শরীরমুৎপরং পুরুষার্থকারিম্বার্পপাদীয়ত ইতিঃ

অমুবাদ। যেমন অদৃষ্টনিরপেক্ষ ভূতবর্গ গইতে উৎপন্ন সিকতা (বালুকা), শর্করা (কল্পর), গাঝাণ, গৈরিক (পর্ববতীয় ধাতুবিশেষ), অঞ্জন (কজ্জল) প্রভৃতি "মৃত্তি" অর্থাৎ সাবয়ব জ্বব্যসমূহ পুরুষার্থকারিছ-বশতঃ অর্থাৎ পুরুষের প্রয়োজন সাধক্ষবশতঃ গৃহীত হয়, তদ্রপ কর্মানিরপেক্ষ ভূতবর্গ হইতে উৎপন্ন শরীর পুরুষার্থসাধক্ষবশতঃ গৃহীত হয়।

টিপ্পনী। মহঘি পূর্ব্সূত্রের দ্বাবা তাঁহার সিদ্ধান্ত বলিয়া, এখন নান্তিকের মত খণ্ডন করিবার জন্য এই সূত্রের দ্বারা নান্তিকের পূর্ব্বপক্ষ বলিয়াছেন। নান্তিক পূর্বজন্মাদি কিছুই মানেন না, তাঁহার মতে অদৃষ্টনিরপেক্ষ ভূতবর্গ হইতেই শরীরের উৎপত্তি হয়। তাঁহার কথা এই
যে, অদৃষ্টকে অপেক্ষা না করিয়াও ভূতবর্গ পুরুষের ভোগসম্পাদ হ অনের
মূর্ত্ত প্রবার উৎপাদন করে। যেমন বালুকা পাঘাণ প্রভৃতি এদৃষ্টনিরপেক্ষ
ভূতবর্গ হইতে উৎপন্ন হইয়া পুরুষের প্রয়োজনসাধন বলিয়া পুরুষকর্ত্তৃক
গৃহীত হয়, তজ্ঞপ শবীরও অদৃষ্টনিরপেক্ষ ভূতবর্গ হইতে উৎপন্ন হইয়া
পুরুষের ভোগসম্পাদক বলিয়া পুরুষকর্ত্ত্ব গৃহীত হয়। কলকথা, পাঘাণাদি
দ্রব্যের ন্যায় অদৃষ্ট বাতীতও শরীরের স্বাষ্ট হইতে পারে, শরীর স্বাষ্টতে
অদৃষ্ট অনাবশ্যক এবং অদ্ষ্টের সাধক কোন প্রমাণও নাই। সূত্রে "মূত্তি'
শব্দের হায়। মূর্ত্ত অর্থাৎ সাবয়ব দ্রবাই এখানে বিবক্ষিত বুঝা য়য়য়া৬১।।

সূত্র। ন সাধ্যসমত্বাৎ ॥৬২॥৩৩৩॥

অমুবাদ। (উত্তর) না, অর্থাৎ পূর্ব্বোক্ত নাস্তিক মত প্রমাণসিদ্ধ হয় না ; কারণ, সাধাসম।

ভাষ্য। যথা শরীরোৎপত্তিরকর্মনিমিত্ত। সাধ্যা, তথা সিকতা-শর্করা-পাষাণ-গৈরিকাঞ্জনপ্রভৃতীনামপাকর্মনিমিত্ত: সর্গঃ সাধ্যঃ, সাধ্য-সমতাদসাধনমিতি। "ভূতেভ্যো মূর্ত্ত্ব্যপাদানব" দিতি চানেন সাধ্য।*

অমুবাদ। যেমন অকর্মনিমিত্তক অর্থাৎ অদৃষ্ট যাহার নিমিত্ত নহে,
এমন শরীরোৎপত্তি সাধা, তদ্ধেপ সিকতা, শর্করা, পাষাণ, গৈরিক,
অঞ্জন প্রভৃতিরও অকর্মনিমিত্তক সৃষ্টি সাধা, সাধ্যসমত প্রযুক্ত সাধন
হয় না। কারণ ভূতবর্গ হইতে "মূর্ত দ্রবোর উপাদানের ভাায়" ইহাও
অর্থাৎ পূর্ববিস্তোক্ত দৃষ্টান্তও এই নাস্তিক কর্তৃক সাধ্য।

টিপ্রনী। পূর্বসূত্রোজ পূর্বপক্ষের খণ্ডন ক**িতে মহণি প্রথমে এই** সূত্রের হার। বলিয়াছেন যে, সাধ্যসমত প্রযুক্ত পূর্বেলিজ মত প্রমাণসিদ্ধ হয়

এখানে কোন কোন পুন্তকে সাম্যং" এইরাপ পাঠ আছে। ঐ পাঠে পরবর্তী
সূত্রের সহিত পূর্কোন্ড ভাষোর যোগ করিয়া "সাম্যং ন" এইরাপ ব্যাখ্যা করিতে হইবে।
ঐরাপ পাঠই প্রকৃত বলিয়া মনে হয়।

ন। ভাষ্যকার প্রভতির ব্যাখ্যান্সারে মহবির তাৎপর্যা ব্রা। যায় যে, নান্তিক, সিকতা প্রভৃতি দ্রব্যকে দৃষ্টান্তরাপে গ্রাল করিয়। যদি শরীব-एष्टि अपृष्ठेकना नहर, ইহা সন্মান করেন, তাহ। হগলে ঐ অনুমানের হেত্ বলিতে হইবে। কেবল' দুষ্টান্ত দ্বাবা কোন সাধ্য সিদ্ধ হইতে পারে না। প্ৰস্ত ঐ দুষ্টান্তও উভয় পক্ষের স্বীকৃত সিদ্ধ পদার্থ নহে। নান্তিক ষেমন শরীরস্থান্ট অদুষ্টজন্য নহে, ইহা সাধন করিনেন, তত্মপ সিকত। প্রভৃতির প্রষ্টিও অদৃষ্টজনা নহে, ইহাও গাধন করিবেন। কারণ, আমরা উহা স্বীকার করি না। আমাদিগের মতে শরীরেব ন্যায় শিকতা প্রভৃতি দ্রব্যের স্ফষ্টিও জীবের অৰ্টজন্য। কারণ, যে হেতুর ঘার। শরীর স্টের অদ্টজন্যত সিদ্ধ হয়, দেই হেতুর **দারাই দিকত। প্রভৃতিরও অদৃ**ষ্টজন্য**দ সিদ্ধ** হয়। আমাদিগের পক্ষে যেমন রথ প্রভতি সর্ব্বসন্মত দৃষ্টান্ত আছে, নান্তিকেব পক্ষে ঐরূপ নুষ্টান্ত নাই। নান্তিকের পরিগৃহীত দুষ্টান্তও তাহার গাধ্যের ন্যায় অসিদ্ধ বলিয়া "গাধ্যদম''; স্থতুৱাং উহা সাধক ছইতে পাবে না, এবং ঐ দুষ্টাস্থে খানাদিগের গাধ্যসাধক হেতুতে তিনি ব্যভিচার প্রবর্ণন করিতেও পারেন না। ারণ, দিকতা প্রভৃতি দ্রব্যেও আমরা জীবের অদৃষ্টজন্যত স্বীকার করি ।। ৬২ ।।

দূত্র। নোৎপত্তিনিমিত্তত্বান্মাতাপিত্রোঃ।।৬৩।।৩৩৪॥।

অঙ্গুবাদ। না, অর্থাৎ নাস্তিকের দৃষ্টান্তও সমান হয় নাই; কারণ, মাতা ও পিতার অর্থাৎ বীজভূত শোণিত ও শুক্রের (শরীরের) উৎ-পত্তিতে নিমিত্ততা আছে।

ভাষ্য। বিষমশ্চায়মূপত্যাসঃ। কেশ্বাৎ ? নির্ব্বাঞ্চা ইমা মূর্ত্তয় উৎপদ্মস্তে, বীজপূর্বিকা তু শরীরোৎপত্তিঃ। মাতাপিতৃণব্দেন লোহিত-রেতসী বাক্কভূতে গৃহ্যেতে। তত্র সন্থস্থ গর্ভবাসামূভবনীয়ং কর্ম্ম পুরোশ্চ পুত্রফলামূভবনীয়ে কর্মণী মাতুর্গর্ভাশ্রয়ে শরীরোৎপত্তিং ভূতেভাঃ প্রযোজয়ন্তীত্যুপপন্নং বীজামূবিধানমিতি।

অমুবাদ। পরস্তু এই উপক্যাসও অর্থাৎ নান্তিকের দৃষ্টান্তবাকাও বিষম হইয়াছে। প্রশ্না কেন ? (উত্তর) নিবর্বীঙ্গ অর্থাৎ শুক্র ও শোণিতরূপ বীক্ষ যাহার কারণ নহে, এমন এই সমস্ত মূর্ত্তি (পাষাণাদি জব্য) উৎপন্ন হয়, কিন্তু শরীরের উৎপত্তি বীক্ষপূর্বক অর্থাৎ শুক্রশোণিতজ্বস্থা। "মাতৃ" শব্দ ও "পিতৃ" শব্দের দ্বারা (যথাক্রমে) বীজভূত শোণিত এবং শুক্র গৃহীত হইয়াছে। তাহা হইলে জীবের গর্ভ-বাসপ্রাপ্তিজ্বনক অদৃষ্ট এবং মাতা ও পিতার পুত্রফলপ্রাপ্তিজ্বনক অদৃষ্টদ্বয় মাতার গর্ভাশয়ে ভূতবর্গ হইতে শরীরোৎপত্তি সম্পাদন করে, এ জন্য বীজ্বের অমুবিধান উপপন্ন হয়।

টিপ্রনী। সিকতা প্রভৃতি দ্রব্য অদৃষ্টজন্য নহে, ইহ। স্বীকার করিলেও নান্তিক ঐ দুটান্তের মারা শরীর স্মষ্টি অদুষ্টকনা নহে, ইহা বলিতে পারের না। কারণ, ঐ দৃষ্টান্ত শরীরের তুল্য পদার্থ নহে। মহন্দি এই সূত্রের হার: ইহাই প্রকাশ করিয়াছেন। ভাষ্যকার মহুযির তাৎপর্য্য ব্যক্ত করিতে বলিয়া-**ছেন যে, শরীরের উৎপত্তি শু**ক্ত ও শোণিতরূপ বীত্রন্ধন্য। গিকতা পাঘাণ প্রভৃতি দ্রবাসমূহ ঐ বীজজন্য নহে। স্নতরাং গিকত। প্রভৃতি হইতে শ্রীরের বৈষম্য থাকায় শরীর গিকতা প্রভৃতির ন্যায় অণ্টজন্য নহে, ইহন বলা যায় না। এরপে বলিলে শরীর ওফ্র-শোপিতজন্য নহে, ই াও বলিতে পারি। ফলকথা, কোন বিশেষ হেতু বাতীত পুর্ব্বোক্তরূপ বিষম দুটান্তের ৰার। শরীর অদুটজন্য নহে, ইহা সাধন কর। যায় না। মাতা ও পিতা শক্ষাৎসম্বন্ধে গর্ভাশয়ে শরীরোৎপত্তির কারণ নহে, এ জন্য ভাষ্যকান বলিয়াছেন যে, সূত্রে "মাতৃ" শংকর ছার। মাতার লোহিত অর্থাৎ শোণিত এবং "পিতৃ" শবেদর হার। পিতার রেত অর্থাৎ শুক্রই মহর্ষির বিবন্দিত। **ৰী**জভূত শোণিত ও শুক্রই গর্ভাশয়ে শরীরের উৎপত্তির কারণ হয়। বে কোন প্রকার শুক্র ও শোণিতের মিশ্রণে গর্ভ জনেম না । ভাষ্যকার শেহে গর্ভাশয়ে শরীরোৎপত্তি বিরূপ অদুষ্টজন্য, ইহা বুঝাইতে বলিয়াছেন যে, যে আছা গ্রভাশয়ে শরীর পরিগ্রহ করে, সেই আছার গর্ভবাগ্রাপ্তিম্বন চ অসুট এবং মাতা ও পিতার পুত্রফলপ্রাপ্তিজনক অদুষ্টবয় মাতার গর্ভাশয়ে ভ্তবর্ত **ছইতে শরীরের উৎপত্তির প্রযোজক হয়। স্থতরাং বীজের অনুধাবন** উপপ্র হয়। অর্থাৎ গার্ভাশয়ে শরীরের উৎপত্তিতে মাত্র। ও পিতাব অদুষ্টবিশেষ্ট কারণ ছাওয়ায় সেই মাতা ও পিতারই শোণিত ও শুক্ররপ বীঞ্চও যে কার্থা, উহা দিকতা প্রভৃতি দ্রবোর ন্যায় নিব্বীজ নহে, ইহা উপপন হয়। উদ্দ্যোতকর শেষে বলিয়াছেন যে, বীজের অনুবিধান প্রযুক্ত গর্ভাশয়ে উৎপা সন্তানের মাতা ও পিতা যে জাতীয়, ঐ সন্তানও তজ্জাতীয় হইয়া থাকে। তাঘ্যে "অনুভবনীয়" এই প্রয়োগে কর্ত্বাচ্য "অনীয়" প্রতায় বুঝিতে হইবে, ইছা তাৎপর্যাচীকাকাব নিরিয়াছেন। অনুপূর্বক "ভূ" ধাতুর ছারা এখানে প্রাপ্তি অর্থ বুঝিলে "অনুভবনীয়" শব্দের ছাল্ল প্রাপ্তিজনক বা প্রাপ্তিকারক, এইরূপ অর্থ বুঝা যাইতে পারে। তাৎপর্যাদ্দিকার অন্য এক স্থানে নিবিয়াছেন, "অনুভবং প্রাপ্তঃ"। ১ম বঙ্ ১৯৯ পৃষ্ঠায় পাদটীকা দ্রব্যা। ৬১।।

সূত্র। তথাহারস্য ॥৬৪॥৩৩৫॥

অমুবাদ। এবং যেহেতু আহারের (শরীরের উৎপত্তিতে নিমিত্তত) আছে)।

ভাষ্য। "উৎপত্তিনিমিত্ত্বা"দিতি প্রকৃতং। ভুক্তং পীতমাহারস্তস্ত পজিনির্ব্বৃত্তং রসদ্রব্যং মাতৃশরীরে চোপচীয়তে বীজে গর্ভাশয়স্থে বীজসমানপাকং, মাত্রয়া চোপচয়ো বীজে যাবদ্ব্যুহসমর্থং সঞ্চয় ইতি। সঞ্চিতঞ্চ কললার্ব্বুদ-মাংস-পেশী-কণ্ডরা-শিরংপাণ্যাদিনা চ ব্যুহেনেন্দ্রিয়াধি-ষ্ঠানভেদেন ব্যুহ্ততে, ব্যুহে চ গর্ভনাভ্যাবতারিতং রসদ্রব্যমুপচীয়তে যাবৎ প্রস্বসমর্থমিতি। ন চায়মন্ধপানস্ত স্থাল্যদিগতস্ত কল্পত ইতি। এতস্মাৎ কারণাৎ কর্মনিমিত্তংং শরীরস্তা বিজ্ঞায়ত ইতি।

অমুবাদ। "উৎপত্তিনিমিন্তত্বাৎ" এই বাক্য প্রাকৃত, অর্থাৎ পূর্বাসূত্র হইতে ঐ বাক্যের অমুবৃত্তি এই সূত্রে অভিপ্রেত। ভূক্ত ও পীত "আহার" অর্থাৎ ভূক্ত ও পীত দ্রব্যেই সূত্রে "আহার" শক্ষের দ্বারা বিবক্ষিত। বীজ গর্ভাশয়স্থ হইলে কর্থাৎ জ্বরায়্র মধ্যে উক্ত ও শোণিত মিলিত হইলে বীজের তুল্য পাক-বিশিষ্ট সেই আহারের পরিপাকজ্ঞাত সমরূপ দ্রব্য মাতার শরীরেই উপচিত অর্থাৎ বৃদ্ধি প্রাপ্ত হয়, এবং যে কাল পর্য্যস্ত ব্যুহসমর্থ অর্থাৎ শরীরনির্ম্মাণসমর্থ সঞ্চয় (ৰীজ সঞ্চয়) হয়, তাবৎকাল পর্য্যস্ত অংশত: অর্থাৎ কিছু কিছু করিয়া বীজে উপচয় (বৃদ্ধি) হয়। সঞ্চিত অর্থাৎ পূর্ব্বোক্তরূপে মিলিত বীজই কলক,

[৩অ০, ২আ০

অর্ব্দু, মাংস, পেশী, কণ্ডরা, মস্তক ও হস্ত প্রভৃতি ব্যুহরূপে এবং ইন্দ্রিয়ের অধিষ্ঠানবিশেষরূপে পরিণত হয়। এবং ব্যুচ অর্থাৎ বীজের পুর্বেবাক্তরূপ পরিণাম হইলে রসরূপ যাবৎকাল পর্যান্ত প্রসবসমর্থ হয়, তাবৎকাল পর্য্যন্ত গর্ভনাড়ীর দারা অবতারিত হইয়া উপচিত অর্থাৎ বৃদ্ধি প্রাপ্ত হয়। কিন্তু ইহা অর্থাৎ পূর্ব্বোক্ত আহারের পূর্ব্বোক্ত পরিণাম স্থালী প্রভৃতিস্থ অন্ন ও পানীয় দ্রব্যের সম্বন্ধে সম্ভব হয় না। এই চেতৃ-বশতঃ শরীরের অদৃষ্টজ্বগুত্ব বুঝা যায়।

টিপ্রনী। মহর্ষি সিকতা প্রভৃতি দ্রব্যের সহিত শরীরের বৈধর্ষ্ম্য প্রদর্শন করিতে এই সূত্রের দার। আর একটি হেতু বলিয়াছেন যে, মাতা ও পিতাব ভ্কু ও পীত দ্রবারূপ যে আহার, তাহাও পরম্পরায় গর্ভাশয়ে শরীরোৎপত্তিং নিমিত্ত। স্থতরাং সিক্তা প্রভৃতি দ্রব্য শরীরের তুল্য পদার্থ নহে। পূর্বে-শূত্র হইতে ''উৎপত্তিনিমিত্তথাৎ'' এই বাকোর অন্বৃত্তি করিয়। সূত্রার্থ ব্যাধ্য করিতে হইবে। প্রকরণানুসারে শরীরের উৎপত্তি পূব্বসূত্তে ''উ**ৎ**পত্তি'' শব্দের হার। বুঝা যায়। "আহার" শব্দের হার। ভোজন ও পানরূপ ক্রিয়া বুঝা যায়। মহটি আভুনিভাজপ্রকরণে "প্রেভ্যাহারাভ্যাসকৃতাৎ" ইভ্যাদি সূত্রে এরপ অর্থেই "আহার" শবেদর প্রয়োগ করিয়াছেন। কিন্তু ভাষ্যকাব এখানে ''আহারের' পরিপাকজন্য রসের শবীরোৎপত্তিব নিমিত্ত৷ ব্যাখ্য করিবার জন্য ভুক্ত ও পীত দ্রব্যই এই সূত্রোক্ত "আহার" শবেবর অর্থ বলিয়াছেন। ক্ষুধা ও পিপাস। নিবজ্ঞিব জন্য যে দ্রবাকে আহম্বণ বা সংগ্রহ কেবে, এইরূপ অর্থে ''আহার'' শবদ সিদ্ধ হইলে তদুধার৷ অন্নাদি ও জলাদি <mark>দ্রবাও বুঝা যাইতে পারে। ভাষ্যকারে</mark>র ব্যাখ্যানুসারে এ<mark>খানে কা</mark>লবিশেঘে ৰাতার ভুক্ত অন্নাদি এবং পীত জ্বলাদিই ''আহার'' শক্তের দ্বার। বিবক্ষিত ৰুঝা বায়। ঐ ভুক্ত ও পীত দ্ৰব্যক্তপ আহার সাক্ষাৎ সম্বন্ধে গর্ভাশয়ে শরীরোৎপত্তির নিমিত্ত হইতে পারে না। এ দ্বন্য ভাষাকার পরম্পরায় উহার শরীরোৎপত্তিনিমিত্তত। বুঝাইতে বলিয়াছেন যে, যে সময়ে শুক্ত ও শোপিতরূপ বীজ গভাশয়ে অর্থাৎ জরায়ুর মধ্যে নিহিত হয়, তখন হইতে মাতার ভুক্ত ও পীত দ্রব্যের "পজিনিক্তি" অর্থাৎ পরিপাকজাত রস নামক দ্রব্য মাতৃশরীরে বৃদ্ধি প্রাপ্ত হয় । ঐ রগ নামক দ্রব্য বীজসমানপাক অর্থাৎ শাতার শরীরে শুক্র ও শোণিতরূপ বীঞ্চের ন্যায় তৎকালে ঐ রুসেরও পরিপাক হয়। পৃর্ব্বোক্ত রস এবং ভক্ত শোণিতরূপ বীব্দের তুল্যভাবে

পরিপাকজমে যে কান পর্যান্ত উহাদিগের ব্যহ সমর্থ অর্থাৎ করল, অর্ব্রুদ ও মাংশ প্রভৃতি পরিণামযোগ্য সঞ্জ ছনেম, তৎবাল পর্যান্ত "মাত্র।" বা অংশ-রূপে অর্থাৎ কিছু কিছু করিয়। ঐ শুক্রগোণিতরপ বীজের বৃদ্ধি হইতে থাকে । পরে ঐ সঞ্চিত বীজাই ক্রমশঃ ফলন, অবর্দি, মাংস, পেণী, কণ্ডরা, মন্তক এবং হস্তাদি বৃহেরূপে এবং ঘ্রাণাদি ইন্সিরবর্গের অধিষ্ঠান হত অঙ্গবিশেষরপে পরিণত হয়। ঐরাধ বুলি ব। পরিণামনিশেষ জ্ঞানিলে যে কাল পর্যান্ত পূর্ব্বোক্ত "রস" নামক দ্রব্য প্রদবদমর্থ অর্থাৎ প্রদব ক্রিয়ার অনুকূল হয়, তাবৎকাল পর্যান্ত ঐ ''রস'' নামক দ্রব্য গভনাড়ীর দ্বার। অবতারিত হইয়। বৃদ্ধি প্রাপ্ত হইতে থাকে। কিন্তু পূর্কোক্ত অর ও পানীয় দ্রব্য যখন স্থানী প্রভৃতি দ্রব্যে থাকে, তখন তাহার রদের পুর্ব্বোজরূপ উপচয় ও সঞ্চয় হইতে পারে না, তজ্জন্য শরীরের উৎপত্তিও হয় না।। স্বতরাং শরীর যে অদৃষ্টবিশেষজন্য, ইহা বুঝ। যায়। অর্থাৎ অদৃষ্টবিশেষ-সাপেক ভূতবর্গ হইতেই যে শরীরের উৎপত্তি হয়, ইলা শরীরোৎপত্তির পুর্বেকাজের ব কারণ প্রযুক্ত বুঝিতে পার। যায়। পরবর্তী ৬৬ম সত্রভাষো <mark>ইহা স্থ্</mark>ব্যক্ত হইবে। এখানে তাৎপর্যাটীকাকার নিধিয়াছে**ন,** যে কলন, হওর।, মাংস, পেশী প্রভৃতি শরীরের গারন্তক শোণিত ও শুক্রের পারণ'ন-<mark>বিশেষ। প্র</mark>ঠলিত সমস্ত ভাষ্যপুস্তকেই এধানে প্রথমে ''অর্ক্র্দে''র উল্লেখ দেখিতে পাওয়। যায়। কিন্তু বীজের প্রথম পরিণান "অব্বর্কি'' নছে – প্রথম পরিণামবিশেঘের নাম "ফলল": দ্বিতীয় পরিণামের নাম ''অব্দু''। নহটি যাভ্ৰবল্য গভেঁব দিতীয় মাদে ''অব্দুদের'' উৎপত্তি বলিয়াছেন^২। কিন্তু গর্ভোপনিঘদে এক রাত্রে "কলন্র" এবং সপ্রবাত্তে "বুদ্বুদে"র উৎপত্তি বণিত হইয়াছে^৩। যাহ। হউক, গর্ভা**শয়ে** মিলিত শুক্রশোণিতরূপ বীজের প্রথমে তরলভাবাপর যে অবস্থাবিশের জনেন, তাহার নাম ''কলল'', উহার দিতীয় অবস্থাবিশেষের নাম ''বুদুদ''। উদ্দোতকর

১। সূঞ্তসংহিতার শারীরস্থানের পঞ্চম অধ্যায়ের প্রারন্তে গর্ভাশরস্থ শুক্রশোণিত-বিশেষকেই ''গর্ভ'' বলা হইয়াছে। এবং তেজকে ঐ শুক্রশোণিতরূপ গর্ভের পাচক এবং আকাশকে বর্জক বলা হইয়াছে।

২। প্রথমে মাসি সংক্রেদভূতো ধাতুর্ঝিমূহ্ছিতঃ।
 মাস্যবর্দং ঘিতীয় তু তৃতীয়েহসেল্রিয়ের্তঃ।।

[—] **যাক্তব**দ্ধাস্ং**হিতা**, ৩য় অঃ, ৭৫ **গোক।**

৩। ঋতুকালে সংপ্রয়োগাদেকরাগোষিতং কললং ভবতি, সপ্তরালোষিতং বুদুদং ভবতি'' ইত্যাদি।—গভোঁপনিষৎ।

এবং বাচম্পতি মিশ্রও সর্বাথে "কললে"রই উল্লেখ করিয়াছেন এবং "গর্ভোপনিদ্বং" ও মহর্ষি যাজ্ঞবন্ধ্যের বাক্যানুসারে ভাষ্যে "কললার্ব্রুদ" এইরূপ পাঠই প্রকৃত বলিয়া বুঝিয়াছি। শরীরে যে সকল সায়ুগুলির নাম আছে, তন্মধ্যে বৃহৎ সায়ুগুলির নাম "কণ্ডরা"। ইহাদিগের হার। আকুঞ্জন ও প্রসারণ ক্রিয়া সম্পন্ন হইয়া থাকে। অশুনত বলিয়াছেন, "ঘোড়ণ কণ্ডরা"। দুই চরণে চারিটি, দুই হস্তে চারিটি, গ্রীবাদেশে চারিটি এবং পৃষ্ঠদেশে চারিটি "কণ্ডরা" থাকে। অশুনতসংহিতায় জ্রীলিঙ্গ "কণ্ডরা" শব্দই আছে। স্কুরোং ভাষ্যে "কণ্ডর" ইত্যাদি পাঠ প্রকৃত বলিয়া বোধ হয় না। স্কুন্নত বলিয়াছেন, "পঞ্চ পেশী-শতানি ভবন্ডি।" শরীরে ৫০০ শত পেশী অনেম; তন্মধ্যে ৪০০ শত পেশী শাখাচতুইয়ে থাকে, ৬৬টি পেশী কোষ্টে থাকে এবং এইটি পেশী উদ্ধু জক্ততে থাকে। মহর্ষি যাজবন্ধ্যাও বলিয়াছেন, "পেশী পঞ্চণতানি চ।" ভাষ্যোক্ত "কণ্ডরা," "পেশী" এবং শরীবের অন্যান্য সমস্ত অঙ্গ ও প্রভাজের বিশেষ বিবরণ স্কুণ্ডতগংহিতার শারীরস্থানে মন্তব্য ।।৬৪।।

সূত্র। প্রাপ্তো চানিয়মাৎ ॥৬৫॥৩৩৬॥

অমুবাদ। এবং যে হেতু প্রাপ্তি (পত্নী ও পত্তির সংযোগ) হইলে (গর্ভাধানের) নিয়ম নাই।

ভাষ্য। ন সর্বো দম্পত্যোঃ সংযোগো গর্ভাধানহেতুদৃ গ্যতে, তত্রাসতি কর্মণি ন ভবতি সতি চ ভবতীত্যস্থপায়ে নিয়মাভাব ইতি। কন্মনিরপেক্ষেয়্ ভূডেয়ু শরীরোৎপত্তিহেতুষ্ নিয়মঃ স্থাৎ ! ন হাত্র কারণাভাব ইতি।

অঙ্কুবাদ। পত্নী ও পতির সমস্ত সংযোগ গর্ভাধানের হেতু দৃষ্ট হয়
না। সেই সংযোগ হইলে অদৃষ্ট না থাকিলে (গর্ভাধান) হয় না,
অদৃষ্ট থাকিলেই (গর্ভাধান) হয়, এ বিষয়ে নিয়মাভাব উপপন্ন হয় না।
(কারণ) কর্মানিরপেক্ষ ভূতবর্গ শরীরোৎপত্তির হেতু হইলে নিয়ম হউক।
যেহেতু এই সমস্ত থাকিলে অর্থাৎ প্রেবাক্ত শরীরোৎপাদক ভূতবর্গ
থাকিলে কারণের অভাব থাকে না।

টিশ্পনী। শরীর অদৃষ্টবিশেষসাহপক ভতবর্গজনা, অদৃষ্টবিশেষ ব্যত্ত তি শরীবের উৎপত্তি হয় না. এই সিদ্ধান্ত সমর্থন করিবার জন্য মহাধি এই গ্তের বারা আর একটি হেতু বলিয়াছেন যে, পত্নী ও পতির সম্ভানোৎপাদক সংযোগ<mark>বিশেষ হইলেও অনেক স্থলে</mark> গভাধান হয় না। গভাধানের প্রতিবন্ধক ব্যাধি প্রভৃতি কিছুই নাই, উপযুক্ত সমহয় পতি ও পত্নীর উপযুক্ত বংযোগও হইতেছে, কিছ সমগ্র জাবনেও গর্ভাগান হইতেছে না, ইহার বছ দুষ্টা**ন্ত আছে। সূত্রাং পত্নী ও পতি**র উপযুক্ত সংযোগ হইলেই গর্ভাষান হইবে, এইরূপে নিয়ন নাই, ইহা স্বীকার্য্য। পুতরাং গর্ভাষানে यम्हेविर्भष् कात्रन, हेर। यदना चीकार्या। यन्हेविरभष थाकिरलहे গর্ভাধানের দৃষ্ট কারণগমূহজন্য গর্ভাধান হয়, অদৃষ্টবিশেষ ন। থাকিলে উহা হয় না। কিন্তু যদি অদুষ্টবিশেষকে অপেক্ষা না করিয়া পত্না ও পতিব সংযোগবিশেষের পরে ভ্তবর্গই শ্রীরের উৎপাদ । হয়, তাহ। হইলে প্ৰেব্যক্তরপ অনিয়ম অর্থাৎ পত্নী ও পত্তির বংযোগ হইলেই গর্ভাধান হইবে, এই**রূপ নিয়নের অভাব উপাসর হ**য় না। কারণ, গর্ভাধানে মুদুষ্টবিশেষ কাৰণ ন। হইলে পত্নী ও পতিব মংযোগৰিশেষ হইলেই অন্য ছান্ত্ৰের অভাব না থাকায় স্ক্রিই গ্রভাষান হইতে পারে। পত্নী ও পতিন গাস্ত সংযোগই গর্ভ উৎপন করিতে গানে। সূত্রাং পত্নী ও পতির সংযোগ इ**ইলেই** প্রভাষান হইবে, এই**র**েশ নির্মান ইক প াক্ত ভ্ররণ নির্মানাই, ্রক্তপ নিয়মের অভাব অনিয়মই আছে। গর্ভাধানে অনুষ্টবিশেষ ক হারণক্রপ্রে স্থীকার না করিলে ঐ অনিয়মের উপপত্তি হয় না ॥৬৫॥

ভাষ্য। অথাপি—

সূত্র:। শরীরোৎপত্তিনিমিত্তবং সংযোগোৎপত্তি-নিমিত্তং কর্ম ।।৬৬।।৩৩৭॥

অনুবাদ। পরস্ত কর্মা (অদৃষ্টবিশেষ) যেমন শরীরের উৎপত্তির নিমিত্ত, তদ্রেপ সংযোগের অর্থাৎ আত্মবিশেষের সহিত শবীরবিশেষের বিলক্ষণ সংযোগের উৎপত্তির নিমিত্ত।

ভাষ্য । যথা থবিদং শরীরং ধাতুপ্রাণসংবাহিনীনাং নাড়ীনাং উক্রোম্ভানাং ধাতুনাঞ্চ স্নায়ুত্বগস্থি-শিরাপেশী-কলল-কগুরাণাঞ্চ শিরোবাহু- দরাণাং সক্থাপ কৈষ্ঠিগানাং বাতপিত্তকফানাঞ্চ মুথ-কণ্ঠ-হাদয়ামাশয়-প্রকাশয়াধঃ-স্রোতসাঞ্চ পরমন্তঃখসম্পাদনীয়েন সন্নিবেশেন ব্যুহিতমশক্যং পৃথিব্যাদিভিঃ কর্মানিরপেকৈরুৎপাদয়তুমিতি কর্মানিমন্তা শরীরোৎ-পত্তিরিতি বিজ্ঞায়তে। এবঞ্চ প্রত্যাত্মানয়তস্থ নিমিত্তস্যাভাবান্নিরতি-শয়েরাত্মভিঃ সম্বন্ধাৎ সর্ববাত্মনাঞ্চ সমানৈঃ পৃথিব্যাদিভিরুৎপাদিভং শরীরঃ পৃথিব্যাদিগতস্থ চ নিয়মহেতোরভাবাৎ সর্ববাত্মনাং স্বশ্বতঃখসংবিত্ত্যায় তনং সমানং প্রাপ্তং। যত্ত্ব প্রত্যাত্মং ব্যুবভিষ্ঠতে তত্র শরীরোৎপত্তিনি নিতঃকর্মব্যুবস্থাহেতুরিতি বিজ্ঞায়তে। পরিপচ্যমানো হি প্রত্যাত্মনিয়তঃকর্মাশয়েয় য়ম্মিন্নাত্মনি বর্ত্তে তলৈপ্রেনিমিত্তবৎ সংযোগনিমিত্তং কর্মোশতে। তবেদং শরীরোৎপত্তিনিমিত্তবৎ সংযোগনিমিত্তং কর্মোশতে। প্রত্যাত্মব্যুবস্থানত শরীরস্থাত্মনা সংযোগং প্রচন্মাহে বিজ্ঞায়তে। প্রত্যাত্মব্যুবস্থানত শরীরস্থাত্মনা সংযোগং প্রচন্মাহে ইতি।

অধুবাদ। ধাতু এবং প্রাণবায়্র সংবাহিনী নাড়ীসমূহের এবং শুক্রপর্য্যস্ত ধাতুসমূহের এবং সায়, ত্বক, অস্থি, শিরা, পেশী, কলল ও কগুরাসমূহের এবং মস্তক, বাহু, উদর ও সক্থি অর্থাৎ উরুদেশের এবং কোষ্ঠ গত বায়, পিত্ত ও শ্লেমার এবং মুখ, কণ্ঠ, হাদয়, আমাশয় প্রকাশয় স্ব্রোধাদেশ ও স্রোভঃ অর্থাৎ ছিন্তবিশেষসমূহের অতিক্ট-

১। সমস্ত পুস্তকেই 'সেক্থাং" এইরাপ পাঠ আছে। কিন্ত শরীরে স্ক্থি (উরু)
দুইটিই থাকে। 'শিরোবাহূদরসফুথাঞ' এইরাপ পাঠই প্রকৃত বলিয়া গ্রহণ করিলে
কোন বন্ধাব্য থাকে না।

২। আমাশয়, - অগ্নাশয়, পক্ষাশয় প্রভৃতি স্থানের নাম কোঠ।—'স্থানান্যামাগ্রি-পক্ষানাং মূত্রস্থ ক্ষধিরস্য চ। হাদুগুকঃ ফুস্ফুস্শ্চ কোঠ ইত্যভিধীয়তে॥" সুঞ্চ, চিকিৎসিতস্থান ।" ২য় অঃ, ১ম শ্লোক।

৩। ন.ভি ও ভনের মধ্যগত ছানের নাম আমাশয়। "নাভিভনাভরং জ্ঝে-রাহরামাশয়ং বুধাঃ"।—সূঞ্ত।

^{8।} মলভারের উপরে নাভির নিম্নে প্রাশয়। মলাশয়েরই অপর নাম প্রাশয়।

৫। ''স্রোতস্'' শব্দটি শরীরের অন্তর্গত ছিদ্রবিশেষেরই বাচক। সুশ্রুত অনেক প্রকার লোতের বর্ণনা করিয়া শেষে সামান্যতঃ লোতের পরিচয় বলিয়াছেন,—''মূলাং

সম্পাত্ত (অভিত্নন্ধর) সন্ধিবেশের (সংযোগবিশেষের) দারা ব্যুহিত অর্থাৎ নির্দ্মিত এই শরীর অদৃষ্টনিরপেক্ষ পৃথিব্যাদি ভূতকর্তৃক উৎপাদন করিতে অশক্য, এ জ্বন্স যেমন শরীরোৎপত্তি অদৃষ্টজন্ম, ইহা বুঝা যায়, এইরূপই প্রত্যেক আত্মাতে নিয়ত নিমিত্ত (অদৃষ্ট) না থাকায় নির্রাত-শয় (নির্বিশেষ) সমস্ত আত্মার সহিত (সমস্ত শরীরের) সম্বন্ধ (সংযোগ) থাকায় সমন্ত আত্মার সমন্তেই সমান পৃথিব্যাদি ভূত-কর্ত্তক উৎপাদিত শরীর পুথিব্যাদিগত নিয়ন-হেতুও না থাকায় সমস্ত আত্মার সমান স্থুখছুংখ ভোগায়তন প্রাপ্ত হয়,—[অর্থাৎ পূর্ব্বোক্ত প্রত্যাত্মনিয়ত অদৃষ্টবিশেষ না থাকিলে সর্ববঞ্জীবের সমস্ত শরীরই তুল্য-ভাবে সমস্ত আত্মার স্থুখহুংখ ভোগের আয়তন (অধিষ্ঠান) হইতে পারে, সর্বশরীরেই সকল আত্মার স্থখহু:২ভোগ হইতে পারে ৷ কিন্তু যাহা (শরীর) প্রত্যেক আত্মাতে ব্যবস্থিত হয়, শরীরোৎপত্তির নিমিত্ত অদৃষ্ট দেই শরীরে ব্যবস্থার কারণ, ইহা বুঝা যায়। যেহেতু পরিপচ্যমান অর্থাৎ ফলোন্মুখ প্রাত্যাত্মনিয়ত কন্মান্ময় (ধন্ম ও অধন্ম-রূপ অদৃষ্ট) যে আত্মাতে বর্ত্তমান থাকে, সেই আত্মারই উপভোগায়তন শরীর উৎপাদন করিয়া ব্যবস্থাপন করে। স্থতরাং এইরূপ হ**ইলে** ক**ন্ম**ি অর্থাৎ অদৃষ্টবিশেষ যেমন শরীরোৎপত্তির কারণ, ডক্রপ (শরীর-বিশেষের সহিত আত্মবিশেষের) সংযোগের কারণ, ইহা বুঝা যায়। প্রত্যেক আত্মাতে ব্যবস্থানই অর্থাৎ সুখদ্বংখাদি ভোগের নিয়ামক সম্বন্ধবিশেষকেই (আমরা) আত্মার সহিত শরীরবিশেষের সংযোগ বলি।

টিপ্পনী। শরীর পূর্বজনেমর কর্মফল অদৃষ্টবিশেষজ্ঞা, এই গিছান্ড গমর্থন করিয়া, প্রকারান্তরে আবার উহা সমর্থন করিবার জনা এবং তদুধারা

খাদভরং দেহে প্রস্তভ্ভিবাহি য় । স্রোতস্তদিতি বিজেয়ং শিরাধমনিব্জিতং ॥''
—শারীরস্থান, নবম অধাায়ের শেষ। মহাভারতের বনপ্রেব ১১২ অধ্যায়ে—১৩শ
লোকের ('স্রোতাংসি তুম্মাজ্জায়ভ সম্ব্রাণেযু দেহিনাং ।'') টীকায় নীলকণ্ঠ লিখিয়াছেন, "স্রোতাংসি নাড়ীমাগাঁঃ"। বনপ্রেবর ঐ অধ্যায়ে যোগীদিগের 'প্রাশয়'
'আমাশয়" প্রভৃতির বর্ণন দেউবা।

শরীরবিশেষে আম্ববিশেষের স্থপু:খাদি ভোগের ব্যবস্থা বা নিয়মের উপপাদন করিবার জন্য মহুষি এই সূত্রের **খার৷ ব**লিয়াছেন যে, অদুষ্ট-বিশেষ যেমন শরীরোৎপত্তির কারণ, তদ্রুপ আমুবিশেমের সহিত भौतीतविरमस्य मः त्यागविद्ययाष्ट्रपछित कात्र । अर्थाः त्य अपृष्टेविरमस्यना যে শরীরের উৎপত্তি হয়, সেই অদৃষ্টবিশেষের আশ্রয় আত্মবিশেষের সহিতই সেই শরীরের সংযোগবিশেষ জনেম, তাহাতেও ঐ অদৃষ্টবি**শে**ষই কারণ। ঐ অদৃষ্টবিশেষ আত্মবিশেষের সহিত শরীর বিশেষেরই সংযোগ-বিহশ্ব উৎপন্ন করিয়া, তদ্বারা শরীরবিশেষই আশার স্থবদু:খভোগের ব্যবস্থাপ ক হয়। ভাষ্যকার মহর্ষির তাৎপর্য্য বর্ণন করিতে প্রথমে "যথা" ইত্যাদি "কর্মনিমিত। শরীবোৎপত্তিরিতি বিভাগতে" ইত্যন্ত ভাষ্যের খার। সুত্রোত "শরীলোৎপত্তিনিমিত্তবং" এই দুধাল্ব-বাক্যের তাৎপর্য্য বর্ণন করিয়া পরে ''এবঞ্চ'' ইত্যাদি ''সংযোগনিনিত্তং কর্মেতি বিজ্ঞায়তে'' ইত্যন্ত ভাষ্যের হার। সূত্র্ত্রাক্ত ''দংযোগোৎপত্তিনিমিত্তং কর্ম্ম'' এই বাত্ত্কার তাৎপর্য্য বুক্তির দান। সন্ধনপূর্ব্বক বর্ণন করিয়াছেন। ভাষ্যকারের কথার বাব মর্ল্ল এট যে, নানাবিধ অঙ্গ প্রত্যন্তানির বৈরূপ সন্নিবেশের হার। শরীর নিল্লিত হাা, ঐ সন্নিবেশ অতি দুকর। কোন বিশেষ কারণ ব্যতীত কেবল ভূতবৰ্গ, ঐক্লপ অন্ধ প্ৰত্যাসাদির স্নিবেশ্বিশিষ্ট শ্রীর নুটী করিতেই পারে না। এ জন্য যেমন শত্রীরোৎপত্তি অদুষ্টবিশেষজন্য, ইহা সিদ্ধ ুয়া, ভজ্ৰপ প্ৰত্যেক আত্মাতে ভিন্ন ভিন্ন <mark>শৰী</mark>ৱবি**শেঘে স্থ**ৰ-দু:খাদি ভোগের ব্যবস্থাপক অদৃষ্টবিশেম না থাকিলে সমস্ত শরী**রে**ই সমস্ত আত্মার সমান ভাবে অথ দু:খাদি ভোগ হইতে পারে, শরীরোৎপাদক পুথিব্যাদি ভতবর্গে স্থুখ দুঃখাদি ভোগের ব্যবস্থাপক কোন গুণবিশেঘ না খাকায় এবং প্রত্যেক আত্মাতে নিয়ত ঐ**র**প কোন কাবণবিশে**ঘ না থাকা**য় সমস্ত আত্মার সহিত সমস্ত শরীরেরই তুলা সংযোগবণত: সমস্ত শরীরই সমস্ত আন্তার সুথ দু:খাদি ভোগের অধিষ্ঠান হইতে পারে। এ জন্য ারীরোৎপাদক অদুষ্টবিশেষ আত্মবিশেষের সহিত শরীরবিশেষের সংযোগ-विराम छेर श्री कहत, ये जमुष्टेनिरामचे ये गःराधाविरामसत्र विराम कार्या, ইহা সিদ্ধ হয়। এক গাম্বার অদুষ্ট অন্য আত্মাতে থাকে না, ভিন্ন ভিন্ন-আত্মতে ভিন্ন ভিন্ন শরীরবিশ্বশবের উৎপাদক ভিন্ন ভিন্ন অদৃষ্টবিশেষই থাকে, স্থতরাং উহ। শরীরবিশে**ঘে**ই আম্ববি**রণ্যের অর্থা**ৎ যে শরীর যে মাশ্বার অদৃটজন্য, সেই শরীরেই সেই আস্থার স্থপদু:খাদি ভোগের ব্যবস্থাপক হয়, ভাষ্যকার ইহা বুঝাইতেই ঐ **অ**দৃষ্টবিশে<mark>ষরূপ কা</mark>রণকে

"প্রত্যা**দ্বনিয়ত''** বলিয়াছেন। কিন্ত যদি প্রত্যেক আ**দ্রাতে নিয়ত কর্দাৎ** যে **আত্মাতে যে অদৃষ্ট জ**নিময়াছে, ঐ অদৃষ্ট সেই আত্মাতেই **থাকে, অন্য** আদ্বাতে থাকে না, এইরূপ নিয়মবিশিষ্ট অদৃষ্টরূপ কারণ না থাকে, তাহা इरेटन ममल आबारे निनिजिमात्र वर्षां निर्वित्तमा रहेता ममल **महीरतन** গম্বদ্ধেই সমান হয়। সমস্ত শ্বীরেই সমস্ত আল্লার তুল্য সংযোগ থাকার "ইহা আমারই শরীর, অন্যের শনীব নতে?' ইত্যাদি প্রকার ব্যবস্থাও উপপন্ন হয় না—''ব্যবস্থা'' বলিতে নিয়ম। প্রত্যেক আ**ত্মাকে স্থৰদুঃধাদি** ভোগের যে ব্যবস্থা আছে, তদ্মায়। শরীবও যে ব্যবস্থিত, অর্থাৎ প্রত্যেক শ্রীরই কোন এক আভারেই শ্রীর, এইরূপ নিয়নবিশিষ্ট, ইহা বুঝা **যায়।** সূতরাং শরীরের উৎপত্তির কারণ যে নৃদৃষ্ট, তাহাই ঐ শরীরে প্**রেক্তি**-রপ ব্যবস্থার হেতু ব। নির্বাহন্দ, ইহাই স্বীকার্যা। অদ্টবিশেষ্টক কারণরপে স্বীকার ন। করিলে পুর্ফোক্তরূপ ব্যবস্থার উ**পপত্তি হইড**ত পারে না। শরীরে 'ৎপত্তিতে অদুষ্টবিশেষ কারণ হইলে যে আছাতে বে षपृष्टेविरमेष करनाम। अ दरेया अ व्यावातरे स्थ्यु: यापि (ভाগमण्यापतन क्रमा যে শরীরবিশেষের ভাষ্টি কবে, ঐ শরীরবিশেষই দেই আত্মার সখদু:খাদি ভোগের অধিষ্ঠান হয়। পুনের্বাক্ত অদৃষ্টবিশেষ, ভাহার আশ্রয় আশ্বারই শুধদু: থাদি ভোগা::তন শনীর স্থাট্ট ভবিষা পুর্বেলিজরূপ ব্যবস্থার নির্বাহক श्य ।

এখানে ন্যায়মতে আত্মা যে প্রাতশরীরে ভিন্ন এবং বিভূ অর্থাৎ আকাশের
ন্যায় সর্বব্যাপী দ্রব্যা, ইহা ভাষ্যকারের কথাব ঘার। ম্পষ্ট বুঝা যার।
ইত:পূর্বের আত্মা দেহাদি হইতে ভিন্ন নিত্য দ্রব্যা, ইহা সিদ্ধ হইয়াছে।
অতরাং আত্মা যে নিরবর্যর দ্রব্যা, ইহাও গিদ্ধ হইয়াছে। কারপ,
সাবয়র দ্রব্যা নিত্য হইতে পারে না। নিরবর্যর দ্রব্যা অতি সূত্ম
অথবা অতি মহৎ হইতে পারে। কিন্তু আত্মা অতি সূত্ম পদার্থ হইতে
পারে না। আত্মা পরমাণুর ন্যায় অতি সন্ধ পদার্থ হইতে পারে না। বিদ্ধ
"দ্রামি স্থা", "আমি দুংবা" ইত্যাদি প্রকারে আত্মাতে স্থবদুংখাদির মানস
প্রত্যক হইয়া থাকে। দেহাদি ভিন্ন আত্মাতে ঐক্সপ প্রত্যক্ষ স্থাকার না
করিবে অথবা মানস প্রত্যক্ষে মহৎ প্রথমাণের কারণ্য যীকার না কারন্তেও
আত্মাকে পরমাণুর ন্যায় অতি সক্ষ্ম পদার্থ বলা যায় না। কারণ, আত্মা
অতি সক্ষ্ম পদার্থ হইলে একই সময়ে শ্রীরের সর্ব্বিয়বে তাহার সংবাগ

मा থাকায় সর্ব্বাবয়বে অ্থদু:খাদির অনুভব হইতে পারে মা। যাহা অনু ভবের কর্ত্তা, তাহ। শরীরের একদেশস্থ হ**ইলে সর্ব্বদেশে কোন অ**নুজ করিতে পারে না। কিন্তু অনেক সময়ে শরীরের সর্ব্বাবয়ত্ত্বও শীতাদি স্প এবং দু:খাদির অনুভব হইয়া থাকে। স্থতরাং শরীরের সর্বাবয়রো অনুভবকর্ত্ত। আত্মার সংযোগ আছে, আত্মা অতি সন্ম দ্রব্য নহে, ইয় স্বীকার্য্য। জৈনসম্প্রদায় আত্মাকে দেহপরিমাণ স্বীকার করিয়া আত্ম সংহকাচ ও বিকাস স্বীকার করিয়াছেন। পিপীলিকার আছা হস্তীয় শরীর পরিগ্রহ করিলে তখন উহার বিকাস বা বিস্তার হওয়ায় হস্তীর দেহের ত্ল্য পরিমাণ হয়। হন্তীর আত্মা পিপীলিকার শরীর পরিগ্রহ করিনে তথন উহার সংকোচ হওয়ায় পিপালিকার দেহের তুলাপরিমাণ হয়, ইহাই তাঁহাদিগের দিদ্ধান্ত। কিন্তু আত্মার মধ্যম পরিমাণ স্বীকার করিলে আত্মান নিতাম্বের ব্যাঘাত হয়। অতি সক্ষ্ম অথবা অতি মহৎ, এই হিবিধ ভিন্ন মধাম পরিমাণ কোন দ্রবাই নিতা নহে। মধ্যমপরিমাণ দ্রবা মাত্রই সাবয়ব। সাবয়ব না হইলে তাহা মধ্যম পরিমাণ হইতে পারে না। মধ্যম পরিমাণ হইয়াও দ্রব্য নিত্য হয়, ইহার দুটান্ত নাই। পরত আত্মার সংকোচ ও বিকাস স্বীকার করিলে আত্মাকে নিত্য বলা যাইবে না। কারণ, সংকোচ ও বিকাস বিকারবিশেষ, উহা সাব্যুব দ্রব্যেরই ধর্ম্ম। আত্ম সুৰুপ। নিৰ্ক্ষিকার পদার্থ। অন্য কোন সম্প্রদায়ই আছার সংকোচ বিকাসাদি কোনরূপ বিকার স্বীকার করেন নাই। মূল কথা, পূর্ব্বোজ্ঞ নান। যুক্তির ছার। যথন আত্মার নিত্যত্ব সিদ্ধ হইয়াছে এবং অতি সৃক্ষ মনের আত্মত্ব খণ্ডিত হইয়াছে, তখন আত্মা বে আকাশের ন্যায় বিভূ অর্থাৎ সমন্ত মূর্ত্ত ক্রব্যের সহিতই আত্মার সংযোগ আছে, ইহাও প্রতিপন্ন হইয়াছে। তাহা হইলে সমস্ত আত্মারই বিভূত্ববশত: সমস্ত শরীরের সহিতই তাহার সংযোগ আছে, ইহা স্বীকার্য্য। কিন্তু তাহা হ**ইলেও আন্থবিশেদের** সহিত শরীরবিশেষের যে বিলক্ষণ সম্বন্ধবিশেষ জনেন, নহমি উহাকেও "সংযোগ" নামেই উল্লেখ করিয়াছেন। স্থতরাং **আম্বার বিভুম্বশত: ভাহার প**রিগৃহীত নিজ শরীরেও তাহার যে সামান্যসংযোগ থাকে, উহ। হইতে পৃথক্ আর একটি সংযোগ যেখানে জন্মে না, ঐরপ পৃথকু সংযোগ স্বীকার করা বার্থু, ইচ। মহমির তাৎপর্য্য বুঝা যাইতে পারে। তাহা হইলে আছার নি मंत्रीद्ध त्य गः त्यांगं, लाहा विनिष्टे वा विकालीय गः त्यांगं वदः वनाना শরীর ও অন্যান্য মূর্ত্ত দ্রব্যে তাহার যে সংযোগ, তাহ। সামান্য সংযোগ, ইহা বলা যাইতে পারে। অদুষ্টবিশেঘলনাই শরীরবিশেষে আন্ববিশেষে

বঁদ্বাতীয় সংযোগ জনেম, ঐ বিজ্ঞাতীয় সংযোগ প্রত্যেক আদ্বাতে শরীর-बेल्या खर्नुःशानि ভোগের ব্যবস্থাপক হয়। ভাষ্যকার সর্ব্বশেষে ইহাই ব্যক্ত করিতে বলিয়াছেন যে, প্রত্যেক আম্বার শরীববিশেষে সুখ**দুঃখ ভোগের** "वावश्वान" व्यथा वावश्वा वा नियमात निक्वाहक या मः त्यागवित्वम, তাহাতেকই এখানে আমর। সংযোগ বলিয়াছি। সূত্রে ''সংযোগ'' শব্দের দার। পুর্ব্বোক্তরপ বিশিষ্ট ব। বিজাতীয় সংযোগই নহম্বি বিবক্ষিত। वृक्तिकात विश्वनाथ अवः वनागाना नवा नियायिकशन शृत्वीक गः त्यात्रीत नाम বলিয়া**ছেন ''অবচ্ছেনকতা।'' যে আ**শ্বার অদৃষ্টবিশেষজ্পন্য যে শরীরের পরিগ্রহ হয়, দেই শরীরেই দেই আলার ''অবচ্ছেদকতা'' নামক সংযোগ-বিশেষ জনেম, এ জন্য সেই আশ্বাকেই সেই শরীরাবচ্ছিত্র বলা হইয়া থাকে। আম্বার বিভূমবণত: অন্যান্য শরীরে তাহার সংযোগ থাকিলেও ঐ সংযোগ ষ্টাদি মূর্ত্ত দ্রব্যের সহিত সংযোগের ন্যায় সামান্য সংযোগ, "অবচ্ছেদকত।''রূপ বিজাতীয় সংযোগ নহে। স্থতরাং আদ্বা অন্যান্য শরীরে সংযুক্ত হইলেও অন্যান্য শরীরাবচ্ছিন্ন না হওয়ায় অন্যান্য সমস্ত শরীরে তাহার স্থধদু:ধাদিভোগ হয় না। কাবণ, শরীরাবচ্ছিন **আম্বাতে**ই অুখদু:খাদিভোগ হইয়। থাকে। অদুষ্টবিশেষজন্য যে এছে। যে শরীর পরিগ্রহ করে, সেই শরীরই সেই আত্মার অবচ্ছেদক বলিয়া স্বীকৃত হইয়া**ছে ; স্থত**রাং সেই আত্মাই সেই শরীরাবচ্ছিন্ন। এতএব সেই শরীরেই সেই আত্মার স্থপূ:খাদি ভোগ হইয়া থাকে।। ৬৬ ।।

সূত্র। এতেনানিয়মঃ প্রত্যুক্তিঃ॥৬৭॥৩৩৮॥

অমুবাদ। ইহার দারা (পূর্বসূত্রের দারা) "অনিয়ম" অর্থাৎ শরীরের ভেদ বা নানাপ্রকারত। "প্রভ্যুক্ত" অর্থাৎ উপপাদিত হইয়াছে।

ভাষ্য। যোহয়মকশ্মনিমিত্তে শরীরদর্গে সত্যনিয়ম ইত্যুচ্যতে, অয়ং
"শ্রীরোৎপত্তিনিমিত্তবৎ সংযোগে গংপাত্তানিমিত্তং কর্ম্মে"তানেন প্রত্যুক্ত:। কন্তাবদয়ং নিয়মঃ ? যথৈকস্যাত্মনঃ শরীরং তথা
সর্কেষামিতিঃ নিয়মঃ। অক্যস্তাস্থাহক্সসাক্তথেত্যনিয়মো ভেদে। ব্যাবৃত্তিবিশেষ ইতি। দৃষ্টা চ জন্মব্যাবৃত্তিকচ্চাভিজনো নিক্ষীভিজন ইতি,—
বশন্তং নিন্দিমিতি, ব্যাধিবস্থলমরোগমিতি, সমগ্রং বিক্সমিতি, পীড়া-

বছলং সুখবছলমিতি, পুরুষাতিশয়লক্ষণোপপন্নং বিপরীতমিতি, প্রশন্তলক্ষণ নিন্দিতলক্ষণমিতি, পটিবুল্লিয়ং মৃদ্বিন্দ্রিয়মিতি। সুক্ষান্দ্র ভেদো১পরিমেরঃ। সোহয়ং জন্মভেদঃ প্রত্যাত্মনিয়তাৎ কন্ম ভেদান্ত্রপপত্ততে।
অসতি কন্ম ভেদে প্রত্যাত্মনিয়তে নিরতিশয়ত্বাদারী সর্বাহ্বাদারী সামান্দ্রাচ্চ
পৃথিব্যাদীনাং পৃথিব্যাদিগতস্থা নিয়মহেতোরভাবাৎ সর্বাহ্বাদ্রানাং
প্রসক্ষ্যেত, ন ছিদমিখন্তুতং জন্ম, তুস্মান্নাকন্ম নিমিত্তা শরীরোৎপত্তিরিতি।

উপপন্নশ্চ তাদ্বোগঃ কর্মক্ষরোপপতেঃ। কর্মনিমিতে শরীরসর্গে তেন শরীরেণালনো বিয়োগ উপপন্ন:। কর্মাৎ ? কর্মক্ষয়োপপতেঃ। উপপদ্ধতে খলু কর্মক্ষয়ং, সম্যগ্দর্শনাৎ প্রক্ষীণে মোহে বীতরাগঃ পুনর্ভবহেতু কর্মা কান্ত-বাঙ্মলোভিন করোতি ইত্যুত্তরস্থামুপচয়ঃ পর্বেগিচিতক্স বিপাকপ্রতিসংবেদনাৎ প্রক্ষয়ঃ। এবং প্রস্বহেতোরভাবাৎ পতিতেহিন্মিন্ শরীরে পুনঃ শরীরান্তরামুপপত্তেরপ্রতিসন্ধিঃ। অকর্মানিমিতে তু শরীরসর্গে ভূতক্ষয়ামুপপত্তেভিদ্যোগামুপপত্তিরিতি।

অসুবাদ। শরীরসৃষ্টি অকর্ম্মনিমিত্তক অর্থাৎ অদৃষ্টনিপেক্ষ ভ্তজ্ঞ হইলে এই যে "অনিয়ম," ইহা উক্ত হয়,—এই অনিয়ম "কর্মা যেমন শরীরোৎপত্তির নিমিত্ত, তদ্রুপ সংযোগোৎপত্তির নিমিত্ত" এই কথার দ্বারা (পূর্বকৃত্ত্রের দ্বারা) "প্রত্যুক্ত" অর্থাৎ সমাহিত বা উপপাদিত হইয়াছে। (প্রশ্ন) এই নিয়ম কি ৷ (উত্তর) এক আত্মার শরীর যে প্রকার, সমস্ত আত্মার শরীর সেই প্রকার, ইহা নিয়ম। অক্য আত্মার শরীর অক্যপ্রকার, অন্য আত্মার শরীর অক্যপ্রকার, অন্য আত্মার শরীর অক্যপ্রকার, ইহা অনিয়ম (অর্থাৎ) ভেদ, ব্যাবৃত্তি, বিশেষ। জন্মের ব্যাবৃত্তি অর্থাৎ শরীরের বিশেষ দৃষ্টও হয়, (যথা) উচ্চ বংশ, নীচ বংশ। ভেদ বা প্রশান্ত, নিন্দিত। রোগবহুল, রোগশৃত্য। সম্পূর্ণাঙ্গ, অঙ্গহীন ছংখবহুল, স্থবহুল। পুরুষের উৎবর্ষের লক্ষণযুক্ত, বিপরীত অর্থাৎ পুরুষের অপকর্ষের অপকর্ষের লক্ষণযুক্ত, নিন্দিতলক্ষণযুক্ত। প্রশান্তরক্ষণযুক্ত, নিন্দিতলক্ষণযুক্ত। পুরুষের অপকর্ষের লক্ষণযুক্ত, নিন্দিতলক্ষণযুক্ত।

এই জন্মতেদ অর্থাৎ শরীরের প্রেবাক্ত প্রকার স্থুলভেদ এবং অসংখ্য স্ক্ষাভেদ প্রত্যাত্মনিয়ত অদৃষ্ঠভেদপ্রযুক্ত উপপন্ন হয়। প্রত্যাত্মনিয়ত অদৃষ্টভেদ না থাকিলে সমস্ত আত্মার নিরতিশয়ত্ব (নির্বিশেষত্ব)বশতঃ এবং পৃথিব্যাদি ভূতবর্গের তুলাত্ববশনঃ পৃথিব্যাদিগত নিয়ম হে হূ না থাকায় সমস্ত আত্মার সমস্ত জন্ম প্রদক্ত হয়, অর্থাৎ অদৃষ্ট জন্মের কারণ না হইলে সমস্ত আত্মারই সর্বব্যকার জন্ম হইতে পারে। কিন্তু এই জন্ম এই প্রকার নহে অর্থাৎ সমস্ত আত্মারই এক প্রকার জন্ম বা শরীর পরিগ্রহ হয় না, স্কুতরাং শরীরে উৎপত্তি অকর্মানিমিত্তিক অর্থাৎ অদৃষ্টনিরপেক্ষ ভূতক্বতা নহে।

পরস্ক অদৃষ্ট বিনাশের উপপত্তিবশতঃ সেই শরীরের সহিত আত্মার বিয়োগ উপপন্ন হয়। বিশদার্থ এই যে শরীর সৃষ্টি অদৃষ্টপ্রতা হইলে সেই শরীরের সহিত আত্মার বিয়োগ উপপন্ন হয়। (প্রশ্ন কেন ? (উত্তর) অদৃষ্ট বিনাশের উপপত্তি বশতঃ। (বিশদার্থ) যেহেতৃ অদৃষ্ট বিনাশ উপপন্ন হয়; তত্ত্বসাক্ষাৎকার প্রযুক্ত মিধ্যা জ্ঞান বিনষ্ট হইলে বীতরাগ অর্থাৎ বিষয়াভিলাযশৃত্য আত্মা শরীর, বাক্য ও মনের দ্বারা পুনর্জ্জন্মের কারণ কর্ম্ম করে না, এ জন্য উত্তর অদৃষ্টের উপচয় হয় না, অর্থাৎ নৃতন অদৃষ্ট আর জন্মে না, পূর্বব্যক্ষিত অদৃষ্টের বিপাকের (ফলের) প্রতিসংবেদন (উপভোগ) বশতঃ বিনাশ হয়। এইরপে হইলে অর্থাৎ তত্ত্বদর্শী আত্মার পুনর্জ্জন্মজনক অদৃষ্ট না থাকিলে জন্মের হেতৃর অভাববশতঃ এই শরীর পতিত হইলে পুনর্ব্বার শরীরান্তরের উপপত্তি হয় না, অত এব "অপ্রতিসন্ধি" অর্থাৎ পুনর্জ্জন্মের অভাবরূপ

[•]১। 'প্রতিসন্ধি' শব্দের অর্থ পুনর্জনা। সূতরাং 'অপ্রতিসন্ধি' শব্দের **ভারা** পুনর্জনার অভাব বুঝা যায়। (পূর্ববর্তী ৭২ প্রচায় নিমুটি পনী দ্রন্তবা)। অত্যতা-ভাব সমাসে প্রাচীনগণ অনেক স্থানে পুংলিল প্রয়োগও করিয়াছেন। ''কিরণাবরী' গ্রেষ্টে টানামবিবাদঃ'' এই বাক্যে ''অবিবাদঃ'' এইরাপ পুংলিল প্রয়োগ করিয়াছেন। ''শব্দ ভিপ্রকাশিকা'' গ্রন্থে জগদীশ ত্রকাল ছার, উদয়নাচার্যোর উভ্তিষ্কাপ প্রদর্শন করিয়া উহার উপপত্তি প্রকাশ করিয়াছেন।

মোক্ষ হয়। কিন্তু শরীরসৃষ্টি অকন্মনিমিত্তক হইলে অর্থাৎ কন্মনিরপেক্ষ ভূতমাত্রজ্বস্থা হইলে ভূতের বিনাশের অমুপপত্তিবশতঃ সেই শরীরের সহিত আত্মার বিয়োগের অর্থাৎ আত্মার শরীর সম্বন্ধের আত্যন্তিক নিবৃত্তির (মোক্ষের) উপপত্তি হয় না।

িপ্রনী। শ্রীর অদ্ট্রিশেঘজনা, এট সিদ্ধান্ত সমর্থন করিতে মহবি শেষে আর একটি যুভির সান। করিতে এই সাত্রের হার। বলিয়াছেন যে, শরীরের অদ্টজনাত ব্যবস্থাপনের **হা**রা "গুনিয়মের" স্মাধান হইয়াছে। অর্ধাৎ শরীর অদৃষ্টজন্য না হইলে নিয়মের আপত্তি হয়, সর্ববাদিসম্মত যে "অনিয়ম", তাহার সমাধান বা উপপত্তি হইতে পারে না। ভাষ্যকার সত্যোক্ত "অনিয়মে"র ব্যাখ্যার জন্য প্রথমে উহার বিপরীত "নিয়ম" কি ? এই প্রশু করিয়া, তদুত্তরে বলিয়াছেন থে, সমস্ত আ্পার এক প্রকার শরীরই ''নিয়ম'', ভিন্ন ভিন্ন আত্মার ভিন্ন ভিন্ন প্রকার শরীরই ''অনিয়ম''। ভাষ্যকার 'ভেদ' শব্দের দারা তাঁহার পূর্কোক্ত ''অনিয়মের'' স্বরূপ ব্যাখ্যা করিয়া, পরে 'ব্যাবৃত্তি'' ও 'বিশেষ" শবেদর ছারা ঐ ''ভেদেরই'' বিবরণ করিয়াছেন। অর্থাৎ ভিন্ন ভিন্ন আত্মা বা প্রত্যেক পরিগতীত শরীরের পরস্পার ভেদ অর্থাৎ ব্যাবৃত্তি বা বিশেষ্ট স্ত্রে "অনিয়ম" শবেদর ছার। বিবক্ষিত। এই "অনিয়ম" সর্ববাদিসন্মত; কারণ, উহা প্রত্যক্ষণিদ্ধ। ভাষ্যকার ইহা বুঝাইতে শেষে জন্মের ব্যাবৃত্তি অর্থাৎ জন্ম বা শরীবের বিশেষ দৃষ্ট হয়, ইত্যাদি বলিয়াছেন। কাহারও উচ্চ কুলে অসম, কাহারও নীচ কুলে অসম, কাহারও শরীর প্রশস্ত, **काराब७** वा निम्मिल, काराब७ मंत्रीत छन्म रहेर्टि दार्गवहन, काराब७ বা নীরোগ ইত্যাদি প্রকার শরীরভেদ প্রত্যক্ষসিদ্ধ। শরীরসমূহের সন্ম ছেদও আছে, তাহা অসংখ্য। ফল কথা, জীবের জন্মভেদ বা শ্রীরভেদ সর্ববাদিসম্মত। ভীবমাত্রেরই শরীরে অপর ভীবের শরীর হইতে বিশেষ, বা বৈষম্য আছে। পর্ব্বোঞ্জরপ এই জন্মভেদই স্ত্রোজ "অনিয়ন"। প্রত্যাম্বনিয়ত অদুষ্টভেদপ্রযুক্তই ঐ অন্মতেদ ব। "অনিয়নের" <u>টুপপুত্তি হয়। কারণ, অদৃষ্টের ভেদানুসাবেই তক্ষন্য শরীরের ভেদু</u> হইতে পারে। প্রত্যেক আশ্বাতে বিভিন্ন প্রকার শরীরের উৎপাদক **বে** ভিন্ন ভিন্ন অনুষ্টবিশেষ থাকে, তক্ষনা প্রত্যেক আদা ভিন্ন ভিন্ন প্রকার শরীরই লাভ করে। অণুষ্ঠন্মপ কারণের বৈচিত্র্যবশত: বিচিত্র শরীরেরই ছটি হয়, সকল আম্বার একপ্রকার শরীরের সৃষ্টি হয় না। কিছ গুর্ব্বেজিক্সপ অদৃষ্টবিশেষ দা থাকিলে সমস্ত আত্মাই নির্তিশ্য এর্ধাৎ নির্বিশেষ হয়, শরীরের উৎপাদক পৃথিব্যাদি ভূত্বর্গের তুলাতাবশতঃ ভাষাতেও শরীরের বৈচিত্র্যসম্পাদক কোন হেতু নাই। স্থতরাং সমস্ত শরীরই সমস্ত আত্মার শরীর হইতে পারে। অর্থাৎ শরীরবিশেষের সহিত আত্মার বিশিষ্ট সংযোগের উৎপাদক (অদৃষ্টবিশেষ) না থাকায় স্বর্ধারীরেই সমস্ত আত্মার সংযোগ সম্বন্ধ প্রযুক্ত জীবের সমস্ত শরীরই সমস্ত আত্মার শরীর বলা যাইতে পারে। ভাষ্যকার শেষে এই ক্রা বলিয়া তাঁহার পূর্ব্বোক্ত আপত্তিরই পুনক্ষয়েথ করিয়াছেন। উপসংহারে পূর্ব্বোক্ত দিদ্ধান্ত সমস্ত শরীরই সমস্ত আত্মার শরীর বকে প্রকারও দর্বার সমস্ত আত্মার শরীর কিছা তাবার শরীরই সমস্ত আত্মার শরীর নহে, এবং সমস্ত আত্মার শরীর এক প্রকারও নহে। স্থতরাং শরীরের উৎপত্তি অক্মনিমিত্তক নহে, অর্থ ৎ অদৃষ্টনিরপেক্ষ ভূত্বর্গ হইতে শরীরের উৎপত্তি হয় না। ভাষ্যে "জনমন্" শবেদর হারা প্রকরণানুসারে এগানে শরীরই বিবক্ষিত বুঝা যায়।

শরীরের অদৃষ্টজন্যত সমর্থন করিবার জন্য ভাষ্যকার শেঘে নিজে আর
একটি যুক্তি বলিয়াছেন যে, শরীরের স্প্রেটি অদৃষ্টজন্য হইলেই সময়ে ঐ অদৃষ্টের
বিনাশবশতঃ শরীরের সহিত আত্মার আত্যন্তিক বিয়োগ অর্থাৎ আত্মার মোক্ষ
হইতে পারে। কারণ, তত্তসাক্ষাৎকারজন্য আত্মার মিধ্যাজ্ঞান বিনষ্ট হইলে
ঐ মিধ্যাজ্ঞানমূলক রাগ ও ছেমের অভাবে তথন আর আত্মা পুনর্জনমজনক
কোনরূপ কর্ম্ম করে না, স্ত্তরাং তথন হইতে আর তাহার কর্ম্ম-ফলরূপ
অদৃষ্টের সঞ্চয় হয় না। ফলভোগ হারা প্রারন্ধ কর্ম্মের বিনাশ হইলে, তথন
ঐ আত্মার কোন অদৃষ্ট থাকে না। স্ত্তরাং পুনর্জন্মের কারণ না থাকায়
আর ঐ আত্মার শরীরান্তর-পরিগ্রহ সম্ভব না হওয়ায় মোক্ষের উপপত্তি হয়।
কিন্ত শরীর অদৃষ্টজন্য না হইলে অর্থাৎ অদৃষ্টনিরপেক্ষ ভূতজন্য হইলে ঐ ভূতবর্গের আত্যন্তিক বিনাশ না হওয়ায় পুনর্কার শরীরান্তর-পরিগ্রহ হইতে
পারে না। অ্থাৎ অদৃষ্ট, জন্ম বা শরীরোৎপত্তির কারণ না হইলে কোন
দিন্নই কোন আ্মার মৃক্তি হইতে পারে না।

তাৎপর্যাটীকাকার এই সূত্রের অবতারণা করিতে বলিয়াছেন যে, "যাঁহারা বলেন, শরীরত্যষ্টি অদৃষ্টপুন্য নহে, কিন্তু প্রকৃত্যাদিজনা; ধর্ম ও অধর্মরূপ অদৃষ্টকে অপেক্ষা না করিয়া ত্রিগুণান্থক প্রকৃতিই স্ব স্ব বিকার (মহৎ, অহন্তার প্রভৃতি) উৎপন্ন করে, অর্থাৎ ত্রিগুণান্থক প্রকৃতিই ক্রমশ: শরীরাকারে

পরিণত হয়। ধর্ম ও অধর্মরূপ অদষ্ট প্রকৃতির পরিণামের প্রতিবন্ধনিবৃত্তির কারণ হয়। যেমন কৃষক জলপূর্ণ এক ক্ষেত্র হইতে অপর ক্ষেত্রে ছ প্রেরণ করিতে ঐ জনের গতির প্রতিবন্ধক সেতু-ভেদ মাত্রই করে, কিন্তু ব্ জল তাহার নিমুগভিম্বভাববশত:ই তথন অপর ক্ষেত্রে যাইয়া ঐ ক্ষেত্রৰে পরিপূর্ণ করে। এইরূপ প্রকৃতিই নিজের অভাববশত: নানাবিধ শরীর ছ **করে, অদৃষ্ট শরীর স্টি**র কারণ নচে। অদৃষ্ট কুত্রাপি প্রকৃতির পরিণামের প্রবর্ত্তক নতে, কিন্ত সর্বত্ত প্রকৃতির পরিণামের প্রতিবন্ধকের নিবর্ত্তক মাত্র। **যোগদর্শনে মহমি পত্ঞলি এই সিদ্ধান্ত**ই বলিয়াছেন, যথা <u>-</u> "নিমিতঃ প্রযোজকং প্রকৃতীনাং বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবৎ ।"—(কৈবল্যপাদ, তৃতীয় সত্র ও ব্যাসভাষ্য দ্রষ্টব্য)। পুর্ব্বোক্ত মতবাদীদিগকে লক্ষ্য করিয়াই অর্থাৎ প্ৰেৰ্থাক্ত মত-নিরাসের জনাই মহাঘি এই স্তাচি বলিয়াছেন। তাৎপ্র্যা **টীকাকার এইরূপে মহ**ধি-সূত্রের <mark>অবতা</mark>রণা করিয়া সূত্রোক্ত "অনিয়ম্" শব্দের অর্থ বলিরাছেন 'অব্যাপ্তি'। "নিয়ম" শব্দের অর্থ ব্যাপ্তি, স্কুতরাং ই **নিয়মের বিপরীত "অনিয়ম"কে অব্যাপ্তি বলা যায়। সমস্ত আত্মার স**মস্ত **শরীরবতাই ''নিয়ম''।** কোন আত্মার কোন শরীর, কোন আ**ত্মার** কোন শবীর, অর্থাৎ এক আত্মার একটাই নিয়ত শবীর, অন্যান্য শবীর তাহার শবীর নহে, ইহাই ''অনিয়ম''। তাৎপ্র্যাটীকাকার পর্ব্বোক্তরূপ অনিয়মকেই সু**ত্রোক্ত 'অনিয়ম' বলিয়া ব্যাখ্যা ক**রিলেও ভাষ্যকার কিন্তু ভিন্ন ভিন্ন আত্মর ভিন্ন ভিন্ন প্রকার শরীর অর্থাৎ বিচিত্রে শরীরবতাই সূত্রোক্ত 'অনিয়ম'' বলিয়া **ব্যাখ্যা করিয়াছেন। শ**রীর অদৃষ্টজন্য না হইলে সমস্ত শরী**রই** একপ্রকার হইতে পারে, শরীরের বৈচিত্র্য হইতে পারে না, এই কথা বলিলে শরীরের **অদৃষ্টিকনাত্ব সমর্থনে যুক্তান্তরও** বলা হয়। উদ্দ্যোতকরও "শরীরভেদ: **প্রাণিনামনেকরপ:'' ই**ত্যাদি সন্দর্ভের দার। ভাষ্যকারোক্ত যুক্তান্তরেরই ব্যাখ্যা করিয়াছেন। যাহা হউক, এখানে ভাৎপর্যাটীকাকারের মতেও "এতেনা-নিয়ম: প্রত্যুক্ত:" এইরূপই স্ত্রপাঠ বুঝিতে পারা যায়। "ন্যায়সূচী-নিবলে"ও ঐরপই সূত্রপাঠ গৃহীত হইয়াছে। ''ন্যায়নিবদ্ধপ্রকাশে'' বর্দ্ধমান বৃত্তিকার বিশুনাথ এনং "ন্যায়স্ত্রেনিবরণ"কার রাধামোহন গে:স্বামী ভট্টাচার্য্যও এরপেই সূত্রপাঠ গ্রহণ করিয়াছেন। কিন্ত ভাষ্যকপ প্রভৃতির ব্যাখ্যানুসারে মহবি, শরীরের অদুটজনাত সমর্থনের দারা ভাষ্য-কারোক "নিয়মে"র খণ্ডন করিয়া "অনিয়নে"রই সমাধান বা উপপাদন **করার "অনিয়ম: প্রত্যুক্ত:" এই ক**থার খার। অনিয়ম নিরস্ত হইয়াছে, এইরূপ ব্যাৰ্থ্যা করা যাইবে লা। অন্যান্য স্বলে নিরস্ত অর্থে 'প্রত্যান্ত ই শবেদন

প্রয়োগ থাকিলেও এখানে এরপে অর্থ সংগত হয় না। "ন্যায়সূত্রবিবরণ"কার রাধামোহন গোম্বামী ভটাচার্য্য ইহা লক্ষ্য করিয়া ব্যাখ্যা করিয়াছেন,
"প্রত্যুক্ত: সমাহিত ইত্যর্থ:"। অর্থাৎ শরীরের অদ্ষ্টজন্যত্ব সমর্থনের হারা
অনিয়মের সমাধান বা উপপাদন হইয়াছে। শরীর অদ্ষ্টজন্য না হইলে ঐ
অনিয়মের সমাধান হয় না, পুর্ব্বোক্তরূপ নিয়মেরই আপত্তি হয়। ভাষ্যকাহের
প্রথমোক্ত 'বোহ্রং'' ইত্যাদি সন্দর্ভেও 'অনিয়ম ইত্যাচাতে' এইরূপ পাঠই
গ্রহণ করিয়া ভাষ্যকারের তাৎপর্য্য বুঝিতে হইবে যে, শরীর অকর্মনিমিত্তক
অর্থাৎ অদ্ষ্টজন্য নহে, এই সিদ্ধান্তেও যে 'অনিয়ম' ক্থিত হয়, অর্থাৎ
শরীরের নানাপ্রকারতা বা বৈচিত্র্যরূপ যে ''এনিয়ম' পুর্ব্বপক্ষবাদীরাও
বলেন বা স্বীকার করেন, তাহ। শরীর অদ্ষ্টজন্য হইলেই সমাহিত হয়।
পূর্ব্বপক্ষবাদীর মতে উহার সমাধান হইতে পারে না। পরস্ত্ব (ভাষ্যোক্ত)
নিয়মেরই আপত্তি হয় । ৬৭।।

সূত্র। তদদৃষ্ঠকারিতমিতি চেৎ ? পুনস্তৎপ্রসঙ্গোহ-পবর্গে ॥৬৮॥৩৩৯॥

অমুবাদ। (পূর্ব্বপক্ষ) সেই শরীর "অদৃষ্টকারিত" অর্থাৎ প্রকৃতি ও পুরুষের ভেদের অদর্শনজনিত, ইহা যদি বল? (উত্তর) অপবর্গে অর্থাৎ মোক্ষ হইলেও পুনর্ব্বার সেই শরীরের প্রসঙ্গ (শরীরোৎ-পত্তির আপত্তি) হয়।

ভাষ্য। অদর্শনং খন্বদৃষ্টমিত্যুচ্যতে। অদৃষ্টকারিতা ভ্তেভ্যঃ
শরীরোৎপত্তি:। ন জাত্বসুৎপরে শরীরে দ্রষ্টা নিরায়তনো দৃষ্ঠাং পশ্যতি,
তচ্চাস্ত দৃষ্ঠাং দ্বিবিধং, বিষয়শ্চ নানাত্বজাব্যক্তাত্মনোঃ, তদর্বঃ শরীরসর্বঃ,
তিশিক্ষবসিতে চরিতার্থানি ভ্তানি ন শরীরমূৎপাদয়ন্তীত্যুপপল্লঃ শরীরবিয়োগ ইতি এবঞ্চেম্মন্তাসে, পুনন্তৎপ্রসঙ্গোহপবর্গে, পুনঃ শরীরোৎপত্তিঃ
প্রসঞ্চ্যতে ইতি। যা চামুৎপত্মে শরীরে দর্শানামুৎপত্তিরদর্শনাভিমতা,
যা চাপবর্গে শরীরনির্ত্তৌ দর্শনামুৎপত্তিরদর্শনভূতা, নৈতয়োরদর্শনয়োঃ
কচিত্বিশেষ ইত্যাদর্শনস্থানিরতেরপবর্গে পুনঃ শরীরোৎপত্তিপ্রদক্ষ ইতি।

চরিতার্থতা বিশেষ ইতি চেৎ? ন, করণাকরণুয়োরা-রজ্বদর্শনাৎ। চরিতার্থানি ভূতানি দর্শনাবসানার শরীরাস্তরমারভন্তে ইত্যয়ং বিশেষ এবঞ্চেচ্যতে? ন, করণাকরণুয়োরারস্কদর্শনাৎ। চরিতার্থানাং ভূতানাং বিষয়োপলন্ধিকরণাৎ পূন: পূন: শরীরারস্তো দৃশ্যতে, প্রকৃতিপুরুষয়োন নাজদর্শনস্থাকরণান্নিরর্থক: শরীরারস্তঃ পূন: পুনদৃশ্যতে। তত্মাদকর্মনিমিত্তায়াং ভূতস্প্তৌ ন দর্শনার্থা শরীরোৎপত্তিয়্ ক্রা, যুক্তা ভূ কর্মনিমিত্তে সর্গে দর্শনার্থা শরীরোৎপত্তিঃ। কর্মবিপাক-সংবেদনং দর্শনমিতি।

অমুবাদ। অদর্শনই অর্থাৎ সাংখ্যসম্মত প্রকৃতি ও পুরুষের ভেদের অদর্শনই (সুত্রে) "অদৃষ্ট" এই শব্দের দ্বারা উক্ত হইয়াছে। (পূর্বপক্ষ) ভূতবর্গ হইতে শরীরে উৎপত্তি "অদৃষ্টকারিত" অর্থাৎ পুর্বেবাক্ত অদর্শন-ন্ধনিত। শরীর উৎপন্ন না হইলে নিরাশ্রয় স্রন্থী অর্থাৎ শরীরোৎপত্তির পুর্বেব অধিষ্ঠানশৃত্য কেবল আত্মা কথনও দৃশ্য দর্শন করে না। সেই দৃশ্য কিন্তু দ্বিবিধ, (১) বিষয় অর্থাৎ উপভোগ্য রূপ, রুস, গন্ধ, স্পর্শ ও শব্দ এবং (২) অব্যক্ত ও আত্মার (প্রকৃতি ও পুরুষের) নানাছ অর্থাৎ ভেদ। শরীর সৃষ্টি দেই দৃশ্য দর্শনার্থ, সেই দৃশ্য দর্শন অবসিত (সমাপ্ত) হইলে ভূডবর্গ চরিতার্থ হইয়া শরীর উৎপাদন করে না, এ জন্ম শরীর বিয়োগ অর্থাৎ শরীরের সহিত আত্মার আতান্তিক বিয়োগ বা মোক্ষ উপপন্ন হয়, এইরপ যদি মনে কর ? (উত্তর) মোক্ষ হইলে পুনর্ব্বার সেই শরীর-প্রদঙ্গ হয়, পুনর্ব্বার শরীরোৎপত্তি প্রদক্ত হয়। (कात्रण) मंत्रीत छेष्पन्न ना टरेल्ण पर्मात्तत्र चकुष्पछि यादा चप्तर्मन ভূত এবং মোক্ষে শরীর-নিবৃত্তি হইলে অসুৎপত্তি যাহা অদর্শন ভূত, এই অদর্শনন্বয়ের কোন অংশে বিশেষ নাই, এ জন্ম মোকে অদর্শনের নিবৃত্তি না হওয়ায় পুনর্কার শরীরোৎপত্তির আপত্তি হয়।

(পূর্ব্বপক্ষ) চরিভার্থতা বিশেষ, ইহা যদি বল ? (উত্তর) না, অর্থাৎ ভাহা বলা যার না। কারণ, করণ ও অকরণে (শরীরের)

আরম্ভ দেখা যায়। বিশদার্থ এই যে, (পূর্ব্বপক্ষ) দর্শনের সমাপ্তিবশতঃ চরিতার্থ ভূতবর্গ শরীরান্তর আরম্ভ করে না, ইহা বিশেষ, এইরূপ যদি বল ? (উত্তর) না, অর্থাৎ মোক্ষকালে ভূতবর্গের চরিতার্থতাকে বিশেষ বলা যায় না। কারণ, করণ ও অকরণে (শরীরের) আরম্ভ দেখ যায়। বিশদার্থ এই যে, বিষয় ভোগের করণ (উৎপাদন প্রযুক্ত চরিতার্থ ভূতবর্গের পুন: পুন: শরীরারম্ভ দৃষ্ট হয়, (এবং) প্রকৃতি ও পুরুষের নানাছ দর্শনের অকরণ প্রযুক্ত পুন: পুন: নির্থক শরীবারম্ভ দৃষ্ট হয়। অতএব ভূতস্থি অক্রমিনিমিত্তক হইলে দর্শনার্থ শবীরেরৎপত্তি যুক্ত হয় । কর্মফলের ভোগে দর্শন। বিষয় স্থি কর্মনিমিত্তক অর্থাৎ অদৃষ্টজন্ম হইলে দর্শনার্থ শরীরোৎপত্তি যুক্ত হয় । কর্মফলের ভোগ দর্শন।

টিপ্রনী। সাংখ্যমতে প্রকৃতি ও পুরুষের ভেদ সাক্ষাৎকাবই ত্রদর্শন, উহা**ই মুক্তির কারণ। প্রকৃ**তি ও পুরুষের ভেদের অদর্শনই জীবের বন্ধনের মূল । স্বতরাং **জীবের শরীরস্ট প্রকৃতি ও পুরুঘের তে**দের অদর্শনজনিত। ভাষ্যকার প্রভৃতির ব্যাখ্যানুগারে মহ**থি** এই সূত্রে ''এণৃষ্ট'' শব্দের দারা সাংখ্যসম্বত প্রকৃতি ও পুরুষের ভেদের অদর্শনকেই গ্রহণ কবিয়া, প্রথমে পূর্ব্বপক্ষরপে সাংখ্যমত প্রকাশ করিয়া, ঐ মতের খণ্ডন করিয়াছেন। ভাষ্যকার পূর্ব্পক্ষ ব্যাখ্যা করিতে বলিয়াছেন যে, শরীবই আত্মার বিষয়-ভোগাদির অধিষ্ঠান ; স্থতরাং শরীর উৎপত্ন না হইলে অধিষ্ঠান না থাকায় দ্রষ্টা, দুশ্য দর্শন করিতে পারে না । রূপ রস প্রভৃতি ভোগ্য বিষয় এবং প্রকৃতি ও পুরুষের ভেদ, এই বিবিধ দৃশ্য দর্শনের জনাই শরীরের স্ঠাটি হয়। অতর'ং দৃশ্য দর্শন সমাপ্ত হইলে অর্থাৎ চরম দৃশ্য যে প্রকৃতি ৬ পুরুষের ভেদ, তাহার দর্শন হইলে শরীরোৎপাদক ভৃতবর্গের শরীর স্বান্টির প্রয়োজন সমাপ্ত হ পার ঐ ভূতবর্গ চরিতার্থ হয়, তখন আর উহার। শরীর স্থাট করে না। স্বতরাং প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শন করিয়। কেহ মুক্ত হইলে চিরকালের জন্য তাহার শরীরের সহিত আত্যন্তিক বিয়োগ হয়, আর কখনও তাহার •শরীর পরিগ্রহ **হই**তে পারে না। **স্বতরাং শরীর স্বা**ষ্টিতে অদুষ্টকে কারণ না বলিলেও আত্মার শরীরের সহিত আতান্তিক বিয়োগের অনুপপত্তি নাই, ইহাই পৃৰ্ব্বপক্ষবাদীর মূল তাৎপর্যা। মহমি এই মতের খণ্ডন করিতে বলিয়াছেন যে, তাহা হইলেও মোক্ষাবন্ধায় পুনর্ব্বার শরীর স্পষ্টর আপত্তি হয়। ভাষ্য-কার মহিদর উদ্ভৱের তাৎপর্য্য বুঝাইতে বলিয়াছেল যে, প্রকৃতি ও পুরুষের ভেদের দর্শনের অনুৎপত্তি মর্থাৎ ঐ ভেদ দর্শন না হওয়াই "অবর্শন" শ্বেদর ঘারা বিবিক্ষিত হইয়াছে। কিন্তু মোক্ষকালেও শরীরাদির অভাবে কোনক্সপ জানের উৎপত্তি না হওয়ায় তথনও পূর্ব্বোক্ত ঐ অদর্শন আছে। তাহা হইলে শরীর স্পষ্টির কারণ থাকায় মোক্ষকালেও শনীর-স্পষ্টিরপ কার্যের আপত্তি অনিবার্ম। যদি বল, শরীর-স্পষ্টির পূর্বের্ব যে প্রকৃতি ও পুরুষের ভেদের অদর্শন অর্থাৎ তত্ত্বর্শনের পূর্ব্ববৃত্তী দে পূর্বের্বাক্তরপ অদর্শন, তাহাই শরীর-স্পষ্টির কারণ; স্কুতরাং মুক্ত পুরুষের ঐ অদর্শন না থাকায় তাহার সম্বন্ধে ভূতবর্গ আর শরীর স্পষ্টি করিতে পারে না। ভাষ্যকার এই জন্য বলিয়াছেন যে, শরীরোৎপত্তির পূর্বের্ব যে অদর্শন থাকে, এবং শরীর-নিবৃত্তির পরে অর্থাৎ মুক্তাবন্ধায় যে অদর্শন থাকে, এই উভয় অদর্শনের কোন মংশেই বিশেঘ নাই। স্বত্রাং যেমন পূর্ববিত্তী অদর্শন শরীর স্বন্থির কারণ হয়, তত্ত্বপ মোক্ষকালীন অদর্শনও শরীর স্পষ্টির কারণ হয়, তত্ত্বপ মোক্ষকালীন অদর্শনও শরীর স্বষ্টির কারণ হইবে। প্রকৃতি ও পুরুষের ভেদে দর্শনের অনুৎপত্তিরপ যে অদর্শনকে শরীরোৎপত্তির কারণ বলা হইয়াছে, মোক্ষকালেও ঐ কারণের নিবৃত্তি অর্থাৎ অভাব না থাকায় মুক্ত পুরুষের পুনর্ব্বির শরীরোৎপত্তির আপত্তি কেন হইবে না?

পুর্ব্বপক্ষাদী বলিতে পারেন যে, গুকৃতি ও পুরুষের ভেদ দর্শনরূপ তথ-দর্শন হইলে তখন শরীরোৎপাদক ভূতবর্গ চরিতার্থ হাওয়ায় মুক্ত পুরুষের সম্বন্ধে তাহার। আর শ্বীর স্মৃষ্টি করে না। যাহার প্রয়োজন সমাপ্ত হইয়াতে, তাহাকে ''চরিতার্থ'' বলে। তত্ত্বর্শন সমাথ হুইলে ভূতুবর্গের যে ''চরিতার্থত।'' হয়, তাহাই ওল্বদর্শনের পূর্ববর্তী ভূতবর্গ হইতে বিশেষ অর্থাৎ ভেদক আছে। স্বতরাং তথ্বদর্শনের পূর্বকারীন "অদর্শন" হইতে মোককালীন ''অদর্শনে''র বিশেষ সিদ্ধ হওয়ার মোক্ষকালীন ''অদর্শন'' মুক্ত পুরুষের শরীর সৃষ্টির কারণ হইতে পারে না। ভাষ্যকার শেষে এই সমাধানের উল্লখ করিয়া উহা খণ্ডন করিতে বলিয়াছেন যে, পূর্ব্বশ্রীরে রূপাদি বিষয়েব উপলব্ধির করণ প্রযুক্ত চরিতার্থ ভূতবগও পুন: পুন: শরীরের সৃষ্টি করিতেছে এবং প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শনের অকরণপ্রযুক্ত অচরিতার্থ ভূতবর্গও পুন: পুন: নিরর্থক শরীরের মৃষ্টি করিতেছে। তাৎপর্য্য এই যে, ভূতবর্গ চরিতার্থ हरेतनरे त्य, छाराता आंत्र भंतीत गृष्टि करत ना, रेटा वना याग्र ना। कात्रन, ' পূর্বদৈহে রূপাদি বিদয়ের উপলব্ধি হওয়ায় ভূতবর্গ চরিতার্থ হইলেও আগর তাহার। শরীরের সৃষ্টি করে। যদি প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শন না হওয়। পর্যান্ত ভূতুবর্গ চরিতার্থ ন। হর, অর্থাৎ প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শনই শরীর সৃষ্টির প্রয়োজন হয়, তাহা হইলে এ পর্যান্ত কোন শরারের দ্বারাই ঐ প্রয়োজন

দিদ্ধ না হওয়ায় নিরর্থক শরীর সৃষ্টি হইতেছে, ইং। স্বীকার করিতে হয়। মুতরাং প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শনই যেশরীর সৃষ্টির একমাত্র প্রয়োজন, ইহা বলা যার না। রূপাদি বিষয় ভোগও শরীর সৃষ্টির প্রয়োজন। কিন্ত পূর্বেশরীরের ধারা ঐ প্র:োজন নিদ্ধ হওয়ায় চরিতার্ণ ভূতবগও যথন পুনর্বার শরীর মৃষ্টি করিতেছে, তখন ভূতবর্গ চরিতার্থ হইলে আর শরীর সৃষ্টি করে না, এইরূপ নিংম বলা যায় না। ভাষা এর এইরূপে পর্বের্বাক্ত যুক্তির খণ্ডন করিন। বলিনাছেন ে, অভএব ভূতুস্টি অদৃ**টজন্য না হইলে** -দর্শনের অন্য যে শরীব সৃতি, প্রায় বুক্তিযুক্ত হয় না, কিন্ত সৃষ্টি অদৃইজন্য হইলেই দৰ্শনের জন্য শ্রীর সৃষ্টি বুডিযুক্ত হয়। দর্শন কি ? তাই শেষে বলিয়াছেন যে, কর্মফলের ভোর অর্থাৎ অদৃষ্টলনা ত্বর দুংখের মানস প্রত্যক্ষই 'দর্শন''। তাৎপর্যা এই যে, যে দর্শনের এন্য শরীর স্বাষ্ট্র হইতেছে, তাহা প্রকৃতি ও প্রুষের ভেদ দর্শন নহে। কর্মফল**-ভোগই** পুৰেবাঁজ ''দৰ্শন'' শংকৰ ছাকা বিৰক্ষিত। এ কথাক্স-ভোগ**রপ দ**ৰ্শন অনাদি ্ কাল হইতে প্রত্যেক শ্রীরুই হউরেছে, জ্ভুলং বোন শ্রীরের **স্তান্ত**ই নির্থ চহয় না। প্রকৃতি ও পুক্তরে ভেল্মনত শ্রীর স্থাটির প্রয়োজন হইলে পূর্ববর্তী সাত শরীবের অংথিই নির্থক হয় । মূলকথা, শরীর-অষ্ট কর্ম্মকলরূপ অদৃষ্টকনিত হটনেই পুৰেনাজ দুর্শনার্থ শরীর-স্বাষ্টির উপপত্তি হয়; প্রকৃতি ও পুরুদের ভেদের অদশনর বিদ্টাগনিত হইলে পুন: পুন: শরীর-স্মষ্টি সার্থিজ হয় না ; পাজ নোক হইলেও পুনর্বার শরীরোৎপতি হইতে পারে না। উদ্যোত্যর এ ানে বিচার ঘানা পূর্ব্বোক্ত সাংখ্যমত খণ্ডন করিতে বলিয়া চন যে, যতি বল, প্রকৃতি ও পুরুতাব ভেদের অদর্শন বলিতে ঐ দর্শনের আন্তার নতে, ঐ তেখদর্শনো ইচছাই "এদর্শন" শবেদর ষার। বিবক্ষিত-–উহাই শ্রীর স্ফটির কারণ। মেক্ষকারে ঐ দিদৃক্ষ। বা দর্শনেচ্ছা না থাকার পুনর্বার আর শরীরোৎপত্তি হয় না। কিন্তু তাহা হইলে প্রকৃতির পারগাম বা স্থাটির পুর্বেব ঐ দর্শনেচছা না থাকায় শরীর স্থাট হইতে পারে। শরী। স্থাষ্টর পূর্বে যথন ইচছার উৎপত্তির সম্ভাবনা নাই, ত**থ**ন দর্শনেচছ। শরীরোৎপত্তির কারণ হইতে পারে না । যদি বল, পমস্ত শক্তিই প্রকৃতিতে বিদ্যমান থাকায় শতিরূপে বা কারণরূপে **স্টের** পূর্বেও প্রকৃতিতে দর্শনেচ্ছ। থাকে, স্মতরাং তখনও শনীর স্বান্টির কারণের খভাব নাই। কিন্তু এইরপে বলিলে মোক্ষকালেও প্রকৃতিতে ঐ দর্শনেচ্ছা থাকায় পুনর্কার শরারোৎগতি হইতে পারে, স্মৃতরাং নোক হইতেই থারে না। সাংখ্যমতে ষ্থন কোন কালে কোন কাৰ্য্যেরই অতান্ত বিনাশ হয় না, মূল প্রকৃতিতে সমন্ত কার্য্য বিদ্যমানই থাকে, তথন মোক্ষকালেও অর্থাৎ প্রকৃতি ও পুরুষের ভেদ দর্শন হইলেও প্রকৃতিতে দর্শনেচছা বিদ্যমান থাকে, ইহা স্বীকার্য্য। পরন্ত দর্শনের অভাবই যদি অদর্শন হয়, তাহা হইলে মোক্ষকালেও ঐ দর্শনের অভাব থাকায় পুনর্ব্বার শরীরোৎপত্তি হইতে পারে। এ জন্য যদি মিধ্যাজ্ঞানকেই অদর্শন বলা যায়, তাহা হইলে স্টের পুর্বেব বুদ্ধি বা অন্তঃকরণের আবির্ভাব না হওয়ায় তখন বুদ্ধির ধর্ম মিধ্যাজ্ঞান জন্মিতে পারে না, স্কতরাং কারণের অভাবে শরীর স্টেইটেড প্রারে না। মূল প্রকৃতিতে মিধ্যাজ্ঞানও সর্ব্বা। থাকে, সময়ে তাহার আবির্ভাব হয়, ইহা বলিলে মোক্ষকালেও প্রকৃতিতে উহার সন্তা স্বীকার করিতে হইবে, স্ক্তরাং তখনও শরীরোৎপত্তির আপত্তি অনিবার্য্য। তাই মহর্ষি সাংখ্যমতের সমস্ত সমাধানের খণ্ডন করিতে বলিয়াছেন, "পুরুত্তৎপ্রন্ধোহপর্বর্তা।"

ভাষা। তদদৃষ্ঠক। রিতমিতি চেৎ ? কন্সচিদ্দর্শনমদৃষ্টং নাম পরমাণূনাং গুণবিশেষঃ ক্রিয়াহেতুন্তেন প্রেরিভাঃ পরমাণবং সংমূর্চ্ছিভাঃ শরীরমূৎপাদয়স্তীতি, তন্মন: সমাবিশতি স্বগুণেনাদৃষ্টেন প্রেরিভঃ, সমনম্বেশরীরে জ্বাই ক্রপলির্ভিবতীতি। এতন্মিন্ বৈ দর্শনে গুণাস্থুচ্ছেদাৎ পুনস্তৎপ্রাসম্পোহপবর্গে। অপবর্গে শরীরোৎপত্তিঃ, পরমাণুগুণস্তান্দুইস্তান্থুচ্ছেত্বাদিতি।

অমুবাদ। (পূর্বপিক) সেই শরীর অদৃষ্টজনিত, ইহা যদি বল। বিশদার্থ এই যে, কাহারও দর্শন অর্থাৎ কোন দর্শনকারের মত, অদৃষ্ট পরমাণুসমূহের গুণবিশেষ, ক্রিয়াহেত্ অর্থাৎ পরমাণুসমূহের ক্রিয়াজনক, সেই অদৃষ্টকর্তৃক প্রেরিভ পরমাণুসমূহ "সংমূচ্ছিভ" (পরস্পার সংযুক্ত) হইয়া শরীর উৎপাদন করে, স্বকীয় গুণ অদৃষ্ট কর্তৃক প্রেরিভ হইয়া মন সেই শরীরে প্রবেশ করে, সমনস্ক অর্থাৎ মনোবিশিষ্ট শরীরে জ্বষ্টার উপলব্ধি হয়। এই দর্শনেও অর্থাৎ এই মতেও গুণের অমুচ্ছেদবশতঃ মোক্ষে পুনর্বার সেই শরীরের প্রদক্ষ হয় (অর্থাৎ) মোক্ষাবস্থায় শরীরের উৎপত্তি হইতে পারে। কারণ, পরমাণুর গুণ অদৃষ্টের উচ্ছেদ ইইতে পারে না।

টিপানা। ভাষ্যকার পূর্ব্বে সাংখ্যমতানুসারে এই সূত্রোক্ত পূব্বপক্ষের ব্যাখ্যা করিয়া 'তাহার উত্তরের ব্যাখ্যা করিয়াছেন। শেষে কলান্তরে এই স্তুত্তের স্বাস্থাই অন্য একটি মতের খণ্ডন করিবার জন্য মহম্বির "তদদৃষ্ট-কারিতমিতি চেৎ'' এই পূর্ব্পক্ষবোধক বাক্যের উল্লেখ করিয়া, উহার ব্যাখ্যা করিয়াছেন যে, কোন দর্শনকারের মতে অদৃষ্ট প্রমাণুসমূহের গুণ এবং মনের গুণ-ত্র অদৃষ্টই পরমাণুসমূহ ও মনের ক্রিয়া উৎপক্ষ করে। এবং ঐ অদৃষ্টকর্ত্ত প্রেমাণুদমূহ পরস্পর সংযুক্ত হইয়া শরীরের **উৎপাদন করে।** মন নি**জের** অদৃষ্টক**র্জু** প্রেরিত হ**ই**য়া **দেই শরীরে** প্রবেশ করে, তথন সেই শরীরে দ্রপ্তার স্থ্য দুংথের উপলব্ধি হয় । ফলকথা, পরমাণুগত অদৃষ্ট পরমাণুর ক্রিয়া উৎপত্ন করিলে পরমাণুসমূহের পরস্পর সংযোগ উৎপত্ন হওয়ায় ক্রমণ: শরীরের স্পাষ্ট হয়, স্প্তরাং এই মতে শরীর অদৃষ্টকারিত অর্থাৎ পরম্পরায় অদৃষ্টজনিত, কিন্তু আত্মার অদৃষ্টজনিত নচহ: কারণ এই মতে অদৃষ্ট আত্মার গুণই নহে। ভাষ্যকার এই মতের খণ্ডন করিতে পুর্ব্বোক্ত সূত্রের শেঘোক্ত 'পুনস্তৎপ্রসঙ্গোহপবর্গে' এই উত্তরবাক্যের উল্লেখ করিয়া, এই মতেও গাংখ্যমতের ন্যায় মোক্ষ হইলেও পুনর্ব্বার শরীরোৎপত্তির আপতি হয়, এইরূপ উত্তরের ব্যাখ্যা করিয়াছেন। ভাষ্যকারের তাৎপর্য্য এই যে, পরমাণু ও মন নিত্য পদার্থ, স্থতরাং উহার বিনাশ না থাকায় আশ্রয়-নাশজন্য তদুগত অদুইগুণের বিনাশ অসম্ভব। এবং প্রমাণু ও মন সুধ দু:বের ভোক্তা না হওয়ায় আত্মার ভোগজন্যও পরমাণু ও মনের গুণ অদৃষ্টের বিনাশ হইতে পারে না। কারণ, একের ভোগজন্য অপরের অদৃষ্টের ক্ষয় হয় না, ইহা স্বীকার্য্য। এইরূপ আত্মার তথ্ঞানজন্যও পরমাণু ও মনের গুণ অদৃষ্টের বিনাশ হইতে পারে না। কারণ, একের তৰজ্ঞান হইলে অপবের অদৃষ্টের বিনাশ হয় না। পরত যে প্রারদ্ধ কর্ত্ম বা অদৃষ্টবিশেষ ভোগমাত্রনাশ্য, উহাও পরমাণু ও মনের গুণ হইলে আশ্বার ভোগঞ্চনা উহার বিনাশও হইতে পারে না। স্থতরাং পুর্বেজি মতে শরীরোৎপত্তির প্রযোজক অদুষ্টবিশেষের কোনক্সপেই বিনাশ সম্ভব পুরুদেরও পুনর্বার শরীরোৎপত্তি অনিবার্যা। অর্থাৎ পূর্ববৎ সেই অদৃষ্ট-বিশেষ কর্ত্ব প্রেরিত হইয়। প্রমাণুদমূহ মুক্ত পুরুষেরও শরীর স্চষ্ট ক্রিতে পারে। ভাষ্যকার শেষে ক্রান্তরে মহর্ষির এই সূত্রের পূর্ব্বোক্ত-মণে ব্যাখ্যান্তর করিয়া, এই সুত্তের দারাই পুর্ব্বোক্ত মতান্তরেরও খণ্ডন করিয়াছেন। ভাষ্যকারের ব্যাখ্যার ছারা পূর্ব্বোক্ত মতান্তরও যে, অতি

প্রাচীন, ইহা বুঝিতে পারা যায়। ভাষ্যকার পরবর্তী সূত্রের হারাও পুর্ব্বোক্ত মতান্তরের খণ্ডন করিয়াছেন । পরে তাহা ব্যক্ত হইবে।

তাৎপর্যাটীকাকার বাচম্পতি মিশ্র এখানে পর্বের্গক্ত মতকে জৈনমত বলিয়া ব্যাখ্যা করিয়াছেন যে, জৈন সম্পুদায়ের মতে "অদৃষ্ট—পাথিবাদি প্রমাণুসমূহ এবং মনের গুণ। সেই পাথিবাদি প্রমাণুসমূহ নিজের অদৃষ্ট কর্ত্ব প্রেরিত হইয়াই শরীর স্টে করে এবং মন নিজের অদৃষ্টকর্ত্ প্রেরিত হইয়া সেই শরীরে প্রবেশ করে এবং এ মনই স্বকীয় অদৃষ্ট-প্রযুক্ত পুদ্গলের স্থপ দু:থের উপভোগ সম্পাদন করে। কিছ অদৃষ্ট পুদুগলের ধর্ম নহে।" বৃত্তিকার বিশুনাথও পূ:্ব্রাক্ত মতকে জৈন মত বলিয়াই প্রকাশ করিয়াছেন । কিন্তু আমরা উহা দৈন বলিয়া বুঝিতে পারি না। পরস্ত জৈন দর্শনগ্রন্থের হার। জৈন মতে অদৃষ্ট পরমাণু ও মনের গুণ নহে, ইহাই স্পট বুঝিতে পারি। জৈনদর্শনের ''প্রমাণনয়-ত্যালোকালছার'' নামক প্রামাণিক গ্রন্থে, যে সুত্রে আত্মার অরপে বণিত হইয়াছে, এ সুত্রে আত্মা যে অদৃষ্টবান, ইহা স্পষ্টই কথিত হইয়াছে; ঐ গ্রন্থের চীকাকার জৈন মহাদার্শনিক রত্মপ্রভাচার্য্য সেখানে বলিয়াছেন যে, অদৃষ্ট আত্মাকে বদ্ধ করিয়াছে,—অদৃষ্ট আলার পারতন্ত্র্য বা বন্ধতার নিমিত্ত, স্নতরাং অদৃষ্ট পৌদ্গলিক পদার্ধ। কারণ, যাহা পুদ্গল পদার্থ, তাহাই অপরের বন্ধতার নিমিত হয়, যেমন শঙাল। অৃষ্টও শৃঙালের ন্যায় আত্মাকে বন্ধ করিয়াছে। তাই সূত্রে অদৃইকে "পৌদ্গলিক'' বলা হইয়াছে। আত্মা ঐ অদৃষ্টের আধার। রত্বপ্রভাচার্য্যের কথায় বুঝা যায় যে, জৈনমতে ন্যায় বৈশেষিক মতের ন্যায় অদৃষ্ট আত্মার বিশেষ গুণ নহে,—কিন্ত অদৃষ্ট আত্মাতেই ধাকে, আত্মাই উহার আধার। জৈন দার্শনিক নেমিচক্রের প্রাকৃতভাঘায় রচিত 'দ্রব্য-সংগ্রহে''র "সুহদুষ্ধং পুদ্গলকক্ষকলং পভুং জেদি'' (৯) এই বাক্যের ৰারাও জৈন মতে আত্বাই যে, পুদ্গল-কর্মফন স্থব ও দু:বের ভোক্তা, স্তরাং ঐ ভোগজনক অদৃষ্টের আশ্রয়, ইহা বুঝিতে পারা যায়। ফলকণা, অদৃষ্ট প্রমাণু ও মনের গুণ, ইহ। জৈনমত বলিয়া কোন জৈন দর্শনিগ্রছে দেখিতে পাই না। ভাষ্যকার ও বাত্তিককারও দৈন বলিয়া ঐ মতের প্রকাশ করেন নাই। তাঁহারা যে ভাবে ঐ মতের উল্লেখ ও খণ্ডন করিয়াছেন, তাহাতে ঐ মতে অদৃষ্ট যে, আত্মার ধর্মই নহে, ইহাই ৰুঝিতে

১। ''চৈতন্যবরাপঃ পরিণামী কর্তা সাক্ষাদভোজা বদেহপরিমাণঃ প্রতিক্ষেরং ভিষঃ শৌদুগলিকাদুউবাংকাহয়ং ।'' প্রমাণনয়—ডি৬শ সূর।

পার। যায়। স্থতরাং উহা জৈন মত বলিয়া আমরা বুঝিতে পারি না। লৈন দৰ্শন পাঠ করিয়া আমর। বুঝিতে পারি যে, জৈন মতে পদার্থ প্রথমতঃ विविध। (১) कीर ও (२) अभीर। टिल्नाविभिष्टे अपार्थरे कीर। जन्मत्था मः मात्री कीत विविध, (১) मननक ও (२) व्यमनक । यादात मन बाह्, त्रष्टे कीर गमनक । यादात मन नारे, त्रि कीर वमनक । गमनक দ্বীবের অপর নাম ''সংজ্ঞী''। হিত প্রাপ্তি ও অহিত পরিহারের দ্বন্য যে বিচারণাবিশেষ, উহার নাম "গংজা"। উহ। সকল জীবের নাই : স্নতরাং জীবমাত্রই ''সংজ্ঞী'' নহে। পূর্ব্বোক্ত জীব ও অজীবের মধ্যে অজীব পাঁচ প্রকার। (১) পুর্গল, (২) ধর্ম, (৩) অধর্ম, (৪) আকাশ ও (৫) কাল। যে বস্তুতে স্পর্ণ, রস, গন্ধ ও রূপ থাকে, তাহা "পুদ্গল" নানে কথিত হইয়াছে^১। জৈনমতে কি'তি, **জ**ল, তেজ ও বায়ু, এই চারিটি ডবেটই রূপ, রুস, গন্ধ ও স্পর্শ থাকে, স্কুতরাং ঐ চারিটি ডব্যই পুদুগল। এই পুদুগল দিবিধ—অণু ও আচন। ("অণব: ক্ষরাণচ। তথাৰ্যসূত্ৰ, ৫।২৫।)। ''পুদ্গলের'' সৰ্কাপেক। ক্ষুদ্ৰংশকে অণু ৰা প্রমাণু ৰন। হয়, উহাই অণু পুৰ্গল। ছাণুকাদি অন্যান্য দ্ৰব্য ক্ষম পুৰ্গল। জৈনমতে মন বিবিধ। ভাব মন ও দ্রব্য মন। ঐ বিবিধ মনই পৌদ্গলিক পদার্থ। কিন্তু জৈন দার্শনিক ভট্ট অকলঙ্কদেব "তবঃর্থরাজবাত্তিক" গ্রন্থে ইহা স্পষ্ট বলিয়াও ঐ গ্রন্থের অনাত্র (কাশীসংস্করণ, ১৯৬ পুষ্ঠা) বলিয়া-ছেন যে, ভাব মন জ্ঞানস্বরূপ। স্বতরাং উহা আছাতেই অন্তর্ত। এব্য মনের রূপ রসাদি থাকায় উত। পুণ্গল মধ্যবিকার। জৈনদর্শনের অধ্যাপকগণ পুর্বের্ভ গ্রন্থবিরোধের সমাধান করিবেন। পরস্ত ঐ "তত্তার্থ-রাজবাত্তিক" গ্রন্থের পঞ্চম অধাায়ের শেষে জৈন দার্শনিক ভট অকলঙ্কদেব, ধর্ম ও অধর্মকেই গতি ও স্থিতির কারণ বলিয়া, ধর্ম ও অধর্মের অন্তিত্ব সমর্থন করিয়াছেন। পরে ''অদৃষ্টহেতুকে গতিস্থিতী ইতি চেন্ন পুদ্গনেঘু-ভাৰাৎ'' (৩৭) এই সুত্তের ব্যাখ্যায় তিনি বনিয়াছেন যে, স্থ্ৰ দু:ৰ ভোগের হেতু অদৃষ্টনামক আত্মগুণই গতি ও স্থিতির কারণ, ইহা বলা ষায় না। কারণ, ''পুদ্গল'' পদার্থে উহ। নাই। ''পুদ্গল'' অচেতন পদার্থ, স্থতরাং তাহাতে পুণ্য ও পাপের কারণ ন। থাকায় তজ্জন্য ''পুদ্গলে''র গতি ও স্থিতি হইতে পারে ন। এইক্সপে তিনি অন্যান্য যুক্তির দারাও পুণ্য অপুণ্য, গতি ও স্থিতির কারণ নহে, ইহ। প্রতিপন্ন 🖰

১। ''সপশঁ–রস-গজ-বণবভঃ পূদ্গলাঃ।"—জৈন পাওত উমায়ামিকৃত ''ভজাখ'-সূ∎'' ৷৫৷২৩৷

